#### বুহৎ

# হোমিওপ্যাথিক চিকিৎসা-বিজ্ঞান

( প্রাক্টিশ অব্ মেডিসিন্ ) **চতুর্থ খণ্ড** 

শ্রীযুক্ত জগচনদ্র রায়, এল, এম, এস.
ভূতপূর্ব্ব প্রফেসর অব মেটিরিয়া মেডিকা এবং প্রিসিপ্যাল অব্ হানিমান কলেজ ও প্রফেসর অব মেটিরিয়া মেডিকা, কলিকাতা হোমিওপ্যাথিক কলেজ

### প্রকাশক

শ্রীসত্যেক্তনাথ রায়, বি, এ, বি, এল, ৪নং বিডন রো,—কলিকাতা।

All Rights reserved

Price Rs. 4-0

### কলিকাতা

> ৽ ৮নং নারিকেল ডাঙ্গা মেন্ রোড, স্বর্ণপ্রেসে শ্রীকরুণাময় স্মাচার্যা দারা মুদ্রিত।

### निद्यम्न।

বৃহৎ হোমিওপ্যাধিক চিকিৎসা-বিজ্ঞানের চতুর্থ থণ্ড প্রকাশিত হইল। এই থণ্ড প্রকাশ করিতে নানা কারণে বিলম্ব ঘটিয়া গিয়াছে, সেজ্ঞ আমি বিশেষ হৃঃথিত।

পুস্তকের অস্তাস্থ খণ্ড হইতে স্বতন্ত্র কোন নৃত্যন প্রণালী বর্ত্তমান খণ্ডে অবলম্বন করা হয় নাই, এবং পূর্ব্ববৎ বহুতর লক্ষপ্রতিষ্ঠ চিকিৎসকগণের বহুদর্শিতার ফলও ইহাতে সংগৃহীত হইয়াছে। আমিও পুস্তক প্রণয়নে বর্ধাসাধ্য স্থীয় বহুদর্শিতামুসারে রোগ চিকিৎসা ব্যবস্থিত করিয়াছি। এতদ্বারা পাঠকগণের রোগ চিকিৎসায় কিঞ্চিন্মাত্র সাহায্য হইলেও শ্রম সফল বলিয়া ৡতার্থ হইব। এরূপ স্বৃত্তৎ কার্যো ভ্রমপ্রমাদ ও মুদ্রাকর দোষ নিতান্ত অসম্ভব নহে; তাহা পাঠকগণের মার্জ্জনীয়।

সর্বাশেষে সামুনয় নিবেদন এই বে, যে যে স্থানে পাঠকের ভ্রান্তি লক্ষ্য হইবে, তাহা অমুগ্রহ পূর্বক জানাইলে গ্রন্থকার বিশেষ উপকৃত ও কৃতজ্ঞ বোধ করিবেন। ইতি

বিডন রো কলিকাতা সন ১৩৩•। ১০ই কার্ত্তিক

নিবেদ ক

শ্রীজগচনদ্র রায়

় বিষ <b>র পৃ</b> ষ্ঠা	<b>भू</b> के।
২। রক্তিশ্রাবী অভ্যন্তর সূল-মক্তিক-	লেক্চার ২৫৪।
বেষ্ট-ঝিল্লি-প্রদাহ ··· :৯৩০	সন্ন্যাস বা এপঞ্চেক্সির চিকিৎসা ১৯৭
লেক্চার ২৪৮।	লেক্চার ২৫৫।
সহজ মন্তিক্ষ-বেষ্ট-ঝিল্লি-প্রদাহ বা সিম্পল	মস্তিক্ষ কোমলতা বা সফ্নিং অব দি ব্ৰেন
সেরিব্রাল মিনিঞাইটিদ ··· ১৯৩৩	
লেক্চার ২৪৯।	১। তরুণ মন্তিজ-কোমলতা বা একুট
পুরাতন মস্তিঞ্চ বেষ্ট-ঝিল্লি-প্রদাহ বা ক্রনিক	সফ্নিং অব দি ত্রেন · ১৯৮০
মিনিঞাইটিস্ ১৯৪২	২। প্রাদাহিক মন্তিক-কোমলতা বা
লেক্চার ২৫০।	ইন্ফ্রামেটরি সফ্নিং অব দি ত্রেন ১৯৮১
মতিকীয় রক্ত-হীনতা বা সেরিব্রাল এনিমিয়া	৩। পুরাতন মপ্তিক-কোমলতা 'বা
\$86¢	ক্রনিক সেরিব্রাল সফ্নিং · · ১৯৮৫
লেক্চার ২⊄১।	লেক্চার ২৫৬।
মন্তিক্ষের রক্ত-বর্দ্ধন বা হাইপারিমিয়া অব দি	মন্তিক-প্রদাহ বা সেরিব্রাইটিস ১৯৮৮
্ৰেন	মস্তিদ্দীর পুর-শোথ বা দেরিব্রাল এব্দেদ
লেক্চার ২৫২।	2445
সন্নাদ-রোগ <b>বা এপ</b> প্লেকসি · ১৯৫১	লেক্চার ২৫৭।
	শিশুদিগের মন্তিকীয় পক্ষাঘাত বা সেরিব্রাল
রেজিক এপশ্লেকসি · · ১৯৫১	পলজিজ্অব চিল্ডেন ১৯৯২
২। ছিপিবৎ রক্তাদি বা চাপে রক্ত-	লেক্চার ২৫৮।
নাড়ীর অবরোধ ঘটিত বা এম্বলিক সন্ন্যাস-	
রোগ \ ১৯৬০	
৩। ক্রত রক্ত চাপ বা অবর্দ ঘটিত	লেক্চার ২৫৯।
সন্ন্যাস অপবা থম্বিক এপপ্লেক্সি ১৯৬১	•
<b>লেক্চার ২৩</b> ৫।	লেক্চার ২৬০।
রক্তাসু সংস্ট সন্ন্যাস বা সিরাপ এপথেক্সি	•
	हेन्एमन २•১১

বিষয় পৃষ্ঠা	বিষয় পৃষ্ঠা
লেক্চার ২৬১।	<b>ঝিলি-প্রদাহ বা সার্ভিক্যাল</b> হাইপাব্ <u>ট</u> -
জিহবা ওঠ-স্বর-যন্ত্র-পক্ষাঘাত বা গ্লদ-লেবিও-	-ফিক-মিনিঞ্জাইটিস ২•৪৩
् <b>न्यात्रिक्षिग्रान भगात्रानि</b> मिम २०১৫	লেক্চার ২৬৯।
লেক্চার ২৬২।	কশেরুকা মজ্জার উপদংশ বা সিফিলিস অব দি স্পাইনেল করড ২০৪৫
বাৰ্দ্ধক্যের কম্পন বা ট্রেমব সিনাইলিস	
?•5>	লেক্চার ২৭০।
শেক্চার ২৬৩।	কশেরকা-মজ্জীষ বা মায়িলাইটিস ২০৪৮
বাৰ্দ্ধক্যের বৃদ্ধি-হ্রাস বা সিনাইল ডিমেন্সিয়া	১। সাধারণ <b>প্রকারের ত</b> রুণ কশেরুকা-
• २०२२	মজ্জার প্রদাহ ••• • ১০৫১
CRITICITY AND I	<b>২। পৃষ্ট-কশেরজা-মজার</b> প্রদাহ বা
লেক্চার ২৬৪।	७र्मग्राल भाष्रिलाङ्गिंप २०६२
বাৰ্দ্ধক্যে বা সিনিলিটি ··· ২০২৮	<b>৩। কটিকশেরুকা-মহজার প্রদাহ</b> বা
<b>লে</b> ক্চার ২৬ <b>৫।</b>	लाश्वात भाग्निलाइंडिंग २०६२
বাক্রোধ বা এফ্যাসিয়া · ২০৩৪	<ul> <li>৪। গ্রীবা-কশেরুকা-মজ্জার প্রদাহ বা</li> </ul>
লেক্চার ২৬৬।	সার্ভিক্যাল মায়িলাইটিস ২০৫২ ৫। অসম্পূর্ণ অফুপ্রস্থ কংশক্ষকা-
তৰুণ কশেৰুকা-মজ্জা-নেষ্ট-ঝিল্লি-প্ৰদাহ	,
( Aculi Spinal meningitis )	মজ্জার প্রদাহ বা ইন্কম্প্লিট ট্রাান্স্ভাস মায়িলাইটিস্ •• ২০৫২
२०७१	ু নায়েলাহাত্ত্ ২০০২ ৬। বিক্ষিপ্ত কশেকক-মজ্জোই বা
লেক্চার ২৬৭।	ডিসিমিনেটেড মা্রিলাইটিস ২০৫৩
(মুলে ২৬৭ ভুলএখান হইতে মূলে ১	<i>ম্বে</i> ক্চার ২৭১।
যোগ করিতে হইল )	বৃদ্ধাবস্থার অধোদ্ধ পক্ষাঘাত বা দিনাইল
পুরাতন কশেককা-মজ্জা-বেষ্ট ঝিল্লি-প্রদাহ বা	
ক্রনিক স্পাইনেল মিনিঞ্জাইটিন ২০৪০	
লেক্চার ২৬৮।	কশেরুকা-মজ্জার পূর-শোথ বা এবদেদ অ
গ্রীবা দেশীয় বিবৃদ্ধিকুর মেরু-মজ্জা-বেষ্ট-	मि म्ला <b>टेरनल क</b> र्ड् २०७>

বিষর পৃষ্ঠ।
কেক্চার ২৭৩।
কশেককা-মজ্জা-রজ্জুর অর্ব্দু বা টিউমার্স
অব দি স্পাইনে <b>ল क</b> র্ড ··· २०७२
লেক্চার ২৭৪।
কলেককা-মজ্জার রক্ত-প্রাব বা হিমরেজ ইন
मि न् <del>या</del> हित्व कत् <b>छ ··· २०७</b> ८
লেক্চার ২৭৫।
কশেরুকা-মজ্জার নবগঠন-প্রক্রিরা বা গ্লায়-
সিদ এবং মজ্জা-গহরর বা সিরিক্সমারি-
লিয়া অব দি স্পাইনেল কর্ড ২০৬৭
লেক্চার ২৭৬।
ডুবারীর অথবা কোঠ-কোটর-রোগ বা কেসন ডিজিজ ·· ২০৬১
শেক্চার ২৭৭।
কশেরকা-মজ্জা-প্রবর্দ্ধনের রোগ বা ডিজি-
<b>জেজ ্অব ক</b> ডাইকুইনা ২•৭১
<b>লেক্চার</b> ২৭৮।
কশের-মজ্জার বিকম্পন বা কন্কাসন অব
मि स्थार्टेरनल कत् स्थार्टेरनल क्रांक स्थारिक स्थार
লেক্চার ২৭৯।
কশেরকা-মজ্জার প্রতিক্ষিত পক্ষাঘাত বা
রিফ্লেক্স স্পাইনেল পাারালিদিদ ২০৭৫

লেক্চার ২৮০।

হন্ত-পদাদি শরীর দীমার দাময়িক পকাঘাত

একটি মিটিজ

বা পিরিয়ডিকাল পাারালিসিদ অব দি

#### বিবর 9et লেকচার ২৮১। পশ্চাৎ-কশেক্ষকা মজ্জার ঘনীভূততাযুক্তস্থলতা, বা পষ্টিরিয়র স্পাইলেন স্ক্রিসিস ২০৭৮ লেক্চার ২৮২। পাৰ্গকশেরকা-মজ্জার ঘনীভূততা বুক্ত সুলতা, ক্ষয় বা লেটারেল ক্ষিরসিদ লেক্চার ২৮৩। কশেরুকা-মজ্জার পশ্চাৎ এবং পার্থস্থ মেরু-মজ্জা-স্তম্ভের সংমিলিত রোগ বা ক্রা-ইও ডিজিজ অব দি পষ্টিরিয়র এও লেটারেল ট্রাক্ট্র অব দি স্পাইনেল কর্ড 2303 লেক্চার ২৮৪। পুরুষামুক্রমিক ক্রিয়া-বৈষম্য বা হেরিডিটারি এট্যাক্সিয়া 00 ६५ **लिक्ठा**त २५०। গুচ্ছাকার ঘনীভূততাযুক্ত স্থূলতা বা মাণ্টিপল ক্ষি রসিন 2300 লেক্চার ২৮৬। কশেরকা-মজ্জা-সন্মুথস্থ তরুণ অকাল-প্রদাহ বা পলিয়মায়িলাইটিস এন্টিরিয়র একুটা 5225 लिक्ठांत्र २४१।

যুবকদিগের কলেরকা-মজ্জা-সন্মুখের তরণ

অকাল-প্রদাহ বা একুট এণ্টিরিরর

প্ৰিয়মায়িলাইটিস অব এডট্স ২১২০

বিবয়
নাতি প্রব
মজ্জ
<b>ଏ</b> ଷ <b>୍</b>
वार्श
cate at last
ৰেতদার
বা এ
•

পৃষ্ঠা বিষয়

পৃষ্ঠা

লেক্চার ২৮৮।
নাতি প্রবল এবং প্রাতন সমুথ কশেরকামজ্জার অকাল প্রদাহ বা সাব একুট
এও ্কনিক এন্টিরিয়র পলিরমারিলাইটিস 

১১২২

লেক্চার ২৮৯।

খেতসারজনক পার্থ-ঘনীভূততা সংযুক্ত স্থুলতা বা এমিওট্রফিক ল্যাটারেল ফুরিসিস ... : ২১২৪

লেক্চার ২৯০।

মেরুদণ্ডের অধি-স্থানচ্যুতি এবং অধি-শুক্ত বা ডিস্লোকেসন এও ফ্র্যাকচার অব , দি স্পাইন ... ২১২৭

লেক্চার ২৯১।

কশেরুকা দণ্ডের ক্ষত বা কেরিজ অব দি ভারটেব্রাল কলাম ২১৩১

কেক্চার ২৯২।

নেরপণণ্ডের কর্কট এবং অস্তাস্ত অর্ব্বুদ বা কার্সিনোমা এণ্ড আদার টিউমার্স অব দি স্পাইনেল কলাম ... ২১৩৪

লেক্চার ২৯৩।

স্বায়-প্রদাহ বা নিউরাইটিস · · ২১৩৫

শেক্চার ২৯৪। শুচ্ছাকার স্বায়ু-প্রদাহ বা মাণ্টিপল্ নিউ-রাইটিস ে ২১৪২ লেক্চার ২৯৫।

স্নায়বিক শোথ বা বেরি-বেরি ২১৪৮

লেকচার ২৯৬

বিহিঃপ্রসারী স্রায়র আভিঘাতিক পক্ষাঘাত বা ট্রমেটিক প্যারাটিসিস অব পেরি-ফিরাল নার্ভ,স · ২১৭০

#### लिक्ठात २२१।

। ক্রেণিকস্নাযুর পক্ষাণাত বা প্যারালিসিস অব দি ফ্রেণিকনার্ভ ২১৭৫
২ । বাছয়্বিত স্লাযু-জালের পক্ষাঘাত বা
প্যারালিসিস অব দি ব্রেকিয়াল প্লেকদান

। বল এবং বাহর একট্রীভূত পক্ষাঘাত
বা কথাইও প্যারাদিদিদ অব দি দোল্ডার
এও আরম্দ্ ... ২১৭৭
 ৪। নিয়তর স্লায়ু-ড়ালের রোগ হইতে

পক্ষাত ব৷ প্যারালিসিস ফ্রমডিজিজ অব দিলোয়ার প্লেক্সাস ... ২১৭৮

প্রসব সংক্রান্ত পক্ষাণাত বা অব্টেডি ট্র
ক্যাল প্যারালিদিদ ... ২১৭৮

৬। একৈকরা পুর পক্ষাঘাত বা পাারালি-দিদ অব ইণ্ডিভিজুয়াল নার্ভ্দ্ ২১৭৯ ৭। নিয়াক্স-সাযুর বহিঃপ্রদারী পক্ষাঘাড

বা পেরিফিরাল পারালিসিস অব দি নার্ভ্স্ অব দি লোয়ার এক্স্ট্রিমিটস্

विषय शृष्टी	বিষয় পৃষ্ঠা
লেক্চার ২৯৮।	লেক্চার ২৯৮।
১। তক্ষিপেশীর বহিঃপ্রসারী পক্ষাঘাত	ञ्चाय्- <b>म्म मञ्चकीय माधात्रण विवत्रण</b> २२•,১
ৰা পেরিফিরাল পাারালিসিস অব দি	- লেক্চার ২৯৯।
অकूनात्रमान्न्म · २১৮১	১। পঞ্ম-সায়্-যুগোর সায়-শূল বা নিউ-
২। পঞ্চম-স্নায়-যুগ্মের পক্ষাঘাত বা প্যারা- লিসিম অব দি ট্রাইজিমিণ্যাল নার্ভ	রেল্জিয়া অব দি ট্রাইজিমিনেল নার্ভ
श्याराज्य । ते ह्याराज्यस्थान भाज	****
২০০৮ মুধ-মণ্ডল-পক্ষাঘাত বা ফেসিয়াল	২। করেটি-পশ্চাৎ-শিরঃ-শূল বা অকসি-
	পিটাল-নিউরেলজিয়া ··· ২২৬৭
প্যারালিদিন, প্রস্পপেল্জিরা ২১৮৬	বাহর স্নায্-শূল বা ব্রেকিয়াল নিউ-
৪। জিহ্বা-গল-কোষ-স্নায়্র পক্ষাঘাত বা	রেলজিয়া ··· ২২২৮
প্যারালিসিস অব দি গ্লসফারিঞ্জিয়াল	<sup>।</sup> ৪। প <b>গুকা-মধ্য স্নায়ু-শূল বা ই</b> ণ্টার
নাভ্স্ ২১৯০	कष्टोल निউद्रिम्किया ··· २२००
৫। ফুসফুস-আমাশয়-সায়র পক্ষাঘাত বা	কটি-শূল বা নিউরেল্জিয়া লাম্বেসিস
প্যারালিসিদ অবে দি ভেগাদ নাভ	३२७२
323.	৬। বজ্জণ-সাযু-শূল বা সায়াটিক নিউ-
৬। এক্সেসেরিয়ান সায়ুর পক্ষাঘাত অথব।	
প্যারালিসিস অব দি এক্সেসোরিয়াস	রেল্জিয়া ১২৩৭
নার্ভ ২১৯৩	৭। বহিন্ধ ননেন্দ্রিয়-সরলান্ত্রিক স্নায় শূল-
৭। জিহ্বা-অধঃসায়ুর পক্ষাঘাত বা প্যারা-	বা পিযুডেণ্ডো হিমিরয়ডাল স্নায়-শূল
লিসিস অবে দি হাইপ নার্ভ্ ২১৯৪	?₹85
চিকিৎসা-তত্ত্বা-অক্সান্থ্য বহিঃপ্রসারী পক্ষা-	৮। কোকিলচঞ্-অস্থি-সংস্ক্ট স্নায়ৃ শূল বা
ঘাতের সমপ্রকার ২১৯৬	কক্ষিগডাইনিয়া ২২৫০
৮। সায়র অকবুদাদি বা নার্ভ্টিউমার্স	লেক্চার ৩০০।
ः । नापुत्र अस्यूनानि सः नात्र् । ७७नान	গুকাৰায় বা হিটিরিয়া ··· ২২৫৩
৯। তরুণ উর্দ্ধগামী পক্ষাঘাত বা একুট	निम्ल-बार्यु २२०४
এদেখিং পাারালিসিস। লণ্ড্রিজ পক্ষা-	অপস্মারিক নিদ্রা ··· ২২৫৯
ঘা <b>ত বা লণ্ডি<sub>.</sub>জ প্যারালি</b> স ২১৯৭	अर्थ-मक्ष्रण २२०३

বিষয় পৃষ্ঠ	া∣ বিষয় পৃষ্ঠ
চিকিৎসা-তত্ত্ব ··· ২২৬৬	২। চর্বন সংস্ট পেশীর আক্ষেপ ২৩৬:
় চিকিৎসা, আক্রমণ কালীন ২২৬৩	
<i>ব</i> েক্চার ৩০১।	আকেপ ০০ ২৩৬২
শ্লায়বিক তুর্বলতা বা নিযুরেত্তেনিয়া ২২৮৮	
লেক্চার ৩০২।	ে। শরীর কাণ্ডভাগ এবং অঙ্গাদির
জননেশ্রিয় সংস্ট সায়বিক দৌর্বল্য বা	পেশীর আক্ষেপ ২৩৬৭
' সেক্সুয়াল নিউরেস্থেনিয়া ২৩১৪	লেক্চার ৩০৭।
লেক্চার ৩০৩।	কণিক আক্ষেপ অথবা গেঁচুনি বা ইম্পাল্-
সর্ধ-শিরঃশূল বা মিথেন, মিগ্রিম বা হেমি-	সিভ-ম্পাজন্ <b>অর্টিক</b> ২৩৬৮
ट्रिनिया २०२३	লেক্চার ৩০৮।
লেক্চার ৩•৪।	পৈশিক মৃত্ত আক্ষেপ বা মায়ক্লনিয়া বা বহু
শিরংপীড়া বা সিফ্যালেলজিয়া ২৩২৯	মৃছু আক্ষেপ বা প্লিক্লনিয়া অথবা
	্ (ফ্রিড্রিসের মতাত্মসারে) গুচ্ছাকার
লেক্চার ৩০৫।	বিস্তারশীল পৈশিক মৃত্ব আক্ষেপ
্গী এবং মৃগীবৎ রোগ বা এপিলেপ্সি	বা মায়ক্লনাস মাণ্টিপ্লেক্স ২৩৭০
এপিলেপ্ট্ডড্ ২৩৩১	লেক্চার ৩০৯।
গ্ৰাণ্ডমল এণ্ড পেটিট্ মল বা কঠিন এবং মৃত্	বাবদায় সংস্ট স্নাযু-মণ্ডল রোগ বা অকু-
আক্রমণ ··· ়•• ২৩৩২ ন্যাক্সোনিয়ান এপিলেপসি বা মৃগী ২৩৩৬	<ul> <li>পেশন নিযুরোসিস · ২৩৭২</li> </ul>
গুলান্দান আগতোগান বা মুগা ২৬৬৬ গুলান্দিরা বা বিশেষ প্রকারের আক্ষেপ	লেক্চার ৩১০।
	অলীক ধনুষ্টস্কার বা টিটেনি ··· ২৩৭৬
শশু স্থাতিকাক্ষেপ চিকিৎসা ২০০৭	লেক্চার ৩১১।
লেক্চার ৩০৬।	নৃত্য-রোগ বা কোরিয়া ২০৮০
নৈবিশেষে সীমাবদ্ধ পৈশিক আক্ষেপ ব	
লোক্যালাইজড় মাস্কুলার স্প্যাজম্ ২৩৬•	
	পৈতৃক নৃত্য রোগ বা হেরিডিটারি কোরিয়া
<sup>म्ल</sup> िक्स् ् २७७०	<b> ২৩</b> ৯২

:বিবয়	পৃষ্ঠ	বিষয়	<b>ઝ</b> ર્દ
(ল	চার ৩১৩।	লেক্চার ৩১৫	1
স <b>ৰু</b> ম্প পক্ষাঘাত	বা প্যারালিসিস এঞ্জিট্যান্	শ্লীপদ বা গোদবৰ্দ্ধন এক্ৰমিশ্ৰ	ं वैशि २८०ः
•••	··· ·· ˌ২৩৯		
লেব	চার ৩১৪।	(লক্চার ৩১৬	1
ক্রমবর্জিঞ্ মুথার্জগ	দর বা প্রগ্রেসিভ ফেসিয়াল	চিত্তোৰাক্ততা, চিত্তোৰেগ বা হাই	পক্তি য়াাসস
হেমি এট্রফি	′ 48•5		२৪०७

### বুছৎ

# হোমিওপ্যাথিক চিকিৎসা-বিজ্ঞান।

(প্র্যাকটিস অবু মেডিসিন)

চতুৰ্থ খণ্ড।

### দাদশ অধ্যায়।

পৈশীকযন্ত্র-মগুল-রোগ। ( DISEASES OF THE MUSCULAR APPARATUS. )

## একত্রিংশ পরিচ্ছেদ।

পেশী-সংস্ফ বিবিধ রোগ। ( DISEASES OF THE MUSCLES. )

লেকচার ২৩৬ (LECTURE CCXXXVI.)

পেশী-প্রদাহ বা মায়োদাইটিস।
(MYOSITIS.)

পরিভাষা | — পেশী-উপাদানের, বিশেষতঃ তাহার বোজকোপাদানের প্রদাহ ৷

প্রকার-ভেদ।—>। রস-বাতিক পেশী-প্রদাহ বা ক্রম্যাটিক মায়োসাইটিস (Rheumatic myositis); ২। পূষ-সঞ্চারশীল বা পূষ-সংস্কৃত্ত পেশী-প্রদাহ বা সাপুরেটিভ অথবা পূক্তেণট মায়োসাইটিস (Suppurative or Purulent Myositis); ৩। সংক্রোমক পেশী-প্রদাহ বা ইনফেক্সাস মায়োসাইটিস (Infectious Myositis); ৪। ক্রমবর্দ্ধিক্ অন্থিতে পরিণতি কর পেশী-প্রদাহ বা প্রোগ্রেসিভ অসিফাইং মায়োসাইটিস (Progressive Ossifying Myositis)।

- ১। রস-বাতিক-পেশী-প্রদাহ।—রস-বাত প্রসঙ্গে ইহার বর্ণনা করা হইয়াছে।
- ২। পৃথ-সঞ্চারশীল অথবা পৃথ-সংস্ফ পেশী-প্রাদাহ।

  —সাধারণতঃ পৃথ-বিষজ-জ্বরের গৌণফলস্বরূপ, কিন্তু কথন কথন অভাভ তরুণ সংক্রোমক রোগের সংস্রবেও জ্বিতে পারে। তাহাদিগের বর্ণনাকালে ইহার যে বিবরণ প্রদত্ত হইয়াছে তাহাই যথেষ্ঠ বিবেচনা করা যার।
- ৩। সংক্রামক পেশী-প্রদাহ বা ইন্ফেক্সাস মায়োসাইটিস।

#### (INFECTIOUS MYOSITIS.)

প্রতিনাম।—প্রাথমিক পেশী-প্রদাহ বা প্রাইমেরি মান্ধো-সাইটিস (Primary Myositis); তরুণ বছ-পেশী-প্রদাহ বা একুট প্রসায়োসাইটিস (Acute Polymyositis)।

পরিভাষা।—এক প্রকার তরুণ ও প্রবল অথবা নাতি-প্রবল, ইচ্ছাতুগ পেশীর প্রদাহ; রোগ কচিৎই দেখা যার এবং কারণও অবিদিত।

আমিয়িক বিধান-বিকার-তত্ত্ব।—ইহাতে প্রধানতঃ ইচ্ছাত্বগ পেশী-স্ত্রেরই আক্রমণ হয়, অন্তর্ক্যাপ্ত যোজকোপাদানের স্বরূই তদ্ধপ ঘটে। প্রথমে কঠিন এবং ভঙ্গপ্রবণ পেশীস্ত্রমধ্য-উপাদানের অন্তঃপ্লাবন, অতিপ্রজনন (Hyperplasia) এবং বসাপক্ষষ্টতার সংঘটন হয়। একটি রোগীতে মাত্র পেশী-মধ্য-উপাদানের আক্রমণসহ নানাবিধ পারিমাণে অর্দ্ধস্বছ্বস্থবং বা হান্নালাইন অপক্ষষ্টতা দৃষ্ট হইন্নাছিল বলিন্না কথিত। পেশীক্ষম জন্মিতে পারে। প্লীহা বর্দ্ধিত হয়, এবং একরূপ অনিম্নিত অক্রণিকাবং উৎক্ষেপ (একরূপ পিন্তানি, যাহাতে স্ফীতি, রসবিম্বিকা অথবা জর দেখা যায় না) উপস্থিত হইন্না স্পষ্টতর রঞ্জনীভূততা (Pigmentation) রাথিয়া অস্তর্জান করে।

লক্ষণ-তত্ত্ব।— অল্পবয়স্ক ব্যক্তি, বিশেষতঃ পুরুষদিগের মধ্যেই রোগ অধিকাংশ সময়ে দেখিতে পাওয়া বায়। প্রথমে অঙ্গাদি আক্রান্ত হয় এবং পরে রোগ কাগুভাগে বায়। পেশী স্ফীত, কিঞ্চিৎ জল-শোথযুক্ত, কঠিন, চিমসা এবং টাটানিযুক্ত হওয়ায় চলিতে কপ্ট এবং বেদনা উপস্থিত হয়। জল-শোথ শরীরময় বিস্তৃত হইতে পারে। এক প্রকার অরুণিকাবৎ উদ্ভেদ, বাহা দেহকাগু এবং অঙ্গাদির উপরে অনিয়য়মিতরূপে বিক্ষিপ্ত হয়, ডাঃ লয়েগ্রিস তাহাকে রোগের বিশেষ লক্ষণ বলিয়া বিশ্বাস করেন। কথন কথন ইহার পরে রঞ্জনীভূততা জন্মে। গলাধংকরণ এবং খাস-প্রখাস-পেশীর আক্রমণ হইলে অতীব কন্তকর অবস্থা উপস্থিত হয় এবং সাংঘাতিক পরিণামও ঘটাইতে পারে।

রোগ-নির্বাচন।—ইহার লক্ষণ অনেকাংশে ট্রিকনায়াসিসের পেশীর অভ্যস্তরে আগুরূপী কীটবিশেষের অবস্থানঘটিত রোগ) লক্ষণের সাদৃশ্য প্রকাশ করে বলিয়া ইহা অলীক বা সিউডো-ট্রিকনায়াসিসনামে কথিত। অণুবীক্ষণ-যন্ত্র-পরীক্ষা ব্যতীত ইহার নিশ্চিত নির্বাচনের উপায়াস্তর দেখা যায় না। গুচ্ছাকার-স্নায়বিক-প্রদাহও পৈশিক প্রদাহের সাদৃশ্য উপস্থিত করে, কিন্তু তাহাতে জল-শোথ এবং ক্ষীতির অভাব থাকে।

ভাবী-ফল |---নাতিপ্রবল প্রকার রোগের ভোগ তিন মাস

হইতে তিন বংসর পর্য্যস্ত বিস্তৃত। মৃত্যুই ইহার সাধারণ পরিণাম, খাস-প্রখাসের পক্ষাঘাত তাহার কারণ। কোন কোন স্থলে ব্রংকোনিউমনিয়ার উপসর্গ অথবা হংপিণ্ডের অবসাদ হইতে মৃত্যু সংঘটিত হয়। তরুণ ও প্রবল রোগে তিন অথবা চারি সপ্তাহমধ্যে রোগ্ সাংঘতিকতার যায়।

চিকিৎসা।—লক্ষণ সাদৃশ্যামুদারে ইহার চিকিৎসা কর্ত্তব্য।
তদমুদারে বেল; ব্রায়; জেল্স; আর্স-আয়ড; ফেরাম ফস; কেলি
আয়ড; ফস; ফাইটল; রাসটক্স; সিলিক; সাল্ফ; জিঙ্ক প্রভৃতি
ঔষধের নির্দেশ করা ঘাইতে পারে।

আনুষঙ্গিক চিকিৎসা।—আবশুক বশতঃ কোন বিষয়ের পরিবর্ত্তন ব্যতীত সাধারণ ব্যবস্থা রস-বাতিক পেশীপ্রদাহের স্থায়। উপয়্কু পথ্যের ব্যবস্থা দ্বারা বলরক্ষার আবশুক। পথ্যের জন্ম লঘুপাক অপিচ পৃষ্টিকর বস্তুর ব্যবহার কর্ত্তব্য।

8। ক্রমবর্দ্ধিষ্ণু অস্থিতে পরিণতকারী পেশী-প্রদাহ। (PROGRESSIVE OSSIFYING MYOSITIS)

পরিভাষা। — রোগ অতি বিরল। রোগাক্রাস্ত পেশীর অস্থী-ভূততা ক্রমশঃ বৃদ্ধির অভিমুখে যায়।

আমায়িক বিধান-বিকার-তত্ত্ব।—রোগ-প্রক্রিয়া স্থানবিশেষে
দীমাবদ্ধ হইতে পারে। তাহাতে কেবল নির্দিষ্ট কতিপর পেশী আক্রান্ত হয়।
কিন্তু অনেক সমর্মেই আক্রমণ সাধারণ হইয়া, এমন কি হুৎপিগু-পেশী
পর্যান্ত বিস্তৃত হইয়া থাকে। প্রথমে পেশী-প্রদাহের সাধারণ প্রকার পরিবর্ত্তন
উপস্থিত হয়, এবং, তাহার অন্তর্জানের পরে, অস্থীভূততা অথবা প্রস্তরীভূততা (Calcification) অবশেষ থাকায় আক্রান্ত পেশী কঠিন এবং
অন্থিবৎ অন্থভূত হয়। রোগ-প্রক্রিয়া কেবল আংশিক, অথবা সম্পূণ

ছইতে পারে; সম্পূর্ণ হইলে সম্পূর্ণ পেশী অস্থীভূত হয়, এমন কি, সে স্থলে, াদ্ধি এবং কশেরুকানিচয় যুড়িয়া অনড় হইতে পারে।

কারণ-তত্ত্ব।—বোগ-কারণ অজ্ঞাত। রোগ স্ত্রীলোকাপেক্ষা পুরুষে সাধারণ এবং প্রায়শঃই যৌবন সন্নিহিত সময়ে আরম্ভ হয়।

চিকিৎসা-তত্ত্ব ।— যতদ্র জানা যার, এ পর্যান্ত কোন প্রকার চিকিৎসাই ফলদ হয় নাই।

## লেক্চার ২৩৭ (LECTURE CCXXXVII.)

## ক্রমবর্দ্ধিফু-পৈশিকপক্ষাঘাত এবং ক্ষয় বা প্রোগ্রেসিভ মাস্কুলার ডিষ্ট্রফি।

(PROGRESSIVE MUSCULAR DYSTROPHY.)

পরিভাষা।— পৈশিক পক্ষাঘাত এবং ক্ষয় রোগের প্রাক্ততিক বিশেষতা, কিন্তু অন্তর্ক্যাপ্ত-বদার অতি বৃদ্ধিবশতঃ পৈশিক ক্ষয় অস্পষ্ঠ থাকে, এবং কাঠিগু ও দুষ্ঠতঃ আকারের বৃদ্ধি ঘটে।

প্রকার ভেদ।—চিকিৎসাসৌকর্যার্থ ইহাকে চারিপ্রকারে বিভাগ করিয়া বর্ণনা করা হইল:—ক। অলীক-বিবৃদ্ধি-সংস্ট পৈশিক পক্ষাঘাত বা সিউডো-হাইপারট্রফিক মাস্কুলার প্যারালিসিস (Pseudo-hypertrophic muscular Paralysis); খ। বিবৃদ্ধি সংস্ট পক্ষাঘাত বা হাইপারট্রফিক প্যারালিসিস (Hypertrophic Paralysis); গ। প্রাথমিক ক্ষয় বা প্রাইমেরি এট্রফি (Primary atrophy); ব। ক্রমবর্দ্ধিক্ স্লায়ুসংক্রাস্ত পৈশিক ক্ষয় বা প্রোগ্রেসিভ নিউরেল-মাস্কুলার এট্রফি (Progressive neural-muscular atrophy)।

অত্যাত্য প্রকারের পৈশিক ক্ষন্ন (Atrophy)—ক্রম বর্দ্ধিয়্ নহে—
জনেক কারণ হইতে সংঘটিত হইতে পারে, কিন্তু তাহাদিগের স্বতন্ত্র
বর্ণনা নিপ্রাঞ্জন। তাহাদিগের মধ্যে সর্ব্বপ্রধানটি সাক্রিন বাতিক
(arthritic) প্রেশী-ক্রছ বিদিন্না পরিচিত। সন্ধির প্রদাহনিবন্ধন সন্ধি
চালক পেশী আক্রান্ত হওয়ার ইহা জন্মে। কিন্তু প্রদাহের প্রসারণ অথবা
ব্যবহারের অভাবপ্রযুক্ত এরপাবস্থা সংঘটিত হয় বলিয়া বিবেচিত হয় না,
বরঞ্চ প্রতিক্রিপ্ত সাম্ববিক শক্তি ইহার কারণ বলিয়া অমুমিত। অপিচ

সাক্ষাৎ আঘাত, অস্থি-ভঙ্গ, অথবা এক দলমাত্র পেশীর অধিককালব্যাপী কার্য্যন্ত পৈশিক কম্ম জন্মাইতে পারে।

আময়িক বিধান-বিকার-তত্ত।—উপরে যে ব্যাখ্যা প্রদন্ত হইয়াছে তাহার অধিকাংশের সাক্ষাৎ সম্বন্ধ অলীক-বিবৃদ্ধি-প্রকারের রোগের সহিত, যাহাতে অন্তর্ক্যাপ্ত যোজকোপাদান এবং বসার বৃদ্ধিনিবন্ধন পেশী বর্দ্ধিতাকার পায়। উপরে লিখিত কোন প্রকার রোগ-শ্রেণিতেই স্নায়ু-মণ্ডলের কোন প্রকার অপায় দৃষ্ট হয় না। সম্পূর্ণ প্রক্রিয়াই পেশীর প্রাথমিক পরিবর্ত্তনের উপর নির্ভর করে। রোগ যেমন অগ্রসর হইতে থাকে, সঙ্গে সঙ্গে পেশীসূত্রের অপকৃষ্টতা জন্মে, পরে ক্ষয় ( atrophy ) সংঘটিত হয়, অবশেষে পেশী বদা-পুঞ্জের স্থায় প্রতীয়মান হয়। বিবৃদ্ধি-সংস্ষ্ট রোগের শেষ অবস্থায় ভিন্ন ক্ষয় উপস্থিত হয় না, প্রথমৰাস্থায় প্রকৃত বিবৃদ্ধিই ( hypertrophic ) থাকে। প্রাথমিক ক্ষয় (atrophy) সংস্ষ্ট রোগে প্রথমে কিঞ্চিৎ বিবৃদ্ধি থাকিতে পারে, কিন্তু ক্ষয়ই ইহার মৌলিক দুখা। প্রাথমিক বিরুদ্ধির প্রকার—(১) ডা: এর্বসের বাল্য স্লভ ক্রমবর্দ্ধিষ্ণু পুরুষানুক্রমিক পেশী-ক্ষয় ( Erb's form of Juvenile hereditary progressive muscular atrophy) অথবা শিরঃ-ত্বক-বাহ্ছ-সংক্রান্ত (scalp-humeral) প্রকার, ষাহাতে রোগ প্রথমে পনের এবং বিশ বৎসর বয়সের মধ্যে উপস্থিত হয়, এবং স্কন্ধ, বাহু, পাছা এবং উরুদেশের পেশী আক্রমণ করে। অপিচ অস্ত প্রকার—(২) শৈশব-প্রকার অথবা মুখমগুলীয়-অংস-ফল-কা স্থীয়-প্রগাণ্ডীয় প্রকার (dystrophia musculorum progressivus) ষাহা ডা: ল্যাঞ্জ এবং ডা: ডি. জেরিন বর্ণনা করিয়াছেন। এই দ্বিতীয় প্রকারের রোগে মুখমগুল এবং স্কন্ধ-চতুঃপার্য আক্রান্ত হয়। ইহাও বংশ-পরম্পরাগত রোগ। ক্রমবর্দ্ধিষ্ণু স্নায়বিক পৈশিক ক্ষয়, অথবা পেরনিয়াল (জঙ্ঘার পেশীছর ) প্রকার। ইহাও বংশামুক্রমিক, রোগ <del>জঙ্</del>ঘার পেরনিরাল

পেশীতে আরম্ভ হয়, অপিচ পদের অন্তঃপার্মীয় পেশী আক্রমণ করে, এবং প্রাণদ বা পদবক্রতা (club-foot) উৎপন্ন করিতে পারে; ইহা প্রাণদ-জামুক (Pes-equinus or Pes-equino varus) রোগ-শ্রেণির অন্তর্ভূ কি বলিয়া বিদিত। পরবর্ত্তীকালে উদ্ধান্ধাদিও আক্রান্ত হইতে পারে। উপরে যে সকল প্রকার রোগের বিষয় বিবৃত হইল, তাহা হইতে ভিন্ন প্রকারে পেশীস্ত্র সংকোচন জন্মে এবং, ঘটনাধীনে, অপরুষ্ঠতার প্রতিক্রিয়া এবং কথন কথন শোণিত-যক্র চালনার এবং অমুভূতির বিশৃঙ্খলা প্রকাশিত হয়। অপিচ, এই শ্রেণিতে একরূপ পুরাতন অন্তর্জ্বাপ্ত স্লায়বিক প্রদাহের সহিত যোজকোপাদানের প্রজনন এবং উপমজ্জাথোল, (Myelin sheaths) এবং অক্রন্তন্তাদির (Axis cylinders) ধ্বংস উপস্থিত হয়। এবং কথন কথন, (ডাঃ গলের মতে) কশেরুক মজ্জার স্তন্তাদির অপরুষ্ঠতা ঘটে। সম্ভবতঃ এই ক্রিয়া-প্রকরণ প্রাথমিক স্লায়ু-প্রদাহ্ঘটিত।

কারণ-তত্ত্ব।—এই প্রকার নানাবিধ আকার বিশিষ্ট রোগ, বিশেষতঃ কেবল শৈশবেই উৎপন্ন হয়। বংশায়ুক্রমিকতা ইহার অতীব গুরুতর কারণ, কিন্তু অনেক প্রকার রোগেই তাহার ব্যতিক্রম ঘটে। অলীক-বিরুদ্ধি-সংস্পষ্ট প্রকারের রোগ যদিও পুরুষেরই অধিক হয়, তথাপি জননীর রোগ না থাকিলেও জনকাপেক্ষা জননী-হারাই রোগ-প্রেরণার অনুমান করা যায়। কথন কথন কোন কোন পরিবারের কতিপয় পুরুষ ধরিয়া রোগাক্রমণ ঘটে। অনেককালস্থায়ী সগোত্রতা বা রক্ত-সংযোগ পূর্ক্বর্ত্তী কারণ বলিয়া বিবেচিত। কথন কথন মানসিক দৌর্ক্রল্য, গুর্মার্যয়, মৃগী এবং অস্থান্থ স্থারবিক বিশৃদ্ধলার সহিত ইহার সংস্রব দেখা যায়। সাধারণতঃ ইহা যুবত্বের পূর্ব্বে আরদ্ধ হয়, কিন্তু তথাপি এতাদৃশ বিলম্বে যে বিংশ বৎসরে অথবা তাহারও পরে জন্মিতে পারে; এরপ ঘটনা স্ত্রীলোকদিগের মধ্যেই সাধারণ। ভাও প্রক্র্ ব্রেক্সের (Erb's) বাজ্য-স্কুল্ভ

প্রবিবের বংশা নুক্র নিক ক্ষয় দেই সকল পরিবারেই সম্ভব, যাহাতে অন্তান্য ব্যক্তির অলীক-বির্দ্ধি-প্রকারের রোগ থাকে; পনের হইতে বিশ বংসর বয়সের মধ্যে ইহা অধিকতর সাধারণ। অন্তান্য প্রকারাপেক্ষা শৈশব-প্রকারের রোগই অধিকতর স্পষ্টরূপে বংশাস্ক্রমিক. এবং প্রধানতঃ তৃতীয় হইতে চতুর্থ বংসর বয়সে ইহা দেখা দিয়া থাকে। প্রক্রিম্মান্ত প্রকারের রোগে বংশাস্ক্রমিকতা অতীব গুরুতর কারণ। দশ হইতে বিশ বংসর বয়সের মধ্যে এই প্রকার রোগ জন্মে এবং প্রধানতঃ পূরুষই আক্রান্ত হয়। বংশাস্ক্রমিকতা বাতীত রোগ-কারণ কার্যতঃ অজ্ঞাত।

লক্ষণতত্ত্ব ৷—( ১ ) অলীক-বিব্লদ্ধি সংস্ট-প্রকার (Pseudo-hypertrophic form)—প্রথমে পক্ষাণাতের লক্ষণাদি উপস্থিত হয়। শিশু বিকটাকার বলিয়া বোধ হয়, এবং বিশেষ করিয়া, লক্ষপ্রদানে এবং সিঁড়ি ভাঙ্গিয়া উঠিতে কুৎসিতভাব প্রকাশ পায়। চলন অনিশ্চিত-পদ-বিক্ষেপ-যুক্ত এবং হেলিয়া ছলিয়া বা গজেক্ত গমনের ন্যায়। গৃহতল হইতে উত্থান করিতে, রোগী প্রথমে জারু উঠায় এবং পরে জান্তর উপর কর স্থাপন করে, এবং যে পর্যান্ত ঋজু অবস্থা না পান্ন, "জজ্মার উচ্চতার উপর পর্য্যস্ত উত্থান করে"। পরীক্ষায় "পায়ের ডিমের" বর্দ্ধিতাবস্থা প্রকাশ পায়। অক্যান্ত নানাবিধ পেশীও আক্রান্ত হইতে পারে, বিশেষতঃ ইনফ্রাম্পাইনেটাস, বাইসেণ্স এবং ট্রাইদেপুস; এরূপে রোগী একটি অসমানভাবে বুদ্ধিপ্রাপ্ত ব্যায়ামীর আকার ধারণ করে। ভ্রমণে স্কন্ধাদি পশ্চাতে এক উদর সমুথে নিক্ষিপ্ত হয়, কটিদেশের মেরু-দণ্ড সম্মুখে বক্রতা প্রাপ্ত ও পাছাদ্বয় বহির্নিক্ষিপ্ত থাকে এবং জঙ্বান্তম পরস্পর অধিকতর ফাঁক হইমা যায়। রোগের শেষাবস্থায় পেশীর শীর্ণতা ঘটে, এবং অবশতা উর্দ্ধাঙ্গে বিস্তৃত হইতে পারে, এরূপ যে, তাহার পরে রোগী আর উত্থান অথবা ভ্রমণ করিতে পারেনা: এবং,

অবশেষে আক্রান্ত অঙ্গাদির সর্বপ্রকার শক্তিরই অপচয় ঘটে, রোগজ্জরা উপস্থিত হয় এবং পরে মৃত্যু ঘটে,—অনেক সময়েই তাহা কোন মধ্যগামী রোগের ফলস্বরূপ সংঘটিত হয়। রোগের শেষাবস্থা পর্যান্ত জামুর প্রতিক্রিয়া সাধারণতঃই বর্ত্তমান থাকে, অপক্ষন্ততার কোন প্রতিক্রিয়া দৃষ্ট হয় না এবং বিহাৎ-স্রোত-সংস্প্রতি প্রতিক্রিয়া কেবল পেশী-ধ্বংসের পরিমাণের অমুপাতে হইতে দেখা য়ায়। কোন কোন স্থলে মানসিক ক্রিয়ার বিপর্যায় ঘটে। মৃগীও দেখা গিয়াছে। অতীব বিরল স্থলে সম্পূর্ণ লক্ষণেরই পরিবর্ত্তন সংঘটিত হয়; রোগ মৃত্তর গতি অমুসরণ করে, এবং সাংঘাতিকতায় শেষ হয় না; রোগী কেবল ক্রয়া শরীরাংশে হর্ক্রেলতা বোধ করে, তাহা গুরুতর না হইলেও জীবনের শেষ পর্যান্ত থাকে।

- (২) বিবৃদ্ধি-সংস্থা প্রকার (Hypertrophic form)।

  —কার্য্যতঃ লক্ষণাদি পূর্ব্বলিখিত প্রকার রোগের স্থায়, কিন্তু প্রথমে
  প্রকৃত পৈশিক-বিবৃদ্ধি ঘটে এবং রোগের পরিণামাবস্থায় ক্ষরোৎপন্ন হয়।
- (৩) প্রাথমিক বিবৃদ্ধি (Primary hypertrophy)।—
  (ক) এর্বদের ক্রেমবর্দ্ধিয়ু বাল্যস্থলভ বংশানুক্রমিক
  পৈশিক ক্ষয়—প্রথমে রন্ধ এবং বাছর পেশী আক্রান্ত হয়,
  কচিং পৃষ্ঠ এবং জজ্বার প্রথম আক্রমণ ঘটে; এরূপ স্থলে পাছা
  এবং উরুর পেশীর ক্ষয় জন্মে। সেরেটাস-পেশীর পক্ষাঘাত নিবন্ধন
  অংস-ফলকান্থির (Scapulæ) স্পন্থতর বহিরাগম ঘটে, তাহাতে রোগের
  "পক্ষযুক্ত" দৃশু বলিয়া একরূপ বিশেষ প্রকৃতি প্রদান করে। ক্ষয়ই
  ইহার মূল ঘটনা; তাহার বৃদ্ধি হয়, সমানামুপাতে শক্তির অপচয়
  ঘটে, এবং প্রতিক্রিয়াদি এবং বৈত্যতিক প্রতিক্রিয়ার হ্রাস জন্মে।
  পাদবিক্ষেপভঙ্গি, "জজ্বা ধরিয়া উঠা," ইত্যাদি লক্ষণ পুঝারুপুঝরূপে অলীক-বিবৃদ্ধি-প্রকারের লক্ষণের সমান। উদরবক্ষ-বিভাজক

পেশীতে (diaphragm) ক্ষম সংস্ৰবীয় পরির্ত্তন সম্ভব, তাহাতে খাসরুচ্ছু জন্মে এবং কথন কথন মৃত্যু সংঘটিত হয়।

- (খ) শৈশব-প্রকার (Infantile Type)—মুখমগুল পেনীতেই প্রধান আক্রমণ হয়, চক্ষু সম্পূর্ণ মুদ্রিত করিতে পারা যায় না, এবং কথা বলা, হাস্ত করা এবং শীশ দেওয়া কঠিনসাধ্য হয়। ইহার একটি বিশেষ-প্রকৃতি-জ্ঞাপক এবং, এমন কি, রোগ-নির্বাচক চিছ্ল—একরূপ জীবনহীন এবং ভাবহীন মুখমগুল (Facies myopathique); মুখমগুল-পেশীর ক্ষয় ইহার কারণ। পরে স্কল্পের পেশীর আক্রমণে এর্বসের বাল্য প্রকারের (Juvenile) সমভাবাপয় রোগ জয়ে। চর্বণ-পেশী, চক্ষুগোলকের অভ্যন্তর-পার্শ্বের পেশী বা ইন্টার্নেল অকুলার, এবং প্রকোষ্ঠ এবং করের পেশী স্বাভাবিক অবস্থায় থাকে। পেশী স্ত্রের সংকোচন হয় না, অপক্রপ্টতার প্রতিক্রিয়া (Reaction of degeneration) এবং বৈত্যতিক প্রতিক্রিয়ারও হ্রাস হয় না।
- (৪) ক্রেমবর্দ্ধিফু স্নায়বিক-পৈশিক ক্ষয় (Progressive neural-muscular atrophy)।— পেরনিয়াল (জজ্মার পেরনিয়াস-পেশী-সংস্ঠ) প্রকারের রোগ পদ-পেশীতে—পদাঙ্গুলির সাধারণ প্রসারণী অথবা পদের ক্ষ্দ্র পেশী, অথবা পদ-তলের অথবা পদ-পৃষ্ঠের উন্নত স্থানের পেশী এবং অন্থিমধ্য (inter ossei) পেশীতে—আরম্ভ হয়। অনেক সময়েই প্রগদ-পদ, পদবক্রতা বা ক্লাব-ফুট নানক আকার-ভ্রন্থতা জয়ে। পরে যথন কর-সংস্ট-পেশী আক্রাস্ত হয়, তথন বৃদ্ধাঙ্গুলি এবং মধ্যমাঙ্গুলির গোলক বা বল বিশেষরূপে চেপ্টা হইয়া যায়; এবং অন্থি-মধ্য সীতা গভীরতর হওয়ার ফলস্বরূপ খোবা-হাত" বা "ক্র-হ্যাপ্ত" জয়ে। এই প্রকার আকার-ভ্রন্থতায় পেশীস্ত্রের সংকোচন উপন্থিত থাকে, তাহাতে কথন কথন অন্থুনির অনিয়মিত কম্পনোৎপদ্ধ হয়। অপক্রপ্ততার প্রতিক্রিয়া এবং

বৈহ্যতিক প্রতিক্রিয়া থাকিতে পারে। ন্যাধিক অমুভূতির বিশৃংগুলাও ঘটতে পারে। সম্ভবতঃ ভ্রান্তিবশতঃ এই রোগ পেশী-রোগ-শ্রেণীভূক্ত হুইয়া থাকে, ফলে ইহা স্নায়্-প্রদাহোৎপন্ন স্নায়বিক বিকার হুইতে জন্মে। রোগীর পোষণ-ক্রিয়া এবং সাধারণ অবস্থা অপেক্ষাকৃত স্বাভাবিক প্রতীয়মান হয়।

রোগ-নির্বাচন।—এক শ্রেণীর পক্ষাঘাত-ক্ষয়ের (Dystrophy)
অন্ত শ্রেণী হইতে প্রভেদনিরূপণ মাত্র রোগের আরম্ভের এবং পেশীর
আক্রমণের প্রণালীর উপর নির্ভর করে। অনেক সময়ে ছই অথবা
ততোধিক প্রকারের রোগ একই পরিবারে উপস্থিত থাকে, এবং সায়বিকপ্রকার ব্যতীত অন্ত সকল সম্ভবতঃ এক শ্রেণীরই ভিন্ন ভিন্ন পরিবর্ত্তিত
অবস্থা মাত্র। পূর্বেই বলা হইয়াছে, সায়বিক প্রকারের রোগ স্পষ্টতর
সায়ু মূলতা প্রকাশ করে।

ভাবী-ফল।—সর্বপ্রকার পক্ষাঘাত-সংস্প্ত ক্ষয় (Dystrophy) রোগই অতীব ধীরগতি এবং ক্লেশনায়ক, অপিচ আরোগ্য- সম্বন্ধে অশুভ-জনক। কিন্তু উপযুক্ত চিকিৎসায় জীবনকাল প্রলম্বিত হইতে পারে।

চিকিৎসা-তত্ত্ব।—এরোগের হোমিওপ্যাথিক চিকিৎসা সম্বন্ধে চিকিৎসকগণ একরূপ নীরব বলিলেও বোধ হয় অত্যুক্তি দোষ ঘটে না। এলপ্যাথিমতেও প্রায় তত্ত্বপই দেখা যায়। কেবল ডাঃ বার্টলেট, পাটালিস্থান আহ্রডাইড এবং আল্লাম্নেল্ল প্রয়োগরূপের বাবস্থা করিয়াছেন, যেহতু বসাপকৃষ্ঠতা এবং যোজকোপদানের অতিপ্রজননে ইহাদিগের ক্ষমতা সর্বন্ধন প্রসিদ্ধ। তিনি বলিয়াছেন পাটালিস্থান্ম আহ্রডিল্ল মাত্রা প্রতিদিন পনের হইতে ত্রিশ-গ্রেণ করিয়া অনেক মাস, এমন কি বৎসরের পয় বৎসর বৎসরও চালাইতে হইতে পারে। তিনি ফল্লাজনাল্য ক্রিয়া না হওয়ার কারণ দেখা যায় না।

আনুষ্প্রিক চিকিৎসা ।—নিয়মিত ব্যায়াম, মৃছ চাপন এবং বৈছাতিক-স্রোত্বারা অনেকস্থলে অস্ততঃ রোগের গতির ধীরতা জন্মাইতে পারা যায়। মধ্যবিধ পরিমাণ ব্যায়াম বহুদিন যাবং নাছোড়বান্দা ভাবে চালাইয়া যাওয়া কর্ত্তব্য। স্বাস্থ্যরক্ষার নিয়মাবলম্বন অত্যাবশুকীয়। অকুয় স্বাস্থ্য এবং শারীরিক পৃষ্টি সাধন অপরিহার্য্য উপায় বলিয়া স্মরণ রাখিতে হুইবে।

# লেক্চার ২৩৮ (LECTURE CCXXXVIII.)

### পেশী-আক্ষেপবিশেষ বা টমসেন্স ডিজিজ।

(THOMSEN'S DISEASE.)

প্রতিনাম | — শারোটমিয়া কঞ্জিনিটা (Myotomia Congenita)

পরিভাষা।—একরূপ বংশান্তক্রমিক পেশী-রোগ। ইহার বিশেষ প্রকৃতি এই যে, ইচ্ছা করিয়া পেশীর চালনা করিলে তাহা প্রবল আক্ষেপাক্রাস্ত হয়, ধীরে শিথিলতার উপস্থিতি ঘটে।

আম্থ্রিক বিধান-বিকার-তত্ত্ব।—পেশী সমানভাবে বর্দ্ধিত হয়, এবং উপাদান-সম্বন্ধান্তসারে পর্য্যবেক্ষণে ইহাতে পেশীগুচ্ছের স্থলত্বের এবং কোষাস্ক্রের সংখ্যার বৃদ্ধি দেখা যাঁয়। যোজকোপাদান নিয়মিত থাকে। হুৎপিণ্ড আক্রাস্ত হয় না, কিন্তু উদর-বক্ষ-বিভাজক-পেশা আক্রাস্ত হইতে পারে। মেরুমজ্জা-রজ্জুর রোগ হয় না।

কারণ-তত্ত্ব ।—রোগ সর্বস্থলেই বংশামুক্রমে এবং প্রথমে শৈশবাবন্থার উপস্থিত হয়। ইহা দল দল পরিবারদিগের মধ্যে উপস্থিত হয়, এবং কথন কথন এরপ কতিপয় বংশপরম্পরায় উপস্থিত হইতে পারে। ইহার আক্রমণ স্ত্রী অপেক্ষা পুরুষেই অধিকতর। ইহা পেশীর মৌলিক রোগ অথবা আজন্ম-দূষিত সায়বিক ক্রিয়াঘটিত রোগ এপর্য্যস্তপ্ত তাহার মীমাংসা হয় নাই। এরপও কৃথিত হইয়া থাকে যে পৈতৃক পেশী-আক্ষেপের বিবরণ্যুক্ত ব্যক্তিদিগের মধ্যে শৈত্য-সংস্পর্শ, কঠিন শারীরিকপরিশ্রম এবং মনোবৃত্তিসংস্ঠ কারণ রোগ উৎপয় করিতে পারে।

লক্ষণ-তত্ত্ব ।— পৈশিক সংকোচন ইহার প্রধান লক্ষণ। প্রথমতঃ পেনী, বিশেষতঃ অঙ্গাদির পেনী, যেন কঠিন, এবং বশতাপন্ন নহে বলিয়া

অতুভূত হয়। যথনই কিয়ৎকাল বিশ্রামের পরে ইচ্ছাত্মরূপ চালনার চেষ্টা করা যায়, পেশী বেদনাহীন প্রবল সংকোচনের অবস্থায় থাকে এবং ধীরে শিথিলত। আইদে। প্রত্যেকবার পুনঃচেষ্টার সহিত সংকোচনের প্রাবল্য স্বল্পতর হইয়া অবশেষে অন্তর্জান করে এবং রোগী অনায়াসে পেশীর চালনা করিতে থাকে। যদিও সাধারণতঃ বাহু এবং জজ্যার পেশী রোগাক্রান্ত হয়, তথাপি শরীরের সমস্ত পেশীই—মুথমগুল, চকু, এবং স্বর-যন্ত্রের পেশী ব্যতীত—আক্রাস্ত হইতে পারে: গলাধঃকরণ-পেশী সাধারণতঃ রক্ষা পায়। উত্তেজনা, শৈত্যসংস্পর্শ এবং ক্লান্তি প্রভৃতি আক্ষেপের বৃদ্ধির এবং মধ্যবিধ ব্যায়াম, তাপের প্রয়োগ এবং নিরপেক্ষ শান্তি প্রভৃতি উপশমের কারণ। পেশী বিলক্ষণ, এমন কি পরিমাণাধিক পুষ্টি লাভ করে এবং কখন কখন অনুপাতাধিক শক্তি সম্পন্ন হয়, কিন্তু তদপেক্ষাও অধিকতর স্থলে পৈশিক শক্তির অপচয়ের প্রমাণ পাওয়া যায়। পেশীর বৈচ্যতিক এবং ক্রতিম উত্তেজনাপ্রবণতার বুদ্ধি হয়, প্রতি-ক্রিয়াদি নিয়মিত থাকে এবং অনুভূতিশক্তির দোষ ঘটেনা। কথন কথন মানসিক অবসাদ প্রকাশ পায়, যদিও রোগ সম্ভত কণ্টের চিন্তা ইহার কারণ হইতে পারে।

রোগ-নির্বাচন।—সাধারণতঃ বিশেষপ্রকারের পেশীসংকোচন দারা সহজেই রোগ-নির্বাচিত হয়, যেহেতু এরপ লক্ষণ অন্ত কুত্রাপিও দৃষ্টিগোচর হয় না। ডাঃ এর্ব বৈত্যতিক প্রতিক্রিয়া বা পেশীচ্ছেদক প্রতিক্রিয়া (called the myotomic reaction) বলিয়া একরপ রোগ-পরিচায়ক উপায়ের বর্ণনা করিয়াছেন, তাঁহা বর্ত্তমান থাকিলে, কার্যতঃ রোগনির্বাচনবিষয়ে কোন সন্দেহ থাকে না। বৈত্যতিক প্রতিক্রিয়ার সংক্রিপ্ত বিবরণ—বৈত্যতিক উত্তেজনায় পেশী-সংকোচনের ধীরতা এবং বৈত্যতিক উত্তেজনার অবস্থায় শিথিলতা এবং ক্যাথড (বৈত্যতিক-স্রোত-গ্রাহীসীমা—নিগেটিভ) হইতে এনড (যে সীমা

হইতে বৈছ্যতিক স্রোত কোন বস্তুতে প্রবেশ করে—পদ্ধিটিভ) পর্য্যস্তু পেশী-সংকোচনের উর্ম্মিবৎগতি।

ভাবীফল ।— রোগ অসাধ্য, কিন্তু সাংঘাতিক নহে। রোগীর আঘাত পাইবার বিশেষ সন্তাবনা থাকে এবং তাহাতে মৃত্যু ঘটাইতে পারে।

চিকিৎসা।—ইহার ঔষধ সম্বন্ধে গ্রন্থকারগণ সম্পূর্ণ নীরব।

আকুষঙ্গিক চিকিৎসা।—রোগ আরোগ্য হয় না, তথাপি নির্দ্দিষ্ট পদ্ধতি অমুসারে মৃত্র ব্যায়ামের সহিত স্বাস্থ্যরক্ষার নিয়মাদির স্বত্ন প্রতিপালন রোগের কাঠিন্তের হ্রাস এবং, এমন কি, অস্থায়ী বিরতিও আনিতে পারে।

### ত্রোদশ অধ্যায়।

দৈনন্দিন অভ্যাসগত মাদকসেবন এবং মাদকতা বা ড্ৰাগ ছাবিট্ এণ্ড ইণ্টক্সিকেশন। (DRUG HABIT AND INTOXICATON)

> প্তন্কর ক্ষার-বিশাক্ততা বা টোমেন প্রজনিং,

মেদরোগ বা ওবেসিটি, আতপাঘাত বা সান্-ষ্ট্রোক।
(PTOMAINE POISONING, OBESITY,
HEAT-STROKE.)

# দ্রাত্রিংশ পরিভেদ।

দৈনন্দিন অভ্যাসগত মাদকসেবন গ্রবং মাদকতা।

লেক্চার ২৩৯ (LECTURE CCXXXIX.

স্থরা-বীজ্ব-বিধাক্ততা বা আলকহলিজ্ম। ( ALCOHOLISM. )

পরিভাষা।—অধিককাল ব্যাপী অথবা অতিরিক্ত পরিমাণ মা-বীজ সেবনের কুফলস্বরূপ মহুদ্য শরীরের রোগজ অবস্থা। স্থরা- বিষাক্ততা তরুণ অথবা পুরাতন হইতে পারে। সাধারণ সুরা-মন্ততা অথবা অভ্যাসগত মাতলামি তরুণ-মন্ততা বলিয়া কথিত। অভিশন্ধ বাতিকগ্রস্ত অথবা সাম্মবিক-প্রকৃতিবিশিষ্ট ব্যক্তিদিগের মধ্যে সুরা-বীজের ব্যবহার নিবন্ধন এক প্রকার তরুণ উন্মন্ততা উপস্থিত হয়, তাহাকে স্কুল্লা-পানোন্দান্দ বা স্নেন্স্রা-আ-পিট্ (Mania-a-Potu) বলে। মস্তিক্ষে বহুদিন ব্যাপক অবিশ্রাস্ত মতের ক্রিয়া, অথবা হঠাৎ মাতালের মত্ত-পান নিবারণে বিশেষ-প্রকারের বিরতিহীন কম্পন, অত্যস্ত বলক্ষয়, ক্লেশজনক ল্রান্তি এবং ল্রমদর্শন মন্তোত্যক্র বা ভিলিব্রিক্রাম্ন বিশ্বন্দ্র বলিয়া পরিচিত। অদমা মত্ত-পানেজ্ঞা বা "মত্ত-পানের ঝোঁক" বা "ভিন্ধ-ইম্পাল্দ্", অত্যস্ত মত্যপায়ীদিগের মধ্যে বাহা মধ্যে উপস্থিত হয়, তাহাকে মন্ত্যে ন্রান্দ্র বা ভিশ্বন্দ্রান্ত্রা বার্যায়।

### ১। তরুণ স্থরা-বাজ-বিষাক্ততা বা একুট আল্কহলিজ্ম। (ACUTE ALCOHOLISM.)

বিবরণ।—এই প্রকার অবস্থা হরা-মত্তা অথবা অভ্যাসগত
মন্ত্রতা বা মাতলামি বলিয়া পরিচিত। ইহার সহিত স্কুল্লা-পানোন্মান্ত্র বা মাতলামি বলিয়া পরিচিত। ইহার সহিত স্কুল্লা-পান্তান্মান্ত্র বা মেনিস্থা-আ-পিট্র, মদাত্যয়, মগুজ বিষাদ-বায়ু এবং,
এমন কি, মগুজ অর্দ্ধান্ত্র থাকিতে পারে, অথবা নাও পারে। মগুজ
বিষাদ-বায়ু এবং অর্দ্ধান্ত্র সহিত মগুজ বৃদ্ধি-থর্কতা বা ডিমেন্সিয়া
সাধারণতঃ কেবল পুরাতন হরা-বীজ-বিষাক্তবা হইতে জন্মে। অতি
অল্প সময়ের মধ্যে, বেমন এক রাত্রের আমোদে, কসিয়া মগু-পানে
স্কুলা-পান-উন্মান্ত্র বা মেনিস্থা-আ-পিট্র্ একরূপ প্রচণ্ড.
এবং, এমন কি, নর-হত্যাপ্রবর্ত্তক উন্মন্তবা সংঘটনের অত্যধিক প্রবণতা
উপস্থিত করে। অনেক সময়েই এই প্রকার রোগ ভ্রান্তিবশতঃ মদাত্যয়

্যা ডিলিরিয়াম ট্রিমেন্স বলিয়া গৃহিত হইয়া থাকে; কিন্তু শেষোক্ত ভিন্ন প্রকারে স্বপ্রকাশিত হয় এবং পুরাতন মগুপায়ী ব্যক্তিদিগের মধ্যে দথা যায়। পুরাতন স্থরা-সার-বিষাক্ততা বা ক্রনিক আলকহলিজ্ম শিরোনামে ইহার বিষয় পরে লিখিত হইবে।

তরুণ স্থরা-বীজ বিযাক্ততা একরূপ মন্তপানাভ্যাস—একরূপ কদভ্যাস কিন্তু কোন মৌলিক রোগ নহে। তথাপি ইহা রোগোৎপাদন করিতে পারে এবং অনেক সময়ে করিয়া থাকে, এবং যে সকল আময়িক-বিধান-বিকার সংঘটিত করে তাহা সাক্ষাতভাবে কেবল স্থরা-বীজেই আরোপ করা যায়। অপিচ, ভরুণ স্থরা-বীজ-বিষাক্ততা যখন একটি কদভাসে. ইহা বলা অসম্ভাব্য হইবে না যে বোগাত্মক আকাল্ডা মন্তপানের অদম্য প্রবৃত্তি আনয়ন করে, পুর্কের স্বইচ্ছা প্রণোদিত পুনঃ পুনঃ মছের ব্যবহারে তাহা আরোপিত করা যায় না, কিন্তু বংশানুক্রমিক বিকার-নিবন্ধন হয়; এরূপে এই সকল আকাজাকে মূলতঃ এক প্রকার রুগা-বস্থা বলা যায়। স্মরণীয় যে ভিন্ন ভিন্ন ব্যক্তির মন্ততা জন্মাইতে ভিন্ন ভিন্ন পরিমাণ মত্যের প্রয়োজন, কোন কোন ব্যক্তিতে ইহা অতি সহজে ক্ষমতা প্রকাশ করে।

লক্ষণ-তত্ত্ব |----মন্ততার লক্ষণাদি এতদূর পরিচিত যে তাহাদিগের বর্ণনা অনাবশুক; তথাপি তাহারা ভিন্ন ভিন্ন ব্যক্তিতে ভিন্ন ভিন্ন প্রকারে দেখা দেয়। সাধারণতঃ উত্তেজনা ইহার প্রাথমিক ফল, তাহার সহিত মুখমগুলের রক্তাভা, চক্ষুর শোণিতপূর্ণতা এবং বাচালতা উপস্থিত হয়। তাহার পরে পৈশিক ক্রিয়ার পরস্পর<sup>®</sup>অসামঞ্জস্ত—টলিয়া টলিয়া চলা,—এবং তাহার সহিত অসংযুক্ত কথা বা আবোল তাবোল বলা, শেষাবস্থায় ন্যুনাধিক স্বাভাবিক নিদ্রা। স্বাস-প্রস্থাস গভীর এবং ধন কথন সশব্দ, কণীনিকা প্রসারিত, তাপ স্বভাবনিয়। অনৈচ্ছিক শৃত্রের ত্যাগ অসাধারণ নহে। কোন কোন স্থলে প্রাথমিক

লক্ষণাদি অতীব প্রচণ্ডতার সহিত প্রকাশিত হয়, এমন কি প্রবল উন্মাদে
যায় এবং সামান্ত উত্তেজনাতেই নরহত্যাকর প্রকৃতি প্রাপ্ত হয়। অন্তান্ত
হলে উত্তেজনার অবস্থা হয় না, রোগী নিস্তেজ ও বিষণ্ণ হইয়া পড়ে এবং
ক্রমে ক্রমে অচৈতন্তাবস্থায় যায়। প্রচুর মাত্রায় মন্ত পান করিলে পৈশিক
ক্রিয়ার পরস্পর অনৈক্যতা এবং অচৈতন্তাবস্থা না হইয়া যায় না।
মন্তিক্রের বন্ধলাংশে ক্রিয়ার ফলস্বরূপ এরূপ সংঘটন হয়। কোন কোন
স্থলে খাস-প্রধাস-কেন্দ্রের অবশতাবশতঃ মৃত্যু ঘটে। অপিচ কোন
কোন স্থলে নিদ্রাকর ক্রিয়া স্বরত্র হয়, উত্তেজক ক্রিয়া প্রাধান্তলাভ
করে এবং আমাশয়-প্রদাহ ও স্বর্লতর সময়ে বৃক্কক-প্রদাহ জয়ে।

রোগ-নির্বাচন ।—সাধারণতঃ মদ্যের মাদকতা সহজে নির্বাচন করা যায়, তথাপি অনেক সময়ে ভ্রান্তিবশতঃ রোগীর উপরে অন্তায় দোষা-রোপ করা এবং অনেক সময়ে রুথা বিপদ টানিয়া আনা হয়। সন্ন্যাস, মস্তকা-ঘাত এবং মূত্র-বিষাক্ততা বা যুরিমিয়ার মাদকতা বলিয়া ভ্রান্তি জন্মিতে পারে। কোন কোন স্থলে স্থরা-সারের সাক্ষাৎ ক্রিয়ায় সন্ন্যাস রোগ ব্দমে, তাহাতে রোগ নির্বাচন অধিকতর কঠিন হইন্না পড়ে। স্থরা-মাদকতার অটৈতন্ত সাধারণতঃ তাদৃশ গভীরতর হয় না, কর্ণে চিৎকার রব করিয়া, নাসা-রন্ধে এমনিয়ার ভাণ প্রয়োগ করিয়া, অথবা কোন চাপে অসহিষ্ণু স্থান, যেমন চক্ষু-কোটরোর্দ্ধ খাঁজপথ কঠিনব্ধপে চাপিত করিয়া রোগীকে অস্থায়ী রূপে জাগ্রৎ করা যাইতে পারে। মৃত্র-বিযাক্ততা বা যুরিমিয়া **প্রবদ্ধে** পাঠক তালিকাকারে তরুণ স্থরা-সার-বিষাক্ততা, মস্তিক্ষে রক্ত-আব এবং যুরিমিয়ার তুলনা দৈথিতে পাইবেন। যে সকল স্থলে সন্দ্রেহের কারণ উপস্থিত হয়, রোগ মত্য-পানঘটিত বলিয়া গ্রহণ না করিয়া সাধারণ কোন রোগ ধরিয়া তদ্রপ ব্যবহার করা উচিত। সাধারণ তরুণ-স্মরাবিষাক্ততায় কোন প্রকার চিকিৎসার প্রয়োজন হয় না। অসাধারণ স্থলে পুরাতন স্থবা-বিঘাক্ততার নানাবিধ প্রকারের রোগের চিকিৎসাই যথেষ্ট।

## ২। পুরাতন স্থরা-বীজ-বিধাক্ততা বা জনিক আল্কহলিজ্ম। (CHRONIC ALCOHOLISM.)

বিবরণ ৷—পুরাতন স্থরা-বাজ-বিষাক্ততা নানাবিধ আকারে এবং পরিমাণে প্রকাশিত হয়। অতি শীঘ্রই হউক অথবা বিলম্বেট হউক চিরাভাস্ত মগুপানের ইহা অপরিহার্যা ফল: দৈনিক অপেকা-ক্বত অল্ল স্থরাপান বক্তিবিশেষের পক্ষে রোগের কারণ হইতে পারে. কিন্তু অপর ব্যক্তি অত্যধিক পরিমাণও দৃষ্ঠতঃ নিরাপদে সহু করিয়া যায়: এরূপ ঘটনা নিতান্তই বিরল নহে। আমাদিগের বছদশীতায় অনেককে যৌবনের প্রারম্ভে স্থরাপানের বিষময় ফলস্বরূপ অচিরাৎ মানবলীলা সম্বরণ করিতে দেখিয়াছি, অপিচ পক্ষান্তরে আমাদিগের চক্ষের উপরে প্রায় ত্রিশ অথবা চল্লিশ বৎসর মদ্যে একরূপ নিমজ্জিত থাকিয়াও কেহ কেহ এ পর্য্যস্ত আপেক্ষিক স্বাস্থ্য ভোগ করিতেছেন: কথন কথন অসুস্থ হইলেও অস্ততঃ মারাত্মক রোগ হয় নাই। অবশ্য এই সকলকে নিয়মবহিভূতি ঘটনাই বলিতে হইবে। ফলতঃ ইহা সম্পূর্ণই ধাতু প্রকৃতির উপরে নির্ভর করে। আমাদিগের বিবেচনায় সম্ভবতঃ বাতপৈত্ত্বিক এবং পিত্ত-শ্লৈষ্মিক ধাতুতে মল্পপান অধিকতর এবং শ্লৈগ্নিক এবং বাত-শ্লৈগ্নিক ধাতুতে স্বল্পতর অনিষ্টকর। যে সকল বাক্তি ন্যুনাধিক বিরতির পর আমোদ-প্রমোদচ্ছলে মধ্যে মধ্যে অধিক পরিমাণে স্থরা-পান করেন, তাহাঁদিগের অপেক্ষা যাহাঁরা বহুদিন ধরিয়া নিয়মিতরূপে মধ্যবিধ পরিমাণ মগুপান করেন তাহাদিগেরই মধ্যে পুরাতন স্থরা-বিষাক্ততা অধিকতর দেখা যায়,—প্রথমোক্ত ব্যক্তিগণের মল্পপানের বিরতি 🕎 লমধ্যে স্থরাবীজের অনিষ্ঠকর শক্তি সমূলে বিদূরিত হয়। 🛛 স্থরা-পানীর ষ্টানতস্ততিগণের স্থরাবীজ্বটিত অপক্ষষ্টতা মূলক পরিবর্ত্তনে অধিকতর

পূর্বান্থবর্ত্তি থাকে এবং তাহারা নানাবিধ রোগ, বিশেষতঃ স্নায়্মগুল-রোগ-প্রবণ হয়; তাহাদিগের নিজের স্থরাপানের অভ্যাদের সহিত ইহা সম্বন্ধহিত।

আমায়িক বিধান-বিকার-তত্ত্ব।—ডাঃ পেইনের মতে, নিম্নলিখিত প্রকারে স্থরাবীজের বিষক্রিয়া প্রকাশিত হয়, (১) যেমন একটি বাদ্রিক
ক্রিয়াবিষরূপে, যেমন প্রবল মন্ততায় ; (২) ষেমন একটি উপাদানবিষরূপে,
যাহাতে সাস্তর-বিধানের মূল উপাদানের, বিশেষতঃ উপত্বক এবং স্নায়্র
উপরে ধীর অপক্ষন্ততা জন্মে এবং শোণিত-নাড়ীতে স্থূলতা উৎপন্ন হয় এবং
অবশেষে ইহার ক্রিয়া-ফল তন্ত্রবৎ পরিবর্ত্তন উৎপন্ন করে; এবং (৩) যেবন
একটি উপাদানামীকরণ বা দাহনের (tissue oxidation) নিবারক,
যেহেতু বসার দাহন, যাহা স্বাস্থ্যরক্ষায় অত্যাবশুকীয় তাহার পরিবর্ত্তে
পীত স্থরা-সার দগ্ধীভূত হয়। ইহাই বসাপরিবর্ত্তনের এবং কথন কথন
সাধারণ বসা-সঞ্চয় বা মেদ-রোগ নামক অবস্থার কারণ।

অধুনা পরীক্ষাদারা প্রমাণিত হইয়াছে যে স্থরা-সার কৌষিক পললের (Protoplasm) ধ্বংস সাধন করে, এবং, যান্ত্রিক ক্রিয়াসম্বন্ধে যতদূর হইতে পারে, অতীব জটিলতাবিশিষ্ট কোষাদিরই সহজে আক্রমণ ঘটে। সর্বপ্রপ্রকার আধুনিক অনুসন্ধানেরই শেষ মীমাংসা এই যে স্থরা-সারের ধ্বংসকর ক্রিয়া মৌলিক বিধান-তন্ত্র-গুচ্ছেই অধিকতর কেন্দ্রীভূত, এবং ইহা হইতেই মনুষ্যাশরীরে ইহার বিপদাত্মক ফলের উপলব্ধি জ্লে।

সায়ুমগুল, পরিপাক-যন্ত্রমগুল এবং বৃক্কই প্রায়শঃ সময়ে এবং অতীব গভীররূপে হ্রা-সার-বিষাক্রাস্ত হয়। যবমগুই অধিকতররূপে বসা-পরিবর্ত্তনে প্রবণতা প্রকাশ করে, অনেক সময়ে আমাশয়িক প্রতিশায় এবং প্রসারণও সংঘটিত হইয়া থাকে। মন্তাদি যক্ততের সংস্কৃতিও (Cirrhosis) উৎপন্ন করিতে পারে। অপিচ ইহারা বৃক্কের রক্তাধিক্য এবং এই সকল যন্ত্রের বিবৃদ্ধি এবং বসাপক্ষতাও উৎপন্ন করিয়।

থাকে। উগ্রবীর্ঘ্য স্থরা (Spirituous liquors)-পান্নীদিগের মধ্যে পুরাতন অন্তর্ন্যাপ্ত বৃক্ক-প্রদাহের ভাষ ক্ষুদ্র, ঘণীভূত এবং তাস্কর বুক্কও দেখা যাইয়া থাকে, কিন্তু পূর্ব্বে যেরূপ অমুমিত হইত তাদুশ অধিক সংখ্যায় নহে। অনেক সময়েই স্থরা-সার-পারীদিগের মধ্যে শোণিত-নাড়ীতে কোমলপদার্থপূর্ণ অর্ধ্বুদবৎ পরিবর্ত্তন বা এথারমেটাস চেঞ্জেস (atheromatous changes) সংঘটিত হয়, কিন্তু ইহা এবং হৃৎপিত্তের বদাপকুঠতা যবমগুও উৎপন্ন করিতে পারে। ডাঃ এণ্ডার্স বলেন বে "মধ্য-মস্তিক্ষীয় ধমনীর বা মিডল সেরিব্র্যাল আরটারির ক্ষুদ্র ধমন্তর্ক্তি বের বিদারণ মত্তব্যক্তিদিগের মধ্যে আকস্মিক মৃতু ঘটাইয়াছে।" মস্তিক্ষে নানাবিধ ঘনত্বসহ স্থুলত্ব প্রকৃতিযুক্ত পরিবর্ত্তন ্ঘটিতে পারে, সঙ্গে সঙ্গে সায়ুর কোষে এবং সায়ু-উপাদানে অপকৃষ্টতা, দূঢ়ীভূততা এবং শীর্ণতা প্রকাশ পাইতে পারে। মছ-সার-পায়ীদিগের মধ্যেই প্রধানতঃ নায়ু-পরিবর্ত্তন দেখা যায়; তাহাদিগের মধ্যে স্থরা-সার-সংস্রবীয় নায়ু-প্রদাহ নিতান্ত কম হয় না।

লক্ষণ-তত্ত্ব ।—সংঘটিত যান্ত্রিক পরিবর্তনের প্রকৃতি অমুসারে বিবিধ প্রকার লক্ষণ প্রকাশিত হয়। সাধারণতঃ প্রথমেই পরিপাকক্রিয়ার বিকার ঘটে। তাহার লক্ষনাদি আমাশয়িক প্রতিশ্যায়ের প্রকাশক—লেপযুক্ত জিহ্বা, তুৰ্গন্ধ প্ৰশ্বাস, প্ৰাতরাশের পূৰ্ব্বে বমন, আমাশয়ে ক্টামুভূতি এবং কোঠবন্ধ অথবা উদরাময়; অনেক সময়েই শোধোক্ত হুই লক্ষণ পর্যায়ক্রমে উপস্থিত হয়। যথা নিয়মে পরে সাধারণতঃ স্নায়বিক-ক্রিয়া-বিকার-ঘটিত লক্ষণ দেখা দেয় এবং তদমুসরণে কিয়ৎকাল পরে যে সকল লক্ষণ উপস্থিত হয় তাহার। যন্ত্রগত স্নায়বিক পরিবর্ত্তন প্রকাশিত করে। দর্বপ্রথমেই স্থিরতার অভাব এবং কম্পন, বিশেষতঃ হস্তের কম্পন দুখা দের,, তাহার পরে জিহবার, এবং তাহারও পরে নিমা**লে**র কম্পন হয়। বুদ্ধির জড়তা, এবং নৈতিক জ্ঞানের সুলতা জন্মে; রোগী বিমর্যভাব ধারণ করে এবং

উত্তেজনাপ্রবণ, অস্থির ও নিদ্রাহীন হয়। ডাঃ কার্ বলেন "স্থরা-সার অমুভূতির অস্পষ্ঠতা জন্মার, বিচারশক্তির বিশৃঙ্গলা ঘটার, ইচ্ছাশক্তির অবসন্নতা আনয়ন করে এবং হিতাহিত জ্ঞানের অপলাপ করে।" এই সকল লক্ষণ পরিণামে বৃদ্ধি-ছ্রাস (dementia), উন্মন্ততা অথবা অবশতার (Paresis) পর্যাবসিত হইতে পারে। ক্রমে ক্রমে উপরিউক্ত অপারাদির প্রকৃতিগত বিশেষ বিশেষ লক্ষণ উপস্থিত হয়; তাহাদিগের বিবরণ স্বাস্থা শিরোনামে এই গ্রন্থেরই উপযুক্ত স্থানে দ্রন্থবা।

মদাত্যয় বা ডিলিরিরাম ট্রিমেন্স।—ইহা এক প্রকার প্রলাপ, কেবল প্রাতন অভ্যস্ত মন্তপায়ীদিগের মধ্যেই ঘটে। আমোদ-আফ্লাদম্ক্ত মন্তোৎসবের পরেই সাধারণতঃ ইহা ঘটে এবং প্রায়শঃই বাঁহারা তেজ্ঞাল মদ্য পান করেন তাঁহাদিগেরই মধ্যে অধিকতর দেখা যায়। বাঁহারা মধ্যে মধ্যে আমোদোৎসব উপলক্ষে মদ্যপান করিয়া বিরামকালে মিতাচার অবলম্বন করেন, তাঁহাদিগের মধ্যে ইহা কচিৎ দৃষ্ট হয়। মদ্যপায়ীব্যক্তির, যে কোন কারণে হউক, হঠাৎ দৈনিক মন্তের যোগান বন্ধ করিলেও ইহা ঘটিতে পারে। কোন প্রবল রোগ চিকিৎসার জন্ম মন্তের আবশুক হইতে পারে, বিশেষতঃ পূর্ব্ব হইতে ফুস্ফুসরোগ-প্রবণতা বিশিষ্ট মন্তপায়ীর ফুস্ফুস-প্রদাহে। এরপও কথিত হয় যে নিউমনিয়া বা ফুসফুস-প্রদাহ স্বর্গই মদাত্যয়ের উত্তেজক কারণ। মদাত্যয় যে কথনই মন্তবর্জনের সাক্ষাৎ ফল নহে, অন্তান্ত সংস্কৃত্ট কারণ হইতে জন্মে, তির্বায়ের প্রমাণার্থ প্রবল যুক্তির অবতারণা করা হইয়া থাকে।

সাধারণতঃ আক্রমণের পূর্ব্বে অগ্নিমান্দ্য, নিদ্রাহীনতা, নৈরাশু এবং অতীব অস্থিরতা জন্মে এবং শীদ্রই কম্প আরম্ভ হয়। কাল্পনিক কার্য্য করিবার জন্ম রোগী শয্যাত্যাগ করিবার অথবা বাটির বাহিরে যাইবার চেষ্টা করে, অসংলগ্ন কথা বলে এবং তাহার মুখাবয়বে এবং কার্য্যে স্বস্তিহীনতাও ভীতিচিত্ন প্রকাশ পার। ইহার পরেই শীদ্র ভ্রমদৃষ্টি উপস্থিত হয়। রোগী

ভীষণাকার রাক্ষস, সর্প, নেঙ্গটে ইন্দুর, মৃষিক এবং অস্তান্ত পোকামাকড় দেখে এবং তাহাদিগের নিকট হইতে পলায়নচেষ্টা করে, অথবা তাহাদিগকে দুরে নিক্ষেপের চেষ্টা করে। শ্রবণ এবং আস্বাদভ্রাম্বিও উপস্থিত হইতে পারে। রোগীর মুখাবয়ব অতীব ভীতিব্যঞ্জক। "ত্রাসিত" বলিলেই রোগীর অবস্থা সম্যক প্রকাশ করা হয়, উহা এতই অধিক হইতে পারে যে তাহাতে রোগী প্রচণ্ড এবং অদমনীয় হয়, বলপ্রয়োগে সংযত রাখিবার প্রয়োজন হইতে পারে, আত্মহত্যা করাও অসাধারণ নহে। অত্যন্ত পৈশিক চুর্বলতা ঘটে, কম্পনের বৃদ্ধি হয় এবং মধ্যবিধ জ্বর ও ক্রত, ক্ষীণ এবং অনেক সময়ে অনিয়মিত নাড়ী দেখা দেয়। সাধারণতঃ তৃতীয় অথবা চতুর্থ দিবদে প্রালাপ অন্তর্ম ত হয়; কিন্তু, কঠিনতর রোগে তজ্ঞপ নাও ঘটিতে পারে, ক্রমে ক্রমে তাহা অস্পষ্ট বিড়বিড়ে প্রলাপের মধ্যে যায়; বলক্ষয়ের বুদ্ধি হয়, জিহ্বার শুঙ্কতা, কটাবর্ণ এবং বিদারণ দেখা দেয় এবং একরূপ সাধারণ পচিত বা টাইফয়েড অবস্থা উপস্থিত হয়, হুৎপিণ্ডের অবসাদনিবন্ধন মৃত্যু ঘটে, অথবা তামদী নিদ্রা কিম্বা দর্ব্বাঙ্গীন আক্ষেপ অন্তিম দশা আনয়ন করে। কোন কোন স্থলে মস্তিক্ষের রক্ত-প্রাব অথবা ফুসফুস-প্রদাহের উপদর্গ উপস্থিত হইয়া শেষাবস্থায় লইয়া যায়।

রোগ-নির্বাচন।—রোগীর পূর্ববিবরণ হইতে পুরাতন স্থরা-সার-বিষ্ণাক্ততার পরিচন্ন পাওয়া কথনই কঠিন নহেঁ; কিন্তু বর্ত্তমান অপায়ের প্রকৃতি-বিষয়ক যথার্থ তাৎপর্য্য অবগত হওয়া অনেক সমরেই তাদৃশ সহজ বলিয়া বিবেচিত হয় না। রোগী আপনার অভ্যাসের বিষয় গোপন রাখিলে, য়ায়বিক অজীর্ণ, অক্ত কোন মায়বিক রোগ, যেমন সর্কম্প পক্ষাঘাত (Paralysis agitans), কশেরুক-মজ্জার ক্ষয় (Loomotor ataxia) অথবা মৃগীরোগ সহ ইহার ল্রাস্তি হইবার আশঙ্কা থাকিতে পারে। রোগীর আত্মবিবরণ এবং বিশেষ প্রকারের লক্ষণ হইতে সাধারণতঃ মদাতায় রোগ সহজে নির্ণীত হয়। ইহাকে স্থরা-পান-উন্মাদ (Mania-a potu) বা স্থরা-পানোঝাদ হইতে প্রভেদ করিতে হইবে—শেষোক্ত প্রকারের রোগ সাধারণতঃ প্রবল ও তরুণ স্থরা-বিষাক্ততার ফল, এবং ভয়াবহ প্রচণ্ডতা, অত্যন্ত পৈশিক সংকোচন এবং সর্বাঙ্গের আক্ষেপিক চালনা ইহার প্রকৃতি প্রকাশ করে। ফলতঃ চিকিৎসাসৌকর্য্যার্থ এই প্রভেদ গুরুত্ববিহীন।

ভাবিফল।—উপস্থিত অপায়ের প্রকৃতি এবং গভীরতার উপর স্থরা-সার-বিষাক্ততার পরিণাম নির্ভর করে। উপাদান-পরিবর্ত্তন গভীরতর হইলে তাহা কথনই আরোগ্য হয় না, কিন্তু উপশমিত হইতে পারে এবং জীবনকাল প্রলম্বিত হয়। অনেক উপসর্গ আসিতে পারে এবং মৃত্যু সংঘটিত হয়, বিশেষ করিয়া ফুসফুস্ প্রদাহ এবং ব্রাইট্স ডিজিজ বা লালা-মেহ অনেক সময়ে দেখা দেয়। মদাত্যয়রোগ উপসর্গহীন হইলে সাধারণতঃ রোগী আরোগ্য লাভ করে। অধিকাংশস্থলেই স্থরা-পান পুনরাবর্ত্তিত হয়, এ জন্ম স্বা-পানাভ্যাসের আরোগ্য সন্দেহের বিষয়।

চিকিৎসা।—নাকস ভিন্নিকা— স্থরা-সার-বিষাক্ততানিবন্ধন সাধারণ অস্ত্রহার ইহা সর্ব্বোচ্চ পদের অধিকারী। ইহা স্থরাপায়ীর
ভবিশ্বৎ আমাশর-বিকারেই যে কেবল বাধা প্রদান করে তাহাই নহে,
অপিচ ইহা অতিরিক্ত মড়োৎসবের কুফল নিবারিত অথবা প্রশমিত
করে। সচরাচর দেখা যাঁর ইহা অতি-মন্ততারও কিঞ্চিৎ শান্তিভাব আনিতে
উপকারী। ফলতঃ মন্তপায়ীব্যক্তিগণের পক্ষে নিম্নক্রনের নাকৃস ভিন্নিকা
বিপদের কাণ্ডারী স্বন্ধপ নিত্যসঙ্গী হওয়া উচিত। ইহার লক্ষণাদি কেবল
প্রাতঃকালীন শিরঃশূল, লেপমুক্ত জিহ্বা এবং মাতালের বিশৃষাল
আমাশয়ের সহিতই সাদৃগু প্রকাশ করে না, পরস্ত তাহারা অনেক
স্নায়বিক লক্ষণ—কম্পন, মানসিক লক্ষণের নৈকট্যভাব এবং মদাত্যয়
প্রভৃতির সহিত তুল্যতা প্রকাশ করে। সর্ব্ববিষয় বিবেচনা করিয়া দেখিলে
ইহাকে মন্ত্রগংস্ট বিকারের একটি উৎক্ট প্রতিষেধক বলা যায়।

সাল্ফুরিক-এসিড---পুরাতন স্থরাবিধাক্ততার ইহা অগ্যতম উৎক্কষ্ট ঔষধ, বিশেষতঃ অনেক পুরাতন আমাশন্ত্রিক এবং যাক্ততিক লক্ষণের প্রাধান্তযুক্ত রোগের পক্ষে। আমাশয় শীতল এবং ছর্বল অমুভূত হয় এবং রোগী মন্তাদি উত্তেজকের জন্ম নিরতিশয় ব্যগ্রতা প্রকাশ করে। জলের সহিত কতিপয় বিন্দু স্থল স্নাল্যু বিক **্রাসিড** দেবন করাইলে উপরিউক্ত মন্তব্যগ্রতা অন্তর্মত হয়। নাকস ভনিকা অপেকা রোগের অনেক শেষাবস্থায় ইহার প্রয়োজন হইয়া থাকে; বদ্ধমূল অমাজীর্ণ রোগে ইহা উপযোগী, পুরাতন মাতালদিগের অমুঘাণ প্রশাদ এবং অমুবমন, বিশেষতঃ শোণিতস্রোতের চরম ধীরতা জন্মিলে এবং রোগী সম্কুচিত এবং শীতল বোধ করিলে জলসহ অরিষ্টের ব্যবহার ফলদ।

ক্যাপ্সিকাম—ইহা অনেকাংশেই সাল্ফুরিক এসিডের ভায় কার্য্য করে। দশবিন্দু মাত্রায় জলসহ দিলে স্পাল্ফ এসির ভারই ইহা শীতল আমাশর গরম করিয়া তোলে এবং সঙ্গে সঙ্গে শোণিত-সঞ্জানের উন্নতি, মন্তের আগ্রহের নির্ত্তি এবং বিবমিষা এবং বমনের অপনয়ন সাধন করে। অপিচ ইহা কথিত স্নায়বিক অস্থিরতা এবং কম্পনের দমন এবং নিদ্রার সাহায্য করে।

আর্সেনিকাম—জীর্ণ-শার্ণ, হর্বল এবং শঙ্কান্বিত রোগী কাঁপিতে থাকে। অত্যধিক বিশৃঙ্খালিত মানসিক অবস্থা এবং উৎকণ্ঠাদির যন্ত্রণায় রোগী ছটফট করিয়া বেড়ায়, কল্পনায় তম্বর, ভূত-প্রেত দেথিয়া ভীত য়। আর্সেণিক, সাল্ফার, সাল্ফুরিক এসিড, ব্যাপ্সিকাম এবং কথন কখন নাক্স্ ভমি-কাতেও মদ্যপানে নৃানাধিক প্রবল আগ্রহ দেখিতে পাওয়া যায়।

হায়সায়ামাস-মনাতায়-রোগের, বিশেষতঃ তাহার উন্মানাবস্থায় ( Mania—a—Potu ) সর্বোচ্চস্থানীয় ঔষধ। কথন কথন মদাত্যয়ে

যেরূপ বিয়ার-মন্থ পানান্তে ঘটে, ইহা উপকারী; রোগীর ফুসফুস-প্রদাহ-প্রবনতা থাকে এবং শীতল ঘর্ম হয়।

আনুষ্পিক-চিকিৎসা— প্রথমেই মহা-পান বন্ধ করিতে হইবে। চিকিৎসালয় প্রভৃতি স্থানে আবদ্ধ রোগী ব্যতীত ইহা কন্তুসাধ্য হইলেও অবশ্য কর্ত্তব্য বলিয়া বিবেচনা করিতে হইবে। আমাশ্রে স্থরা অথবা অন্ধীর্ণ ভুক্তবস্থ থাকিলে, বিশেষতঃ যদি গভীর অচৈতহ্য অথবা অহ্য প্রকার আশক্ষান্তনক লক্ষণ উপস্থিত থাকে, কিঞ্চিৎ আদার আরক অথবা দালচিনিমিশ্রিত উষ্ণ জলে আমাশ্র ধৌত করিতে হইবে। বমনের আবশ্যক হইলে উষ্ণ জল ও মান্তার্যুদ্রের দ্রব তাহার উৎকৃষ্ট উপায়। রোগী যদি গিলিতে না পারে ভাহা হইলে ইপিকাক অথবা এপমর্ফিয়ার ত্রগধঃ-পিচকারির ব্যবস্থা করিবে।

মত্যপানোমন্ততা ( Mania—a—Potu )।—ইহা এবং মন্ত্রাক্তা রোগোর বর্গুর্নক রোগীর ত্রাবধান করা উচিত। চিকিৎসা দারা রোগীর শান্তি বিধান করিবে! এতদর্থে মর্ফাইন, ব্রমাইড্ লবণ, ক্লোরালাদি ঔষধ, বিশেষতঃ মর্ফাইনের কথন ব্যবহার করিবে না। ঐ সকল আশস্কাজনক ঔষধ অপেক্ষা হাইড্রমেট অবহারসিন ১৯৯ গ্রেণ মাত্রায় প্রত্যেক চারি অথবা ছয় ঘণ্টা পরপর ব্যবহার নিরাপদ এবং বিলক্ষণ স্ক্লপ্রদ। উত্তেজকের প্রয়োজন হইলে, এরমেটিক প্রিটি অব এমোনিয়া বিশ অথবা ত্রিশ বিন্দু, জলের অথবা এক পেয়ালা ঘন ব্র্যাক কাফ্রির সহিত, ব্যবহার ব্যবহার্যা। গেলা অসম্ভব হইলে ষ্ট্রিক্নিয়ার ত্বগধ্বঃ-পিচকারি ব্যবহার্যা।

রোগীর বল-রক্ষার্থ বিশেষ চেষ্টার আবশুক। আমরা যথাসম্ভব-পরিমাণে ছণ্ণের উপর নির্ভর করিয়া উৎকৃষ্ট ফল পাইয়াছি। যাহা হউক, সহজ্পাচ্য পুষ্টিকর খাত্য যে কোন আকারে এবং উপযুক্ত পরিমাণে দেওয়া উচিত। মভাপানের কুফলস্বরূপ যন্ত্রগত রোগাদির চিকিৎসা যথাস্থানে লিখিত হইয়াছে ও হইবে।

চিকিৎসা দারা স্থরা-পানের অভ্যাস রহিত করণার্থ রোগীকে সংযতা-বস্থায় রক্ষা করার প্রায়োজন, অসম্ভব হইলে চিকিৎসা কঠিনসাধা। চিকিৎসক ইচ্ছা করিলে ও উপযুক্ত বোধ করিলে লাক্ত্র ভ এবং ভাষ্ক্রনাল্ল ব্যবস্থা করিতে পারেন।

### লেক্চার ২৪০ (LECTURE CCXL.)

### মর্ফিয়াবিষাক্ততা বা মর্ফিনিজ্ম।

(MORPHINISM.)

প্রতিনাম !— . অহিফেনমাদকতা বা ওপিয়াম ইনিবাইটি (Opium inebriety); অহিফেন-মৌতাত বা মর্ফাইন হেবিট (Morphine habit); অহিফেনোঝাদ বা মর্ফিয়মেনিয়া (Morphiomania)।

পরিভাষা।—পুরাতন মাদকতাবিশেষ; নিত্যাভ্যাসগত এবং অতিরিক্ত অমিশ্র অহিফেন অথবা গুলি, চণ্ডু প্রভৃতি সেবনরূপ, অথবা মর্ফাইনের সেবন দ্বারা ইহা উৎপন্ন হয়।

আময়িক বিধান-বিকার-তত্ত্ব।—ইহাতে কোন বিশেষ প্রকারের আমন্নিক-বিধান-পরিবর্ত্তন দৃষ্ট হয় না। বাহা কিছু দৃষ্টিগোচর হয় তাহা পোষণ-বিকার-ঘটত—উপাদানের পোষণাভাব এবং ঘনীভূতাসহ স্থলতা সংস্কৃষ্ট (Sclerotic) এবং সংস্কৃতিক (Cirrhotic) পরিবর্ত্তন—এবং স্বরা-সার- সংঘটিত অপরুষ্ঠতার সহিত তুলনায় বিপরীত প্রকৃতি বিশিষ্ট।

কারণ-তত্ত্ব।——আমাদিগের দেশ অহিফেনের জন্মস্থান, তথাপি ইহার মাদকতার আশু এবং সোৎসাহ প্রফুল্লতার অভাব এবং সহচরবর্গ সহ আনন্দোৎসবের অন্পুরক্ততা প্রযুক্ত নিরবচ্ছির আনন্দোৎসবে সাধারণতঃ ইহার সেবনারম্ভ হয় না—গুলিথোরদিগকে অনেক সময়ে দলবদ্ধ হইরা আডার গুলি টানিতে দেখা বাইলেও তাহার কারণ জনসঙ্গলিপ্দা নহে, গুলি প্রস্তুতের কঠিন প্রক্রিয়াই তাহার কারণ, চণ্ডু সম্বন্ধেও তাহাই। সে বাহাই হউক, স্থূল-অহিফেন-সেবীদিগের মধ্যে অতি স্বন্ধসংখ্যক

দকলেই, মাদকতা এবং আমোদেচ্ছায় প্রথমে অহিফেন-দেবনারম্ভ অধুনা উচ্চশ্রেণি এবং শিক্ষিতদিগের মধ্যে মর্ফিয়ার প্রচলন বিলক্ষণ বিস্তারলাভ করিরাছে বলিয়াই অমুমিত হয়। তাহারও প্রথমারম্ভের অজুহাত রোগষন্ত্রণা এবং অনিদ্রার নিবারণ। যাহাই হউক, স্থুল অহিফেন এবং মর্ফিয়া সম্বন্ধে ইহা বলা যাইতে পারে যে অধিকাংশ স্থলেই বেদনা এবং নিদ্রাহীনতার প্রশমনার্থ প্রথমে ইহাদিগের সেবনারম্ভ হয়: অনেকে মত্য-ত্যাগ অথবা তাহার ভাণ করিয়া—যেহেতু পরে অনেক স্থলেই উভয়েরই আবশ্রকতা জন্মে—অহিফেন আরম্ভ করেন। যুরোপথগুদি সভ্যদেশে কচিৎ স্থল অহিফেনের ব্যবহার হয়, তদেশে মর্ফিয়াই আধিপত্য স্থাপন করিয়াছে। তৎসম্বন্ধে তদ্দেশীয় চিকিৎসকগণ প্রদত্ত বিবরণ—ডাঃ কাউ-পারপোয়েট বলেন, "যদিও তুলনায় অল্প সংখ্যক লোকই ইন্দ্রিয়-দেবা-পরতন্ত্র হইয়া অহিফেনের বশীভূত হয়েন, কিন্তু অধিকাংশ স্থলেই বেদনার উপশমন এবং নিদ্রানয়নে অহিফেন ব্যবহারের মূল দেখিতে পাওয়া যায়।" ডা: এণ্ডার্স বলেন, "অসাবধানতার সহিত মর্ফাইনের ব্যবস্থা এবং সামান্ত কারণেই তাহার ত্রগধঃ-প্রয়োগ দ্বারা নানাবিধ বেদনার চিকিৎসা করিয়া চিকিৎসকগণ স্বল্ল হলে মর্ফিয়া অভ্যাসের কারণ হয়েন না।" স্নায়-বিক বা বাতিকগ্রস্ত ব্যক্তি, বিশেষতঃ স্ত্রীলোক, অধিকতর স্থলে অহিফেন অথবা মর্ফিয়া কুহকিনীর বশতাপন্ন (পূর্ব্বক্ষে বিরল) হয়েন, চিকিৎসকগণ এবং বিক্রেতাদিগের মধ্যে কেহ কেহ ইহাদিগের প্রলোভন হইতে আত্মরক্ষা করিতে পারেন না। ইহার কারণ সহজেই উপলব্ধি হয়। পুরুষাপেক্ষা স্ত্রীলোকগণ অধিকতর সময়ে সাময়িকরূপে বেদনাক্রান্ত (রজঃকুছ, সায়-শূল ইত্যাদি) ইরেন, এবং অহিফেন অবিলম্বে নিশ্চত উপশম দেয় বলিয়া তাহার সেবায় বত হইয়া ক্রমে মৌতাতি অহিফেনসেবী হইয়া পড়েন। চিকিৎসকগণেরও সাধারণের ন্যায় বেদনা, অপিচ কার্য্যাধি-

ক্যের ক্লাস্তি, ছশ্চিন্তা, কার্য্যাহুরোধে অসময়ে স্নানাহার জক্ত কন্ত এবং নিদ্রার অভাব প্রভৃতি হওয়ায় উপশম জন্ম (বিশেষতঃ শাস্তির উপায় স্বহস্তে থাকায়) তাঁহারাও সহজে ইহার কুহকে পড়িয়া যান। নিদ্রাহীনতা অতীব ক্লেশ-জনক পীড়া। ধনবান ও নির্দ্ধন, শিক্ষিত এবং অশিক্ষিত সকলেই প্রথমে, স্বস্থ হইলে শীঘ্রই পরিত্যাগ করিবেন মনে করিয়া, আকাজিত নিদ্রানয়নে ইহার নিশ্চিত ক্ষমতার আশ্রয় গ্রহণ করেন। একবার ব্যবহার করিয়া নিদ্রার স্থথাস্বাদন করিলেই অনিদ্রার পুনরাবর্ত্তনের ক্লেশসহনের সাহস এবং ক্ষমতার অভাব হইয়া যায়, তাঁহারা বন্ধমূল অহিফেনসেবী হইয়া পড়েন। অহিফেনদেবনে প্রথমে সহজ ইচ্ছামাত্র থাকে, পরে তাহা অপরিহার্য্য আবশ্রকতামধ্যে যায় এবং তাহার পরিতৃপ্তি সাধনার্থ কেবল পৌনঃপুনিক এবং ক্রমবর্দ্ধনশীল মাত্রায় সেবিত হইয়া দৈনিক মাত্রা ন্যানাধিক প্রভূত পরিমাণ হয়, শরীরও ক্রমে ক্রমে অভ্যন্ত হওয়ায় ইহার তৎসাময়িক মাত্রা সহনের ক্ষমতা প্রাপ্ত হয় এবং বিষক্রিয়া হয় না ; অম্মদ্দেশীয় বুদ্ধদিগের মধ্যে অনেকেই স্বাভাবিক ক্ষয় এবং কুদ্র কুদ্র অস্বাস্থ্য নিবারণার্থ অহিফেন সেবন করিয়া ন্যুনাধিক সিদ্ধকাম হইলেও, ইহার বিষক্রিয়া হইতে সম্পূর্ণ অব্যাহতি পান না।

লক্ষণ-তত্ত্ব।—প্রথমে এবং যে পর্যান্ত অহিফেন সেবনের অবিশ্রান্ত-বর্দ্ধমান তৃষ্ণার পরিতোষার্থ অপেক্ষাক্ষত বৃহৎ মাত্রা—ব্যক্তিবিশেষে যাহার তারতমা হয়—প্রয়োজন না হয়, বিশেষ কোন লক্ষণ প্রকাশিত হয় না। সেবিত অহিফেন-মাত্রার ক্রিয়ার অবসানে রোগী প্রথমে আলস্ত, মানসিক অবসাদ এবং সাধারণতঃ তাহার সহিত কিঞ্চিৎ আমাশগ্নিক বিকার অন্তত্ত্ব করিলে উপশমনার্থ আর একমাত্রা অহিফেন সেবনে প্রবৃত্তি জন্মে। ক্রমে ক্রমে অহিফেন-রোগজীর্ণতা উপস্থিত হয়—শীর্ণতা, অবস্থাবিশেষে মেদাধিক্য (ভৈষজ্য বিজ্ঞান ৩য় থঃ, অহিফেন প্রস্তাব দেখ), রক্তবীনতা, একরূপ মলিন, ঈষদ্ধ সর বর্ণ, একপ্রকার অকালবৃদ্ধত্ব ব্যঞ্জক

আকৃতি ইত্যাদি। ক্রমবর্দ্ধিফু দৌর্বল্য এবং আলস্ত, আমাশয়িক বিকার' অক্ষুধা, অস্থিরতা, আসন্নবিপদাশকা, অনিদ্রা এবং কম্পন উপস্থিত হয়। রোগী অধ্যবসায়হীন হয়, ইচ্ছাশক্তি থাকে না, আত্মসংযমহীন হয় এবং শীঘ্র অথবা কিয়ৎকাল বিলম্বে ভ্রাস্তনীতি-জ্ঞানের (moral obliquity) অবস্থায় উপনীত হয়; সত্যের অপলাপ এই অবস্থার একটি স্থুম্পাষ্ট ঘটনা। শারীরিক কণ্ডুয়ন একটি সাধারণ লক্ষণ, এবং নানাবিধ স্নায়ু-শূল, বিশেষতঃ আমাশয়-শূল ( মর্ফিয়া), অনেক সময়েই উপস্থিত হয়। নান্যধিক স্থলে উদরামম্বও যোগদান করে। ইহার পরেও অভ্যাস ত্যাগ না করিলে, কম্পন এবং অন্তান্ত সায়বিক লক্ষণ প্রাধান্ত লাভ করে, এমন কি পক্ষাঘাত অথবা, বিরল্ভর স্থলে, ইঞামুদারিণী-গতি-বৈষম্য বা এটাক্ষ্সি (ataxia) আসিয়া পড়ে। স্ত্রীলোকদিগের মধ্যে স্পষ্টতর গুল্ম-বায়ু-লক্ষণ প্রকাশিত হয়, পক্ষান্তরে পুরুষদিগের স্নায়বিকদে বিল্য বা নিয়ুরেস্থিনিয়া ( Neurasthenia ) জন্ম। ●সময়ের গতির সঙ্গে সঙ্গে দৌর্বল্য স্থম্পষ্ট হইয়া উঠে এবং বল ক্ষন্ত নিবন্ধন রোগীর মৃত্যু ঘটিতে পারে, অথবা যাহাতে রোগীর বিশেষ প্রবণতা আছে এরূপ কোন রোগ এরূপস্থলে মৃত্যু আনম্বন করে। নিয়মিত ফল এই যে, সঙ্গমে অশক্ততা অথবা ধ্বজভঙ্গ এবং স্ত্রীলোকগণের সাধারণতঃ রজোলোপ এবং গর্ভস্রাব সংঘটিত হয়।

রোগ-নির্বাচন।—রোগীর আত্মবিবরণ হইতে সহজেই রোগের পরিচয় পা ওয়া যায়, লক্ষণাদি, স্থরা-বিষাক্ততার লক্ষণের সহিত তুলনায়, স্পষ্ট বৈষম্য প্রদর্শন করে।

ভাবিফল।—অহিফেনসেবী প্রবল ইচ্ছাশক্তির প্রয়োগে, অথবা কোন শুরুতর রোগ কালে বাঁধা হইয়া অহিফেন ত্যাগ করিতে পারেন। এরূপ ত্যাগ আমরা দেথিয়াছি এবং তৎপক্ষে সাহায়া ারিয়াছি। ফলতঃ অধিকাংশ স্থলে এরূপ ত্যাগ স্থায়ী হয় না। অহিফেনসেবীমাত্রই শাস্তিপ্রয়াসী এবং নির্বিরোধী, ফলতঃ ঘটনাধীনে মাত্রার আধিক্য হইলেও মন্তপায়ীর স্তায় তিনি জনসাধারণের বিরক্তি, অশান্তি এবং ক্ষতির কারণ হন না, পরস্ক নিদ্রাগত হইয়া পড়েন; এজন্ত তাঁহাকে আবদ্ধ রাথিবার প্রয়োজনাভাব। এবম্বিধ কারণে আমাদিগের দেশে অহিফেনসেবীর চিকিৎসা অথবা তাঁহাকে অবরোধে রক্ষা করিবার জন্ত সাধারণ কোন চিকিৎসালয়াদি নাই। তথাপি এরূপ কোন স্থান ব্যতীত কার্য্যাধন স্থদ্বপরাহত। কার্য্যতঃ অহিফেনাদির সেবন জন্ত রোগগ্রন্ত ব্যক্তির রোগারোগ্যদ্বারা জীবন প্রশাহত করিবার উপায়ান্তর দৃষ্টিগোচর হয় না।

চিকিৎসা-তত্ত্ব।—অহিফেনসেবনজাত কোন রোগ অথবা উপদর্গের চিকিৎসা এই গ্রন্থের মূলরোগ-চিকিৎসাস্থলে প্রাপ্তব্য। ফলতঃ অহিফেনসেবনের সাক্ষাৎ-ফল-স্বরূপ স্নান্ত্রবিক দৌর্বল্যাদি এবং তজ্জ্ব্য বিশেষ ব্যবস্থার প্রতি লক্ষ্য রাথিয়া সাধারণ রোগচিকিৎসার নিয়মেই ইহাদিগের চিকিৎসা করিতে হইবে। এই চিকিৎসাকালে অহিফেনসেবনসম্বন্ধীয় ব্যবস্থাদি মৎকৃত ভৈষজ্য-বিজ্ঞান তৃতীয় থণ্ডের প্রপ্রিয়ম প্রস্তাবে জেইবা।

অহিফেনসেবন রহিত করায় যে সকল উপসর্গ উপস্থিত হয় উপযুক্ত ওয়ধের প্রয়োগ দারা তাহাদিগের চিকিৎসা কর্ত্তব্যঃ—

নিদ্রোহীনতা।—হারসায়ামাস; অদননীয় স্থলে, হাইড্রব্রেট অব হারসিনের ত্বগধ্ব-পিচকারি। অনেক সময়ে সাল্ফনেল দ্বারা কার্য্য পাওয়া যার। ক্লোরাল সহক্যানাবিস ইণ্ডিকাও প্রশংসিত।

উদরাময় জন্য।—দিক্ষনার অরিষ্ট দাধারণ ব্যবস্থা।

আবশ্যকানুযায়ী অন্যান্য ঔষধ।—এনাকারডিয়াম্, বেলা-ডনা, কফিয়া, নাক্স ভমিকা এবং জিল্পাম্, বিশেষতঃ জিল্প ভেলেরিয়েনেট। আনুষঙ্গিক চিকিৎসা।—নিঃসঙ্গভাবে রোগীকে রক্ষ। করাই ইহার চিকিৎসার মূল উপায় বলিয়া পরিগণিত; রোগীকে তদবস্থায় স্থিরভাবে রাখিবে এবং তাহার মন যাহাতে বিষয়াস্তরে যায় এবং রোগী অস্তমনক্ষ থাকে তাহার চেষ্টা করিবে। নিয়মিত আহারের ব্যবস্থাসহ দ্রুত অপিচ ধীরতার সহিত অহিফেন ত্যাগ করাইবে। অহিফেন ছাড়াইতে অস্ত নেসার সাহায্য গ্রহণ করিবে না। আমাদিগের বিবেচনায় ত্রগ্নই উপযুক্ত পথ্য, তাহার সহিত পক্ষ ফলাদি ব্যবস্থ্যেয়। উপযুক্ত স্থলে অন্নাদি পথ্য দেওয়া যাইতে পারে।

### লেক্চার ২৪১ (LECTURE CCXLI.)

#### কোকেন বিষাক্তত। বা কোকেনিজম।

(COCAINISM.)

প্রতিনাম |—কোকেন থোরত্ব বা কোকেন হেবিট (Cocain habit)

পরিভাষা।—অত্যধিক এবং নিত্যাভ্যস্ত কোকেনের সেবন নিবন্ধন পুরাতন মাদকতা।

কারণ-তত্ত্ব।—কোকেন-মাদকতা একটি নবাগত দৈনন্দিন
অভ্যাদ। কতিপয় বৎসব পূর্বে এই মাদকের অন্তিত্ব বিষয়েই এদেশস্থ
জনগণের কোন ধারণা ছিলনা। ছর্ভাগ্য বলিতে হইবে যে অধুনা ইহার
এতই প্রাছর্ভাব ঘটিয়াছে যে ইহার আইনবিরুদ্ধ আমদানি এবং খুচরা বিক্রয়
নিবারণ জন্ম গভর্ণমেন্টকেও ব্যতিব্যস্ত হইতে হইয়াছে। আমাদিগের
বিশ্বাস ইহা স্বল্লমূল্য এবং সহজ অথবা গোপন প্রাপ্য বলিয়াই এই
অল্পসময়মধ্যে ইহা এতাদৃশ সমাদর লাভ করিয়াছে। আমরা জ্ঞাত
আছি বিদ্যালয়ের ছাত্রদিগের মধ্যেও ইহা নাুনাধিক প্রবেশলাভ
করিয়াছে। ইহার কোনরূপ উগ্রছাণহীনভাই যে তাহার মুখ্য কারণ
ইহা আমাদিগের বিশ্বাস। যাহাই হউক, ইহার দৈনন্দিন আভ্যাসগত
মাদকতার পরিণাম যে স্বরা এবং মফিয়ার মাদকতার ফলাপেক্ষা অধিকতর
বিপজ্জনক এবং ভয়াবহ তাহাতে সেন্দেহ করা যায় না। দক্ষিণ
আমেরিকা কোকেন বুক্ষের জন্মস্থান, তদ্দেশবাসীগণ পুরাকাল হইতেই
ইহার পত্রচর্বণ করিয়া আসিতেছেন, কিস্তু তিন্নবন্ধন তাঁহাদিগের উল্লেখযোগ্য
কোন ক্ষতিজনক ফল হয় না। কিস্তু যথন হইতে ইহার ক্রিয়া-বীজ

(Alkaloid) কোকেন স্পর্শজ্ঞান-লোপক (anesthetic) ক্ষমতার জন্ম সাধারণ স্থানিক ব্যবহারে আসিয়াছে এবং গলমধ্য ও নাসিকার প্রদাহে ইহার বিস্তৃত প্রচলন হইয়াছে এবং সর্দ্দির প্যাটেণ্ট ঔষধে প্রবেশলাভ করিয়া প্রচ্ছন্নভাবে থাকিয়া ইহা সংবাদপত্তে স্পবিস্তীর্ণরূপে বিজ্ঞাপিত হইয়াছে, তথন হইতেই ইহার অপব্যবহারের আরম্ভ হইয়া ক্রমেই তাহা বিস্তৃতি লাভ করিতেছে। ফলত: ইহার ব্যবহার এ যাবংকাল এতই প্রচ্ছন্নভাবে চলিয়া আসিতেছে যে এতদ্বেশীয় চিকিৎসকগণের, ইহার দৈনন্দিন অভ্যাস-গত ব্যবহারে যে ভয়াবহ অবস্থার উৎপত্তি হয়, তদ্বিষয়ের সমাক উপলব্ধি এবং বহুদর্শিতার অভাবদৃষ্ট হয়; অতএব ইহার লক্ষণ এবং ক্রিয়াদি সম্বন্ধে বিদেশীয় গ্রন্থের অবলম্বন ব্যতীত উপায়ান্তর নাই। উত্তেজিত অথবা প্রদাহিত শ্লৈষ্মিক ঝিলির উপরি কোকেনের ক্রিয়া এতই ক্রত শান্তিপ্রদ এবং লোভনীয় যে কোন রোগী একবার ইহার ব্যবহার করিলে, সহজেই পুঃন পুঃন সাহাষ্য গ্রহণ করে, এবং অল্পদিনের মধ্যেই এরূপ একটি অবস্থা ঘটে যে ইহার ব্যবহার ব্যতীত তাহার উপায়ান্তর থাকে না। অধিকাংশ স্থলেই এই প্রকারে ইহার দৈনন্দিন অভ্যাস উৎপন্ন হয়। মফিয়া সেবনের অভ্যাসের আরোগ্য জন্ম কোকেন স্থলাভিষিক্ত করার পদ্ধতি. কারণ মধ্যে গুরুতার দিতীয় স্থানের অধিকায়ী। ফলতঃ প্রথমে যেরূপ মনে করা যায়, প্রকৃত পক্ষে অহিফেন মৌতাতের অপসারণ পক্ষে ইহা অতি উৎকৃষ্ট পদ্ধতি সন্দেহ নাই, কিন্তু শেষ ফল যেরূপ অধিকতর অমঙ্গলজনক তাহাতে রোগীর পুকাভ্যাস লইয়া থাকাই অপেক্ষাকৃত মঙ্গল জনক বলিয়া বোধ করা যায়। তুলনায় চিকিৎসকদিগের মধ্যেই এই অভ্যাস অধিকতর (ভরসা করা যায় এদেশে তদ্ধপ নহে)। কোন কোন চিকিৎসক মস্তিক্ষের উত্তেজকরূপে ব্যবহার করিয়া ইহার অভ্যাস প্রাপ্ত হয়েন; কেহ কেহ বা---বিশেষজ্ঞ চিকিসক (Specialist) - রোগীর চিকিৎসায় লিপ্ত থাকা কালে ইহার ক্রিয়াপরীক্ষার্থ আপনার শ্লৈখ্রিক ঝিল্লিতে বারম্বার প্রয়োগ

দারা অভ্যাসের বশবর্তী হয়েন। ডাঃ টাইসন গলা এবং নাসিকা-চিকিৎসালয়ে নিযুক্ত পরপর তিনজন প্রধান চিকিৎসককে এইরূপে অভ্যস্ত হইতে দেখিয়াছেন।

লক্ষণ-তত্ত্ব |---প্রথম ক্রিয়ায় উত্তেজনা জন্মে, পরে ইহা মাদক বা নিদ্রাকর ক্রিয়া প্রকাশ করে। স্নায়ু-কেন্দ্রোপরি ক্রিয়ায় ইহা কেফিন সদৃশ, এবং শ্বাসযন্ত্র এবং শোণিত-সঞ্চালক যন্ত্রোপরি ইহা এটুপিন সদৃশ ক্রিয়াপ্রকাশ করে। প্রথম লক্ষণাদি সুরাসারের প্রাথমিক লক্ষণ সদৃশ। হৃৎপিণ্ড ক্রিয়া ক্রত হইতে থাকে, সামান্ত শ্রমে নাড়ী হর্বলতা প্রকাশ করে; খাদ-প্রখাদের দংখ্যা বাড়িয়া যায়, এবং পরিশ্রম করিলে তৎক্ষণাৎ শ্বাস-ক্লচ্ছের উত্তেজনা হয়, চক্ষু ঔজ্জলা প্রকাশ করে এবং কণীনিকা প্রসারিত হয়; অত্যন্ত বাচালতা জন্মে; স্থরা-সারের ফায় দৃষ্টি এবং জ্ঞানের ভ্রান্তি উপস্থিত হয়; শরীরের ত্বক শুষ্ক এবং কর্কশ থাকে, অঙ্গ-প্রত্যঙ্গাদি শীতল চটচটে ঘর্মাবৃত হয়; এবং ক্ষুধার অনেক হ্রাস হইয়া যায়; রোগীর শীর্ণতা জন্মে; এবং অত্যন্ত অস্থিরতা ও অনিদ্রা উপস্থিত হয়। নৈতিক এবং মানসিক শক্তির ক্রমশঃ ধ্বংসপ্রাপ্তি ঘটে। রোগী প্রত্যেক ব্যক্তি मयरक्षरे मिनक्ष हिछ रुप्त, अमन कि ठारात निरक्षत পরিবারবর্গ এবং বন্ধ-বান্ধৰ সম্বন্ধেও তাহার চক্ষুর চাহনি সন্দেহ ব্যঞ্জক এবং প্রেত অধিকৃতবৎ ভাব প্রকাশক। অনেক সময়ে কর্ণনাদ উপস্থিত হয়। জ্ঞানের আংশিক অভাবের সহিত মৃত্র মূগীবৎ আক্ষেপ দেখা দিতে পারে। কখন কখন এক এক গুচ্ছ পেশীর স্বতম্বভাবে আক্ষেপ হইতে দেখা যায়। চক্ষু মিটি মিটি অসাধারণ নহে। স্পর্শ সংস্থ অমুভূতির ভ্রান্তি কোকেন মাদকতার বিশেষ প্রকৃতি গত ধর্ম বলিয়া কথিত। রোগী কল্পনায় ত্বাধঃ দেশে কোন কীট অথবা আগম্ভক বস্তুর অনুভূতি করে এবং অধ্যবসায়ের সহিত তাহা বিদুরিত করিবার চেষ্টা করে। শোণিত-সঞ্চলন ক্রমে ক্রমে ক্ষীণতর হুইতে পারে, এবং রোগী বলক্ষয় অথবা হুৎপিণ্ডের অবসাদবশতঃ মৃত্যু-

গ্রাদে পতিত হয়। অথবা, তৎ-পরিবর্ত্তে, অনেক সময়েই মন্তিক্ষ-দৌর্ব্বল্যলক্ষণ স্পষ্টতর হয় এবং উন্মান গ্রন্ত হইলে রোগীকে আবদ্ধ য়াথিবার আবশুতা
জন্মে। রোগীর সম্পূর্ণ অবস্থা বৃদ্ধি এবং নৈতিক জ্ঞানের অপচয়ের
একটি ভয়াবহ প্রতিরূপ উপস্থিত করে, রোগী স্করা-সার ঘটিত মানকতার
দূরবস্থা অতিক্রম করিয়া অতি গভীরতর পরিমাণের হীনাবস্থায় নিমজ্জিত
হয়।

ভাবীফল।—ইহা পোভাগ্যের বিষয় যে এই মাদক পরিত্যাগ করাইতে পারিলে এবং যথোপযোগী চিকিৎসা অবলম্বিত হইলে স্থভফলের আশা করা যায়। মর্ফিয়া অথবা আহফেনের মৌতাতের স্থায় ইহার পুনরাবর্ত্তন তাদৃশ সাধারণ নহে, এবং সময় থাকিতে যত্ন করিলে ইহার কুফলের সহজে অপনয়ন করা যায়। রোগে মর্ফিয়া এবং স্বাসার বিষাক্ততার উপসর্গ থাকিলে অস্কৃত পরিগ্রুতির আশংকা করা যায়।

চিকিৎসা-তত্ত্ব।—কোকেন বিষাক্ততার কোন সাক্ষাৎ প্রতিষেধক ঔষধের বিষয় আমরা জ্ঞাত নহি, ইহার চিকিৎসা সম্পূর্ণরূপেই লক্ষণ সাদৃশ্য মূলক।

আক্ষিক চিকিৎসা।—রোগীকে অনেক দিন পার্যান্ত কঠোর তত্তাবধানে রক্ষার আবশুক, কিন্তু কোন সাধারণ চিকিৎসালয়ে ব্যতীত ইহা স্থসম্পন্ন হওয়া কঠিন সাধা। অতি দৃঢ়তার সহিত তৎক্ষণাৎ এবং সম্পূর্ণরূপে কোকেনের ত্যাগ করাইতে হইবে। এরূপ করায় সাধারণতঃ কোনপ্রকার অনিষ্টের সন্তাবনা দেখা যায় না। সহজ্ব পাচ্য এবং পৃষ্টিকর খাত্তের ব্যবস্থা করিবে। মাদকের পরিত্যাগ নিবন্ধন অবসাদের নিবারণার্থ কাফি, স্থা-সার এবং এরমেটিক স্পিরিট অব এমনিয়াদি উত্তেজকের ব্যবহার করা যাইতে পারে। ছৎপিত্তের অবসাদাশংকায় ব্রিক্রিয়া এবং ডিজিটেশিসের আবশুক হইতে পারে।

### ত্ৰবোতিংশ পৰিচ্ছেদ।

পচনোৎপন্ন জ্বান্তব বিষ-বিষাক্ততা বা পয়জনিং বাই ডিকম্পোজ্ড এনিমাল ম্যাটার। (POISONING BY DECOMPOSED ANIMAL MATTER.)

লেক্চার ২৪২ (LECTURE CCXLII.)

অনুদণ্ডক বীজাণু-পচিত জৈব্যবক্ষারজান বিষাক্ততা

वा' होर्ग्यन शयक्रिनः।

(PTOMAINE POISONING.)

বিবরণ।—অনুদণ্ডক বীজাণু বা ব্যা ক্টিরিয়ার ক্রিয়া দারা খেতলালার পচনোৎপন্ন অনেকগুলি পদার্থ টোমেন ( Ptomaine ) বা জৈব
যবন্ধার জানময় বিষ নামে অভিহিত। তাহাদিগের প্রকৃতিতে তাহারা
পরস্পার অনেক ভিন্নতা প্রকাশ করে, কোন কোনটি অত্যন্ত বিষাক্ত,
পক্ষান্তরে অনেক গুলিই সম্পূর্ণ বিষগুণ হীন। পূর্ব্বগুলি টক্সিন বা বিষ
বলিয়া ক্থিত হইয়াছে, যদিও সাধারণতঃ "টোমেন" নাম ব্যবহৃত হইয়া
থাকে। মৃত জান্তবোপাদান অথবা আব অথবা জান্তব পদার্থোৎপাদিত
বস্তর পচনশীল পরিবর্ত্তন হইতেই কেবল তাহারা জন্মে। তাহাদিগের
উপস্থিতি এবং ক্রিয়াফলের পচ্যমান জৈব পদার্থে জাত উদ্ভিজ্জাণুবীজ,
যাহা কথন কথন থাতা বস্ত হৃষিত করিয়া বিষলক্ষণ উৎপন্ন করে, তাহার
সহিত ভ্রান্তি না হয় ভজ্জা বিশেষ চেষ্টার আবশ্রক। যাহাই হউক,

এই পচ্যমান জান্তব পদার্থোৎপন্ন অমুদণ্ডক উদ্ভিজ্জাণু বা ভাপ্রফাইটিক ব্যাফিরিয়া যে এরপে সংক্রমিত খাষ্ঠ সহ শরীরাভ্যস্তরে গৃহীত হইয়া কোন কোন অবস্থায় পরান্ধভোজীরূপে শরীরে, বিশেষতঃ মৃত বস্তুর উপরে আশ্রয় গ্রহণ করে এবং তাহাতে বিষোৎপন্ন করে, এরূপ সম্ভাবনা স্মরণ রাখা কর্ত্তবা। কোন কোন স্থলে রন্ধনে টমেনের ধ্বংস সাধিত হয়; অন্যাগ্ত স্থলে তজ্রপ হয় না। কোন কোন টমেন পচনপ্রক্রিয়ার এক অবস্তায় থাকে, অন্তান্ত অন্তাবস্থার: কিন্তু, এমন কি এই পরিবর্ত্তন কোন ইন্দ্রির গ্রাহ্য হইবার পূর্ব্বেই তাহারা অধিকাংশ স্থলে প্রাথমিক অবস্থায় স্পষ্টতা লাভ করে (manifest)। তাহারা উদ্ভিজ্জ-ক্রিয়া-বীজ্সহ অনেক সাদুগু প্রকাশিত করে, এবং তরিবন্ধন অনেক সময়ে টমেন বিষাক্ততা, ভ্রান্তি ক্রমে, মর্ফিয়া অথবা কোকেনাদি কোন উদ্ভিদ-ক্রিয়া-বীজে আরোপিত হয়! এরূপ পদ্ধতি আছে, যাহাতে উভয় প্রক্লার বিষের প্রভেদ রুরা যায়, কিন্তু তাহা মাস্কেরিণবিষ সম্বন্ধে প্রযোজ্য হয় না। ইহা এগারিকাস মাস্কেরিয়াদের ক্রিয়া-বীজ সহ এতই নিকট সাদৃশ্য প্রকাশ করে যে এ পর্যান্তও তাহাদিগের ভিন্নতা নিম্পাদনের কোন উপায়ের আবিষ্ণার হয় नार्छे।

সর্বাপেক্ষা সাধারণ প্রকারের টমেন বিষাক্ততা :—(১) মাংসবিষাক্ততা;
(২) হগ্ধ কর্ত্তক বিষাক্ততা এবং তহুৎপন্ন ফল; এবং (৩) মংস্থ এবং
শস্কুক ইত্যাদি দ্বারা বিষাক্ততা।

(১) মাংসবিষাক্ততা।—গো-মাংস, গো-বংস-মাংস, মেষমাংস, গৃহপালিত পক্ষী-মাংস, অজা-মাংস, মাংসের কাবাব এবং শৃকরের
লবণাক্ত শুক্ষ উরু প্রভৃতির আহাত্ত্বে মাংসবিষাক্ততা ঘটিতে পারে। কুদ্র
কুদ্র মাংস-খণ্ড এবং কুকুট-শাবকের চাট্নি প্রভৃতি নানাবিধ মাংস উপযুক্তরূপে
রক্ষা না করার দ্যিত হইলে ভোজনে সাধারণতঃ এই বিষসংক্রমণ ঘটে।
যে স্থলে টিন-বাক্সে রক্ষিত মাংস অনেক সময় পর্যান্ত খুলিয়া রাখার পর

ব্যবহৃত হয়, এরূপ টিন-বাক্সে রক্ষিত সর্ব্ধপ্রকার মাংস দ্বারাও উপরিউক্ত সংঘটন হইতে পারে।

লক্ষণ তত্ত্ব |---ডা: ম্যান লক্ষণাদি হুই শ্রেণীতে বিভক্ত করিয়া-ছেনঃ (১) যে সকল লক্ষণ প্রকৃত সংক্রমণ হইতে জন্মিয়াছে; (২) যাহারা সহজ বিষাক্ততা হইতে জন্মিয়াছে। যে রোগ শ্রেণি প্রথম প্রকারে উৎপন্ন হয়, তাহারা সংক্রামক রোগের লক্ষণ এবং গতি উপস্থিত করে, এবং অনেক সময়েই পচনশীল সন্নিপাত জ্বর-বিকার বা টাইফয়েড জ্বরের এতাদৃশ নিকট অনুরূপদুশু উপস্থিত করে যে তাহাদিগের যথার্থ প্রকৃতি বিষয়ে, এমন কি কোন সন্দেহই উপস্থিত হয় না। দ্বিতীয় শ্রেণীতে আলস্তা, স্নায়বিককম্প, অস্বস্তিবোধ, ক্ষুধাহানি, বিবমিষা, শিরোঘর্ণন, মুচ্ছার ভাব এবং ওদরিক বেদনা প্রভৃতি পূর্ব্বগামী লক্ষণ উপস্থিত হইতে অথবা না হইতেও পারে। অধিকতর সময়েই, এক হইতে আটচল্লিশ ঘণ্টার পরে লক্ষণাদি হঠাৎ এবং অতীব তীক্ষতার সহিত আরম্ভ হইলে তাহারা প্রচণ্ড আমাশয়ান্ত্রিক প্রদাহের প্রকৃতি-বিব্যিষা, বমন, প্রচণ্ড থল্লী এবং বিরেচন—প্রকাশ করে। অতি কঠিন উদর-শূল উপস্থিত হয়, এবং সাধারণতঃ তাহার সহিত শীতল বর্ম থাকে; ঘোর বর্ণের অতীব হুর্গরু বিষ্ঠার ত্যাগ। প্রভূত দৌর্বলা এবং পৈশিক ছব্বলতা থাকে, এবং অনেক সময়েই জঙ্ঘায় কঠিন থল্লীর আক্রমণ হয়। শারীরিক ভাপের বৃদ্ধি হয়, এবং নাড়ী-ম্পন্দন ক্রততর থাকে। গুরুতর রোগে তাপ স্বভাব-নিম্ম হয়, স্পষ্ট ওলাওঠাবৎ লক্ষণ জন্মে, পতন বা কল্যাপ্স লক্ষণ দেখা দেয়, এবং পরে মুকুা ঘটতে পারে। শতকরা পনের হইতে পঞ্চাশ জনের মৃত্যু হইয়া থাকে।

(২) তুগ্ধ এবং ততুৎপন্ধ-বৃস্ত-বিষাক্ততা।—ইহা বছকাল হইতে বিদিত যে হ্রণ্ণ এবং তত্ত্ৎপন্ন পদার্থাদি—পনির, কুলীবরফ, এবং নানা-বিধ সন্দেশ, ছানা ও রাবড়ি ইত্যাদি -- কথন কথন বিষগুণ প্রাপ্ত হয়, কিন্তু বে পর্যান্ত যবক্ষারজানময় জান্তব পদার্থের পচনোৎপন্ন ক্ষার-বিষ বা টমেন বিষের ক্রিয়া দ্বারা তাৎপর্য্য গ্রহ না হইয়াছিল তদবধি এই বিষের প্রকৃতির বিষয় বোধগম্য হয় নাই। ডাঃ ভ্যান এই বিষ স্বাতন্ত্রীভূত করিয়াছেন, এবং ইহাকে পনির বিষ (tyrotoxicon) বলিয়া অভিহিত করিয়াছেন। এই বিষই অধিকাংশ স্থলে উপস্থিত থাকে, কিন্তু সকল স্থলেই নহে; অন্তঃ ইহা সর্ব্বিত্র দৃষ্ট হয় নাই। সন্তবতঃ কোন কোন রোগ টমেন বিষ-সংঘটিত নহে, হইতে পারে, কোন ধাতববিষ অথবা অন্ত প্রকার বিষ আক্মিকরূপে কোন অজ্ঞাত কারণীভূত বস্ত হইতে উৎপন্ন হয়। পণির সম্বন্ধে ইহা বিশেষ সন্তাবনা, যাহাতে টিনের ক্যানেষ্ট্রা এবং হাতা, অথবা স্বস্বাহ্ন করিবার চাটনি হইতে বিষ পাওয়া যাইতে পারে। গ্রীম্মকালে শিশুগণ বোতল হইতে থাত্য গ্রহণ করে এবং তাহাদিগের অধিকাংশ আমাশ্যান্ত্রিক রোগের তাৎপর্য টমেন বিষাক্ততা দ্বারা বোধগম্য করা যায়। ইহাতে প্রবল আমাশ্যান্ত্রিক উত্তেজনার ক্রমণ উপস্থিত হয়।

(৩) মৎস এবং শাস্ত্রকাদি বিষাক্ততা।—কোন কোন শ্রেণির মংস সকল সময়েই বিষাক্ত বলিয়া অন্থমিত, কিন্তু সম্পূর্ণরূপেই সস্তব যে ইহাদিগের ভূক্তবস্ত হইতে ইহারা বিষগুণ প্রাপ্ত হয়। অনেক সময়েই পেশী হইতে বিষাক্ততা ঘটে; কিন্তু বিশেষ কোন পেশী শ্রেণি স্বভাবতঃই বিষাক্ত, অথবা কোন পেশী নিশ্চিতকোন ঘটনাধীনে বিষগুণপায়, তাহা এপর্যান্তও নিশ্চিতরূপে স্থিরীকৃত হয় নাই। অপিচ বাসিকরা ঝিকুক, অত্যন্ত ঝাল মসলা প্রস্তুত ক্যাকড়া, গল্লাচিঙ্গড়ী এবং মৎসের চাটনির আহারেও বিষাক্ততা ঘটিতে পারে। রক্ষিত হওয়ায় গ্রন্থিত অথবা ক্যানিষ্ট্রায় রক্ষিত থাছাই তধিকতর সময়ে বিষাক্ততার কারণ। লক্ষণাদি পরিবর্ত্তন শীল। কোন কোন স্থলে আমাশর্মীন্ত্রিক প্রদাহের লক্ষণ অথবা কলেরার লক্ষণ প্রাধান্তপায় এবং তাহার সহিত কিঞ্চিত সায়বিক বিশৃংথলা দেখা দেয়। অন্তান্ত স্থলে সায়বিক লক্ষণাদি স্পাইতর প্রাধান্ত পাইয়া, এমন কি

মস্তিক্ষ-মেরুমজ্জের লক্ষণাদি প্রাকাশ করে। স্নারবিক শ্রেণীর রোগে তাপ এবং কণ্ডুয়নের অনুভূতি এবং অরুণিকা (erythema) এবং আমবাতের উৎপত্তি হইলে অনেক সময়ে খাস-রুচ্ছু উপস্থিত হয়।

অক্স শ্রেণির রোগে সাধারণতঃ অতীব তীক্ষতর লক্ষণাদি হয়, রোগের গতি ক্রত হইতে পারে, এবং অবসাদ বা কল্যাপ্স হইয়া এক অথবা হুই ঘণ্টার মধ্যে মৃত্যু ঘটিতে পারে।

চিকিৎসা-তত্ত্ব।—টনেন বিষাক্ততা প্রায় সর্বস্থলেই আমাশয়াদ্বিক লক্ষণ উপস্থিত করে, তদ্বিষয় ইতিপূর্ব্বেই বর্ণিত হইপ্পাছে। এজস্ত কলেরা ইত্যাদি রোগের স্থায় লক্ষণ সাদৃশ্রাহ্মদারে ইহার চিকিৎসা করিতে হইবে। তাহাতে প্রধানতঃই আমাদিগকে আর্সেনিকের উপর নির্ভর করিতে হয়। অস্থায় ঔষধ মধ্যে ব্রাস্থ্য, নাকস্ব ভ, ভিরেটি এ, কার্ক্ব ভেজ্ক এবং কার্ক্বলিক এসিড প্রভৃতিরও অনেক সমন্ন আনশ্রক ইইতে পারে।

আকুষঙ্গিক চিকিৎসা ।—এই সকল বিধাক্ততার চিকিৎসায় প্রথমেই কৃত্রিম উপায়ে বমন ও বিরেচন দ্বারা বিধ নিঃসারণ করা সঙ্গত। কিন্তু বর্ত্তমান স্থলে বিধক্রিয়া দ্বারাই তাহা সম্পাদিত হয়। তথাপি কিয়ৎপরিমাণ ভূক্ত বস্তু অবশিষ্ট থাকা মনে করিলে স্থানান্তরিত করার চেষ্টা করিবে।

### চতুঃত্রিংশ পরিচ্ছেদ।

মেদরোগ বা ওবেসিটি এবং আতপাঘাত বা হিটষ্ট্রোক।

(OBESITY AND HEAT STROKE.)

লেক্চার ২৪৩ (LECTURE CCXLIII.)

মেদ-রোগ বা ওবেসিটি।

(OBESITY.)

প্রতিনাম।—মাংসবাছল্য বা পলিসার্সিয়া এডিপসা ( Polysarcia adiposa ); মেদস্বিতা বা লিপমেটসিস্ ইয়্নিভার্সেলিস ( Lipomatosis univarsalis ); স্থুলতা বা কর্পুলেন্স্ ( Corpulence )।

পরিভাষা।—শরীর সাধারণে অতাধিক মেদ-র্দ্ধি এতাদৃশ পরিমাণে যায় যে অস্থবিধার কারণ হইয়া ওঠে এবং শারীরিক ক্রিয়াদির ক্ষতি হইতে থাকে।

কারণ-তত্ত্ব।—পরুষামূক্রমিক্রতা ইহার প্রধান পূর্বামুবর্ত্তক ঘটনা। ইহা বিলক্ষণ বিদিত যে মেদরোগ পূরুষপরম্পরাগত সংঘটন। এই সকল স্থলে প্রথমবয়সেই বসা-জনন-প্রবণতা দৃষ্ট হয়, কিন্তু সর্বাস্থলেই নহে। কোন কোন ব্যক্তির মধ্যবয়স পর্যান্ত ইহা প্রকাশিত হয় না, পুরুষামূক্রমিক না হইলে এই বয়সেই আধকাংশ রোগ আরম্ভ হয়। দেশস্থ জল-বায়্ত্র (climate) এ রোগের পূর্বামুবর্ত্তক কারণ। উষ্ণু সিক্ত আবহাওয়ায় এবং উত্তর কেন্দ্রস্থ নাতিউষ্ণ নিয় দেশাদিতে অবস্থার অধিকতর প্রাত্তর্ভাব দৃষ্ট হয়। অধিকাংশসময়ে বসিয়া থাকার অভ্যাস এবং

তদবস্থায় ব্যবদায় কর্মাদিও মেদবৃদ্ধির সাহায্যকারী; পৈশিক নিজ্ঞিয়তাও মেদ সঞ্চয়ের অন্তন্স কারণ মধ্যে গণ্য। পুক্ষাপেক্ষা স্ত্রীলোকই বৃসার অধিকতর আশ্রয়ীভূত হয়, এবং উভয়ের জননেন্দ্রিয়-দমন উভয়েরই মেদবৃদ্ধির সাহায্য করে। ভূঁড়ির বর্ত্তমানতা ও ভূঁড়ির বৃদ্ধির কারণ। সম্ভবতঃ অত্যধিক বদার সঞ্চয় নিয়মিত পৈশিক ক্রিয়ার বাধাজনক বলিয়াই এক্রপ ঘটে।

কার্য্যতঃ দেখিলে, অমিত আহার এবং অত্যধিক পানই ইহার একমাত্র উত্তেজক কারণ, যদিও ব্যক্তি বিশেষ অল্লাহার করিয়াও বংশানুক্রমিকতা অথবা পূর্ব্ববর্ত্তক কারণ নিবন্ধন ভুঁড়িযুক্ত হইতে পারে, তথাপি তাহা সাধারণ নিয়ম বহিভুতি। ফলতঃ ভুঁড়িযুক্ত মহুযাগণ বিলক্ষণ পান-আহার, বিশেষতঃ মেদ-বুদ্ধিপ্রবণ শ্রেণিভুক্ত পানাহার পটু। দৈহিক প্রয়োজনাতিরিক্ত অঙ্গার-জলজানজাত পদার্থ বা কার্ব-হাইডেট্স্ এবং বসার আহার অনিখত পরিমাণ বসার সঞ্চয়কারী। শর্করা এবং শ্বেত-সারময় পদার্থ, অপিচ স্থরা-সারমিশ্রিত ওয়াইন-ম্ভাদি, বিশেষতঃ বিয়ার মন্ত, যব-স্থুরা এবং পোর্টওধাইন মন্ত, প্রভৃতি বস্তু (যাহা, সাধারণ্যে বিলক্ষণ বিদিত যে বসার অন্তপ্র বিষ্টতা (Infiltration) এবং ৰসাপকৃষ্টতা সংঘটিত করে), কার্ব্ব হাইড্রেট শ্রেণিভুক্ত। বিয়ার মন্ত-পায়ীদিগের মধোই অধিকাংশ ভূঁড়াল স্ত্রী-পুরুষ চক্ষুগোচর হয়। এই সকল অনুমানসিদ্ধ নিশ্চিত ধারণাস্থলেও, ডা: অশ্লার বলেন যে "অধুনা ইহা সাধারণ্যে স্বীকৃত যে কার্ব হাইড্রেট্স, যাহা এ কাল পর্য্যস্ত নিন্দিত হইয়া আসিতেছিল, বসাসঞ্চয়ে নির্দোষ, যেহেতু তাহারা স্বয়ংই জল এবং অঙ্গার-দ্বিঅমুজান-পদার্থ বা কার্বন-ডাইঅক্সাইডে পরিবর্ত্তিত হয়। সে যাহা হউক, যেহেতু তাহারা সহজে অশ্লীভূত দগ্ধীভূত বা অক্সিডাইজ্ড হইয়া থাকে এবং খাছের খেত-লালাময় পদার্থ তাদুশ সহজে দগ্দীভূত, অমীভূত বা অক্সিডাইজ্ড্ হয় না, তাদুশ সম্পূর্ণরূপ বিশ্লেষিতও হয় না,

এবং প্রক্কতপক্ষে খেতলালাময় পদার্থ হইতেই বসা-পদার্থ পৃথক হইয়া পড়ে।
অপিচ বসাও কার্বহাড়েটের স্থায় স্বয়ং মেদর্দ্ধি উৎপাদনে প্রবণতা প্রকাশ
করে না, কেন না তাদৃশ সহজেই অমীভূত বা অক্সিডাইজ্ড হয় না এবং
র্খেত-লালা-পদার্থের সম্পূর্ণ জৈব-পরিণতি-প্রক্রিয়ায়ও (metabolism)
স্বল্লতর বাধা দেয়।"

ডাঃ অইর্টেল বলেন যে অস্তাস্ত থান্তের পরিবর্ত্তন ব্যতীত কেবল তরল থান্তের পরিমাণের লাঘ্বই বসা কমাইতে যথেষ্ঠ।

লক্ষণ-তত্ত্ব।—নেদবৃদ্ধিরোগে রোগীর অনুভূত, এবং দর্শনযোগ্য যে সকল লক্ষণ উপস্থিত হয়, তাহা বিলক্ষণ বিদিত, তাহাদিগের পুংখামুপুংখ বর্ণনার প্রয়োজনাভাবই বলা যায়। সম্ভবতঃ পরিশ্রমে খাস-প্রয়াসাভাবই সর্বাপেক্ষা গুরুতর লক্ষণ, পরের অবস্থায় তাহা পরিশ্রম বাতীতই ঘটে। অভ্যন্তরীণ যম্মের উপরে বদার সঞ্চয়ই এই লক্ষণের কারণ, ইহা দারা হৃৎপিণ্ড এবং ফুসর্ফুস উভীয়েরই গতি-ক্রিয়ার অবরোধ জন্মে। এই প্রকারে অসম্পূর্ণ বায়ুর সংযোগ (aeration) ঘটে। পরে ইহা হইতে হৃৎপিণ্ড-বিরৃদ্ধি (hy pertrophy), এবং তাহারও পরে, হৃৎপিণ্ড-প্রাচীরের বদান্তর্ব্যাপ্তি (infiltration) এবং তাহার পরিণাম ফল সংঘঠিত হয়। বসান্তর্ব্যাপ্তি এবং অপকৃষ্টতার লক্ষণাদি ইতি পূর্ব্বেই অভ্যন্তরীণ যন্ত্রাদির রোগ বর্ণনায় বিবেচিত হইয়াছে।

চিকিৎসা-তত্ত্ব'।—ভূঁড়ির চিকিৎসায় হাইউলেক্কা।
অনেক প্রসংশা পাইলেও তাহা সর্ববাদী সন্মত নহে। ডাঃ কাউপার থোয়েট
ইহা দ্বারা কোন স্থায়ী উপকার দেথেন নাই। ডাঃ এঁগুার্স বলেন—"ইহা
শরীরের ভার কমাইতে পারে, কিন্তু তাহা শক্তির বিনিময়ে সাধিত হয়।"

থাইরইড-গ্রন্থির সার— ইংলবিশেষে ইহা দারা আশ্চর্যা ফল হুইয়াছে, কিন্তু অক্সান্ত স্থলে সম্পূর্ণ নিজ্ঞিয়তার পরিচয় দিয়াছে। ইংহার ব্যবহার সম্পূর্ণ নিরাপদ নহে ( মাইক্সিডিমার চিকিৎসা দ্রষ্টব্য )। মেদ-বৃদ্ধি সংশ্রবে অথবা রোগের অবস্থা বিশেষে নানাবিধ লক্ষণ উপস্থিত হইতে পারে। তাহাদিগের চিকিৎসা লক্ষণ সাদৃশ্য মূলক। নিম্নলিথিত ঔষধাদি স্থূলত্বের হ্রাস করে বলিয়া কিঞ্চিত পতিপত্তি লাভ করিয়াছে:—
এগালিকাস, এণ্টি ম.সুহড., আর্সেনিকা, ব্যালা।
কার্কা, ক্যাত্কে, কার্কা, প্রায়েষ্টাইনিসা, লাই-কপো, মার্কা, সলা, এবং সাল্ফারা। সকল ঔষধই নিম্নজনে ব্যবহার্য্য।

প্রতিষেধক চিকিৎসা।—মেদরোগের চিহ্নাদি দেখা দিলেই এই চিকিৎসার আরম্ভ করা উচিত। বসা উৎপাদক খাছ যতদূর সম্ভব বর্জ্জণীয়। খোলা বাতাসে মধ্যবিধ ব্যায়াম উপকারী। বিষয় কর্ম্ম এবং জীবনের সহিত সাক্ষাৎ সম্বন্ধযুক্ত যন্ত্রাদির প্রতি দৃষ্টি রাখিয়া প্রত্যেক ব্যক্তির খাছ এবং ব্যায়ামের ব্যবস্থা কর্ত্তব্য।

আকুষঞ্জিক চিকিৎসা।—ছই ভাগে বিভক্ত করা যারঃ—
(১) দৈহিক্কবল-প্রন্থোক্ত্ক (mechanical) চিকিৎসা
—এরপ চিকিৎসার সহিত উপযুক্ত আহার থাকা আবশুক। তাহা
হইলে ইহা দ্বারা শুভ ফলের আশা করা যায়। ইহা নিয়মিত ব্যায়ামের
উপরি নির্ভর করে। ব্যক্তি বিশেষের শক্তি ইত্যাদির উপযোগীরূপে
ব্যায়ামের প্রকৃতি এবং পরিমাণ নির্দারিত করিতে হইবে। হাল্কা পরিশ্রম,
ব্যায়াম, ভ্রমণ, পর্বতারোহণ অথবা সাইকলে ভ্রমণ ইত্যাদি বিবেচ্য বিষয়।
ব্যায়ামে যে স্থলে অত্যন্ত শ্বাস-কৃচ্ছু এবং হুৎপিগু-প্রদেশে কন্ত উপস্থিত
হয়, বিশেষতঃ যদি হৃৎপ্রসার অথবা বসাপকৃষ্টতা থাকে, ডাঃ অয়ের্টেল ক্রমপরিমাণ নির্দিষ্ট নানাবিধ পরিমাণের আনত (inclined) ভূমির উপরি
উঠা-নামার ব্যায়ামের প্রসংশা করেন। আনতির দূরত্ব এবং পরিমাণ
ক্রমে বর্দ্ধিক করিতে হইবে।

(২) পথ্য-সংস্ফ চিকিৎসা।—এ রোগের চিকিৎসায় পথ্যের

উপরেই প্রধান নির্ভর। রোগকারণের সহিত পথ্যের সম্বন্ধারুসারে গ্রন্থকর্ত্তাগণ আপন আপন মতপ্রকাশক বিবিধপ্রকার থাতের তালিকা প্রদান করিরাছেন। তাহার একটি অস্থান্থ হইতে ভিন্ন প্রকারের। ডাঃ ইবৃষ্টিন আহার্য্যের পরিমাণ কমাইতে বলেন। শর্করা, মিষ্ট বস্তু এবং আলু (Potatoes) প্রভৃতি তিনি এককালীন বর্জ্জিত করিতে বলেন, এবং তাহার মতে রুটিও (bread) যতদ্র সম্ভব কম মাত্রায় লইয়া যাইতে হইবে। সর্ব্বপ্রকার মাংস এবং শাকসবজি ভক্ষণ বিধিসঙ্গত, বিশেষ করিয়া কলাইর স্থায় বীজকাষ্যুক্ত উদ্ভিদ পদার্থ অর্থাৎ দাইলাদির সহিত চা, কাফি, এবং ক্ষীণ বার্য্য ওয়াইন মত্যাদির ব্যবহার করা যায়।

ডা: ব্যাণ্টিঙ্গের চিকিৎসায় প্রায় সর্বপ্রকার বসা-খাছ বর্জিত, কিন্তু অধিকতর পরিমাণ-খেত-লালাময় খাছ ব্যবস্থোয়, এবং জল, এবং আঙ্গুরের মছা ও স্রা-সারযুক্ত মছা নিবারিত হয় নাই। প্রকৃত পক্ষে অল্লই রোগ দেখা যায় যাহাতে উপরি উক্ত মছাদি ব্যবস্থেয় হইতে পারে। ডাঃ কাউপার থোয়েট সর্বপ্রকার স্রা-সারযুক্ত-মদিরাই নিষিদ্ধ বলিয়া বিবেচনা করেন।

ডাঃ ওয়েরটেল ব্যা**ন্টিক** অপেক্ষা অধিকতর বসা-ভোজনে সম্মতি প্রদান করেন, কিন্তু ইব্**ষ্টি**ন হইতে স্বল্পতর বসা এবং অধিকতর কার্ব হাইড্রেট্স দিয়া থাকেন, এবং তরল পদার্থের পরিমাণ অত্যস্ত কমাইয়াদেন। এই প্রকার পথ্য, এবং ওয়েরটেলের নিয়মিত ব্যায়াম-পদ্ধাতি হর্বল হুৎপিণ্ড ভূঁড়িযুক্ত রোগীর পক্ষে বিশেষ উপকারী।

ডাঃ শরেনিঞ্জারের চিকিৎসা কার্য্যতঃ ডাঃ অরের্টেলের স্থায়, কেবল প্রভেদ এই যে তিনি আহারের সঙ্গে জলবর্জ্জিত করিয়া তাহার ইই ঘণ্টাপরে জলদিয়া থাকেন। ডাঃ টাইসনের মতে, "টানা হগ্নের পথ্যই কেবল বসা কমাইবার নিশ্চিত উপায়, এবং ইহা হুই আউন্স মাত্রায় রম্ভ করিয়া হুই ঘণ্টা পরপর ছয় আউন্স পর্যান্ত বাড়াইতে হুইবে। অল্ল গীই অস্ত প্রকার পথ্যের যোগ ব্যতীত ইহা সহু করিয়া থাকিতে পারে।

# লেক্চার ২৪৪ (LECTURE CCXLIV.)

## তাপাঘাত বা হিটষ্ট্ৰোক।

(HEAT-STROKE.)

প্রতিনাম।—আতপাঘাত বা দান্টোক (Sunstroke);
তাপাবদাদ বা হিট এক্জশ্চন (Heat Exhaustion); রৌদ্র-সংস্পর্শন
বা ইন্দলেশন (Insolation); তাপ ঘটিত জ্বর বা থার্মিক ফিবার
(Thermic Fever); চুড়ান্ত আতপ-সংস্পর্শ, দদি গমি বা কুড্
দোলেই (Coup de Soleil.)।

পরিভাষা।—অত্যধিক তাপ সংস্পর্শনিবন্ধন রুগাবস্থা বিশেষ।

আময়িক বিধান-বিকার এবং কারণ-তত্ত্ব ।—রোগ ছই প্রকার, তাপাবদাদ এবং তাপাঘাত। যদিও উভয় প্রকার রোগেরই দাধারণ নাম তাপাঘাত (heat-sticke.) অথবা আতপাঘাত (Sun stroke.) বলিয়া সচরাচর কথিত, তথাপি তাপাঘাত বলাই অধিকতর নির্ভূল, কারণ উভয়ের মধ্যে যে কোন প্রকার রোগই স্থা-রশ্মী ব্যতীত স্বাধীন ভাবে সংঘটিত হইতে পারে। এই ছইপ্রকার রোগে উল্লেখিত আময়িক বিধান-বিকার-তত্ত্বের বিষয় ডাঃ এইচ্ সি, উড ঘারা বর্ণিত হইয়াছে। তিনি বলেনঃ ৺তাপা বিসাদে সহ শরীর তাপের অধাগতি শোণিত যন্ত্রচালক স্নায়ুর অবশতা (Palsy.) প্রকাশিত করে, অর্থাৎ ইহাএরূপ একটি অবস্থা যাহাতে তাপের বর্ত্তমানতায় মেডালা অব্লঙ্গেটায় কেন্দ্রের পক্ষাঘাত সাধিত হয় এবং শারীরিক তাপের উৎপত্তি অপেক্ষা ক্রতত্ত্ব অপব্যয় ঘটে।" ডাঃ উডের তাপাঘাতের আময়িক বিধান-বিকার-তত্ত্ব বিষয়ক ব্যাখ্যা-পাঠ করিলেই কেবল উপরি উক্ত ব্যাখ্যা সম্যক হলমঙ্গম হইতে পারে। তিনি

বলেনঃ "মস্তিক্ষের পনাংশে ( মস্তিক্ষাংশদন্ত মধ্যস্থ স্নায়ু-স্ত্রগুচ্ছ ), অথবা স্নায়ু-মণ্ডলের উচ্চতর অংশে একটি কেন্দ্র-স্থান আছে, জৈব তাপোৎপাদন সংঘত রাথা যাহার ক্রিয়া, এবং মেডালা অব্লক্ষেটাতে একটি কেব্রু (সম্ভবতঃ শোণিত-যন্ত্র-চালক সায়ুকেন্দ্র) বিভ্যমান থাহা তাপের ব্যন্ত নিয়মিত করে। এই কেন্দ্রদের শৃংথলা-বিকারই জরের কারণ, গতিকেই স্বাভাবিক অপেক্ষা অধিকতর তাপ জন্মে, এবং অনুপাতাপেক্ষা স্বন্নতর বহিনিক্ষিপ্ত হয়। ধরিয়া লও যে এক ব্যক্তি এক্লপ অবস্থান্বিত বায়ুর মধ্যে অবস্থিত যেসে যে তাপোৎপন্ন করিতেছে তাহা ত্যাগ করিতে পারিতেছে না। এরূপ স্থলে দৈহিক তাপ ধীরে বৃদ্ধি পাইবে, এবং তাহার সাধারণ তাপ ঘটিত জ্বর (Thermic fever) হইতে পারে। শীঘ্রই হউক অথবা বিলম্বেই হউক এই অবস্থায় তাপোৎপত্তি শাসনাধীন রাখিবার চেষ্টায় যদি সংযামক তাপ-কেন্দ্রের শক্তি-ক্ষয় ঘটে, অথবা অত্যুচ্চতা প্রাপ্ত বর্ত্তমান তাপের সাক্ষাত ক্রিয়ায় পক্ষাঘাত জন্মে, তাহাতে হঠাৎ সমগ্র উপাদানই চরম ক্রততার সহিত তাপোৎপাদন আরম্ভ করিবে, দৈহিক তাপের যেন লম্ফের সহিত অতি রুদ্ধি হইবে এবং কোন এক প্রকার চুড়াস্ত তাপ-সংস্পর্শ ঘটিয়া ( coup de so!eil ) রোগী ভূ-পতিত হইবে।

ডাঃ ভন গিয়েসন, অনেকগুলি রোগের পর্যাবেক্ষণ দ্বারা এই কিঞ্চিত অসম্ভব মতে উপনীত হইন্নাছেন যে তাপাঘাতের সাক্ষাত কারণ "এক জাতীয় আত্মকৃত মাদকতা (a species of autointoxication)", তাপ তাহার সাহায্যকারী মাত্র।

ডাঃ অসুার কর্তৃক ইহার ক্লোপাজ্যসংশ্রীন-তাজ্র বিষয়ে এই রূপ লিখিত হইয়াছে:—''মৃত্যুর পর শরীরকাঠিগু (rigor mortis) শীজ্র উপস্থিত হয়। পচনকর পরিবর্ত্তনাদি অতীব ক্রততার সহিত ঘটে। শিরার মুৎপরোনান্তি বৃদ্ধি, বিশেষতঃ বৃহৎ মন্তিষ্কে, দেখা যায়। বাম হৃদ্ধমনী-কোটর দুংকুচিত এবং দক্ষিণ কোটর প্রসারিত। শোণিত সচরাচর তরলতর; ফুসফুস

অত্যন্ত ব্যক্তাধিক্যযুক্ত। যক্কতে এবং বৃক্ককে সান্তর-বিধানের (Parenchy matous) পরিবর্ত্তন ঘটে।" ডাঃ ভন গিয়েসন তিনটি মৃত দেহে সম্পূ সায়বিক কেন্দ্র-দণ্ডের সায়র সান্তরবিধানের তরুণ অপকৃষ্টতা দৃষ্ট করিয় ছেন। অপিচ তিনি বৃহৎ এবং ক্ষ্মু মন্তিক্ষ-বহিরংশের (cortical) অপিচ মেরুমজ্জা-স্তন্তের সম্মুখ-শৃঙ্গের কোষে (cells) রঞ্জনগ্রাহী মড়ক-বীষ (Chromophilic plagues) দেখিয়াছেন। এই সকল কোষ সংখ্যা স্বন্ধীভূত, আকারে এবং অবস্থান বিষয়ে পরিবর্ত্তিত, কখন কখন শেষাবস্থা হঠাৎ চুর্ণবিচ্নিতি এবং এমন কি সম্পূর্ণ অস্তর্যন্ত হয়।

সর্বপ্রকার বহিরুভেজনা, দৈনন্দিন অভ্যাস এবং অবস্থাদি যাই অত্যাধিক শারীরিক তাপ-প্রতিরোধক ক্ষমতার থর্বতা জন্মায়. তাপাঘাতে পূর্ব্বিত্রী কাল্লনা বিদয়া পরিগণিত। ইহাদিগের মধে স্বা-বীজের দৈনন্দিন অভ্যাস সূর্ব্ব প্রধান বিদয়া গণ্য। যবোৎপা তীব্র মন্ত্রপায়ী ব্যক্তিগণই আত্পাঘাতে বিশেষ প্রবণতাযুক্ত। অতি ভোজন, ক্লান্তি, উত্তেজিত ভাব এবং অস্বাস্থ্যকর স্থানে বাস প্রভৃতিও রোগেং পূর্ববর্ত্তক কারণ হইতে পারে। পূর্ব্ব পূর্ব্ব আক্রমণ পূনরাক্রমণে প্রবণত প্রদান করে।

অত্যধিক তাপ-সংস্পর্শ তাপাঘাতের উত্তেজক কারেন।
ইহাতে ব্রিতে হইবে না যে গ্রীষ্মকালীন সূর্য্য-রশ্মির সাক্ষাত্ব সংস্পর্শের প্রয়েজন। অধিক সংখ্যক রোগই এই প্রকারে ঘটে, এব তাহারা উপযুক্ত রূপেই আতি পাহ্যাত বলিয়া কথিত হয়। গৃহাভ্যম্ভরে বিশেষতঃ সন্ধীর্ণ এবং আবদ্ধ গৃহে, বাজ্যোৎপাদক যন্ত্র (boiler room) গৃহে, কয়লাদির দাহন দ্বারা তাপোৎপাদন-গৃহে, কাঁসারি-কামার প্রভৃতির কারখানা গৃহ ইত্যাদিতে অতিশয় উচ্চ তাপ নিবন্ধন তাপাঘাত ঘটিতে পারে। তাপ সংস্পর্শ গৃহ বহির্দেশেই হউক অথবা গৃহাভ্যম্ভরেই হউক, গুরুতের রূপে সিক্ততা পূর্ণ বায়ু থাকিলে, তথ্য, সিক্ত অথবা গুমসা দিনে,

অথবা কলের নলের ছিদ্র-পথে তপ্ত জল-বাষ্পা নিক্ষেপিত গৃহে, শুষ্ক বায়ু অপেক্ষা সহজে তাপাঘাত সংঘটিত হইবে।

লক্ষণ-তত্ত্ব। — তাপাবসাদে (Heat Exhaustion)—
মৃত্ প্রকারের রোগে কেবল অত্যন্ত দৌর্বল্যের অমুভূতি এবং সামান্ত
শ্রমে মুচ্ছার ভাব উপস্থিত হয়। কঠিন রোগে ইহা বর্দ্ধিত হইয়া দৌর্বল্য
গভীরতা পায়, মৃচ্ছার ভাব স্পষ্টতর হয়, এবং মুখ পাড়ুর হইয়া ষায়;
শিরোঘূর্ণন এবং কখন কখন অন্ধত্ব এবং শীতল ঘর্ম্ম হয়। কোন কোন
স্থলে রোগী মুচ্ছা যায় এবং অচেতন হইয়া পড়িয়া থাকে, অথবা চৈতত্ত্যের
আংশিক লোপ ঘটে, এবং উত্তেজক ঔষধাদির প্রয়োগে সংজ্ঞা লাভ করে।
রোগীপরে নিদ্রাগত হইতে পারে এবং নিদ্রা ভঙ্গের পর কার্যাক্তঃ মুস্থ
প্রতীয়মান হয়, কিন্তু পুনর্বার সমপ্রকার অবস্থার সংশ্রব ঘটিলে পুনরাক্রমণে
অধিকতর প্রবণতা থাকিয়া যায়। অত্যধিক গুরুতর রোগে উত্তেজক
ঔষধে প্রতিক্রিয়া হয় না, গভীর পতন লক্ষণ বা কলাপ্স উপস্থিত হয়,
নাড়ী ক্রত এবং ক্ষীণ হয়, তাপ স্বভাবনিয়ে য়ায়, এবং অস্থিরতা ও
বিড় বিড় প্রলাপ দেখা দেয়।

- (১) তাপাঘাত (Heat-stroke)—ইহা ছই প্রকার (ক) অন্থাণনস্তম্ভ (Asphyxial) অথবা সন্ন্যাস সংস্কৃত্তি (Apoplectic); এবং (খ) অতিতাপ সংস্কৃত্তি (Hyperpyrexial)।
- ক ) অনুপ্রাণন স্তম্ভক (Asphyxial)—এই প্রকার রোগ তাপ-সন্ন্যাস (heat-apoplexy) বলিয়া কৃথিত, ইহার আক্রমণ সর্ব্বাপেক্ষা বিরল। প্রকাশ যে ইহা প্র্য্য-রন্মির সাক্ষাৎ সংস্পর্শে সৈম্ম দিগের মধ্যেই প্রধানতঃ সংঘট্টিত হয়। রোগী হঠাৎ অচেতন হইয়া পড়িতে পারে, এবং হৃৎপিশুবিসাদ এবং তামসী নিদ্রার লক্ষণ সহ এক অথবা হুই ঘণ্টার মধ্যে মৃত্যু-গ্রাসে পতিত হইতে পারে। বাহা হউক, অধিকাংশ স্থলে, ক্ষণিক, হঠাৎ পূর্ব্ব-স্কুচনা (premonitions)—শিরোঘূর্ণন,

দপদপানি মস্তক-বেদনা, অত্যন্ত পীড়িতভাব এবং কথন কথন বিবমিষা এবং বমন উপস্থিত হয়। অচৈতন্ত গভীর না হইতে পারে। মুথমগুলে রক্তোচ্ছাদ দেখা দেয়, কেরটিড-ধমান দপদপ করে, কণ্টে শ্বাস-প্রশাস চলিতে থাকে, তাহাতে নাসিকাধ্বনি হয়, তপ্ত দেহ শুক্ষ থাকে. সংকুচিত, কণীনিকা ঘন ঘন মৃত্ৰ-ত্যাগ, এবং সাধারণতঃ মৃত্র প্রলাপ উপস্থিত হয়। শারীরিক তাপ কচিত ১০২° ফারেন হাইটের উর্দ্ধে উঠে. এবং স্বভাবনিম হইতে পারে। অতি বিরল স্থলে ইহা ১০৪° হইতে ১০৬° ফারেন হাইটে উঠিয়া যায়। সচরাচর পেশীর শিথিলতা জন্মে, কিন্তু আনর্ত্তন, এমন কি, মুহুসর্ব্বাঙ্গীন আক্ষেপও হইতে পারে। দৃষ্টি-বিকারও অসাধারণ নহে, এবং রঞ্জিত দৃশুও উপস্থিত হইতে পারে। কোন কোন স্থলে উদরাময় দেখা দেয়। ডাঃ উড সম্পূর্ণ শরীর হইতে উথিত বাষ্পের একরপ "মৃষিক-ছাণের" কথা বলের। রোগ প্রকর হইলে শরীর-তাপ ক্রমে স্বাভাবিকে যায়, চৈততা পুনরাগত হয়, লক্ষণাদির হ্রাদ জন্মে, এবং, অধি-কাংশ লক্ষণই, তিন অথবা চারি দিবসে অন্তর্দ্ধান করে। সাংঘাতিক রোগে তামদী নিদ্রা গভীরতা পায়, নাড়ী অধিকতর ক্রত এবং ক্ষীণ, শ্বাস প্রশ্বাস অধিকতর দ্রুত. অনিয়মিত এবং অগভীর এবং মৃত্যু-পূর্ব্বে অহিফেন বিষাক্তারভার থামিয়া থামিয়া বিশেষ প্রকারর (cheyne-stokestype) শ্বাস-প্রশ্বাস হয়।

থ ) অতিতাপ সংস্ফ প্রকার— এই প্রকার রোগ অতীব সাধারণ। তীক্ষ উচ্চ তাপের (তাপজজ্ব) যোগ সহ ইহা অন্প্রপাণন স্বস্তুক প্রকারের রোগের সহিত সাদৃশু প্রকাশ করে; তাপ কথন কথন মৃত্যুর পূর্বে এত অধিক হয় যে ১১৫০ ফ্রারেন হাইটে উঠে, অবথা উচ্চতরেও যাইতে পারে। বে কোন সময়ে রোগী হঠাৎ তামসী নিদ্রাগ্রন্থ হইলে খাসরোধ নিবন্ধন মৃত্যুও ঘটতে পারে। কোন কোন তাপাঘাতের রোগী সম্পূর্ণ আরোগা লাভ করিতে পারে। অভাত রোগী স্থায়ীরূপে মানসিক শক্তির

নানাধিক দৌর্বল্য প্রকাশ করে, এবং কোন ধারাবাহিক মানসিক শ্রমে, বিশেষত উষ্ণ আবহাওয়া মধ্যে, অপারক হয়। উচ্চতাপ, বিশেষতঃ স্থা-রশির সংস্পর্শ, এমন কি, তাহা মধ্যবিধপ্রকারের তীব্রতাযুক্ত হইলেও, সহনের অপারকতা ইহার স্থায়ী পরিণাম। যথনই তাপ ৮০০ অথবা ৯০০ ফারেন হাইটে উঠে, এই সকল রোগী অস্বস্তি অথবা উত্তেজনা বোধ করে এবং তাহাদিগের মন্তকে এবং উর্ক্তির গ্রীবাদেশে তীক্ষ্ণ বেদনা হয়। কথন কখন মৃগীর স্থায় সর্বাঙ্গীন আক্ষেপ উপস্থিত হয় এবং পুরাতন মন্তিক্ষ-বেষ্ট্রিমিল্লিপ্রাহ্য জিয়তে পারে।

রোগ-নির্বাচন।— সাধারণতঃ সহজেই রোগ-নির্বাচিত হয়। রোগের আমুপ্রবিক বিবরণ, যে প্রকার অবস্থা মধ্যে ইহা সংঘটিত হইয়াছে তাহা, এবং তাহার সহিত বিশেষ প্রকারের লক্ষণাদির উপস্থিতি তাপাঘাতকে হরা-সার-বিষাক্ততা, মন্তিক্ষীয় সন্মাস (apoplexy), মন্তিক্ষ-বেষ্ট-ঝিল্লী-প্রদাহ এবং মৃত্র-বিষাক্ততা বা য়ুরিমিয়া হইতে প্রভেদিত করণার্থ যথেষ্ট। চিকিৎসা সৌক্যার্থ তাপাঘাত এবং তাপাবসাদ মধ্যে প্রভেদ নিরূপণ বিশেষ আবশ্রুকীয়, কিন্তু তাপজ জরের (thermic fever) উপস্থিতি অথবা অমুপস্থিতি, অপিচ ইতি পূর্বের বর্ণিত অবস্থাদি দ্বারা তাহা সহজেই সম্পাদিত হয়।

ভাবীফল।—তাপাবসাদের অধিকাংশ রোগীই সম্পূর্ণ আরোগ্য লাভ করে, কিন্তু এইমাত্র বিকার রহিয়া যায় যে পুনরাক্রমণ-প্রবণতা অধিকতর সম্ভাব্য হয়। আতপাঘাতের পরিণাম সম্পূর্ণ রূপেই আঘাতের তীক্ষতা এবং শারীরিক স্বাস্থ্যের অবস্থা এবং রোগীর দৈনন্দিন অভ্যাসের উপরি নির্ভর করিয়া থাকে। স্থরা ব্রীজমুক্ত মন্ত এবং বিয়ার-মত্ত-পায়ীদিগের রোগ অত্যন্ত অশুভ ভাবীফল প্রদান করে।

চিকিৎসা তত্ত্ব।—হোমিওপ্যাথিক চিকিৎসকের স্মরণীয় যে রোগের ছরতর পরিণাম রোগ এবং উপস্থিত বর্ত্তমান লক্ষণাদি, উভয়ের চিকিৎসাতেই হোমিওপ্যাথিক ঔষধ অতীব উৎকৃষ্ট ফলপ্রদ, তাহা নিম্নে প্রদর্শিত হইল:—

্লান্ট্র— আক্রমণের উপস্থিত অবস্থার অতি উৎকৃষ্ট ঔষধ। ইহা শোণিত-যন্ত্রের স্নায়্-কেন্দ্র এবং স্থংপিণ্ডের উত্তেজনা উপস্থিত করে, তাহাতে তাহাদিগের প্রবল রক্তাধিক্য ব্যতীত প্রদাহ এবং জ্বর হয় না। এই জন্মই ইহা তাপাঘাতের শ্বাস-রোধক প্রকারে বিশেষ উপকার করে, কিন্তু সন্ন্যাস সংস্কৃত্ত প্রকারে নহে, তাহাতে বেলাড্রনা অবথা ভিল্লেট্রাম ভি. ন্বারা কার্য্য হইতে পারে। লক্ষণ—পাণ্ডুর মুথ, স্থির চক্ষু, শুভ্রজিহ্বা, পূর্ণ গোলাকার নাড়ী, শ্রমসাধ্য শ্বাস-প্রশ্বাস, মন্তিষ্ক রোগসংস্কৃত্ত বমন এবং আমাশয়োপরিস্থ কোটর স্থানে দমিয়া বাওয়ার ভাব, এবং সর্ব্বাপেক্ষা উৎকৃত্ত প্রদর্শক —প্রত্যেক নাড়ী-ম্পন্দনের সঙ্গে সঙ্গ্বেণ মন্তকাভান্তরে স্পন্দন অথবা দপদপানি, কিন্তু বেদনা থাকেনা; অপিচ মন্তিষ্কে এক প্রকার তরক্ষায়িত অথবা উর্ম্মীবৎগতি অমুভূত হয়। কথন কথন হঠাৎ আক্রমণ হয়, রোগীর মাথা ঘ্রিয়া উঠে, সে পথ ভূলিয়া যায়, অথবা, তদপেক্ষাও অধিকতর সময়ে, ভূপতিত হয়। অপিচ শ্রমসাধ্য শ্বাস-প্রশ্বাস এবং সর্ব্বাঙ্গীন আক্ষেপ উপস্থিত হইতে পারে। অনেক সময়ে ইহা তাপা-ঘাতের পরিণাম-চিকিৎসাতেও উপকারী।

বেলাডনা—প্লানাইনের সহিত ইহার অনেক বিষয়ে সাদৃশ্য থাকিলেও মূলতঃ উভয়ের মধ্যে বিলক্ষণ প্রভেদ দৃষ্টিগোচর হয়, তাহা উভয়ের লক্ষণ-তুলনাদ্বারাই প্রকাশ পাইবে—ব্রেলাডনা মস্তিক্ষের প্রকৃত ও প্রচণ্ড রক্তাধিক্য এবং প্রচণ্ড শিরঃশূল উপস্থিত করে এবং তাহার সহিত মুথ-রক্তিমা, কেরটিডের দপদপানি এবং লক্ষ্মান নাড়ী-স্পান্দন থাকে; পক্ষান্তরে প্লান্ট নে মুথের পাণ্ডুরতা জ্বান্মে, এবং মুচ্ছার উপক্রম হয়; ইহার রক্তাধিক্য প্রকৃত অপেক্ষা দৃশ্যতঃ অধিকতর। অপিচ ক্লোডনাক্সাক্র চৈতন্তের অভাব এবং স্কালীন আক্ষেপ হইতে পারে।

ভিরেট্রাম ভিরিডি—সন্ন্যাদসংস্ট বা এপপ্লেক্টিক প্রকারের রোগ দহ স্পষ্টতর অতি তাপ থাকিলে ইহা উপকারী—তীক্ষ রক্তাধিকা, এমন কি, মন্তিক্ষ-বেষ্ট-ঝিল্লী-প্রদাহ পর্যান্ত, এবং চাপে অদমনীয় নাড়ী, বমন এবং দর্বাঙ্গীন আক্ষেপ উপস্থিত থাকিতে পারে।

জেল্সিমিয়াম—তাপাঘাতের অন্ততম প্রধান ঔষধ। অত্যস্ত হর্মলতা, কোমল নাড়ী, শিরোঘূর্ণন, দৃষ্টির আবিলতা, মস্তকে পূর্ণতা এবং গুরুত্বের অহুভূতি; অপিচ কখন কখন স্নায়বিক উত্তেজনা, হুৎকম্প, পীড়িতভাব, পৈশিক বেদনা ইত্যাদিতে উপকারী।

ফেরাম ফস—বেলাডনা এবং ভিরেট ভির প্রচণ্ডতা ব্যতীত সহজ শির-শূল এবং মস্তিদ্ধ-রক্তাধিক্যের লক্ষণে ইহা উপকারী। মৃথের, লোহিতাভা, শিরোঘূর্ণন এবং অনেক সময় বমন উপস্থিত থাকে।

নেট্রাম কার্ব্—তাপাঘাতের পরিণাম ফল শিরঃ-শূল যাহা গ্রীষ্ম-কালে পুনরাবর্ত্তন করে, এবং মানসিক দৌর্বল্য, স্বরণ শক্তির হীনতা, বিষাদ্ বায়ু, বলক্ষয় ইত্যাদিও ইহা দ্বারা আরোগ্য হয়। অপিচ স্মরনীয় যে উপরি উক্ত লক্ষণাদি, আতপাঘাত ব্যতীতও গ্রীষ্ম তাপে উপস্থিত হইলে ক্রাউ-ক্রা উপকার করে। বিহ্যজ্ঞাটিকা ঘটিত মানসিক উত্তেজ্ঞনায় এবং স্নায়বিকতার শান্তি প্রদানেও ইহা কথন কথন উপযোগী।

ি জিস্কাম ফস—তাপাঘাতের পরে তন্নিবন্ধন যে সকল পীড়াদি 
াকে তাহার পক্ষে ইহা উৎক্কষ্ট ঔষধ। উপরিউক্ত অবস্থায় সাধারণতঃ-শিরোর্ণন, অনিশ্চিত পাদ-ক্ষেপ, মনের একাগ্রতা আনয়নের কাঠিন্ত এবং 
ানসিক তেজের অবসাদ ইত্যাদি জিক্স হুচু উপশমিত করে।

একনাইটাম—অত্যধিক তাপ শোণিত-সঞ্চলনোপরি অবসাদকর মতার প্রয়োগ করিতেছে বলিয়া অনুমিত হইলে আতপাঘাতে ইহা উপার সাধন করে। শারীরিক পতন বা কল্যাপস লক্ষণের মৌলিক কারণ ৎপিতে অবস্থিত হইলে ইহা স্মরনীয়।

ল্যাকে সিস—স্থ্যতাপ বশতঃ রোগীর শিরোঘূর্ণনে এবং মৃচ্ছ্র্যায় হা উপকারী; উষ্ণ আবহাওয়ায় ক্রান্তি জন্মে।

নিম্নোল্লিথিত ঔষধগুলিও স্থল বিশেষে উপকারে আসিতে পারে:—
্রিল নাইট্রাইট, ষ্ট্রামনিয়াম, টেবেকাম, এবং থিরিডিয়ান।

আনুষঙ্গিক চিকিৎসা।—প্রতিষ্পেরক—তাপাঘাতের গতিষেধক চিকিৎসার বিষয় সহজেই অনুমেয়। প্রচণ্ড গ্রীন্মের প্রাত্রভাব নালে সকলেরই, বিশেষতঃ তাপে অনভাস্ত শীত প্রধান, এমন কি, মধ্যবিধ গাপযুক্ত দেশের ব্যক্তিগণের এবং অধিকতর বিশেষ করিয়া ঘাঁহাদিগের একবার তাপাঘাত প্রযুক্ত তাহাতে প্রবণতার বৃদ্ধি হইয়াছে তাঁহাদিণের শক্ষে গ্রীম্মকালে, গুমসা দিবসে এবং সূর্য্য-রশ্মির প্রচণ্ডতায় বিশেষ যত্নের নহিত <mark>দাক্ষাৎ তাপদংস্পর্শ এবং বিকীরিত তাপ হইতে শরীর রক্ষা অব</mark>শু কর্ত্তব্য, তাহাতে সন্দেহ মাত্রাই। নিত্য স্নান দারা শরীরের মিশ্বতার বিধান মাবশুকীয়; শয়ন-গৃহ বায়ু-প্রবাহযুক্ত হওয়া উচিত; অতিপূর্ণভোজন বর্জনীয়; নিরামিষ ভোজনে শারীরিক স্নিগ্ধতা ও শাস্তি রক্ষিত হয়; গরম মসলাদির বাবহার পরিত্যাজ্য; এতদেশীয়দিগের পক্ষে দর্ব্বপ্রকার সুরাই বিষজ্ঞানে পরিত্যাজ্ঞা-কথিত আছে জলবৎ তরল করিয়া সিদ্ধিপানে শরীরের স্নিগ্ধতা রক্ষিত হয়, যাহা হউক, যাঁহারা তাহাতে নিত্য অভ্যস্ত, দিবসের শেষভাগে যথোপযুক্ত পরিমাণে সিদ্ধি পান করিতে পারেন, মতে নিতা অভাস্ত বক্তিদিগের জন্ম মুহতর ওয়াইন ও বিয়ারের ব্যবস্থা করা যায়। অত্যন্ত তাপ, বিশেষতঃ দাক্ষাৎ সূর্য-রশ্মির সংস্পর্শ বিপজ্জনক। উষ্ণ আব হাওয়াকালে প্রত্যেক বক্তিরই আহার-বিহারাদিবিষয়ে সংঘত ও সাদাসিদে হওুয়া উচিত। পরিধেয় পাতলা এবং বিরল হত্ত সন্ধিবেশ হওয়ার আবশুক। কার্যান্মরোধে রৌদ্রে থাকার সময় কোন কাঁচা বৃক্ষ-পত্ৰ অথবা, সিক্ত, ঠাণ্ডা গামছা অথবা হাট-টুপির অধোভাগে মন্তকোপরি সিক্ত স্পঞ্জাদির ব্যবহারে মন্তক রক্ষা করিবে। প্রচুর জলপান বিধেয়। সামান্ত শিরোঘূর্ণন, শিরঃ-শূল অথবা দৌর্জল্য বোধেই কার্যালিপ্ত ব্যক্তির তাহা পরিত্যাগ করিয়া ছায়ায় বিশ্রাম গ্রহণ উচিত।

তথাক্রমণ কালীন চিকিৎসা—তাপাবসাদ ঘটলে সম্ভাব্য স্থলে শ্যায়, অথবা কোন ছায়াযুক্ত স্থানে রোগীকে অবস্থিত করা উচিত। আগু উপকারার্থ রোগীর জন্ম ব্রাণ্ডি, নাইটুগ্লিসারিন এবং এরমেটিক স্পিরিট অব এমনিয়া ইত্যাদিরও প্রযোজনীয়তা জন্মে। উষ্ণ স্পান অথবা উষ্ণজলপূর্ণ বোতলের ব্যবহার উপশমকারী। স্থাক্রিয়ার অতিশয় দৌর্বল্যে ষ্ট্রীক্রিয়া এবং ডিজিট্যালিসেরও আবশ্যক হইতে পারে।

তাপাঘাত (heat stroke)—অবিলম্বে তাপ কমাইবার চেষ্টা ইহার প্রধান চিকিৎসা; তদর্থে রোগীকে বরফ দারা ঘর্ষণ, বরফ-শীতল জলে নিমজ্জন অথবা বরফ-শীতল জলের ঝাপটা দেওয়া, অথবা, বরফর অভাবে, বিনিময়ে, যতদূর সম্ভব, বরফবৎ শীতল জলের ব্যবহার কর্ত্তবা। সরলাম্রেরতাপ ১০২০ ফারেণ হাইটে নামিলেই উপরিউক্ত চিকিৎসা কমাইয়া আনিবে। পুনরায় তাপর্দ্ধির আরম্ভে উক্ত চিকিৎসার পুনরারম্ভ করিবে। ইতি মধ্যে রোগীকে শ্রান করাইয়া গাত্র পুছিয়া শুষ্ম এবং বস্তার্ত করিবে। মস্তকোপরি বরফ-থলি রাথিয়া সক্ষম স্থলে রোগীকে বরফের টুকরা থাইতে দিবে। তাপ স্থায়ী রূপে হ্রাস প্রাপ্ত হইলে, যদি ঘর্মানা হয়, রোগীর জন্ত উষ্ণ স্লানের-ব্যবস্থা করিবে।

অনুপ্রাণন-স্তম্ভক বা এন্ফিক্সিয়াল—ইহাতে বরফের অথবা শীতল জলের চিকিৎসা অনিষ্ঠ কর। তাপাবসাদের স্থায় ইহাতেও উষ্ণ স্থান এবং উষ্ণজ্জল পূর্ণ বোতলাদি এবং উত্তেজকের অবিশ্রুক হইতে পারে। ডাঃ এণ্ডার্দ্ বলেন, যে পর্যান্ত উত্তেজক এবং অন্থান্ত উপায়াদির কার্য্য আরম্ভ না হয়, ক্রত্রিম খাস-প্রশ্বাস চালাইয়া যাইতে হইবে।

অন্তান্ত বিশেষ বিশেষ লক্ষণ এবং পরিণাম রোগাদির চিকিৎসা সম্পূর্ণই লক্ষণ সাদৃশ্য মূলক।

## চতুৰ্দ্দশ অধ্যায়।

স্নায়ু-মণ্ডলের রোগ বা ভিজিজেজ অব দি নার্ভাসদিক্টেম। (DISEASES OF THE NERVOUS SYSTEM.)

### পঞ্চত্রিংশ পরিচ্ছেদ।

স্নায়ু-মণ্ডল এবং স্নায়ু-মণ্ডল-রোগ সম্বন্ধীয় সাধারণ জ্ঞাতব্য বিষয় এবং সাধারণ রোগ নির্ব্বাচন।

### লেক্চার ২৪৫ (LECTURE CCXLV.)

স্নায়ু-মণ্ডল সম্বন্ধীয় সাধারণ জ্ঞাতব্য বিষয়।

বিবরণ ।—পাঠক অবশুই পরিজ্ঞাত আছেন নানাবিধ যন্ত্র-সমন্থিত
মন্থয় দেহের যাবতীর প্রাক্তিক, আধ্যাত্মিক এবং রোগজ ক্রিয়াদি প্রধানতঃ স্নায়্-মণ্ডল দ্বারা নিমন্ত্রত। অপিচ গঠন-সংস্থান, সমাবেশ এবং ক্রিয়া
ইত্যাদি সর্ব্ববিষয়েই ইহা অতি জটিল এবং ছ্র্মোধ্য। তথাপি বিবিধ যন্ত্র
সমন্বিত সম্পূর্ণ মন্থয় দেহের যাবতীয় অংশের, বিশেষতঃ স্নায়্-মণ্ডলের ব্যষ্টি
এবং সমষ্টিগত প্রাক্তাতক এবং আধ্যাত্মিক জ্ঞান এবং রোগ ও রোগকারণাদি
দ্বারা কিপ্রকারে যন্ত্রাদি আক্রান্ত হয় তুদ্বিষয়ক সম্মন্ত্র পিক্ষা লাভ ব্যতীত
দেহ ষদ্রের সামঞ্জস্তীভূত স্বাভাবিক ক্রিয়ারক্ষার ব্যবস্থা স্থদুর পরাহত।

ইহা সর্ব্ববাদী সম্মত যে রোগের আরোগ্যাপেক্ষা নিবারণ চেষ্টাই সর্ব্বতোভাবে প্রধান কর্ত্তব্য। পূর্ব্বে বলা হইয়াছে স্নায়ু-মঙলই সর্ব্ববিধ ক্রিরার নিম্নস্তা। এজন্ম কি প্রকারে রোগ নিবারণ করা যাইতে পারে, স্নায়ু-মণ্ডল সম্বন্ধে ইহাই চিকিৎসকের প্রথম এবং প্রধান বিবেচনার বিষয়।

বে কোন ঘটনা মন্ত্রয় জীবনোপরি যে কোন প্রকারে ক্ষমতা প্রকাশ করে, চিকিৎসকের তিষিয়ে সাভিনিবেশ অনুধাবন এবং সম্যক জ্ঞান লাভ নিতান্ত প্রয়োজন; অর্থাৎ বংশান্তক্রমিকতার রোগ সহ সম্বন্ধ, শিশুকিরপ রোগ প্রবণতা সহ অন্মগ্রহণ করে তাহা, সন্নিহিত অবস্থাদি এবং রোগের অন্তুক্ পূর্ববর্ত্তক কারণাদি বিষয়ক সম্যক জ্ঞান থাকার আবশুক। এবম্বিধ জ্ঞান সম্পন্ন চিকিৎসকই তাঁহাদিগের উপরে যাহারা রোগ নিবারণার্থ জ্ঞাবন সমর্পণ করে জীবন স্থবাবস্থিত এবং স্থনিয়ন্ত্রিত রাথিয়া স্বকার্যা সাধনে সক্ষম হয়েন।

ফলতঃ স্বত্নে বছ্বস্ত্রদমন্বিত সমগ্র মানবের ভৌতিক এবং মানসিক প্রকৃতির জ্ঞান লাভ এবং পরিচালনা দ্বারা স্নায়্-মণ্ডল-রোগ অনেকাংশে নিবারিত রাথা বায়।

সায়-মণ্ডলরোগের পরিষ্কার ধারণার নিমিত্ত শরীর সংস্থান-তত্ত্ব এবং জনন-প্রাণন-ক্রিয়া-তত্ত্ব বিষয়ক জ্ঞানের নিতান্ত আবশুক। স্থান-তত্ত্ব বিষয়ক জ্ঞানিও পরেবর্ত্তনঘটিত সংস্থান-তত্ত্ব বিষয়ক জ্ঞানিও অপরিহার্য্য; তাঁহার নানাবিধ রোগাবস্থার প্রকৃতি, এবং কি প্রকারে তাহারা এই জিব-ক্রেয়ার বাধা জন্মাইতে পারে অথবা কার্য্য-কারণ গতিকেই জন্মিয়া থাকে, তদ্বিষয়ক জ্ঞানের অত্যাবশুক। অপিচ চিকিৎসকের রোগ সংস্কৃত্তি পরিবর্ত্তন সম্বন্ধেও পরিষ্কার ধারণা থাকার আবশুক, তাহাতে দেহ-বন্ধাদি স্বাভাবিক অবস্থায় পুনরানয়ন সম্ভবনীয় কি না নির্দ্ধারণ করা যায়।

চিকিৎসা-তত্ত্বের কোন ভাগেই এতদপেক্ষা কঠিনতর চিস্তা-শক্তির প্রয়োজন হয় না। কেবল পুনঃ পুনঃ পরীক্ষা এবং রোগীর সহিত সাক্ষাৎকার দ্বারাই প্রকৃত অবস্থার পরিষ্কার চিত্র পাওয়া যাইতে পারে। বিশেষতঃ ক্রিয়াগত বলিয়া কথিত রোগে ইহা নিতান্তই প্রয়োজনীয়। ইহা নিতাস্তই প্রয়োজনীয় যে যাহা যে কোন প্রকারে মানসিক অথবা প্রাকৃতিক সম্পূর্ণ সামঞ্জন্তের সহিত উৎকর্ষের বাধা জন্মাইতে পারে পরীক্ষকের এবম্বিধ প্রত্যেক বিষয়ে সম্পূর্ণ জ্ঞান থাকা উচিত।

স্বরনীয় যে মন্ত্র সমষ্টি ভাবে প্রত্যেক শরীরাংশে সম্পূর্ণ সামঞ্জন্তের সহিত কার্য্য করিলে তাহাকে সম্পূর্ণ স্বাস্থ্য বলা যাইতে পারে, এবং ইহাও স্বরণীয় যে যে কোন অংশ নিয়মিত অবস্থার বহিন্ত্ ত হইলে স্নায়ু-মণ্ডল দ্বারা অন্ত কোন অংশে ক্ষমতা প্রকাশ করিতে পারে; এবং অবশুই ইহাতে প্রত্যেক অংশই কিঞ্চিত আক্রাস্ত হইবে।

## লেক্চার ২৪৬ ( LECTURE CCXLVI. )

## সাধারণ রোগ-নির্ব্বাচন বা জেনারল ভায়াগ্রোসিস। (GENERAL DIAGNOSIS.)

রোগ: নির্বাচনার্থ কতিপয় অবশ্র জ্ঞাতব্য বিষয়:---

- ১। রোগ-বিবরণ—রোগী এবং রোগ সম্বনীয় জ্ঞাতব্য কোন বিষয় পরিত্যক্ত না হয়, এজগু সাময়িক ক্রমান্ত্রসারে রোগীর বংশান্ত্রক্রমিক রোগ-বিবরণ সহ ধাতৃ-প্রকৃতি, স্বভাব এবং বর্ত্তমান চিকিৎশু রোগের বিবরণ গ্রহণ করিতে হইবে।
- ২। পারিবারিক বিবরপ—রোগী অথবা রোগিণী যে জাতিভূক ; তাহার বয়স, ব্যবসায়াদি, সামাজিক 'অবস্থা ; রোগীর পিতার বয়স
  অথবা যে বয়সে মৃত্যু হইয়াছে, মৃত্যুর কারণ অথবা সম্ভাব্য কারণ। রোগীর
  পিতার এবং তাহার পরিবারস্থ ব্যক্তিদিগের—পিতা-মাতা, ভ্রাতা এবং
  ভগ্নীদিগের সাধারণ স্বাস্থ্য। বিশেষ কোন রোগ-প্রবণতা আছে কি না
  তাহাও জিজ্ঞান্ত।

মাতার সম্বন্ধেও উপরি উক্ত বিষয়াদি জ্ঞাতব্য। শ্বরণীয় যে ছুর্বলকর রোগাদির সংঘটন ক্রিয়াগত অথবা যন্ত্রগত স্নায়বিক রোগের গুরুতর পূর্ববর্ত্তী কারণ হইতে পারে, যেমন গুটিকোৎপত্তি, ক্ষুদ্র বাত, রসবাত, মধুমেহ এবং ব্রাইট্স ডিজিজ বা রোগ।

কৌলিক উপদংশ স্নায়্-মগুলের রোগে প্রভৃত ক্ষমতাপ্রকাশ করে; ইহা প্রায় নিশ্চয়তার সহিত মস্তিক্ষের এবং কশেরুক মাজ্জার স্নায়্-মগুলের বৃদ্ধি, উৎকর্ষ এবং পৃষ্টিসাধনের কিঞ্চিৎ পরিবর্ত্তনের সংঘটন করে এবং অনেক সময়েই তাহা উপাদানগত পরিবর্ত্তনে শেষ হয়। বংশপরম্পরাগত গুণ দারা প্রধানতঃ স্নায়্-রোগ-প্রবণ স্বভারের প্রেরণা হইয়া থাকে, অর্থাৎ, যে সকল ঘটনা স্নায়্-রোগোৎপাদনে ক্ষমতাশীল তাহাতে স্বন্ধতর প্রতিরোধ ঘটে। অতএব গর্ভসঞ্চার কালীন পিতা-মাতার অবস্থা, গর্ভাবস্থায় মাতার সাধারণ অবস্থা, অপিচ সেই সময়ে কোন প্রকার ছুর্ঘটনা, ভীতি ইত্যাদি, প্রসব বেদনার প্রকৃতি এবং প্রসব কালীন রোগীর অবস্থা ইত্যাদি বিষয় জ্ঞাতব্য।

উপরে যাহা লিখিত হইল তাহার পর হইতে বর্তমান সময় পর্য্যস্ত রোগীর সাধারণ স্বাস্থ্য, দৈনন্দিন ব্যবহার, রোগাক্রমণ এবং তাহা হইতে স্বারোগ্য এবং পরিণাম রোগাদির বিষয় জ্ঞাত হওয়া উচিত।

বিত্যালয়ের পাঠাবস্থা এবং পাঠ রোগীর উপরে কোন ক্ষমতা প্রকাশ করিয়া থাকিলে তাহা বিবেচ্য; স্ত্রী-লোকদিগের ঋতু-কালীন এবং ঋতু সম্বন্ধীয় সর্ব্ববিধপরিবর্ত্তন, গর্ভ, গর্ভপাত, প্রসব এবং প্রসবাস্তে স্বাস্থ্যের পুনস্থাপনা, স্ত্রী রোগের লক্ষণাদি, প্রকৃতপক্ষে প্রত্যেক বিষয় যাহা কোন প্রকারে স্বাস্থ্যহানি ঘটাইতে পারে তাহা অনুসন্ধানের বিষয়।

ত। বর্ত্তমান রোগ-বিবরণ—স্বাস্থ্যভ্রষ্টতার সর্বপ্রথম লক্ষণ হইতে আরম্ভ করিয়া সময়ানুসারে নিয়মিতরূপে বর্ত্তমান সময় পর্যান্ত ক্রমে ক্রমে যথন যে লক্ষণ উপস্থিত হয় লিপিবদ্ধ করিতে হইবে। অতি যত্নের সহিত প্রত্যেক বাহ্নিক (objective) অথবা আভ্যন্তরিণ (subjective) লক্ষণ যাহা রোগীর নিকট পাওয়া যাইতে পারে গ্রহণ করিতে হইবে।

প্রাকৃতিক পরীক্ষা—বিশেষ যত্ন সহকারে সম্পূর্ণ শরীরাকারের পরিদর্শন করিয়া অঙ্গ বিস্থাদের কোন দোষ, অস্থির স্থানচ্যুতি, বক্রতা, অপরুষ্ঠতার লক্ষণাদি এবং তদ্বৎ অস্থান্ত বিষয়ে আরক লিপি প্রস্তুত করিবে। মুখমগুলদৃশু, বাস্তবপক্ষে প্রত্যেক ভাবভঙ্গির প্রতিরূপ শ্বরণ রাথিবার বিষয়।

আলোক-রশ্মিরদিক-পরিবর্ত্তন-দোষ, চক্ষুর পৈশিক অকর্ম্মণ্যতা, এবং 
ক্ষুক্রীক্ষণ-যন্ত্র বা অফ্থ্যালমক্ষোপদারা চিত্রপত্ত-মণ্ডলের দৃশু এবং
ক্ষালোকে কণীনিকার প্রতি-ক্রিয়া ইত্যাদি নিরূপণার্থ পরীক্ষা করিতে
। হইবে।

অস্বাভাবিকতা, মাংসর্দ্ধি ইত্যাদি অথবা কোন উত্তেজনার কারণ নিরূপণার্থ নাসিকা এবং গলাভ্যস্তরের যত্নপূর্বক পর্য্যবেক্ষণের আবশুক। বিশেষতঃ শিশুদিগের মধ্যে গ্রন্থিবৎ মাংসবৃদ্ধির (adenoid growths) জন্ম অমুসদ্ধানের প্রয়োজন। অপিচ কর্ণের পরীক্ষা করিতে ইইবে।

উপদংশ অথবা ধাতুজ (metallic) বিষাক্ততা, যেমন সীসক, পারদ অথবা ফসফরাস বিষাক্ততার লক্ষণাদির জন্ম দস্ত-মাড়ি এবং দন্তের পরীক্ষার আবশুক। জিহ্বা কেবল যে পরিপাক-পথ বিশৃগুলার চিহ্ন প্রকাশ করে তাহাই নহে, কিন্তু স্নায়বিক বিশৃগুলারও লক্ষণাদি—আনর্ত্তন, বিশেষ প্রকারের কম্পন অথবা বাহির করিলে জিহ্বাত্রের বিপথে গমনাদির প্রকাশ করিয়া থাকে।

ফুসজুস এবং হৃৎপিণ্ডের অবস্থার অবগতির জন্ম যত্নের সহিত বক্ষ-পাঁরীক্ষার আবশুক। যক্কৎ এবং প্লীহার অবস্থা, যদ্ধাদির অস্বাভাবিক অবস্থান, ঘনস্বব্যঞ্জক শব্দের (dullness) আয়তন এবং বিশেষ করিয়া স্পর্শাসহিষ্ণু স্থান ইত্যাদির নিরুপণার্থ বিঘাতন এবং সংস্পর্শন দ্বারা যত্ন পূর্ব্বক উদরের পরীক্ষার বিশেষ আবশ্রক।

আজন্ম অথবা সোবাপার্জিত নির্মাণ-বিকার, লিঙ্গ-মুণ্ড-স্থক অথবা ভগাঙ্কুরের সংযোজনাদি, স্থানভ্রতা এবং প্রদাহাদির অবগতির জন্ম জননে-ক্রিয়ের পরীক্ষা করিতে হইবে। দেখিতে হইবে সরলান্ত্রের অবস্থা স্থাবাবিক আছে কিনা।

পৈশিক-পরীক্ষা—
বত্নপূর্বক সম্পূর্ণ শরীরের ছইপার্শ্বের

অঙ্গাদির তুলনা করিতে হইবে, সাধারণভাবে অঙ্গাদির পরস্পার সম্বন্ধগত

আকার এবং শরীরের একপার্শ্বে কোন সীতা অথবা নিমন্থান আছে কিনা যাহা তাহার দঙ্গীতে নাই, বিবর্দ্ধিত অথবা গীটযুক্ত সদ্ধির এবং কাঠিক্তের পরস্পার সম্বন্ধগত তারতম্যের, এবং একপার্শ্বের অঙ্গ অক্ততরাপেক্ষা অধিকতর শিথিল কিনা তাহার স্মারকলিপি প্রস্তুত করিতে হইবে। ইহা স্মরণীয় যে সাধারণতঃ দক্ষিণপার্শ্ব বামাপেক্ষা কিঞ্চিৎ বুহত্তর এবং কঠিনতর।

পৈশিক-রাগ, টনক বা টোন (tone)—কোন পেশীর রাগ বা টনক বৃদ্ধি অথবা হ্রাস পাইতে পারে। গভীর প্রতিক্রিয়া এবং মৃহচালনাদ্বারা পেশীর রাগের পরীক্ষা হর। রোগীর মনোযোগ অন্ত বিষয়ে আকৃষ্ট থাকিবে, অন্ধ সম্পূর্ণরূপে পরীক্ষকের আশ্রয় প্রাপ্ত হইয়া পূর্ণরূপে শিথিল হইবে। রোগীর পক্ষে কোন ইচ্ছাত্মগ অথবা অনিচ্ছুক শক্তির প্রয়োগ অথবা পৈশিক সংক্ষোচন নিষিদ্ধ, যেহেতু তাহাতে পরীক্ষার বাধা ঘটিবে। প্রত্যেক সন্ধির উপরে প্রত্যেক অন্ধ সন্তবনীয়দিকে চালনা করিয়া সাবধানতার সহিত দেখিতে হইবে কত সহক্ষে চালনা করা যাইতে পারে, অথবা প্রত্যেক চালনা কি পরিমাণ প্রতিরোধ প্রকাশিত করে। পৈশিকরাগের (tone) বৃদ্ধি হইলে সাধারণাপেক্ষা প্রতিরোধিতাবন্থা অধিকতর হইবে; ন্যুনতর থাকিলে তাহা সাধারণাপেক্ষা প্রত্রেরাধ হ্রাস প্রাপ্ত হয়। সন্তবতঃ ধীর অপেক্ষা ক্ষত চালনায় প্রতিরোধ হ্রাস প্রাপ্ত হয়। সন্তবতঃ ধীর অপেক্ষা ক্ষত চালনায় প্রতিরোধের বৃদ্ধি হইরা থাকে।

গভীর প্রতিক্রিয়া—প্যাটিলা অস্থির কণ্ডরা-প্রতিক্রিয়া, জামু-ঝাঁকী (knee-jerk)। অনেক গ্রন্থ-কর্তার মতে সম্পূর্ণ-রূপ স্থন্থ মমুয়দিগের মধ্যে সকলেরই ইহা বর্ত্তমান থাকে। কেহ কেহ বলেন "এরূপও লোক দেখিতে পাওয়া যায় যাহাদিগের মধ্যে ইহার অভাব দৃষ্ট হয়, কিন্তু এ রূপ লোক বড়ই অসাধারণ।" কুল শিশুদিগের মধ্যে জামু-ঝাঁকির পরীক্ষা তাদৃশ সন্তোষজ্ঞনক নহে। পরীক্ষা জন্ম রোগীকে এরপ উচ্চস্থানে বসাইতে হইবে যাহাতে রোগীর পদ গৃহ-তল প্রদর্শনা করিয়া এবং "পায়ের ডিম" কোন বস্তুর সহিত লয় না হইয়া দোলায়মান হইতে পারে, অথবা রোগী পৃষ্ঠের উপরে হেলিয়া টেবল, শয়া অথবা চেয়ারে গোড়ালি রাখিলে পরীক্ষক অর্ন্ধবক্র জামুর অধোদেশে হস্তের আশ্রম প্রদান করিবেন।

অঙ্গুলি দ্বারা জাত্মলকান্থিকণ্ডারের দীমা নির্দিষ্ট করিয়া পরে হস্তের পার্য, কোন সরু পুস্তকের পৃষ্ঠ, অথবা বিঘাতন হাতৃড়ির আঘাত করিতে হইবে। প্রতি-ক্রিয়া বর্ত্তমান থাকিলে কগুরার উপরে আঘাতের অব্যবহিত পরেই পদ সন্মুখাভিমুখে লাফাইয়া উঠিবে, অথবা সেই সময়েই উর্দ্ধ উরুম্ব এক্ষ্টেনসর ক্রেরস পেশীর একবার সংকোচন হইবে। যাহাতে রোগী আঘাত দেখিতে না পায় তজ্জ্য রোগীর চক্ষ্ক বন্ধ করা উচিত, এবং কোন বস্তুর প্রতি মনোযোগ আরুষ্ঠ রাখিতে হইবে; যেহেতু তাহাতে ইচছামুগ-চালনা, অথবা পৈশিক আতন (tension) না হওয়ায় প্রতিক্রিয়ার চালনা অথবা পৈশিক সক্ষোচনের বাধা জ্বিবে না।

প্রতিক্রিয়ার অমুপস্থিতি অস্বাভাবিক, এবং ইহা পৈশিক টনকের (tone) অবসাদ প্রকাশ করে, এবং অনেক সময়েই প্রতিক্রিয়ার ধারাবাহিক শৃঙ্খলের ভিন্নতা হইতে সংঘটিত হয়। ইহার অতি স্পষ্টতর উপস্থিতি অস্বাভাবিক এবং উত্তেজনা সম্ভূত পৈশিক টনকাধিক্য (tone) প্রকাশিত করে।

স্বাভাবিকের নিম্নস্তরবর্ত্তী অবস্থায় কিঞ্চিত তারতম্য ধর্ত্তব্য নহে। বেদনাযুক্ত, বিশেষতঃ জব্দার বেদনাযুক্ত অবস্থায়, দাধারণতঃ জান্ধ-ঝাঁকির বৃদ্ধি হয়, এবং কোন প্রকার স্নায়্-বিকার প্রদর্শিত করে না। যদি কোন স্মুস্পষ্ট কাঠিন্ত এবং মৃত্র চালনায় প্রতিরোধ অনতিক্রমনীয় বলিয়া বোধ হয়, আক্ষেপিক অবস্থা বিষয়ক অন্তান্ত প্রমাণের অনুসন্ধান কর্ত্তব্য।

গুল্ফের ক্ষণিক সংকোচন বা এক্সল ক্লোনাস (Ankle Clonus)—মূদু কগুরাদি বা টেগুএকিলিস লগভাবে মধ্যবিধ প্রকারের

দৃঢ় প্রসারণের (টান টান, On a sretch) অবস্থায় থাকাই এই কণ্ডার প্রতিক্রিয়োৎপাদনের মূলীভূত কারণ, গুল্কের উপরে পদের প্রায়ই লয় সংযুক্ত সংকোচন এবং প্রসারণের (ankl-clonus) উপস্থিতির ফল স্বরূপ ইহা জন্মে। জামু-সন্ধি অর্ধ সংকুচিত অবস্থায় থাকিবে, অধিক নহে, কিঞ্চিৎ বলের সহিত গুল্ফের উপরে পদ বাঁকাইয়া কিঞ্চিৎকালের জন্ম তদবস্থাতেই রাথিতে হইবে। গুল্কের ক্ষণিক সংকোচন বা এঙক্ল-ক্লোনাসের অমুপস্থিতি অস্বাভাবিক নহে, কারণ, সুস্থাবস্থায় ইহা কচিৎ উপস্থিত থাকে। ইহার উপস্থিতি সাধারণতঃ কোন প্রকার স্নায়বিক অপায় প্রকাশিত করে, কিন্তু তাহা অবশ্যস্তাবী নহে।

কণ্ডার প্রতিক্রিয়া (tendon reflexes)—স্নায়-বিজ্ঞানবিৎ এবং পাঠার্থীর পক্ষে ইহার গুরুত্ব থাকিলেও উদ্ধিঙ্গের কণ্ডরা প্রতিক্রিয়া এতই অনিশ্চিত যে কার্য্যতঃ মূল্য হীন।

স্বল গতি—(active movements) রোগী চিকিৎসালয় প্রবেশ এবং পরিত্যাগকালে অথবা চিকিৎসকের নিকটে আসা ও তথা হইতে বাওয়ার সময়ে, বিশেষতঃ যথন সে যে পর্যাবেক্ষণাধীন তাহা অজ্ঞাত, চিকিৎসক সর্ব্ব স্থলেই তাহার পদক্ষেপের প্রতি লক্ষ্য রাখিবেন। ইহা বিরল ঘটনা নহে যে অতীব যত্ন পূর্বক সম্পাদিত বৈজ্ঞানিক পরীক্ষাপেক্ষা এই প্রকারে অধিকতর প্রকৃত তথা অবগত হওয়া যায়। রোগ বিবরণ গ্রহণ কালে রোগীর প্রত্যেক অঙ্গচালনা, প্রত্যেক মুখভঙ্গি, বাক্যের ধারা, অল্লের মধ্যে, তাহার সম্বন্ধে প্রত্যেক বিষয়ের অবগতি আবশ্রকীয়।

রোগীর পদবিক্ষেপ, গতি অথবা দৃশ্য সম্বন্ধে যদি কোন প্রকার বিশিষ্টতা লক্ষিত হয়, কারণ সম্বন্ধে সযত্ন অনুসন্ধান এবং পরীক্ষা কর্ত্তব্য, সায়বিক রোগ-ফল ব্যতীতও বিশেষতা থাকিতে পারে। সন্ধিরোগ নিবন্ধন অচলতা, আক্ষেপ অথবা কাঠিত উৎপন্ন হইতে পারে। বেদনাম্ব পক্ষাঘাতের অনুরূপদৃশ্য উপস্থিত করাও বিরল ঘটনা নহে। পদে গতির পরীক্ষা করিতে হইলে রোগীকে সটান চিতভাবে শায়িত এবং পদ অনাত্ত করিয়া রোগী দারা যত প্রকার হইতে পারে, এক পদের, পরে অগ্রপদের এবং পরে উভয় পদের যতদূর সম্ভব ক্রত চালনা করাইতে হইবে। এই প্রকারে জ্ঞাত হওয়া যাইতে পারে কত শীঘ্র প্রত্যেক চালনা সম্ভাব হইতে পারে, অপিচ ঠিক কোন প্রকার চালনা করা যাইতে পারে অথবা পারে না অথবা কেবল আংশিকরূপে করা যাইতে পারে।

স্বহস্তের ব্যবহার এবং প্রতিরোধকতার অন্প্রভৃতি ব্যতীত এরূপ কোন যন্ত্র নাই যন্ত্রার চিকিৎসক ঠিকরূপে এবং সহজে নানাবিধ পেশীর শক্তির পরীক্ষা করিতে পারেন। পদ অথবা হস্ত দৃঢ়তার সহিত ধারণ করিলে রোগী প্রত্যেক দিকে ইচ্ছানুসারে চালনা করিবে এবং সঙ্গে সঙ্গে চিকিৎসক চালনার প্রতিরোধ করিয়া দেখিবেন, বাধা জন্মাইতে কি পরিমাণ শক্তির প্রয়োজন। পরে প্রত্যেক সন্তাব্য দিকে রোগী হস্তাদির মৃহ চালনা করিলে চিকিৎসক টুকিয়া লইবেন প্রতিরোধের বাধা জন্মাইতে কি পরিমাণ শক্তি প্রয়োগের আবশ্যক। পরিচিত কোন যন্ত্রের ব্যবহার অপেক্ষা কিঞ্চিৎ অভ্যাসই আপেক্ষিক পেশী-শক্তি নির্দ্ধারণে উৎকৃষ্টতর উপায় বলিয়া পরিগণিত।

স্মানীয় যে রোগী নেঙ্গা (left handed) না হইলে স্বভাবতঃই সম্পূর্ণ দক্ষিণ পার্স অধিকতর শক্তিমান থাকে। কোন নির্দিষ্ট চালনায় ব্যবহৃত পেশী সকলের বিষয় যত্ন পূর্ব্বক টুকিয়া লইতে হইবে।

নিম্নে ডাঃ অপেন হিম প্রদত্ত যত্নপূর্ব্বক প্রস্তুত, সংক্ষিপ্ত, এবং যথাযথ পৈশিক ক্রিয়ার বর্ণনা লিখিত হইল:—

## পৈশিক ক্রিয়া।

পৈশিক ক্রিয়ার সম্যক বোধগম্য জন্ম পৈশিক উৎপত্তি এবং সন্নিবেশ সম্বন্ধীয় পূর্ব্ব জ্ঞান অপরিহার্য্য। অপিচ এতদ্বিষয়ক জ্ঞান ব্যতীত স্নার্মবিক রোগেরও যথায়ত উপলব্ধি স্ন্দুরপরাহত। অতএব বলা ৰাছল্য, আবশ্যকীয় স্থলে পাঠকের মানব-দেহ সংস্থান-তত্ত্ব গ্রন্থের সাহায্য গ্রহণ ব্যতীত উপায়াম্বর নাই।

ক্ষন্ধ এবং বাহুসংস্ফ পেশী—টেপিজিয়াস পেশীদ্বের এক এীভূত সংকোচনে শ্বন্ধ উত্তোলিত হইলে অংশ ফলকাস্থি মধ্যরেখা (median line)-ভিমুখে আনীত হয়। অগ্যতরের কার্য্যে, টেপিজিয়াস সমপার্শ্বন্থ স্বন্ধ উত্তো-লিত করে, এবং মন্তক পশ্চাদভিমুখে আরুষ্ট করিয়া সঙ্গে সঙ্গে কিঞ্চিৎ বিপরীত পার্শ্বভিমুখে আবর্ত্তিত করে; যেমন, দক্ষিণ টেপিজিয়াসের সংকো-চনে চিবুক বাম পার্শ্বভিমুখে ঘূর্ণিত করে।

ট্রেপিজিয়াসের কণ্ঠান্থিদংলগ্ন অংশ, যাহা অক্সিপাট্ হইতে কণ্ঠান্থির বহিন্থ তৃতীয়াংশ পর্যান্ত বিস্তৃত, স্বন্ধ অচল থাকিলে, উপরিলিখিত রূপে মন্তক্চালনা করে। ইহাকে পেশীর খাদ-প্রখাদ সংক্রান্ত অংশ বলা যায়, কারণ ইহা গভীর খাদ-প্রখাদের সাহায্য করিয়া থাকে। ইহার পক্ষাঘাত হইলে, খাদ-প্রখাদ কালে স্বন্ধ গতিহীন থাকে। ইহার মধ্য অংশ, যাহা লিগান্দেন্টাম নায়ুচি এবং তিনটি পৃষ্ঠ কশেরুকান্তি হইতে এক্রোমিয়ন এবং অংসফলকান্তি কন্টকের বহিরংশ পর্যান্ত বিস্তৃত, অংসফলকান্তি উত্তোলিত করিয়া থাকে। ইহার স্বপুষ্টি এবং সম্পূর্ণ উৎকর্ষ লাভে ময়ুয়্য ক্ষুদ্র গ্রীব হয়। এই অংশের পক্ষাঘাতে বাহুর গুরুত্ব নিবন্ধন এক্রোমিয়ন ভূবিয়া য়ায়, কারণ এই পেশীকর্ত্বক ইহা আর স্বস্থানে রক্ষিত হয় না। ইহার অভ্যন্তরীণ নিম্ন কোণ, মধ্য রেথার নিকটস্থ হয়; ইহার অভ্যন্তরীণ উদ্ধিকোণ লিভেটার এঙ্গুরাই স্ক্যাপুলি পেশী লারা উত্তোলিত হয়। স্বন্ধ সম্মুধ্ব এবং নিম্নাভিমুধ্ব অবনত থাকে। বাহুর উত্তোলন কঠিন সাধ্য হয়, এবং স্কন্ধের অবনতি বেদনা উৎপদ্ধ করে।

নিস্নাংশ—ইহা চতুর্থ পৃষ্ঠ-কশেককা হইতে নিম্নে অংসফলকান্থি কণ্টকের অভ্যন্তর অর্জ পর্যান্ত বিস্তৃত। ইহা অংসফলকান্থিকে মধ্য- রেখাভিমুখে আরুষ্ঠ করে। ইহার কার্য্যহানি ঘটিলে অংসফলকান্থির অভ্যন্তর পার্শ্ব মধ্য রেখা হইতে প্রায় আট হইতে দশ সেন্টিমিটার দূরে যায়। পৃষ্ঠ প্রশস্ত হয় এবং বিশেষ করিয়া কণ্ঠান্থিদ্বয় উচ্চ হইয়া উঠে, অর্থাৎ এক্রোমিয়নের সীমা বৃত্তাংশবৎ আকার নির্দ্মাণ করে এবং কণ্ঠান্থির সীমাসহ ঋজু রেখা নির্দ্মাণ করে।

লিভেটার এঙ্গুলাই স্ক্যাপুলি—ইহা অংসফলকান্থির অভ্যন্তর্জ্ব-উর্দ্ধ কোণ উর্দ্ধাভিমুথে আরুষ্ঠ করে, বিশেষতঃ ট্রেপিজিয়াস পেশীর পক্ষাবাতে ইহা স্বন্ধ উত্তোলনের সাহায্য করে। ইহা কচিৎ একা আক্রান্ত হয়। ইহা পৃথকভাবে পক্ষাঘাতযুক্ত হইলে কোন বিশেষ বিশৃদ্ধালার কারণ দেখা যায় না।

রম্বইডিয়াইপেশী—ইহারা অংসক্ষলকান্থি উচ্চে উত্তোলিত এবং তাহাদিগকে মধ্য রেথাভিমুথে আরুষ্ট করে।

সিরেটাস এণ্টিকাস মেজরপেশী—ইহা অংসফলকান্থিকে তাহার তীরবং অক্ষরেথার (Sagittal axis) চতুর্দিকে ঘূর্ণিত করে, যাহাতে নিম্নকিনারা বহিরভিমুথে ঘূর্ণিত এবং এক্রোমিয়ন উত্তোলিত হয়। অপিচ ইহা অংসফলকান্থির অভ্যন্তরীণ পার্ম্ব বক্ষের উপরে অবস্থিত রাথিয়া পশুর্কান্থি সহ সংযুক্ত করে। ইহা অংসফলকান্থি কিঞ্চিৎ উত্তোলিত করে। এই পেশীর পক্ষাধাতে, রোগী যথন বিশ্রামে থাকে, অংসফলকান্থি স্বাভাবিক অপেক্ষা উচ্চতর, ইহার অভ্যন্তরীণ পার্ম কশেরুকান্থির নিকটতর, এবং উর্দ্ধ অপেক্ষা নিম্নপার্ম অধিকতর তক্ষপ হয়, এরপাবস্থায় অভ্যন্তরীণ পার্মের নিম্ন এবং অভ্যন্তরাভিমুথ হইতে উর্দ্ধ এবং ঘহিরভিমুখীন গতি দৃষ্ট হয়।

কোন নির্দিষ্ট প্রকার চালনার চেষ্টা এবং তাহাতে যেরূপ অবস্থান ঘটে তাহা পক্ষাঘাত অতি স্পষ্টতর করিয়া তুলে :—

১। বে পর্যান্ত সমতলাবস্থা না পার বাহু বহিরানয়ন করিলে, অংস-

ক্লকাস্থি মেরুদণ্ডের নিকটতর দেশে আগমন করে, অভ্যস্তরীণ পার্শ্ব উচ্চে উথিত হয় এবং সঙ্গে সঙ্গে ট্রেপিজিয়াস এবং রম্বইডিয়াই পেশীকে সন্মুখাভিমুখে স্থান ভ্রন্ত করে।

২। বাহু সমতল অবস্থান অপেক্ষা উর্দ্ধে উত্তোলিত করিতে পারা যায় না, কারণ অধিকতর গতির জন্ম অংসফলকাস্থির আবশুকীয় আবর্ত্তন অনুপস্থিত থাকে। যাহাই হউক, যদি অংসফলকাস্থির নিম্ন পার্শ্ব সবলে বহিরভিমুথে চালিত করা যায়, বাহু খাড়া ভাবে উত্তোলিত করা যাইতে পারে।

০। বাহু সম্মুখাভিমুখে প্রসারণের চেষ্টা করিলে, অংসফলকাস্থি
বক্ষ হইতে তাহার অভ্যন্তর পার্শ্বের সহিত "পক্ষবিস্তারবং" উথিত হয়,
কথন কথন এতই অধিক পরিমাণে উঠে যে অংসফলকাস্থি এবং বক্ষ
মধ্যে হস্ত প্রবিষ্ট করা যাইতে পারে। গ্রন্থকারগণ কতিপন্ন সিরেটাসপক্ষাঘাতের উল্লেখ করিয়াছেন যাহাতে বাহু ঋজু অবস্থানে উথিত করা
সম্ভব হইয়াছিল। অনুমিত হয় যে এই সকল স্থলে ট্রেপিজিয়াস পেশীর
মধ্যাংশ অংসফলকাস্থিকে বহিরভিমুখে আবর্ত্তিত করে।

ডেল্টইড পেশীর মধ্য, সমুথ, অথবা পশ্চাদংশের সংকোচন অনুসারে বাছ বাছাভিমুখে, সমুখাভিমুখে, অথবা পশ্চাদভিমুখে উত্তোলিত হয়। যাহাই হউক, বাহুর উত্তোলন সমতল অবস্থার উর্দ্ধে যায় না। পশ্চাদংশ, এমন কি, ইহাকে তত দূরও আনয়ন করে না। ডেল্টইড্ পেশীর ক্রিয়া হইতে হইলে সিরেটাস, এবং বিশেষ করিয়া টেপিজিয়াস পেশীদ্বারা অংসফলকাস্থির আবদ্ধ খাকার আবশুক, যেহেতু টেপিজিয়াসের পক্ষাঘাত নিবন্ধন ডেল্টইডপেশী এক্রোমিয়াল প্রবর্ধনের আশ্রয় বিরহিত হয়, এবং বাহু উত্তোলিত করার পরিবর্দ্ধে নিমে টানিয়া লয়। ডেল্টইড সিরেটাস এন্টিকাস পেশীর প্রতিদ্ধনী। ডেল্টইডের পক্ষাঘাতে বাহুর বহির্নায়ন হইতে পারে না, কিয়া পশ্চাৎ অথবা সমুখাভিমুখেও উত্তোলন ঘটে না।

( ল্যাটিস্মাস ডর্সাইপেশী নিতম্বদেশ অপেক্ষা উর্দ্ধে হস্তের উত্তোলন করেনা, এবং বাস্থ উত্তোলিত করিবার চেষ্টা করিলে সম্পূর্ণভাবে স্কন্ধ উত্তোলিত হয়, তৎকালে বাস্থ বক্ষ পার্থে অবস্থিতি করে।) যাহাই হউক, স্থপ্রাস্পাইনেটাসপেশীর ক্রিয়াদ্বারা ইহাকে সম্মুথ এবং পশ্চাদ্দিকে কিঞ্চিৎ উত্তোলিত করা যাইতে পারে। ডেল্টইড পেশীর পুরাতন পক্ষাঘাতে প্রগণ্ডান্থিমস্তকের অধঃস্থানচ্যুতি (subluxation) ঘটে, এবং স্কন্ধ শিথিলভাবে দোহ্ল্যমান হয়। ডেল্টইড এবং স্থপ্রা-ম্পাইনেটাস পেশীর একসঙ্গে পক্ষাঘাত সংঘটিত হউলে, উপরিউক্ত চেপ্টাভাব এবং অসম্পূর্ণ অধঃস্থানচ্যুতি অনেক সহজে ঘটে।

ইন্ফ্রা-ম্পাইনেটাস এবং টিরিস মাইনর—ইহারা বহিস্থ আবর্ত্তক পেশী; অংসফলকাস্থির অধ্যস্তিত বা সাবস্ক্যাপুলার পেশী বাছ অভ্যন্তরাভিমুথে আবর্ত্তিত করে। অংসফলকাস্থির চালনাকালে পশু কাস্থির উপরে অংস ফলকাস্থির ঘর্ষণ প্রযুক্ত করকরশন্দ সাবস্ক্যাপুলারিস পেশীর ক্ষয় প্রকাশিত করে। বাহাই হউক, অনেক স্কুত্ত্যক্তিও সমপ্রকারের চালনা দ্বারা এইরূপ শব্দ উৎপন্ন করিতে পারে। ইন্ফ্রাম্পাইনেটাসের পক্ষাঘাত লিখনের কন্ত উৎপন্ন করে।

পেক্টরেলিস মেজরপেশী—ইহারা বাছ বন্ধাভিমুখে আরুষ্ঠ করে। ইহাদিগের কণ্ঠান্থি সংলগ্ন অংশ উত্তোলিত বাছকে সমতল অবস্থানে এবং তথা হইতে অভ্যন্তরাভিমুখে নত করে। বাছর স্থিরাবস্থায় ইহারা একোমিয়ন প্রবর্জনকে সম্মুখ এবং উর্জাভিমুখে আরুষ্ঠ করে, যেরূপ ভারবহন কালে হইয়া থাকে। ইহার বুকাস্থিসীমা কাছকে থাড়া অবস্থান হইতে নিম্নাভিমুখে আরুষ্ঠ করে, যখন বাছপার্শ্বসংলগ্ন থাকে একোমিয়নকে সম্মুখ এবং নিম্নাভিমুখে চালনা করে।

পেক্টরেলিস মেজর পেশীর পক্ষাঘাতে কোন গতিরই সম্পূর্ণ বাধা জ্বন্মে না, কিন্তু বাহুর বহিনায়ন অসম্পূর্ণরূপে সম্পাদিত হয়। (স্মরণীয় যে

ডেল্টইডের সম্মুখাংশ, টিরিস মেজর, এবং রম্বরিডিয়াই দারা পেক্টরেলিস মেজরের কিয়দংশ কার্য্য সম্পাদিত হইতে পারে। ) এই পক্ষাঘাত আবিফারের জন্ম আমরা রোগীকে উভয় বাহু সম্মুখাভিমূথে প্রসারিত এবং
একত্র চাপিত করিতে বলি। রোগী ইহা সম্পাদিত করিতে পারিলেও,
অতি সামান্য বলের সহিতই পারে।

ল্যাটিসিমাস ডর্সাই পেশী—ইহা উত্তোলিত বাছ পশ্চাৎ এবং নিম্নাভিমুখে, অবনত বাহু অভ্যন্তর এবং পশ্চাদভিমুখে আরুষ্ট করে। ইহা একা কার্য্য করিলে দেহকাণ্ডের পৃষ্ঠদীমা এক পার্শ্বে টানিয়া আনে, এবং একত্রিত হইয়া কার্যা করিলে ইহাকে প্রসারিত করে।

টিরিস মেজর পেশী—অংসফলকান্থি স্থির থাকিলে ইহা
বাহুকে দেহকাণ্ডাভিমুথে অন্তর্নায়ন করে; অবনত বাছ স্থির থাকিলে
অংসফলকাস্থি বহিরভিমুথে আরুষ্ট করে, এবং ইহাকে আবর্ত্তিত করিলে
এক্রোমিয়ন, এবং তজ্জন্তই স্কন্ধ উত্থিত হয়। ইহার পক্ষাঘাত অধিক
বিশৃঙ্খলা উপস্থিত করে না। ট্রাইসেপ্স্ পেশীর দীর্ঘ মস্তক বা লঙ্গ হেড
এবং করাক-ব্রেকিয়ালিস এবন্ধিধ পেশ্যাদি সহ সম্বন্ধযুক্ত যাহারা হিউমারাস
অস্থির মস্তককে কণ্ডার-কোযমধ্যে রক্ষা করে, এবং ল্যাটিসমাস ডর্সাই এবং
পেক্টরেলিস মেজর পেশীর ক্রিয়ায় যে কোন প্রকার অসম্পূর্ণ অধঃস্থানচ্যুতি
(Subluxation) সংঘটিত হইতে পারিত তাহার প্রতিদ্বন্দিতা করে।
ইহারা যদি ক্ষর প্রাপ্ত হয়, বাহু বলের সহিত নিয়াভিমুথে আরুষ্ঠ হইলে হিউমারাসের মস্তকের অসম্পূর্ণ অধঃ স্থান-চ্যুতি ঘটে, সঙ্গে সঙ্গে ডেন্টইড পেশীর
পক্ষাঘাত থাকিলে এর্জ্পবস্থা অধিকতর হয়।

ত্রেকিয়াল ট্রাইসেপ্স্ পেশী—ইহারা প্রকোর্চের প্রসারক। ইহাদিগের পক্ষাঘাত হইলে বাহু কেবল আপন গুরুত্বে প্রসারিত হইতে পারে। যথনই প্রতিরোধ উপস্থিত করা যায়, অথবা মস্তকোর্ক্কে বাহু খাড়া ভাবে ধৃত করা যায়, প্রকোষ্ঠ প্রসারিত করা অসম্ভাব হইয়া পড়ে।

ইণ্টার্নেল ব্রেকিয়াল—উব্ড় অথবা চিং না করিয়া ইহা প্রকোষ্ঠ সংকুচিত করে। ব্রেকিস্থাল ট্রাইসেপ্স একই সময়ে ইহাকে সংকুচিত এবং চিত করিয়া থাকে, সেই সময়েই স্থ্যপাইনেউর লঙ্গাস ইহাকে সামান্তাকারে আনত এবং পরে সংকুচিত করে। সবল সংকোচনে এই সকল পেশী সমভাবে সংকুচিত হয়। সংকোচন কালে যদি একই সময়ে আনতি অথবা চিতাবস্থা ঘটে, ইহাদিগের মধ্যে কোন এক পেশীর অভাব বুঝা যায়। যদি এই তিন পেশীরই পক্ষাঘাত জন্মে, তথাপি, হস্তের এবং অঙ্গুলির সংকোচক পেশী নিচয় যাহার৷ হিউমারাদের ইণ্টার্নেল বা অভ্যন্তরীণ কণ্ডাইল (অস্থ্যগ্র প্রবর্দ্ধন ) হইতে উৎপন্ন হয়, এবং আনতকারী বা প্রনেটর টিরিস পেশী যে সময়ে হস্ত প্রতিঘন্দী পেশীগণ দারা স্থিরবদ্ধ থাকে, সবলে সংকুচিত হইলে তথনও সামান্ত সংকোচন ঘটিতে পারে। প্রকোষ্ঠ আনত এবং মণিবন্ধ প্রসারিত অথবা সংকুচিত অবস্থায় স্থির থাকিলে হস্তের এবং অঙ্গুলির প্রসারক পেশীনিচয়ও প্রকোষ্ঠের সংকোচনের বৃদ্ধি করিতে পারে। এই সংকোচনের ক্বত্রিমতা সহজেই বোধগম্য হয়, যেহেতু হস্ত এবং অঙ্গুল্যাদির সাধারণ অবস্থানে ইহা অসম্ভব।

যদি বাইসেপ্স্পেনী মাত্র একা পক্ষাঘাতযুক্ত হয়, প্রকোষ্ঠ কঠিনরপে সংকৃতিত করা যায়, কিন্তু রোগী সহজেই ক্লান্ত হইয়া পড়ে এবং স্কন্ধে বেদনার অনুভব হয়। প্রতিরোধ অতিক্রম করিয়া সবলে প্রকোষ্ঠের সংকোচনে যদি পেশী সমুন্নত না হয় তাহাতে স্কুপাই-নেউর লেঞ্জাস্থেল প্রকাষ্ঠ পিরুষার আকার পায়। ইহার ক্ষম জন্মিলে প্রকোষ্ঠ টেকুয়ার আকার পায়।

স্থপাইনেটর ব্রেভিস—প্রসারিত প্রকোষ্ঠের সহিত হস্ত চিত অবস্থায় আনয়ন করে। প্রনেটির ক্রিসিএং প্রনেটর ক্সাডেটিকি পেশীগণই প্রকৃত আনতকারী। এক্ষেনসর কার্পাই রেডিয়েলিস লঙ্গাস—হস্ত প্রসারিত এবং সঙ্গে সঙ্গে কোদগুলি বা রেডিয়াস (radius) পার্মাভিমুথে আরুষ্ট করে; এক্স্টেনসর কাপাই আব্দোরিস পোনী হস্ত প্রসারিত এবং আলনার পার্মাভিমুথে আরুষ্ট করে। একস্টেনসর কার্পাই রেডিয়ালিস ব্রেভিস্ পোনীই ইহাদিগের মধ্যে সহজ প্রসারক।

সম্পূর্ণ প্রসারক পেশীর পক্ষাঘাত হইলে হস্ত দেহকাণ্ড পার্শ্বে ঝুলিয়া পড়ে এবং নিশ্চেষ্ট ( passive ) উত্তোলনাস্তর ছাড়িয়া দিলে পুনরপি তদবস্থানে যায়। হস্ততলের চাপ স্বল্পতর হইয়া যায়, কারণ অঙ্গুল্যাদির প্রসারক পেশীগণকে সম্পূর্ণ কার্য্যে আনিতে হস্তের প্রসারণের আবশুক। যদি হস্তের নিশ্চেষ্ট প্রসারণ করা যায়, তদমুপাতে হস্ততলের চাপের বৃদ্ধি হয়।

এক্ষেন্সর কমুনিস ডিজিটরাম অপিচ এক্ষেন্সর ইণ্ডিসিস্ এবং এক্ষেন্সর মিনিমাই ডিজিটাই অঙ্গুলির শেষ পংক্তি-অস্থির প্রসারিত এবং প্রত্যেক অঙ্গুলি অন্ত হইতে পৃথগ্ভূত করিয়া মধ্যাঙ্গুলি হইতে তাহাদিগের বহিনীয়ন করে।

এক্ষেন্সর কমুনিস ডিজিটরামের দৃঢ় সংকোচনে হস্তের মণিবন্ধ-সন্ধি-স্থান কিঞ্চিৎ প্রসারিত হয়। এক্স্ন্তেন্সর কমু-নিস ডিজিটরাম দিতীয় এবং তৃতীয় অঙ্গুলি-পংক্তি অন্তির (phalanx) প্রসারণ সহ কোন সম্বন্ধরহিত।

ফেক্সর কার্পাই রেডিয়ালিস্—ইহা হস্ত সংকুচিত এবং কিঞ্চিৎ আনত করে, তাহাতে হস্ততল কুর্পরান্থি বা আলনাভিমুথে কিঞ্চিৎ ঘূণিত হয়; পামার লঙ্গাস পেশী কেবল হস্ত সংকুচিত করে, সম সময়েই হেলুকসার কার্পাই আলেশ্বারিস্, বিশেষ করিয়া হস্তের আলনান্থিরপার্য সংকুচিত করে এবং হস্ত এরপ ভাবে চিত করে যে তলদেশ রেডিয়াস বা কোদগুন্থির অভিমুখীন

ইয়। পঞ্চম করভাস্থিও (metacarpal bone) এই পেশী দ্বারা মণিবন্ধ
প্রস্থির (Carpal) উপরে বক্র হইয়া আসে। হস্তের সংকোচক
পেশীগণের পক্ষাঘাত অবস্থানের অধিক বিশৃংথলা উৎপন্ন করে না, কারণ
হস্ত আপন গুরুত্বেই সংকুচিত থাকে। অঙ্গুলির পেশীগুলি যদি স্বস্থ থাকে,
তাহারা কিঞ্চিৎ পরিমাণ, হস্তের পক্ষাঘাত যুক্ত সংকোচক পেশীগণের
কার্য্য সম্পাদন করিতে পারে।

ফুক্সর সারাইমিস ডিজিটরাম—ইংা দিতীয়, ফ্রেক্সর প্রফান্ডাস ডিজিটরাম শেষ ফ্যালাঞ্জেস বা অঙ্গুলি-পংক্তি
অন্তিবয় সংকৃচিত করে। ইহাদিগের অত্যধিক প্রসারণকালে অথবা
ইহাদিগের সংকোচন হইলেও যথন অত্যাত্ত অঙ্গুলি-পংক্তি-অন্তি বা ফ্যালাঞ্জেস
প্রসারিত থাকে, এবং ইহারা প্রথম অঙ্গুলিপংক্তি অন্তিরও সংকোচন
উৎপন্ন করে, তদবস্থায় বাতীত প্রথম অঙ্গুলি-পংক্তি-অন্তির সংকোচন সহ
ইহাদিগের কোন সম্বন্ধ দেখা যায় না। হস্তের যত অধিক প্রসাবণ হয়,
সংকোচক পেশীদিগের (flexors) ক্রিয়া তদমুপাতে দৃঢ়তর হইতে
থাকে।

ফেক্দর সারাইমিস ডিজিটরাম — ইহাদিগের পক্ষাঘাতে বিতীয় অঙ্গুলি-পংক্তি-অন্থি-প্রদারক পেশীদিগের (অন্থিমধ্য) অতি গুরুত্বে ক্রমে ক্রমে প্রথম অঙ্গুলি-পংক্তি-অন্থি-অভিমুখে সংকৃচিত হয় এবং এমন কি, অসম্পূর্ণ অধ্য-স্থানচ্যুতিও (subluxation) ঘটতে পারে; স্ক্রেক্সার প্রফা-গুলি-পংক্তি-অন্থির ব্যবধান দোষ সংঘটিত করিতে পারে, তথাপি ইহা কচিৎ দৃষ্ট হয়, কারণ এই সকল পেশীর নিঃসঙ্গ পক্ষাঘাত অতীব অসাধারণ।

ইণ্টার-অসিয়াস — বা অন্থিমধ্য এবং লাহ্সিব্র কেলিস বা হস্ততল-ক্ষমিবৎ পেশীর ক্রিয়ার সম্যক জ্ঞান থাকার নিতান্ত আবশুক, কারণ ইহারা অতি অনেক সময়ে এবং বছতর প্রকারের রোগাক্রাম্ভ এক্ষার্নেল এবং ইন্টার্নেল ইন্টার অসিক্সাই পেশী অঙ্গুলাদির বহিনায়ন এবং বিভিন্নতা উৎপন্ন করে। এই চালনার সম্পূর্ণতা জন্ম নেটাকার্প-ফ্যালাজিয়াল বা করভাস্তি-অঙ্গুলি-পংক্তি-অস্থি-দন্ধির উপরে হস্তের প্রদারণের আবশুক। অতএব যদি, এক্**ষ্টেন্সর কমূনিস ডিজিটরামের প**শাগাড কালে এই ক্রিয়ার পরীক্ষার ইচ্ছা করা যায়, তাহাতে অঙ্গুল্যাদির নিশ্চেষ্ট (passive) প্রসারণের আবশুক, এবং কোন আধারোপরি ( পরীক্ষকের হস্তও হইতে পারে) হস্তকে আশ্রয় প্রদান করিয়া রোগীর দারা অঙ্গুল্যাদির অন্তর্নায়ন এবং বহিনায়ন করাইতে হয়। এই সকল পেশীর অন্তবিধ ইহারা মূল অঙ্গুলি-পংক্তি-অন্থিদিগকে সংকৃচিত করে, এবং সঙ্গে সঙ্গে অঞ্সুল্যা-দির দ্বিতীয় এবং তৃতীয় পংক্তি-অন্থ্যাদি প্রসারিত হয়। এই কার্য্যে তাহারা লাহ্মিকেলিস-পেশীর সাহায্য পায়।

এই সকল পেশীর অসম্পূর্ণ পক্ষাঘাতে অঙ্গুল্যাদির পার্শ্ব-চালনার ব্যাঘাত ঘটে। পক্ষাঘাতের বুদ্ধির সহিত উভয় অঙ্গুলি-পংক্তি-অস্থিমধ্য বা ইণ্টার্ফ্যালাঞ্জিয়াল সন্ধির প্রসারণ বাধা প্রাপ্ত হয় এবং বিশেষ এক প্রকার কুরূপতা দেখা দেয়। স্বাভাবিক মহুয়ে অত্যুৎকুষ্ট হইলেও সকল সন্ধির উপরেই হস্ত অতি সামান্ত সন্ধৃচিত হয় ; ইণ্টাব্ল-অসিস্থাই বা অন্থিমধ্য (এবং ল্যাক্সিকেলিস) পেশ্যাদির পক্ষাঘাতে হস্ত-মূলের অঙ্গুলি-পংক্তি-অস্থ্যাদি বা ফ্যালাঞ্জেদ্ সন্ধুচিত হয় — শেষ অস্থি হইতে মধ্যেরগুলি অধিকতর। অবশেষে, প্রতিদ্বন্ধি পেগ্রাদি (এক্ষ্টেন্সর কমুনিস ডিজিটরাম একদিকে এবং অঙ্গুলির লাজ্জ-ফেনুক্সাল্ল্ক্সা বা দীর্ঘ সন্ধোচক পেখাদি অপরদিকে )

প্রাধান্ত পার এবং প্রথম অঙ্গুলি-পংক্তি-অস্থ্যাদিকে যতদূর সম্ভব প্রসারিত করে, সঙ্গে দক্তি দি এবং তৃতীয় অস্থ্যাদি দৃঢ় সঙ্গোচনে থাকে (griffenhaud—গৃধ্র-হস্ত, Claw.hand—থাবা-হাত,main en griffe)।

বৃদ্ধাঙ্গুঠের পেশ্যাদি — এক্ষেন্সর লঙ্গাস পলিসিস পেশী বৃদ্ধান্থ উভয় পংক্তি-অন্থিকে প্রসারত করে, এবং সম্পূর্ণ বৃদ্ধান্থ পিশানি করভান্থি পশ্চাদভিম্থে আরুষ্ট করে। ইহার পক্ষাঘাত হইলে বৃদ্ধান্থলি করভান্থি (metacarpal) সন্মুখাভি-মুখে নত এবং দিতীয় পংক্তি-অন্থি প্রথমের উপরে সন্ধৃচিত হয়। যাহাই হউক, করভান্থি সংস্কৃচিত এবং বহিনিত, প্রথম পংক্তি-অন্থিও সন্ধৃচিত রাধিয়া যদি অক্তর্কান্ত্রক এবং হেনুক্ত সাল্ল ভ্রেভিস প্রশী কার্য্যাবস্থায় আনয়ন করা যায়, তাহাতেও ইহাকে প্রসারিত করা যাইতে পারে। একই সময়ে প্রথম এবং দিতীয় পংক্তি-অন্থির প্রসারণ সম্ভব নহে।

এক্ষেন্সর ব্রেভিস পলিসিস পেশী — ইহা ব্রুলাঙ্গুরির বহির্নারক; ইহা প্রথম করভান্থিকে বহিরভিমুখে আনয়ন করে, প্রথম পংক্তি-অন্থিকে প্রসারিত করে, কিন্তু দিতীয়ের উপরে ক্ষমতাহীন। সমসাময়িকরপে যদি এব্ডাক্টরে (বহিন্দান্তক) লেঞ্চাস পালিসিস পেশীর পক্ষাঘাত জ্বরে তাহাতেই কেবল এই পেশীর পক্ষাঘাতের গুরুত্বের উপলব্ধি হয়। অপিচ এব্ডাক্টরে লঙ্গাস পালিসিস্ পেশী করভান্থিকে বহিরভিমুখে এবং সঙ্গে সর্থাভিমুখে চালিত করে, অর্থাৎ ইহাকে মণিবন্ধ-সন্ধি অভিমুখে সন্ধৃতিত করে, এবং সর্বাধিক সংকোচন হন্তের বক্রতার কারণ হয়। এব্ডাক্টরে লেঙ্গাস পালিসিস্ এবং একং ত্রুত্বিন্তম্বার ব্রেভিস পালিসিস্ পেশীর পক্ষাঘাত হইলে, র্দ্ধাক্ট বহির্নারিত হয় এবং "ভলার হাও (volar hand)" বা করেতল-হন্তে" জ্বরে।

ফেক্সর লঙ্গাস পলিসিস্— ইহা বৃদ্ধাঙ্গুঠের দ্বিতীয় পংক্তি-্বিস্থিকে সঙ্কুচিত করে। ইহার পক্ষাঘাত এই গতির প্রতিবন্ধক বং লিখন ইত্যাদির বাধা জন্মায়।

বৃদ্ধাসূষ্ঠ-গোলকের (ball)—যে সকল পেশী প্রথম অঙ্গুলি-পক্তি-অস্থির
।বং করভাস্থির রেডিয়াল বা বৃহৎ প্রকোষ্ঠান্থি পার্শ্বের উপরে সন্নিবিষ্ট,
।হারা প্রথম করভাস্থিকে সন্মুথ এবং পশ্চাদভিমুথে চালনা করে,
।বং প্রথম অঙ্গুলি-পংক্তি অস্থির এরূপ সঙ্কোচন এবং আবর্ত্তন উৎপন্ন
। হেরে যে ভাহা অঙ্গুলাদির সংযোগে আগমন করে।

ভাপিনেন্স্ পলিসিস্ পেশী — ইহা কেবল প্রথম করভাপিকে (metacarpal) সন্মুথ এবং অভ্যন্তরাভিমুথে চালনা
করে, যাহাতে তাহা সাক্ষাত ভাবে দ্বিতীয়ের বিপরীতে অবস্থিত
হয়। মণিবন্ধের সম্পূর্ণ এবং যথোপযুক্ত সন্নিবেশ জন্ত
অব্দান্তর (বহিনায়ক) ব্রেভিসন এবং ফ্লেক্সনর
(সংকোচক) ব্রেভিসের বহিরংশের সাহাযোর প্রয়োজন। বুজাসুঠের
গোলকের সমগ্র শেশীর পক্ষাবাতে বুজাস্বুঠের করভান্থি, এক্স্তিন্সার (প্রসারক) লঙ্গাস পলিসিস্ পেশীর ক্রিয়ায়
অন্তান্ত করভান্থির সহিত সমতলে আনীত হয় (ape hand,
বান্দর হস্ত)। এব্ডাল্ট্রের ব্রেভিস এবং অপনেন্স
পালিসিস পেশীর পক্ষাবাতে ফ্লেক্সনর ব্রেভিস
দ্বারা কিঞ্চিং প্রতিরোধ সন্তব, কিন্তু প্রথম করভান্থির এতাদৃশ
অসম্পূর্ণ সংকোচন ঘটে যে ইহারা অঙ্গুলি-পক্তি-অন্থিমধ্য-সন্ধাদির
উপরে সন্ধৃতিত হইলে কেবল বুজাসুঠ অন্তান্ত অঙ্গুলির অগ্র স্পর্ণ
করিতে পারে।

অন্তর্নায়ক পেশী—ইহাদিগের পক্ষাঘাত হইলে প্রথম করভান্থি বিতীয় হইতে সাধারণ অপেক্ষা অধিকতর ব্যবধানযুক্ত হয়, এবং সচিম্কুত

অবস্থার তাহার নিকটস্থ হইতে পারে না—নিদর্শন, রোগীর ছড়ি ধারণের চিষ্ঠার দেখা যার।

বস্তিদেশ এবং নিম্নাঙ্গ-শেশী— শ্রুটিয়াস ম্যাক্সিণাস পশৌ উক্তকে প্রসারিত করে এবং কিঞ্চিৎ বহিন্দুথে আবর্ত্তিত করে। অঙ্গাদি অনড় ভাবে স্থির থাকিলে ইহা সঙ্কুচিত বা অনবত দেহকাগুকে প্রসার্থিত বা থাড়া করে। বিশেষ করিয়া এই পেশী সিঁড়ি বহিয়া উঠা, দৌড়ান, চেয়ার হইতে উত্থান ইত্যাদিতে ক্রিয়া প্রকাশ করে, এবং ইহার পক্ষাথাত এই সকল গতির বাধা জন্মায়। প্লাক্তিম্রাস্থানির পক্ষাথাতে রোগী যদি চেয়ারের উপরে উঠিবার চেষ্টা করে, বস্তিদ্যুতার সহিত সন্মুখাভিমুথে অবনত হয়। প্লাক্তিমাস মিডিমাস প্রশান্তি বর্গা করিয় পালে কিয়াপেক্ষা বহিয়নাই অধিকতর। যদি সন্মুখ ভাগ সঙ্কুচিত হয়, তাহাতে উক্ত সন্মুখ এবং বাহাভিমুথে অক্ষ্ঠ হয়, এবং সমসময়েই অভ্যন্তরাভিমুথে কিঞ্চিৎ আবর্ত্তন করে; পশ্চাদংশ উক্তকে পশ্চাৎ এবং বাহাভিমুথে আক্ষ্ঠ করে, এবং ইহাকে বাহাভিমুথে আর্ক্ট করে। প্রাক্তিমাস মিনিমাস প্রশাভিক প্র সমপ্রকার কার্য্য করিয়া থাকে।

এই সকল পেশীর পক্ষাঘাত হইলে, পদের বহিনীয়ন হয় না। ভ্রমণ করিতে পদ ঝুলিয়া অভ্যন্তরাভিমুথে অতি দূরে নিকিপ্ত হয়।

. ইহাতে বিশেষঃ দ্রষ্টব্য এই যে ভ্রমণে বস্তি অত্যধিক উত্তোলিত এবং
নিম্নগত হয়—হংস-গতি (waddling gait)। এক পার্শ্বিক রোগের
পক্ষাণাতে বস্তি বিপরীত পার্শ্বে অবনত হয়; উভয় পার্শ্বের পক্ষাণাত হইলে
ভ্রমণে ইহা দোহলামান পদের বিপরিত পার্শ্বে অবনত হয়।

পাইরিফর্মিস, জিমিলাই, ইণ্টার্ন্যাল এবং এক্ষীর্ন্যাল অব্টুরেটর, এবং দঙ্গে দঙ্গে কস্ত্রাড্রেটাস ফিমরিস্ উর্দ উক্লকে আবর্ত্তিত করে। ইহাদিগের পক্ষাঘাতে পদ (leg ) অবিশ্রাস্ত ভাবে অভ্যন্তরাভিমুখে ঘূর্ণিত থাকে।

ইলিয়-সোয়াস পেশী (eleo-psoas)—ইহা বন্ধন সন্ধির উপরে পদ বক্র করিয়া আনে এবং উরুকে কিঞ্চিৎ বহিরভিমুথে ঘূর্ণিত করে, সঙ্গে সঙ্গে প্রাকৃতিক করে। উভর সংকোচকের পক্ষাঘাত জন্মিলে, ভ্রমণ অসম্ভব হয় ; যদি আংশিক পক্ষাঘাত হয়, ভ্রমণের বাধা জন্মে, এবং পদ (নিম্ন শাখা) অবনত অবস্থার প্রসারিত রাখিলে উরু উত্তোলিত করিতে পারা যায় না।

পি ক্রিনিয়াস, অন্তর্নায়কাদি এবং গ্রেসিলিস পেশীগণ—উরুকে—অন্তর্নায়ন করে। পি ক্রিনিস্থাস একই সময়ে
অন্তর্নায়ন এবং সংকোচন সংসাধিত করে। এড্ডাক্টর (অন্তনাস্থাক) লাজ্ঞাস এবং ব্রেভিস কেবল সামান্তাকারে সংকৃচিত
করে। এই তিনটিই জ্জ্মার কিঞ্চিৎ বহিরভিমুখীন আবর্ত্তন সম্পাদিত করে।
এড্ডাক্টর মেপ্লাস জ্জ্মাকে সাক্ষাৎ ভাবে অভ্যন্তরাভিমুখে
আরুষ্ট করে; ইহার নিমন্ত অংশ জ্জ্মাকে অভ্যন্তরাভিমুখে আবর্ত্তিত
করে।

অন্তর্নায়ক পেশীদিগের পক্ষাবাতে পদের (নিম্নশাথা) অন্তর্নায়ন বাধাপ্রাপ্ত হয়। অপিচ বহির্নায়ক পেশীদিগের অতিগুরুত্ব হইতে ইহা বাহাভিমুথে আবর্ত্তিত হয়। একরূপ পক্ষাবাত বাহাতে কেবল প্রেড্ডাক্টির ক্রেহাাক্সের নিমাংশ আক্রমণ করে, নিম্নশাথার অন্তর্নায়ন সহ বহিরভিমুথান আবর্ত্তন উপস্থিত হয়।

ক্য়াভিদেপ্দ ফিমরিস—ইহা নিমাঙ্গের জন্মাদেশ প্রসারিত করে। নিমাঙ্গের প্রসারিত অবস্থায় ক্রেক্টাস ফিম্বিসে বন্ধন সন্ধিকে দৃঢ় রূপে সংকৃচিত করে। এক্টেন্সর বা প্রসারক পেশীর পক্ষা-থাতে জাত্বর প্রসারিত অবস্থায় দণ্ডামমান সম্ভব হয়; কটের সহিত ক্রমণণ্ড সম্ভব হইয়া থাকে। অঙ্গপ্রসারিত রাখিতে হইবে, যেহেতু সংকোচক গণের ক্রিন্মারম্ভ হইলেই থাড়া অবস্থান অসম্ভব। সংকোচনের বাধা প্রদানার্থ দীর্ঘতর পাদবিক্ষেপের স্বল্পতা জন্মে, কারণ প্রলম্বিত, দোলারমান পাদবিক্ষেপে স্থামু-সন্ধির সংকোচনের আবশুক।

ক্য়াড়িসেপ্সের—আংশিক পক্ষাণাত ভ্রমণে নিম্নপদের অতি-রিক্ত সংকোচন উৎপন্ন করে; খঞ্জ-ষষ্টি ( crutch ) অথবা ছড়ির ব্যবহারে কঠের লাঘব হয়। কন্ত্রাজ্ঞিসেপ্সের পক্ষাঘাতের পরিচয়ার্থ, উক্ন বস্তির উপরে সংকুচিত রাথিয়া, শায়িত রোগীর নিম্ন পদপ্রসারিত করিতে হইবে। পদতল কোন বস্তুর উপরে অবস্থিত হইবে না। উপবেশনাবস্থায় নিম্ন পদপ্রদারিত করিতে পারা যায় না; এবং নিশ্চেষ্ট (passive) উত্তোলনের পরে তৎক্ষণাৎ পুনঃ পতিত হয়। "হাঁটুভাঙ্গা" অবস্থান হইতে উত্থান অসম্ভব অথবা অসম্পূর্ণ পক্ষাঘাতে রোগী তাহার জাতুর উপরে হস্ত রাথিয়া ইহাদিগকে পশ্চাদভিমুখে চাপিত করিলে মাত্র সম্ভব হয়।

ভাষ্টাস ইন্টার্নাসপেশী—ইহার নি:সঙ্গ পক্ষাঘাতে, ভাষ্টাস এক্ষ্টার্নাসের প্রসারণ প্যাটিলা অস্থিকে পার্শ্বে আরুষ্ট করে। এমন কি, ইহাতে প্যাটিলার স্থান চ্যুতিও ঘটিতে পারে। এমন কি প্যাটিলা বন্ধনীর বিদারণেও, ভাপ্টাই পেশী-স্থ্রাদির টবিয়া বা বৃহত্তর জত্যান্তির পার্শ্বোপরি সংলগ্ন থাকে বলিয়া নিমুপদের কিঞ্চিৎ প্রসারণ সন্তব।

সার্টরিয়াস পেশী—ইহা বঙান এবং জান্ধ-সন্ধির সংকোচন করে, এবং উরুকে বহিরভিমুথে আবর্ত্তিত করে; ইহার ক্রিয়া অসম্পূর্ণ থাকে। প্র্যাহ্নিলিল পেশী নিম্ন পদ (জজ্বা) কিঞ্চিৎ সংকুচিত করে, পদের অধিকতর অন্তর্নায়ন করে, এবং ইহাকে অভ্যন্তরাভিমুখে আবর্ত্তিত বাইসেপ্স সেমিটেণ্ডিনসাস, এং সেমি-ক্ষেত্রেল্সাস নিম্ন পদের সংকোচক এবং বন্ধন সন্ধির প্রসারক।

ইহারা সাধারণ ভ্রমণে বঙ্খন-সন্ধির প্রসারণ ঘটায় (য়ৄটিয়াল পেশী ইত্যাদি সিঁড়ি আরোহণে)। রোগী যদি স্বতঃই পশ্চাদভিমুখে বক্র হইয়া মাধ্যাকর্ষণ-কেন্দ্র পশ্চাদভিমুখে নিক্ষিপ্ত না করে এই সকল পেশীর পক্ষাঘাতে বস্তি সক্ষুথাভিমুখে অবনত হয়। যেহেতু পদ (নিয়শাখা) আর বলের সহিত সংকুচিত করিতে পারা যায় না,বঙ্খন-সন্ধি সাভাবিক অপেক্ষা অধিকতর বক্র করিয়া সংকোচন অপেক্ষাক্তত সহজ করিতে হয়; তাহাতে নিয়ালের গুরুষ নিবন্ধন বক্র হইয়া থাকে। যদি পদের (নিয়শাখা) উপরে ভর করিয়া দাঁড়ান যায়, অধিকাংশ গুরুষই ক্রহ্মাভিত্রস্প্রসাক্র প্রসারণ পদকে সবলে পশ্চাদ্বক্র করে। ভ্রমণ, দেণ্ডান, নর্ভন ইত্যাদি অসম্ভব হইয়া থাকে।

পপ্লিটিয়াস পেশী — ইহা নিম্ন পদ আবত্তিত করে, এবং যথন অভ্যম্ভরাভিমুথে সংকুচিত করা যায়, ইহা আপনা হইতে আপনাকে অতি সামাগ্য সংকুচিত করে।

ট্রাইসেপ্স স্থরি (Surae) পেশী (গ্যাষ্ট্রক্নিমিয়াস, প্ল্যাণ্টারিস এবং সলিয়াক)—ইহারা পদ সংকোচনের এবং পদ অন্তর্নায়নের বৃদ্ধি করে। অপিচ পদ এরূপাকারে ঘূর্ণিত হয় যে পদপৃষ্ঠ বহিরভিমুথে যায়। সহজ পদতল সংকোচনে পির্নিয়াস লঙ্গাস-পেশীরও কার্যো যোগ দানের আবশুকতা জন্মে। জান্তর প্রসারিত অবস্থার ইহার কার্যা অধিকতর সবলতার সহিত সম্পাদিত হয় (প্যাষ্ট্রক্-নিমিন্থাসন, যাহা ফিমার অন্থিতে প্রবিষ্ট, জান্তর কিঞ্চিৎ বক্রতা জন্মায়); যথন নিম্ন পদ (জঙ্মা) উক্লর উপরে বক্র থাকে, স্নালিন্থাসন প্রশাসন ব্যাক্রিয়া করে।

ট্রাইসেপ্স স্থারি পেশী — <sup>উ</sup>হার পক্ষাঘাতে পদের সংক্চন প্রায় অসম্ভব হইয়া পড়ে, এবং কথনই নব্বই অংশের (degrees) অধিক

रुप्र ना। **शित्र निर्दाम लङ्गाम (श्र**मी अथम अननाञ्चिरक (metatarsus ) নিমাভিমুথে আরুষ্ট রাখিয়া পদের বহির্বক্রতা ( valgus ) উৎপন্ন করে। ক্রমে ক্রমে, এক্ষ্টেন্সরস বা প্রসারকাদি (পদ-পৃষ্ঠের সংকো-চকাদি) দারা যাহাকে হাচেটফুট (টাঙ্গিবৎপদ)" বলে উৎপন্ন হয়। ষাহাই হউক, পরে সর্ব্ধ সময়ে প্রতিদ্বন্দিদেগের সংকোচন হয় না। রোগী অঙ্গুষ্ঠোপরে ভর করিয়া উত্থিত হইতে পারে না; তাহার পক্ষে ভ্রমণ কষ্ট-সাধা হয়! ইহার ফল স্বরূপ পদতলদেশের পেশী এবং পেশী-বেষ্ট-তান্তব ঝিল্লির গৌণ থব্বীভূততা জন্মিয়া তাহা হইতে এই প্রদেশের স্পষ্টতর থিলানবং ( arch ) অবস্থা উৎপন্ন হয়।

পির্নিয়াস লঙ্গাস পেশী—পদের প্রসারণ সহ ইহার সামান্তই সম্বন্ধ: বিশেষ করিয়া ইহা একটি বহিন্যিক। ইহা অভ্যন্তর পার্শ্বের অবনতাবস্থা এবং বহিপার্শ্বের উত্তোলন করে, এবং প্রদদাস্থির (metatarsus) মস্তক নিম্ন এবং বাহাভিমুখে আরুষ্ট করে, এইরূপে সন্মুখ পদের আকারের থর্কতা জন্মাইয়া তাহা হইতে পদের থিলানবৎ আকারের বৃদ্ধি করে।

এই পেশীর পক্ষাঘাতে অন্তর্নায়ন সহ পদের প্রসারণ ঘটে: পদের সন্মুখ ভাগের অভ্যন্তর পার্শ্ব এক্ষণে আশ্রয়প্রাপ্ত হয় না. এবং চাপ নিবন্ধন ঝুলিয়া পড়ে। চলিতে, পদের কেবল বাহ্য কিনারা গৃহতল স্পর্শ করে; প্রথম প্রদান্তির মুগু গৃহতল হইতে উত্থিত থাকে এবং বুদ্ধাস্থ্র সবলে সংকুচিত হয়। পদতলের থিলানের স্থায় আকার দণ্ডায়মানে হ্রাস প্রাপ্ত হয়, পদের একরূপ সমতল অবস্থা ঘটে। ভ্রমণ কাস্তিজনক, অঙ্গুঠের উপর ভর করিয়া দণ্ডায়মান অসম্ভব, অথবা অনিশ্চিত।

ভ্রমণে পদতলের উপরি দেশের স্নায়ুর উপরে চাপ অসহিষ্ণুতাধিক্য এবং বেদনা উৎপন্ন করে।

টিবিয়েলিস এণ্টিকাস, এক্ষেট্নসর লঙ্গাস ডিজিট-

রাম এবং এক্ষেন্সর হালুসিস লঙ্গাসপেশী—ইহারা পদের প্রসারণ উৎপন্ন করে। সম সময়েই তি বিস্ফাাস্থ একি কাজ একটা অন্তর্ণায়ক পেশী; ইহা প্রদদান্থির মুগু উর্দ্ধ এবং অভ্যন্তরা-ভিমুখে আরুষ্ঠ করে, এবং পদের সমুখ ভাগের অভ্যন্তরীণ কিনারা উন্তোলিত করে (সম সময়েই পদাঙ্গুল্যাদি, বিশেষতঃ বৃদ্ধ পদাঙ্গুলি সংকুচিত হয়)। এক্ষেন্সর লঙ্গাস ডিজিটরাম চারিটি পদা-ভূলির সামান্ত প্রসারণ করে, কিন্তু ইহা পদের একটি বিশেষ প্রসারক; অপিচ ইহা পদের বাহু কিনারা উন্তোলিত এবং পদ বহিনায়িত করে। এক্ষেনসর লঙ্গাস হালুসিস পেশী বৃদ্ধান্থ্র্যুর প্রথম পংক্তি-অন্থির সংকোচন আনয়ন করে, এবং সম সময়েই পদের প্রসারণ এবং অন্তর্ণায়নের (adduction) সাহায্য করে।

এই সকল পেশীর পক্ষাঘাতে পদ উত্তোলিত করিতে পারা যায় না;
গৃহতল হইতে উত্তোলন মাত্র পদ শিথিল ভাবে ঝুলিয়া পড়ে। ভ্রমণে,
গৃহতলের উপরে পদাস্কুলি লাগিয়া যায়। এরপ যাহাতে না হইতে
পারে তজ্জন্ত ভ্রমণ কালে পদ উভয় বজান এবং জারু সদ্ধির উপরে
সংকুচিত হয়। একারণ পদ নিক্ষেপ অতি বিশেষ প্রকারের হয় (নৃতন
চিকিৎসক দিগের নিকট ইহা শারীরিক ক্রিয়া বৈষম্য ঘটত (ataxic)
বলিয়া বিবেচিত ইইবে)। পুরাতন পক্ষাঘাতে সংকোচক পেশীদিগের সংকুচিতভাব ঘটে, এবং ইহা হইতে অশ্বক্র-পদ (pes
equinus) উৎপন্ন হয় (ইহার সহিত পিরনিয়াস পেশীর পক্ষাঘাত
হইলে অস্তর্বক্র পদ (pes equino varus) জয়ে। এই কুরূপতা
ক্রমশঃ স্থায়ী হইয়া যায়।

কেবল টিবিয়েলিস এণ্টিকাস পেশীর পক্ষাথাত হইলে পদের প্রসারণ এবং অন্তর্ণায়নের মিশ্রণ ঘটে। পদাঙ্গুলির দীর্ঘ প্রসারকগণ, বিশেষতঃ একৃষ্টেন্সর হ্যালুসিস লঙ্গাস অধিকতর রূপে টান টান হয়, রন্ধ পদাসুঠের প্রথম পংক্তি-অভির পুরাতন প্রসারণ পূর্ব হইতে থাকে।

এক্ষেন্সর লঙ্গাস ডিজিটরাম পেশীর নিঃসঙ্গ পক্ষাঘাতে বহির্নায়ন যোগদান সহ পদপুষ্ঠের সংকোচন করে। পির্নিয়াস ব্রেভিস পেশী পদের বহির্নায়ন এবং বাহু কিনারার সামান্ত উত্তোলন করে, ইহার সংকোচন অথবা প্রসারণ করে না।

টিবিয়েলিস পষ্টিকাস পেশী প্রদারণ অথবা সংকোচন ব্যতীত পদের অন্তর্ণায়ন ঘটায়; সম সময়েই বাহ্য কিনারা হ্যাক্সতা প্রাপ্ত হয়, এবং গুলফাস্থির মুগু পদের পশ্চাতে উপস্থিত হয়।

এই সকল পেশীর (পিরনিয়াস ব্রেভিস এবং টিবিয়েলিস পষ্টিকাস)
পক্ষাঘাত, ইহার সহিত সংকোচন এবং প্রসারণ ব্যতীত সহজ অন্তর্ণায়ন
অথবা বহিণায়নের বাধা জন্মায়, এবং সময়ে কুরূপতা উৎপন্ন করে।

পদের সম্পূর্ণ পেশীর পক্ষাঘাত অপেক্ষা একমাত্র পেশীর অথবা দলে দলে পেশীর ক্ষমতার অপচয়ে পদের ক্রিয়া কঠিনতররপে ক্ষতিগ্রস্ত হয়, কারুণ সম্পূর্ণ পেশীর পক্ষাঘাতে কোন বিস্তৃত আকারত্রইতা ঘটে না, কিন্তু কেবল বহির্বক্র পদ (pes valgus) উৎপন্ন হয়, য়েহেতু শরীরের গুরুত্ব নিবন্ধন গুলুফাস্থি কিঞ্চিত বহিরভিমুথে তাড়িত হয়। গৌণ সংকোচনের উৎপত্তি সম্বন্ধীয় প্রমাণ দগুরমানের অবস্থা। শ্যাগত রোগীর পক্ষে এই বিবরণ প্রযোজ্য হয় না। অন্ত্রচিকিৎসক মথোপযুক্ত বিনামা দারা জ্জ্বাসহ পদ সমকোণ করিয়া স্থির রাখিলে ভ্রমণ সম্ভব হয়।

পদের এক্ষেন্সর কমুনিস ডিজিটরাম লঙ্গাস বা এই নামের দীর্ঘতর পেশী অপেক্ষা সম নামের থর্কতর (brevis) পেশী পদবুদ্ধাসুষ্ঠাদি পদ-পৃষ্ঠাভিমুখে অধিকতর আকৃষ্ঠ করে।

ইণ্টার-অসিয়াই পোডিদ এবং লাম্ব্রিকলিস পেশী কেবল পদাঙ্গুলি দিগের বহির্নায়ন এবং অন্তর্ণায়ন উৎপন্ন করে না, কিন্তু প্রথম অঙ্গুলি-পংক্তি-অস্থিকে সংকুচিত করে, এবং সঙ্গে সঙ্গে তাহারা দ্বিতীয় এবং তৃতীয়ের প্রসারণ ঘটায়।

দীর্ঘ এবং থর্ক সংকোচক ডিজিটরাম পেশীদ্বয়, এবং সংকোচক পেশী হাালুসিস লঙ্গাস শেষ পদাঙ্গুলি-পংক্তি অস্থি দিগকে পদ তলাভিমুখে সংকুচিত করে।

অন্তর্নায়ক, ফেক্সর ত্রেভিস, এবং বহির্নায়ক হালুসিস পেশী বৃদ্ধাস্থ প্র প্রথম পংক্তি-অন্থির সংকোচন এবং দ্বিভীয়ের প্রসারণ উপস্থিত করে। বহির্নায়ক এবং ফেক্সর ত্রেভিস পেশীর অভ্যন্তর মন্তক বৃদ্ধাস্থ অভ্যন্তরাভিমুথে এবং অন্তর্নায়ক বহিরভিমুথে চালিত করে। গৃহতল হইতে পদ ঠেলিবার পূর্ব ক্রিয়া স্বরূপ পদের সংকোচনে এই সকল পেশা সংকৃচিত হয়। পদাঙ্গুলাদির প্রসারক পেশীদিগের পক্ষাঘাত জন্মিলে ইন্টার অসিয়াই পেশীগণের প্রাতন প্রকৃতির সংকোচন সংঘটিত হয়, প্রথম পংক্তি-অন্থিগণের সংকোচন, শেষ প্রভিনর প্রসারণ ঘটে, এবং এইরূপে পদাঙ্গুলিদিগের অনিয়মিত অবস্থান সংঘটিত হয়। ইন্টার অসিয়াই পেশীগণের পক্ষাঘাত হইলে, প্রথম পদান্ত-অন্থিদিগের অনিয়মিত ক্রেয়ান সংঘটিত হয়। ইন্টার অসিয়াই পেশীগণের পক্ষাঘাত হইলে, প্রথম পদ-পংক্তি-অন্থিদিগের অভিপ্রসারণ জন্মে, এবং তাহা-দিগের মুগুদির কিয়ৎ পরিমাণ অধ্যোদিকেস্থানচ্যুতি ঘটে, দ্বিতীয় এবং তৃতীয় সংকুচিত হয় (থাবা-পদ-claw-foot)। ভ্রমণে বাধা জন্মে না, কিন্তু বেদনা হয়, ভ্রমণ এবং দেইডানের উপর বিলক্ষণ ক্ষমতা প্রকাশিত হয়।

মস্তক এবং কশেরুকাস্থি নিচয়ের চালনাকর পোশী
—নিম্নলিখিত পেগ্রানির ক্রিয়া সম্বন্ধে বিশেষ অভিজ্ঞতার প্রয়োজন।

ফীর্নক্লিডম্যাফ্টইড পেশী—ইহা মুখমগুল বিপরীত পার্ষে ঘূর্ণিত করে, তাহাতে চিবুক ঐ পার্ষে হেলিয়া উত্থিত হয়, সঙ্গে সঙ্গে মস্তক পেশীর সমপার্ষে অবনত হয়, এবং সেই পার্ষের কর্ণ অন্ত পার্ষের অপেক্ষা নিমতর সমতলক্ষেত্র প্রাপ্ত হয়। এই সকল পেশীর

যদি যুগপৎ সংকোচন ঘটে, তাহারা পৃষ্ঠাভিমুখে অবনত মস্তক চিবুকের উত্তোলন সহ সন্মুথাভিমুথে আনয়ন করে। এই ক্রিয়ার পরীক্ষার ইচ্ছা হইলে, রোগীর হেলানের অবস্থা করিতে হইবে, পরে অমুজ্ঞামুসারে রোগী মস্তক উত্তোলিত করিবার সময় তাহার চোয়ালের উপরে চাপ দিয়া চেষ্টার প্রতিরোধ ঘটাইতে হইবে।

ত্বগধদেশে তাহাদিগের আকার এতাদৃশ স্পষ্টরূপে প্রকাশিত হয় যে তাহাদিগের সংকোচন সহজে দেখিতে পাওয়া যায়: কিন্তু ইহার উপরে বিশ্বাস স্থাপন করা যায় না, কারণ অনেক সময়ে তাহাদিগের স্বাভাবিক বৃদ্ধি হয়, কিন্তু দেখিতে পাওয়া যায় না।

এক পার্মীয় পক্ষাঘাতে মস্তকের কোন অস্বাভাবিক অবস্থান হইবার কারণ দেখা যায় না, কিন্তু সাধারণতঃ অন্ত পার্শ্বের পেশীর ক্রিয়ার অনুগামী অবস্থানে মস্তক গ্বত হইয়া থাকে, এবং যদি সেই স্থানেই র্ক্ষিত হয়, স্থায়ী সংকোচন জন্মিতে পারে। উভয় পার্শ্বের পক্ষাঘাত যাহা মস্তক দৃঢ়ব্ধপে পশ্চাদভিমুখে অবনত রাখে, কণ্টে সন্মুখাভিমুখে বক্র করা যায়।

রেক্টাই ক্যাপিটিদ এণ্টিকাদ (মেজর এবং মাইনর) (পশী—ইহারা এটুল্যাণ্ট-অক্সিপিটাল (প্রথম গ্রীবাকশেরুকা-করোটী পশ্চাদস্থি ) সন্ধির উপরে মস্তক সম্কুচিত করে।

(त्रक्वाम क्यां भिष्टिम न्या हो। (त्र निम (भ्रमी—हेश यसक পার্শাভিমুথে বক্র করে।

**লঙ্গাস** কলাই পেশী—ইহা গ্রীবার সংকোচক।

রেক্টাস ক্যাপিটিস পষ্টিকাস পেশী—মন্তক পশ্চাদভি-মুখে চালিত করে।

অব্লাইকাস ক্যাপিটিস ইন্ফিরিয়র অথবা মেজর **পেশী—ইহা মস্তকের আবর্ত্তন করে।** 

বাইভেণ্টার সার্ভিদেস এবং কম্প্রেকসাস মেজর পেশী—ইহারা মন্তক পশ্চাদভিমুখে আরুষ্ট করে।

. স্প্রিনিয়াস ক্যাপিটিস এট্ কলাই পেশী — ইহা মন্তক পশ্চাদভিমুখে আরুষ্ট করে, এবং সঙ্গে সঙ্গে সঙ্গুচিত পেশীর পার্খা-ভিমুখে ঘূর্ণিত করে।

সেক্র-লাম্বার এবং লঞ্জিসিমাস ডর্সাই পেশী—
ইহারা কটি এবং নিমপৃষ্ঠের কশেরুকান্থিদিগকে প্রসারিত করে। এক
পার্মীয় ক্রিয়ায় কশেরুকাদি পশ্চাদভিমুথে এবং সঙ্কুচিত পেশীর পার্যাভিমুথে
আরুষ্ট হয়, এই সংঘটনে উর্দ্ধ অষ্টম পৃষ্ঠ-কশেরুকান্থি হইতে নিমাংশ
পর্যাস্ত মেরুদণ্ড মোচড়াইয়া যায়, এবং ইহার ম্যুক্ততা বিপরীত পার্মাভিমুখীন হয়।

সেমিস্পাইনেলিস ডর্সাই এবং মাল্টিফিডাস স্পাইনি পেশী — ইহারা মেরুদণ্ডের আবর্তুনকারী।

কয়াড্রেটাস লাম্বরাম পেশী — ইহা নিয়তর মেরুদণ্ডকে পার্যাভি-মুথে বক্র করে।

ইরেক্টার ট্রাক্ষাই পেশী— এই নামের উভর পার্শ্বন্থ পেশীর পক্ষাঘাত হইলে, ভ্রমণকালে এবং দণ্ডারমানাবস্থার পৃষ্ঠ পশ্চাদভিমুথে নিক্ষিপ্ত হয়, তাহাতে এরূপ ঘটে যে তৃতীয় পৃষ্ঠকশেরকা হইতে রজ্জু প্রালম্ভিত করিলে সেক্রাম অস্থির পশ্চাতে পতিত হয়, সঙ্গে সঙ্গে বস্তি উত্তোলিত হয় (উদরিক পেশীর ক্রিয়া)।

মের-দণ্ডের কিঞ্চিৎ অভ্যন্তর বক্রতা (lordosis) উপস্থিত থাকে, অবনত হইলে তাহা বিদ্বিত হয়। উপবেশনাবস্থায় মেরুদণ্ড পশ্চাদভি মুখে নৃজ্জভাবে থিলানাকার পায়, এবং রোগী হুই হল্ডের আশ্রয়ে সমুখাভিমুখে পতন হইতে আত্মরক্ষা করে।

ওদরিক পেশী-ইহাদিগের পক্ষাঘাত খাস-প্রখাসেও ক্ষমতা প্রকাশ করে, বিশেষতঃ সবল খাসত্যাগে, যেমন কাসি, গান করা, এবং চিৎকার করা প্রভৃতিতে, যাহা আর সম্ভব হয় না। মল মৃত্র ত্যাগেও वांधां करमा।

ঔদরিক পেশীর পক্ষাঘাত ও মেরুদণ্ডের পৃষ্ঠ-কটি প্রদেশে অভ্যন্তর বক্রতা বা লড় ডিসিস থাকে, কিন্তু পূর্গ-কশেক্ষকা হইতে রজ্জ্বশঙ্গিত করিলে সেকরাম অস্থির মধ্যদেশের উপরে পড়ে, কারণ বস্তি সমুথাভিমুথে দৃঢ় বক্র হয়। উদর এবং নিতম্ব উচ্চতর দেখায়।

বাছর আশ্রয় ব্যতীত অবনত অবস্থা হইতে উথিত হওয়া অসম্ভব।

যেহেতু ওদরিক মন্ত্রাদি শিথিল উদর-প্রাচীর সন্মুথে ঠেলিয়া দেয়, এজন্ম ডায়াফাম পেশীকে যথেষ্ট আশ্রয় প্রদান করে না, ডায়াফ্রাম পত কার উত্তোলনে অক্ষম হয়, কিন্তু বক্ষ-মূলের বিস্তৃতির হ্রাস করে।

ক্রিয়া সামপ্রস্থার (Co-ordination) বিশৃষ্টালা।— পেশীশক্তির অপচয়সহ অথবা তম্বতীতও ইহা ঘটিতে পারে।

সম্পূর্ণ সামঞ্জন্ত থাকিলে প্রত্যেক পেশীই স্বস্থ নিয়মিত কার্য্য করিবে— ঠিক উপযুক্ত পরিমাণে শিথিল অথবা সন্ধুচিত হইবে। প্রত্যেক অঙ্গেরই ইচ্ছান্তবর্ত্তী চালনায়, উপযুক্ত কার্য্যসাধনে ক্রিয়া সামঞ্জন্তের আবশুকতা জন্ম।

স্থলবিশেষে কখন কখন এক অথবা একাধিক পেশীর পক্ষাঘাত সম্পূর্ণ সামঞ্জন্তের বাধা জন্মাইতে পারে। সর্ব্ধপ্রকার ফল্মচালনা, যেমন, লিখন, চিত্রকার্য্য, গানকরা ইত্যাদি কেবলই অতি সম্পূর্ণভাবের সামঞ্জস্ত থাকিলে সম্ভৱ হয়। কোনৱাপ পক্ষাঘাত উপস্থিত না থাকিলেও কোন নিৰ্দিষ্ট চালনা সুন্মভাবে সম্পন্ন করার অপারকতা অবগ্রই অসম্পূর্ণ সামঞ্জন্ত নিবন্ধন ঘটে। সামঞ্জন্ত অনেক পরিমাণে অবিশ্রান্ত শিক্ষা এবং চেষ্টার ফল।

জ্ঞানতঃ অথবা অজ্ঞানতঃ অভিপ্সীত চালনার অবশ্রুই একটি যথার্থ মানসিকচিত্র উপস্থিত হয়।

অবিলম্বেই দৃষ্টিগোচর হয় যে সম্পূর্ণ স্কব্যস্থাতেও কতিপন্ন নির্দিষ্ট পেশী-চালনার সামঞ্জন্ম সাধনে কিন্তুৎ পরিমাণ অপারকতা বর্তুমান থাকে।

তাহাকেই রোগের অসামঞ্জশু বলে যাহাতে সাধারণ চালনারও সামঞ্জশু করা যায় না; যে সকল সামঞ্জশু বিষয়ে শিক্ষা দেওয়া হইয়াছে, তাহা নিয়মিত থাকে। পেশী-শক্তির অসাধারণ অপব্যয় দ্বারা এই শিক্ষা বিশিষ্টতা পায়, সাধারণ সহজ পদ্ধতি অনুসারে হয় না; চালনা বিশেষের চেষ্টায়, যে সকল পেশী সাধারণতঃ ব্যবহৃত হয় না অথবা সাধারণতঃ চালনা সংযত রাথে, তাহারাও প্রযুক্ত হইয়া থাকে।

রোগীর আবদ্ধ চক্ষুর সহিত শারীরিক ক্রিয়া বৈষম্যের (ataxia)—
অস্বাভাবিক অসমঞ্জনীভূত ক্রিয়ার পরীক্ষা করিতে হইবে। চক্ষু মানসিক
যথাযথ চিত্র নির্দ্ধাণে সাহায্য করে এবং ইহাই মানসিক প্রবর্ত্তনা প্রদান
করিয়া, অমুপযুক্ত চালনার সংযোধনে সাহায্য করিয়া থাকে। অত্যর ক্রিয়া বৈষম্যে (ataxia) ব্যবহার্য্য অঙ্গোপরি উন্মীলিত চক্ষু আবদ্ধ রাথিলে ক্রিয়া সামঞ্জন্ত (Co-ordination) সম্পূর্ণতা পাইতে পারে,
কিন্তু আবদ্ধ চক্ষু থাকিলে অতীব অসম্পূর্ণ হয়।

গুল্ফ এবং অঙ্গুঠাদি সহ পদ-যুক্ত, এবং চক্ষু নিমীলিত করিয়া রোগী দণ্ডারমান হইবে; যদি ক্রিয়া বৈষম্য বর্ত্তমান থাকে, সম্ভবতঃ রোগী টালিবে, এমন কি, একপদ উথিত করাইলে, তাহার পক্ষে এক পদের উপরে দাড়ান অসম্ভব হইবে। রোগী পতিতও হইতে পারে। এক পদ উত্তোলিত করিলে, তাহার পক্ষে একপদের উপরে দণ্ডারমান হওয়া অবস্তব হইবে। তাহাকে কোন নির্দিষ্ট স্থানে, যেমন সিঁড়ির ধাপের উপরে এক পদ স্থাপনের চেষ্টা করিতে বলিলে, সে তাহা অনিয়মিত এবং ঝাঁকিযুক্ত গতির সহিত করিতে পারে, রুদ্ধ চক্ষুতে গৃহতল

বহিন্না যাতাযাত করিতে বলিলে, দৃষ্ট হইবে সে ন্যনাধিক টলিতেছে, এবং তাহার পদের অনিয়মিত ঝাঁকিযুক্ত গতির বৃদ্ধি হইয়াছে।

ক্রিয়াবৈষম্য বর্ত্তমান থাকিলে, হেলিয়া থাকার অবস্থায় রোগী চক্ষ্
নিমীলিত করিলে ঋজুভাবে পদের উত্তোলনে অপারক হইবে, বহিরভিমুখে অথবা অভ্যন্তরাভিমুখে, পদের অন্তর্নায়ন, বহির্নায়ন অথবা আবর্ত্তন
ঘটিবে, এবং তাহার সহিত অবিশ্রান্ত পাশাপাশি ভাবের দোহল্যমানভাব
দৃষ্ট হইবে।

কম্পন (tremon)।—কার্য্য প্রত্যেক ব্যক্তিরই জাগ্রৎ অবস্থায় সর্বনার জন্ম কম্পন উপস্থিত থাকে, কিন্তু সাধারণতঃ প্রকাশ থাকে না। এরূপাবস্থায় অবশুই রোগী তৎপ্রতি কখনই চিকিৎসকের মনোযোগ আরুষ্ট করে না। কারণরূপে আময়িক বিধান বিকার ঘটিত অপায় ব্যতীতই ইহা প্রকাশিত হইতে পারে। সম্পূর্ণ স্বাভাবিক অবস্থাতেও ইহা স্পষ্টিতা লাভ করিতে পারে। অবিশ্রাস্তরূপে কোন অঙ্গ অধিক সময়ের জন্ম অস্বাভাবিক এবং আশ্রয় হীন অবস্থানে গ্রুকরা, অধিক সময়ের জন্ম কোন পেশী অথবা পেশীদল অবিশ্রান্ত গুরুতাসহ টানের অবস্থায় রাখা, যেমন কোন ভারি বস্তধারণ করা, যে কোন প্রকার অতি পরিশ্রম অথবা প্রবল ভাবাবেশ স্বাভাবিক স্পষ্ট কম্পন উপস্থিত করিতে পারে।

ক্ষয়কারী রোগের আরোগ্যাবস্থায়, কোন প্রকার অমিতাচারের পরে, 'বিশেষতঃ শীর্ণবিস্থায় শৈত্য সংস্পর্শে, যাহাকে স্বাভাবিক স্পষ্ট কম্পন বলে, শ্রীকাশিত হইতে পারে।

ইহা গুল্মবায়ু রোগের ফলও হইতে পারে, অথবা কোন প্রকার বিষের ক্রিয়া অথবা স্নায়ুমগুলের নিন্দিষ্ট কোন আময়িক বিধান বৈকারিক পরিবর্ত্তন হইতেও জন্মিক্রেপারে।

্ ইহাদিগকৈ ক্রত এবং ধীর বলিয়া হুই প্রকারে বিভক্ত করা যায়, সুক্ষ অথবা সুলক্ষপে, দ্রুত এবং সুক্ষ, এবং ধীর এবং সুল একত্রিত প্রকাশিত হয়, কিন্তু সর্ব্বত্ত নহে। অপিচ সৌত্রিক কম্পন হয়। ইহা একপেশী-গুচ্ছ-স্থত্তে দেখা ধায়, অথবা একই কম্পনের ঢেউ, যে পর্ব্যস্ত সম্পূর্ণ পেশী আক্রান্ত না হয়, ক্রতার সহিত এক গুচ্ছ হইতে গুচ্ছান্তরে যায়।

স্মরণ রাধার আবগুক যে একপ্রকার বংশপরম্পরাগত কম্পন থাকিতে পারে, যাহা আপাত দৃষ্টিতে সম্পূর্ণ স্বাভাবিক। বিশেষ প্রকারের কম্পনাদি গুল্মবায়ু, সকম্প পক্ষাঘাত এবং গুচ্ছাকার ঘণীভূততা যুক্ত স্থলতা প্রভৃতির বর্ণনাকালে উল্লেখিত হইবে।

অনুভূতি সংস্ফ পরীক্ষা।—শার্শন্তির সম্বনীয় জ্ঞান এবং রোগীর তাহার স্থান নির্দেশের ক্ষমতার পরীক্ষায়, অঙ্গুলির অগ্রভাগই সম্ভবতঃ সর্ব্বোংকৃষ্ট যন্ত্র। ছগ্ধ পোষ্য বালক এবং ক্ষুদ্র শিশুদিগের মধ্যে, এই প্রকার চৈতন্ত সাধারণতঃ সম্পূর্ণ উৎকর্ষ লাভ করে না। ক্ষতাক্ষ এবং যে স্থানের ত্বক বিশেষ স্থলতাযুক্ত, যেমন ব্দ্বাঙ্গুর্তির তলদেশ বা বল, ব্যতীত শরীরের সর্ব্বত্রই প্রত্যেক ব্যক্তিরই তৎক্ষণাৎ অঙ্গুল্যগ্রের সামান্ত স্পর্শপ্ত পারা উচিত, এবং ঠিক স্থান নির্দ্বেশেরও ক্ষমতা থাকার আবশ্রক। অপিচ রোগীর কঠিন বস্তুর সহিত স্পর্শ, যেমন বৃক্ষয়ের হাতল, ছুরিকা, চাবির রিং, এবং কোমল, যেমন অঙ্গুল্যগ্রের মধ্যে প্রভেদের ক্ষমতা থাকাও উচিত।

চক্ষুর আবদ্ধ অবস্থায় রোগীর পরীক্ষা হওয়া উচিত। রোগী "না" অথবা অন্ত কোন প্রকারে তৎক্ষণাৎ স্পর্শের বিষয় প্রকাশ করিবে; যে পর্যাস্ত রোগী বিশেষ মনৌযোগ দিয়াছে এবং ক্ষমতার শেষ পর্যাস্ত প্রয়োগ করিয়াছে বলিয়া বোধগম্য না হয়, পুনঃ পুনঃ চেষ্টা করিয়া নিশ্চিত ধারণা করিতে হইবে।

পরে কোন প্রকার স্ক্রাগ্র বস্তু, যেমন আলপিন অথবা স্কৃচি, কাঁচির অথবা ছুরিকার অগ্র, শরীরোপরিস্থ নানাবিধ স্থানে চিমটিকাটা দারা চেষ্টা

করিতে হইবে। রোগীর এই সকলের প্রভেদ ব্ঝিতে পারা উচিত, এবং সে বলিবে, স্পর্শের বিষয় স্কল্প কিন্তা সুল, অথবা কোন সমতল দেশ ষেমন পেনসিলের মন্তক।

এই সকল পরীক্ষা হইতে জ্ঞাত হইবার বিষয়—চৈতন্য বর্ত্তমান আছে কিনা, তাহা স্বাভাবিক অপেক্ষা স্বন্ধতর অথবা অধিকতর, চৈতন্তের প্রেরণা যদ্রপ হওয়া উচিত তদপেক্ষা অধিকতর অথবা স্বল্পতর, রোগী ত্বক-চৈতন্যের স্থান নির্দেশ করিতে পারে কি না, অথবা প্রেরণাকারী স্নায়-পথ এরূপ বাধা প্রাপ্ত যে প্রেরণার বাধা জন্মে, বেদনা-চৈত্তা স্বাভাবিক অপেক্ষা অধিকতর অথবা স্বল্পতর তীক্ষতা বিশিষ্ট। তাপ এবং শৈতোর চেতনা বিষয়ে পরীক্ষা করিতে হইবে। একটি উষ্ণ এবং সভা একটি ্রল জলের কাচের চুঙ্গি মাত্র ইহার জন্ম প্রয়োজন, স্বস্থ ব্যক্তিদিগের সহিত তুলনা দারা ইহার প্রয়োজনাত্মরূপ নিভূলি জ্ঞানলাভ করা যায়। শরীরের সকল অংশই সমানরূপে তাপ এবং শৈত্যের চেতনা সম্পন্ন নহে।

গভীর চেতন৷ শক্তির পরীক্ষা জন্ম রোগীর দৃষ্টি বদ্ধ করিতে হইবে। এক্ষণে রোগীর হাত, বাহু, পদ অথবা জঙ্ঘা কিঞ্চিতরূপে এক এবং অন্তদিকে চালনা করিবার পর রোগীকে জিজ্ঞাসা করিতে হইবে. কি ভাবে কোন স্থানে কি করা হইল।

অপিচ রোগী বলিবে ঠিক কোন অবস্থানে তাহার ভিন্ন ভিন্ন অঙ্গ অবস্থিত। কোন কোন অবস্থায় রোগী বলিতে অক্ষম নিম্নাঙ্গাদি কাটাকাটি ভাবে অথবা ব্যবহিত ভাবে অবস্থিত।

অনুভূতির বিশৃংখলা ৷—বেদনা আধ্যাত্মিক, রোগোদেগ সংস্থ (hypochondriacal) অথবা গুলাবায়ু সংস্রবীয় হইতে পারে। ইহা কৈন্দ্রিক অপায় ঘটিত অথবা পারিধেষ্ট্রিক বিকার সংস্পষ্ট হইতে পারে। বেদনার কারণের স্থানের নিরূপণ অত্যাবশ্যকীয়। সাধারণতঃ ইহা পর্ব্যবেক্ষণ এবং পরীক্ষা হইতে চিস্তা দারা স্থির হইয়া থাকে। বেদনার তীক্ষতার পরিমাণ অবশুই উপস্থিত লক্ষণ হইতে চিস্তা দারা নিরূপণ করিতে হইবে। বেদনা যদি প্রকৃতই অতীব তীক্ষতা বিশিষ্ট হয়, সাধারণতঃ সঙ্গে সঙ্গে গতিদ, শোণিত-য়য়ৢ-গতিদ, অথবা প্রবণক্রিয়োৎপাদক সায়ুর লক্ষণ জন্মে, যাহা ইচ্ছাশক্তির অমুগামী হইতে পারে না। বেদনার স্থান, প্রসারণ এবং প্রকৃতি মত্মের সহিত নির্ণয় করা আবশুক।

সহাত্তৃতিক স্নায়ু মগুলের বিফাসাত্মসারে কোন অভ্যন্তরীণ যন্ত্রের বেদনা সাধারণতঃ সেই প্রদেশের ত্বকের উপরে অতুভূত হয় যাহা রুগ্ন যন্ত্রের সহিত একই মেরুমজ্জা-রজ্জ্ র অংশ হইতে সায়ু গ্রহণ করে।

চৈত্ত্যাধিকাই বৰ্দ্ধিত স্পৰ্শাসহিষ্ণুতা বলিয়া কথিত।

প্রদ- চৈতন্তের অপচয়, স্পর্শজ্ঞানের লোপ বলিয়া কথিত; অধিকর্তন্তর নিশ্চয়াত্মক ভাষায় ইহা স্পর্শজ্ঞান রাহিত্য। অতি তীক্ষ স্পর্শাসহিষ্ণুতা হইতে স্পর্শজ্ঞানের সম্পূর্ণ অপচয় পর্যান্ত প্রত্যেক পরিমাণ চৈতন্ত থাকিতে পারে।

চেতনা বৈকল্য অস্বাভাবিক অন্পুভূতি ভিন্ন অন্ত কিছুই নহে,—সড় সড়ি, বিড়বড়ি এবং তদ্বৎ অন্তান্ত অনুভূতি। ইহারা যে সকল বিশেষ বিশেষ অর্থের প্রকাশক তাহা রোগ বর্ণনান্ন বিবৃত হইবে।

ত্বক-প্রতিক্ষিপ্ততাদি (Skin Reflexes)।—যদিও ইহাদিগকে শরীরের সর্নাংশেই দেখিতে পাওয়া যায়, এস্থলে কেবল তিনটির
বিষয়ই বর্ণিত হইল। রোগ-নির্নাচনে ইহারা অতীব মূল্যবান, অন্তান্ত গুলি
এপর্যান্তও তদ্রপ হয় নাই। যে কোন প্রতিক্ষিপ্ততা ইচ্ছাশক্তি, চৈতন্ত অথবা গতি শক্তির পক্ষাঘাত, অথবা প্রতিদ্বন্দী পেশীদিগের সংযুক্ততা দ্বারা অবরোধিত হয়। স্থানিক উত্তেক্ষনার উপস্থিতি, অথবা শরীরাংশাদিতে গমন-পথের যে কোন স্থানের উত্তেক্ষনাপ্রবণ অবস্থা দ্বারা ইহারা বর্দ্ধিত হইতে পারে। পদতলের স্থভুস্থড়ি অথবা চিমটিকাটা দ্বারা পদতল-প্রতি-ক্ষিত্ব তাল্ল উদ্রেক করা যাইতে পারে, এবং ইহা সহজ ও হঠাৎ পদের পশ্চাৎ টান মাত্র; সম্পূর্ণ নিমাঙ্গের বাঁকি সহ চালনাও হইতে পারে। পদ তলে যত অধিক উত্তেজনা দেওয়া যায় বাঁকিও অমুপাতিক রূপে অধিক-তর হয়। স্বাভাবিক ভিন্নতার পরিমাণ অনেক অধিক।

উদরিক পতিক্ষিপ্ততা—নথ, দাত, খোঁচা অথবা তক্রপ কোন বস্তর অগ্রছারা উদর-পার্শ্বের উপরে আঘাত করিলে ঔদরিক প্রতিক্ষিপ্ততা উৎপন্ন হয়; সহজ প্রতিক্ষিপ্ততায় ঔদরিক পেশীর সামাস্যাকার সংকোচন দৃষ্ট হইতে পারে, যে সকল স্থলে এক শার্শে ইহা অধিক কাল অমুপস্থিত থাকে তাহাতেই কেবল ইহার প্রধান কার্য্য কারিতার উপলব্ধি হয়। স্কুখব্যক্তিদিগের মধ্যে উপস্থিতি এবং কার্যিস্থ সম্বন্ধে ইহা অত্যন্ত অনিম্নিত।

ক্রিম্যাফীরিক পেশী প্রতিক্ষিপ্ততা—উরুর অভ্যন্তরীণ পার্শ্বের অন্তর্নায়ক পেশীদির্গের উপরে অল্প অঘাত হইতে ইহা উৎপন্ন হয় এবং তাহাতে ক্রিম্যাষ্টারিক পেশীর সংকোচন বশতঃ অগুকোম-ত্বক উত্তোলিত হয়। অগু-কোম-ত্বক-প্রতিক্ষিপ্ততার সহিত ইহার ল্রাপ্তি না হয়, তাহা অগু-কোম-ত্বকের সহজ্ব সংকোচন মাত্র।

মস্তিক্ষের এক পার্শ্বের রোগ যাহা এক পার্শীর পক্ষাঘাত উৎপন্ন করে, তাহাতে এই সকল প্রতিক্ষিপ্ততার অভাব অথবা অনেকাংশে স্বল্পতা ঘটে। রোগ, মাদকতা অথবা নিদ্রা নিবন্ধন অজ্ঞানাবস্থায় ইহার। অফু-পস্থিত থাকে।

সর্ব্বাঙ্গীন আক্ষেপ অথবা স্থানিক আক্ষেপ।—সহজ অস্বাভাবিক পৈশিক সংকোচনকে আক্ষেপ বলা যায়। ইহারা বলবং, (tonic) অর্থাৎ অধিক কাল স্থায়ী পেশীর অনৈচ্ছিক সংকোচন হইতে পারে, অথবা ক্ষণিক (clonic) সংকোচন হইতে পারে, যাহাতে শীঘ্র শীঘ্র পর্য্যায়

ক্রমিক সংকোচন এবং শিথিলতা ঘটে। সম্পূর্ণ শরীরই আক্রান্ত হইতে পারে। ইহাকে তথন সর্বাঙ্গীন বা সাধারণ আক্ষেপ বলা যায়। অনেকটা শরীরাংশ পর্যান্ত হইলে ইহাকে আংশিক বলা হইয়া থাকে; যদি সম্পূর্ণ এক পার্খ, অর্দ্ধ আক্ষেপ অথবা অর্দ্ধ সর্ব্বাঙ্গীন আক্ষেপ; একটি অঙ্গ অথবা একটি পেশী অথবা পেশীদল মাত্ৰ, একাক্ষেপ (monospasm) বলিয়া কথিত। সাক্ষাৎ অথবা প্রতিক্ষিপ্ত উত্তেজনা আক্ষেপের কারণ হইতে পারে; অর্থাৎ উত্তেজ্ঞনা মস্তিক্ষে, মেরু-মজ্জারজ্জ্বতে, অথবা যে কোন স্নায়্-গঠনে, অথবা যে কোন যন্ত্রে, অথবা শরীরোপাদানে থাকিতে পারে। কোন দূরবর্ত্তী শরীরাংশের উত্তেজনা হইতে স্থানিক আক্ষেপ জ্বনিতে পারে। কোন অন্ত-ভূতিদ স্নায়ু-দেশে বেদনা অথবা উদ্দীপনা আক্ষেপ উৎপন্ন করিতে পারে; যাহাই হউক, সর্বস্থলেই ইহারা ফ্লুজারের বিধির ( l'fluger's law ) অনুসরণ করিবে, যে অনুভূতিদ স্নায়ুর সর্ব্ধপ্রকার উত্তেষ্কনাই শরীরের সম-পার্শ্বের সম উচ্চতায় গতিদ স্নায়ু আক্রমণ করিবে।" মন্তিম্ব বাহাংশের ( cortex ) উত্তেজনা হইতেই প্রধানতঃ সর্বাঙ্গীন আক্ষেপ জন্মে। যতদূর পর্যান্ত নির্দেশ করা সম্ভব হইতে পারে. মস্তিষ্ক বাহাংশের কোন রোগ উত্তেজনা উৎপন্ন করায় ইহারা সম্পূর্ণতঃ আধ্যাত্মিক শক্তি প্রভাবে উৎপন্ন হইতে পারে; নির্দিষ্ট কতিপয় বিষ এবং শোণিত-সঞ্চলনের বুশুংখলাও ইহাদিগের কারণ হইতে পারে।

যাহাই হউক, ইহা সম্ভব যে অধিকতর স্থলেই মস্তিক্ষ-বাহাাংশের (cortex) এরূপ কতিপন্ন ক্ষুদ্র অপান্ন ইহাদিগের কারণ বাহা আমরা নিশ্চিতই নির্ণন্ন কন্ধিতে অসমর্থ।

শোণিত-যন্ত্রচালক (ভাস-মটর), অনুস্কৃতিদ (সেন্-সরি) এবং পরিপোষণকর (trophic) স্নায়ুর বিশৃংখলা।— যদিও অধুনা ইহা নিশ্চিত রূপে সাব্যস্ত বলিয়াই অনুমান করা যায় যে মন্তিষ্ক-বাহাংশে (cortex) গতি সাধক স্নায়ুকেন্দ্র সন্নিহিত স্থানে, অপিচ চতুর্থ মন্তিক্ষ-কোটরের (fourth ventricle) তল দেশে এবং মেরুমজ্জা-রজ্জুর সম্পূর্ণ দীর্ঘতা বাহিরা, সম্ভবতঃ সন্মুখ এবং পার্শ-স্তন্তের ধুসর পদার্থে (gray matter) কেন্দ্র বিজ্ঞমান আছে, 'হথাপি মাতৃকা-মূলাধারেই (medulla oblongata) প্রধান শোণিত-যন্ত্র-চালক-স্নায়্-কেন্দ্র অবস্থিত বলিরা গণ্য।

ষেত্রে সহামুভূতিক স্নায়ুমণ্ডলই সম্পূর্ণ শোণিত-যন্ত্র-চালক স্নায়ুর অতি অধিক অংশ গ্রহণ করে, তজ্জ্ম তাহাই শোণিত-যন্ত্র-গতি সংস্কৃষ্ট বিশৃংখলার অতীব গুরুতর কারণাংশ বলিয়া পরিগণিত হয়।

শোণিত-যন্ত্র-প্রসারক এবং শোণিত-যন্ত্র-সংকোচক বলিয়া ছই প্রকার স্নায়ু বিভ্যমান আছে।

পোষণ-ক্রিয়াসাধক স্নায়ুর বিশৃংথলার ফলস্বরূপ পেশীক্ষয়, স্বয়ং সিদ্ধ অস্থিভঙ্গ এবং সদ্ধির রোগজ পরিবর্ত্তন (arthropathics) এবং সবিরাম-সদ্ধি-শোথ (joint hydrops) প্রভৃতি জন্মে; অপিচ অনেক প্রকার বকরোগ, এপর্যান্তও যাহাদির্টোর প্রকৃতি সম্বন্ধে আমরা অজ্ঞ, যেমন ত্বক-মন্ত্রণতা, কেশ-খলন অথবা কেশ-প্রকৃতা, অদমনীয় ক্ষত এবং নথরের স্থুলতা অথবা ভঙ্গুরতা ইত্যাদি দৃষ্টি গোচর হয়।

মেক্র-মজ্জা-রজ্জুর সন্মুথ শৃঙ্গের সায়ু-গ্রন্থি-কোষ দারা কন্ধাল-পেশীর পোষণ নিয়মিত হয়। সায়ু-গ্রন্থি-কোষ তাহার প্রবর্জনাদি সহ, সায়বিক অর্ক্ দু (neuron) বলিয়া কথিত একটা স্বতন্ত্র যন্ত্র-নিম্মাণ করে, যাহা সন্মুখ মায়ু-মূলে প্রবিষ্ঠ হয় এবং পারিধেয়িক সায়ুর সহিত পেশীতে গমন করে। নিউরন বা সায়বিক অর্ক্ দের অপক্ষপ্ততা সম্পূর্ণ অথবা আংশিক রূপে কোষের ক্র্যাবস্থা অথবা কেবলই তাহার প্রবর্জনের রোগ হওয়ার উপরে নির্ভর করে। পেশী যুগপৎ-সায়বিক অর্ক্ দের সহিত অপকৃষ্ঠতা পায়। এরূপে ইহাকে সাধারণ নিয়ম বলিয়া গ্রহণ করিলে কোনই দোষ স্পর্শ করে না বে পেশী এবং মেক্রমজ্জা-রজ্জুর স্বায়বিক অর্ক্ দের অপকৃষ্ঠতা

মেরুমজ্জা-রজ্জুর রোগ হইতে জন্মে। মেরুমজ্জা-রজ্জুর সহামুভূতিক এবং পারিধেয়িক স্নায়্র অথবা কশেরুক মাজ্জেয় স্নায়্-গ্রন্থির (ganglion) রোগ কোমলোপাদান, ত্বক অথবা অন্থির পোষণ-বিভ্রাটোৎপন্ন করিতে পারে।

স্থান সম্বন্ধে অল্পই বলিবার আছে; তদিধরে আমরা অতি অল্পই জ্ঞাত।
সম্ভব হইতে পারে যে সম্মুথ শৃঙ্গে যে সকল কেন্দ্র আছে তাহারাই অনেক
পরিমানে ঘর্মা নিয়ন্ত্রিত করে। এবিষয়ে কোনই সন্দেহ থাকিতে পারে না যে সাক্ষাৎ ভাবে অথবা গৌণ ভাবে সহাত্ত্তিক সায়্-মণ্ডল ধাবতীয় স্রবণ
ক্রিয়া সম্বন্ধ অতিশয় ক্ষমতা প্রকাশ করে।

বিশেষেন্দ্র পরীক্ষা | — রসনেন্দ্রিয় — কার্যাতঃ এই পরীক্ষার দামান্তই ব্যবহার হয়। ইহা স্মরণীয় যে জিহ্বার সমুথ ছই তৃতীয়াংশ এবং পশ্চাৎ তৃতীয়াংশ এবং তালু-গলনলী ( palato-pharangeal) প্রদেশ ভিন্ন ভিন্ন স্নায়ুর বিস্তার ক্ষেত্র। অমাস্বাদ জন্ত জিহ্বার সমুথ এবং তিক্তাস্বাদ জন্ত তাহার পশ্চাদংশের উপরিদেশ অধিকতর তীক্ষ্ণতা বিশিষ্ট।

পরীক্ষার্থ, একথণ্ড কাগজের উপরে সমান এবং স্থাপপ্তিরূপে "লবণাক্ত" "তিক্ত" "মিষ্ট", এবং "অমাক্ত" প্রভৃতি কথা লিখিতে হইবে, পরে রোগী চক্ষু নিমীলিত এবং মুখ উন্মুক্ত করিলে, এক একটি কাচ দণ্ডের এক এক তৃতীয়াংশ শর্করাদ্রবে ভূযাইয়া জিহ্বা সংস্পৃষ্ট করিতে হইবে; এক্ষণে রোগী যে আস্থাদ পাইয়াছে চক্ষু উন্মুক্ত করিয়া তল্লিখিত কাগজখণ্ড দেখাইবে। প্রত্যেক বার মুখ সম্পূর্ণরূপে প্রকালিত করিবে, এবং সম পদ্ধতি অনুসারে লবণ, দিকা ( vinegar ) এবং কুইনাইনের—কুইনাইন সর্ব্বশেষে, দ্রবের পরীক্ষা করিবে। জিহ্বার প্রত্যেক পার্শ্ব সম্বন্ধে পৃথকভাবে চেষ্টা করা ভাল। নির্ব্বোধ রোগীর পক্ষে এই পরীক্ষা বিশেষ ফলদাম্বক নহে।

আ'ণেল্ফিয়—ইহাও কার্য্যতঃ বিষেশ মূল্যবান নহে, এবং অনেক

সময়েই সম্ভোষজনক নহে। রোগীর মুখে শুনিয়া ফলাফলের নির্ণয় করিতে হইবে।

এই পরীক্ষা বিষয়ে সর্ব্বোৎকৃষ্ট উপায়াদি মধ্যে ল্যাভেণ্ডার, লবঙ্গ (cloves), তার্পিন এবং পুদিনাশাকের (pepper mint) তৈল প্রধান স্থানীয়। ইহাদিগের প্রত্যেকেরই ভিন্ন ভিন্ন এবং সহজে পরিচয়োপযুক্ত ঘাণ আছে, এবং ইহারা শ্রৈত্মিক ঝিল্লির অনুভূতিদ সায়ুর উত্তেজনাকর নহে।

এক নাসা-রন্ধ্র বন্ধ করিয়া অন্ত নাসারন্ধ্র সন্নিহিত স্থানে তৈব ধারণ করিলে, রোগী ঘ্রাণের বর্ণনা করিবে অথবা বলিবে তাহা কোন বস্তু। প্রথমে এক পার্শ্ব পরে অন্তের পরীক্ষা করিবে। এরূপ রোগী পাওয়াও অসম্ভব নহে যাহার। এই সকল বস্তুর সহিত যথেষ্ঠ পরিচিত নহে যে ঘ্রাণ দ্বারা তাহা-দিগকে চিনিতে পারিবে। এই সকল স্থলে যাহার গন্ধের সহিত রোগী পরিচিত সেই প্রকার বস্তুর অনুসন্ধান করিয়া বাহির করিতে হইবে।

কোন স্থানিক রোগে সায়্র সীমান্তভাগের ধ্বংস অথবা কৈন্দ্রিক অপচয়, করোটীমূলের অস্থিভঙ্গ, এবং মস্তিষ্কীয় অর্ক্তৃদ ইত্যাদি হইতে ঘাণের অপচয় ঘটে।

শ্রবণে ক্রিয়—ইহার পরীক্ষা অত্যাবশুকীয়। প্রত্যেক চিকিৎ-সক্রেই নিজ নিজ ওয়াচ-ঘড়িঘারা বহুতর স্কুস্থ কর্ণের পরীক্ষা করা উচিত, তাহাতে কর্ণ হইতে কি পরিমাণ দূরে ইহার টিক টিক শ্রবণ করা উচিত তদ্বিময়ে তাঁহার নিশ্চিত ধারণা জন্মিতে পারে। রোগী চক্ষু বন্ধ করিলে এক কর্ণের নিকট ঘড়ি রাখিতে হইবে, এবং মন্তক-পার্শ্ব হইতে ঋজু রেখায় উহা ধীরে এতাদৃশ দূরতর প্রদেশে লইয়া ফাইতে হইবে যাহাতে রোগী আর টিক টিক শুনিতে না পায়। এক্ষণে দূরতার পরিমাণ স্থির করিয়া চিকিৎসকের ঘড়ি অফুসারে দূরত্বের তুলনা করিতে হইবে।

অস্থির সঞ্চালনশক্তির জন্ম পরীক্ষায় কর্ণ-রন্ধবন্ধ করিতে হইবে,

পরে করোটীর ভিন্ন ভিন্ন অংশসহ চিকিৎসকের ঘড়ি যদি উচ্চতর िक िक विभिष्टे इम्र जारा. यिन ना रम्न, এकिए इरे काँगेयुक निर्मिष्टे স্থরগ্রামের লৌহ যন্ত্র (tuning fork) সংলগ্ন করিতে হইবে। যদি শব্দ শুনিতে পারা না যায় অথবা অত্যন্ত অস্পষ্ট হয়, তাহাতে অস্থির শব্দের সঞ্চালন ক্ষমতা স্বল্পতর বলিয়া জানিতে হইবে। শ্রবণের যন্ত্রগত অপচয়ের মধ্যে প্রভেদ নিরূপণে করোটীর যে কোন অংশের উপরে টিউনিং ফর্ক রাখিতে হইবে: রোগী যথন শব্দ শুনিতে না পায়, ইহা কর্ণ সন্মুখের নিকটস্থ করিবে; যদি যন্ত্রগত অপচয় বিভ্যমান থাকে, অবশ্রষ্ট সেস্থানে শক্ষত হইবে না। যদি যন্ত্র স্বাভাবিক থাকে, অথবা ষদি অপচয় চালক স্নায়ুর দোষে ঘটে, শব্দশ্রুত হইবে। যদি শ্রবণের সম্পূর্ণ অপচয় হয়. অবশ্র হুইয়ের মধ্যে কোন উপায়েই শব্দশ্রুত হুইবে না। স্বাভাবিক অবস্থায়, টিউনিং ফর্ক ললাটাস্থির উপরে রক্ষিত হইলে, উভয় কর্ণেই শব্দশ্রত হইবে, এক কর্ণ-রন্ধ বন্ধ করিলে সেই কর্ণে শব্দশ্রত হুইবে। কর্ণের কোন রোগ যদি শব্দ-সঞ্চালক যন্ত্রের কর্য্যের বাধা জন্মায়, ইহা রুগ্নকর্ণে শ্রুত হইবে, কিন্তু যদি স্নায়ুতে দোষ ঘটিয়া থাকে, তাহা স্থস্কর্ণে শ্রুত হওয়া যাইবে।

দর্শনে নিদ্রেয়—সর্বস্থলেই চক্ষুর পরীক্ষা হওয়া উচিত। যদিও
সাধারণ চিকিৎসকের চক্ষুরোগ সম্বন্ধে বিশেষজ্ঞ হওয়া নিতান্ত আবশ্রক
নহে অথবা তিনি তদ্ধপ হইবেন বলিয়া ভরসা করা না যাইলেও তাহাঁর
সম্বন্ধে দৃষ্টি এবং পেশী বিষয়ে চক্ষু স্বাভাবিক কিনা ইহার নির্ণয় করিতে
পারা নিতান্তই আবশ্রক। এরপে ঘটনা নিতান্তই অসাধারণ নহে যে
মাসের পর মাস মাস অথবা বংসর বংসর রোগী কন্ত ভোগ করিয়াছে
তথাপি যে পর্যান্ত পরীক্ষায় প্রকাশিত না হইয়াছে যে সম্পূর্ণ দোষই চক্ষুতে,
তাহার কোন সন্দেহই উপস্থিত হয় নাই। অতি স্পন্ততর অথবা স্থলতর
দোষই সাধারারণতঃ স্বায়বিক বিশৃদ্ধলা উপপন্ন করে না, কিন্তু সামান্ত দোষই

তাহার কারণ। চকুর অতিরিক্ত শ্রমের ফলস্বরূপ যাহা কিছু উপস্থিত হয় সামান্ত অদুর-দৃষ্টি (myopia), দুরদৃষ্টি (hyperopia) অথবা পৈশিক দৌর্ববা সম্ভবতঃ অধিকতর রূপে ঐ সকলের উৎপাদন করে। রোগী স্বতপ্রবৃত্তভাবে তধিকতর দোষের সামঞ্জস্ত করিয়া লয়; অতিরিক্ত ক্ষতি হইবার পূর্ব্বেই তাহারা পরিচিত এবং সংশোধিত হয়। রোগী এক অথবা অন্ত চক্ষুর ব্যবহার করিবে, এবং এক সময়ে একই বস্তুর উপরে উভয় চক্ষুকে কেন্দ্রস্থ করিবার চেষ্ঠা করিবে না। বিষমদৃষ্টি (astigmatism) বলিয়া অবস্থা অনেক সময়েই মনোযোগ আকর্ষণ করে না, তথাপি ইহা চক্ষুর অতি কঠিন কষ্ট উৎপন্ন করিতে পারে।

অদূর-দৃষ্টি অথবা অতিদূর-দৃষ্টির পরীক্ষা জন্ম পরীক্ষা-অক্ষরের ব্যবহার করিতে হইবে। ইহাদিগকে এরূপ স্থানে ঝুলাইতে হইবে যে তাহাদিগের উপরে উজ্জল আলোকরশ্মি পড়িতে পারে, এবং যাহাতে রোগীর চক্ষু সহ সমতল হয়। আলোকের দিকে পশ্চাৎ করিয়া রোগীকে অক্ষর লিখিত কার্ড বা স্থল কাগজ খণ্ড হইতে বিশ ফুট দূরে উপবিষ্ট করাইতে হইবে। এক্ষণে রোগী বৃহৎ হইতে আরম্ভ করিয়া অক্ষর এবং মূর্ত্তি গুলি যে পর্যান্ত এরপ একটি পংক্তিতে উপস্থিত না হয়,যে স্থানে স্পষ্ট করিয়া পাঠ করা যায় না, এবং যে স্থানে সম্পূর্ণ পরিষ্কার রূপে এবং পৃথক ভাবে দৃষ্ট হয় না চিৎকারের সহিত পাঠ করিয়া যাইবে। সর্ব্বাপেক্ষা ক্ষুদ্র যে পংক্তি পর্য্যস্ত সে এইরূপে পাঠ করিতে পারে তাহাই তাহার দৃষ্টির সীমা; ইহা নির্দিষ্ট করিবার জন্ম একটি ভগ্নাংশ ব্যবহাত হয়, যে অঙ্কদারা ঐপংক্তি প্রদর্শিত হয় তাহা এই ভগ্নাংশের ভাজক এবং দূরত্ব ২০ ফুট তাহার গণক বলিয়া গ্রহণ করিতে হইবে। এক্ষণে রোগী উপরি উক্ত ২০ ফুট দূর হইতে যদি ২০ দারা নির্দিষ্ট পংক্তি পরিষ্কার এবং পৃথক রূপে পাঠ করিতে পারে, তাহার দৃষ্টিশক্তি 👯 🕏 অথবা স্বাভাবিক বলিয়া গণ্য। যদি সে কেবল ৪০ দ্বারা প্রদর্শিত পংক্তি পাঠ করিতে পারে, তাহার দৃষ্টি শক্তি 🚴 , এবং দে অদূর দৃষ্টি বিশিষ্ট

(myopic) অথবা নিকট-দৃষ্টি যুক্ত (short sighted)। রোগী যদি ১০ দারা নির্দিষ্ট এবং সর্বাপেক্ষা ক্ষুদ্র অক্ষর-পংক্তি পাঠ করিতে পারে, তাহার দৃষ্টি শক্তি ইঃ, অর্থাৎ সে অনিকট দৃষ্টি যুক্ত (hyperopic) অথবা দ্র দৃষ্টি বিশিষ্ট (longsighted)। এই পরীক্ষা উভয় চক্ষু, অপিচ প্রত্যেক চক্ষু সম্বন্ধেও করিতে হইবে, তৎকালে অন্ত চক্ষু আর্ত থাকিবে। অনেক সময়েই দেখিতে পাওয়া যায়, ছই চক্ষু সমান নহে। যদি ছই চক্ষু মধ্যে অত্যধিক প্রভেদ থাকে, সম্ভবতঃ রোগী অজ্ঞাত সারে, অন্ত চক্ষুর দৃষ্টির বাহিরের বস্তু নিরীক্ষণের জন্ম এক সময়ে মাত্র এক চক্ষুর বাবহারে অভ্যক্ত হইয়াছে। যদি কেবল সামান্ত পৃথকত্ব থাকে, রোগী সর্ব্বদাই বলের সহিত ছই চক্ষুর একত্রে বাবহার করে, ফলতঃ, সে চক্ষুর অতি শ্রম জন্ত কন্থ পায়। এস্থলে চক্ষু-নিরীক্ষণযন্ত্র বিষয়ে কিছু লিখিত হইল না।

দৃষ্টি-ক্ষেত্রেরও পরীক্ষা অত্যাবশুকীয়। ইহা অতি সহজ পদ্ধতি দারা সম্পাদিত হয়। রোগী আলোকের দিকে পিঠ ফিরিটিয়া বদিবে, এক চক্ষু আরত থাকিবে, পরে মুক্ত চক্ষুর সাক্ষাত সন্মুখে এবং তাহার সহিত সমতল ক্ষেত্রে চিকিৎসক একটি অঙ্গুলি ধরিবেন। একটি নিবের হাতলে অথবা লেড পেনসিলের আগায় একথানি চতুক্ষোন শুল্র কাগজ আবদ্ধ করিতে হইবে। ইহা অগু হস্তে লইয়া রোগীর এক পার্শ্বের এরূপ দূর স্থানে ধরিতে হইবে যে রোগী ইহা দেখিতে পাইবে না। পরে ধীরে ইহাকে অগু পার্শ্বাভিম্থে চালনা করিলে, রোগী যে মুহুর্ত্তে শুল্র কাগজ প্রথম দেখিতে পাইবে তৎক্ষণাৎ যে কোন উপায়ে প্রকাশ করিবে। ইহা পার্শ্ব-দৃষ্টির ত্রতা প্রদান করে। ক্রমে প্রত্যেকদিকের সাধারণ কেন্দ্রের নিকটস্থ হইলে, সকলদিকেরই দৃষ্টির ত্রতার নির্ভূল পরিমাণ করা যায়। চিকিৎসক যত্ন-পূর্ব্যক দেখিবেন রোগী ঠিক ঋজুভাবে তাহার অঙ্গুলির প্রতি চক্ষু রাথিয়াছে। অভ্যন্তরীণ দৃষ্টির দূরতা জন্ম লক্ষ্য করিতে হইবে যে নাসিকা দৃষ্টিক্ষেত্রকে সম কোণে কর্ত্তন করে। এই প্রকারে প্রত্যেক চক্ষুর ভিন্নরূপেপরীক্ষা করিতে হইবে।

সমপদ্ধতি অফুসারেই প্রথম নীল, পরে লোহিত এবং পরে একখানি চতুকোণ হরিৎ কাগজের ব্যবহার করিতে হইবে। এই দৃষ্টিক্ষেত্র শুভের পক্ষে যতদূর বুহৎ অন্তান্ত দকল বর্ণের পক্ষে তাদৃশ নহে। যে নিয়মে বর্ণাদির নাম করা হইয়াছে সেই নিয়মেই ক্ষুদ্রতর হইয়া থাকে।

চক্ষ-গোলকের যে কোন পেশীর পক্ষাঘাত অপিচ দৌর্বল্য অথবা সংকোচন ঘটতে পারে। যেরূপ অন্তান্ত দোষে, সাধারণতঃ ক্ষুদ্রতর দোষ-গুলিই সায়বিক বিশৃঙালা উৎপন্ন করে। গৈশিক দোষ সাক্ষাৎ ভাবে সায়ু-মণ্ডলরোগের ফলস্বরূপ জন্মিতে পারে, বিশেষতঃ মস্তিক্ষের, পক্ষাস্তরে পৈশিক দোষ নির্দিষ্ট কতিপয় স্নায়বিক বিশৃঙ্খলা, যেমন স্নায়বিক দৌর্বল্য (neurasthenia), গুল্মবায়ু, মুগীবৎরোগ, উন্মাদ রোগ এবং তদ্রপ অবস্থা প্রভৃতি উৎপন্ন করিতে পারে। কোন কোন গ্রন্থ কর্ত্তার মতে আঘাতজ ব্যতীত প্রায় সর্ব্যপ্রকার মৃগীই চক্ষুর পৈশিক দোষ হইতে জন্ম। বাহাই হউক ইহা স্বীকার্য্য যে অনেক মুগী রোগ, অস্ত্রচিকিৎসা অথবা চশমার ব্যবহার দারা মাত্র চক্ষুর দোষ সংশোধনে আরোগ্য হইয়া থাকে অথবা আরোগ্য করা যাইতে পারে।

নানাবিধ পেশী মধ্যে পরম্পরের সম্বন্ধগত শক্তি যে সম্পূর্ণ স্বাভাবিক নহে তাহার নির্দারণার্থ নিম্নলিখিত উপায়াদি দারা পরীক্ষা যথেষ্ট— রোগীর চক্ষু, যত ত্র সন্তাব প্রত্যেক দিকে অঙ্গুলির অমুসরণ করিবে. এবং তদারা নির্দ্ধারণ করিতে হইবে সর্ব্ব শেষ দুর অবস্থানে স্থিরভাবে এবং কম্পন ব্যতীত চক্ষু রাথা যাইতে পারে কিনা, উভয় চক্ষুর সম্পূর্ণ সামঞ্জন্তের সহিত গতি হয় কিনা, এবং কোন অস্বাভাবিক স্থানে কোন দোষ অথবা দ্বিস্বৃষ্টি আছে কিনা। অঙ্গুলি অর্থবা একটি পেন্দিল রোগীর সাক্ষাৎ সন্মুথে, মুথ হইতে চারি অথবা পাঁচফুট দূরে ধরা ঘাইতে পারে. সে রূপ করিলে রোগী উভয় চক্ষুর দৃষ্টি তত্নপরি স্থিরভাবে রাখিবে, এবং ধীরে চক্ষুর সমতল অবস্থায় অথবা তাহার কিঞ্চিৎ উর্দ্ধে ইহা চালিত করিবে.

ইহা হইতে নির্দ্ধারণ করিতে হইবে—ঠিক কোন স্থানের উপরে দিষদৃষ্টি হয় কিনা, এবং আরও যতই ইহা নিকটস্থ হয় এবং ইহা দেখিবার জন্ম উভয় চক্ষুর এক কেন্দ্রস্থ হওয়ার আবশ্রুকতা জন্মে, এক অথবা অন্স চক্ষু বহির্দ্দিকের অথবা পশ্চাতের কোন কেন্দ্রাভিমুখে আবর্ত্তিত হয় কিনা, অথবা যথন বলপ্রয়োগে এই অবস্থায় ধারণ করা যায় চক্ষু গোলকের কম্পন হয় কিনা। যদি দ্বিত্ব দৃষ্টি উপস্থিত হয় একটি গোলক বহিরভিমুখে আবর্ত্তন করে অথবা সংশোধনের চেষ্টায় স্পষ্টতর কম্পন উপস্থিত হয়—পৈশিক দোষ ইহার কারণ, চক্ষু-চিকিৎসকের চিকিৎসার বিষয়। অভ্যম্ভরীণ পেশী অথবা সাধারণ কথায় কণীনিকার ক্রিয়ার পরীক্ষা অনেক সময়েই অত্যাবগুকীয়। স্বভাবত: কোন উচ্ছল আলোকের প্রবেশে কণীনিকা তৎক্ষণাৎ সন্ধৃচিত হইবে; রোগী যে অবস্থানেই শয়ান থাকুক যাহাতে উজ্জ্বল আলোক রশ্মি চক্ষু মধ্যে প্রবেশ করিতে পারে তাহাতে ইহার পরীক্ষা হইতে পারে। এই অবস্থায় কতিপয় মুহুর্ত্তের জন্ম চক্ষু আবৃত এবং পরে অনাবৃত করিয়া, বিশেষতঃ রোগী যদি অচেতন থাকে, কণীনিকার পর্য্যবেক্ষণ করিতে হইবে। এক্ষণে একটি জ্বলন্ত দীপশলাকা চক্ষুর নিকটতর স্থানে আনয়ন করিয়া সঙ্গে সঙ্গে কণীনিকার পরিদর্শন করিতে হইবে। কণীনিকার সংকোচন হওয়া উচিত।

অপিচ চক্ষ্দয় একবস্তুর অভিমুখীন হইলে অথবা ষথন অতি নিকটস্থ উপরি দেশে দৃষ্টিপাত করা যায় কণীনিকার স্বাভাবিক সংকোচন ঘটে। সাধারণতঃ এক কণীনিকার সঙ্কোচন হইলে অন্তেরও হয়, অর্থাৎ স্বভাবতঃ উভ্রু কণীনিকাই একত্রে সঙ্কুচিত অথবা প্রসারিত হয়। রোগীর এক কণীনিকা স্বভাবতঃই যদি ক্ষুদ্রতর থাকে, তাহার সম্ভোষজনক নির্দারণে অতি যত্নপূর্ব্বক পর্যাবেক্ষণের আবশ্রক।

কণীনিকার কিঞ্চিৎ স্পষ্ট অসমতাও সর্ব্বস্থলে রোগের পরিচায়ক।

# ষড়ব্রিংশ পরিচ্ছেদ।

মস্তিক এবং মস্তিক-বেফ-বিল্লি-রোগ বা ডিজিজেজ অব দি ত্রেন এণ্ড্ইট্স্ মেল্রেন্স্। ( DISEASES OF THE BRAIN AND ITS MEMBRANES.)

লেক্চার ২৪৭ (LECTURE CCXLVII.)

বাহ্যিক স্থূল-মস্তিক-বেফ্ট-ঝিল্লি-প্রদাহ। (EXTERNAL PACHYMENINGITIS.)

- ১। স্থূল মস্তিষ্ণ-বেষ্ট-ঝিল্লি-প্রাদাহ বা ইফ্রামেসন অব দি ভুরামেটর (Inflammation of the Duramater)।
- ২। রক্ত-আবী অভ্যন্তর-স্থুল-মন্তিজ-বেফ-ঝিল্লি-প্রদাহ বা হিমরেজিক ইণ্টার্ন্যাল প্যাকিমিনিঞ্জাইটিস (Hemarrhagic Internal Pachymeningitis), অথবা স্থুল-মন্তিজ-বেফ-ঝিল্লির রক্তচাপ বা হিমেটমা অব দি ডুরা-মেটার (Hematoma of the Duramater)।
  - সুল-মস্তিক-বেষ্ট-ঝিল্লি-প্রদাহ

প্যকিমিনিঞ্জাইটিস। ( PACHYMENINGITS. )

বিবর্ণ।—কার্য্যতঃ স্বতন্ত্র-ভাবে এ রোগ উৎপন্ন হয় না। কোন কোন অস্থি-রোগ, যেমন অস্থি-ক্ষত, অস্থির উপদংশ, বিদর্প-রোগ ইত্যাদির সংস্রবে ইহা দৃষ্ট হয়। ইহাতে পৃথক কোন লক্ষণ উপস্থিত হয় না এবং তজপ কোন চিকিৎসাও হইতে পারে না।

২। রক্ত-স্রাবী-অভ্যন্তর-স্থূল-মস্তিক্ষ-বেষ্ট-ঝিল্লি-প্রদাহ বা

হিমরেজিক ইণ্টার্ন্যাল প্যাকিমিনিঞ্জাইটিস অথবা স্থুল-মস্তিষ্ণ-বেন্ট-ঝিল্লির রক্ত চাপ বা হিমেটমা।

( Hemorrhagic Internal Pachymeningitis or Hematoma of the Dura Mater. )

(ক) স্বয়ন্তুত প্রকার; এবং (খ) আঘাতজ্ঞপ্রকার।

চিকিৎসকের পক্ষে এ রোগের আলোচনা নিস্প্রাঞ্জনীয়, যে হেতু ইহা চিকিৎসায় অনুপ্যোগী। আম্বিক বিধান-তত্ত্ববিদের নিকট ইহার মূল্য আছে।

বিবরণ।——অনেক সময়েই যক্ষা কাশি, পুরাতন হুংপিগু রোগ, অথবা বুক্কক-রোগ হইতে ইহা উৎপন্ন হয়। করোটির উপর আঘাত, মারাত্মক রক্ত হীনতা, শীতাদ বা স্থার্ভি, খেত কণিকা বাহুলা বা লুকিমিয়া, পুরাতন স্বা-সার বিষাক্ততা, পুরাতন বংশানুক্রমিক নৃত্য রোগ বা করিয়া, বার্দ্ধক্রের বৃদ্ধি লংশ (Senile dementia) অথবা উন্মাদের পক্ষাঘাত হইতেও ইহা জন্মিতে পারে।

#### (ক) স্বয়ম্ভূত প্রকার।

লক্ষণ-তত্ত্ব।—সাধারণতঃ প্রথমে উত্তেজ্কনার অবস্থা উপস্থিত হয় এবং রোগী অত্যন্ত অস্থিরতা প্রকাশ করে। এই অবস্থার পূর্ব্বে অথবা ইহার উপস্থিত কালে এক পার্শ্বের অতি কঠিন শিরঃশূল, বমন এবং পেশী-আনর্জন হইরা থাকিতে পারে। ইহার পরেই দীর্ঘস্থায়ী, ন্যনাধিক গভীরতা বিশিষ্ট তামসী-নিদ্রা বা কোমা উপস্থিত হয়। নাড়ী ধীর গতি এবং অনিয়মিত, অনেক সময়েই পূর্ণ দেখা যায়।

তাপ কথন কথন স্বভাবনিয়ে যায়, কিন্তু সাধারণতঃই বৃদ্ধির অভিমুখীন থাকিয়া ক্রমে, কিন্তু অনিয়মিত রূপে বৃদ্ধিত হইলে ১০৫° অথবা ১০৬° ফারেন হাইটে উঠে।

রোগের গতি সম্পূর্ণ ই অনিয়মিত, কিন্তু মধ্যে মধ্যে অনেক বার স্কুম্পষ্ট এবং পৃথক পৃথক স্বল্পবিরামাবস্থা এবং বৃদ্ধি সংঘটিত হয়। পক্ষাঘাত উপস্থিত থাকিতে পারে, কিন্তু সর্বস্থিলে একই প্রকারের নহে।

রোগ-নির্বাচণ।—সহজ মতিজ-বেষ্ট-ঝিল্লি-প্রদাহের ন্থার গ্রীবার কাঠিন্ত জন্মে না এবং মন্তিজ মূলের (base of the brain) করোটী-স্নায়ুর বিকারের অধিকতর প্রমাণ প্রাপ্ত হওয়া বায়। অনেক সময়েই মন্তিজের রক্তস্রাব হইতে ইহাকে প্রভেদিত করিতে পারা বায় না। অবশুই উপরিবিধিত কোন একটি কারণের উপস্থিতি এবং অনিয়মিত পক্ষাঘাতিক লক্ষণের সহিত মধ্যগামী সর্বান্ধীন আক্ষেপ প্রধান নির্বাচক চিহ্ন বলিয়া পরিগণিত।

ভাবীফল।—গভীর নিরাশানিমজ্জিত।

চিকিৎসা-তত্ত্ব।——আত্ম্বঙ্গিক কণ্টাদি, এবং মন্তিঙ্গ-বেষ্ট-ঝিল্লি-প্রদাহ অথবা মন্তিঙ্গের রক্ত-প্রাবে যে সকল লক্ষণ উপস্থিত হয় তদ্বাতীত চিকিৎসার কোন বিষয় লক্ষিত হয় না।

(খ) আঘাতজ প্রকার-রক্ত-চাপ। (TRAUMATIC HEMATOMA.)

সুলমস্তিক্ষ-বেষ্ট-ঝিল্লির আঘাতজ আভ্যস্তরীণ অথবা বাহ্য রক্ত-স্রাব—ইহাতে অন্থ-ভঙ্গ অরগুম্ভানী বলিয়া বিবেচিত হয় না। মিডল মিনিঞ্জিয়াল ধমনীর রক্ত-আব স্থুল ঝিল্লি এবং করোটীর মধ্য প্রদেশে ঘটে; স্থুল ঝিল্লির অধোদেশে হইলে সাধারণতঃ তাহা কোমল ঝিলির (Pia Mater) শিরা হইতে আইসে।

লক্ষণ-তত্ত্ব।——আঘাত পাইবার পরেই রোগী অচেতন অথবা হতবৃদ্ধি হয়, জ্ঞানের উদয়ে এক অথবা ছই ঘণ্টার জন্ম উল্লাস প্রকাশের পর ঘার নিদ্যালৃতা ক্রমে গভীর তামদী নিদ্যায় পরিণত হয়। নাড়ী ধীয় এবং টানটান। তাপ কিঞ্চিত শ্বভাব নিয় থাকিতে পারে, কিন্তু অনেক সময়েই রোগের প্রায় শেষ পর্যান্ত স্বাভাবিক থাকে, যথন সম্ভবতঃ ঘরিত উত্থান করে। গতিদ স্নায়ুর উত্তেজনা ঘটে এবং অন্যতর পার্শে ন্যাধিক পক্ষাঘাত দেখা দেয়। রক্ত-প্রাব উভয় পার্শেই হইতে পারে, এবং, তাহার ফলস্বরূপ উভয় পার্শেই পক্ষাঘাত জন্মে। কুদ্র কুদ্র স্থানে অসাড়তাও জন্মতে পারে, কিন্তু তাহা কোন প্রকারেই সাধারণ ঘটনা নহে। সাধারণতঃ কথার বাধা জন্মে। সচরাচর রুগ্ন পার্শ্বে কণীনিকার প্রসার ঘটে; এবং চক্ষুর চাক্তির (Disk) অবরোধ (choked) জন্মে।

চিকিৎসা-তত্ত্ব।—আর্যঙ্গিক চিকিৎসাই এ স্থলে প্রধান্ত লাভ করে। ঔষধের মধ্যে একমাত্র আর্ণিকা নির্ভরযোগ্য, ৩× ক্রম অর্ন্নঘন্টা পর পর দেয়।

আকুষঙ্গিক চিকিৎসা।—বাহ্যিক ক্ষত অথবা তাহার অভাবে স্থানিক লক্ষণ দ্বারা চালিত হইয়া অস্ত্র-চিকিৎসাবলম্বনে রক্ত চাপ স্থানাস্তরিত করিবে; অসম্ভব্য স্থলে মস্তক শীতল রাথিবে, বরফের প্রয়োগ নিষিদ্ধ।

## লেক্চার ২৪৮ (LECTURE CCXLVIII.)

## সহজ মস্তিক্ষ-বেফ্ট-ঝিল্লি-প্রদাহ বা সিম্পাল সেরিত্রাল মিনিঞ্জাইটিস।

(SIPLE CEREBRAL MENINGITIS.)

প্রতিনাম।—তরুণ মস্তিদ্ধ-বেষ্ট-ঝিল্লি-প্রদাহ বা একুট সেরিপ্রাল মিনিঞ্জাইটিন (Acute Cerebral Meningitis); কোমলতা উৎপাদক মস্তিদ্ধ-বেষ্ট-ঝিল্লি-প্রদাহ বা লেপ্টমিনিঞ্জাইটিন (Leptomeningitis)।

পরিভাষা।— মন্তিক-বেষ্ট-ঝিলির তরুণ-প্রবল প্রদাহ। এই রোগ
মন্তিক-মূলদেশ আক্রমণ করিতে পারে, তথন ইহা মন্তিক্ষমূলীয় বা
বেদিলার, অথবা উপরিভাগ অথবা দল্মখাংশ আক্রমণ করিতে পারে,
তথন ইহা উর্দ্ধতন বা ভার্টিকেল নামে অভিহিত হয়। সাধারণতঃ ইহা
উভয় অংশ্রই আক্রমণ করে। অনেক সময়েই মন্তিক্রের বহিস্থবক্ষল বা
কর্টিক্যাল পদার্থের আক্রমণ ঘটে।

কারণ-তত্ত্ব।—অনেক স্থলে রোগের কারণ অজ্ঞাত থাকিয়া যায়।
অনেক সময়ে শৈত্য অথবা অতাধিক তাপসংস্পর্শ ইহার কারণ বলিয়া অনুমিত
হয়। এরূপ সময়ও উপস্থিত হয় যথন এই রোগ প্রায়ই দেশব্যাপক
প্রকারের সন্নিহিত বলিয়া প্রতীতি জয়ে। অনেক সময়ে ট্রহা কর্ণ-রোগের,
এবং যে সকল অবস্থায় শরীরের কোন স্থানে পূয়সঞ্চার ঘটে তাহার
পরে জয়ে। ইতিপূর্ব্বে আঘাতজ মস্তিষ্ক-বেষ্ট-ঝিল্লি-প্রদাহে যাহা উল্লেথিতীহইয়াছে তবতীত করোটীর উপর অন্তপ্রকার আঘাতও ইহার কারণ
হইতে, পারে। সম্ভবতঃ ইহা সর্বস্থলেই রোগ-বীজসংক্রমণের ফল;
সাধারণ শারীরিক সংক্রমণ হইতে পারে অথবা ন্যাধিক দূরবর্তী সংক্রমণ-

কেন্দ্র হইতে শোণিত নাড়ী অথবা লসীকা-পথ বাহিয়া অনুবীক্ষণীয় জীবাপু রোগোৎপন্ন করে।

আময়িক বিধান-বিকার-তত্ত্ব।—প্রথমে কোমল ঝিলি বা পায়ামেটারের প্রবল রক্তাধিক্য উপস্থিত হয়। পরে একরপ ঘোর বা ধ্মের ন্থায় দৃশ্য এবং স্থানে স্থানে অন্ন অন্ন প্যের সঞ্চয় দেখা যায়। এই সকল সঞ্চিত্র পূয় মিলিত হইয়া একটি ঈষৎ হরিৎ-পীত প্যের পুরু স্তর হারা সম্পূর্ণ ঝিলি আচ্ছাদিত হয়। মস্তিক্ষের বন্ধল ভাগও সংক্রমিত হইতে পারে, তাহাতে তাহার বিবিধস্থানে কুদ্র কুদ্র সঞ্চিত পূয় দেখা দেয়, এবং পরে কোন কোন রোগীর কুদ্র কুদ্র মস্তিক্ষ-স্থানে কোমলতা (Softening) উপস্থিত হয়। মস্তিক্ষ-পদার্থের অভ্যস্তরে এবং মস্তিক্ষ-কোটরে (ventricle of the brain) এতাধিক রক্তান্মর ক্ষরণ হইতে পারে যে প্রকৃত মস্তিক্ষাদক-রোগ বা হাইড্রসেফ্যালাস জন্মে।

লক্ষণ-তত্ত্ব | — আক্রমণ আক্রমক অথবা ধীর গতিবিশিষ্ট হইতে পারে। শীতকম্প সহ বমন এবং স্পষ্টতর জরপ্রকাশ পাইতে পারে। অন্ত কোন রোগের ফলস্বরূপ সংঘটিত হইলে লক্ষণ পরম্পরা মধ্যে এরূপ সংমিশ্রণ ঘটে যে কোন কোন সময়ে রোগ বিলক্ষণ বর্জিতাবস্থায় উপস্থিত না হইলে আরন্তের অন্থমান অতীব কঠিন সাধ্য হয়। প্রাথমিক রোগের মস্তক-লক্ষণাদির অন্থপাতাধিক কাঠিত্যের উপস্থিতি, আলোক এবং শব্দের অসহিষ্ণৃতার সহিত বমনের সংঘটন ইহার বর্ত্তমানতা প্রকাশ করে। ধীর আক্রমণে প্রথমে শারীরিক অস্বস্তির পরেই অধিকতররূপে আক্রান্ত মস্তিকাংশের উপরে অতি শীঘ্র কঠিন এবং অদম্য শিরঃ-শূল উপস্থিত হয়। কথন কথন ইহা সম্পূর্ণ মস্তক আক্রমণ করে। সর্বাপেক্ষা অধিকতর সময়ে ইহা ঘারা মস্তকের ভিত্তি (base) অথবা সম্মুখভাগ আক্রান্ত হম। সম্ভবতঃ ইহার সহিত বমন উপস্থিত হইতে পারে, বিবমিয়া থাকে না অথবা সামান্তই থাকে। ইহার পরে এক অথবা হই দিবসের মধ্যে

মানসিক জড়তা দেখা দেয়; বুদ্দিলোপের অনুভূতি জন্মে, নিদ্রাবস্থায়, পরে সন্তবতঃ জাগ্রত অবস্থাতেও প্রলাপ, নিদ্রালুতায় প্রবৃত্তি, এবং অনেক সময়ে পর্য্যায়ক্রমে প্রলাপ এবং নিদ্রালুভাব উপস্থিত হয়। আলোক অথবা গোলমালে স্পষ্টতর অসহিষ্ণুতা জন্মে, স্পষ্টই বোধগম্য হয় যে প্রলাপ, নিদ্রালুতা এবং, এমন কি, গভীর তামসী নিদ্রাকালেও শিরংশূল বন্ধমূল থাকে। কেহ মস্তক চালনার চেষ্টা করিলে বেদনার চিহ্ন প্রকাশিত হয়। আংশিকরূপে অতি চৈত্তভাধিক্য ইহার কারণ, এবং আংশিকরূপে ্র গ্রীবা-পশ্চাৎ-পেশীর প্রায় সমভাবাপন্ন অবিশ্রান্ত কাঠিন্ত হইতে ইহা জন্মে। এই কাঠিন্ত মন্তকের স্পষ্টতর সংহরণ ঘটাইলে এই রোগের অতি প্রধান লক্ষণ, "মস্তক ঘূর্ণিত করিয়া উপাধান মধ্যে প্রবিষ্ট করাইবার চেষ্টা," উপস্থিত হয়। সাধারণতঃ শরীরের সমগ্র পেশীরই ন্যুনাধিক কাঠিন্ত জন্মে। ইহা বুঝিবার একমাত্র উপায় শরীরের ভিন্ন ভিন্ন অঙ্গ ধরিয়া চালনা করিবার চেষ্টা, তাহাতে অস্বাভাবিক প্রতিরোধকতার উপলব্ধি হয়। ঔদরিক পেশীর কাঠিগুবশতঃ সংহরণ ঘটিলে উদর সানকির স্থায় দেখায়; পরে এক অথবা স্ক্রন্ম বেংশের পক্ষাঘাতের লক্ষণ, একটি আক্ষেপ অথবা পর পর আক্ষেপ শ্রেণি, গভীর তামসি নিদ্রা, এবং কোন সময় পতন বা কল্যাপ্সের সম্ভাবনা উপস্থিত হয়; বছতর, রোগে, এমন কি, অনেক সাংঘাতিক রোগেও কতিপয় ঘণ্টা অথবা একদিনের জন্ম সমগ্র লক্ষণেরই স্থুস্পষ্ট উপশ্ম দেখা যায়, পরেই স্পষ্টতর তামদী নিজা, পতন বা কল্যাপুস এবং মৃত্যু ঘটে, অথবা ধীরগতিতে স্বাস্থ্যোরতি হুইতে আরম্ভ হয়।

শারীরিক তাপ ধীরে, কিন্তু কিঞ্চিৎ অনিয়মিতরূপে ১০৪০ অথবা
ত্রিক কারেন হাইটে উঠে। এ রোগে তাপ এতাদৃশ উচ্চ যে ১০৮০
কারেন হাইটেও যাইতে পারে, এবং তাহাতেও রোগারোগ্য হয়।
যে কোন সময়ে তাপের অতি ক্রুত বৃদ্ধি অথবা পতন অমঙ্গল স্থাচিত করে।
মৃত্যুপূর্ব্বে ইহা অত্যধিক উচ্চ না হইয়া স্বভাব নিম্নেও যাইতে পারে।

রোগের প্রথমাবস্থাতেই নাড়ী ক্রন্ত, পূর্ণ, এবং কঠিন হইবার সম্ভাবনা থাকে; অর্থাৎ তাপসহ সামঞ্জস্ত রক্ষা জন্ত আতি ক্রন্ত, পূর্ণ এবং কঠিন হয়। যাহাই হউক, সর্বস্থলেই এরূপ ঘটেনা। 'সাধারণতঃ ইহা তাপের অমুসরণ করে। যদি কখন নাড়ী এবং তাপের মধ্যে স্পষ্টতর বিভিন্নতা ঘটে, তাহা শুরুতর আশংকার কারণ।

কণীনিকা প্রথমে সংকুচিত, পরে প্রসারিত হয়, কিঞিৎ পরিবর্ত্তন-শীলতার সম্ভাবনা থাকে, এমন কি সময়ে ছই চক্ষুতে একই প্রকার হয় না, অপিচ পরে অনেক সময় কণীনিকার প্রতিক্রিয়ার অভাব হয়, ঘটনাধীনে মাইস্ট্যাগ্মাস বা চক্ষু-গোলকের অবিশ্রান্ত ক্রুত দোলন, এবং এক অথবা একাধিক চক্ষু-পেশীর পক্ষাঘাত জন্মে; বক্রদৃষ্টি সংঘটিত হইতে পারে।

সাধারণতঃ কোষ্ঠবদ্ধ উপস্থিত হয়; মৃত্রের অবরোধ, অথবা অনৈচ্ছিক মৃত্র-ত্যাগ ঘটিতে পারে।

শ্বরণে রাথা উচিত যে অপায়ের স্থান, প্রসার এবং বিশেষ প্রকৃতি অন্ত্সারে ভিন্ন ভিন্ন রোগীতে লক্ষণাদি অবশাই অতীব ভিন্ন ভিন্ন প্রকারের হইবে।

ভাবীফল।—ইহা সর্বস্থলেই গভীর আশংকা জনক, কিন্তু যে কতিপন্ন রোগে রোগী যেন কোন দৈবশক্তি-প্রভাবে আরোগ্য লাভ করে, ইহা তাহাদিগের মধ্যে অন্ততম। নিকটবর্ত্তী মৃত্যুর কারণের সর্বপ্রকার প্রমাণ উপস্থিত হইয়াও রোগী আরোগ্য হইতে পারে। জীবনের শেষ না হওয়া পর্যান্ত কোন চিকিৎসকেরই রোগীকে ত্যাগ করা, এবং তাহাঁর যতদ্র সাধ্য চেষ্টান্ন বিরত থাকা কিছুতেই সঙ্গত নহে। শিশুদিগের কথন কথন ইহা এ পরিমাণ মন্তিক্নের ধ্বংস সাধন করে অথবা বৃদ্ধির বাধা প্রদান করে যে তাহা বৃদ্ধির ক্ষীণতা জন্মাইতে যথেষ্ট। কোন কোন সময়ে ইহা মন্তিক্ষের বন্ধলাংশে স্কুম্পন্ত কুদ্র কেন্দ্র রাথিয়া যায়, যাহা ভবিষাতে মৃগিরোগ উৎপন্ন করে। ইহা সম্পূর্ণ সম্ভব, প্রস্কৃত পক্ষে প্রান্ন

নিশ্চম্বই, যে অনেক কঠিন রোগে রক্তামু-ক্ষরণ ঘটে, পূষ থাকে না, এই সকল রোগই আরোগ্য লাভ করে, অত্য পক্ষে, যে সকল রোগে পূষবৎ নির্যাস দেখা দেয়, সর্ব্য স্থলে না হইলেও সাধারণতঃ মৃত্যুতে শেষ হয়।

প্রভেদক নির্বাচন।—মদাত্যয় বা ডিলিরিয়াম ট্রিমন্স্ হইতে—রোগ বিবরণ, উচ্চতর তাপের বর্ত্তমানতা, অস্তান্ত হরা-বিষাক্ততা-লক্ষণের, যেমন হস্ত-কম্প ইত্যাদির অন্থপস্থিতি। অপিচ মদাত্যয় রোগে বিশেষ প্রকারের শিরঃ-শূলের অভাব থাকে।

মূত্রাম্ল-বিষাক্ততা বা য়ুরিমিয়া হইতে—-২৪ ঘণ্টার মূত্র-পরীক্ষা দারা।

পচনশীল সন্ধিপাতজ্ব-বিকার বা টাইফয়েড ফিবার হইতে—"গোলাপী দাগ", তাপের গতি, এবং উদর-সংস্পর্শন দারা।

ফুসফুস-প্রদাহ বা নিউমোনিয়া হইতে—বক্ষের পরীক্ষা গুরা।

চিকিৎ সা-তত্ত্ব।—এক নাইট—নাড়ী কঠিন স্পর্শ, ক্রত আঘাত্নী, কিন্তু গতি ক্রত নহে অথবা ধীরও হইতে পারে। মানসিক জড়তার সহিত প্রলাপ এবং নিদ্রালুতার পর্য্যায় ক্রমিকতা প্রকাশ পায়; ভীক্তা, আলাযুক্ত শিরঃশূল, ভয়ঙ্কর শিরঃ-শূল—চালনা অথবা পান এবং মন্তক পশ্চাৎ পার্শ্বে অনেক দূর বক্র করা শির-শূলের বৃদ্ধির কারণ; মন্তকেয় বহির্দেশ তপ্ত; অন্থিরতা, তথাপি চালনায় বেদনার বৃদ্ধি।

বেল্ডনা—রোগের প্রথমাবস্থার ঔষধ। শরীরের তীক্ষ তাপ, কঠিনস্পর্শ ও প্রবল নাড়ী, উজ্জল লোহিত মুখমগুল, এবং প্রচণ্ড প্রলাপ; যে স্থলে তীক্ষ শির:-শূল রোগীর নিদ্রাবস্থা হইতে চমকিয়া চিৎকার করিয়া উঠা, দস্ত কিড়িমিড়ি এবং মস্তিম্বীয় উত্তেজনা দ্বারা স্পষ্টীভূত হয়। সহজ রোগ (শুটিকোৎপত্তি সহ নহে) যাহাতে প্রত্যেক লক্ষণই প্রবল এবং তীক্ষ্ণ রেস ক্ষরণের আরম্ভ হইলে ইহাদারা কার্য্য হয় না)। তামসী নিদ্রাসহ সর্বাঙ্গীন আক্ষেপের পর্য্যায়ক্রমিক উপস্থিতি; কেরটিড ধমনীর দপ দপানি।

ভিরেট্রাম ভিরি—তীক্ষ মস্তিষ্ক রক্তাধিক্য, ক্রত নাড়ীম্পন্দন, সর্বাঙ্গীন আক্ষেপপ্রবণতা, পরে অত্যন্ত হুর্বলতা। ডাঃ ইলিয়ট বিবেচনা করেন তরুণ এবং প্রবল মস্তিষ্ক-বেষ্ট-ঝিল্লি-প্রাদাহে নিম্ন ক্রমের ভিরেট, ভি. আমাদিগের সর্বোৎক্রষ্ট ঔষধ।

ব্রায়নিয়া—মন্তিক্ষে রস-ক্ষরণের পর ইহা উৎকৃষ্ট কার্য্য করে।
প্রদর্শক লক্ষণাদি— অবিশ্রান্ত চর্মণবংমুথের চালনা; তাহাতে বেদনা নিবন্ধন
চিৎকার; শিশু হতবৃদ্ধি, উদর ক্ষীত: জিহ্বা শুল্র, বেদনা অত্যন্ত তীক্ষ
এবং স্থচি বেঁধার ন্তায়, এবং রোগী অত্যন্ত আগ্রহের সহিত জলপান করে;
উচ্চ তাপ সহ মুথের কাল্চে শোণিতোচ্ছাস, প্রচুর বর্ম। উদ্ভেদ্
বিসিহা রোগ জান্মিলে ইহা বিশেষ উপকার
করে।

ষ্ট্র্যামনিয়াম—ইহার সাধারণ অবস্থা বেলাড্রনা সদৃশ, কেবল প্রলাপ পর্য্যার ক্রমিক ভাবে হয় না। ইহার প্রলাপ বেলের হইতে অধিকতর ভয়াবহ। মুখ দেখিতে কুরূপ। নাড়ী ক্ষুদ্র ও ক্রত, পেশীর ধন্নষ্টংকারবৎ কাঠিন্য; বক্ষের ঘড়ঘড়ি সহ মুখমগুলের প্রায় ঈষৎ নীলাভা; সামাত্র স্পর্শে সর্ব্বাঙ্গীন আক্ষেপ; দীর্ঘ নিঃখাস; জিহ্বা এবং অঙ্গাদির কম্প।

হায়সায়ামাস—পাপুর মুথমগুল; অঙ্গাদির শীতলতা; রোগী শ্যার বাহিরে যাইবার চেষ্টা করে; চলিয়া যাইবার প্রবৃত্তি; উন্মাদ্বৎ প্রলাপ, জলপানে সর্বাঙ্গান আক্ষেপ; তামসী নিদ্রাকালে মুথে সন্তুষ্টির ভাব। এই প্রকার রোগে ডাঃ কাউপার থোয়েট ডনি মার্কের হায়সায়ামিন ব্রমেটের ট্রিটুরেসন ৪\*ক্রমের ছই-গেন, ছই হইতে চারি ঘণ্টা পরপর প্রয়োগের প্রশংসা করেন।

প্রপিয়াম—কণীনিকা স্পষ্টরূপে সংকুচিত; নিদ্রালুতা যাহা হইতে জাগ্রৎ করা যায়। অতীব গভীর তামদীনিদ্রা, নাদিকাধ্বনিদহ শ্বাস-প্রশ্বাস।

ক্যম্ফর-মন-ব্রমেট--পতন বা কল্যাপ্স্ অবস্থায় কথন কথন ইহাদারা উপকার পাওয়া যায়।

হেলিবরাস — মানসিক অবসাদ দারা স্পষ্টীভূত; জ্ঞানেন্দ্রিয়াদির উদাসভাব, প্রতিক্রিয়ার অভাব। রোগের শেষের অবস্থায় যথন
রসের ক্ষরণ হইয়াছে তথন ইহা দারা কার্য্য পাওয়া যায়। তাহার লক্ষণ
মধ্যে—ললাট-ছকের সংকোচন, কণীনিকার প্রসার এবং অন্ততর হস্ত
এবং পদের স্বয়ং প্রবৃত্ত চালনা প্রদর্শক স্থানীয়। মস্তকে তীরবেধবৎ বেদনা,
হঠাৎ ক্রন্দন এবং চিৎকার, মস্তক ঘূর্ণিত করিয়া উপাধানাভাস্তরে প্রবিষ্ট
করার চেষ্টা। ক্রন্দনের কার্জণিক স্বর।

কুপ্রাম—বে স্থলে প্রচণ্ড সর্বাঙ্গীন আক্ষেপ, বৃদ্ধাঙ্গুলির মৃষ্টি-বন্ধন, উচ্চ চিৎকার, মুথের পাণ্ডুরতা সহ ওঠের নীলাভা থাকে। ইহা রোগের শেষাবস্থায় প্রযোজ্য। অনেকেই কুপ্রাম এসেটের ব্যবহার করেন।

সিকুটা ভিরসা—রোগের উত্তেজনার অবস্থায় সর্বাঞ্চীন আক্ষেপ, অঙ্গুল্যাদির আনর্ভন এবং অজ্ঞানতা উপস্থিত হইলে ইহা উপকারী।

আয়েডফর্ম—ডাঃ ওকনর ইহার ৬ ক্রমের ব্যবহার করিয়া উপকার পাইয়াছেন। মন্তকোপরি ইহার মলমের মালিদেও উপকারের বিবরণ পাওয়া যায়।

আনুষঙ্গিক চিকিৎসা ৷—শস্তক কিঞ্চিত উচ্চে রক্ষা করিয়া

রোগীকে শয়ায় স্থিরভাবে শয়ান রাখিতে হইবে। গ্রীবাদেশের বস্ত্রাদি
শিথিল রাখিয়া দেখিতে হইবে কোনপ্রকারে গ্রীবা বক্র না থাকে।
রোগ-গৃহে কোন প্রকার গোলমাল এবং উত্তেজনার কারণ এবং উজ্জল
আলোক থাকিবে না, এই সকল বিষয় দ্রষ্টব্য।

মস্তকোপরি শীতল প্রয়োগের এবং বলিষ্ঠ যুবক রোগী হইলে বরফ থলিরও বাবস্থা করা যাইতে পারে। জল্ল বয়সের রোগীদিগের জন্ত কথনই বরফ থলির বাবহার উচিত নহে। ঈষহ্ষজ্জলে সর্কশারীরিক স্নান হইতে উপকার পাওয়া যাইতে পারে।

শরীরের কোন স্থানে পূষের সঞ্চয় হইয়াছে কিনা দেখিয়া তাহার নিরাকরণ করা উচিত। কর্ণদংস্প্ত প্রদেশে কন্ত উপস্থিত থাকিলে, কোন বিশেষজ্ঞ অন্ত্র-চিকিৎসককে দেখাইয়া চুচুক-প্রবন্ধনাস্থিতে (mastoid process) পূষের সঞ্চার হইয়া থাকিলে, আবশুক স্থলে তাহাঁদারা অস্ত্রচিকিৎসা করাইয়া লইতে হইবে। শিশু-রোগীদিগকে কোলে লওয়া অথবা দোল দেওয়া কোনক্রমেই উচিত নহে।

যাহাতে প্রত্যহই মলত্যাগ হইয়া উদর পরিস্কার থাকে তজ্জন্য বত্নের আবশ্রক।

রোগী চবিবশ ঘণ্টায় কি পরিমাণ মৃত্র-ত্যাগ করে তাহার পরিমাণ করিয়া নিয়মিত মৃত্রের হ্রাস হইলে তাহার পুরণের চেষ্টা করিতে হইবে।

ডাং কাউপার থোয়েট বলেন, "অজ্ঞাত কারণোৎপন্ন রোগে ক্রত, কঠিন নাড়ী থাকিলে, ভিরেট্রাম ভিরিডির আরিপ্ট বা টিং চার তিন হইতে পাঁচ বিন্দু মাত্রায় প্রয়োগ করা উচিত। ইহাতে যে পর্যান্ত নাড়ী কোমল এবং মিনিটে প্রান্ন পঞ্চাশ স্পন্দন না হয় চিকিৎসক শ্যা পার্শ্বে বিসন্ধা নাড়ী স্পর্শ করিয়া থাকিবেন। আমি নিশ্চিত বলিতে পারি যে প্রমাবস্থায় এই চিকিৎসা অবলম্বন করায় অনেক রোগের বৃদ্ধি নিবারিত হইয়াছে। ইহা হইতে আমি কোন কুফল হইতে দেখি নাই।"

নাড়ী ক্রন্ত, কিন্তু কোমল ম্পর্শ থাকিলে ক্তেন্সেসি হ্রাম এবং সিমিসিহু সার তারিপ্ত শিশুদিগকে তিন এবং যুবক-দিগকে পাঁচ বিন্দু মাত্রায় অর্দ্ধ হইতে একঘন্টা পর পর দেয়। (কাউ পারথোয়েট।)

পতন বা কল্যাপ্সের অবস্থা উপস্থিত হইলে উষ্ণ আবরণের (hot pack) ব্যবস্থা করিয়া ক্রিম তাপ রক্ষা করা উচিত। ব্রহ্মাইড অব কুইনাইনের সেবন এবং নিয়মিত লবণ দ্রবের (saltsolution) ব্যবস্থাও দৃষ্ট হয়। কিন্তু উপযুক্ত হোমিওপ্যাথিক চিকিৎসা হইলে আমরা এই সকল প্রয়োগের আবশ্রকতা বোধ করি না।

## লেক্চার ২৪৯ (LECTURE CCXLIX.)

### পুরাতন মস্তিক-বেষ্ট-ঝিল্লি-প্রদাহ বা ক্রনিক মিনিঞ্জাইটিস।

(CHRONIC MENINGITIS)

বিবর্ণ।—নাতিপ্রবল, এমন কি, তরুণ, প্রবল মস্তিষ্ক-বেষ্ট-ঝিল্লি প্রদার (lepto meningitis) হইতেও এই প্রদার জন্মিতে পারে। অধিকাংশ রোগই স্রা-বিষাক্ততা অথবা উপদংশ হইতে জন্মে। ইহা চিকিৎসক মণ্ডলীতে সামান্তই বিদিত। অদম্য শিরঃ-শূলের সহিত গ্রীবা-পেশীর অবিশ্রান্ত কাঠিন্তের ভাব, কিঞ্চিত মান্সিক আবিলতা, আলোকে এবং শব্দে তৈতন্তাধিক্যের সহিত সন্তবতঃ চিত্র-পত্র-চাক্তির (optic disc) আংশিক অবরোধের ভাব অন্তব্য রোগের লক্ষণাভাবে এই রোগের সন্দেহ উপস্থিত করে। কোন কোন উপদংশজ রোগে লক্ষণাদি এতদূর স্পষ্টিতা লাভ করে যে রোগ-নির্বাচন নিশ্চিত বলিয়া বিবেচনা অযৌক্তিক হয় না। স্রাবিষাক্ততা অথবা উপদংশ ঘটিত রোগ ব্যতীত, কচিৎই আমরা শ্বব্যবচ্ছেদ ভিন্ন রোগের প্রকৃত তথ্য অবগত হইতে পারি।

চিকিৎসা-তত্ত্ব।—লক্ষণাত্মসারে স্থরা-সার-বিযাক্ততা অথবা উপদংশের চিকিৎসা করিতে হইবে।

# সপ্তত্রিংশ পরিচ্ছেদ।

মস্তিকের শোণিত-সঞ্চলন-বিকার বা সাকু লেটরি ডিজর্ডার্স্ অব দি ত্রেন।

( CIRCULATORY DISORDERS OF THE BRAIN.)

লেক্চার ২৫ ° (LECTURE CCL.)

মস্তিকীয় রক্তহীনতা বা সেরিব্রাল এনিমিয়া।
CEREBRAL ANEMIA.)

বিবরণ।—যে কোন কারণ মস্তিক্ষাভাস্তরে রক্তস্রোতের বাধা প্রদান করে অথবা মস্তিক্ষের রক্ত নাড়ী রক্ত শৃত্য করে, সেই সকল কারণ রক্তহীনতা উৎপদ্ধ করিতে পারে। রক্তহীনতা তরুণ অথবা পুরাতন হইতে পারে। ইহা হঠাৎ এবং ক্ষণস্থায়ী অথবা ধীরাগত এবং স্থায়ী হইতে পারে। আক্রমণের সঙ্গে সঙ্গেই ইহা অত্যস্ত স্পষ্টতা লাভ করিতে পারে, অথবা ইহা অনেক সপ্তাহ এবং মাস ধরিয়া ক্রমে বৃদ্ধি পাইতে পারে। পোষক পদার্থহীন শোণিতের যোগানও মস্তিক্ষের রক্তহীনতা আনয়ন করিতে পারে। অভান্থ রোগের ভোগ কালেও ইহা সংঘটিত হইতে পারে, অথ্না দৃষ্টতঃ স্বয়ভূত হয়। যে কোন প্রকারে অধিক পরিমাণ রক্তের ক্রত অপচয়, উদরীর

যে কোন প্রকারে আধক পারমাণ রক্তের ক্রত অপচয়, ভদরার অপসারণ, অথবা উদর-গহবর হইতে বৃহৎ অর্ক্লুদের স্থানাস্তরিতকরণ, যাহা কিছু হইতে অনেক দিন ধরিয়া অত্যধিক পরিমাণ রক্তের অপচয়, বায়ু-শৃক্তকর-চিকিৎসা (vacunm treatment) প্রভৃতির মধ্যে যে

কোন ঘটনা তরুণ রক্তহীনতা উৎপন্ন করিতে পারে। অনেক সময়েই এরূপ রক্তহীনতা অবিমিশ্র ভাবাবেশ ঘটিত মানসিক বিকারোৎপন্ন শোণিতসঞ্চলন-যন্ত্র-সংস্কৃত্ত স্নাম্বিক (vasomotor) ঘটনা; এই সকল রোগ মাত্র মুচ্ছেণ বলিয়া বিদিত, এবং প্রায়শঃই ক্ষণস্থায়ী।

হুৎপিগু-রোগ ঘটিত শোণিত-চাপের (blood pressure) হ্রাস, মস্তিক্ষ-গামী শোণিত-নাড়ীর রক্তার্কান্দ (aneury sm), পরিহিত বস্তের চাপ অথবা মস্তিক্ষের রক্ত-যোগান নাড়ীর উপরি অর্কান্দের চাপ ইহার কারণ হুইতে পারে।

যে কোন অবস্থা শোণিত দূষিত করিয়া তাহার পোষণ শক্তির অবনতি সংঘটিত করে তাহাই ইহা উৎপন্ন করিতে পারে।

লক্ষণ-তত্ত্ব ।— তক্ষণ রক্ত হীনতা জন্মিলে দৌর্বলার আর্বন্ধিক রূপে দৃষ্টি-শক্তির লোপ, কর্ণে গুণ গুণ শন্দ, বিবমিষা এবং কথন কথন বমন, শিরোঘূর্ণন. জ্ঞানের ন্যাধিক অভাব, সাধারণতঃ মুথের, মুথ এবং ওঠের শ্রৈত্মিক ঝিলির পাণ্ডুরতা অথবা নিদ্রার প্রারুত্তি এবং সর্ব্ধ বিষয়ে উদাসীস্তের অন্তর্ভূতি উপস্থিত হয়। ঘটনা ক্রমে সর্ব্বান্ধিন আক্ষেপ হইতে পারে। আক্রমণ কতিপয় মিনিট অথবা কথিপয় ঘণ্টাও স্থায়ী হইতে পারে। ন্যাধিক সম্পূর্ণতা বিশিষ্ট চৈত্তাভাবের পৌনঃ পুনিক কঠিন আক্রমণের সহিত মধ্যে মধ্যে সহজ সাধারণ উদাসীত্য এবং নিদ্রালুতা ঘটিতে পারে। পুরাতন রোগে শিরঃ-শূল থাকে, কিন্তু তাহার কোন বিশেষত্ব প্রকাশ পায় না। অন্যাত্য লক্ষণ—শিরোঘূর্ণন, নিদ্রালুতা, উদাসীত্য, কর্ণে গর্জন অথবা গুণ গুণ শব্দ অথবা গীতির ন্তায় হ্বর, স্মরণ শক্তির চুর্ব্বলতা, সাধারণ মানসিক অবস্থার কিঞ্চিৎ ত্র্ব্বলতা, মনঃসংযোগে অথবা কোন বিষয়ের ধারাবাহিক চিস্তায় অপারকতা, কচিৎ ত্রমদৃষ্টি অথবা ত্রান্তি, নিদ্রালুতা থাকিলেও অনেক সময়ে অনিজ্ঞার সংঘটন, সামাত্র উত্তেজনাতেই অনেক সময়ে মুচ্ছার উপক্রম।

ভাবী ফল ।—সাধারণতঃ গুভ; বাহাই হউক, অবগ্রুই তাহা কারণ অপসারণের সম্ভাবনার উপরে কিঞ্চিৎ নির্ভর করিয়া থাকে।

চিকিৎসা তত্ত্ব।—তব্রুজ্না-ক্রোপ্তা—তরুণ অথবা তরুণ এবং ক্ষণস্থায়ী রোগ ভেদে অবশুই চিকিৎসার তারতম্য হইয়া থাকে। অবিমিশ্র এবং কঠিন এবং আকস্মিক রোগের কারণ সাধারণতঃ প্রভূত রক্ত-স্রাব। ইহাতে রক্ত-স্রাব নিবারক ঔষধাদির বাবহার করা যাইতে পারে। কিন্তু এরূপ গুরুতর স্থলে কেবল ঔষধের উপর সম্পূর্ণ নির্ভর না করিয়া নিম্ন লিখিত আমুষঙ্গিক উপায়াদির অবলম্বন সর্বতো তাবে কর্ত্তব্য। ক্ষণ স্থায়ী রোগ অনেক সময়েই মানসিক ভাবাবেশ ঘটিত। অধিকাংশ স্থলেই ইহাতে চিকিৎসার প্রয়োজন হয় না। ঔষধের আবশুক হইলে ইক্রোক্তিরা কিন্তা। উষধে ফলা-শাকরা যাইতে পারে। ফলতঃ উপরে রক্তহীনতার কারণ বলিয়া যে সকল বিষয়ের উল্লেখ করা হইয়াছে তদমুসারে ঔষধের বাবস্থা করিতে হইবে। স্মরণীয় যে তরুণ এবং হঠাৎ রোগের চিকিৎসার ফল অনেকাংশে চিকিৎপক্রের প্রত্যুৎপন্ন মতির উপর নির্ভর করিয়া থাকে।

আকুষঙ্গিক চিকিৎসা।—তত্ত্ব — দৃঢ় পরিছিত বস্ত্রাদি
শিথিল করিতে অথবা ত্যাগ করাইতে হইবে। রোগীকে চিতভাবে
শরান করাইবে, এমন কি কখন কখন শরীরের নিম্ন ভাগ উর্দ্ধে রাখিয়া
মস্তক নিম্নে রক্ষা করিবারও আবশুক হইতে পারে। কখন পদাঙ্গুলি হইতে
বক্ষেণ সন্ধি পর্যান্ত আটিয়া পটি বা ব্যাণ্ডেজ জড়ান যুক্তি সঙ্গত বলিয়া বোধ
হইতে পারে। গাত্রে শীতল জলের ছটকা দেওয়া এবং উর্দ্ধ এবং নিমাঙ্গ ক্রত
ঘর্ষণ করা উপকারী। এমর্নিয়া, ক্যাক্ষর এবং এমিল-নাইটেটের আণ দিবে।
হুণ্পিও উত্তেজিত রাখিতে ত্থাং পিচকারির প্রয়োজন হইতে পারে। কঠিন
এবং কিয়ৎকাল স্থামী রোগে শিরান্তঃপ্রদেশে সাধারণ লবণ-দ্রবের পিচকারির
প্রয়োগ করা বাইতে পারে। মলদার রক্ষক চক্রাকার প্রেশীর প্রসারণ কথন

কথন আশ্চর্য্য ফল দেয়। আশু চিকিৎসার পরেও কারণ বর্ত্তমান থাকিলে সাক্ষাৎ চিকিৎসা করিবে।

পুরাতন রোগ চিকিৎসা।—প্রথম কর্ত্তব্য রোগের কারাণান্থ-সন্ধান। সম্ভব হইলে প্রত্যেক হুলেই রক্তের পরীক্ষা উচিত। কারণ আবিষ্কারের পর তাহার অপনয়নের অথবা উপশমনের চিকিৎসা কর্ত্তব্য। ইহার সঙ্গে সঙ্গে সাধারণ রক্তহীনতার চিকিৎসা করিবে।

## লেক্চার ২৫১ (LECTURE CCLI.)

### মস্তিকের রক্ত-বর্দ্ধন বা হাইপারিমিয়া অব দি ব্রেন।

(HYPEREMIA OF THE BRAIN.)

· বিবরণ।—রক্তবর্দ্ধন প্রবিলাতা বিশিষ্ট ইইতে পারে, ভাহাতে করোট গহ্বরে অত্যধিক পরিমাণ ধমনী-শোণিত, অথবা অত্যধিক পরিমাণ শিরা-শোণিত উপস্থিত থাকে।

অত্যন্নকালের জন্ম ব্যতীত করোটি-গহ্বরে অত্যধিক পরিমাণ ধমনী-রক্তের অবস্থান কিঞ্চিৎ সন্দেহের বিষয়। এক্রপ ব্যক্তি দেখা বায়, যাহাদিগের শোণিত-যন্ত্র চালনার শাসন ক্ষমতা এতাদৃশ হর্বল যে সামান্ম কারণেই ইহা উৎপন্ন হওয়ায় ইহাকে অবিশ্রান্ত বলিয়াই বিবেচনা করা যাইতে পারে।

মানসিক ভাব বিশৃংথলা, অতি ভোজন, বিশেষতঃ উত্তেজিত অথবা ক্লান্ত অবস্থায় অতি ভোজন, স্রা-সার-পান, শীতল জলে ঝম্পপ্রদান, অত্যধিক হৃৎপিণ্ড-ক্রিয়া এবং নির্দিষ্ট কতিপয় ঔষধ বস্তু ইহার অতীব সাধারণ কারণ মধ্যে পরিগণিত। গুলা-বায়ু অথবা স্লায়বিক দৌর্বল্যের ভোগ কালেও ইহার আক্রমণ ঘটিতে পারে।

ইহাতে দপ দপানি, স্পান্দনবং শিরঃ-শূলের সঙ্গে মুথের তাপ উপস্থিত হয়, মস্তকময় দপ দপানির অমুভূতি জন্মে, দৃষ্টির মালিন্য ঘটে, বৃদ্ধি লোপের অমুভূতি হয়, কণীর্নিকা সংকুচিত, নাড়ী কঠিন স্পার্শ এবং আতত, ধীর অথবা দ্রুত হইতে পারে, এবং কিঞ্চিৎ বাক্রোধ ঘটে। ইহাতে কোন কোন বাক্তির যে সন্ন্যাস বা এপপ্লেক্সির আক্রমণের সহিত অতীব গভীর তামসী নিদ্রা এবং, এমন কি, মৃত্যু পর্যস্ত ঘটে তাহা কোন প্রকারেই

সাধারণ ঘটনা নহে, অতাব বিরল। ইহার ভাবী ফল সাধারণতঃ মঙ্গল জনক, কিন্তু যদি রুগ্ন রক্ত-নাড়ী থাকে তাহাতে বিদারণ এবং রক্ত-প্রাব ঘটিতে পারে।

হংপিশু এবং ফুস ফুসের বিশেষ বিশেষ অবস্থা, কুন্থন, প্রলম্বিত, একাগ্র মনঃসংযোগ এবং বিরক্ত ভাব ইত্যাদি। যাহা কিছু মস্তিম্ব হইতে শোণিত-স্রোতের বাধা প্রদান করে তাহাই মৃত্রক্তাধিক্য উৎপন্ন করিতে পারে, এই সকল রোগ স্বভাবতঃ কপ্তে দমনীয়, আরোগ্য অনেকাংশেই কারণের উপর নির্ভর করে।

ইহার লক্ষণাদির মধ্যে নির্কাচক লক্ষণ অতিস্বল্পই দৃষ্টি গোচর হয়।
তথাপি অতীব বিস্তৃত লক্ষণ-শ্রেণি উপস্থিত হয়। অত্যন্ত নির্দ্রালুতা
অথবা অতি স্পষ্টতর অনিদ্রা থাকিতে পারে, অথবা মৃত্ন এবং গুরুতাযুক্ত
মৃত্ন শির:-শূল উপস্থিত হয়, অনেক সময়ে মন্তকের উর্দ্ধাংশে এরূপ ভার
বলিয়া একটি অন্তভ্তি জন্মে যেন তাহা নিয়াংশ চুর্ণ করিয়া ফেলিবে; চালনা,
কাসি এবং এইরূপ অন্তান্ত ঘটনায় ইহার বৃদ্ধি হয়, এবং অনেক সময়েই
শারিতা-বস্থার চিস্তা শক্তির সাধারণ বিশৃংখলার উপক্রম ঘটে। এই সকল
রোগে নিদ্রালুতা অথবা এমন কি তামসী নিদ্রা আসিতে পারে, এবং মৃত্যু
সংঘটিত হয়, কিম্ব সাধারণতঃ নহে।

চিকিৎসা-তত্ত্ব।— একনাইউ—প্রবশতর রক্তাধিকোর উপক্রমাবস্থায় নাড়ী স্থুল, কঠিন ও জ্রুত, এবং রোগী অস্থির থাকিলে ইহা তাহার প্রথমৌষধ।

ফেরাম ফস—ইহা একনাইটের প্রায় সমক্রিয় ঔষধ— রোগীর অস্থিরতার অভাব, এবং নাড়ীর স্থুলতা ও কোমলতা থাকে।

ভিরেট ভি—প্রবল জর, নাড়ী স্থল, কঠিন এবং ক্রত – অন্তান্ত ধ্রথমধ্যে প্রানাইনা, বোলা এবং জ্যোলস্থা প্রধান্ত পাইয়াছে। মৃচ রোগ চিকিৎসার প্রয়োগ নিমে লিখিত হইল। মৃত্তর প্রকারের রোগ চিকিৎসায় কারণের অপয়নয়নার্থ চেষ্টাই প্রথম কর্ত্তব্য। ফলতঃ সর্কস্থলে কারণের অপসরণ সম্ভব পর নহে। এজন্ত অনেক সময়েই আমাদিগকে লক্ষণানুসারে চিকিৎসার ব্যবস্থা করিতে হয়। অধিকাংশ সময়েই নিম্নলিখিত ঔষধাদি প্রদর্শিত হইয়া থাকে :—

একনাইট—প্রবল রক্তাধিক্যের উপক্রমাবস্থার ঔষধ বলিয়া মৃছ্তর রোগের লক্ষণের প্রলতার উপস্থিতিও ইহার প্রদর্শক। এরপাবস্থায় মস্তিক্ষের প্রবল রক্তাধিক্য, সুল ও কঠিনস্পর্শ এবং দ্রুত নাড়ী হয় এবং রোগী অস্থিরতা প্রকাশ করে; রোগের প্রথমাবস্থায় ইহা উপকারী।

জেলসিমিয়াম—রোগী নিজালু, ষেন চক্ষু মেলিতে পারে না, ম্থ ঘোর লোহিত এবং নাড়ী স্থুল এবং কোমল থাকে।

সিমিসিফুগা—— রোগীর প্রকৃতি রস-বাতিক এবং স্নামবিক। অগুাধার এবং জরায়ুর উত্তেজনার প্রতিক্ষিপ্ত ক্রিয়া হইতে মস্তিক্ষ রক্তধিক্যের উপক্রমে ইহা উপকারী। বড় বড় ও বসা চক্ষু বেড়িয়া কালচে রেথা, পাঞ্চুর মুথে ক্ষণে ক্ষণে তপ্তোচ্ছাস ইত্যাদি।

গ্লন্ত্ন—মুথের পাণ্ডুরতার দহিত মস্তক্ময় দপদপানি ইহার প্রদর্শক।

নাক্স ভমিকা— যক্ত এবং পরিপাক বিকার সংস্ট রোগে ইহা উপকারী। নাক সেল্ল সাধারণ লক্ষণ বর্ত্তমান থাকে।

অন্যান্য ঔষধঃ—ক্যান্ফর-মন-এম, জিক ফস্, এমন-মিউ, জরাম-এট্-সডিয়াম-ক্লর এবং সাল্ফার দ্রষ্টব্য ।

আকুষঙ্গিক চিকিৎসা I—যাহাদিগের সহজৈই প্রবল (acive) রক্তাধিক্য জন্ম তাহাদিগের পক্ষে উত্তেজনা, অতি প্রবল ব্যায়াম এবং প্রচুরতাযুক্ত আহার অনিষ্টকর। চা, কাফি, অথবা হ্যাদির পান পরিত্যাজ্য, অধিক মাংস ভোজনও নিষিদ্ধ। রোগী আহারের জন্ত শাকসবজির উপরে অধিকতর নির্ভর করিবেন।

প্রাতঃ-সন্ধ্যার শীতলজলসিক্ত স্পঞ্জ ধারা গাত্রমোক্ষণ, গাত্র মর্দন, গ্যাল্ভ্যানিজ্ম, শরীরের প্রত্যেক অঙ্গের ক্রিয়া হয় এরূপ প্রাত্যহিক ব্যায়াম,
বাহা অতি প্রচণ্ড হইবে না, কিন্তু পেশীর কিঞ্চিৎ ক্লান্তির ভাব
ক্রিনিবে, এইরূপ ব্যায়ামের সহিত স্কশৃংথলাযুক্ত, পূর্ণ ও নিয়মিত খাসপ্রশাসবায়াম অত্যাবশুকীর।

প্রত্যেক রোগীরই চবিবশ ঘণ্টার মৃত্রোপাদানের-পরিমাণের পরীক্ষা কর্ত্তব্য, বেহেভূইহা দ্বারা বৃক্কের কোন রোগ থাকিলে তাহা, মৃত্রাদ্লবিষাক্ততা বা য়ুরিমিয়া, এবং রোগীর পোষণ-ক্রিয়ার বিষম জ্ঞাত হওয়া যায়। আক্র-যাণারস্কের, অব্যবহিত কালে দণ্ডায়মান অথবা অর্দ্ধশায়িতাবস্থায় অবস্থিতি, যস্তকোপরি শীতল প্রয়োগ, অঙ্গাদির উপরে উষ্ণ, এমন কি মাষ্টার্মজ্ প্রলেপের প্রয়োগ উপশম আনয়ন করে। গ্রন্থকারগণ অত্যন্ত কঠিন রোগে শিরাজ্বেদ দ্বারা রক্তমোক্ষণের কথাও উল্লেখিত করিয়াছেন।

মৃহ রোগের স্পষ্টতঃ কোন উপস্থিত কারণ দৃষ্ট না হইলে, অথবা হুঃথ, গানসিক ক্লান্তি, অতিশয় মনোবোগ, আতপাঘাত এবং তিম্বিধ অক্সান্ত কারণে রোগ জন্মিলে মধাবিধ নিয়মিত ব্যায়ামের সহিত পূর্ণ খাস প্রখাসের ব্যায়াম, গাঁতল স্পঞ্জমান, অথবা সাবধানতার সহিত উষ্ণজ্জলে স্নান, অঙ্গ সন্থাহন, গাঁত মর্দ্দন, সাধারণ ফ্যারাডে এবং গ্যাল্ভ্যানির পদ্ধতি অনুসারে বিতাৎ স্রোতের প্রয়োগ স্থবাবস্থা। মস্তিক্ষে গ্যাল্ভ্যানি-পদ্ধতির তড়িৎ-স্রোতের প্রয়োগে গ্রন্থকারগণ বাইক্রমেট ব্যাটারির ৪ হইতে ৬ কোটেরের (Cells) ব্যহার করিতে উপদেশ করিয়াছেন। তাহাতে বিত্যৎ-স্রোতের নগেটিভ পোল বা সীমা মস্তিক্ষ-মূলে, পঞ্জিটিভ পোল নাসিকা-মূলে, এবং প্রত্যেক চক্ষুর উপরে ৫ মিনিটের জন্ম এবং পরে প্রত্যেক কর্ণের ঠি ফ শশ্চাতে পাশাপাশিভাবে স্রোতের এক পোল ৩০ সেকেণ্ড পর পর পর্যায়-ক্রমে চালনার দিক পরিবর্ত্তন করিবে; এই চিকিৎসা ৫ মিনিট পর্যান্ত গিলবে।

## লেক্চার ২৫২ (LECTURE CCLII.)

#### সন্ন্যাস-রোগ বা এপপ্লেক্সি (Apoplexies)

বিবরণ।—সয়্যাস বা এপপ্লেক্সি কোন রোগের নাম নহে, সঙ্গত রূপে কোন রোগের বিশেষ নাম হইতেও পারে না। তথাপি ব্যবহার ক্রমে রোগের নাম করণে ইহা স্থান প্রাপ্ত হইয়াছে, এবং একরূপ নির্দিষ্ট সীমাবদ্ধ অর্থেরও প্রকাশ করিয়াছে। এরূপে ইহা একরূপ পক্ষাঘাতিক অবস্থা প্রকাশে ব্যবহৃত হয়, যাহাতে রক্ত নাড়ীর বিদারণ অথবা অববোধ ঘটিয়া চৈতন্তের অভাবের সহিত অথবা তদ্বতীতই হঠাৎ পক্ষ্যাত জ্বােম।

ইহা মস্তিষ্কীয় অথবা মেরু-মজ্জের হইতে পারে, কিন্তু অধিকাংশ সময়ে ইহা মস্তিষ্কীয় ; ফলতঃ বধন সন্ন্যাস বা এপপ্লেক্সি বলিয়া সহজ নামের ব্যবহার হয়, সর্ব্ব বাদী সন্মতি ক্রমে তাহা মস্তিষ্কীয় বলিয়া গৃহিত হইয়া থাকে।

রোগ প্রধান তিন প্রকারে বিভক্ত করিয়া বর্ণনা করা যাইতে পারে—
১। রক্ত-আব ঘটিত বা হিমরেজিক ; ২। রক্তাদির
ছিপিবৎ চাপ কর্ত্তক রক্ত-নাড়ীর অবরোধ ঘটিত বা
এম্বলিক ; এবং ৩। স্কৃত রক্তের-চাপ বা অর্ব্বুদ ঘটিত
বা থ ম্বিক।

১। রক্ত-আব ঘটিত সন্ন্যাস বা হিমরেজিক এপ েক্সি। (HEMORRHAGIC APOPLEXY.)

ক। মস্তিক্ষীয় রক্ত-আব বা সেরিত্রেল হিমরেজ—
করোটীর অভ্যস্তরে রক্ত নাড়ীর বিদারণ এক প্রকার মস্তিক্ষীয়
রক্তব্রাব। মস্তিকে চারি দল শোণিত-নাড়ী দৃষ্টি গোচর হয়; তদমুসারে

আমরা চারিটি প্রধান শির:নামে উপরি উক্ত রক্তল্রাবের পৃথক পৃথক বর্ণনা স্থাবিধা জনক বলিয়া বিবেচনা করিলাম। মস্তিক্ষীয় রক্ত-ল্রাব পর্য্যায়ে যে সকল নাড়ী অভ্যন্তরীণ খোলোস (internal capsule), শুল্র মস্তিক্ষাংশ, এবং মস্তিক্ষ মৃলস্থ স্নায়ু-গ্রন্থিতে শোণিত বহন করে তাহাদিগের বিদারণের বিষয় বর্ণিত হইবে। ফলতঃ এই দলভুক্ত শোণিতনাড়ীতেই নাড়ী-বিদারণ সংখ্যার শতকরা সর্ব্বাপেক্ষা অধিক দেখা যায়। অপিচ স্থল মস্তিক্ষ-বেষ্ট-ঝিল্লিসংস্ট বাপ্যাকিমিনিঞ্জিয়াল, এবং লুতাতস্তবং মস্তিক্ষ-বেষ্ট-ঝিল্লি সংস্ট দল (Subarachnoidal group), এবং যে সকল দল পন্স, মেডালা এবং ক্ষুদ্র মস্তিক্ষে রক্ত বহন করে এরূপ পৃথক পৃথক নাড়ী-দলের বিষয়ও বর্ণনীয়।

খ। কৈ ন্দ্রিক রক্ত-আব বা সেণ্ট্রাল হিমরেজ—
কারণ-তত্ত্ব—বে কোন বয়সে সংঘটিত হইতে পারিলেও উপদংশ ঘটিত না হইলে অতি শৈশবাবস্থা হইতে চল্লিশ বংসর পর্যান্ত অতীব বিরল; এই বয়স হইতে আশি বংসর পর্যান্ত প্রবর্তনার ক্রত বৃদ্ধি হয়, এবং পরেই তাহা স্পষ্ঠতঃ হ্রাস পাইয়া যায়। বংশামুক্রমিক ধমণীরোগ প্রবর্তনা নিঃসন্দিগ্ধ ক্ষমতা প্রকাশ করে। ক্ষুদ্রগ্রীব বাউনে গঠনের ব্যক্তিগণ সন্ন্যাস-রোগ প্রবণ বলিয়া বিবেচিত। ফলতঃ এইরূপ গঠনের ব্যক্তিগণ সন্ন্যাস-রোগ প্রবণ বলিয়া বিবেচিত। ফলতঃ এইরূপ গঠনের ব্যক্তিগিগের মধ্যে আমরা অধিকতর সন্ন্যাস-রোগ দেখিয়াছি। অপ্রশস্ত বক্ষ-ধমনী বা থেরাসিক আর্টারি অথবা ধমণী-প্রাচীরের তুর্বলতা, বংশামুক্রমিক অথবা সোপার্জ্জিত, পূর্ব্বগামী কারণ বলিয়া গণ্য।

সংক্রামক রেটা, ক্ষরাবস্থা, পুরাতন বৃক্কক-রোগ, রস-বাত, ক্ষ্দ্রবাত. উপদংশ, পুরাতন স্থরা-বিষাক্ততা, শীতাদ বা স্কার্ভি এবং খেত কণিকা বাছল্য প্রভৃতি রোগ মস্তিষ্কীয় রক্ত-স্রাবের পূর্ব্বগামী কারণ বলিয়া গণ্য।

কোন প্রকার শারীরিক শ্রম, যেমন মল-ত্যাগের বেগ, ভারি বস্তুর উত্তোলন, দৌড়ন, স্বতি ক্রত ভ্রমণ ইত্যাদি যে কোন প্রকার স্কুস্পষ্ট উত্তেজনা, ভূরি ভোজন অথবা অধিক পরিমাণ জলীয় বস্তুর পান, অতি শীতল অথবা অত্যুক্তজলে স্নান, সংক্ষেপতঃ, বাহা কিছু প্রক্নত পক্ষে মস্তিক্ষের রক্ত-নাড়ীতে বক্ত-চাপের (blood pressure) বৃদ্ধি করে, ইহার সাক্ষাত কারণ বলিয়া বিবেচিত হয়।

বে সকল রোগ ইহার সাক্ষাত কারণ বলিয়া বিবেচিত, তাহাদিগের মধ্যে নানাবিধ হৃৎপিণ্ড-রোগ (বিশেষ করিয়া বসা সংস্কু), ধমনী-প্রদাহ, শস্ত-বীজাকার রক্তার্ক্দ বা এন্থরিজ্ম, এবং আতার শাঁশবৎ কোমল পদার্থপূর্ণ অ র্ক্ দরোগাক্রাস্ত বা এথারমেটাস ধমনী প্রধান স্থানীয়। বৃক্কবরোগ এই পর্য্যায়ে ধর্ত্তব্য কি না তাহা এ পর্যাস্তপ্ত মীমাংসা সাপেক্ষ।

লক্ষণ-তত্ত্ব। — কার্য্যতঃ কোন প্রকার পূর্ব্বগামী লক্ষণ উপস্থিত হয় না, তথাপি ইহা সত্য যে কথন কথন, বিশেষতঃ উপদংশ ঘটিত রোগে, কিঞ্চিত সময়ের জন্ম মানসিক গোলমাল, শিরোঘূর্ণন, এক উর্দ্ধাঙ্গে অথবা নিমাঙ্গে অথবা উভয় উর্দ্ধ এবং নিমাঙ্গে কীট বিচরণবং অমুভূতি, এবং মস্তকে বেদনা এবং পূর্ণতা বোধ হয়; কিন্তু এই সকল লক্ষণ এত অধিক সময়েই এই প্রকার রোগাক্রমণ ব্যতীত ঘটে, এবং পক্ষাস্তরে এই প্রকার রোগাক্রমণ এত অধিক সময়ে উপরি উক্ত কোন একটি লক্ষণেরও উপস্থিতি ব্যতীত সংঘটিত হয়, যে ইহাদিগকে মস্তিষ্কীয় রক্ত প্রাবের পূর্ব্বগামী লক্ষণ (Prodromal) বলিয়া সহজে গ্রহণ করা যায় না।

আক্রমণ সর্বস্থেলেই হঠাৎ হয়, সর্বাঙ্গীন আক্ষেপের সহিত তামসী নিদ্রা অথবা কেবলই তামসী নিদ্রা হইতে পারে, কথন কথন তামসী নিদ্রা উপস্থিত হয় না।

অধিকাংশ আক্রমণ এই প্রকার যে রোগী হঠাৎই কোন পূর্ব্জ্ঞাপক লক্ষণ ব্যতীত অজ্ঞান হইয়া পড়ে, মুখ শোণিতোচ্ছাস মুক্ত, বরঞ্চ ঈষৎনীল অথবা নীল-লোহিত হয়। চক্ষু গোলক স্থির এবং অন্ততর পার্শ্বে ঘূর্ণিত, অথবা সম্পূর্ণ ঋজু থাকিতে পারে । কনীণিকা সংকৃচিত থাকে, আলোকে প্রতিক্রিয়া হয় না, চকু আংশিক রূপে বন্ধ, খাস-প্রখাস নাসিকা ধ্বনিযুক্ত এবং আরাসসাধ্য হয়, প্রত্যেক প্রখাসে অন্তব্য গগু ফুলিয়া ওঠে। কঠিন নাড়ী বরঞ্চ ধীর গতি বিশিষ্ট। সম্পূর্ণ শরীরই বর্ম্মসিক্ত। অঙ্গাদি শিথিল থাকে, কিন্তু বিশেষ পর্যবেক্ষণে এক উর্দাস্তে অথবা নিয়াঙ্গে, অথবা কোন উর্দাস্তে এবং নিয়াঙ্গে কোনরূপ পক্ষাঘাতের চিত্র প্রকাশ পাইবে। মল-মৃত্রের অনৈচ্ছিক ত্যাগ অথবা অবরোধ ঘটিতে পারে। আক্রমণকালে তাপ সাধারণতঃ স্বাভাবিক অথবা স্কভাব নিয় হয়। ৯৭৯ ফারেন হাইটের নিয়ে থাকিলে গুরুতর আশংকার স্থল। কতিপয় ঘণ্টার মধ্যে স্কুস্পার্শ্বের অপেক্ষা পক্ষাঘাত্যুক্ত পার্শ্বের তাপ কিঞ্চিত উচ্চতর হয়। তামসী নিদ্রার লগ্নাবন্থা, বিশেষতঃ তাহার সহিত নাড়ী-ম্পন্ধনামুপাতের বৃদ্ধি এবং তাপের উচ্চতা, অশুভ বলিয়া পরিগণিত। গেলা এবং কথা বলা কন্ট্রসাধ্য অথবা অসম্ভব। অহিফেন বিষাক্ত্যার জায় থাকিয়া থাকিয়া খাস-প্রখাস (Cheyne-Stokes respiration), অথবা শোণিত সঞ্চয়িক (Hypostatic) নিউমনিয়ার উপস্থিতি সাংঘাতিক পরিণাম স্টিত করে।

ক্ষত আক্রাস্ত রোগীর সাধারণতঃ হুই ২ইতে চারি দিবসের মধ্যে মৃত্যু ঘটে। অপেক্ষাক্কত স্বল্ল ক্রত, কিন্তু সাংঘাতিক আক্রমণের রোগী বিশক্ষণ কতিপন্ন দিবসের জন্ত তামসী নিদ্রাগ্রস্ত থাকিতে পারে, অথবা আংশিকরপে আরোগ্য লাভ করে এবং পরে অজ্ঞানতা এবং মৃত্যু প্রলাপের সহিত ধীরে ধীরে মৃত্যু ঘটে।

এই সকল স্থলৈ শরীর-তাপ, এমন কি হুই অথবা তিন সপ্তাহের জন্মও
স্বাভাবিক থাকিতে পারে; এবং পরে উঠিতে আরম্ভ হয়; তাপের উত্থান
সর্বস্থেলেই অমঙ্গল স্টিত করে। তাপ এবং নাড়ীর অসামঞ্জ্য সাংঘাতিক
চিক্ষা

ষে সকল রোগী আরোগ্য লাভ করে, তাহাদিগের মধ্যে তামসী নিদ্রার

স্থায়িত্বকালের বিস্তৃত পার্থক্য দেখা বার। ইহা মাত্র পাঁচ অথবা ছর ঘণ্টা স্থায়ী হইতে পারে, অথবা ইহা এক সপ্তাহ থাকিতে পারে এবং, এমন কি তদপেকাও অধিকতর কাল স্থায়ী হইতে পারে, তথাপি প্রথম বার ঘণ্টার পর লগ্ন তামসী নিদ্রার প্রত্যেক ঘণ্টাই ভাবী ফলের সাংঘাতিকতার রন্ধি করে।

তামদী নিদ্রাবস্থায় এই সকল রোগীর শরীর-তাপ স্বাভাবিক থাকে, কেবল সাক্ষাৎ সিয়হিত কারণ নিবন্ধন সামান্ত কিঞ্চিৎ ওঠা-নামা করে। অপিচ, এমন কি কথন কথন আশাপ্রদ রোগীরও শরীর তাপ স্বল্প সময়ের জন্ত হঠাৎ স্বস্পষ্টতা সহ বৃদ্ধি পাইতে পারে। তামদী নিদ্রা ধীরে অন্তর্জান করে, এবং রোগীকে সম্পূর্ণরূপে পরিষ্কার অথবা হর্বল এবং বিশৃঙ্খলিত মানসিক অবস্থায় রাথিয়া যাইতে পারে, এবং বাক্যেরও কিঞ্চিত দোষ থাকিয়া যায়। দক্ষিণ পার্শের অর্জাংক্তে অনেক সময়ে গতিদ (motor) সায়বিক বাকরোধ ঘটিলে রোগী সম্পূর্ণ রূপে ভাষার ব্যবহারে অথবা হৃদয়ঙ্গমে অপারক হয়। পক্ষাঘাত যুক্ত পার্শ্বের কণীনিকা স্বস্থ পার্শের অপেক্ষা অধিকতর সংকুচিত, এবং তাহার একরূপ অসম্পূর্ণ পক্ষাঘাতও হইতে পারে; যাহাই হউক চৈতন্ত্যের পুনরুদ্ধে এই সকল লক্ষ্ণ অন্তর্জান করে।

অদ্ধাংক্ষ বা একপার্শ্বের পক্ষাঘাতে বিশেষ স্পষ্টতাযুক্ত লক্ষণ এই যে মুথাপেক্ষা উদ্ধান্ধ এবং নিয়াক্ষ অধিকতর স্পষ্টভাবে আক্রান্ত হয়। পঞ্চম সায়্র কেবল নিয়তর ছই শাখা আক্রান্ত হওয়ায় রোগী চক্ষু মুদ্রিত করিতে পারে। জিহ্বা বাহির করিলে পক্ষাঘাতযুক্ত পার্শাভিথে ঘূর্ণিত হয়। পক্ষাঘাতযুক্ত পোর্শাভিথে ঘূর্ণিত হয়। পক্ষাঘাতযুক্ত পেশ্রাদি শিথিল হইয়া যায়, কিন্তু পরে তাহাদিগের মধ্যে কোন কোনটি সম্পূর্ণ রূপে কঠিন এবং সংকুচিত হইয়া থাকে। সামান্ত কতিপয় স্থলে অভি শীদ্র কাঠিত সংঘটিত হয়। কণ্ডরার প্রতিক্রিয়াদির অভাব অথবা আংশিক অভাব ঘটে, রুয় পার্শ্বের ম্বকের প্রতিক্রিয়া অনেক কমিয়া যায়, অথবা অন্তর্শ্বান করিতে পারে।

পুরাতন অবস্থা।—সাধারণতঃ তিন হইতে ছয় সপ্তাহের মধ্যে মস্তিষ্কীয় উত্তেজনার লক্ষণ এবং অবসাদ অন্তর্জান করিলে যে লক্ষণাদি উপস্থিত হয় তাহারা পুরাতন অবস্থা বলিয়া বিবেচিত।

এরূপাবস্থায় সাধারণতঃ পক্ষাঘাতের স্পষ্টতর উন্নতি দেখা যায়, এবং অমুভব সংস্কৃত্তী লক্ষণাদি প্রায়ই অথবা সম্পূর্ণরূপেই অস্তর্জান করে। উন্নতি চলিতে থাকে, কিন্তু ক্রমেই অধিক হইতে অধিকতর ধীরাবস্থা পায় এবং এইরূপ বৎসরাবধি কিম্বা তদপেক্ষা অধিককালও চলিতে পারে।

উর্দ্ধ অথবা নিম্নাঙ্গের হইতে মুখ-মণ্ডল-পেশীর পক্ষাঘাত স্বল্পতর হয়।
অধিকাংশ স্থলেই শব্দোচ্চারণ, মুখভঙ্গি অথবা খাদ-প্রশ্বাদ সংস্কৃষ্ট পেশীর
পক্ষাঘাত হইলেও অতি সামান্ত হইয়া থাকে।

শতকরা অনেক স্থলেই মৃত্র-স্থলী এবং সরলান্ত্র-পেশী কিঞ্চিত আক্রান্ত হয়।

উপরি ভাগের প্রতিক্রিয়াদি এক্ষণে উপস্থিত হয়, এবং কণ্ডরা-প্রতিক্রিয়াদির অধিকা জয়ে। এক্ষণে প্রায় সাকলা পক্ষাঘাতাক্রাস্ত পেশীরই বর্দ্ধিষ্ণু কাঠিল দেখা দেয় এবং তাহার পরে বিস্তারক পেশাদির, বিশেষতঃ উর্দ্ধ এবং নিয়াঙ্গ বিস্তারক পেশীর স্পষ্ঠতর সংকৃচিত ভাব জয়ে। পক্ষাঘাতযুক্ত পেশীর প্রকৃত কয় জয়ে না, কেবল অব্যবহার প্রযুক্ত যে বৃদ্ধির অপচয় তাহাই ঘটে। পক্ষাঘাতযুক্ত অঙ্গে আক্ষেপিক চালনা হইতে পারে।

স্পর্শজ্ঞান-লোপ সাধারণ নহে এবং থাকিলেও অতি সামান্তই থাকে, এবং উর্দ্ধ এবং নিমান্তের অতি অল্প অল্প স্থানে সীমা বদ্ধ থাকে। নানা প্রকারের অমুভবাধিক্য অতীব সাধারণ, এবং বিশেষ এক প্রকার লগ্ন জ্ঞালাকর অমুভতি কোন প্রকারেই অসাধারণ নহে। ইহা অতীব বিরক্তি কর লক্ষণ।

পক্ষাঘাত পীড়িত শরীরাংশে কেশের বৃদ্ধি বিলক্ষণ সাধারণ ঘটনা।

় বৈহাতিক প্রতিক্রিয়ার বিশেষ ব্রাস-বৃদ্ধি দৃষ্ট হয় না। রোগী উত্তেজনাপ্রবণতা এবং ভাবৃকতা প্রকাশ করে; এবং অনেক সময়ে কোন বিষয়ে
মনোনিবেশের ক্ষমতার স্পষ্টতর অপচয় ঘটে। ঘটনাধীনে মৃগী অথবা বাতুলতা
উপস্থিত হয়, বিশেষতঃ যদি বাক্শক্তির আক্রমণ হইয়া থাকে অথবা যন্ত্রের
উপাদানগত দোষ উপস্থিত হয়।

গ। মস্তিক্ষ-বেষ্ট-ঝিল্লি-রক্ত-আব বা মিনিঞ্জিয়াল (Meningeal) হিমরেজ—রক্ত-আব খুল মস্তিক্ষ-বেষ্ট-ঝিল্লি-বাহে (extradural) হইতে পারে, যাহাতে রক্ত-চাপ খুল মস্তিক্ষ-বেষ্ট এবং করোটা মধ্যে অবস্থিত হয়; অথবা খুল মস্তিক্ষ বেষ্ট-ঝিল্লির অন্তর্প্র দেশীয়, যাহাতে রক্ত-চাপ ক্রিনইড প্রদেশে (crenoid space) থাকে, অথবা ইহা কোমলমস্তিক্ষবেষ্ট-ঝিল্লি-সংস্কুষ্ট (Pial) হইতে পারে।

স্থল মস্তিক্ষ-বেষ্ট হইতে রক্তপ্রাব স্বয়স্কৃত হইতে পারে, কিন্তু তাহা বড়ই বিরল। ইহা সাধারণতঃ আঘাত, স্থরা-বিষাক্ততা অথবা উপদংশের পরিগাম স্বরূপ ঘটে, অথবা উন্মাদ-রোগের সংযোগে জন্মে।

সাধারণত বিদারণ মিড্ল মিনিঞ্জিয়াল ধমনী অথবা শিরা, অথবা তাহা-দিগের শাথাদিতে ঘটে।

স্থূল মস্তিক্ষ-বেষ্ট সংস্কৃত্তি ব্যক্তপ্রাবের কারণ আঘাত হইলে, তৎকালের অথবা তাহার অব্যবহিত পরের চিকিৎসা বিশেষ যত্নের সহিত সম্পাদন করিতে হইবে।

কোন ব্যক্তি মধ্য বয়সের পরে মস্তকে আঘাত পাইলে, কিয়ৎকালের জন্ম তাহাকে সম্পূর্ণ স্থির রাথিতে হইবে, এবং এক অথবা ছই মাসের জন্ম যত্নের সহিত কোন প্রকার উত্তেজনা অথবা পরিশ্রম হইতে রক্ষা করিতে হইবে।

তৎক্ষণাৎই অজ্ঞানতা জন্মিতে পারে এবং তদপেক্ষা অধিকতরস্থলে না হইলেও সেই পরিমাণ স্থলে আঘাতের পরে তিনঘণ্টা হইতে

হুই মাস পর্য্যন্ত ভিন্ন জ্ঞানের অভাব হয় না। রোগী প্রথমে অবসাদ গ্রস্ত, পরে নিদ্রালু এবং অবশেষে গভীর নিদ্রাভিভূত হয়, এবং তাহার সহিত অজ্ঞানতা জন্মে। যথনই এরূপাবস্থা ঘটে, যে পার্শ্বে রক্ত-চাপ-অ-বস্থিত, তাহার বিপরিতে অর্দ্ধাঙ্গ জন্মে। সময়ে সময়ে নাসিকা-ধ্বনি সহ খাস-প্রখাস, এবং অধিকাংশ স্থলে "চিন-ষ্টোক্স" খাস-প্রখাস উপস্থিত হয়। কণীনিকার সংকচন অসম, এবং পক্ষাঘাতযুক্ত পার্শ্বে অধিকতর থাকে; আলোকে তাহাদিগের প্রতিক্রিয়া হয় না। উভয় চক্ষু, অপিচ মস্তক পক্ষাঘাতযুক্ত পার্ষের অভিমুখে, এবং অপায়াক্রাস্ত পার্শ্বের বিপরিতে ঘূর্ণিত থাকে। কথন কখন অপায়ের পার্শ্বের কণী-নিকার প্রসার জন্মে, এবং বিপরীত কণীনিকা অতীব ক্ষুদ্র হইয়া যায়; ইহাকে "হাচিন্সন'দ কনীণিকা ( pupil )" বলে, এবং ইহা মন্তিক্ষের কঠিন চাপিত ভাব প্রকাশ করে—মন্তিক্ত মূলের তৃতীয় স্নায়ু চাপ পায়। অধিক সংখ্যক রোগীরই আক্ষেপিক চালনা দেখা দেয়, এবং তাহাতে মুথমণ্ডল এবং চক্ষুর পেশীর অনিয়মিত আনর্ত্তন কথন কথন সম্পূর্ণ রুগ্ন পার্শ্বে বিস্তৃত হয়। বিলক্ষণ কাঠিত জন্মিতে পারে। প্রতিক্রিয়াদির আধিকা দেখা যায়।

শরীরতাপ অনেক সময়েই স্বাভাবিকাবস্থা হইতে এক অথবা হুই ডিগ্রিউচ, কিন্তু অনেক সময় ঠিক স্বাভাবিক থাকে।

সর্বস্থলেই করোটী উন্মুক্ত করিয়া রক্তচাপ স্থানান্তরিত করা উচিত।
এরূপ না করিলে, কার্য্যতঃ সকল স্থলেই রোগের অবস্থা নিম্নমিত রূপে
কঠিনতর হওয়ায় খাস-প্রখাস ক্ষীণ এবং নাড়ী ক্রুত হইয়া অবশেষে মৃত্যু
ঘটে। অস্ত্রচিকিৎসাবলম্বনে রোগীর সম্পূর্ণ আরোগ্যের সম্ভাবনা বিশেষ
আশাপ্রদ বলিয়া বিবেচিত।

স্থা-বিষাক্ত তা অথবা উন্মানাবস্থায় রোগ মিড্ল্ মিনিঞ্জিয়াল আর্টারি বা ধমনী অথবা তাহার শাখাদির, অথবা কোমল মন্তিক বেষ্ট-ঝিল্লি (piamater)

শিরার বিদারণ হইতে জন্মে; সাধারণ পক্ষাণাতের স্থায়িত্বকালে স্থূল-মস্তিদ্ধ-বেষ্ট ঝিল্লিতে কুদ্র এবং পুনঃ পুনঃ রক্তস্রাব বিলক্ষণ সাধারণ ঘটনা।

লক্ষণাদি স্বা-বীজ-বিষাক্ততা এবং উন্মন্ততা দ্বারা এতদূর আচ্ছন্ন থাকে যে কোন একবারের রোগ-বর্ণনার কোনই মূল্য থাকে না। ন্যনাধিক পুন: পুন: এবং নানাবিধ পরিমাণ শিরোঘূর্ণন এবং শির: শূল থাকে। তাহার পরে স্পষ্ঠতর অদ্ধান্ধের চিহ্নের সহিত হঠাৎ তামদী নিদ্রা, এবং অনেক সমন্ন বিলক্ষণ স্পষ্ঠ স্পর্শজ্ঞানহীনতার সহিত কোন কোন স্থলে, পক্ষাঘাত যুক্ত অঙ্গের আক্ষেপিক চালনা আসিন্না পড়ে।

- ষ। কোমল মস্তিক্ক-বেষ্ট-বিল্লো-রক্ত-আব বা পাইয়াল হিমরেজ (Pial Hemorrhage.)—সাধারণতঃই এ রোগ নির্বা-চিত করা যায় না। ইহাতে আক্মিক তামসী নিজার সংঘটন হয়, এবং গতিদ স্নায়্-কেন্দ্র-দেশ যুড়িয়া অপায় ঘটলে, বরঞ্চ পক্ষাঘাতযুক্ত অঙ্গাদির অধিকতর আক্ষেপিক চালনা দেখা দেয়। সাধারণতঃ এই অর্জাঙ্গ অসম্পূর্ণ, অনেক সময়ে একাঙ্গ-পক্ষাঘাত হইয়া থাকে।
- ঙ। উভয় পন্স্ভেরলাইর মধ্যবর্তী-পথের রক্ত-আব বা পন্স্ হিমরেজ (pons hemorrhage).—ইহা প্রায় সর্বসময়েই সাংঘাতিক। আক্রমণ আরম্ভেই অটেতভা জন্ম। কণীনিকা আলপিনের মস্তকের আকারে সংকৃচিত হয়, শরীরের উভয় পার্মস্থ পেশীর আনর্ত্তন, ঝাঁকি এবং উভয় শরীর-পার্মের কিঞ্চিত কাঠিভা উপস্থিত হয়। মৃথমণ্ডল এবং চক্ষুর পেশীও আক্রান্ত হইয়া থাকে। গলাধঃকণের এবং তাহার সহিত কথার এবং উচ্চারণেরও বাধা জন্মে। শরীর তাপ সঁক্রস্থলেই চারি হইতে পাঁচ ডিগ্রি উচ্চতর থাকে।
- 5। ক্ষুদ্র মস্তিক্ষ-রক্ত-আব বা সেরিবেলার হিমরেজ (cerebellar hemorrhage).—সাধারণতঃ সাংঘাতিক। আক্রমণ আকস্মিক, অধবা কভিপয় ঘণ্টা অথবা এক দিবসের জন্ম কঠিন শিরঃশুল,

সাধারণতঃ মন্তকপশ্চাতের বা অক্সিপিটাল শিরঃ-শূলের পর ঘটিতে পারে। গতিদ লক্ষণাদি তাদৃশ স্পষ্টীভূত হয় না; অনেক সময়েই কোনপ্রকার পক্ষাঘাত নির্ণিত করা কঠিন; যদি বর্ত্তমান থাকে, অপায়ের সমপার্শ্বে থাকিবে। অস্তান্ত প্রকার হইতে ইহাতে শ্বাস-প্রশ্বাস অধিকতর সমানভাবে এবং স্পষ্টতর্র্বপে আক্রান্ত হয়। নাড়ী স্পদ্দন এবং শোণিত-সঞ্চলন সাধারণতঃ অস্তান্ত প্রকার রোগ সহ সমভাবাপর।

২। ছিপিবৎ রক্তাদির চাপে রক্ত-নাড়ীর অবরোধ ঘটিত বা এম্বলিক সন্ন্যাসুরোগ (Embolic Apoplexy.)।

বিবরণ।—শোণিত-নাড়ী বাহিত বস্তু, যেমন বসা, তস্তু-জান অথবা রক্ত-চাপ এম্বলাস বলিয়া কথিত। মস্তিক্ষে কোন রক্ত-নাড়ীর ছিপিবং চাপ দারা অবরোধ ছিপিবংবস্তু সংঘটিত বা এম্বলিক সন্ন্যাস বা এপপ্লেক্সি বলিয়া অভিহিত। পঞ্চাশবংসর বয়দের পর রোগ তাদৃশ সাধারণ নহে। কিন্তু ঘটনাধীনে, এমন কি বিলক্ষণ বৃদ্ধ বয়সেও ইহা দেখা যাইয়া থাকে। ছিপি বা এম্বল অধিকাংশ সময়ে মিডল সেরিব্রাল আর্টারি বা ধমনী অথবা তাহার শাথাদিতে অবস্থিত হয়।

কারণ-তত্ত্ব।—প্রাণাহিক রস-বাত, হৃদন্তর্বেষ্ট-ঝিল্লী-প্রদাহ, যে কোন কারণবশতঃ রক্তহীনতা, সংক্রামক জর, রক্ত-বাাধি (dyscrasias), বৃক্কক অথবা হৃৎপিণ্ডের বসাপকৃষ্টতা, অর্শ, জরায়ুর অবস্থা এবং শিরাস্ফীতি (varicose veins) প্রভৃতি ইহার কারণের বিষয়ীভূত।

লক্ষণ।——স্থারণতঃ ন্যাধিক গভীর আকস্মিক তামসী নিজ্রারোগাক্রমণ আনয়ন করে, ইহা সাধারণতঃ স্বল্লস্থায়ী। বিলক্ষণ অধিক
সংখ্যক স্থলেই জ্ঞানের অভাব বিরহিত অদ্ধাঙ্গই রোগের প্রথম প্রদর্শক।
আক্রমণারস্তে প্রায় সর্ব্বতই স্পষ্টতর সর্ব্বাঙ্গীন আক্ষেপ অথবা মাত্র আক্ষেপিক আনর্ত্তন উপস্থিত হয়। সাধারণতঃ বমন থাকে। নাড়ী-স্পন্দন
প্রায় স্বাভাবিক—কঠিন স্পর্শ, পূর্ণ, লক্ষ্মান অথবা অতীব ধীরগতি নহে।

প্রথমে তাপের অতি সামান্ত পরিবর্ত্তন দৃষ্ট হয়, কিন্তু কতিপয় দিবসের পরে উত্থানের সম্ভাবনা হইলেও অতীব কঠিন রোগে ব্যতীত এক অথবা তুই ডিগ্রির অধিক উঠে না। সাধারণতঃ শ্বাস-প্রশ্বাস নাসিকাধ্বনিযুক্ত হয় না; মুথমণ্ডল উচ্ছাস্যুক্ত থাকে।

মস্তিক্ষের বৃহত্তর অংশ শোণিতের যোগান হইতে বঞ্চিত না হইলে, অদ্ধাঙ্গ অন্তর্জ ত হইতে আরম্ভ হয়, এবং ক্রমেই বিলক্ষণ ক্রত গতিতে উন্নতি লাভ করিতে থাকে: কতিপয় মাসের মধ্যে কার্য্যতঃ সম্পূর্ণ আরোগ্যও নিতান্ত অল্প সময় হয় না। কোমলতা সংঘটিত হইলে, তাহা এতাদৃশ প্রবল হইতে পারে যে ৪৮ ঘণ্টার মধ্যে মৃত্যু ঘটিয়া থাকে, কিন্তু সচরাচর কতিপয় সপ্তাহ মধ্যে হয় না। এইরূপ ঘটনাতে মস্তিক্ষীয় কোমলতার সাধারণ লক্ষণাদি এবং গতি প্রকাশিত হয়।

পুরাতন অর্দ্ধাঙ্গের প্রকৃতি রক্তপ্রাবের প্রকৃতির সমান।

### ·৩। স্ক্রত রক্তচাপ বা অর্ব্বুদ ঘটিত সন্ন্যাস অথবা থ্রম্বিক এপপ্লেক্সি।

(Thrombic Apoplexy.)

বিবরণ।—অবরুদ্ধ স্থলে নাড়ীর রোগ হইতে মস্তিদ্ধীর রক্ত-নাড়ীর রোধ বা ছিপি আটা ভাব থুম্বসিস বলিয়া অভিহিত। ইহা দারা ধে কোন মস্তিদ্ধীর রক্ত-নাড়ী আক্রান্ত হইতে পারে।

কারণ-তত্ত্ব ।—কুজ বাত হইতে ধমনীর অন্তর্বেষ্ট-ঝিল্লিপ্রদাহ, সীসক, অথবা উপদংশ ইহার অতি প্রধান কারণ মধে পরিগণিত। ইহা-দিগের পরেই বসাযুক্ত হৃৎপিণ্ড এবং রক্ত-ব্যাধি বা ডিক্রেসিয়া প্রধান্ত প্রাপ্ত হয়। রক্ত-নাড়ীর যে কোন প্রকার রোগন্ধ অবস্থা ছিপি আটাভাব বা প্রস্থাস উৎপন্ন করিতে পারে। ইহা স্বল্লতর বয়সেও সংঘটিত হইতে পারে, কিন্তু ত্রিশবৎসরের পরেই সর্ব্বাপেক্ষা সাধারণ।

লক্ষণ-তত্ত্ব |---সাধারণতঃই পূর্ব্বগামী লক্ষণাদি উপস্থিত হয়, এবং অনেক সময়ে রোগাক্রমণের পূর্ব্বে কতিপয় মাস পর্যান্ত থাকে। সম্ভবত: শরীরের এক পার্শ্বের অথবা এক উর্দ্ধাঙ্গের অথবা নিমাঙ্গের অসাড়তা জন্মে, অথবা হইতে পারে, তাহা কোন কোন কুদ্র অংশে সীমা বদ্ধ থাকিয়া ন্যনাধিক ক্রততা সহ পুনঃ পুনঃ আবর্ত্তন করে এবং অনিয়মিত কাল স্থায়ী হইতে পারে ; অথবা অর্দ্ধাঙ্গ অথবা একাঙ্গ-পক্ষাঘাত অথবা মুখমণ্ডল পেশীর অবশতার পুন: পুন: এবং ক্ষণস্থায়ী আবর্ত্তন হইতে পারে। ক্ষণ স্থায়ী বাক্রোধের, অথবা নিদ্রালুতার আক্রমণ হইতে পারে। আক্রমণ প্রায় ধীরে আরম্ভ হয়, অদ্ধাংক্ষ, এবং তামসী নিদ্রা কতিপয় ঘণ্টার জন্ম অধিক হইতে অধিকতর স্পষ্টতা লাভ করে। আক্রমণ আকস্মিক হইতে পারে, কিন্তু অধিক সংখ্যক স্থলেই তদ্ধপ হয় না। অতীব কঠিন রোগ ব্যতীত অদ্ধান্ধরোগের অতি শীঘ্র অপেক্ষাকত ক্রুত উন্নতি ঘটে, অতি বিস্তত কোমলতা (oftening) অথবা ধমনীর বিস্তৃত রোগ না থাকিলে এই উন্নতি রক্তস্রাব ঘটিতরোগ হইতে অধিকতর দ্রুত বর্দ্ধিত হইতে থাকে, কিন্তু এই বৰ্দ্ধনশীল উন্নতি বক্তাদির চাপ কর্ত্তক ছিপি আটা ভাব ঘটিত রোগের অপেক্ষা স্বল্পতর। স্বাভাত লক্ষণ রক্তপ্রাব-লক্ষণের নিকটসাদৃশ্র প্রকাশ করে। রোগ-নির্বাচন এবং ভাবীফল রক্তান্তুসংস্থ সন্নাস-রোগালোচনায় দ্রপ্রবা।

# লেক্চার ২৫৩ (LECTURE CCLIII.)

# রক্তান্ত্বসংস্ফট সন্ধ্যাস বা সিরাস এপপ্লেক্সি। (SEROUS APOPLEXY).

বিবরণ।—ইতি পূর্ব্বে রক্ত-নাড়ীর বিদারণ অথবা অবরোধ ঘটিত আক্মিক অজ্ঞানতা এবং পক্ষাথাত ইত্যাদি সন্ন্যাস বা এপপ্লেক্সি নামে অভিহিত হইয়াছে; তদমুসারে ইহা সন্ন্যাস নামের অধিকারী হইতে পারে না, যেহেতু শোণিত-নাড়ার অবরোধাদি, অপিচ রক্ত-আব সহ ইহা সম্বন্ধ বিরহিত।

তথাপি ইহা নিশ্চিত যে অন্যান্ত শরীর-গহবরের স্থায় মন্তিক্ষ-কোটরেও রক্তামুর ক্ষরণ হইতে পারে। এই রস-ক্ষরণ অতি ক্রত এবং হঠাৎ অধিক পরিমাণে হইলে প্রকৃত সন্ন্যাদের ন্থায়ই তামসী নিদ্রাদির ফল স্বরূপ গুরুতর এবং সাংঘাতিক পরিণাম উপস্থিত করিতে পারে। ইহাই ইহার সন্ন্যাস-পর্য্যায় ভূক্ত হইবার কারণ।

কারণ-তত্ত্ব।—বয়সের শেষাংশে যে সকল ব্যক্তির সায়বিক হর্বলতা নিবন্ধন শারীরিক দৌর্বল্য উপস্থিত হয় তাহাদিগের মধ্যে ইহা সংঘটিত হইয়া থাকে। অনেক সময়ে মূ্এাঘাত নিবন্ধন মূ্ত্র-বিষাক্ততা বা য়ুরিমিয়া ইহার কারণ; যাহা কিছু মন্তিক্ষের বৃহত্তর অংশের শিক্ষারক্ত-স্রোতের বাধা প্রদান করে; নানাবিধ হাদ্রোগ; প্রলম্বিত কাল অহিফেন, ককেন, ক্লরাল অথবা স্থরা-বীজের বা এল্কহলের ব্যবহার অনেক সময়ে ইহার কারণ বলিয়া গণ্য।

লক্ষণ-তত্ত্ব |— সাধারণতঃ শারীরিক জড়তা, অস্বাভাবিক নিজ্ঞা-লুতা, শরীরের ভিন্ন ভিন্ন অংশে ন্যানাধিক কীট-বিচরণের অমুভূতি, মনঃ-

সংযোগে কিঞ্চিত কন্তাত্মভৃতি, বাক্য-গঠনে কাঠিন্য, এবং গল্পের সময়ে হঠাৎ সাধারণ কথার স্পষ্টতঃ ভ্রান্তির উপক্রম উপস্থিত হয়। কখন কখন রোগী যেন দৃষ্ঠতঃ গল্প শ্রবণ করিতেছে বলিয়া বোধ হয়, এবং সে নিজে শুনিতেছে বলিয়া বিশ্বাস করে, ইতি মধ্যে হঠাৎই তাহার প্রতিতি জন্মে, সে শুনে নাই অথবা যাহা কথিত হইয়াছে তাহার অধিকাংশ বোধগম্য করে নাই। ইহার পরেই মৃত্ব প্রকৃতির বিড় বিড় প্রলাপ এবং ভ্রমদর্শন এবং ভ্রান্ত শ্রবণ উপস্থিত হয়। খান্ত গ্রহণের পক্ষে রোগীর যথেষ্ট জ্ঞান থাকে। শরীর-তাপ স্বাভাবিক থাকে অথবা অৰ্দ্ধ ডিগ্ৰি উচ্চে উঠে, নাড়ী-ম্পন্দন বরঞ্চ ক্রত থাকে এবং স্থুল ও পূর্ণ হয় না। ত্বকের স্পর্শ জ্ঞান বর্দ্ধিত হয়। উদ্ধান্ত এবং নিমান্তের কাঠিন্য জন্মে এবং মস্তক কিঞ্চিত প্রত্যাহরিত হয়: কণীনিকা ক্ষুদ্র হইয়া যায় এবং আলোকে সমাক প্রতি ক্রিয়া হয় না। জিহবা গভীর লেপাবত এবং শুষ্ক। উদ্ধ এবং নিমান্ত কঠিন এবং শীতল, এবং এতদবস্থায় নাড়ী দ্রুত এবং ক্ষীণ, পরে তামদী নিদ্রা এবং মৃত্যু। সম্ভবতঃ নিউমনিয়া এই মৃত্যুর অব্যবহিত কারণ। উপরিউক্ত বিবিধ রোগাবস্থার প্রত্যেকের স্থায়ীত্ব কতিপয় দিবস পর্যান্ত যাইতে পারে। বিলক্ষণ অনেক স্থলেই প্রথম স্পষ্টতর লক্ষণের উপস্থিতির তিন হইতে পাঁচ সপ্তাহের পরে এই সাংঘাতিক তামদী নিদ্রা উপস্থিত হয়। কোন কোন স্থলে গভীর তামসী নিদ্রাই প্রায় প্রথম লক্ষণ রূপে দেখা দেয়। এই লক্ষণের পূর্ব্ব গামী ব্লপে কেবল মানদিক ক্রিয়ার ধীরতা এবং নিদ্রায় প্রবৃত্তি এবং সম্ভবতঃ শরীরের বিবিধ স্থানে অসাড়তা উপস্থিত হয়। এরূপও অনেক রোগ দেখা যায় যাহাতে মোটেই গভীর তামসী নিদ্রা উপস্থিত হয় না, ঝিস্ক রোগী জীবিত থাকে এবং সঙ্গে সঙ্গে মানসিক অবস্থা

উপস্থিত হয় না, কিন্তু রোগী জীবিত থাকে এবং দঙ্গে সঙ্গে মানসিক অবস্থা এবং শারীরিক লক্ষণ পরিষ্কার হইয়া ন্যুনাধিক সম্পূর্ণ আরোগ্য লাভ করে।

আময়িক বিধান-বিকার-তত্ত্ব।—করোটী অভ্যন্তরীণ স্বতঃ রক্তস্রাবে আমরা সর্বস্থলেই রক্ত-নাড়ীর রোগ দেখিতে পাই। ইহাতে প্রধানতঃ বৃহৎ মন্তিক্ষের রক্ত-নাড়ীদলস্থ ক্ষুদ্র নাড়ীর মাত্র অপরুষ্ঠত। উৎপাদক প্রদাহ উপস্থিত থাকিতে পারে। প্রথমে রক্তনাড়ীর অভ্যন্তরীণ ঝিলির কিয়দংশ অপরুষ্ঠত। প্রাপ্ত হইলে তাহার স্থানিক দৌর্বলা ঘটে এবং পরে নাড়ীর তুর্বলীভূত অংশের প্রসারণ প্রযুক্ত ধমনীর বহিরংশের প্রদাহ জয়ে। ইহার ফল স্বরূপ এক ইঞ্চির শত ভাগের এক ভাগ হইতে তাহার বিশ ভাগের এক ভাগ মধ্যে পরিবর্ত্তনশীল ব্যাসমূক্ত একটি ক্ষুদ্র শোণিতার্ব্ব দু বা এমুরিজমের উৎপত্তি হয়। শববাব-চেছদান্তে সাধারণতঃ দশ হইতে এক শতটি এইরূপ ক্ষুদ্র রক্তার্ব্ব দু দেখিতে পাওয়া যায়। ইহাদিগকে মিলিয়ারি বা শস্তবীজবৎ রক্তার্ব্ব দু বলা যায়। এই সকল রক্তার্ব্ব দের এক অথবা একাধিকের বিদারণ হইলে রক্তন্ত্রাব্র ঘটে।

অপিচ ক্ষুদ্র মন্তিক্ষ-রক্ত-নাড়ী-প্রাচীরের বদাপক্ষ্টতা জন্মিতে পারে।
শীতাদ, স্বর্জা টাস বা স্কার্ভি, ক্ষয় বা শীর্ণতা, শ্বেত কণিকাবাহুল্য বা
লুক্সাইথিসিয়া, অথবা সংক্রামক রোগের পরের অবস্থা সাধারণতঃ এরূপ
ঘটনার কারণ। এই প্রকারের ধমনী-প্রদাহ সাধারণতঃ জীবনের প্রথমাংশে অধিকত্তর সংঘটিত হয়, তথাপি কখন কখন এত শেষে যে যাই বৎসর
অথবা তাহার পরেও সম্ভাবিত হইতে পারে।

ছিপি আটা বা এম্বলিক প্রকারের রোগে মন্তিক্ষ-রক্ত-নাড়ীর রোগের কোন প্রমাণ নাও থাকিতে পারে। কেবল রক্তহীন মন্তিক্ষাংশ, অথবা তাহার বিগলন, ছিপি বা প্রাগের পরের অংশের নাড়ীর রক্ত-শৃন্ততা, ছিপি আটা নাড়ীর পশ্চাতের অংশের কিঞ্চিং বর্দ্ধিতভাব, এবং স্বয়ং ছিপিরও তদবস্থা দেখিতে পাওয়া যায়। কোন কোন স্থলে অবরুদ্ধ অংশে রক্তের চাপ ( pressure ) প্রযুক্ত রক্ত-স্রাব ঘটে, অথবা ছিপি বা এম্বল রক্ত-স্রোতের বাধা জন্মাইয়া বিদারণ এবং রক্ত-স্রাব উৎপন্ন করিতে পারে। কোমল পদার্থ পূর্ণ অর্ব্ধা দ্রোগ বা এথারমা কেবল বৃহত্তর নাড়ী আক্রমণ

করে। নাড়ী-প্রাচীরের স্থিতি স্থাপকতার বিলক্ষণ হ্রাস এবং তাহার ফল স্বরূপ অনেক সময়ে রক্ত-স্রাব ঘটে। রক্ত-নাড়ীর অভ্যন্তরীণ আবরণীর স্থুলতা ( endarteritis deformans ) এবং বসাপকুষ্টতা ( atheroma ) জমো। ইহার ফল স্বরূপ অস্বচ্ছ পীত সুলতা দেখা দেয় এবং সর্বাদা না হইলেও অনেক সময়ে চুর্ণপ্রস্তরীভূত (calcicified) হয়। এরূপ এক অথবা একাধিক স্থান থাকিতে পারে, ইহার দাধারণ গতি এই যে আক্রান্ত নাড্যাদির আবরক ঝিল্লী বাহিয়া বিস্তৃত হয়। এই मकल वर्छ लाकात व्यवकृष्टे जा मर्खछलारे नाड़ीत পर्धत পतिवर्छन घটात्र, কখন কখন তাহাদিগকে বৰ্দ্ধিত করে, অন্ত সময়ে তাহাদিগের সঙ্কীর্ণতা জন্মায়, অথবা তাহাদিগের সম্পূর্ণ অবরোধ ঘটায়; নাড়ীর অবরোধ ঘটাইলে তাহার। ছিপিবৎচাপ বা থ্যাস নির্মাণ করে। কুদ্রতর নাড্যাদি অপক্ষপ্টতার অমুপাতে আক্রান্ত না হইলেও পরিবর্ত্তনাদি নিশ্চিত রূপে তদভাস্তরে এতদুর বিস্তৃত হয় যে তাহাদিগের সম্পূর্ণ রোধ ঘটে। মন্তিক্ষ-রক্ত-আবের সংখ্যাত্মদারে স্থানের ক্রমঃ—কডেট এবং লেণ্টিকুলার নিউক্লিয়াই, ( লাক্সল ও মযুরিকাবৎ সংযোগ-বিন্দু ), মস্তিক্ষ-বেষ্ট এবং মন্তিক্ষের খোল বা কর্টেক্স অংশ, সেন্ট্রাম ওভেলি বা বাদামাকার মস্তিষ-কেন্দ্র, অপ্টিক থ্যালামাদ, পন্দ্ বা মস্তিকাংশ্বর-মধ্যপথ, কুন্ত মস্তিষ্ক বা সেরিবেলাম এবং মাতৃকা মূলাধার বা মেডালা অবুলঙ্গেটা।

ছাল বা কর্টেক্স অংশের রক্ত-আব সাধারণতঃ স্বল্লতর, ভেণ্টিক্লার বা মস্তিদ্ধ-কোটর রক্ত-আব সাধারণতঃ মৌলিক সায়ু গ্রন্থির বিদারণের ফল। পন্সের রিক্ত-আব অনেক সময়ে মধ্য রেথায় ঘটে। কুদ্র মস্তিদ্ধের রক্ত-আব উর্দ্ধ সেরিবেলামের ধমনীর বিদারণ হইতে জ্বন্মে, এবং সাধারণতঃই তাহা চতুর্থ কোটরাভান্তরে ঘটে।

প্রাবান্তে রক্ত প্রথমে চাপ বাঁধে, এবং অতি অল্পদিনের মধ্যে তাহার বিগলন আরম্ভ হয়; পরে এক অথবা হই সপ্তাহ মধ্যে রক্ত-

চাপ ৰেড়িয়া স্বভাৰত:ই তান্তব প্ৰাচীয় নিৰ্মিত হয়; তিন হইতে চারি সপ্তাহ মধ্যে প্রাচীর-বেষ্টিত বস্তুর তর্গতা জন্মে: এবং ছব্ন অথবা আট সপ্তাহের শেষে তরল পদার্থের শোষণ ঘটে, এবং কোষ ( cyst ) প্রাচীরের একত্র সংযোজনার সংঘটনে কলঙ্কাবশেষ থাকে, কতিপয় দিবস পর্যান্ত ইহার সংকোচন চলিতে পারে, অথবা উপযুক্ত সময়ে প্রায় শোষণ ঘটিতে পারে। চতুঃপার্শ্বস্থ উপদানের কোন প্রকার গৌণ অপরুষ্ঠতা ঘটিতে পারে; বস্তুতঃ নাুনাধিক স্থান যুড়িয়া স্থুস্পষ্ঠ কোমলতার সংঘটন অসাধারণ নতে।

রোগ-নির্ব্বাচন।—প্রাথমিক বা আরম্ভক চিৎকার, তামসী নিদ্রার স্বল্পস্থায়িত্ব, জিহ্বার দংশন, প্রসারিত, সমান এবং প্রতিক্রিয়াযুক্ত কণীনিকা, এবং পক্ষাঘাতের অভাব ঘারা মুগী-রোগ রক্তস্রাব হইতে প্রভেদিত হইতে পারে। অদ্ধাঙ্গের অনুপস্থিতি, মুথমণ্ডলে বুরুক-রোগের রেখাপাত বা মুথভঙ্গি হইতে, এবং মৃত্র-পরীক্ষা দারা মৃত্রাম্লবিষাক্ততা বা যুরিমিয়া পয়জনিং হইতে প্রভেদ-নিকৃপিত হয়।

অসম্পূর্ণ তামদী নিজ্রা, স্বভাবনিম্ন অথবা অসম তাপের অভাব, এবং প্রশ্বাদে স্থরাদারের ছাণ প্রভৃতি স্থরা-দার-তামদীনিদ্রার প্রভেদক।

এম্বল বা ছিপিবৎ চাপস্থলিত হইয়া আসিবার স্থানের বর্ত্ত-মানতা দ্বারা ছিপিবৎ চাপাবরোধ বা এম্বলিজম নির্বাচিত হইয়া থাকে। অপেক্ষাকৃত স্বল্লস্থায়ী তামসীনিদ্রা এবং তাহার সহিত অথবা পূর্ব্বগামীরূপে প্রথমে পকাঘাত এবং পরে সর্বাঙ্গীন আক্ষেপ বা কনভালুসন—ইহাও ইহার পরিচয়ের বিষয়। ইহাতে তাপের কচিৎ গুরুতর পরিবর্ত্তন ঘটে। বয়স বুদ্ধির সহিত ছিপিবৎ চাপাবরুদ্ধতা ( embolism ) বিরলতরহইয়া যায়।

রক্ত-চাপ অথবা প্লাবিত শোণিতার্ক্দ বা থ্রমাদ অন্তান্ত প্রকার এপপ্লেক্সি বা সন্ন্যাস হইতে নির্ব্বাচিতকরা সর্বস্থিলে সহজ সাধ্য নহে, কিন্তু আরটারাইটিস বা ধমনী-প্রদাহের বর্ত্তমানতার প্রমাণ, দর্ব্ব শারীরিক

হর্মলাবস্থা, হর্মল অথবা বসাক্ত হৃৎপিণ্ড, পূর্ম্বগামী লক্ষণাদির বর্ত্তমানতা এবং নাসিকাধ্বনিযুক্ত খাস-প্রখাসের অমুপস্থিতি থৃম্বাস বা রক্ত-চাপের পরিচয় প্রদান করে।

ভাবীফল।—রক্ত-স্রাব সংস্ক সর্নাদ বা এপপ্লেক্দির প্রথমাক্রমণে সাধারণতঃ শুভ ফলের আশা করা যায়, কিন্তু পরের প্রত্যেক
পুনরাক্রমণে তাহার হাস হইতে থাকে। উপরে যে শুভ ফলের উল্লেথ
করা হইল তাহার তাৎপর্যা এই যে রোগীর সাধারণ স্বাস্থ্য ফিরিয়া আসিতে
এবং পক্ষাঘাতের স্পষ্ঠতর উন্নতি হইতে পারে, এমন কি স্বাস্থ্য পূর্ব্বাপেক্ষা
উৎক্রইতর বলিয়াও অনুমিত হইতে পারে। পক্ষাঘাতের নির্দিষ্ট একটি সীমা
পর্যান্ত উন্নতি হয় এবং পরে কার্যাতঃ স্থিরাবস্থায় থাকে, কিন্তু হইতে পারে
তথনও অপ্রকাশিত রূপে প্রায়্ম অবিশ্রান্ত উন্নতি চলিয়া অনেক দিন পর পর
তাহার উপলব্ধি হয়।

তামদী নিদ্রা অতি গভীর এবং স্থায়ী হইলে, এবং শরীর-তাপ এবং নাড়ীর পরিবর্ত্তন ঘটিলে ভাবীফল তাদৃশ শুভজনক হয় না। তামদী নিদ্রার তৃতীয় দিবদের পরে, প্রত্যেক পর পর দিবদ আরোগ্যাশার হ্লাদ হইতে থাকে। তামদী নিদ্রাবস্থায় আপেক্ষিকরূপে হঠাৎ ক্রত তাপের বৃদ্ধি অশুভ পরিণতি-প্রকাশিত করে।

উপদংশ, বৃক্কক-রোগ অথবা স্থরা-বিষাক্ততার বর্ত্তমানতা গুরুত্বের গভীরতার বৃদ্ধি করে।

আরম্ভক আক্রমণ অতীব কঠিন তর, তামদী নিদ্রা অসাধারণ গভীরতর এবং প্রলম্বিত, আক্ষেপিক চালনা অতীব কঠিনতর না হইলে ছিপিবং চাপাব-রুদ্ধতা (embolie) প্রযুক্ত সন্ম্যাস-রোগের ভাবী ফল অধিকতর আশাপ্রদ বলিয়া বিবেচনা করা যায়; এই শুভফল কেবল সন্ম্যাস-রোগারোগ্যেই আবদ্ধ থাকে না, অতি শীঘ্র এবং অনেক স্থলে পক্ষাঘাতের সম্পূর্ণ আরোগ্যে পর্যাবসিত হয়। প্লাবিত রক্তের ছিপিবং চাপ বা সংযমিত রক্তার্কানু সংস্কৃতি (thrombic) সন্ধ্যাস-রোগের ভাবীফল অন্ত তুইটির মধ্যে যে কোনটি অপেক্ষা স্বন্ধতর আশা প্রদান করে, কিন্তু তাহা উপস্থিত ধমনী-রোগের পরিমাণ এবং রোগীর বয়সের উপর অনেকাংশে নির্ভর করে।

রক্তামুর-চাপ ঘটিত বা সিরাস ( Serous ) সন্ন্যাস-রোগের পরিণাম প্রধানতঃ হৃৎপিণ্ডের অবস্থা, শারীরিক তেজঃ ( tone ), রোগীর বয়স এবং শারীরিক চালনার উপর নির্ভর করিয়া থাকে। অনেক রোগী সম্পূর্ণ আরোগ্য হইয়া যায়।

# লেক্চার ২৫৪ (LECTURE CCLIV.)

#### সন্ন্যাস বা এপপ্লেক্সির চিকিৎসা।

(TREAT MENT OF APOPLEXY.)

রোগাক্রমণের সঙ্গে সঙ্গে অথবা যথা সম্ভব অব্যবহিত পরেই চিকিৎসারস্ত কর্ত্তব্য। অন্তথা বিলম্বে গুরুতর এবং অপ্রতিকারযোগ্য অনিষ্ট সাধিত হুইতে পারে। অবস্থামুসারে ঔষধঃ—

আর্নিকা—বোগারন্তের পরে সন্তবতঃ ইহা সর্কোৎকৃষ্ট ঔষধ। কেবল আভিঘাতিক রোগে নহে, অন্থ বিধ রোগেও রক্ত প্রাবনিবারণ করিয়া ইহা তাহার পুনরাক্রণে বাধা প্রদান করে। প্রদর্শক লক্ষণ— সর্কাঙ্গীন দ্বষ্টবং অমুভূতি এবং কনকনানি, পক্ষাঘাত, বিশেষতঃ বাম পার্শ্বের, পূর্ণ, সবল নাড়ী এবং নাসিকাধ্বনিযুক্ত শ্বাস-প্রশ্বাস।

পূর্ব্বগামী লক্ষণ দারা চালিত হইয়া আৰ্থিকা প্রয়োগে অনেক সময়ে আসন্ন সন্ম্যাসাক্রমণেয় নিবারণ হইয়াছে। এরূপ অক্সান্ত ঔষধের মধ্যে একনাইট, বেলাডনা, এবং প্লানইন প্রধান। প্রবল লক্ষাণাদি দ্রীভূত হওয়ার পর রক্ত-চাপের শোষণার্থও আর্থিকার প্রয়োগ হইয়া থাকে।

একনাইট—হঠাৎ নাড়ীর বেগ এবং তাপের বৃদ্ধি ইহার প্রদর্শক।
তামনী নিদ্রা অন্তর্জান করিলে অবসাদ লক্ষণ—পাণ্ডুর বসা মুখমগুল, গাত্রের
শীতলতা, নাড়ীর দৌর্বলা এবং ধীর গতি এবং অসাড়তা ও চন্চনি জন্ম
ইহার প্রয়োগ হইয়া থাকে।

বেলাডনা—মন্তিক্ষের ধমনী-রক্তাধিক্য নিবন্ধন গভীর তামশী নিদ্রা, মুথের লোহিতাভা, কেরটিডের প্রচণ্ড দপদপানি, পূর্ণ, কঠিন এবং সবল নাড়ী, চক্ষুর রক্তিমা এবং কণীনিকার অত্যন্ত প্রসার, মৃত্ন প্রলাপ, মুথের কুটিলতা, গেলার কষ্ট অথবা অপারকতা, এবং স্বাধ স্বাস-প্রস্থাসে ইহা প্রযোজ্য ; অপিচ ইহাতে অসাড়ে মল-মৃত্রের ত্যাগ এবং নিদ্রালুতাও থাকিতে পারে।

প্রপিয়াম—ইহা সন্ন্যাস-রোগের অগ্রতম উৎক্রপ্ত ঔষধ। রোগের নানাবিধ অবস্থায়, —মূল অরিষ্ট হইতে সর্ব্বোচ্চ শক্তিতে ইহা প্রযোজ্য হইতে পারে: যথা:--

"নাডী-স্পান্দন এবং তাপ মধ্যে স্পষ্টতর প্রভেদ— নির্গন্ধীকৃত ওপিয়ামের অরিষ্ট ঘণ্টায় ঘণ্টায় পাঁচ বিন্দু মাত্রায় তামসী নিদ্রাবস্থায়।

"মুতুরক্তাধিক্য সহ মস্তকাভ্যন্তরে শোর, কথা কহিতে এবং গিলিতে অত্যন্তকফ শ্রাস-প্রশ্বাদেও কিঞ্চিৎ কন্ঠানুভূতি, কোমল, পূর্ণ এবং ধীর গতি নাড়ী, জ্ঞানের অবসাদাবস্থা, নিদ্রালুতা, অথবা অতিশয় নিদ্রায় প্রবৃত্তি—৩× ক্রম প্রযোজা!

"হাস্ত সহ উত্তেজনাপ্রবৰ্ণতা, গোলমেলে ভ্রমাত্মক কথা, অস্থিরতা, মুখ এবং চক্ষুর রক্তিমা, সংকুচিত কণীনিকা, হস্তদারা মস্তকাকর্ষণ, মুখের অন্যতর পার্ষে জিহ্বাকর্ষণ, পক্ষাঘাত যুক্ত অঙ্গের শীতলতা—৩০ জ্ব প্রযোজ্য।" (কাউপার থোয়েট.)

ডাঃ বেজ বিবেচনা করেন বৃদ্ধ ব্যক্তিগণ কোষ্ঠ পরিষ্কারের ঔষধ সেবন ম্বারা কোঠ পরিষ্কার রাখেন, তাহার বেগ জ্বন্ত তাহাঁদিগের মধ্যে অনেক সন্ন্যান রোগ জন্মে। এন্থলে যত্ন পূর্বক চিকিৎসা দারা কোষ্ঠ পরিষ্ণারের প্রয়োজন। প্রশিক্ষাক্ষ দ্বারা দ্বিবিধ কার্য্য পাওয়া যায়।

প্লনইন—সঙ্গে বৃক্ক রোগ থাকিলে ধমনীর অত্যুক্ত আততাবস্থায় ইহা প্রযোজ্য। (ডা: ডিয়ুগ্নি)। অতি কঠিন এবং আকস্মিক রক্তাধিক্যে ইহা উপকারী। হৃৎপিণ্ডাবসাদ প্রযুক্ত আসন্ন কল্যাপ্স্ বা পতনের আশস্কায় ইহা উৎকৃষ্ট। কার্য্য পাওয়ার আশা থাকিলে ইহার একগ্রনের এক অথবা ছুই শতাংশের এক অংশের ব্যবহার উচিত (ডাঃ কাউপার থোয়েট.)।

ল্রাসিরেসাস—সাবধানতা স্থচক পূর্ব্বগামী লক্ষণ বাতীত হঠাৎ সন্ন্যাস উপস্থিত হইলে ডাঃ হার্ ম্যানের মতে ইহা উৎকৃষ্ট ঔষধ; রোগী তামসী নিদ্রা প্রস্তের স্থায় অবস্থায়িত হয়, তাহা হইতে তাহাকে জাগরিত করিতে পারা যায় না। হৎকম্প, শীতলার্দ্র গাত্র, মৃথমগুল-পেশীর সবল আক্ষেপ প্রভৃতি ইহার লক্ষণ।

হায়সায়ামাস— অত্যুক্ত স্নায়বিক উত্তেজনা, বিশেষতঃ যদি ন্যুনাধিক প্রলাপের সহিত পেশী-আনর্ত্তন থাকে। রোগী হঠাৎ চিৎকারের সহিত অজ্ঞান হইয়া পড়ে এবং অসাড়ে মল-ত্যাগ হয়।

ক কুলাস - মন্তকে শৃত্ত এবং ফাঁক বোধ—ঘুর্ণনের অন্তত্তি, তৎকালেই অতিশয় বিবমিষা এবং বমন, মুচ্ছা যাওয়ার উপক্রম, উদ্ধি এবং নিমাঙ্গের কীট বিচরণবৎ অন্তত্তি, এবং কথা বলা এবং চিস্তা করা কট্টসাধ্য।

এগারিকাস্— মস্তিষ্ক শক্তির ক্ষীণাবস্থা, শিরোঘূর্ণন, আরণ শক্তির অপচয়, এবং দৃষ্টি মালিন্য। পূবে যে সকল রোগীর অসাধারণ নিদ্রাহীনতা, এবং মস্তিক্ষের উল্লাস অথবা উত্তেজনা, বিশেষতঃ কণীনিকার প্রসার সহ মুখমগুল-পেশী এবং অঙ্গাদির অতিশন্ধ আনর্ভন হইয়া রোগ জন্মে, তাহাদিগের পক্ষে উপযোগী।

কনায়াম (মকু — পক্ষাঘাত লক্ষণ সহ ইহার লক্ষণের বিলক্ষণ সাদৃশু দৃষ্ট হয়—মুখ মণ্ডলের ক্ষীত ভাব, নীল-লোহিত অথবা কালচে লেহিত বর্ণ, গাত্তের শীতলতা, নাড়ী-স্পন্দনের ধীরতা এবং ক্ষীণতা, কণী-নিকার সংকোচন এবং খাস-প্রখাসের অসাধারণ কন্ট এবং পীড়িত ভাব।

কুপ্রাম এসেটিকাম—সর্বাঙ্গীন আক্ষেপ হইরা রোগারস্ত হয়। রোগী অসাধারণ ফেকাসে হয়, সাধারণ পিত্ত-চিত্নের স্পষ্টতর স্বল্পতা জন্মে।

ফেরাম ফদফরিকাম—মস্তিকে প্রচণ্ড রক্তাধিক্যের সহিত হং-পিণ্ড এবং নাড়ীর প্রবল ম্পন্দন, মুখের অত্যন্ত লোহিত বর্ণ এবং তাপ. কঠিন শিরঃ-শূল, মস্তিক্ষের তাপ এবং পূর্ণতা, শরীরের তাপ, মস্তকে বক্ত-গতি হইতে শিরোঘূর্ণন। ইহা বিশেষ করিয়া রক্ত-স্রাব ঘটিত এবং এম্বলিক সন্ন্যাস বোগে উপযোগী।

ইপিক্যাক—অতিশয় ও অবিশ্রান্ত বিবমিধা থাকিলে এবং হাঁপানির তায় খাস-প্রখাদে।

নাকা ভ্রিকা-আকেপিক সন্নাদে বিশেষ উপযোগী, অঞ্চাদি স্থায়ী এবং কঠিন সংকোচনের অবস্থায় থাকে, মুথ ফেকাসে অথবা ভীষণতর বিবর্ণ, কনীনিকা সংকৃচিত।

• ফস্ফর্বাস—ছর্বলীভূত রোগী—অতান্ত বলক্ষয়, নাড়ী ক্ষুদ্র এবং ক্ষীণ, ক্রত অথবা ধীর, অঙ্গাদি শীতল, হিকা, ঘড়ঘড়িযুক্ত খাদ-প্রখাদ এবং শীতল, চটচটে ঘর্মা।

তুর্বল রোগীর পক্ষে যে কোন ফ্রন্সফ্রাস সল্টের প্রস্থোপ প্রদর্শিত হইতে পারে।

মাকু রিয়াস-এক অথবা গুচ্ছাকার স্নায়বিক প্রদাহ বা নিয়ুরাই-টিস রোগে ইহা উচ্চ ক্রমে উপকারী।

নাইটিক এসিড--উপদংশজ রোগে ইহা দারা বিশেষ উপ-কারের প্রত্যাশা করা যায়, কিন্তু প্রদর্শক লক্ষাণাদি বিশেষ বিবেচনা সাপেক।

ব্যারাইটা আয়ুড়-—জড়বৎ পুরাতন রোগে রক্ত-চাপের শোষণ-বৃদ্ধি করিতে, এবং রোগের পুনরাবর্ত্তন নিবারণ রাথিতে, বিশেষতঃ যদি জননেন্দ্রিরের উত্তেজনা থাকে ইহা বিশেষ ফলপ্রদ। কোমল শরীর, বুদ্ধ বয়স এবং ব্যার্নাইটা ধাতুর পক্ষে ইহা উপকারি।

কেলি আয়তি—উপদংশের ফল স্বরূপ রোগ জন্মিলে শোষণের বৃদ্ধি করিতে ইহা মৃত্ ও উপকারী ঔষধ, তাহাতে সন্দেহ মাত্র নাই, কারণ বিস্তৃত বহুদর্শিতা দারা ইহা ভূমঃ প্রমাণীকৃত হইয়াছে। বহুতর স্থলে ইহা রোগের পুনরাবর্ত্তমের নিবারণ করিয়াছে।

পাক্ষাঘাতের চিকিৎসা—পক্ষাঘাত মূলরোগ নহে। ইহা রোগের একটি বিশেষ লক্ষণ মাত্র। রোগের-পরিণাম স্থরূপ এই ছর্ঘটনার অপনয়নে চিকিৎসকের বিশেষ চিস্তা, যত্ন এবং অধ্যবসায়ের আবশুক। কয় মন্তিক্ষাংশ স্বাভাবিক অবস্থায় আনয়ন করিতে পারিলে পক্ষাঘাত সম্পূর্ণ আরোগ্য লাভ করে। বাস্তব পক্ষেই মন্তিক্ষ-অপায়ের অন্তর্ধানের পরিমাণামুপাতে পক্ষাঘাতের আরোগ্য-স্থাপনা হয়। স্থলবিশেষে যদি আমাদিগের নিশ্চিত ধারণা জন্মে যে, এমন কি ছই অথবা তিন মাসের মধ্যে মন্তিক্ষ স্বাভাবিক অবস্থায় আনয়ন করা যাইতে পারিবে, পক্ষাঘাতের জন্ম চিস্তার প্রয়োজনাভাব। কিন্তু যদি অধিক কালের জন্ম পেশী নিক্ষ্মান বস্থায় থাকে ন্যুনাধিক পরিমাণ অপরুষ্ট পরিবর্ত্তন ঘটে, এবং প্রতিযোগিক্রিয়ার অভাবে কঠিন সংকোচনের ভাব উপস্থিত হয়, নির্দিষ্ট উপায়াবলম্বনে পেশী নির্বিকারাবস্থায় রক্ষা করার এবং সংকুচিতভাবন্ত নিবারিত রাথার আবশুক। সংকোচনের নিবারণ প্রথম কর্ম্বব্য বলিয়া পরিগণিত, এবং ইহার উপায় উদ্ভাবনে উভয় চিকিৎসক এবং শুক্রমাকারীর বিশেষ যত্ন করার আবশুক।

তামনী নিদ্রার অবশান হইলেই পক্ষাঘাতযুক্ত পেশীবৃন্দের প্রতিদিন অনেক বার করিয়া নৈশ্চেষ্ট (passive) চালনা করা উচিত। প্রথম পাঁচ অথবা ছয় সপ্তাহের জন্ম মৃত্র চালনার পর ক্রমে চালনা সবল করার প্রয়োজন। এই চালনা রোগীর স্বাস্থ্যের অবস্থামুসারে যে পরিমাণ সম্ভব হইতে পারিত তাহার সম সীমা পর্যান্ত হওয়া উচিত, অবশ্রমই ইহা বিদিত যে এই নিশ্চেষ্ট চালনায় রোগীর কোনই শক্তির প্রয়োগ হয় না; সকলই শুশ্রমাকারী

দিগের দারা সম্পাদিত হয়। রোগীকে হস্ত আংশিকরূপে বন্ধ রাখিতে দেওয়া হইবে না, অথবা হস্ত একই সাধারণ অবস্থানে অধিক কাল থাকি-বেনা। রোগীর অঙ্গুলি কোন আধারোপরি এরূপ ভাবে রক্ষা করিতে হইবে যে অঙ্গুলি অপেক। মণিবন্ধ অধঃপতিত হইবে। এই প্রকারে প্রতিদিন তিন অথবা চারি বার অর্দ্ধ হইতে একঘণ্টা পর্যান্ত অঙ্গুলি নিচয় মুক্ত এবং হস্ত পশ্চাৎপার্শ্বে ঘূর্ণিত থাকিবে। অপিচ শুশ্রুষাকারীর লক্ষা রাথা আবশুক, নিমাঙ্গ এবং পদ এক অবস্থায় অনেক সময় না থাকে।

জ্ঞানের পুনঃস্থাপনার পরে হুই হুইতে চারি সপ্তাহের মধ্যে তড়িতের প্রয়োগ করা যাইতে পারে। ইহার প্রয়োগ অনিয়মিত সময়, এমন কি আবশ্যক হইলে চুই অথবা তিন বংসর পর্যান্তও অবিশ্রান্তভাবে রক্ষা করিন্না যাওনা যাইতে পারে। প্রথমে ফ্যারাডিক (inductive) পদ্ধতিতে এত মৃহ তড়িৎ স্রোতের প্রয়োগের আরম্ভ করিতে হইবে যে তাহাতে পেশীর অতি সামাগ্ত মাত্র সংকোচন ঘটিবে। এ সময়ে ইহা যে কোন দিগভিমুখে প্রয়োগ করা যাইতে পারে। পরে, তিন অথবা চারি সপ্তাহের মধ্যে গ্যাল্ভ্যানিক (chemical) স্রোতের প্রয়োগে উপকার হইতে পারে। প্রথমে পরীকা দ্বারা জ্ঞাত হওয়ার আবশুক কোন দিকে ইহার চালনায় অধিকতর উপকারের সম্ভাবনা। ইহা জ্ঞাত হইতে হইলে এক সীমাস্ত (pole) মেরুদণ্ডোপব্নি এবং অস্ত দীমা উদ্ধাঙ্গের পেশীর গতির আরম্ভক স্থানে প্রয়োজ্য; পরে ধাতু-চক্র (metalic circuit ) মধ্যে স্রোতের বাধা জনাইয়া যে পর্যান্ত পক্ষাঘাত যুক্ত পেশীর সামাত্ত সংকোচন না হয়, ক্রমে ক্রমে শক্তির বুদ্ধি করিতে হইবে: পরে স্রোতের শক্তির ঠিক পরিমাণ জ্ঞাত হইয়া তাহাকে বিপরীত বাহী করিতে হইবে – অর্থাৎ ঋণাত্মক (negative) স্থলে ধনাত্মক ( positive ) সীমা রক্ষা করিয়া সামান্ত সংকোচনোৎপন্ন করিতে ষে শক্তির প্রয়োজন তাহার ঠিক পরিমাণ জানিতে হইবে। যে দিগভিমুখে চালিত হইয়। সর্বাপেক্ষা স্বল্পতর স্রোত সংকোচনোৎপন্ন করে, চিকিৎসায় সেই দিগভিমুথে তাহার চালনা করিতে হইবে।

প্রথম ছয় মাস বিশ হইতে ত্রিশ মিনিট স্থায়ী গ্যালভ্যানিক স্রোভ উর্দ্ধ এবং নিমাঙ্গে প্রভি সপ্তাহে হই বার করিয়া প্রয়োগ করিতে হইবে; প্রথমে স্রোভ-শক্তি অভি স্থা (from about ten to fifteen milleamperes) থাকিবে, পরে স্রোভের বাধা ঘটাইয়া যাহাতে সামান্ত সংকোচন হয় ততদ্র শক্তি বাড়াইতে হইবে। যে দিকে স্রোভের চালনা কার্য্যোপযোগী হইবে ভাগ স্থির হইলে, তদ্দিগভিমুথে ফ্যারাডিক স্রোভের চালনা করিবে; যুগপৎ উর্দ্ধ এবং নিমাঙ্গে প্রভিদিন ত্রিশ হইতে চল্লিশ মিনিট পর্যান্ত প্রয়োগ করিবে।

পক্ষাঘাতযুক্ত অঙ্গাদির ক্ষীতি এবং স্নায়ু-পথ বাহিয়া স্পষ্টতর বেদনা থাকিলে সেই অঙ্গ ফ্যারাডিক বিহাচেছাত, অঙ্গসম্বাহন (massage) এবং বায়ু নিষ্কাষণ চিকিৎসার (vacuum treatment) অনুপ্যোগী; কিন্তু ইহাতে গাল্ভ্যানিক স্রোতের চিকিৎসা চলিতে পারে, এবং ইহার সঙ্গে ২৫০ হইতে ৩০০ ফারেন হাইট পর্যান্ত তপ্ত এবং শুষ্ক বায়ুর সপ্তাহে তুই অথবা তিন বার করিয়া প্রয়োগ করা যাইতে পারে।

প্রথম তিন মাদের পর রোগীকে যতদূর সম্ভব পক্ষাঘাতযুক্ত অঙ্গের প্রতিদিন ব্যবহারে উপদেশ এবং উৎসাহ দেওয়া কর্ত্তব্য।

আমরা উপরে পক্ষাঘাত চিকিৎসা সম্বন্ধে যে সকল প্রাকৃতিক উপায়াবলম্বনের উল্লেখ করিলাম, পাঠক অতীব যত্ন এবং সাবধানতার সহিত বাবহার করিবেন। যে হেতু যথোপযুক্ত শক্তি-প্রয়োগের তারতম্য হইলে চেষ্টা নিক্ষল হইবে, অথবা পরিমাণাধিক শক্তির ক্রিয়ায় বর্ত্তমান পক্ষাঘাতের পরিমাণ বর্দ্ধিত হইয়া যাইবে।

মূত্র—নিয়মিত সময় ব্যবধানে মূত্রের পরীক্ষা উচিত। সম্পূর্ণ চব্বিশ ঘন্টার মূত্র-পদার্থাদির পরিমাণগত পরীক্ষা কর্ত্তব্য। অন্ত্রাদি—অধিকাংশ স্থলে ক্বত্রিম উপায়ে উদর পরিকার রাখা নি হাস্ত প্রয়োজনীয় বলিয়া গণ্য। পিচকারী অপেক্ষা ঔষধের সেবন দ্বারা তাহা সম্পন্ন করাই উৎকুষ্ঠতর।

অনেক সময়ে ফ্যারাডিক স্রোতের নিগেটিভ পোল সরলান্ত্রাভ্যস্তরের উর্দ্ধে সিগ্মইডবক্রতা পর্যান্ত প্রবিষ্ট করাইয়া পজিটিভ পোল দারা উদরোপরিস্থ সম্পূর্ণ দেশ মথিত করিলে উত্তেশ্রের সাধন হইয়া থাকে। কথন কথন অঙ্গসন্থাহনের (massage) বা চাপন এবং বর্ষণের প্রয়োগে ইচ্ছাফুরূপ কার্য্য সম্পন্ন হয়।

এই সকল রোগীর কোষ্ঠ-পরিস্কার রাথার জন্ম ডাঃ কাউপার থোয়েটের ব্যবস্থামুযায়ী ঔষধের তালিকা এবং সেবনের নিয়ম নিম্নে প্রদন্ত হইল। ইহা সদৃশ চিকিৎসামুদ্ধপ নহে, অতএব অন্যান্ম অবিরোধী উপায় নিক্ষল হইলে শেষ উপায় স্বন্ধপ ইহার বাবহারের অনুমোদন করা কর্ত্তব্য।

#### তালিকাঃ—

ফেল বভাইনাম এক্ষ্ট্র তেগ্রেঃ ৬০, হাইড্রাষ্টিস মিউরি তেগ্রেঃ ৪, একুয়াস এক্ষ্ট্রা এলোজ তেগ্রেঃ ৪, ফাইজষ্টিগ্মা ভেন টিং তেগ্রেঃ ২৪, মিশ্রিত এবং ১২ ট্যব্লেটে বিভাগ কর।

এক অথবা হুই দিবসের জন্ম রজনীতে ইহার হুইটি করিয়া ট্যাব্লেট দিবার প্রয়োজন হইতে পারে; পরে প্রতি দিন একটি করিয়া বাদ দেওয়া যায়। পরে উপযুক্ত ক্রিয়া পাইতে ক্রমে ক্রমে উহার বৃদ্ধি করার আবশ্যক হুইলে বাড়াইয়া পুনর্কার ধীরে কমাইতে হুইবে।

্ আকুষ্প্লিক চিকিৎসা।—সন্ন্যাসগ্রস্ত রোগীকে সমতল ভাবে শন্ধান করাইয়া স্থিরভাবে রক্ষা করিতে হইবে। এরূপ ভাবে শব্যা প্রস্তুত করার আবশুক যাহাতে তাহা মল-মূত্র-ত্যাগে সমল না হয় এবং সহজে চাদর বদলাইতে পারা যায়। পচা গন্ধ নিবারক বস্তুর দ্রব দারা সিব্তু নেকড়ায় রোগীর মুখ এবং গলদেশে সঞ্চিত লালা হইতে ঐ সকল স্থান মুক্ত ও পরিস্কৃত রাখিবে, প্রত্যেক ঘণ্টায় ঘণ্টায় নাড়ীর গণনা করিয়া লিখিয়া রাখিতে হইবে। যে পর্যান্ত ভামসী নিদ্রা উপস্থিত থাকে অস্ততঃ তুই ঘণ্টা পর পর সরলাম্ব অথবা যোনিদেশের তাপ লইয়া লিপিবদ্ধ করিতে হইবে। মস্তক অতান্ত তপ্ত এবং মুথ-মণ্ডল অতান্ত ঘোর এবং ক্লফ্ড-লোহিত থাকিলে, লক্ষণের অন্তর্দ্ধান পর্য্যস্ত শীতল জ্বল-সিক্ত বস্ত্র থণ্ডের ব্যবহার করিতে হইবে। চিকিৎসক রোগীর বাটি হইতে বিদায় গ্রহণের পূর্ব্বে বলিয়া যাইবেন যে ঘটনাধীনে সর্ব্বাঙ্গীন আক্ষেপ, হঠাৎ পাণ্ডরতা, অথবা তাপ অথবা নাড়ী-ম্পন্দনের দ্রুত পরিবর্ত্তন ঘটিলে অবিলয়ে ওাঁহাকে সংবাদ প্রেরণ করা হয়। এরপাবস্থায় হুই অথবা তিন ঘণ্টার জন্ম প্রত্যেক বিশ মিনিট পর পর একনাইট টিংচার এক বিন্দু মাত্রায় দিলে উপকার প্রাপ্ত হওয়া যায়। পুংথাতুপুংথ রূপে অতি যত্নের সহিত রোগী-সম্বন্ধে যথা কর্ত্তব্য করিয়া চিকিৎসক পরিবারবর্গের কর্ত্তব্য বিষয়ে মনোযোগ প্রদান করিবেন, অপিচ তিনি চিকিৎসায় অধিক বাড়াবাড়ি করিয়া রোগীর জীবন নিজেও সংকটাপন্ন করিবেন না অথবা অপরকেও ভদ্রপ করিতে দিবেন না। যথা প্রয়োজনাপেকা সমতর চেষ্টাও অতি চেষ্টাপেকা বরঞ্চ মঙ্গল জনক বলিয়া গণ্য। তুই অথবা তিন ঘণ্টা অন্তর অন্তর রোগীর অবস্থানের কিঞ্চিৎ পরিবর্ত্তন করা যাইতে পারে, কিন্তু সর্ব্বদার জন্ম রোগীর চতুঃপার্থে গোলমাল করা অনিষ্টকর। রোগীর গৃহ এবং বাটি গোলমাল শৃত্য রাখা উচিত। দশ অথবা বার ঘণ্টার মধ্যে কোষ্ঠ পরিষ্কার না হইলে স্থল বিরেচক ঔষধের সেবনও দোষাবহ নহে। বিরেচকের বাবহার করিতে হইলে যাহাতে অল্প মাত্রায় কার্য্য হয় এরূপ ঔষধের নির্নাচন করিবে। পিল বা বটিকাকারের ঔষধ নিষিদ্ধ, যেহেতু রোগী তাহা গলাধ: করিতে পারে না, গলায় আটক

থাকে অথবা আংশিক রূপে গলাধঃ হয়, অপরাংশ শ্লেমা জড়িত হইয়া বহিনিক্ষিপ্ত হয়, অপিচ কঠিন কাসি হইলে খাস-বোধেরও আশংকা থাকে।
"কোষ্ঠ পরিষ্ণারার্থ এক চতুর্থাংশ গ্রেণ ইলেভিক্সিন্সান্দা, অথবা অর্জ্ব
চা-চামচ ক্যান্তেক্সরা এক্স্ট্র্যাক্টের উপর নির্ভর করা
যায়। যে পর্যাস্ত তামদী নিদ্রা বর্ত্তমান থাকে প্রতি দিন একবার করিয়া
কোষ্ঠ পরিষ্ণার রাখার আবশ্রক" (ডাঃ কাউপার থোয়েট.)।

# লেক্চার ২৫৫ ( LECTURE CCLV. )

# মস্তিজ-কোমলতা বা সফ্নিং অব দি ত্রেন। (SOFTENING OF THE BRAIN.)

## ১। তরুণ মস্তিজ-কোমলতা বা একুট সফ্নিং অব দি ব্রেন।

( Acute softening of the Brain. )

বিবর্ণ।—সন্নাস বা এপপ্লেক্সি সহ মস্তিক্ষ-কোমলতা এতই
নিকট সাদৃগুষুক্ত যে চিকিৎসক মগুলী সাধারণতঃ উভয়কে একই শিরঃ
নামভ্ক্ত করিয়া বর্ণনা করিয়া থাকেন। কিন্তু এরপ অনেক রোগ দেখা
যায় যাহা কোন প্রকার সন্নাস-রোগের উপর নির্ভরতা প্রকাশ
করে না।

তরুণ কোমলতা অনেক সময়েই রক্ত-নাড়ীর ছিপি আটা ভাব বা এম্বল অথবা রক্ত-নাড়ী-বহিঃ-প্লাবিত রক্তের অর্কুদের (thrombus) চাপ কর্তৃক অবরোধ বা থুম্বাসের অব্যবহিত পরের অংশে উপস্থিত হয়, এবং তাহা পুষ্টিকর বস্তুবাহী শোণিত স্রোতের হঠাৎ রোধের সাক্ষাৎ ফল স্বরূপ।

নিদিপ্ট কতিপুর সঙ্খ্যক স্থলে অবিলম্বে মস্তিক্ষোপাদানের কোমলতা জন্মে. এবং অতি দ্রুত গতিতে বিস্তৃত হইতে থাকে। এই সকল স্থলে কোন প্রভেদক চিহ্ন উপস্থিত হয় না, মৃত্যু না হওয়া পর্যাস্ত কেবল তামসী নিদ্রা চলিতে থাকে।

উপরি উক্ত ব্যতীত অন্তান্ত স্থলে তামসী নিদ্রার অপনয়ন ঘটে, এবং কতিপয় দিবসের অথবা সপ্তাহের মধ্যে হঠাৎ সর্বাঙ্গীন আক্ষেপের আক্র- মণের পর তামদী নিদ্রা এবং মৃত্যু সঙ্ঘটিত হয়। অপিচ অন্থ বিধ শ্রেণীর রোগে তীক্ষ্ণ শিরঃ-শূল উপস্থিত হয়, অনুমানে এই বেদনা মস্তিষ্কাভ্যস্তরাংশে আরোপিত হয়, পুনঃ পুনঃ শিরোঘূর্ণন অথবা মস্তক-চাঞ্চল্য, পরে বৃদ্ধির জড়তা, লক্ষ্যহীন দৃষ্টি, স্মরণ শক্তির হানি, ইহাদিগের সহিত পুনঃ পুনঃ সন্ন্যাসাক্রমণের আশংকা জন্মে। এই সকল রোগে প্রাথমিক অপায়ের স্থলে যে কোমলতা চলিতে থাকে তাহা নিঃসন্দেহ।

এবম্বিধ প্রকারের রোগেই চিকিৎসায় কিঞ্চিত ফলের অনুমান করা যায়। সম্পূর্ণ ভাবে পৃষ্টিরক্ষা এবং পরিমাণাধিক শারীরিক শ্রম অথবা উত্তেজনা প্রযুক্ত আকস্মিক হুর্ঘটনা হইতে রক্ষা করা ইহার সাধারণ চিকিৎসা। যত দূর সম্ভব রোগীর সম্পূর্ণ শারীরিক এবং মানসিক স্থৈয়া রক্ষা করিবে, এবং মঙ্গে প্রকার করেবে, এবং মঙ্গে স্থানরিমার গৃহ প্রবেশের ম্বন্দবস্ত করিবে। সহজ পাচ্য, পৃষ্টি রক্ষক, অপিচ সহজ থাতের আহার করাইতে হইবে। পরিপাকের অবস্থার প্রতি বিশেষ লক্ষা রাখিয়া পর্যাবেক্ষণ করিতে হইবে, কারণ পরিপাক-যন্ত্রাদির কোন প্রকার অধিক বিশৃংখলা ঘটিলে স্বরিত গুরুতর অবস্থা উপস্থিত হইতে পারে। কোঠণ পরিষ্বার রাখার আবশ্রুক, তাহা হোমিওপ্যাথি ঔষধে না হইলে বিরেচকেরও ব্যবহার কর্ত্বরা।

চিকিৎসকমণ্ডলীর অনুমান যে ইহাতে নাকস ভন্ন এবং প্রশি-স্থান্দাই শ্রেষ্ঠ ঔষধ।

(ক)। প্রাদাহিক মস্তিক্ষ-কোমলতা ৰা ইনফুামেটরি সফনিং অব দি ত্রেন।

( INFLAMMATORY SOFTENING OF THE BRAIN.)

বিবরণ ৷—মন্তিকের একরূপ প্রাদাহিক কোমলতাও জন্মিতে

পারে। এরূপাবস্থান্বিত এক অথবা ছুইটি ক্ষুদ্র এবং সম্পূর্ণ সীমাবদ্ধ স্থান মস্তিক্ষের গভীর অথবা উপরি ভাগের সন্নিহিত প্রদেশে থাকে। ইহা অধিকতর সময়েই উপদংশজীর্ণ রোগীতে দৃষ্ঠ হইয়া থাকে, অপিচ গুটিকাসংস্ক্ট (tuberculous) এবং ত্যিত থাত্য-পোষ্যিত ব্যক্তিদিগের মধ্যেও ইহা সাধারণ। ইহা সম্ভব যে, সর্ব্বে না হইলেও অনেক স্থলে, এই সকল রোগ মূলতঃ অতি স্ক্ষ রক্ত-নাড়ীর বিদারণ অথবা ছিপি আটা অবস্থা (embolism) অথবা স্ক্ষ রক্ত-নাড়ীতে রক্ত-চাপ বা অর্ক্ব্ দু সংস্ক্ট (thrombic) অপ্রুষ্টতা হইতে জন্মে।

লক্ষণ-তত্ত্ব | — আরম্ভক লক্ষণাদি অতীব অম্পষ্ট এবং অনিশ্চিত।
অন্ন জর থাকিতে পারে। যদি কোন প্রথম লক্ষণ স্পষ্টতা পায় তাহা লগ্ন,
অতিশয় কণ্টদ শিরঃ-শূল, বেদনা তীর বেগে মস্তক ভেদ করিয়া যায় এবং
বোধ হয় যেন মন্তিক্ষের কেন্দ্র হইতে কখন এক কখন অপর চুড়ায়
( apex ) আদিতেছে। ইহা সর্ব্ধ স্থলেই আবেশে আবেশে হয় এবং কখন
কখন সবিরাম প্রকৃতি পায়। মান্দিক বিশৃংখলা উপস্থিত হইতে পারে
এবং মান্দিক অপচয়ের আশিংক। জন্ম। রজনীতে অস্থিরতা, উত্তেজনা
এবং প্রলাপ এবং ঘটনাক্রমে দর্ব্ধাঙ্গীন আক্ষেপ হইতে পারে। সাধারণতঃ
বিব্রিষ্যা এবং বমন থাকে।

অতি অন্ন সময়ের মধ্যেই একতর পার্শ্বের এক অথবা উভয় অঙ্গে আশ্চর্য্য প্রকারের অনুভূতি উপস্থিত হয়, পরে তাহাতে কীট বিচরণবং এবং কাঁটাবেঁধার, স্থায় এবং দৌর্জলাের অনুভূতি জন্মে। এই সময় মধ্যে মস্তক-বেদনা স্থান বিশেষে স্থায়ী হইয়া লগ্ন ভাব ধারণ করে।

এই সময়ে শির:-শূল বন্ধ হয়; অন্থিরতা বর্দ্ধন শীল জড়ছে পর্যাবসিত হয়; স্মরণ শক্তির দৌর্বল্য ঘটে; অনুভব ক্রিয়া কঠিন হইয়া পড়ে, পরে বাক্য দ্বারা মানসিক ভাবের প্রকাশ সম্পূর্ণ অসম্ভব হয়। মুখ মণ্ডল নির্বাদ্ধি ব্যঞ্জক এবং বিষণ্ধ; কণীনিকা সংকৃচিত অথবা বিস্তৃত প্রসারযুক্ত এবং আলোকে প্রতিক্রিয়াহীন থাকিতে পারে। স্কুম্পষ্ট অর্জাঙ্গ উপস্থিত হয়। নাড়ী-ধীরগতি, সময়ে সময়ে ত্বক উচ্ছাসমূক্ত, অন্ত সময়ে শীতল চট চটে মুর্মারত; জিহ্বা লোহিত এবং বরং শুক্ষ; কোষ্ঠ বন্ধ।

এ সময়ে তামসী নিদ্রা অথবা নিদ্রালুতার আক্রমণ আসিতে পারে। অতি অল্পকাল মধ্যে এরপে আক্রমণ অনেক বার হইতে পারে। দৃশুতঃ বিলক্ষণ বৃদ্ধির বর্ত্তমানতা প্রকাশ পায় এবং তথাপি রোগী একটি কথাও বলিতে পারে না। পক্ষাঘাত গ্রস্ত অঙ্গাদি অনেক সময়েই অত্যস্ত বেদনাবুক্ত থাকে এবং আক্ষেপের সহিত চালিত হয়, তাহার আকুঞ্চক পেশী-বৃদ্ধের সবল (tonic) আক্ষেপ হইতে পারে, এই সংকোচন প্রযুক্ত অঙ্গাদি স্থায়ী রূপে আকুঞ্চিত থাকিয়া যায়।

অপরঞ্চ রোগী ক্রমে ক্রমে তামদী নিদ্রাগ্রস্ত হইতে পারে, ক্রত শীর্ণতা ঘটে, নাড়ী ক্রত আঘাতী এবং ক্ষণ লোপ বিশিষ্ট হয়, জিহ্বা শুষ্ক, এবং মধা স্থানে শুষ্ক ছালযুক্ষ থাকে, দস্ত এবং দস্ত মাড়িতে মলের সঞ্চয় ঘটে, চক্ষুপ্ট যুড়িয়া যায়, বায়ু-পথে শ্লেম্মার শব্দ উঠে, গলাধঃকরণে অপারকত। জন্মে, অনৈচ্ছিক মলনিঃসরণ থাকে, এবং পাচ হইতে ঘাট দিবদের মধ্যে মৃত্যু সংঘটিত হয়।

চিকিৎ সা-তত্ত্ব । — অতি প্রথমাবস্থায়, অর্গাৎ মস্তিকোপাদানের বিগলনের পূর্ব্বে চিকিৎসায় ফললাভ হইতে পারে; শেষের অবস্থায় তাহা সম্পূর্ণ অসম্ভব। যে কোন প্রকার চিকিৎসাই হউক, রোগের যে কিছুমাত্র উপশম অথবা পরিবর্ত্তন করিতে পারে তাক্কা নিতান্ত সন্দেহ জনক।

ষ্ট্রিলিঞ্জিয়া—ডাঃ কাউপার থোরেট মন্তকাভ্যস্তরীণ বেদনায় ইহার তিন হইতে পাঁচ বিন্দু মাত্রায় মূল আরকের প্রশংসা করিয়াছেন। উপদংশ ঘটিত রোগে ইহা উৎকৃষ্ট।

• গু**রেইয়াকল কার্ব্যনেট—**ডাঃ কাউপার থোয়েটের মতে পাঁচ

গ্রেণ মাত্রার কাপৃস্থল প্রতিদিন তিন হইতে চারিবার করিয়া গুটকা সংস্ঠ রোগের অপরিহার্য ঔষধ।

উপরিউক্ত ব্যবস্থা হানিমানের হোমিও প্যাথির অনুমোদনীয় বলিয়া বিবেচিত না হইলেও রোগের গুরুত্বানুসারে বাবহার নিতান্ত অসঙ্গত নহে।

যে স্থলে উপদংশ এবং শুটিকোৎপত্তি লক্ষণের অভাব থাকে এবং সাধারণরজ্জরোগ পৃষ্ণ-সঞ্চারপ্রবর্ণতা প্রকাশ করে, তাহাতে নিম্নোল্লেখিত ধাতু দোষের সংযোধক ঔষধাদি উপকার করিতে পারে:—ক্যাক্ষেরিস্থা কাল বিনকা, হি পাল্ল সাস্ফাল্ল, এবং সাল্ফাল্ল।

হায়সায়ামিন (মাল্কের হায়সাযামিন হইতে ট্রিটু ৩০)—কথা উচ্চারণে অপারকতা, অনৈচ্ছিক মলত্যাগ এবং গভীর ও প্রলম্বিত তামসী নিদ্রায় উপকারী।

একনাইট—পক্ষাঘাত যুক্ত অঙ্গাদিতে বেদনা।

বেলাডনা অথবা ষ্ট্র্যামনিয়াম—পক্ষাবাতযুক্ত অঙ্গে স্বস্থ প্রকৃতির আক্ষেপ (convulsion)।

ওপিয়াম। — আক্ষেপিক চালনা, শুক্ষ এবং ছাল পড়া জিহ্বা, ক্রমবর্দ্ধিয়ু এবং প্রগাঢ় তামসী নিদ্রা।

আয়ুডিন।—ক্রতশীর্ণতার নিবারণার্থ।

নাক্স ভমিকা অথবা প্লাম্বাম—আকুঞ্চক পেশীদিগের দৃঢ় সংকোচনাবস্থা। ...

ডিজিটেলিস ( ফাণ্ট ), অথবা প্রনাইন—হংগিণ্ডের অতি-রিক্ত ক্রিয়া, অথবা নিয়মহীনতা, অথবা ক্ষণলোপের সংশোধনে উৎকৃষ্ট ফলপ্রাদ।

আকুষ্প্লিক-চিকিৎসা।—বোগীর সাধারণ শোণিত সঞ্চলনের শৃঙ্খলা এবং স্থৈয় সম্পাদন, অপিচ সম্পূর্ণ পৃষ্টি রক্ষার্থ সহজ্ব পাচ্য অথচ পুষ্টিকর এবং মৃত্তগুণ খাদ্য এবং বিশ্রাম চিকিৎসা পক্ষে প্রধান এবং প্রথম অবলম্বনীয়। ইহাতে কোর্চ পরিষ্কার রাখা একটি প্রধান আবশ্রকীয় চিকিৎসা, তজ্জ্বন্ত চিকিৎসা মতের নিরপেক্ষ ভাবে. রোগের প্রথমবস্থায় পাঁচ হইতে দশ বিন্দু মাত্রায় ক্যাস্থারা স্থাগ্রাডার ফু.ইড এক্ষ্ট্রাক্ট প্রতিদিন তিন অথবা চারিবার, শেষাবস্থায় এনিমা क्ल थ्रम।

### (খ)। পুরাতন মস্তিক-কোমলতা বা ক্রনিক সেরিব্রাল সফ্নিং।

(Chronic Cerebral Softening.)

বিবরণ।—ইহা প্রায় সম্পূর্ণ রূপেট বুদ্ধ বয়সের রোগ। শোণিত-বহানাড়ী এবং উপাদান সাধারণের এই বয়সে যে স্বাভাবিক পরি-বর্ত্তন ঘটে ইহা তাহারই ফল। সম্ভবতঃ শতকরা নিরানববই স্থলে কোন না কোন প্রকার অমিতাচারের বিবরণ প্রাপ্ত হওয়া যায়। অনেকে আধুনিক বিদেশীয় সভাতা সন্মত সামাজিকতার অত্যন্ত প্রশ্রয় প্রদান করায় তাহা চরম অমিতাচারে যায়, অথবা অনেকদিন পর্যান্ত নিরবচ্ছিন্ন মানসিক একাগ্রতা ও অন্ত প্রকার অমিতাচার ঘটে, অপিচ সাধারণতঃ যে সকল অভ্যাসগত ব্যবহার লাম্পট্য বলিয়া কথিত, এরূপ অমিতাচারই অধিকাংশ স্থলে সংঘটিত হয়।

ইহার আক্রমণ অতীব ধীর, এবং বাবহারের অলক্ষিত পরিবর্তনে এবং বুদ্ধির ন্যুনতায় রোগের প্রথম আভাষ প্রকাশিত হঁয়। শিরঃশূল এবং বিবমিষা উপস্থিত থাঞ্চিলেও কোনরূপ প্রাধান্ত পায় না। দর্বপ্রকার মানসিক বুত্তিরই আবিলতা ঘটে, স্মরণ শক্তির অভাব হয়, কথন ধীর এবং অসম্বন্ধ হইয়া যায়। বোগী অতি স্মপ্রিচিত নাম অথবা বস্তুও শ্বরণ করিতে পারে না। এই অবস্থা ধীরে বদ্ধিত হইয়া ক্রমে অধিক হইতে অধিকতর

স্পাষ্টতা লাভ করে এবং অনেকদিন স্থায়ী হয়। রোগী তথন এক অথবা একাধিক অঙ্গে কীট-বিচরণ এবং কাঁটা বেঁধার ন্যায় অন্তুভব করিতে আরম্ভ করে এবং বিলক্ষণ অনেক সময়েই ইহা অন্তুল্যাদিতে অনুভূত হয়, পরে এক অথবা দকল অঙ্গেরই শক্তির অপচয় ঘটে। হস্তদ্বারা কোন বস্তু দৃঢ় ধারণের অক্ষমতা অথবা এক অথবা উভয় নিমাঙ্গের টানিয়া লওয়ার ন্যায় ক্ষীণ গতি হয়।

বিলক্ষণ অনেক সময়েই, কিন্তু সর্বাদা নহে, হস্ত এবং পদের আকৃঞ্চক পেশীর দৃঢ় সন্ধৃতিত ভাব থাকে! সন্ধৃতিত অঙ্গ. সন্ধি এবং পেশাদিতে বিলক্ষণ বেদনা হয়। চালনায় বেদনার বৃদ্ধি হয়, এবং সন্ধৃতিত অঙ্গে কিঞ্ছিৎ স্পর্শ জ্ঞানহানি (ane-the-sia) থাকিতে পারে। মুথমণ্ডল ক্রমে ক্রমে ভাবহীন এবং কিঞ্চিৎ বিকট দৃগ্য হয়। সাধারণ দৃগ্য বৃদ্ধত পায়। পক্ষাঘাত ধীরে অধিকতর স্পষ্ট হইয়া উঠে, এবং অন্যান্য শরীরাংশোপরি বিস্তৃতি লাভ করে। অন্ত অথবা মৃত্রস্থলী মল-মৃত্র ধারণে অক্ষম হয়। সম্পূর্ণ শরীরের শীর্ণতা জন্মে। মানসিক অবস্থা ক্রমে অধিক হইতে অধিকতর ক্ষীণ হইতে থাকে; নানাবিধ প্রকারের ভ্রম দৃষ্টি উপস্থিত হয়, এবং রোগী বৃশ্বতি সাগরে নিমজ্জিত হইয়া যায়। অবশেষে মানবলীলা সম্বরণ করে।

ভাবী ফল।—পুরাতন মস্তিক্ষ-কোমণতার পরিণাম সর্বস্থলেই মতীব গুরুতর। নিঃদন্দিগ্ধরূপে নির্বাচিত কোন রোগের আরোগ্য আমাদিগের দৃষ্টি পথে আদিয়াছে বলিয়া স্মরণ হয় না।

চিকিৎসা-তত্ত্ব।—-রোগ সর্ববিস্থা সম্পন্ন ইইলে যে ঔষধের ক্ষমতার বহিভূতি হয়, তাহাতে সন্দেহের কারণ দেখা যায় না, কেন না ধ্বংসীভূত উপাদানের পুনঃস্থাপনা অসম্ভব। আরম্ভক অবস্থায় আর্সেনিক, সিকেলি, ক্ষম্বরাস, এবং পিক্রিক এসিড প্রভৃতির হারা উপকার প্রত্যাশা করা যাইতে পারে।

আনুষঙ্গিক চিকিৎদা।—কোন প্রকার আনুষঙ্গিক চেষ্টারও বিষয়াভাব, কেন না পুষ্টিরক্ষা একটি নিতাস্ত প্রয়োজনীয় বিষয় হইলেও উপদানের সমীকরণ ক্ষমতার কেবল অভাব হয় তাহাই নহে, তাহা পুনঃপ্রাপ্তির আশামাত্র থাকে না। অন্তান্ত প্রচলিত নিয়মাদি রোগীর সাধারণ শান্তি প্রদানে সক্ষম হইতে পারে, কিন্তু মূল বাাধির কোনই উপকাৰ কৰিতে পাৰে না।

# লেক্চার ২৫৬ (LECTURE CCLVI.)

### ১। মস্তিক-প্রদাহ বা দেরিব্রাইটিস।

(CEREBRITIS.)

প্রতিণাম। — মস্তিকোষ বা এন্কেফ্যালাইটিস (Encephalitis.);
মস্তিকোপাদানের-প্রদাহ বা ইন্ফ্রামেশন অব দি ত্রেন-টিস্থ (inflammation of the brain tissue)।

বিবরণ।—সাধারণ মন্তিকোপদানের প্রদাহ সম্পূর্ণ ই অসাধারণ, সীমাবদ্ধ অংশের প্রদাহ তদ্রপ নহে। ইহা প্রায় সর্বস্থলেই গৌণ রোগ।

কারণ-তত্ত্ব।—মন্তকের খুলির উপরে আঘাতের ফল স্বরূপ, আঘাত লাগার স্থানে, অথবা বিপরীত পার্শ্বের মন্তিক্ষে প্রদাহ জনিতে পারে; অপিচ মাথার খুলির ছিদ্রকারী ক্ষত অথবা অস্থিভঙ্গ, অস্ত্র চিকিৎসার পর রোগবীজামু-সংক্রমণ, অস্থি-রোগ এবং মন্তিক্ষ-বেষ্ট-বিল্লী-প্রদাহ ঘারাও ইহা সংঘটিত হইয়া থাকে। অনেক সময়েই রক্ত-প্রাব, ছিপিবৎচাপাবরোধ বা এম্বলাস, রক্তচাপ অথবা প্লাবিত রক্তের সংঘমনঘটিত অব্দুদ্র বা প্রশ্বাস সন্নিহিত স্থানে মগুলাকার রক্তাধিকা দৃষ্ট হয়; কোন রোগ-বিষ-কেন্দ্র হইতে সংক্রমণ ঘটিলে, ফল স্বরূপ প্রদাহ সংঘটিত হয়।

আম্য্রিক বিধান-বিকার-তত্ত্ব।—মন্তিকোপাদান শোণিতপূর্ণ, শোথযুক্ত এবং বেন কোমলতর ও ঈষৎ লোহিত হয়। স্নায়্-কোষের ধ্বংস ঘটে, এবং গ্রন্থিল স্নায়্-পদার্থের প্রজ্বনন সংঘটিত হয়। ইহার পরে প্রদাহযুক্ত অংশের সংকোচন এবং ঘনীভূততাযুক্ত স্থূলতা জন্মে।

লক্ষণ-তত্ত্ব।—কার্য্যতঃ ইহাতে মস্তিষ্ক-বেষ্ট-ঝিল্লী-প্রদাহের সম লক্ষণ উপস্থিত হয়। কোন কোন স্থলে প্রদাহ স্পষ্টতঃ কেন্দ্রীভূত হইয়া স্থানবিশেষ আক্রমণ করে, এবং রোগের স্থান নিশ্চিত রূপে নির্বাচিত হইতে পারে।

২। পুরাতন মস্তিক্ষ-প্রদাহ।—ইহা উপস্থিত থাকিতে পারে, কিন্তু কোন প্রভেদক লক্ষণ দারা স্পষ্টীভূত হয় না। মস্তিক্ষ-ক্রিয়ার বিশৃদ্ধালা ঘটে।

### ৩। মস্তিক্ষীয় পূয়-শোথ বা সেরিব্র্যাল এব্সেদ। (CEREBRAL ABSCESS)

কারণ-তত্ত্ব।—সর্বস্থলেই পৃষ-জনক অমুদণ্ডক রোগবীজ্ঞামু হইতে ইহা জন্মে। সীমাবদ্ধ মন্তিক্ষ-প্রদাহের ফল স্বরূপ ইহা জন্মিতে পারে। পূষের সঞ্চার যুক্ত মধ্য কণের রোগ, চুচুকপ্রবর্দ্ধনের (mastoid pracess) রোগ, পৃষ-সঞ্চার শাল আঘাত, পচন্দুক্ত নাসিকা এবং গলনলী-রোগ ইহার কারণ হইতে পারে। অপিচ শরীরের যে কোন অংশে পৃষ-সঞ্চার-প্রক্রিয়া, গুটিকোৎপত্তি এবং উপদংশ প্রভৃতিও ইহার কারণ হইয়া থাকে।

আময়িক বিধান-বিকার-তত্ত্ব।— পৃষ-শোথ স্বয়ংই আময়িক-বিধান বিকার। ইহা কেবল বিশ্লেষিত স্নায়ু-কোষ-পুঞ্জ, তন্তু, শস্তবীজাকারতন্তু, এবং শুভ্র রক্ত-কণিকা ধারণ করে। পূহ-শোথ কোষ-বদ্ধ এবং পূরাতন হইতে পারে, এরূপ ঘটনায় ইহা বিলক্ষণ স্থল প্রাচীক্র বেষ্টিত হয়। সাধারণতঃ একটি মাত্রু পূয়-শোথ জন্মে, কিন্তু সংখ্যা অধিকতরও হইতে পারে।

লক্ষণ-তত্ত্ব।——সংক্রামক বীজের বিষাক্ততা, বৃদ্ধির ক্রততা, অবস্থান, কারণ এবং উপসর্গাদি অনুসারে লক্ষণাদির অতি বিস্তৃত প্রভেদ উপস্থিত হয়। যেরূপ সকল পূম-শোথে ঘটে ইহাতেও প্রথমে প্রদাহ প্রবিশ্যস্তাবী। হর্মবাত্মক, অনিয়মিত দোলায়মান জর উপস্থিত হয়, এবং তাহাতে শীত অথবা শীতের অমুভূতি মাত্র থাকিতে অথবা নাও থাকিতে পারে। এ অবস্থায় অনেক সময়েই তাপ স্বভাবনিম্ন দেখা যায়। সাধারণতঃই তীক্ষ লগ্ন শিরঃশূল থাকে, কথন কথন তাহা সমস্ত মস্তকে বিস্থৃত হয়, কিন্তু অনেক সময়েই অল্ল স্থানে সীমাবদ্ধ থাকিয়া কপ্তের স্থান নির্দেশ করে, কিন্তু প্রায় সমসংখাক সময়েই তদপেক্ষা দূরে দেখা গিয়াছে। অনেক সময়েই বমন এবং কোষ্ঠবদ্ধ, অথবা উদরাময় উপস্থিত হয়। প্রলাপ আসিতে পারে, সাধারণতঃ তাহা মৃত্ব প্রকৃতির, অথবা কেবল মানসিক জড়তা উপস্থিত হয়; প্রায় সর্ব্ব স্থলেই কিঞ্চিং পরে স্পষ্টতর শীত এবং প্রচুর বর্ম্ম দেখা দেয়।

এক্ষণে এমন একটি সময় উপস্থিত হয় যথন সকল অথবা প্রায় সকল লক্ষণই অতীব মৃত্তর হয়, অথবা, এমন কি অন্তর্জান করে। মধ্যে মধ্যে শীত অথবা শীতের অনুভূতি, অসাধারণ ঘর্মের আক্রমণ, মধ্যে মধ্যে তীক্ষ্ণ শিরঃশূল এবং শীর্ণতা সংঘটিত হওয়ার সম্ভবনা থাকে। ইহা তরুণ প্রদাহের উপশম এবং ধীরে পৃষ-শোথের আয়তনের বৃদ্ধি এবং তান্তব প্রাচীরের নির্মাণ স্পৃষ্ঠীভূত করে।

অনিশ্চিত সময় পর্যান্ত ইহা চলিতে পারে। কোন কোন স্থলে প্রদাহিক অবস্থার অব্যবহিত পরেই রোগের শেষ হইয়া যায়। অন্তিম লক্ষণাদি উভয় অবস্থাতেই সম প্রকারের। শীঘ্রই হউক অথবা প্রলম্বিত সময়ের বিরামের পরেই হউক এই অন্তিমাবস্থা হঠাৎ উপস্থিত হয় এবং ক্রতগতিতে শেষ হইয়া যায়। যাহাই হউক, ইহা সর্ব্ব স্থলে সমান নহে, পূয়-শোথের বিদারণ ঘটিলে শীঘ্র থোল বা ক্যাপ্শূল অথবা মেডালাতে অন্তর্ব্যাপ্তি ঘটিতে পারে, অথবা মন্তিক্ষের ছালাংশ বা কর্টেক্স্ ভেদ করিয়াক্রত পূ্যসঞ্চারশীল মন্তিক্ষ-বেষ্ট বিশ্লির-প্রদাহোৎপল্ল করিতে পারে। সকল স্থলেই এই অবস্থার উপস্থিতি দৃষ্টিগোচর হয় না, এবং, তথাপি সর্ব্বাক্ষীন আক্ষেপের সহিত অথবা তঘাতীতই অন্তিম লক্ষণ, হঠাৎ তামদী নির্দ্রা

(coma), এবং যাহা নিয়ম, পূর্ব্বজ্ঞান ব্যতীত, সংঘটিত হয়, কিন্তু নির্দেশের কারণাভাব থাকে। অনেক সময়েই জ্যাকসনিয়ান প্রকারের আক্ষেপিক আক্রমণ হয় এবং মন্তক এবং চক্ষুর সন্মিলিত বিপথ গমন ঘটে। সামান্ত কতিপায় ঘণ্টার মধ্যে মৃত্যু ঘটিতে পারে, বাস্তবিক কোন কোন স্থলে ইহা চকিতের মধ্যে সমাধা হয়।

অন্তান্ত স্থলে প্রথমে তামসী নিদ্রা অন্তর্জান করে, বেদনা, জর ইত্যাদি প্রাথমিক লক্ষণ, সাধারণতঃ আক্ষেপিক প্রকারের অর্জাঙ্গ অথবা একাঙ্গীন পক্ষাঘাতের সহিত পুনরাবর্ত্তন করে। চক্ষুর মিটি মিটি ভাব, অসম কণীনিকা এবং বিবিধ চক্ষ্-পেশীর পক্ষাঘাত সাধারণ লক্ষণ। প্রলাপ, সর্বাঙ্গীন আক্ষেপ, তামসী নিদ্রা এবং মৃত্যুতে উপসংহার।

কোন কোন ক্কতবিভ চিকিৎসক ক্ষাংশের উপরে বিঘাতনে উচ্চ মাত্রার শব্দ, অপিচ তাপের বৃদ্ধি পরিদর্শন করিয়াছেন। অনেক স্থলে পূয়-শোথের স্থান নির্দ্দেশ অসম্ভব। যদি তাহা কোন স্থপরিচিত ক্রিয়া কেন্দ্রে অবস্থিত হয় তাহাতে অন্ত কোন অপায়ের ন্যায়ই ইহার স্থান নির্দ্দেশ করা যায়। যদি কোন আঘাত, অথবা কর্ণ অথবা চুচুক-প্রবর্ধনের (mastoid) রোগ চইয়া থাকে সম্ভবতঃ পূয-শোথও সেই দেশে জন্মে।

রোগ-নির্বাচন।—রোগ-বিবরণ এবং বিবৃত লক্ষণাদি দারা রোগের পরিচয় ব্যতীত অন্তবিধ উপায় দৃষ্টিগোচর হয় না। অনেক সময়েই ইহাকে মস্তিক্ষ-প্রদাহ অথবা মস্তিক্ষবেষ্ট-ঝুল্লি-প্রদাহ হইতে প্রভেদিত করা ধায় না। রোগ শেষাবস্থায় রক্ত-প্রাব সহ এতই নিকট সাদৃগু প্রকাশ করে যে প্রভেদ নিরূপণ অসম্ভব। সংক্রমণ সম্ভব হইতে পারে এক্সপ কোন কেল্রের বর্ত্তমানতার পরে উপরে বর্ণিত মস্তিক্ষ-লক্ষণাদি উপস্থিত হইলে পৃষ-শোথের নির্কাচন অনেকাংশে সম্ভব করিয়া দেরীয়।

ভাবীফল ।—অতীব গুরুতর। কোন কোন স্থলে (encysted) পূম-শোথ বহুদিন কোম-বদ্ধ থাকিতে পারে, এবং অবশেষে বিদীর্ণ হওয়ায় নিঃসন্দেহ অনেক হঠাৎ মৃত্যুর কারণ হয়। অস্ত্র-চিকিৎসার উপযোগী স্থানে পূম্ব-শোথ অবস্থিত হইলে আরোগ্যের আশা করা যাইতে পারে।

চিকিৎসা।—অধিকাংশ স্থলেই প্রক্বত রোগ অনির্বাচিত থাকায় ঔষধ-প্রয়োগে সম্পূর্ণই লক্ষণের অহুসরণ ব্যতীত উপায়ান্তর দৃষ্ট হয় না।

আনুষঙ্গীক চিকিৎসা।—প্রথমেই সংক্রমণে বাধা প্রদান, এবং পূব-শোথ জন্মিলে সম্ভব্য স্থলে অস্ত্র-চিকিৎসা।

# লেক্চার ২৫৭ (LECTURE CCLVII.)

#### শিশুদিগের মস্তিক্ষীয় পক্ষাঘাত বা সেরিব্রাল-পলজিজ্ অব চিল্ট্রেন।

#### CEREBRAL PALSIES OF CHILDREN

বিবর্ণ।—রোগ অথবা গঠন বিকার হইতে শিশুর পক্ষাবাত কোন অংশেই বিরল নহে।

কারণ-তত্ত্ব।—গর্ভধারণের শেষ মাসে অথবা ছয় সপ্তাহ মধ্যে সায়ু-কেন্দ্রের উর্জাংশ জন্মে, এবং প্রসবের পর কতিপর মাস পর্যান্ত সম্পূর্ণতা প্রাপ্ত হয় না, এজন্ম উপযুক্ত উৎকর্ষ লাভের পূর্ব্বে যে সকল শিশু জন্মগ্রহণ করে তাহাদিগের সায়ু-কেন্দ্রের উর্জাংশের দৃষিত গঠন হয় অথবা প্রতিরোধক ক্ষমতার অভাব ঘটে। বংশগত অথবা গর্ভাবস্থায় প্রস্থৃতির কোন দোষ যাহা জরায়ুতে ক্রণ-পোষণের বাধাজনক, দোষয়ুক্ত উর্জ সায়ু-কেন্দ্রোৎপন্ন করিতে অথবা তাহাতে প্রবণতা উপস্থিত করিতে পারে, এবং পরিণামে পক্ষাঘাত আনম্বন করে। সমগ্র মন্তিক্ষে অথবা তাহার কোন অংশে মন্তিক্ষ-পদার্থের অভাব থাকিতে পারে। সম্পূর্ণ স্বাভাবিক মন্তিক্ষ এবং তাহার কোন অংশের সম্পূর্ণ অভাব এই উভয়ের মধ্যে যে কোন অবস্থা ঘটিতে পারে। ক্রণাবস্থায় আঘাতজ্ব অপায়ের, মন্তিক্ষ্ক অথবা মন্তিক্ষ-বেষ্ট্র-বির্দ্ধিল-প্রদাহের এবং পক্ষাঘাতয়ুক্ত শিশুর জন্মের বিধয়ও শ্রুত হওয়া যায়।

প্রসব কালে অনেক সময় ধরিয়া অবিপ্রান্ত চাপ অথবা ফর্দেপস অস্ত্রের ব্যবহার মন্তিন্ধীয় পক্ষাঘাত উৎপন্ন করিতে পারে। ডাঃ স্পেন্সার, ম্যাক্নাট, এবং লিট্জ্মান প্রমাণিত করিয়াছেন যে প্রসব-কালে কোন কোন সময়ে প্রকৃতই মন্তিন্ধ-মেরু-মজ্জেয় ঝিলিতে রক্ত-স্রাব সংঘটিত হয়, এবং তাহার পরিণাম স্বরূপ মৃত্যু ঘটিতে অথবা কিঞ্চিৎ পরিমাণ পক্ষাত জনিতে পারে।

লক্ষণ তত্ত্ব।—অবশু জন্মের পূর্নের অথবা ক্রণাবস্থায় রোগের আরম্ভক ঘটনাদির বিষয়ে আমরা সম্পূর্ণ অজ্ঞ। যে সকল রোগ প্রসবকালে সংঘটিত হয় তাহাতে অনেক সময়েই তথা কথিত শ্বাস-রোধ, তামসীনিদ্রা বা অটেচতন্ত, অথবা সর্বাঙ্গীন আক্ষেপ এবং আলোচা পক্ষাঘাত জন্মে।

প্রসবের পরে এক মাস হইতে তিন বংসরের মধ্যে যে সকল প্রস্বান্তিক রোগ দংঘটিত হয়, তাহাতে জর, বমন, প্রলাপ, অটেডতমু, কোন প্রকার সর্ব্বঙ্গীন আক্ষেপ যাহা এক অথবা দ্বি-পার্শীয় হইতে পারে. উপস্থিত হয়। এক দিন হইতে এক সপ্তাহ পর্যান্ত ইহার স্থায়িত। যাহার পরে একটি দর্বাঙ্গীন আক্ষেপের আক্রমণ হইয়া তৎক্ষণাৎ অথবা অতি শীঘ্রই অদ্ধাঙ্গ জন্ম। চিকিৎসক দিগের জ্ঞাত থাকা উচিত যে কোলের শিশুদিগের মধ্যেও অজ্ঞাতভাবে ন্যুনাধিক বিস্তৃত পক্ষাঘাত উপস্থিত থাকিতে পারে। বিলক্ষণ সম্ভব যে অল্ল কতিপন্ন সপ্তাহের মধ্যেই পক্ষাবাতের উন্নতি আরম্ভ হইয়া কতিপন্ন বংসর পর্যান্ত চলিবে। হাই-পগ্নসাস বা জিহবা নিম পেশী, মুখমগুল, এক পার্ষের উদ্ধান্ধ এবং নিমান্ধ সাধারণতঃ পক্ষাঘাতক্রান্ত হয়। পক্ষাঘাতের অবস্থায় সাধারণতঃ মুথমগুলে গতিদ স্নায়বিক উত্তেজনার লক্ষণ স্পষ্টতর থাকে। পক্ষাঘাত উদ্ধাক্ষে সর্কাপেকা স্পষ্টতর হয়। পক্ষাঘাতের উন্নতি-আরম্ভের সম সম কালেই নানাবিধ পেশীর সংকোচন আরম্ভ হয়। এই সংকোচন প্রথমে যেরূপ হয় তদবস্থাতেই থাকিয়া যাইতে পারে, অথবা ক্রমে ক্রমে স্পষ্টতর হইতে থাকে। এই সকল সংকোচনের এমন প্রকৃতি যে এক উদ্ধান্ত, কর, অঙ্গুল্যাদি অথবা এক নিমান্ত অতি আশ্চর্য্য অবস্থার দুখ্যুক্ত কাঠিগু প্রাপ্ত হয়। কোন কোন স্থলে স্পষ্টতর সংকোচন,

কিন্তু অন্নই পক্ষাঘাত থাকে। কথন কথন একরপ আক্ষেপিক অবস্থা ক্ষান্ত, যাহাতে প্রত্যেক ঐচ্ছিক গতির সঙ্গে সঙ্গে আক্ষেপিক সংকোচন ঘটে, অনেক সময় এতদ্র পর্যান্ত যে চালনার বিলক্ষণ বাধা জন্মে। সাধারণতঃই আনুষঙ্গিক চালনা দেখা বায়। নানা প্রকারে আক্রান্ত পেশীর একেবারেই সমভাবে সংকোচন হয় না।

অধিকাংশ স্থলেই প্রথম পক্ষাঘাত উপস্থিতির প্রায় নয় হইতে চবিবশ মাদের পরে অধিকাংশস্তলে অত্যস্ত বর্দ্ধিত অবস্থার তাগুব রোগ উপস্থিত হয়। এই সকল চালনা উদ্ধিস, পরে অধ্য অঙ্গাদি আক্রমণ করে, এবং উভয় অপেক্ষাই মুথমগুল অতি স্বল্লতর আক্রান্ত হয়। ইহারা কেবল ঐচ্ছিক কোন গতি কালে উপস্থিত হইতে পারে, অথবা জাগ্রংকালে প্রায় লয়, অথবা দিবা রজনী সম্পূর্ণ ই লয় থাকে। অতি স্বল্ল হলেই পেশীর ক্ষম জ্যো, কিস্তু সাধারণতঃ, যদি কিছু হয়, পেশীর অস্বাভাবিক বৃদ্ধি।

পক্ষাঘাত যুক্ত পার্যের পোষণ ক্রিয়ার বাধা জন্মে এবং ধীরতর বৃদ্ধিতে তাহা স্পষ্টিকৃত হয়।

অমুভব সংস্প্ত এবং বৈহ্বাতিক বিপ্লব সর্বাস্থলে উপস্থিত হয় না।

দ্বি-পার্শীয় রোগ।—(Diplegic Cases.) কোন কোন স্থল শিশুদিগের মস্তিক্ষীয় পক্ষাঘাত উভয় পার্শেই জন্ম। সমশ্রেণিস্থ পেনীই আক্রান্ত হয়, প্রভেদ এই যে কেবল মুথমগুলের উপরে স্বল্পতর থাকে। অতি স্বল্পতর স্থলে ছই নিমাঙ্গই আক্রান্ত হয়, এবং প্রথম দর্শনে কেবল অধোঅর্দ্ধান্তে প্রকাশ পায়, কিন্তু নিকট পরীক্ষা এবং প্রয়বেক্ষণে কথার কিঞ্চিৎ দোয়, ন্যুনাধিক স্পষ্ট মানসিক লক্ষণ, এবং উদ্ধান্ত এবং হস্তের কুৎসিৎ ব্যবহার প্রকাশ পায়।

মৃগীবং আক্রমণ অতীব সাধারণ এবং যথন তথন হয়। অনেক দিনের ব্যবধান ঘটিতে পারে এবং তাহার পরেই ধারাবাহিক রূপে পর পর শীঘ্র শীঘ্র অবিশ্রাস্তভাবে অনেক গুলি আক্রমণ হইতে পারে। আক্ষেপিক ক্রিয়া অনেক সময়ে পক্ষাত্যুক্ত অঙ্গে সীমাবদ্ধ থাকে, কিন্তু সর্বান্তলে নহে। মানসিক বিকার জ্বন্মে এবং অনেক সময়ে ক্রমবর্দ্ধিঞ্জপে এরূপ হয়। সামাভ্য মন্তিদ্ধীয় জড়তা হইতে বুদ্ধির সম্পূর্ণ লোপ পর্যান্ত জন্মিতে পারে।

এই উপলক্ষে ডাঃ লিটলের (Little's) রোগের বিষয় উল্লেখিত করা যাইতে পারে। আজন রোগ, কিন্তু জন্মের অল্প কিয়ৎ কাল পরে প্রকাশিত হয়। ইহার প্রথম চিক্ত স্বরূপ দেখা যায় যে নিমাঙ্গবন্ধ পরস্পার পৃথকীভূত করিলে তাহারা কঠিন হইয়া যায়, এবং দৃঢ় চেষ্টায় তাহাদিগকে পুনর্ব্বার একত্র করিলে তৎক্ষণাৎ বহিরাক্বষ্ট হয়। ইহাতে শিশু চলিতে শিখিবার সময় জামুতে জামুতে ঠোকা ঠুকি হয়, অথবা বক্র-জামুক (knock-kneed) হয়; কোন কোন সময়ে প্রত্যেক পদবিক্ষেপে উরুবয় আড়াআড়ি ভাবে অবস্থিত হয়; গোড়ালি ভূমি হইতে উথিত থাকে। ইহার ফলস্বরূপ প্রায়্ম সর্ব্ব স্থলেই প্রগদ পদ বা পদ-বক্রতা (club-foot) জন্মে। বঙ্খন-সন্ধি হইতে পদাস্কুলি পর্যান্ত যেন একথানি অস্থিবারা নির্ম্মিতবৎ সম্পূর্ণ পদের চালনা হয়। উদ্ধান্ধও আক্রান্ত হইতে পারে, কিন্তু অতি কচিৎ।

সাধারণতঃ ইহাকে পরিষ্ণার্র্রপে মস্তিষ্ণীয় রোগ বলিয়া প্রকাশিত করণার্থ সহগামী লক্ষণাদি বর্তুমান থাকে, ষেমন বক্রদৃষ্টি, কথার বিশৃংথলা, মান্ষিক অবস্থা এবং মৃগীবং আক্রমণ।

ভাবীফল। — সম্পূর্ণ আরোগ্যের পক্ষে পরিণাম শুভজনক নহে, যাহা সর্বাদা দেখা যায় লিট্লের (Little's) রোগে ব্যতীত বিশেষ উন্নতিরও আশা করা যায় না। অনেক সময়ে লিটলের রোগে স্পষ্টতর উন্নতি অথবা, এমন কি সম্পূর্ণ আরোগ্যন্ত হইয়া থাকে।

অন্তান্ত প্রকার রোগে প্রথম বৎসরের মধ্যে পক্ষাঘাতের কিঞ্চিৎ উন্নতির আশা করা যাইতে পারে, এবং তাহা কতিপন্ন বৎসর পর্য্যন্তও চলিতে পার্রে। মৃগীর আক্রমণের পরে, নৃত্যরোগ (chorea) অথবা এথেটসিস (Athatosis) সম্পূর্ণতা পায়, এবং কচিৎ আরোগ্য হয়।

প্রথম বৎসরের রোগ বৃদ্ধির পরিমাণের উপরে বৃদ্ধি সম্বন্ধীয় ভাবীফল নির্ভর করে। অল্ল সংখ্যক রোগ যাহা রক্ত-প্রাব এবং মস্তিষ্ক-প্রদাহ হইতে জন্মে সম্পূর্ণ আরোগ্য হইতে পারে।

স্বন্ধতর কতিপর স্থলে আরোগ্য এতদ্র সম্পূর্ণতা পার যে কোন প্রকার রোগ ধৃত করিতে অতীব সযত্ন পর্যাবেক্ষণের আবশুক। জীবন সম্বন্ধীয় পরিণাম তাদৃশ অশুভ নহে। অবশুই সর্কাঙ্গীন আক্ষেপ নিবন্ধন রোগীর মৃত্যু ঘটিয়া থাকে, তাহা ইহার যে কোন আক্রমণ হইতে পারে, কিন্তু অনেক সময়েই রোগী বিলক্ষণ বৃদ্ধ বয়স পর্যান্ত জীবিত থাকে এবং ন্যুনাধিকরূপে সাংসারিক কার্য্যাদিও সম্পাদন করে।

চিকিৎসা-তত্ত্ব — কোন ঔষধের লক্ষণ সহই রোগ-লক্ষণের সম্ভোষজনক এবং কার্য্যোপযোগা সাদৃগ্য দেখিতে পাওয়া যায় না। এতদবস্থায় আমাদিগকে রোগ-চিকিৎসায় সম্পূর্ণ ই ধাতুগত ঔষধের উপরে নির্জ্বর করিতে হয়। সোভাগ্যের বিষয় যে তাহার ফল অতীব সম্ভোষজনক। বলা বাহুল্য এই সকল ঔষধ নির্কাচনে যত্ন পূর্বক রোগীর বংশায়ুক্রমিক দোষ, স্বভাবের বিশেষতা, রক্ত-রোগ (dyscrasius) এবং রোগের উপচয় উপশম ইত্যাদি সংস্কৃত্ত ঘটনাদি সম্বন্ধে দৃষ্টি রাখার প্রয়োজন। এরূপে নির্কাচিত ঔষধের বছদিন ধরিয়া ব্যবহারের আবশ্রক। জিক্ত ফ্রেন্সাইড ইহাতে কিঞ্জিৎ খ্যাতি লাভ করিয়াছে। আক্রডাইডস্, ক্যাক্তেরিক্রা এবং নেউ্নিউল লবণাদি উপযুক্তস্থলে উপকারে আদিতে পারে। বংশায়ুক্রমিক উপদংশ পাকিলে আক্রডাইড অব মার্কত্ব, কেলি আক্রড অথবা নাইটিক এসিড উপযোগী।

আমুষঙ্গিক চিকিৎসা I—লিট্লের (little's) রোগে পেশী

স্থিরভাবে রক্ষা করা অত্যাবশুকীয়। শিশুকে কোন প্রকারে সামান্ত পরিমান পেনাশ্রম হইতেও বিরত রাখিবে। এস্থলে জল-চিকিৎসা সংস্ষ্ট তাপের প্রয়োগ অত্যুপকারী। ছগ্মপোন্ত শিশুকেও ১০০০ ফারেন হাইটের তাপের স্নান-জলে পাঁচ মিনিট রাখিয়া উঠাইয়া লইবে এবং ক্ষণ্ন পেনাগুলির উপরি মৃত ঘর্ষণ করিবে। শিশুর বয়স পাঁচ বৎসর অথবা তদ্ধি হইলে জলতাপ ১০২০ ফারেন হাইটে উঠাইবে এবং তাহাতে ৭ অথবা ৮ মিনিট রাখিবে।

মৃত্তর অঙ্গদধাহনও (massage) উপকারী। আক্রান্ত অঙ্গের নিশ্চেষ্ট (passive) চালনা যাহাতে সংকুচিত পেশী টান টান অবস্থায় কিয়ৎকাল রক্ষিত হয়, তদ্রপ করিবে। অবস্থার উন্নতির সঙ্গে লয়যুক্ত ঐচ্ছিক চালনার অভ্যাস করিবে।

মৃত্ গ্যাল্ভ্যানিক বিত্যচেছ্রাত প্রতি পেনা গুচেছ ও মিনিট করিয়া প্রতি সপ্তাতে ২ হইতে ত বার করিয়া প্রযুক্ত এবং তাহার সঙ্গে পেশী টানটান করিবে।

কোন কোন তলে অস্ত্র চিকিৎসার কণ্ডার চ্ছেদন (tenotomy)
কিঞ্চিৎ উপকার করিয়াছে। অঙ্গবিক্বতি সংশোধনার্গ শিশু-অস্ত্রচিকিৎসা (orthopedic method of surgery) অবলম্বনীয়।
অস্তান্ত হলে রোগারস্তই যদি রক্তর্রাব বশতঃ হয় এবং তাহার স্থান
নির্দ্ধান করা যায়, করোট্যান্তি কাটিয়া রক্ত-চাপ স্থানাস্তরিত করিবে।
রোগের শেযাবস্থায় মন্তিক্ষের অস্ত্র-চিকিৎসা উপকারী বলিয়া বিবেচিত
হয় না। এম্বলেও জল-চিকিৎসা, গ্যালভ্যানিক স্রেতের প্রয়োগ,
নিশ্চেষ্ট এবং ঐচ্ছিক চালনাদি চিকিৎসার উপযুক্ত উপায় এবং
ইহাদিগের উপরেও উপশ্যের এবং অবশেষে আরোগ্যের নির্ভর
করা যায়। রোগ কঠিন বলিয়া আরোগ্যের আশা না থাকিলেও
চিকিৎসকের পক্ষে ইহা সম্পূর্ণ কর্ত্তব্য যে তিনি বৎসরের পর বৎসর

বৎসর যাহাতে এইরূপ চিকিৎসা চলিতে পারে তৎপক্ষে মনযোগী इटेर्चन ।

মূগীবং আক্রমণ সংস্কৃত রোগে ব্রহাইড লবপ অথবা হাস্ত্রসাস্থানিন হাইডুফ্রনেটের ব্যবহার ব্যতীত উপায়ান্তর নাই। এই সকল ঔষধের ফুলমাত্রা অতি সাবধানতার সহিত ব্যবহার কর্ত্তব্য। ডাঃ কাউপার থোয়েট বলেন, "আমি ছুইটি রোগীর চিকিৎ-সায় এক হইতে হুই চা-চামচ মাত্রায় প্রতিদিন ৩ অথবা ৪ বার প্যাসিফ্রার অরিষ্টের প্রয়োগ করিয়া রোগাবেশের দমন রাথিয়া ছিলাম, তাহাতে কোন প্রকার অনিষ্ট হয় নাই।

### লেক্চার ২৫৮ (LECTURE CCLVIII.)

## মস্তিক্ষীয় অর্ব্বুদ বা সেরিব্রাল টিউমার্স।

(CEREBRAL TUMOURS,)

বিবরণ।—মন্তিক্ষে প্রায় যে কোন প্রকারের অর্কৃদ জন্মিতে পারে। শিশুদিগের মধ্যে শুটিকাসংস্ট (tubercular), তত্রপ বয়স্থদিগের মধ্যে সারকমা (Sorcoma), উপদংশঘটিত অর্কৃদ বা সিফিলমা (Syphiloma) এবং প্রাইওমা (Glioma) অনেক সময়ে দৃষ্ট হইয়া থাকে। অর্কৃদ সর্কাপেক্ষা অধিকতর সময়ে বৃহৎ মন্তিক্ষে (cerebrum), এবং তৎপরে ক্ষুদ্র মন্তিক্ষ (cerebellum), পন্স্ (pons), কৈন্দ্রিক সায়-গ্রন্থি (central ganglia), এবং চক্ষুকোটর প্রভৃতিতে সংঘটিত হয়। সম্ভব যে ইহারা কথন কথন শরীরের অন্ত কোন অংশের মারাঅ্বক মাংসবৃদ্ধির ফল। আঘাত সাক্ষাত কারণ হইতে পারে।

লক্ষণ-তত্ত্ব।—ইহাদিগের লক্ষণাদি নিম-লিথিত প্রকারে বিভক্ত করা যায়—সাধারণ অথবা যাহা অর্ক্র্দের অবস্থিতির স্থানের উপরে নির্ভর করে না, এবং স্থানিক, অথবা যাহারা অর্ক্র্দের অবস্থিতির স্থানের প্রকৃতিমূলক।

অনেক সময়ে মৃত্যুর পর অর্কাদ দেখা গিয়াছে, কিন্তু জীবিতকালে কোনই সম্ভব্য নিদর্শন ছিল না। কোন কোন স্থলে লক্ষণাদি অতীব মৃহতর এবং পক্ষাস্তরে অস্তাস্ত স্থলে অত্যস্ত কঠিনতর থাকে। এতাদৃশ্ব বিভিন্নতা থাকিলেও সাধারণতঃ সম্ভবমত নিশ্চিৎ রোগ-নির্বাচনের পক্ষেলক্ষণাদির যথেষ্ঠ বিশেষতা প্রকাশ পায়।

সাধারণত: শির:-শূল ইহার প্রথম লক্ষণ, সর্বাপেক্ষা অধিকাংশ

সময়ে ইহা ললাট এবং মস্তকের পশ্চাদংশ আক্রমণ করে। সাধারণতঃ ইহা বিলক্ষণ তীক্ষা। কোন কোন সামান্ত কতিপয় স্থলে রোগের সম্পূর্ণ শেষাবস্থা ভিন্ন এই লক্ষণ উপস্থিত হয় না। দীর্ঘকাল পর্যান্ত ইহা অতীব মধাবিধ তীক্ষতা বিশিষ্ট থাকিতে পারে। শিরঃ-শূল ক্রমে ক্রমে তীক্ষ্ণতর এবং অধিকতর অবিশ্রান্ত ভাব ধারণ করে, স্পষ্টতর এবং অতীব যন্ত্রণাকর হয়, এবং কাসি, ইাচি এবং তদ্ধপ সবেগ প্রখাসিক চালনায় বৃদ্ধি পায়। ইহার অন্ততম লক্ষণ শিরোঘূর্ণনেরও শীঘ্র উপস্থিতির সন্তাবনা থাকে, কিন্তু অনেক সময়েই তাহা বিলক্ষণ বিলম্বে আগমন করে, যাহাই হউক, কিন্তু অনেক সময়েই ইহার গুরুত্ব এত অধিক হয় না যাহাতে টলমলভাব অথবা পতনোৎপন্ন করিতে পারে। রোগের প্রথম ইইতে শেষ সময় পর্যান্ত মধ্যে মধ্যে নুনাধিক প্রকৃত মন্তিক্ষীয় প্রকারের বমন উপস্থিতির সন্তাবনা থাকে।

ডাঃ কাউপার থোয়েট বলেন, "আমার নিজের বহুদর্শীতায় আমি রোগীকে অধিকতর সময়েই দৃষ্টির হানি হইতে কট্ট পাইতে দেখিয়াছি, অনেক সময়েই দৃষ্টির ক্রত অপচয় রোগের প্রথম প্রকাশক রূপে উপস্থিত হয়। অবগুই ইহার সহজ তাৎপর্যা এই যে আমি যে সকল রোগী দেখিয়াছি, শতকরা অধিকাংশ স্থলেই রোগ এরূপ স্থলে অবস্থিত হইয়াছিল যে অরুত্ব উপস্থিত করিতে পারে।" রোগে কিছুমাত্রও কঠিন এবং অদম্য শিরঃ-শূল থাকিলে, প্রত্যেক স্থলেই বহুদর্শী চিকিৎসক হারা চক্ষুর অক্ষিবীক্ষণযন্ত্রপরীক্ষা হওয়া আবশুক। মস্তিম্কীয় অর্ক্লুদ্রোগ মাত্রেই প্রায় চিত্রপত্রের চাক্তি অংশের (disc) অবরোধ ঘটে, এবং এরূপাবস্থার উপস্থিতির অন্ত কোন কারণের অভাব অর্ক্লুদের বর্ত্তমানতার হৃতি সঙ্গত সন্দেহ উপস্থিত করে।

রোগের সম্পূর্ণ গতিকালমধ্যে সর্বান্ধীন অথবা স্থানিক আক্ষেপ হইতে পারিলেও শেষাবস্থাতেই অধিকতর প্রবণতা দৃষ্ট হয়। অনেক সময়েই কোনরূপ আক্ষেপ বাতীত সহজ ক্ষণস্থায়ী অজ্ঞানতা উপস্থিত হয়, কিন্তু তাহা স্থানিক লক্ষণের মধ্যে গণ্য, এবং পরে বিস্তৃতরূপে বর্ণিত হইতেছে। অনেক সময়েই বিধাদোমত্ততা, বুদ্ধির থর্কাতা, অথবা কেবল দৃষ্টিভ্রম, অথবা ধীর অনিয়মিত মানসিক ক্রিয়া এবং তামসী নিদ্রা উপস্থিত হয়। বিশেষতঃ শেষাবস্থায় চৈতন্তাভাব উপস্থিতির বিলক্ষণ সন্তাবনা থাকে, অবশেষে তামসী নিদ্রা আদিয়া পড়ে।

কেন্দ্র লক্ষণাদি—মন্তিকের প্রায় যে কোন অংশে ক্ষুদ্র অর্বাদ থাকিতে পারে, কিন্তু স্থান নির্দেশক লক্ষণ উপস্থিত করে না। এমন কি দক্ষিণ ললাটিক, দক্ষিণ কর্ণ-সংস্কৃতি, এবং দক্ষিণ পার্শীয় মন্তিক গোলকের অংশস্থ বৃহৎ অর্বাদ কোন বিশেষ লক্ষণ প্রকাশ করে না। অর্বাদ যদি স্পষ্টতর সাধারণ মন্তিক্ষীয় চাপ উপস্থিত করিবার উপযুক্ত আকার প্রাপ্ত হয়, তাহাতে কৈন্দ্রিক লক্ষণাদি প্রকাশ পাইবে।

গতিদ-সায়বিক মণ্ডল—মুখমণ্ডল, উর্নাঙ্গ অথবা নির্নাঞ্চে সাধারণতঃ প্রথমে কাঠিন্ডের অনুভূতি, পরে প্রকৃত কাঠিন্ড অথবা সামান্তা-কার আক্ষেপ উপস্থিত হয়; ইহা কোন প্রকার সাধারণ লক্ষণ উপস্থিত হইবার কিয়ৎকাল পূর্বেই দেখা দিতে পারে। ইহা স্পষ্টতর স্বরন্থায়ী আক্রমণের আবেশে আবেশে উপস্থিত হয়, প্রথমে প্রত্যেকবার সমপেশীদলে দীমাবদ্ধ থাকে, কিন্তু পরে শরীরের সম্পূর্ণ পার্শ্বে বিস্তৃত হয়। প্রাথ-মিক আক্রমণে অজ্ঞানতা থাকে না, এবং কথন কথন, এনন কি পরের এবং অধিকতর কঠিন আক্রমণেও দেখা দেয় না। শেষাবস্থায় আবেশ প্রায় অথবা সম্পূর্ণ অবিরামভাব ধারণ করে।

পক্ষাঘাতের কেবল কাঠিণাই বুদ্ধি পায়, এরূপ নহে, কিন্তু ক্রমে ক্রমে দূরত্বেও বিস্তৃতি লাভ করে। অর্ক্ট্রের বৃদ্ধির ফলস্বরূপ গতিদ-কেন্দ্রোপরি অধিকতর চাপ বশতঃ এই বিস্তৃতি ঘটে, এবং ভদ্ধেতুই ইহা এক রোগীতে একদিকে এবং অপর রোগীতে ভিন্ন দিকে বিস্তৃত হয়।

বিশেষ কেন্দ্রে অর্ব্যুদ।—দক্ষিণ ললাট অথবা শশু দেশস্থ (temporal) মস্তিক গোলকে কোন অর্ক্যুদ জন্মিলে বাক্রোধের লক্ষণাদি উপস্থিত হয়। যদি ইহা তৃতীয় বাম মস্তিক-কুণ্ডলীতে অবস্থিত হয়, প্রাথমিক গতিদ স্নায়ু সংস্পৃষ্ঠ বাক-রোধ ক্রমে ক্রমে বৃদ্ধি পাইয়া বাক্যক্ষ্রণ শক্তির সম্পূর্ণ এবং স্থায়ী অভাব ঘটে। এই সকল গোলকের অন্থান্য অংশে অর্ক্যুদ জন্মিলে, শেষাবস্থায় বাক্রোধ আইদে, এবং তাদৃশ স্পষ্ঠতর হয় না। ইহা সম্প্রা দেশস্থিত সোলকেক স্বর্থান ভাতি জন্মিতে পারে, যদি মস্তিক-মূলাংশের পশ্চাতে হয় দৃষ্টি-স্নায়ু (optic) সংপ্রবায় বাক-রোধ ঘটে।

ুরোগী ড্যাবরা হইলে দক্ষিণ পার্শ্বের অপায়ে সম শ্রেণির লক্ষণ উৎপন্ন করিতে পারে।

দর্শনে নিরেয় সংক্রান্ত দেশের অর্ব্রুদ।— যদি মন্তিজ পশ্চা-দেশীয় গোলকে অর্ক্ দ জন্মে, অবিমিশ্র আধ্যাত্মিক অন্ধন্ত জনিতে পারে এবং একমাত্র কৈন্দ্রিক লক্ষণ, অর্ক দৃষ্টি উপস্থিত হয়। যদি দৃষ্টি সংস্রবীয় মন্তিজ দেশের (optic tract) কোন স্থানে ইহা অবস্থিত হয়, অর্ক্দৃষ্টি জন্মে, এবং ইহার সহিত অন্ত এক অথবা তুইটি সাধারণ মন্তিজ্বীয় স্নায়ু আক্রান্ত ইইলে, অনেক সময়েই চক্ষুর এক অথবা একাধিক পেশীর পক্ষাঘাত উৎপন্ন হয়।

কৈন্দ্রেক সায়ু-গ্রন্থির অর্ব্যুদ।—অভ্যন্তরীণ খোলে (Capsule) চাপের ফল স্বরূপ অনেক পরে কৈন্দ্রিক লক্ষণাদি প্রকাশিত হয়। লক্ষণাদি—অসম্পূর্ণ অর্দ্ধান্ধ, তাহার সহিত ন্নাধিক স্থানর্ত্তন।

চতু ভূ জাকার মন্তিক প্রেদেশের (quadri geminal region) অর্ব্র দ।— দৃষ্টি মালিন্ত, অক্ষি-পেশীর দি-পার্শীর পকাঘাত, প্রবণ-দোষ এবং ভ্রমণ অথবা দণ্ডায়মানে পেশীর ক্রিয়ার অসামঞ্জন্ত। অধিকত্র সময়েই ইচ্ছাত্বন্তী (intension) প্রকারের কম্পন দৃষ্ট হয়।

স্কুদ্র মন্তিকের অর্ব্যুদ।— প্রথমেই বমন আরম্ভ হয় এবং রোগের আতোপান্ত থাকে। শিরোঘূর্ণন এবং পেনী ক্রিয়ার অসামঞ্জভ অতীব স্পষ্টতর লক্ষণ। মন্তক-পশ্চাতের অতি তীক্ষ্ণ শিরঃ-শূল গ্রীবা-পৃষ্ঠ বাহিয়া নিম্নগামী হয়। ললাটিক শিরঃ-শূলও থাকিতে পারে। অধিকাংশ স্থলেই সাধারণ অথবা এক পার্শ্বের প্রবল আক্ষেপ অতি স্পষ্টতর লক্ষণ। পৃষ্ঠের দিকে বক্র হওয়া (opisthotros), বিলক্ষণ সাধারণ। কণ্টক প্রদাহ বা প্যাপিলাইটিস (Papillitis) সর্ব্ধ স্থলেই বর্তুমান থাকে।

পন্স (অংশদ্বয় মধ্যবর্তী পথ) এবং মেডালা অবলঙ্গেটার (মাতৃকা মূলাধার) অর্ব্য দ—ইহা মূথমণ্ডলের পার্শ্বের পক্ষাঘাত আনয়ন করে; ট্রাইজিমিনাস, মূথমণ্ডলীয় বা ফেসিয়াল, এব্ডুসেন্স অথবা অন্ত কোন একটি করোটিক বা ক্রেনিয়াল অথবা দেহের বিপরিত পার্শ্বের পেশীতে যে স্নায়্ম গমন করে ইহা তাহার পক্ষাঘাত হইতে পারে। নানাবিধ অন্তভূতি সংস্ট লক্ষণাদি অতি সাধারণ। কথন কথন অর্ক শারীরিক ক্রিয়া বৈষমা (Hemiataxia) দেখা যায়। উভয় দেশের আক্রমণই কার্যাতঃ সমলক্ষণ প্রদান করে, ভিয়তা এই যে মেডালার অর্ব্রেদ অনেক সময়ে এবং স্পষ্টতর রূপে অন্তম হইতে দ্বাদশ সঙ্খাক স্নায়্ম আক্রমণ করে। হুৎপিও এবং শ্বাস-প্রশ্বাস-বিশ্থলার উপস্থিতি বিলক্ষণ সম্ভবনীয় ঘটনা। উভয় পার্মীয় পক্ষাঘাতও জান্মতে পারে। শোণিত-যন্ত্র চালক সায়র ক্রিয়াবিকার অনেক সময়ে ঘটে।

রোগ-নির্বাচন। — প্রত্যেক কঠিন লগ্ন শিরঃশূল রোগে, যদি অন্য প্রকার উপযুক্ত কারণ প্রাপ্ত হওয়া না যায়, যত্ন পূর্বক অক্ষিবীক্ষণ-যত্ন পরীক্ষা করিবে, তাহাতে যদি সায়্-চিত্রপত্র প্রদাহ (neuro-retinitis), ফাঁসবদ্ধ চাকতি (choked disk) অথবা কণ্টক প্রবৰ্দ্ধন-প্রদাহ (papillitis) দৃষ্ট হয়, অর্ধ্বদের বর্ত্তমানতা প্রায় নিশ্চিত বলিয়া গণ্য।

কোন ছর্কোধ্য রোগ, প্রথমাবস্থার মন্তিক্ষ-অর্ক্ব্রদ সম্বন্ধে যেমন সম্ভব,

বিশেষজ্ঞ দারা নির্মাচিত হওয়া উচিত। ফলত: ইহার প্রভেদক নির্মাচনের বিষয়াদি এতদ্র বিশেষ বিজ্ঞান সংস্ঠ যে সাধারণ বিবরণ দারা তাহা সমাক বোধগম্যের অতিত। এক্স্-রে (X Ray) ইহাতে কার্যকারি নতে।

চিকিৎসা। — শিক্ষার্থীর সহজেই রোগের গুরুত্ব এবং সাংঘাতি-্ক গ্র বিষয় হৃদ্দক্ষম হইবে। রোগ মারাত্মক প্রকৃতির হইলে মৃত্যুই একমাত্র শান্তির স্থল বলিয়া গণ্য। সহজ প্রকারের রোগেও ঔষধের ক্রিয়া তাদুশ নির্ভর যোগা নহে। তথাপি ধাতু গত ঔষধের ব্যবহার দঙ্গত বলিয়া বিবেচনা করা যায়। কিন্তু তৎবিষয়ে আমাদিগের কোন বহুদশিতা নাই। উপদংশজ অর্ক্,দের চিকিৎসায় মাত্র ফলের আশা করা যায়। কিন্তু অধিকাংশ চিকিৎসকের মতেই তাহাতে সুলমাত্রার আহ্র-ভাইভ অব পটাসিহ্রাম উপকারী বলিয়া কথিত। ঔষধের প্রয়োগ সম্বন্ধে ডাঃ কাউপার থোয়েট যাহা লিয়াছেন পাঠকের অবগতির জন্ম আমরা তাহা নিমে উদ্ধৃত করিলাম:--"আমি জলে দ্রব পাঁচ গ্রেণ ঔষধের প্রতিদিন চারি মাত্রা হইতে আরম্ভ করি এবং এক সপ্তাহ পর্য্যন্ত চালাই ; পরে মাত্রা দুশ গ্রেণে উঠাইয়া তিন দিন দেই, পরে তিন দিন পনের ত্রোণ মাত্রায় দিয়া যে পর্যান্ত আমাশয়-বিকারের প্রমাণ না পাই উপকার না পাওয়া পর্যান্ত তিন দিন পর পর উপরি উক্ত অনুপাতে মাত্রা বাড়াইয়া যাই। আমাশয়ের স্পষ্ট বিকার উপস্থিত হইলে কিয়ৎকালের জন্ম অথবা এক সপ্তাহ ঔষধ সম্পূর্ণ বন্ধ রাখি। পরে শেষ মাত্রার এক তৃতীয়াংশ হইতে আরম্ভ করিয়া পূর্ব্ব নিয়মে বর্দ্ধিত করি। প্রয়োজন হইলে ১৬০ গ্রেণে নাত্রার বুদ্ধি করিতেও আমি কুষ্ঠিত হই না, • প্রতি দিন চারি বার।

"আয় ডাইড অব পট।সের মঙ্গে আমি সর্কস্থাই এক হইতে পাঁচ গ্রেণ মাত্রায় বিস্মান্স সাবনাইট্রেটের ব্যবস্থা করিয়া থাকি। আমি আহারের পরই আহারের সমাপন দেবন করাই; রজনীতে শয়নের অব্যবহিত পূর্ব্বেই আহারের সমাপন করাইয়া আহ্রডাইড দেবন করাই। হুই মাত্রা আহ্রডাই-ডেল্ল মধ্যকালে রোগী আব্লাইট্রেট দেবন করে। যথন আহ্রডাইড বন্ধ থাকে তথনও আমি আব্লাইট্রেট দিয়া থাকি। অস্তান্ত প্রকারের অর্ক্রুদেও আহ্রডাইড ক্রিয়াহীন নহে; কিন্তু বৃদ্ধির বাধা এবং যন্ত্রনার কিঞ্জিং উপশম বাতীত আরোগোর আশা করা যাম না"।

আন্ত্র-চিকিৎসা এবং আনুষ্ঠিক উপায়াদি।—উপরে যাহা
লিখিত হইল তাহাতে অবগ্রহ পাঠকের হৃদয়ঙ্গম হইবে যে কেবল উপদংশ
ঘটিত মন্তিজ অর্কু দ ব্যতীত অন্তান্ত প্রকারের মন্তিজ-অর্কু দারোগ্যে কার্য্যতঃ
আমরা সম্পূর্ণই ক্ষমতা হীন। এমতাবস্থার উপরুক্ত স্থলে অস্ত্র-চিকিৎসাবলখন ব্যতীত উপারান্তর দৃষ্টি গোচর হয় না। কিন্তু অধিকাংশ অর্কু দৃই
গুরুতর মন্তিজাংশাদি সহ এরপ উত্পুত ভাবে জড়িত যে সম্পূর্ণ রূপেই
অস্ত্র-চিকিৎসার বহির্ভূত। অস্ত্র-চিকিৎসা পক্ষে নিম্ন লিখিত বিষয়াদির
প্রতি লক্ষ্য রাথা কর্ত্ব্যঃ—১। অর্কু দের ঠিক অবস্থান নিরূপিত করার
আবশ্রক; ২। অর্কু দ মন্তিজের উপরি ভাগে অথবা তাহার নিকটস্থ
থাকিলেও অতি বিস্তৃত হইবে না; ৩। স্থির করার আবশ্রক যে একটি
মাত্র অর্কু দ আছে। ৪। অর্কু দ স্থান পরিবর্ত্তন শীল হইবে না; ৫।
অর্কু দ মারাত্মক প্রকৃতির হইবে না।

যন্ত্রণার নির্বারণ অথবা নিদ্রানয়ন জন্ম ওপিস্থান অথবা তাহার কোন প্রস্থোগ রূপে—মর্ফিস্থা উৎকৃষ্ঠতর। হাস্থ-সাস্থানিন ব্রমাইড এক গ্রেণের শত তম (১৯৯) হইতে পঞ্চদশ তম (৯১) অংশের স্বগধ পিচকারী উপকারী।

### লেক্চার ২৫৯ (LECTURE CCLIX.)

#### মস্তিকোদক বা হাইভূসিফ্যালাস।

(HYDROCEPHALUS.)

মস্তিকোদক—আজন্ম অবণা অৰ্জিত হইতে পারে।

আজিন্ম মন্তিকোদক।—কথন কথন ইহাতে বংশগত প্রবণতা থাকে বলিয়া অমুমিত হয়; সুরা-বীজ-বিষাক্ততা, উপদংশ, শুটকোৎপত্তি (tuberculosis) অথবা পূর্ব্ব পুরুষামূক্রমিক রোগ জীর্ণাবস্থা ইহাতে পূর্ব্ব প্রবণতা প্রদান করে বলিয়া অমুমান করা যায়। ইহাতে মন্তিক্ক-কোটর (ventricles of the brain) অতিরিক্ত পরিমাণ জ্বলবংতরল পদার্থ ধারণ করে। ইহার সাক্ষাৎ কারণ সম্বন্ধীয় কোন বিষয়ই বিদিত নহে। এই পরিক্ষার, বর্ণ হীন রস স্বন্ধ পরিমাণ লবণ এবং শ্বেত-লালা বা এলুমেন ধারণ করে।

ইহার আময়িক বিধান-বিকার সম্বন্ধে কেবল ইহাই বলা যাইতে পারে যে মস্তিক্ষ কোটরস্থ উদকের বহিঃ প্রসারী চাপ মস্তিক্ষের চেপটা ভাব এবং বিরলতা উপস্থিত করে। কঠিনতর রোগে কদাচিৎ মস্তিক্ষের আকার মাত্র থাকে, মস্তিক্ষ-কোটর এবং থুলির মধ্যে পাতলা আবরণ মাত্র দেখা যায়। মস্তকের আকারের বৃদ্ধি হইয়া কোন কোন স্থলে স্বাভাবিক হইতে বিগুণ হইয়া পড়ে। ললাটিক এবং ভৈত্তিক বা পাারাইটেল উচ্চতা বিলক্ষণ স্পষ্টতর হয়। মস্তকান্থির রন্ধাদি বা ফল্টানেলিজ অনেক দিন পর্যান্ত অসম্প্রিত থাকে, সেবনী-সন্ধি (sutures) ভিন্নতা প্রাপ্ত হয় এবং মস্তকান্থি নিচয় পাতলা হইয়া যায়।

লক্ষণ-তত্ত্ব |---জরায় অভ্যন্তরে মন্তিকোদক জন্মিতে পারে;

এরপ হইলে মন্তকের আকার প্রসবের বাধা প্রদান করে এবং ভ্রাণের মৃত্যু সংঘটিত হয়।

সাধারণতঃ জন্মের পরে ইহা বরং ধীরে বৃদ্ধি পায়। মাথার খুলি বা করোটীর আকারের ক্রমবৃদ্ধিই ইহার প্রধান লক্ষণ। শীদ্রই দেখিতে পাওয়া বাইবে যে মুথ মগুলের অনুপাতাপেক্ষা মাথার খুলির আকার বৃদ্ধি পাইতেছে। অনুমান হয় চক্ষু নিম্নাভিমুথে চাপিত হইয়াছে। শিরা সমুন্নত হইয়া উঠে, মস্তকান্থি নিচয় পাতলা হইয়া যায়, কোন কোন স্থলে এতাদৃশ পাতলা যে তদধঃ দেশের রক্ত বহা নাড়ী অসপ্র ভাবে দৃষ্টি করা যায়। কথন কথন আকর্ণনে রক্তনাড়ী সংস্ঠ মর্মর্ শব্দও শ্রুত হইতে পারে।

জন্মের অনেক পরে পেশীর চালনা শক্তি জন্মে, অর্থাৎ, সচরাচর যত শীঘ্র দণ্ডয়মান হওয়া, অথবা হাঁটা, উর্দ্ধ অথবা নিয়াঙ্গের চালনা করা নিয়ম শিশু তাহা করে না। যথন শিশু অঙ্গাদির ব্যবহার আরম্ভ করে, চালনা অতিক্ষীণ অথবা অনিয়মিত হয়। অনেক সময়ে কিঞ্চিৎ আনর্ত্তন, এবং সময়ে আক্ষেপিক কাঠিন্ত জন্মে। এই সকল গতি-লক্ষণ কার্যাতঃ দ্বি-পার্শীয়, কিন্তু সর্ব্ব স্থলে একই প্রকার ঘটিবার কোন কারণ দেখা যায় না। বয়সের কিঞ্চিৎ বৃদ্ধির পরেও শিশু উঠিয়া বসিতে অথবা মন্তক ঋজ্ রাথিতে অক্ষম হয়। অনেক সময় সাধারণ শারীরিক আক্ষেপ ঘটে।

মানসিক অবস্থা স্পষ্টতর রূপে বাধা প্রাপ্ত হয়, ধীরে মানসিক উন্নতি হইলেও, স্বল্লতর হয়। এই সকল শিশুর মানসিক অবস্থা অতিক্ষীণ থাকে, এমন কি অনেক সমগ্ন জড়ত্ব পর্যন্ত পায়। বমন এবং জরের আক্রমণ হইতে পারে। অস্বাভাবিকতা, যেমন দ্যগ্রাকশেরকা (spina bifida), গল্লাকাটা (hour lip), মন্তিক-জলার্ক্ দু (encephalocele), প্রগদ-পদ (club-foot) এবং বামনত্ব (dwarfism) সঙ্গি রূপে উপস্থিত থাকিতে পারে।

রোগ-নির্বাচন। — বালাস্থি-বিকার ঘটত রুহৎ মস্তকে করোটী গোলাকার না হইয়া স্পষ্টতর চতুক্ষোণ হয়; রন্ধ্যাদি তাদৃশ সমুরত হয় না। মানসিক অবস্থাদি বর্ত্তমান থাকে না। সম্ভবতঃ বালাস্থি-বিকার মস্তিকোদক উৎপন্ন করিতে পারে।

্ মাথার খুলির বিক্কৃত গঠন দেখিতে পাওয়া যায়, কিন্তু তাহাতে আকা-রের অস্বাভাবিক ক্রমবৃদ্ধি হয় না।

ভাবীফল। — যদিও এই দকল শিশু কতিপয় বংসর, এমন কি বৃদ্ধ বয়স পর্যান্তও কথন কথন জীবন ধারণ করিতে পারে, কিন্তু সাধারণতঃ জন্মের পরে শীষ্মই মৃত্যুগ্রাসে পতিত হয়। অতি অল্প সংখ্যক স্থলে সভাবারোগ্য হইতে দেখা যায়, এরূপস্থলে মন্তকান্থির বিদারণ দারা উদকনিঃসারিত হইয়া চক্ষু অথবা নাসিকা গহ্বরে যায়, অথবা ঝিলীর বিদারণ ঘটিতে পারে, তাহাতে সিবনী-সন্ধি দ্বারা উদকনিঃসারণ ঘটে, কিন্তু কতিপয় বংসর মধ্যে মৃত্যুই ইহার নিয়ম।

চিকিৎসা-তত্ত্ব। — বংশ পরম্পরাগত দোষের অনুসন্ধান করিয়া তদমুসারে ঔষধের ব্যবস্থা করিতে হইবে।

গভীর ক্রিয়া শীল ঔষধ ব্যতীত ইহাতে কোন ফলের আশা করা যায় না। মৃত্ত-কারী অথবা বিরেচক ঔষধ দারা জল স্থানান্তরিত করা যায় না। অনেক পদ্ধতিরই চেষ্টা হইয়াছে, কিন্তু ইহার চিকিৎসা বিষয়ে এ পর্য্যন্ত আশাপ্রদ কোন উন্নতি সাধিত হয় নাই।

ব্যাণ্ডেব্দ দারা অবিশ্রাস্ত সমভাবের চাপ-প্রয়োগ, ফ্লাটালপটির অথবা স্থিতি স্থাপক ফিতার ব্যবহার বিপজ্জনক।

অস্ত্রচিকিৎসা দ্বারাও কোন উপকারের সম্ভাবনা দেখা যায় না। এটিদেপ্তিক বা পচন নিবাকরক পদ্ধতিতে সাবধানতার সহিত মধ্যে মধ্যে মস্তিক্ষ-কোটর হইতে ট্যাপ করিয়া জল বাহির করা পরীক্ষনীয়। কটিমেরু দশুবিদ্ধকরাতেও কোন উপকার দেখা যায় না।

অর্জ্জিত মস্তিকোদক বা একয়ার্ড হাইডুসিফ্যালাস (Aquired Hydrocephalus) ৷—চিকিৎসক মণ্ডলীতে ইহা অতি অন্নই বিদিত। ফুসফুস বেষ্ট-ঝিল্লীর ন্থায় মস্তিক্ষ-কোটর-বেষ্ট-ঝিল্লীরও বিশেষ প্রকা-রের প্রদাহ হইতে ইহা জন্মিতে পারে। প্রদাহ এরূপ হইতে পারে যে রস-নির্গম-পথের রোধ সংঘটিত হয়। বাস্তব পক্ষে কটিমেরুদণ্ড বিদ্ধকরিয়া পরীক্ষানা করিলে ইহা নিশ্চিত করিয়া বলা কঠিন। আমরা ইহা হইতে শ্বেত-লালা অথবা কোন লবণের প্রায় সংস্রব হীন পরিষ্কার রস প্রাপ্ত হইন্না থাকি। রোগ-নির্বাচনে প্রায়ই কোন সন্দেহ উপস্থিত হন্ন না। দৃষ্টির বিশৃংথলা, ফাঁসবদ্ধ রেটনা-চাকতি (disk), স্নায়ু-চিত্র-পত্ত-প্রদাহ, মানসিক জড়ত্ব এবং তাহার সহিত উত্তেজনাশীল গতিদ স্নায়বিক লক্ষণ উপস্থিত থাকে। তরুণ অথবা গুটিকাসংস্প্ট-মস্তিদ্ধ-বেষ্ট-ঝিল্লী-প্রদাহ হুইতে জ্বরের অভাব, অথব। তাহার দ্রুত মগ্নভাব এবং স্বল্লভর তীক্ষতা বিশিষ্ট শিরঃ-শূল দারা ইহা প্রভেদিত হয়। ভাবীফল আজন্ম রোগের ন্থায় সর্ব্বত্রই অস্কুভ নছে। এ রোগে রোগাপেক্ষা রোগীর চিকিৎ-সাই বরঞ্চ অধিকতর ফলপ্রদ, অর্থাৎ ধাত সংশোধনকারী ঔষধই অধিকতর উপকারী। ইহা নিঃদন্দেহ যে মুলে বক্ত-রোগের (dyscrasia) উপরেই ইহা নির্ভর করে। রোগের কারণ স্পষ্টতর মস্তিক্ষ-বেষ্ট-ঝিল্লী-প্রদাহ অথবা রক্তাধিক্য হইলে এই কারণের চিকিৎসার আবশ্রক।

অন্ত্র-চিকিৎসার মধ্যে কেবল কটি-মেরুদণ্ড অথবা মস্তিক্ষ-কোটর-বিদ্ধ করাই এক মাত্র উপায়। ইহা দ্বারা এই শ্রেণির রোগেই যাহা কিছু আশা করা যায়।

#### লেকচার ২৬০ (LECTURE CCLX.)

#### বাতুলের পক্ষাঘাত বা প্যারিসিদ্ অব দি ইনসেন।

(PARESIS OF THE INSANE)

প্রতিনাম |— বাতুলের সাধারণ পক্ষাঘাত বা জেনারল প্যারা-লিসিদ্ অব দি ইন্সেন (General Paralysis of the Insane); পক্ষাঘাতিক বৃদ্ধি ব্রাস বা প্যারালিটিক ডিমেন্সিয়া (paralytic dementia)।

কারণ-তত্ত্ব।— ত্রিশ বংসর বয়সের পূর্ব্বে এবং পঞ্চাশের পরে ইহা কচিৎ সংঘটিত হয়। স্ত্রীলোকাপেক্ষা পুরুষদিগের মধ্যেই ইহা মধিকতর দেখা যায়। ইহা সম্ভব যে জীবনের যে প্রকার গতি এই রোগ প্রবণতার অমুকুল বংশামুক্রমিকতা তত্বপরি কিঞ্চিৎ ক্ষমতা প্রকাশ করে। শিক্ষিত এবং তথা কথিত উচ্চশ্রেণীর মধ্যে ইহা অধিকতর সাধারণ। অমুমিত যে অতিশয় মানসিক শ্রম, অধিককাল ব্যাপী এবং পুনঃ পুনঃ সংঘটিত ভাব-রুশৃঙ্খলা এবং তঃথ ইহার পূর্ব্বপ্রবর্ত্তক। স্বরা-বীজ-পান ইহার নিঃসন্দিগ্ধ কারণ। অমিত ইন্দ্রিয়সেবা ইহার সাক্ষাৎ-কারণ বলিয়া গণ্য। চিকিৎসা ক্ষেত্রের বহুদর্শীতালর জ্ঞান এই যে শতকরা অধিকাংশ স্থলে উপদংশের বিবরণ পাওয়া যায়। আতপ্পাঘাত এবং প্রবল আঘাতাদি প্রযুক্ত শারীরিক অবস্থাও ইহার কারণ মধ্যে পরিগণিত।

লক্ষণ-তত্ত্ব।— সাধারণতঃ ইহার প্রথম চিহ্লাদির উপলব্ধি হয় না, পরে তাহাদিগের বিষয় স্মরণে উপস্থিত হয়। এরপ হইতে পারে, কোন কথা লিখিতে অক্ষর স্থালিত হয় (বাদ পড়িয়া যায়), অথবা কখন কখন বাক্যের মধ্য হইতে কথা বাদ পড়িয়া যায়, অথবা এরূপও হইতে পারে

অস্ত কোন প্রকারে পূর্ব্ববিস্থা ইইতে মনের সামান্ত বিপথগনন স্পৃষ্ঠীভূত হয়।
সম্ভব মত সময়ের পরে মানসিক দৌর্বলার বৎসামান্ত প্রমাণ উপস্থিত হয়,
এবং প্রায় এই সময়েই সয়য় পরিদর্শনে কোন কোন অথবা সম্পূর্ব
পেশীমগুলের গতি সংস্ট দৌর্বলা, অথবা সময়সীভূত ক্রিয়ার কিঞ্চিৎ
অপচয় প্রকাশ পায়। এই সময় ইইতে মানসিক দৌর্বলার সহিত শারীরিক
হর্ববিতা এবং পক্ষাবাতিক প্রকারের গতিবিকার অটলভাবে বৃদ্ধি পাইতে
থাকে। নৈতিক জ্ঞানের পরিবর্তনের ক্রমে বৃদ্ধি হইয়া য়য়। চিস্তা
শক্তি ক্রমে ক্রমে অন্তর্দ্ধান করে। রোগী যদিও কথন কথন বিষয়বায়ৣগ্রস্ত
থাকে, কিন্তু অধিকাংশ সময়েই আত্মগরিমার ভাব উপস্থিত হয়। বিলক্ষণ
সম্ভব, রোগী আপনাকে ধনী অথবা মহৎ বিলয়া মনে করে, সে য়াহা করিতে
ক্রমবান এবং করিবে তদ্বিময়ের জল্পনা করে, এবং সর্বান্থলৈই তাহা
অতি অসাধারণ। ইহাদিগের মধ্যে অনেকেই, এমন কি অতি যৎসামান্ত
ক্রমতা থাকিলেও, বিশ্বাস করে ভ্রমণ বিষয়ে তাহারা অসাধারণ ক্রমতা
দেখাইতে পারে। সর্বানাই বিশ্বাস করে জননেক্রিয়-শক্তি বিষয়ে তাহারা
অতীব সবল।

বাক্য কথনে রোগী পদাংশ ত্যাগ করে, টানিয়া কথা বলে, কথার সাধারণ বাধ বাধ ভাব এবং অনেক সময়েই কম্পিত স্বর হয়। বিবিধ অংশে অনিয়মিত রূপে শরীরের শূক্ষ তস্তুসংস্ট কম্প উপস্থিত হয়। শীঘ্রই আর্গাইল-রবিন্সন কণীনিকা দেখা দেয়, এবং ডাঃ কাউপার থোয়েট বলেন, তিনি দেখিয়াছেন, অন্তাল লক্ষণ উপস্থিত হইবার পুর্বের চিত্র-পত্রের ষ্টেবং ও স্থাচির ন্থার বিশোষ প্রকারের ধ্বংস অথবা সম্ভবতঃ ক্ষয় উপস্থিত হয়। অক্ষি-স্বায়ুর (ohtic nerve) ক্ষয় বিলক্ষণ সাধারণ ঘটনা।

উপরি উক্ত লক্ষণাদির সহিত মেরু-মজ্জান্তন্তের পার্শ্ব দেশের আক্রমণের লক্ষণ উপস্থিত হয়।

রোগের গতিকালে সম্ভবতঃ ন্যুনাধিক কঠিন, কিন্তু ক্ষণস্থায়ী সন্ন্যাস

বাতুলের পক্ষাঘাত বা প্যারিসিদ্ অব দি ইনসেন। ২০১৩ অথবা মৃগীর আক্রমণ ঘটে। বোধ হয় এই সকল আক্রমণের পরে সাধারণতঃ সকল কপ্তেরই স্পষ্টতর বৃদ্ধি হয়।

রোগী প্রায়ই সর্ব্যপ্রকার ভদ্রতা সংস্কৃত্তী-জ্ঞান বিরহিত হয়। সে জ্বড়ের (imbecile) ন্তায় হইয়া যায় এবং কোন একটি সন্ন্যাসের আক্রমণাবস্থায় ব্রন্ধ-নিউমনিয়া হইতে মৃত্যু ঘটে, অথবা চিরনিদ্রিত হয়।

শযাক্ষত এবং স্বতঃ প্রবৃত্ত অস্থি-ভঙ্গ বিলক্ষণ সাধারণ ঘটনা।

রোগ-নির্বাচন ।—বোগের প্রথমাবস্থায় স্নায়বিক দৌর্জ্বল্য বলিয়া নির্জাচিত হওয়া অসাধারণ নহে। এরপ স্থলে অবশু চক্ষুলক্ষণাদি প্রভেদক হইবে। কণীনিকার অতীব মন্থর প্রতিক্রিয়া হইলে
রোগের সন্দেহ উপস্থিত হওয়া উচিত। যদি আর্গাইল-রবিন্সন-কণীনিকা
উপস্থিত থাকে, রোগ স্নায়বিক দৌর্জ্বল্য হইতে পারে না। তাহার
সহিত যোগে যদি পক্ষাঘাতিক কথা থাকে, রোগ বিষয়ে নিঃসন্দেহ হইবে।

নামবিক-দৌর্বল্য বিশিষ্ট রোগী (neurssthenic) প্রায় সর্বস্থিলেই আপনার পরিষ্ণার বিবরণ প্রদান করিতে পারে, যাহাতে পক্ষাঘাতিক রোগী অক্ষম।

ঘটনাধীনে ধেরূপ হইয়া থাকে, যদি ক্ষর-রোগের সহিত স্নায়বিক দৌর্বলোর সংমিলন ঘটে, তাহাতে যে পর্যান্ত মানসিক লক্ষণাদি উপযুক্তরূপ পরিস্ফুট না হয়, প্রভেদিত করা সাধ্যাতীত হইতে পারে।

উপদংশ সংস্থ মন্তিজ-বেষ্ট-বিল্লি প্রাদাহ সমপ্রকার বাক্যের বিশৃঙ্খলা উপস্থিত করিতে পারে এবং আরও সমপ্রকার সন্নাসের আক্রমণ ঘটাইতে পারে, কিন্তু এই পক্ষাঘাত সমানই ক্ষণস্থায়ী হয় না, এবং পক্ষাঘাত হইতে সম্পূর্ণ আরোগ্যেরও তাদৃশ সম্ভাবনা থাকে না। স্নায়্-চিত্র-পত্র-প্রদাহ (neuroretinitis) হইয়া থাকে, কিন্তু অপটিক স্নায়র ক্ষয় জন্মে না।

বিস্তৃত ধমনী-ঘনীভূতাসহ-স্থলতা লক্ষণাদি বিশেষ বিষেষ

স্থান সংস্কৃত। প্রকাশ করে। কথন বিকার সম্পূর্ণ স্বতন্ত্র প্রকার থাকে, বুদ্ধির হাস তাদুশ স্বম্পন্ত হয় না।

ভাবীফল।—অমঙ্গলজনক। যে সকল স্থলে আরোগ্যের বিবরণ প্রাপ্ত হওয়া যায় তাহা রোগ নির্বাচনের ভ্রান্তি বলিয়াই অনুমিত।

চিকিৎসা-তত্ত্ব।—এই রোগের চিকিৎসা সম্বন্ধে বিশেষ কোন ঔষধের উল্লেখ দেখা যায় না। কারণ রূপে উপদংশসহ রোগের সংস্রব থাকিলে যে স্থানে তাহার চিকিৎসা লিখিত হইয়াছে তাহাই দ্রষ্টব্য। শয্যা-ক্ষতের প্রতি বিশেষ দৃষ্টি রাখিতে হইবে।

আনুষ্ঠ্যিক-চিকিৎসা।—উপরে যেরপ কথিত ইইয়াছে তাহাতে হৃদয়দ্দম হইবে ইহার চিকিৎসায় প্রায় সম্পূর্ণরূপেই স্বাস্থ্যরক্ষার উপায়াদির উপরে নির্ভর করিতে হইবে। রোগকারণ বলিয়া যে সকল বিষয়ের উল্লেখ করা হইয়াছে, ঘটনাক্রমে কোন রোগীসম্বন্ধে তাহার সংস্রব দৃষ্টি পথে আসিলে চিকিৎসক রোগীকে উপযুক্ত সাবধানতা বিষয়ে উপদেশ করিবেন।

রোগী কোন প্রকার মানসিক ক্ষীণতা প্রকাশ করিলে তাহাকে সর্কোৎকৃষ্ট স্বাস্থ্য-মিশ্বমে রক্ষা করিতে হইবে এবং যথোপযুক্ত পুষ্টি-রক্ষার বিধান করিবে। ফলতঃ রোগীর জীবন পুছামুপুছারূপে নিয়মাধীন করিবে। সর্বতোভাবেই রোগীকে উপযুক্ত শুক্রাযাকারীর তত্ত্বাবধানে রক্ষা করা উচিত।

#### লেক্চার ২৬১ (LECTURE CCLXI.)

#### জিহ্বা-ওষ্ঠ-স্বর-যন্ত্র-পক্ষাঘাত বা গ্লস-লেবিও-ল্যারিঞ্জিয়াল প্যারালিসিস।

(GLOSSO-LABIO-LARYNGEAL PARALYSIS)

প্রতিনাম।—ক্রমবর্দ্ধিষ্টু কলাকার পক্ষাঘাত বা প্রগ্রেসিভ বালার প্যারালিসিস ( progressive Bulbar paralysis )।

বিবরণ।—এ রোগ কচিৎ চল্লিশ বৎসর বয়সের পূর্বের জন্মে এবং পঞ্চাশ বৎসরেব পরে অনেক সময়ে ঘটে। সাধারণতঃ রোগীর প্রকৃতিতে স্নায়বিক রোগের প্রমাণ উপস্থিত হয়। স্ত্রীলোকাপেক্ষা পুরুবে রোগ অধিকতর দেখা যায়। শৈত্য সংস্পর্শ, বক্তৃতা উপলক্ষে অতাধিক পেনীর ব্যবহার, অতাধিক মানসিক শ্রম, কোন স্থুম্প্রই তুর্বলকরশক্তি, অথবা সীসক অথবা উপদংশ বিষাক্ততা ইহার কারণ হউতে পারে।

লক্ষণ-তত্ত্ব।—সাধারণতঃ প্রথমে উচ্চারণের অম্পষ্টতা লক্ষিত হয়, যাহাতে ভাষার ব্যঞ্জন বর্ণ, ন, র এবং ল উচ্চারণ করিতে অতিশয় কট্ট দেখা যায়। কিয়ৎকাল পরে পূর্বের ভায় দ্র পর্যান্ত কিছবা বাহির করা যায় না, এবং মুখাভান্তরেও উবিত করা যায় না, এবং মুখাভান্তরেও উবিত করা যায় না, এবং সম্ভবতঃ কোঁচকাযুক্ত দেখা যাইতে পারে। পরেই ওচাদির আক্রমণ হয়, ত্র্বেলতা জয়ে, ব্যঞ্জনবর্ণ ব, প এবং ম এবং স্বরবর্ণ ও উচ্চারিত হয় না। শিশ দেওয়া অসম্ভব হয়। রোগী লালা ফেলিতে আরম্ভ করে, মুখের কোণ বাহিয়া লালা নির্গত হয়। রোগ পরে ষলাধংকরণ পেশী আক্রমণ করে এবং গেলা কঠিন হইয়া পড়ে। প্রথমে

গেলারকার্য্য কঠিন হয়। পরে কঠিন বস্তু গেলা অসম্ভব হয়, পরে তরল এবং অর্ক কঠিন থান্ত ভাল গেলা ষায়। পরে ওঠে ওঠে লাগান ষায় না, এবং মুথের অধোভাগ গতিহীনভাবে ঝুলিতে থাকে, এবং সম্পূর্ণরূপেই ভাব রহিত হয়। মুথের উর্কভাগ উৎকণ্ঠা এবং কঠের ভাব প্রকাশ করে। সমষ্টি ভাবে মুথভঙ্গির অতি বিশেষ প্রকৃতি প্রকাশিত হয়। উচ্চারণ প্রায় সম্পূর্ণ অসম্ভব হইয়া পড়ে। সর্বাদার জন্ম মুথ-লালা মৃত্ব প্রোতে ধরিতে থাকে এবং তাহার সহিত তালুর পক্ষাঘাত নিবন্ধন অনুনাসিক থেদ প্রকাশক স্বরে ক্রন্দন করায় রোগী বাস্তবিকই দর্শকের মনে অনুকম্পার উদ্রেক করে। গলমধ্য প্রতিক্ষিপ্রতাহীন হয়, কিন্তু তাহাতে স্পর্শ জ্ঞানাভাব অথবা বেদনা থাকে না। গলমধ্যে শুক্ষতা এবং কাঠিন্মের অনুভূতি জন্মে। অন্ধসংখ্যক স্থলে ইক্ষু-মেহ (glycosuria) এবং ক্রন্ত নাড়ী স্পন্দন ঘটে।

প্রত্যেক ক্ষুদ্র কারণে পুনঃ পুনঃ ক্রন্দন দ্বারা প্রকাশিত ভাবপ্রবণতার বুদ্ধি ব্যতীত অন্ত প্রকার মানসিক গোলমাল সংঘটিত হয় না।

অতীব অনিয়মিতরূপে রোগের বৃদ্ধি হইরা যায়, মধ্যে মধ্যে ন্যুনাধিক কালের জন্ম স্বল্প বিরাম ঘটে, কিন্তু তাহা এরূপ নহে যে উন্নতির কোন আশা প্রদান করে। সাধারণতঃ তিন হইতে চারি বৎসরের মধ্যে ইহার শেষ হয়। সর্বস্থলেই পরিণাম সাংঘাতিক, সাধারণতঃ গিলিবার চেষ্টায় শ্বাস-রোধ অথবা গেলার শক্তির অভাব ঘটিয়া ইহা সংঘটিত হয়। মধ্যগামীরূপে ব্রুকাইটিস অথবা ব্রংক-নিউমনিয়া আসিয়াও মৃত্যুর সাক্ষাত কারণ হইতে পারে।

ইহা মেরু-দণ্ড-পেশী-ক্ষয়ের শেষাবস্থা হইতে পারে, অথবা গ্রন্থি-পোষক মেরু-মজ্জার-পার্শ্বদনীভূততাযুক্ত স্থূলতার সংস্রবে, অথবা অক্ষি-পক্ষাঘাত সহ সংঘটিত হয়।

আময়িক বিধান-বিকার-তত্ত্ব।—সাধারণতঃ জিহ্বা তুবড়াইয়া

যায়, কিন্তু সর্বস্থলে নহে; বসার সংস্থান ইহার বাধাজনক। জিহ্বা, গলমধ্য এবং ওঠ-সন্মিলক পেশীর (Orbicularis-oris) অপকৃষ্টতা এবং ক্ষয়ের চিহ্ন দেখা দেয়।

মেক্স-দণ্ড-রোগের (spinal diseases) স্থায় ইহাতেও স্নায়বিক ক্ষয় ঘটে। হাইপগ্রসাল, গ্রস-ফ্যারিঞ্জিয়াল, ভেগাস, এবং স্পাইনেল একসেসরির মৌলিক কোষাস্কুরে প্রথমে স্নারবিক ক্ষয় দেখা দেয়; অপিচ ইহা সীবনস্ত্র (raphefibers) এবং সন্মুখ-স্তম্ভ আক্রমণ করে। যদি কোন উপসর্গ উপস্থিত হয়, তাহাতে তাহার প্রচলিত লক্ষণাদি যোগ দান করে।

রোগ-নির্বাচন।—অপেক্ষাকৃত সহজ। ধীর আক্রমণ, ক্রমবর্দ্ধিষ্ণু প্রকৃতি, স্পর্শজ্ঞান সংস্ঠ লক্ষণের অনুপস্থিতি, পেশীক্ষয়ের উপ-স্থিতি, এবং ক্ষয় যে দ্বি-পাশ্বীয় হয় এই সকল বিষয় রোগ-নির্বাচনে যথেষ্ট।

চিকিৎসা-তত্ত্ব ।—সাক্ষাৎ সম্বন্ধে ইহার কোন বিশেষ ঔষধ দৃষ্টি গোচর হয় না এবং গ্রন্থকারগণও এ বিষয়ে সম্পূর্ণ নির্ব্বাক। তথাপি আমরা রোগের চিকিৎসা না করিয়া রোগীর চিকিৎসা অর্থাৎ তাহার ধাত্বানুসারে ঔষধের ব্যবস্থা করিতে পারি।

আনুষ্দ্ধিক-চিকিৎসা।—বোগীর শারীরিক এবং মান্সিক হৈথা অত্যাবশুকীয়, কিন্তু তাহা বলিয়া তাহাকে সম্পূর্ণ শ্যাবদ্ধ রাথিতে হইবে না। প্রতি দিন সাধারণ এবং রুগ্ন অংশাদির উপরে বিশেষ প্রকারের মৃদ্ধ অঙ্গসম্বাহনের (massage) ব্যবস্থা করিতে হইবে। বিশেষজ্ঞ দ্বারা গ্যাল্ভ্যানিক স্রোত—মন্তিক মৃলে পজিটিভ পোল এবং জিহ্বা মূলের উভন্ন পার্ম্বে, এবং পেশীর গতিদ স্নায়্-মূলে নিগেটিভ পাল লাগাইবে। এরূপে ২ হইতে ৪ মিলিয়াম্পিয়ার শক্তি অথবা ৪ হইতে ৬ কোটরের সাধারণ ব্যাটারি প্রতিদিন হুইবার ব্যবহার যথেষ্ট।

প্রতিদিন একবার করিয়া ফ্যারাডের স্রোতের ব্যবহার দারা পক্ষাঘাত-যুক্ত পেশীর মৃহ সংকোন উৎপন্ন করিতে পারা যায়। রোগীকে ষথেষ্ঠ আহার দিবে, বিলক্ষণ পুষ্টিকর খান্ত তরল অবস্থায় দিবে। রোগী প্রচুর খান্ত গলাধঃকরণে অসমর্থ হইলে তৈলের মালিস দিবে, পিচকারি ঘারা সরলান্ত্রে অথবা আমাশয় পথে তত্তপ্যুক্ত খান্ত প্রবেশ করাইবে। আবশ্রক হইলে ইসফেগাস কর্ত্তন করিয়া তথারা খান্ত প্রবিষ্ঠ করান যায়।

## লেক্চার ২৬২ (LECTURE CCLXII.)

# বাৰ্দ্ধক্যের কম্পন বা ট্রেমর দিনাইলিস।

(TREMOR SENILIS.)

পরিভাষা ।—বৃদ্ধবয়দের কাঁপুনি। অস্তান্ত প্রকারে হস্থ বৃদ্ধ ব্যক্তিদিগের মধ্যে অনেক স্থলে অশান্তিকর শারীরিক কম্প দেখা যায়, এবং বৃদ্ধ বম্বদের স্বাভাবিক অপক্রষ্টতাজনক প্রক্রিয়া ব্যতীত অন্ত কোন উপযুক্ত কারণ প্রাপ্ত হন্তয়া যায় না।

এই অবস্থার যথার্থ মর্ম্মোদ্যাটনে আমাদিগের কম্পন লক্ষণ বিষয়ের কিঞ্চিৎ ধারণা করার আবশুক। কম্পন একটি লক্ষণ মাত্র, ইহাই আমাদিগের প্রধান ধারণার বিষয়, এবং বৃদ্ধে অথবা যুবকে, অথবা যে কোন অবস্থায় যে স্থলেই উপস্থিত হউক সর্বস্থলেই ইহাকে এইরূপে বিবেচনা করিতে হইবে। ইহার পরের উপলব্ধির বিষয় এই যে কম্পন একটি স্বাভাবিক ঘটনা, স্বাস্থ্যের, এমন কি সম্পূর্ণ স্বাস্থ্যের অবস্থাতেও ইহা সর্বনা উপস্থিত থাকে। সুস্থাবস্থার সাধারণ অবস্থায় ইহা স্পর্শামুভূতির অগ্রাহ্য, অপরিচিত। সর্ব্ধপ্রকার পেশীক্রিয়াতেই অবিশ্রাস্ত পর্য্যায়ক্রমিক সংকোচন এবং প্রসারণ উপস্থিত হয়, এতই দ্রুত এবং উপযুক্তরূপে সমঞ্জুসী-ভূত যে, যথন সম্পূর্ণ নিয়মিত, স্পর্শ অথবা দর্শনেন্দ্রিয়ের অমুভূতিগ্রাহ্ হয় না। ইহা স্বয়ন্ত্ত এবং উচ্চতর সামঞ্জস্তকর কেন্দ্র দারা নিয়ন্ত্রিত, পেশীতে স্নায়্বাহিত স্নায়বিকউদ্ঘাত প্রেরণার সাক্ষাৎ ফল। নিজ্ঞীয় অবস্থাতেও এই কেন্দ্র দারাই স্বয়ং সিদ্ধরূপে ইহার তেজঃ (tone) রক্ষিত হয়। এই কম্পন অথবা পর্য্যায়ক্রমিক সংকোচন এবং প্রসারণের সম্পূর্ণ তীরোধানের ফল স্বরূপ সম্পূর্ণ স্থির অথবা পক্ষাঘাত যুক্ত পেশী।

গতি উংপাদক, অথবা সমশ্লসীভূত ক্রিয়া সম্পাদক কেন্দ্রের, অথবা স্নাম্বিক উদ্ঘাত প্রেরণার কোন প্রকার বিশৃংখলা, দ্রষ্টবা অথবা অনুভবনীয় কম্পন উপস্থিত করিতে পারে। প্রবল ভাবাবেশ, যেমন অতিশয় ত্রাস অথবা অত্যধিক আনন্দ হইতে কম্পনে ইহার সম্পূর্ণ উদাহরণ প্রাপ্ত হওয়া যায়। ইহা বিলক্ষণ বিদিত যে অনেক ব্যক্তি যে কোন প্রকার ভাবাবেশ কালে, অথবা অত্যধিক দ্রুত অথবা প্রলম্বিত পরিশ্রমের পরে ন্যুনাধিক সাধারণ কম্পন দারা আক্রান্ত হয়। সাধারণ কার্য্য, বলপূর্ব্বক কোন এক অস্থবিধার অবস্থানে হস্ত কিঞ্চিৎ কালের জন্ম मम्पूर्ण श्वित्रভाবে धात्रण प्रष्टेवा कम्प्रातात्रभन्न करत । वष्ट्रमिन श्वाप्ती क्रय রোগ, অনশন, প্রলম্বিত মানসিক শ্রম অথবা উত্যক্তভাব প্রভৃতি যে কোন কারণে এবং যথনই কোন ব্যক্তির সাধারণ শারীরিক শক্তির হ্রাস ঘটে তাহাতেও কম্পন প্রকাশিত হয়। অত্যধিক সুরাপান ঘটিত কম্পনের বিষয় সর্বজন বিদিত। এন্থলে মস্তিকোপাদানে স্থুম্পষ্ট পোষণ-রসায়নিক পরিবর্ত্তন ঘটে। গুচ্ছাকার ঘনীভূততাসহ স্থূলতা এবং সকম্প পক্ষাঘাত ইত্যাদি রোগে কম্পন একটি প্রধান লক্ষণ বলিয়া গণ্য: এই সকল রোগে নায়বিক উপাদানের অপক্ষষ্টতাও বর্ত্তমান থাকে। এতদাতীতও বহুতর অবস্থার উল্লেখ করা যাইতে পারে যাহাতে ক্ষণস্থায়ী অথবা স্থায়ী দ্রষ্টব্য, অথবা অমুভবনীয় কম্পন উপস্থিত হয়। কিন্তু এরূপ সকল স্থলেই কৈন্দ্রিক অথবা প্রেরণা সংস্ষ্ট বিশৃংথলা ঘটাইতে পারে তত্নপযুক্ত আবশুকীয় অবস্থাও বর্তমান থাকে। ইহা আতুষঙ্গিক ঘটনাদি দারা পরিবর্ত্তিত স্বাভাবিক কম্পন।

অধুনা পরীক্ষা দারা পরিষ্কাররূপে প্রমাণিত হইয়াছে যে পূর্ব্বর্ণিত, অপিচ স্বাভাবিক কম্পন ভিন্ন ভিন্ন প্রকারে পরিবৃত্তিত হইতে পারে, ন্যাধিক ক্রতত্তর, অথবা ছন্দ বিষয়ে অনিয়মিতও হইতে পারে।

বার্দ্ধক্যের কম্পন বৃদ্ধ বয়সের সাস্তর বিধানের অপকৃষ্টতার সাক্ষাৎ

এবং অবশ্রম্ভাবী ফল, যন্ত্রারা স্বাভাবিক ছন্দামুষায়ী পর্য্যায় ক্রমিক সংকোচন এবং প্রসারণ নিয়ন্ত্রিত হয় তাহার বাধা এবং দৌর্বলা জন্ম।

লক্ষণ-তত্ত্ব ৷—এই রোগে মাত্র একটি লক্ষণ, কম্পন বা ট্রেমর উপস্থিত হয়। সম্ভবতঃ ইহা সর্ব্বাপেক্ষা অধিকতর সময়ে জিহ্বায় দেখিতে পাওয়া যায়, পরে গ্রীবা পেশীতে, পরে উদ্ধাঙ্গে, এবং তাহারও পরে, কিন্তু অনেক সময়ে নহে, নিমাঙ্গে আক্রমণের আরম্ভে. কিয়ৎকালের জন্ম, কম্পন অতীব সৃন্ধ থাকে, কিন্তু পরে স্পষ্টতর হয়, এবং প্রথমে কেবল ইচ্ছামুবত্তী চালনাকালে দৃষ্টি আকর্ষণ করে এবং বিশ্রাম এবং নিদ্রাকালে সম্পূর্ণ অনুপস্থিত থাকে; পরে স্থৈর্যের অবস্থায় এবং কখন কখন, এমন কি নিদ্রাকালেও উপস্থিত হয়। যাহাই হউক, মস্তকের কম্পই অতীব প্রধান ঘটনা। এই বিষয়েই ইহা অক্সান্ত প্রকার কম্পন হইতে ভিন্নতা প্রকাশ করে। অন্তান্ত প্রকার কম্পনে মস্তকের কম্পের উপস্থিতি অতীব বিরল ঘটনা। মনোযোগের সহিত পর্যাবেক্ষণে প্রকাশ পাইবে অক্সান্ত প্রকারে শিরোকম্প কেবল দুখত ঘটনা, অথবা শারীরিক কম্পের ফল, পক্ষান্তরে বর্ত্তমান রোগে প্রকৃতই মস্তেবে কম্প হয়।

চিকিৎসা-তত্ত। প্রকৃত পক্ষে ইহা কোন রোগ নহে। বার্দ্ধক্যের স্বাভাবিক অবনতি মাত্র। এজন্ম অস্থবিধা ব্যতীত ইহাতে কোন আশন্ধারও কারণ দেখা বায় না। মার্কের হান্ত্র সাক্রামিন ( 8 × চুর্ণ ) প্রতিদিন চারি অথবা পাঁচ মাত্রার প্রয়োগে কথন কথন প্রকৃত উপশম আনম্বন করে, এবং অনেক দিনের জন্য রোগ নিবারণ থাকে। ঘটনাধীনে ১—৫০০ গ্রেণ ট্যাব্লেট দৈনিক হুই অথবা তিন मांजांत्र कार्या करत्। इन विरम्पर कान उत्रस्थे किन्ना रम्न ना। কোন কোন স্থলে জিল্প ফলফেট এবং জিল্প ভ্যালে-ব্লিহ্যানেট উপকার করিয়াছে।

# লেক্চার ২৬৩ (LECTURE CCLXIII.)

#### বাৰ্দ্ধক্যের বুদ্ধি-হ্রাস বা সিনাইল ডিমেন্সিয়া SENILE DEMENTIA

বিবরণ।—এরপাবস্থায় মন ইহার সমষ্টিভাবে বিকারগ্রস্ত হয়।
ভিন্ন ভিন্ন স্থলে প্রধান লক্ষণ বিষয়ে যতদূর তারতমাই দেখা যাউক
প্রত্যেক রোগীতেই বৃদ্ধি-হাস বা নির্ক্তৃদ্ধিতার লক্ষণ নিশ্চিত প্রকাশ
পায়। অবশ্রই এই মৌলিক বিষয় অতি বংসামান্ত এবং অতীব ক্ষণস্থায়ী
চিহ্ন (যাহা কেবল সম্পূর্ণ এবং পরিষ্কার রোগ বিবরণ, অথবা সপ্তাহের পর সপ্তাহ ভরিন্না পরিদর্শন হইতে জ্ঞাতব্য) হইতে সম্পূর্ণ মানসিক-শক্তিনাশ পর্য্যস্ত বিবিধ পরিমাণে দেখা যায়। ডাঃ গ্রে ইহা ছইভাগে বিভক্ত করিয়াছেন। এক ভাগে কেবল মানসিক লক্ষণাদি, অন্তে মানসিক লক্ষণাদির সহিত প্রাক্তিক লক্ষণাদি মিশ্রতি থাকে।

লক্ষণ-তত্ত্ব।—মানসিক শ্রেণীতে শ্বরণ শক্তির অপচয় প্রথম লক্ষণরূপে উপস্থিত হয়। নৃতন ঘটনা এবং অপিচ যাহা বহুদিন পূর্বে সংঘটিত হইয়াছে তৎসম্বন্ধে ইহা বিশেষ স্পষ্টতর। ইহা পরিবর্ত্তন শীলতার প্রতি বিলক্ষণ প্রবণতা প্রদর্শন করে, অর্থাৎ, কোন ঘটনার অগ্র বিশ্বতি ঘটতে পারে এবং পর দিবস, অথবা এমন কি এক ঘণ্টার মধ্যেও শ্বরণ হইতে পারে। সম্পূর্ণ পরিচিত কোন ব্যক্তি অথবা স্থানের বিশ্বতি ঘটতে পারে। বার্দ্ধক্য নিবন্ধন বৃদ্ধিহীন ব্যক্তি যে স্থানে বাস করে এবং সম্পূর্ণ জীবন বাস করিয়াছে, এবং যাহার সহিত সম্পূর্ণ পরিচিত এরূপ কোন সহর অথবা মহানগরীতে সকল দিন ঘ্রিয়া বেড়াইতে পারে তথাপি কোথায় সে আছে জানিতে পারে না। অবশ্বই আপনাকে হারাইয়া বসিতে পারে।

শীব্র বিচার শক্তির বাধার্থ্যের এবং বিশুদ্ধতার হ্রাস পাইতে আরম্ভ হয়, এবং সর্বাদার জন্মই ভ্রাস্ত সিদ্ধান্তে উপনীত হইবার উপক্রম প্রকাশ পায়, অথবা প্রকৃত সিদ্ধান্তে উপনিত হওয়ার ক্ষমতা মাত্র থাকে না।

ভাব প্রবণ প্রকৃতির প্রধান্ত লক্ষিত হয়, এবং রোগীর মধ্যে মধ্যে প্রচণ্ড ক্রোধাবেশ উপস্থিত হয়, অথবা সে বিষাদগ্রস্ত থাকে, অথবা গোলমেলে বাচালতা প্রকাশ করে, অথবা উচ্চ হাস্ত করে, অথবা কারণ ব্যতীতই ক্রেন্সন করিতে থাকে। রোগী ভ্রমশীল এবং মাণা পাগলা হয়, এবং অত্যস্ত অস্থিরতা প্রযুক্ত বাটির বাহির হইয়া যাইতে পারে। অনেক সময়েই ভ্রাস্তি উপস্থিত হয়, এবং তাহা পরিবর্ত্তনশীল অথবা বিষয় সম্বন্ধে স্থির হইতে পারে। তাহারা দৃষ্টি ভ্রম অথবা চিস্তা বিভ্রমমূলক হইতে পারে, অথবা স্থাধীন ভাবেও হইয়া থাকে। যেন নির্যাতিত হইতেছে বলিয়া ভ্রাস্তির উদয়ে রোগী মনে করে তাহার বিষয়াদি চুরি করা হইতেছে অথবা সে প্রতারিত হইতেছে, অথবা যেন তাহার বিরুদ্ধে কোন য়ড়য়ন্ত হইয়াছে, অথবা তাহার আত্মীয় স্বজনবর্গ তাহার সহিত কুবাবহার করিতেছে।

অনেক সময়েই দৃষ্টি অথবা শ্রবণভ্রম নিবন্ধন মিথ্যাদর্শন অথবা শ্রবণ সংঘটিত হয়; ভ্রাণ বিষয়ক ভ্রমাদি তাদৃশ অনেক সময়ে না হইলেও বিলক্ষণ সাধারণ। এই সকল কাল্লনিক দৃষ্টি এবং ভ্রান্ত বিশ্বাস অনেক সময়েই অলীক অমুভূতি মূলক,—এই সকল অমুভূতি সাধারণ ইন্দ্রিয়াদি ছারা সংঘটিত হয়, অথবা উদর অথবা বক্ষদেশ বাহিয়া আইসে। তাহারা বৃদ্ধাবস্থার অভাভ দ্রষ্টব্য ঘটনার ভায় ক্ষণস্থায়ী এবং পরিবর্ত্তনশীল হইতে পারে, যদিও কোন কোন স্থলে স্থায়ী ভাবও ধারণ করিতে পারে।

বার্দ্ধকা ঘটিত বুদ্ধিহীন ব্যক্তিগণ বিলক্ষণ সঙ্গমপ্রিয়, এবং অনেক সময়েই ইহা অপ্রীতিকর ঘটনা সংঘটিত করে। অন্তান্ত বিষয়ের তায় ইহা ক্ষণস্থায়ী, কিন্তু স্থায়ীও হইতে পারে। ইহা স্মরণীয় যে মানসিক লক্ষণাদি যেমুন স্থায়ী হইতে পারে অথবা এক অথবা তুইটি স্থায়ী হইতে পারে, সাধারণতঃ ক্ষণ স্থায়ী এবং দিনে দিনে অথবা সপ্তাহে সপ্তাহে এক শ্রেণি হইতে শ্রেণি অস্তরে পরিবর্ত্তনশীলও হয়।

দিতীয় শ্রেণিতে, অথবা যাহাতে প্রাকৃতিক লক্ষণাদি মানসিক সহ মিলিত, তাহাতে ন্যুনাধিক পরিমাণ পক্ষাঘাত হইতে পারে। ইহা প্রকৃত অদ্ধাঙ্গ হইতে পারে, অর্থাৎ এক পার্ম্বের উদ্ধাঙ্গ এবং নিমাঙ্গের এবং মুখ এবং জিহ্বার নিয়াংশের একত্র আক্রমণ হইতে পারে। এই সকল স্থলে এক পার্যের নাসিকোষ্ঠ ভাঁজের অভাব হয়, এবং জিহ্বা বাহির করিলে এক পার্শ্বে বাঁকিয়া যায়। ইহার সহিত বাক্রোধ থাকিতে পারে, অধিকতর সময়ে গতিবৈষম্য ঘটে। এরূপও হইতে পারে যে মুথের এক পার্শ্ব, একটি উদ্ধাঙ্গ অথবা একটি নিমাঙ্গ মাত্র আক্রান্ত হয়, অর্থাৎ প্রক্বত একাঙ্গীন পক্ষাঘাত হইতে পারে; অথবা এমনও হইতে পারে যে এক মাত্র পেশী, অথবা একমাত্র স্নায়ু পক্ষাঘাত যুক্ত হয়। যদিও যে কোন সায়ুর পক্ষাঘাত হইতে পারে, কিন্তু শ্রবণেক্রিয় এবং ভাণেন্দ্রিয় সংস্ষ্ট সায়ু বাতীত কোন একটি মাত্র স্নায়ু কচিৎ আক্রান্ত হয়। এই তিন স্নায়ুর মধ্যে যে কোনটির পক্ষাঘাত জন্ম পরীক্ষাকালে স্মরণীয় যে বুদ্ধাবস্থায় এই সকল বিশেষ জ্ঞান স্বভাবত:ই মলিন হইয়া যায়, অপিচ স্থানিক কারণেও দৃষ্টি, শ্রবণ অথবা দ্রাণ শক্তির অপচয় ষটিতে পারে। যদি যথেষ্ট স্থানিক কারণ বর্ত্তমান থাকে, অবশ্রুই স্নায়ুর পক্ষাঘাত বর্ত্তমানু থাকিলেও নির্বচিত করা ষায় না। বুদ্ধির হ্রাস রোগে আস্বাদের অবস্থার নির্দ্ধারণ প্রায় সম্পূর্ণ অসম্ভব, এজন্ম, যদিও অতি অল্পসংখ্যক স্থলে সম্ভব হইয়াছে, এস্থলে কার্য্যতঃ কথনই পক্ষাঘাতের নির্বাচন সম্ভবপর হয় না।

কম্পন বরঞ্জনেক সময়েই উপস্থিত হইতে দেখা যায়, ইহা সর্ব্ব স্থলে
দর্শিত নিয়ম রক্ষা না করিলেও সাধারণতঃ নিয়দিখিত নিয়মানুসারে

উপস্থিত হয়—জিহ্বা, মুখমগুল্কপেশী, এবং মস্তক এবং গ্রীবা; কখন কখন কম্পন অঙ্গাদিও আক্রমণ করিতে পারে। বৃদ্ধি হ্রাসের প্রকার ভেদে এবং শারীরিক লক্ষণান্ত্সারে প্রকৃতি এবং মাত্রা বিষয়ে কথা নানা প্রকারে বিকৃত হইতে পারে।

ভাবীফল।—ইহার পরিণাম অতীব গুরুতর। অবস্থার তারতম্য সহ সাধারণতঃ রোগ অতি প্রলম্বিত কাল স্থায়ী হইলেও মূলতঃ ক্রমশঃ অধিকতর নিরুদ্ধ হইতে থাকে, অর্থাৎ মাসের পর মাস চিন্তাশক্তির তীক্ষতা ক্রমে কমিয়া যায়, বৃদ্ধির হ্রাস ক্রমশঃ স্পষ্ট হইতে স্পষ্টতর হয়, এবং শারীরিক লক্ষণাদি মাস মাস বৃদ্ধি পাইয়া যায়।

মানসিক এবং শারীরিক উভয় প্রকার লক্ষণ উপস্থিত থাকিলে উপকারের আশা কম হইয়া যায়। যাহাই হউক, চিকিৎসাধীনে কোন কোন রোগী এতদ্র আরোগ্য লাভ করে যে অবিমিশ্র বার্দ্ধক্য মাত্র অবশিষ্ঠ থাকে।

চিকিৎসা-তত্ত্ব ।—বলা বাহুল্য এস্থলে ব্যাধির সমূল আরোগ্য স্বভাবতঃই কঠিন সাধ্য বা অসাধ্যও বলা যাইতে পারে। অধিকাংশ স্থলেই রোগ ধাতু দোষগত, ব্যাধির মূলোৎপাটনে ধাতু সংশোধনের আবশুক। ধাতু সংশোধনও লক্ষণ সাদৃশু মূলক, ধাতু এবং শারীরিক ও পরিপাক দোষাদি এবং অক্সান্থ উপস্থিত বিশৃংখলা সংস্কৃষ্ট লক্ষণমূলক চিকিৎসা ইহাতে ফলের আশা প্রদান করে। তদন্সারে নিম্নে কতিপয় ঔষধের উল্লেখ করা হইল। শারীরিক এবং পরিপাকের অবস্থার পরিচয়ার্থ ইহাতে মধ্যে ম্ত্র-পরীক্ষার আবশুক।

কনায়াম ম্যাকু—সহজ মানসিক বিকারের পক্ষে ইহা উৎকৃষ্ট ঔষধ। মৃত্ এবং অবিমিশ্র মানসিক বিকারে ইহার ৩০ ক্রম উৎকৃষ্ট ফলপ্রদ। বিশেষ লক্ষণাদি—বিষাদ-বায়ুখটিত ছঃথিত ভাব এবং বিষণ্ণ-তায় রোগী মুম্মু সঙ্গ ভাল বাসে না, আলম্ভ প্রযুক্ত প্রতঃথকাতরতাহীন।

অৰ্দ্ধ চৈতন্তসহ ভ্ৰমাত্মক প্ৰলাপ, মহুয়্য সঙ্গে বীতশ্ৰদ্ধ, এবং, তথাপি একা থাকিতে অনিচ্ছা, এবং পর্যায়ক্রনিক উত্তেজনা এবং অবসাদ উপস্থিত হইনে ডাঃ কাউপার থোমেট ইহার ৩ জ্রম ব্যবহারের উপদেশ करतन। ইনি আরও উপদেশ করেন যে স্থায়ী ক্রমবর্দ্ধিষ্ণু উত্তেজনা, শীত ভাব এবং পুনঃ পুনঃ ভিন্ন ভিন্ন পেশীর আক্ষেপিক গতি, আলোকের ভীতি, জননেক্রিয়-শক্তির তুর্বলিতা এবং পুনঃ পুনঃ স্বপ্নদোষ থাকিলে ইহার मुल অরিষ্ট হুই হুইতে দশ বিন্দু মাত্রা তিন অথবা চারি ঘণ্টা পর পর দেওয়া যায়।

এনাকার্ডিয়াম-স্বরণ শক্তির অতিশয় হর্মল্লা; রোগী মনে করে তাহার চুইটি ইচ্ছাশক্তি: কদর্য্য এবং মন্থর গতি, সম্ভোষ-জনক অথবা অসম্ভোষজনক বিষয় উভয়ত:ই উদাসীন।

হেলিবরাস----বৃদ্ধির জড়ত্ব, এমন কি বৃদ্ধিহীনতা পর্যান্ত, মৌন, বিষয়চিত্ত; অবাধা; স্মরণ শক্তির অতান্ত হর্কালতা এবং ধীরে চিন্তান্ন সমর্থ; ক্ষমতার অভাব প্রযুক্ত কার্যো সাহসহীন, পেশীর ক্রিয়া-সামপ্রস্থের অভাব।

হায়সায়ামিন ( মার্ক, ৪ শ্চুর্ণ )—অল্লীল ব্যবহার, সামান্তেই হঠাৎ ক্রোধ, বিশেষতঃ তাহার সহিত অসাধারণ শক্তির প্রকাশ থাকিলে। বস্তু যেন বৃহত্তর বলিয়া প্রতিয়মান, বুদ্ধিহীন উদাসীন্ত এবং আল্সু: কোন কষ্ট প্রকাশ করে না; কোন অভাব বোধ করে না, বিষাদগ্রস্ত, হতাশ; তাহাকে বিষ প্রয়োগ করিবে বলিয়া ভীতি, অথবা বন্ধুগণ দ্বারা আঘাতিত হওয়ার ভীতি; সাধারণ সন্দিশ্ধতা; সঙ্গমেচ্ছার উত্তেজনা; কম্পা।

ব্যারাইটা আয়ড় অথবা মিউ—গল্পের মধ্য ভাগে ভ্রান্তির উপস্থিতি **অথ**বা বাক্যের মধ্যে অতীব পরিচিত কথার ভুল। স্মরণ শক্তির অপচয়, বিশেষতঃ নৃতন ঘটনা সৃষ্ধন্ধ, ছেলেমো, অধ্যবসায়-হীনতা, হতাশভাব, ভীক্তা।

জিংকু ফস—উত্তর দেওয়ার পূর্ব্বে প্রশ্নের পুনরাবৃত্তি; পরিবর্ত্তনশীল মেজাব্দ, শ্বরণ শক্তির তুর্বল্তা; অফুভূতীর কাঠিন্ত ; আল্স এবং অবসাদ; পদের চাঞ্চল্য।

আ্যুদ্রিন—্ট্রবাগ্য; বক্ষের পীড়িতভাব; অসহিষ্ণুতা প্রযুক্ত ঘুরিয়া বেড়ান; অতিশয় সায়বিক উত্তেজনা; কম্প এবং নিদ্রাহীনতা।

সিকেলি---অসংলগ্ন গল এবং ভ্রমদর্শন, ওদাশু এবং অনুভৃতি শক্তির সম্পূর্ণ অভাব। প্রায়ই পক্ষাবাতিক রোগে উপযোগী।

ওপিয়াম—থোষ পোষাকী সভাব; গোলমেলে কথা বলে; অশ্লীল ব্যববহার করে; ইচ্ছাশক্তির স্থায়িত্বহীনতা এবং হর্কলতা, সম্পূর্ণ বৃদ্ধি-হ্রাস ; অত্যধিক দৌর্বলা ; অচৈত্যা ; পুনঃ পুনঃ ঘর্ম।

ডাঃ কাউপার থোয়েট নিম লিখিত ব্যবস্থা অত্যুপকারী বলিয়া প্রকাশ করিয়াছেন :---

গ্লিসারফস্ফেট অব লাইম

ঐ ঐ সোডা প্রত্যেকে গ্রেণ্স ৬৪ পরিশ্রুত জল আ: 8

হট বাথে মিশ্রিত করিয়া > চা-চামচ প্রতিদিন ৩৪ বার। আত্মযঙ্গিক চিকিৎসা ৷—স্বাস্থ্যরক্ষা এবং শারীরিক পোষণ যত্নে কর্ত্তবা।

### লেক্চার ২৬৪ (LECTURE CCLXIV.)

#### বাৰ্দ্ধক্য বা সিনিলিটি।

(SENILITY)

বিবরণ ।— বৃদ্ধ বয়দে সর্বপ্রকার ক্ষয়রোগে প্রবণতা নিবন্ধন স্নায়বিক উপাদানেরও সহজ সাস্তর বৈধানিক অপকৃষ্টতার ফল স্বরূপ ক্ষয় পর্যাস্ত উপস্থিত হয়। বৃদ্ধ বয়দের সাধারণ ক্ষয় এবং অবনতিগ্রস্ত পোষণ ক্রিয়ার সহিত ন্যুনাধিক পরিমাণ এই সম অবস্থাই দৃষ্টি গোচর হয়।

সাধারণ মানসিক এবং শারীরিক দৌর্বল্য হইতে উৎপন্ন লক্ষণ ব্যতীত অতি অন্নই অন্ত বিধ লক্ষণ উপস্থিত হয়। যাহাই হউক, অপক্ষন্ততা এবং ক্ষয় যে অনুভূতি মালিন্তের এবং ত্বক-নিক্ষীয়তার স্কুম্পন্ত কারণ তাহা এসংস্রবে স্মরণ রাধার বিশেষ আবশ্যক।

মন্ত্রের বার্কি জনিলে অবস্থানির অতীব শুভ সংযোগাবস্থার জীবন যাপন করিয়া অতি উৎকৃষ্ট স্বাস্থ্যের অধিকারী হইলেও সঙ্গে সঙ্গে মানসিক এবং শারীরিক তেজস্বিতার যে অবনতি ঘটিবে, ইহা স্বাভাবিক i এমন একটি অপরিহার্য্য সমন্ন নিশ্চিৎই আসিবে যখন পোষণ-প্রক্রিয়ার অবসাদ ঘটিবে; যখন ক্ষয়ের পুনস্থাপনা ব্যতীত নির্মাণ কার্য্য অন্তর্জার করিবে; যখন অপকৃষ্টতা এবং অবনতি (decline) স্বাভাবিক। ইহাই জনন-প্রাণন-ক্রিয়া, সঙ্গত বার্জিক্য। সাস্তর-বিধানের অপকৃষ্টতা উপস্থিত হয়, কিন্তু তাহা জনন-প্রাণনক্রিয়া সঙ্গত। যে বয়সে এই জনন-প্রাণন সঙ্গত বার্জিক্য তাহার উন্নতির ক্রততা ভিন্ন ভিন্ন ব্যক্তিতে অনেক পরিবর্ত্তন শীল থাকে। অপিচ, ইহা নিশ্চিৎ যে সাধারণতঃ আরম্ভের কাল এবং বৃদ্ধির ক্রততার বাধা-প্রদান ব্যক্তি বিশেষের ক্রমতাধীন।

বাহাই হউক অন্তান্ত জনন-প্রাণন-প্রক্রিয়ার (physiological processes) ন্তায়, যদি ইহা স্বল্পতর বয়সে উপস্থিত হর, অথবা অস্বাভাবিক ঘটনাদি অপ্রবা অবস্থা প্রযুক্ত জন্মে, তৎক্ষণাৎ ইহাকে রোগ বলিয়া গণ্য করিতে হইবে। আক্রমণের পর শীঘ্র বৃদ্ধি পাইতে থাকিলেও ইহা রোগ। কোন ঘটনার উপস্থিতি অপরুষ্ঠতার প্রকৃতির পরিবর্ত্তন সাধিত করিলে, ইহাকে আময়িক বিকারের (pathlogical) পর্যায় ভুক্ত করা উচিত।

জীবনের প্রত্যেক কার্য্য এই পরিণাম সমাধানের উপরে নিশ্চিৎ শক্তি প্রকাশ করে। সর্ব্ধ প্রকার অসদাচার, যে কোন বিষয় ঘটিতই হউক, সর্ব্বপ্রকার রোগ, সর্ব্বপ্রকার হঃথ অথবা মানসিক অশান্তি স্বাভাবিক অবনতির উপরে ক্ষমতা প্রকাশে পরিবর্ত্তন সাধিত করে।

অস্বাভাবিক বার্দ্ধক্যের প্রতিবিধান কলে চিকিৎসকের চেষ্টার প্রয়োজন।
অকাল বার্দ্ধক্যে (Premature Senility)।—সহজ কথার
ইহাকে ইচড়েপাকা বা অকাল বৃদ্ধত্ব পাওয়া বলা ধার। পুরুষ অথবা
স্ত্রীলোক, যে চল্লিশ অথবা পঞ্চাশ বৎসর বয়সে বৃদ্ধ বয়সের স্কুম্পষ্ট চিহ্ন
উপস্থিত করে, অকাল বার্দ্ধক্য দারা আক্রান্ত হয়।

কারণ-তত্ত্ব। — অমিতাচার, বিশেষতঃ অত্যধিক স্থরাবীজ-পান।
এবস্থিধ অবস্থার উৎপাদনে তাত্র কুট সেবনের বিশৈষ ক্ষমতা আছে বলিয়া
অমুমিতি হয় না। সঙ্গম বিষয়ক অত্যাচার, অতাব উল্লেখ যোগ্য না
হইলে, বিশেষ প্রবণতা প্রদান করে বলিয়া অমুমিত হয় না, কিন্তু
পক্ষাস্তরে অমিতাচারের পরিমাণ অত্যধিক হইলে অবশ্রুই কুফল আনয়ন
করে।

উত্যক্তি সর্বাপেক্ষা অধিকতর সাধারণ কারণ মধ্যে গণ্য। অভ্যাস গত উত্যক্তি অর্থাৎ উপযুক্ত কারণ ব্যতীতও সদা সর্বাক্ষণই অশান্তি-প্রবণতা, যাহা দ্বারা উত্যক্ত হওয়া যায় সর্বাক্ষণই এরূপ কোন বিষয়ের অনুসন্ধানে থাকা অতি গভীর প্রবণতা উপস্থিত করে। অতাধিক শারীরিক পরিশ্রম এবং শৈত্যোঞ্চাদির সংস্পর্শ শীঘ্র বার্দ্ধকো লইয়া যায়, পক্ষান্তরে মানসিক শ্রম, অতি ব্রদ্ধিত অবস্থায় যাহাকে অত্যাচার বলা যাইতে পারে, তাদৃশ না হইলে, ইহার কারণ বলিয়া অমুমিত হয় না। বিবিধ প্রকার রোগ অবশুই ইহার পূর্কবর্ত্তক কারণ মধ্যে ধর্ত্তর। যে সকল রোগ পরিপাক যন্ত্র আক্রমণ করে অথবা তাহাদিগকে পুরাতন কর্ম অবস্থায় রাথিয়া যায়, সর্কাপেক্ষা তাহারাই প্রধান কারণ মধ্যে গণা।

লক্ষণ-ত্বত্ত্ব।—লক্ষণাদি অতীব পরিবর্ত্তন শীল, অর্গাৎ, যদিও সকলই বন্ধ ব্যবের সহিত স্বভাবতঃ বাহা আইদে ঠিক তাহাই, তথাপি এক রোগী প্রধানতঃ এক পর্যায়ের, এবং অন্ত, অন্ত পর্যায়ের লক্ষণ প্রকাশিত করে। রোগী বিশেষ মাত্র সাধারণ মানসিক এবং শারীরিক ক্ষীণতার পরিচয়- দেয়। নৃথমগুলে একপ্রকার সাধারণ দৃশ্য উপস্থিত হয় যাহা দ্বারা বয়সাপেক্ষা অধিক তর বৃদ্ধত্ব প্রকাশ পায়, পক্ষান্তরে অন্ত বাক্তির সম্ভবতঃ নৃতন ঘটনা বিষয়ে স্মরণ শক্তির স্পঠতর অভাব প্রকাশিত হয়, কিন্তু অনেক বৎসর পূর্ব্বের ঘটনাদি সম্বন্ধে বিলক্ষণ ধারণক্ষম স্মরণশক্তি থাকে এবং সম্ভবত সে বিলক্ষণ গল্পপ্রির হয়। অন্ত ব্যক্তি বিচার শক্তি কিঞ্চিৎ ধীরতর, অনিশ্চিত এবং ভ্রমাত্মক বলিয়া বোধ করিতে পারে; অপিচ অন্ত ব্যক্তির স্পষ্টতর বৃদ্ধের আরুতি এবং ক্ষীণতা প্রদাশ পাইতে পারে, মানসিক লক্ষণের কোন চিহ্ন দৃষ্ট হয় না, অথবা হইতে পারে যে কম্পন স্পষ্টতর হয়, এবং তজপ চিহ্নাদির মধ্যে যে কোন একটি অথবা বয়সাম্যায়ী চিহ্নাদির মিশ্রণ উপস্থিত হইতে পারে।

ভাবীফল।—বে দকল কারণ এই অবস্থা উৎপন্ন করিয়াছে ইহার পরিণাম তাহাদিগের উপর কিঞ্চিৎ নির্ভর করিয়া থাকে। বাহাই হউক সাধারণ ভাবে ইহা বলা যাইতে পারে বে স্বাস্থ্য সম্বন্ধীয় বিষয়াদির প্রতিলক্ষ্য রাথিয়া উপযুক্ত চিকিৎসা করিলে অপকৃষ্টতা মূলক প্রক্রিয়া বে কেবল বাধা পার তাহাই নহে, অনেকাংশে জীর্ণসংক্ষারও হইতে পারে।

রোগী যদি জীবনের অধিকাংশকাল অভ্যাস বশতঃ মানসিক উত্যক্তির অবস্থায় অতিবাহিত করিয়া থাকে, ভাবী ফল গুভ হইবে বলিয়া বিবেচিত হয় না।

চিকিৎসা-তত্ত্ব।— ওঁষধ-বাবস্থায় চিকিৎসক সর্ব্ধপ্রথমে রোগীর মৃত্র পরীক্ষা করাইবেন। মৃত্রের অবস্থা, জনন-প্রাণন-ক্রিয়া সম্বন্ধীয় বিষয়াদির অবস্থা, জ্ঞানের মানদণ্ড স্বরূপ। ইহা দারা পরিপাক ইত্যাদি যাবতীয় জ্ঞান-প্রাণন-ক্রিয়ার বিকারাদি অবগত হইয়া চিকিৎসক উপযুক্ত ওঁষধের বাবস্থায় তৎসংশোধনে যত্ত্ববান হইবেন। ওইধ-নির্বাচনে, বিশেষতঃ এই সকল স্থলে, রোগীর ধাতু, প্রকৃতি এবং অনত্য সাধারণ বিষয়াদির প্রতি লক্ষ্য রাখার আবশুক। উপস্থিত কন্তপ্রদাদ লক্ষণাদির প্রসমনার্থপ্র বাবস্থা কর্ত্তব্য। উপরিউক্ত বিষয়াদির উপর লক্ষ্য রাখিয়া নিম্নলিখিত ও্যধাদির উল্লেখ করা যায়:—-

কেলি ক্স; ক্যাক্ষেরিয়। সল্টস, ষ্ট্রিক্নিয়া ক্স; ক্সক্রাস, চাইনি আর্স, চাইনিনাম সাল্ক; কনায়াম, এবং গ্লিসারক্স্কেট্স্ অব লাইম, সোডা, অথবা লিথিয়া তুইপ্রেণ মাত্রায় পরিক্রত জল সহ প্রতিদিন তিন অথবা চারিবার।

প্রধান লক্ষণরূপে কম্পন উপস্থিত হইলে হাঁয়সায়ামাইন (মার্কের ৪র্থ চুর্ণ) প্রতিদিন চারি হইতে ছয়বার।

আকুষ্ ক্লিকিৎসা।—রোগীকে সর্কতোভাবে স্বাস্থ্যের অনুকূল অবস্থার রক্ষা করিতে হইবে। চিকিৎসাদৌকয়ার্থ চিকিৎসককে রোগীর জীবনের আত্যোপান্ত সদসৎ সম্পূর্ণ বিষয় অবগত হওয়া আবশুক। রোগী এবং বন্ধ্বর্গের অকপটে সকল বিষয়ই চিকিৎসককে জ্ঞাত করান কর্ত্তব্য। এমন কি রোগীর আর্থিক অবস্থা পর্যান্তও চিকিৎসকের জ্ঞাত থাকা আবশুক। এই সকল বিষয় জ্ঞাত হইয়া অবস্থানুসারে চিকিৎসক রোগীকে নিরুবেগ এবং প্রশান্ত ভাবে রক্ষা করিবার যথোচিত চেষ্টান্থিত

ছইবেন। শ্বরনীয় যে রোগী সম্বন্ধে অনেক সময়ে এরূপ বিষয়াদি উপস্থিত হইবে যাহা সংশোধনের অযোগ্য, কিন্তু, তথাপি চিকিৎসক যথাসাধ্য চেষ্টা দ্বারা রোগীকে যতদূর সম্ভব সম্ভোযজনক অবস্থায় রক্ষা করিবেন। উপরে যাহা কথিত হইল তদমুসারেই চিকিৎসকের অনুজ্ঞার বশবর্তী হইয়া রোগীর অসদভ্যাসাদি ঘটিত অমিতাচার-অনাচারাদির পরিত্যাগ কর্ত্তব্য। রোগী উপযুক্ত এবং প্রচুর খান্ত গ্রহণ করিবেন। মুক্ত বায়ু, স্থ্যারশ্মি, এবং মধ্যবিধ পরিমাণের বাায়াম রোগার পক্ষে বিশেষ উপকারী। ইহা রোগী স্বয়ং করিতে পারেন, অথবা গাত্রমর্দ্ধন দ্বারা সাধিত করাইতে পারেন।

নিমে তালিকাকারে অবলম্বনীয় বিষয়াদি উল্লেখিত হইল :-- ম

- >। রোগীকে শারীরিক এবং মানসিক বিশ্রাম-প্রদান নিতাস্ত কর্ত্তব্য।
  - ২। পরিপাক শক্তির উপর দৃষ্টি রাথিয়া প্রচুর পৃষ্টিকর আহার দিবে।
- ০। কোন প্রাক্কতিক কারণ হইতে উত্তেজনা থাকিলে তাহার অপ-নয়েনের চেষ্ঠা কর্ত্তবা, যেমন স্ত্রীলোকদিগের দড় কচড়া ভাবের ক্ষত-কলঙ্কের গোঁজ স্থানারিত করণ, ঋতুর স্বাভাবিক অন্তর্জানের অনেকদিন পর্যান্ত বিটপদেশের (perineam) অপার স্থায়ী হইলে তাহার সংশোধন; অথবা কোন ক্ষতের আরোগ্য; অথবা অর্শের স্থানান্তরিত করণ অত্যাবশ্রুক, তাহাতে রোগীর বিশেষ উপকার হয়। পুরুষেও উত্তেজনাকর কোনরূপ প্রাকৃতিক কারণ থাকিতে পারে, তাহাও ষত্ন পূর্ব্বক স্থানান্তরিত করিবে।

যথেষ্ট এবং প্রচুর পরিমাণ নিদ্রা অত্যাবশুকীয়। নানাপ্রকার উপায়াবলম্বনে ইহার জন্ম চেষ্টা ক'রা ষাইতে পারে:—প্রতিদিন হুইবার করিয়া গোলমাল হীন স্থানে স্থির হুইয়া শয়ন; ঈষহ্ম্ণ জলে স্নান অথবা গায়ে হাত বুলান; শয়ন করিয়া কিম্বা তাহার কিছু পূর্ব্বে হ্র্ম অথবা অন্থ কোন তরল পদার্থের সেবন।

যত্ন পূর্বাক নির্বাচিত ঔষধ দ্বারাও কার্য্য হইতে পারে।

অবস্থাধীনে বিসদৃশ মতের নিদ্রাকারক ঔষধ প্রয়োগেরও আবশুকতা জন্মিতে পারে—ফ্লুইড এক্ট্রাক্ট অব হপ্স্; স্কটিলেরিয়া (১×চুর্ণ); মনইন (২); ষ্টিক্নিয়া (গ্রে ১/১০০) স্বতন্ত্র, অথবা ডিজিট্যালিস সহ ইহার মিশ্র—ক্ষীণ হৃৎপিণ্ড থাকিলে; অথবা এতদপেক্ষাও কোন প্রকার প্রবল নিদ্রাকারকে ব্যবহার করা যাইতে পারে, কিন্তু সান্ধনেল, ব্রমাইড লবণাদি এবং ক্ররাল হাইডেট নিশ্চিৎই প্রযোজ্য নহে এবং অনিষ্টকারী।

# লেক্চার ২৬৫ (LECTURE CCLXV.)

#### বাক্রোধ বা এফ্যাসিয়া।

(APHASIA.)

বিবর্ণ।—এবম্বিধ অবস্থায় রোগী বাহা চিন্তা অথব। অনুভব করে কথায় তাহা প্রকাশ করিতে অশক্ত হইতে পারে; কথা উচ্চারণে অক্ষম হইতে পারে; সম্পূর্ণ পরিচিত কথাও বোধগম্য করিতে না পারে; কথা বোধগম্য করিতে এবং অরণ রাখিতে অক্ষম হইতে পারে, কিন্তু তাহাদিগকে কেবল লিখিয়া প্রকাশ করিতে পারে, অথবা দৃষ্ট অথবা শ্রুত বিষয় কোন প্রকারেই প্রকাশের ক্ষমতা না থাকিতে পারে।

মন্তিক্ষে অপায়ের অবস্থিতির স্থানাত্মসারে ইহা বিবিধ প্রকার হইতে পারে। প্রধান প্রধান প্রকারের মধ্যে শ্রবণ সম্বন্ধীয়, গতি সংস্কৃতি, দর্শন সম্বন্ধীয়, সঞ্চলন সংক্রান্ত এবং মিশ্রিত প্রভৃতি পরিগণিত।

ডা: ড্যানা বলেন ইহার সম্বন্ধে নিম লিখিত বারটি প্রশ্ন জিজান্ত হইতে পারে:—

- (ক) রোগী কি শব্দ শুনিতে পায় ?
- (খ) কথা বলিলে রোগী কি বুঝিতে পারে ?
- (গ) রোগী কি কোন বস্তু দেখিতে পায় গ
- (ঘ) রোগী কোন লিথিত অথবা মুদ্রিত কথা দেখিতে অথবা নিঃশব্দে পড়িতে পারে ?
  - (ঙ) রোগী কি ব্ঝিয়া পাঠ করিতে পারে ?
  - (চ) রোগী কি ইচ্ছা করিয়া পড়িতে পারে ?
  - (ছ) রোগী কি কথার পুনরুচ্চারণ করিতে পারে ?
  - (জ) রোগী কি শব্দ করিয়া পড়িতে পারে ?

- (ঝ) রোগী কি ইচ্ছা করিয়া পড়িতে পারে ?
- (ঞু) রোগী কি শ্রুত কথা লিখিতে পারে গ
- (ট) রোগী কি লিখিত অথবা মুদ্রিত বিষয়ের প্রতিলিপি করিতে পারে ?

শ্বৈণে নিরে সংস্ফ বাকরে। বাধা — প্রথম এবং দিনীর শহ্রনে দিনীর (temporal) মস্তিক-কুগুলী আক্রান্ত হয়, দক্ষিণ ডেবরা হইলে বামের, বাম ডেবরা হইলে দক্ষিণের। রোগী বধির না হইলেও কথিত ভাষা বুঝিতে পারে না। ইহাকে কথা সম্বন্ধীয় বধিরতা বলে। অপায় য়ত অধিক বিস্তৃত, উৎপন্ন ফলের মিশ্রণ তদম্পাতে অধিকতর। রোগী বুঝিয়া পাঠ করিতে সক্ষম না হইতে পারে, দেখিয়া অথবা তাহাকে বলিলে কথা পুনর্ব্বার বলিতে, উল্লৈম্বরে পড়িতে, লিখিতে, অথবা বলা কথা (dictation) লিখিতে অক্ষম হইতে পারে, কিন্তু স্বইচ্ছায় কথা বুদ্ধির সহিত বলিতে সক্ষম হইতে পারে, কিন্তু মধ্যে মধ্যে কথা ছাড়িয়া যায়। রোগীর উপরি উক্ত সকল অথবা অপায়ের বিস্তৃতি অনুসারে ঐ সকল লক্ষণের অংশমাত্র থাকিতে পারে।

গতি সংস্ফ বাকরে।ধ।—অপায়ের স্থান একাসের কুগুলী। রোগী স্বইচ্ছায় কথা বলিতে পারে না, কিন্তু উচ্চৈম্বরে পাঠ করিতে অথবা লিখিত বিষয় দেখিয়া লিখিতে পারে (copy)। রোগী লিখিত অথবা কথিত ভাষা বুঝিতে পারে। এই সকল অবস্থা ন্যুনাধিক সম্পূর্ণ থাকে।

এগ্র্যাফিয়া ( Agraphia ) বা লিখন দ্বারাভাব-প্রাকাশের শক্তি ।—ইহাতে রোগী লিখিয়া মনোভাব প্রকাশে অশক্ত হয়, এবং ইহা কথনই অন্তান্ত প্রকারের সহিত ব্যতীত স্বতন্ত্র ভাবে দৃষ্ট হয় না। সকল প্রকারেই ইহা নানাধিক পরিমাণে বর্ত্তমান থাকে।

দর্শন সংস্থা বাক্-রোধ।—মন্তিক্ষের উর্দ্ধ পার্শীর গোলকাণু এবং কোণাকার জাইরাসের খোলাংশে অপার থাকিতে পারে, এরূপ স্থলে রোগী কথা দেখিতে পায়, কিন্তু তাহাদিগের উপলব্ধি করে না। রোগী কথিত ভাষা হৃদয়ঙ্গম করে। অপায়ের স্থান মন্তিক্ষ-খোলসাধঃ (subcortical) এঙ্গুলার বা কোণাকার জাইরাস উপাদানে অবস্থিত হইলে রোগী লিখিতে পারে, কিন্তু প্রতিলিপি করিতে পারেনা।

সঞ্চলন (Conduction) সংক্রোন্ত এবং মিশ্রিত ব্যক্রোধ।
—আইলাণ্ড অব রিলে এবং ফিসার অব সিল্ভিয়াসের নিকটে অপায়
থাকিলে ইহা জন্মে, ইহাতে রোগী যেন মাতালের স্থায় প্রতিয়মান হয়। সে
একই কথার পুনঃ পুনঃ পুনরাব্বত্তি করিতে পারে, অথবা সেই এক কথাই
প্রত্যেক বিষয় প্রকাশের জন্ম ব্যবহার করে, তাহার অভিধানে মাত্র সেই
একই কথা থাকিতে পারে, অথবা সে নানা কথা অতীব নির্কোধের স্থায়
এবং হাস্ম জনক পদ্ধতিতে মিশ্রিত করিতে পারে, তথাপি বৃদ্ধির সহিত
লিখিতে এবং পাঠ করিতে পারে।

বাক্রোধ, রোগ অপেক্ষা বরঞ্চ একটি লক্ষণ বলিয়া বিবেচিত। মস্তিক্ষের এই সকল বিশেষ বিশেষ অংশের ক্রিয়াবিকার ঘটত রোগ হইতে ইহা জন্মে।

যে সকল স্থলে এই সকল মস্তিষ্ক দেশের উপাদানে ধ্বংস সংঘটিত হয়, ইহার স্থায়িত্ব জন্মে।

যে সকল স্থলে এই সকল কেন্দ্রে উপযুক্ত ক্রিয়ার পুনঃ প্রদান সম্ভবনীয়, আরোগ্যের আশা করা যায়।

রক্তহীনতা, অণবা মন্তিফ্লের প্রবল রক্তাধিক্য, অথবা গুল্মবায়ু অথবা স্নায়বিক দৌর্বল্য (neurasthenia) ইহা সংঘটিত করিতে পারে।

চিকিৎসা-তত্ত্ব।—ইহা ধ্ৰ্বন স্বাধীন রোগ নহে, যে রোগ ইইতে জন্মে তাহারই চিকিৎসা ইহার চিকিৎসা।

### পঞ্চদশ অধ্যায়।

কশেরুকা-মজ্জা এবং তদ্বেষ্ট-ঝিল্লী-রোগ i (DISEASES OF THE SPINAL CORD AND MEMBRANES.)

## অষ্টিভ্ৰিশ পরিচ্ছেদ।

কশেরুকা-মজ্জা-বেষ্ট-ঝিল্লী-রোগ। ( DISEASER OF THE SPINAL MEMBRANES. )

### লেক্চার ২৬৬ (LECTURE CCLXVI.)

তরুণ কশেরুকা-মজ্জা-বেফ্ট-ঝিল্লী-প্রদাহ।
( ACUTE SPINAL MENINGITIS. )

পরিভাষা। — কশেরুকা-মজ্জা-বেষ্ট-ঝিল্লীর তরুণ প্রদাষ।
আময়িক বিধান-বিকার-তত্ত্ব।— মস্তিদ্ধ-বেষ্ট-ঝিল্লী-প্রদাহে
সাধারণতঃ যে রূপ হয় ইহা তত্ত্বপ।

কারণ-তত্ত্ব।—কশেরকা-মজ্জা-বেষ্ট-ঝিল্লী-প্রদাহ বা স্পাইনেল মিনিঞ্জাইটিস দেশব্যাপক মস্তিক্ষ-মেরু-মজ্জা-বেষ্ট-প্রদাহের (cerebrospinal meningitis) প্রাত্তাব কালে, গুটিকা সংস্থ অথবা সপ্যমন্তিক্ষ-বেষ্ট-ঝিল্লী-প্রদাহের সহযোগে অথবা তাহার পরিণাম স্বরূপ সংঘটিত হইতে পারে। ইহা তরুণ সংক্রামক রোগের ফল স্বরূপও জন্মিতে পারে। যে

## লেক্চার ২৬৬ ( LECTURE CCLXVI ).

## পুরাতন কশেরুকা-মজ্জা-বেফ্ট-ঝিল্লী-প্রদাহ বা ক্রনিক স্পাইনেল মিনিঞ্জাইটিস।

(CHRONIC SPINAL MENENGITIS.)

প্রেক্কত রোগের উপস্থিতি অপেক্ষা অধিকতর স্থলে ভ্রান্তি বশতঃ এই রোগ বলিয়া নির্বাচিত হয়। ইহা একটি যৌবনাবস্থার রোগ )।

আময়িক বিধান-বিকার-তত্ত্ব।—অনিয়মিত ঘমীভূততাযুক্ত ঝিল্লী। মেরু-মজ্জা-রঙ্গ দেখিতে কাদাগোলার ন্থায়। স্থানে স্থানে নানা-বিধ ঝিল্লী মধ্যে ক্ষুদ্র ক্ষুদ্র সংযোজনা দেখা যায়।

কারণ-তত্ত্ব।—কথন কথন ইহা তরুণ রোগের শেষ ফল।
অনেক দিন ধরিয়া শৈতা এবং সিক্ততার সংস্পর্শ ইহার উত্তেজক কারণ।
গুটিকোৎপত্তি, উপদংশ এবং স্থা-সার বিষাক্ততা ইহার পূর্ববর্ত্তক কারণ,
' অপিচ অভিঘাতও তদ্রপ ৄ ইহা মেরু-মজ্জা-প্রদাহের (myelitis) বিস্তারের ফলও হইতে পারে, এবং মেরু-মজ্জার কোন প্রকার চাপের আমুষ্ফিক
রূপে জন্ম।

লক্ষণ-তত্ত্ব ।—সর্বস্থলেই মেক্ষণণ্ড বাহী বেদনার চালনায় বৃদ্ধি হয়, এবং অনেক সময়েই এই বেদনা আক্রান্ত অংশ অথবা অংশাদি হইতে আরম্ভ হয় এবং মেক্ষদণ্ড সায়ু বাহিয়া তাহার বিস্তৃতির শরীরাংশে গমন করে। যেরপ চালনায় কোন দিকে, অতি স্পষ্টতঃ পার্যদিকে বক্রতা ঘটে তাহাতে সর্বাপেক্ষা অধিকতর বেদনা হয়। মেক্ষদণ্ড কণ্টকাদির (spinous processes) মধ্যে তীক্ষ্ণ বেদনা জন্মে। শরীর অথবা এক উদ্ধান্ত অথবা নিমান্ত বেড়িয়া কিঞ্চিৎ সংকোচনের অমুভূতি হইয়া থাকে। অতীব বিরলতর স্থলে

এবং অতি অধিক দিনের রোগে ব্যতীত অতি অল্পই গতি সংস্পষ্ট লক্ষণ দেখা দেয়, যাহাতে কিঞ্চিৎ আক্ষেপিক ক্রিয়া অথবা কিঞ্চিৎ পক্ষাঘাত জন্ম।

রোগ-নির্বাচন।—স্থানিক এবং অতি অল্ল স্থানে মাত্র বিস্তৃত থাকিলে মেরু-দণ্ড-সায়ু-মূলের প্রদাহ হইতে ইহা বিশেষ বিশেষ মেরু-দণ্ড লক্ষণের অভাব, এবং বেদনার সীমাবদ্ধতা দারা প্রভেদিত। প্রাথমিক পার্শ্বের ঘনীভূততাযুক্ত স্থূলতা হইতে ইহা বিকীরণশীল বেদনার অন্পস্থিতি, এবং চালনায় রৃদ্ধি দারা প্রতেদিত। রোগের ক্রমরৃদ্ধি শুলাবায় হইতে অতীব ভিল্ল প্রকারের, প্রথমতঃ গুলা-বায়ুতে সায়ু-শূল বে কোন স্থানে হইতে পারে, তাহা মেরু-মজ্জাসায়ুর পথানুসরণ করে না, এবং কোন এক সায়ুতে অথবা কোন সায়ুর শ্রেণীতে সীমাবদ্ধ থাকে না। অপিচ গুলা-বায়ুর প্রায় সর্বস্থলেই আমূল মেরুদণ্ড বাহিয়া চাপে বেচনা থাকে, পুরাতন মেরু-মজ্জা-বেন্থ-ঝিল্লি-প্রদাহে এরূপ হয় না।

ভাবী ফল।—চিকিৎসক এবং রোগী উভয়েরই উপযুক্ত থৈর্ঘ্য পাকিলে ভাবীফল অধিকাংশ স্থলেই আশা জনক বলিয়া বিবেচিত। কতিপয় স্থলে মৃত্যু ঘটিয়া থাকিলেও তাহা সাধারণ নহে। পরিণাম কিঞ্চিৎ পরিমাণে রোগের কারণের উপরেও নির্ভির করিয়া থাকে।

চিকিৎসা-তত্ত্ব।—চিকিৎসক যত্ন পূর্ব্বক রোগের কারণামুসারে ঔষধ নির্বাচন করিলে কচিৎ ভগ্ন মনোরখ হইবেন:—

উপদংশ রোগকারণ হইলে তৎসম্বনীয় প্রচলিত ঔষধাদি প্রযোজ্য।
অভিঘাতিক রোগচিকি-ৎসায় আর্শিকিশ অপরিহার্য্য, হাইপারি-কামও কোন কোন চিকিৎসক দ্বারা প্রশংসিত। আহ্রাভিনের যে কোন প্রদর্শিত প্রয়োগরূপ উপকারী। রোগের কারণ এবং লক্ষণাদি প্রয়োগরূপ নির্দ্ধারণের প্রকৃষ্ট উপায়। জেল্সিমিক্সাম, পিশ্রিক প্রসিড, জিল্প পিত্রেট, আর্জেন্ট নিউ, এবং অক্জ্যালিক প্রসিড ইহার অহায় ওইধ!

আনুষঙ্গিক চিকিৎসা।—বিশ্রাম ইহার পক্ষে অত্যা-বগুকীয়। রোগের গুরুত্বানুসারে শারীরিক শ্রমের পরিমাণের ব্যবস্থা করিতে হইবে। বাহাই হউক, যতদুর আবশুক বলিয়া বোঁধ হইবে তদপেক্ষা সংক্ষেপের মধ্যে রাথাই নিরাপদ। রোগ স্পষ্ট হইয়া প্রাকাশিত হইলে বিস্তৃত কালের জন্ম রোগী সম্পূর্ণ শ্যাবিদ্ধ থাকিবে।

বাটিদ্বারা মেক্রদণ্ড হইতে শুক বা রক্তহীন মোক্ষণ (dry cupping)
উপকারী। ইহার জন্ম বৃহত্তর বাটির দ্বারা অধিক পরিমাণে রক্তহীন
মোক্ষণের আবশুক। ক্ষুদ্র বাটি দ্বারা অল্প মোক্ষণে উপকারের আশা কম।
সপ্তাহ অথবা নাস নাস প্রাতদিন এইরূপে রক্তহীন মোক্ষণের আবশুক।
ইহার পরেই ফ্যারাডের শীঘ্র শীঘ্র বাধাযুক্ত (interrupted) বৈত্যুতিফ স্রোত
প্রতিদিন পনের মিনিটের জন্ম প্রয়োগে অধিকতর উপকার হয়। প্রতিদিন
এক অথবা তৃই ঘণ্টার জন্ম রোগীকে মের্ক্ত-দণ্ডের সহিত বরক্ত-থলিসংলগ্ধ
(spinal ice bag) অবস্থার চিতভাবে শরানে রাখিবে। ইহা দ্বারা
উপকার না হইলে প্রক্তরূপ দগ্ধকরার যন্ত্রের (actual cautery) ব্যবহার
করা যায়। এতদর্থে প্রাটিনাম থপ্ত তাপে শুদ্র করিয়া মের্ক্ত-দপ্ত
কণ্টক প্রবর্ধনের উভার পার্শ্বর্ছ ত্বকে মৃত্তর ভাবে ক্রন্ত সংলগ্ধ করিবে
—উদ্দেশ্য এই যে উপরিস্থ ত্বক ব্যতীত গভীর উপাদান দগ্ধ হইবে
না। প্রত্যেক পার্শ্বে প্রথম দিবস চারিটি করিয়া দাগোৎপন্ন করিবে;
পর দিবস ঐরূপ, কিন্তু পূর্ব্ব দাগের নিয়ত্রদেশে—এইরূপ দিন দিন
করিয়া সম্পূর্ণ মেরু-দপ্ত দাগযুক্ত করিবে।

উষ্ণ স্নানে রাথিয়া রোগীর শরীর তাপ ફ হইতে ২° পর্যান্ত উচ্চে লইয়া পরেই শরীরাবৃত করিয়া, ঘর্ষণের ব্যবহারে অনেক স্থলেই উপকার হইয়াছে।

কঠিনতর রোগে গ্যাল্ভ্যান-পাংচারের ব্যবহার করা যায়।

## লেকচার ২৬৭ ( LECTURE CCLXVII. )

গ্রীবাদেশীয় বির্দ্ধিকর মেরু-মজ্জা-বেফ্ট-ঝিল্লি-প্রাদাহ বা সারভিক্যাল হাইপারট্রফিক মিনিঞ্জাইটিস। CERVICAL HYPERTROPHIC MENINGITIS.

বিবরণ।——এই বিশেষ প্রকারের মেরু-মজ্জা-বেষ্ট্র-ঝিল্লি-প্রদাহ সার্কট এবং জফ্রয় এবং পরে অস্তান্ত চিকিৎসকদিগের দারা বণিত হইরাছে। ইহাতে প্রাতন প্রদাহের ফল স্বরূপ তন্তুজান-পদার্থের সংস্তত্তি নিবদ্ধন দৃঢ় মাত্রিকা-ঝিল্লীর (dura mater) স্থূলতা জন্মে। রোগের নাম হইতে "গ্রাবা-দেশীয়" কথার বর্জ্জনই সংগত, কারণ যদিও ইহা সাধারণতঃ নিমতর গ্রীবা-দেশে আরম্ভ হয়, ইহা সচরাচর উর্দ্ধ পৃষ্ঠদেশীয়, এবং নিতান্ত কম সময়ে নহে, এমন কি মেরুদশু-রজ্জুর অধঃ অংশও আক্রমণ করিয়া থাকে। রোগের কারণ সম্বন্ধে অতি অল্লই বিদিত। শীতোক্ষাদির সংস্পর্শ, অতি পরিশ্রম এবং উপদংশ প্রভৃতি সকলই রোগাক্রমণের পূর্ব্বে ঘটিয়াছে, এবং সম্ভবতঃ কারণ স্থানীয়। উপদংশ নিশ্চিতই ইহার কারণ।

গ্রীবা এবং মস্তক-প\*চাতের বেদনার সহিত রোগারন্থ হয় এবং আতত ভাবের অন্পভূতি থাকে। বিবিধ পরিমাণের, বোধাধিক্য এবং মিডিয়ান এবং আলনা স্নায়্র স্নায়ু-শূল উৎপন্ন হয়। এই শ্রেণীর লক্ষণ বহুতর মাস ধরিয়া অবস্থিতি করিতে পালে।

ইহার পরে রুগ্ন অংশের সায়ু যে সকল স্থানে বিস্তৃত হইয়াছে তাহাতে ত্বগান্মভূতির বিশৃঙ্খলা ঘটে, অসম্পূর্ণ বোধাভাব সর্বাপেক্ষা সাধারণ।

কর এবং অঙ্গুলিনিচয়ের সংকোচিনী পেশীর এবং করের প্রায়
সমগ্র ক্ষুদ্র পেশীর পক্ষাঘাত জন্মে। ইহা অপকৃষ্টতা মূলক পক্ষাঘাত।
ইহাতে কর যে অবস্থায় অবস্থিত হয় তাহা সম্পূর্ণরূপে রোগ'নির্বাচক।
মণিবন্ধের উপরে কর পশ্চাংবক্র হয়, অঙ্গুলিনিচয় আংশিকরূপে সংকৃচিত
থাকে। পরে দেহ-কাণ্ডের এবং নিমাঙ্গের অসাড়তার সহিত ন্যুনাধিক
পরিমাণ পক্ষাঘাত জন্মে।

রোগের প্রকৃতি এই যে যে কোন অবস্থায় ইহা আপনা হইতেই নিবৃত্তি পাইতে পারে। সাধারণ ভাবী ফল অস্কুভ হইলেও আরোগ্যের শতকরার হারও নিতান্ত মন্দ নহে।

চিকিৎসা-তত্ত্ব ।—হোমিওপ্যথিক মতে ইহার সম্ভোষজনক কোন ঔষধ বিবরণ প্রাপ্ত হওয়া যায় না। কোন কোন চিকিৎসক স্থুল মাত্রায় কোলি আহাড এবং কেহ কেহ, প্রদর্শিত হইলে, মার্ক আরড ৩×ট্রিটু প্রয়োগের উপদেশ করিয়াছেন; কিন্তু ফলাশা করিলে ইহাদিগের বছদিন ব্যবহারের আবশুক। ফলতঃ ক্কৃতবিদ্য হোমিওপ্যথিক চিকিৎসক-গণ মধ্যেও ইহাতে ব্লিষ্টার এবং একুপাংচারাদির ব্যবহারের উপদেশ দেখা যায়। তজ্জন্ত অস্ত্রচিকিৎসা গ্রন্থ ডেক্টব্য।

## নবত্রিংশ পরিচ্ছেদ।

কশেরুকা মজ্জার রোগ বা ডিজিজেজ অব দি স্পাইনেলকর্ড। ( DISEASES OF THE SPINALCORD. )

### লেক্চার ২৬৮ (LECTURE CCLXVIII.)

কশেরুকা-মজ্জার উপদংশ বা সিফিলিস অব দি স্পাইনেলকর্ড।

(SYPHILIS OF THE SPINALCORD.)

বিবরণ।——এ হলে কশেরুকা-মজ্জার সাধারণ উপদংশজ রোগের বিবর বর্ণিত হইবে না, কিন্তু নিদিষ্ট কোন কোন রোগ বাহারা কশেরুকামজ্জার প্রারুত উপদংশপ্রক্রিয়া উপস্থিত করে তাহাদেরই বিষয় ব্রণিত হইবে। সম্ভবতঃ প্রায় সর্ব্ব হলেই ইহারা প্রথমে কশেরুকা-মজ্জান বিস্তৃত হয়। ঝিল্লি স্থানাস্তরিত করিলে, কশেরুকা-মজ্জা অনেক বর্দ্ধিত বলিয়া অমুমিত হয়। ঝিল্লি পৃথগ্ভূত করিবার চেষ্টা করিলে অনেক স্থানে সংযোগ থাকায় তাহার বাধা জন্মে। বহুতর এবং অনিয়মিতরূপে বিক্ষিপ্ত নানাবিধ আকারের এবং দেখিতে তন্ত্বৎ অথবা জিউলির আটার স্থায় বস্তুর (jelly) দাগ উপস্থিত হয়। কশেরুকা-মজ্জা মুক্ত করিলে অনিয়মিতরূপে বিক্ষিপ্ত করিলে ব্যান্য বাধা জন্ম। কশেরুকা-মজ্জা মুক্ত করিলে অনিয়মিতরূপে বিক্ষিপ্ত করিলে স্থান্য বিস্তৃত করিলে

অমুবীক্ষণ-যন্ত্র-পরীক্ষায় স্থানে স্থানে কোষময় উপাদানের সংস্থান্তি দেখিতে পাওয়া যায়, তাহারা বিলক্ষণ রক্ত-নাড়ীপূর্ণ থাকে, অপিচ অস্তান্ত স্থান দৃষ্টিপথে আসে বাহার বিজ্ঞা পাতলা, কঠিন এবং শুদ্ধ এই সকল অস্বাভাবিক দাগ, সম্পূর্ণ পরিধি যুড়িয়া থাকে না, এবং কোন প্রকারেই নিয়মিতরূপে শ্রেণীবদ্ধ হয় না।

কশেককা-মজ্জার স্বায়-মূলাদি স্থানে স্থানে অন্তঃপ্রবিষ্ট (infiltrated)
অথবা কোমলীভূত হইতে পারে। প্রাচীরের স্থুলীভূততা নিবন্ধন রক্তা
নাড়ীর বিলোপ ঘটতে পারে। নধ্যে মধ্যে রোগ দেখা যায় যাহাতে
একটি মাত্র গাঁদের স্থায় বস্তুর (gummy) অক্তাদু থাকিতে পারে।

বিরলতর স্থলে বহু-মজ্জৌষ (polyomyelitis) অথবা বিস্থৃত মজ্জৌষ থাকিতে পারে।

শক্ষণ-তত্ত্ব।—রোগসংক্রমণের কতিপয় সাস , হইতে ছয় বংসরের পরে লক্ষণাদি উপস্থিত হয়। সাধারণ প্রকৃতি বিষয়ে কিঞ্চিং পর্যালোচনা করিলেই চিকিৎসক সহজে রোগের নির্বাচনে সমর্থ হইবেন। ইহার সম্বন্ধে একটি প্রধান বিষয় সর্বাদা স্মরণ রাখার আবগুক—উপদংশ ঘটিত কশেক্ষকা-মজ্জা-বেষ্ট-ঝিল্লী-প্রাদাহের (menin gitis) সম্পূর্ণ লক্ষণেরই অবিরতভাবে উপশম এবং বৃদ্ধি সংঘটিত হয়। অনেক সময়েই এই পরিবর্ত্তন অতীব দত্ততার সহিত ঘটে; অত্য একটি লক্ষণ অতীব নিকৃষ্ট হইতে পারে এবং পরের দিবসই অন্তর্জনান করিতে পারে এবং পরের দিবসে অথবা সপ্তাহে, অথবা মাসে পুনক্রদয় হয়। রোগীর অন্তন্ত্ত এবং বিষয়নিষ্ঠ উভয় প্রকার লক্ষণ সম্বন্ধেই ইহা নিশ্চিত।

মেরু-দণ্ড বেদনার সহিত তাহা হইতে বিকিরিত বেদনা, অনিয়মিতরূপে বিক্ষিক্ত পক্ষাঘাত এবং একাঙ্গীন অবশতার সংঘটন হয়। পক্ষাঘাত
শিথিল (flaccid) অথবা ক্ষণিক আক্ষেপযুক্ত হইতে পারে। মৃত্র-স্থলী
এবং সরলাপ্তের ক্রিয়ার বাধা জ্বিতে পারে। অনিয়মিতরূপে বিক্ষিপ্ত
অন্তভূতিক ক্রিয়া—অন্তভূতি বাস্থল্য, অন্তভবের অপলাপ অথবা স্পর্শজ্ঞান
রাহিত্য প্রভৃতির অন্ততম বর্ত্তমান থাকিতে পারে।

কোন কোন স্থলে রোগ ক্ষয় (tabes) সহ এতাদৃশ পরিস্কার সাদৃশ্র প্রকাশ করে যে ডাঃ ওপেনহিম উপদংশজ অলীক ক্ষয়-রোগ (syphilitic pseudo tabes) বলিয়া নাম প্রদান করিয়াছেন।

মেক্স-দণ্ডাধঃ (cauda egriua) রোগাক্রান্ত হইতে পারে, এবং তন্নাম স্নায়্ যে সকল শরীরাংশে বিস্তৃত হইয়াছে তাহাতে স্নায়্-শূল এবং অনুভূতি-বিকার-লক্ষণাদির প্রকাশ হইয়া থাকে।

রোগ-নির্বাচন।—কশেরুকা-মজ্জার স্থপ্ট বন্ত্রগত রোগ বর্ত্তনান থাকে, কিন্তু এতাদৃশ সম্পূর্ণতা পায় না যাহাতে কোন পরিষ্ণার-রূপে সীমাবদ্ধ মেরুদণ্ড-রজ্জুর স্থান অথবা আময়িক বিধান বিকারের প্রকৃতি বোধগম্য হইতে পারে, এই বিষয় এবং রোগের অনিয়মিত গতি দ্বারা ইহা পরিচিত হয়। অবগ্র উপদংশ রোগাক্রমণের বিবরণ থাকে। অপিচ বংশ পরম্পরাগত উপদংশ থাকাও অসম্ভব নহে।

চিকিৎসা-তত্ত্ব।—উপদংশ চিকিৎসায় প্রদর্শিত ঔষধ দারা ইহার চিকিৎসা করিতে হইবে।

# লেক্চার ২৬৯ (LECTURE CCLXIX.)

### करশরুকা-মজ্জৌষ বা মায়িলাইটিস।

( MYELITIS.)

পরিভাষা।—কশেরকা-মজ্জার প্রদাহ রোগ। পূর্বের ভার অধুনা মেরুমজ্জার সকল প্রকার প্রদাহিক অবস্থাই এই শিরঃনামে পরিগণিত হয় না, কিন্তু কেবল যে সকল স্থলে বিস্তৃত প্রদাহের সহিত কোমলতা উপস্থিত হয় তাহারাই এই রোগ বলিয়া গৃহীত হইয়া থাকে।

কশেরুকা-মজ্জার যে খণ্ডাংশ অথবা খণ্ড রোগাক্রান্ত হয় তদনুসারে তাহাকে কতিপয় প্রকারে বিভক্ত করা হইয়া থাকে।

কারণ-তত্ত্ব ।— শৈত্য, পেশীর সবল প্রসারণ, অভিঘাত, অতিরিক্ত ইন্দ্রিয় সেবা, উপদংশ বিষাক্ততা, বসস্ত রোগ, টাইফয়েড অথবা টাইফাস-জর, প্রাদাহিক রস-বাত, ডিল্থিরিয়া, কথন কথন আরক্ত জর এবং জান্তব পচন সংশৃষ্ট স্থতিকাবস্থা ইহার কারণ বলিয়া পরিগণিত।

আমায়ক বিধান-বিকার-তত্ত্ব।—মজ্জার প্রদাহযুক্ত স্থান কোমল বলিয়া বোধ হয়। ছিন্ন স্থানের বর্ণ ঈষদ্ধুসর-পীত প্রতীয়-মান হয়। অনুমিত হয় যেন ধুসর এবং শুল্রপদার্থ মধ্যে পরস্পর মিশ্রণ ঘটিয়াছে। অণুবীক্ষণ-যন্ত্র-পরীক্ষায় কতিপয় সংখ্যক শস্ত-বীজাকার (granular)কোষ, অক্ষ-স্তম্ভের (axis cylinders) স্ফীতি, এবং স্নায়্-কোষের প্রজনন দৃষ্ট হইয়া থাকে।

তরুণ সাধারণ মেরু-মজ্জা-প্রদাহ বা একুট জেনারল মায়িলাইটিস (Acute general myelitis)।—প্রায় সর্ব স্থলেই শীত হইয়া আরম্ভ হয় এবং পরেই ওদরিক পেশীর কাঠিস্ত সহ উদরের বেদনা জন্ম। তাপ ক্রন্ত বেগে ১০৩ অথবা ১০৪° ফারেন হাইট পর্যান্ত উঠে। তাপের অমুপাতামুসারে নাড়ী-ম্পান্দন-সংখ্যা বৃদ্ধি পায়; নাড়ী কঠিনম্পর্শ এবং টানটান অথবা কোনল হইতে পারে। সাধারণতঃ বড়ই মানসিক যন্ত্রণা থাকে। মেরু-দণ্ডোপরি তাপ-প্রয়োগে প্রায় সর্ব্বস্থলেই উদর-বেদনার বৃদ্ধি হয়। মৃত্র আবদ্ধ থাকে এবং শীদ্র নিশাদলের (ammoniacal) অথবা ক্ষারের গুণ যুক্ত হয়; পরে অনৈচ্ছিক মৃত্র-ত্যাগে পরিণতি ঘটিতে পারে, কিন্তু মৃত্র-স্থলী কখনই মৃত্র শৃশ্ম হয় না। এই জন্মই মৃত্রের ক্ষারগুণ থাকিয়া যায়। প্রায়শঃই কোঠবদ্ধ থাকে। শেষাবস্থায় এস্থলেও অনৈচ্ছিক মল ত্যাগ আসিতে পারে।

অতি অন্ন সময়ের মধ্যে নিমাঙ্গের বেদনা এবং গতিদ সায়ুর স্বন্নকাল স্থায়ী উত্তেজনার পরই অধোর্দ্ধান্ত (Paraplegia) উপস্থিত হয়। শিথিল প্রকৃতির পক্ষাঘাত জন্মে।

প্রদাহের উদ্ধাতিমুখে বিস্তৃতির প্রবণত। থাকে, তাহাতে খাস-প্রখাস এবং হৃৎপিশু-ক্রিয়ার রোধ বশতঃ মৃত্যু ঘটিতে পারে। চিকিৎসক মশুলীতে এরপ কোন অবস্থাই বিদিত নাই যাহার সহিত এই আকন্মিক, ক্রুতবদ্ধিষ্ণু, সাংঘাতিক রোগের ভ্রান্তি হইতে পারে। রোগীর অদৃষ্ঠ ক্রমে যদি এই তরুণ-প্রবল অবস্থা হইতে জীবন রক্ষা পায়, সে স্থলে আমাদিগের সাধারণ প্রকারের মজ্জা-প্রদাহের ঔষধ-ব্যবস্থার আবশ্রকতা জন্মে, অথবা অবশেষে আমরা পুরাতন মজ্জা-প্রদাহ প্রাপ্ত হই।

চিকিৎসা-তত্ত্ব।— আনুষ্ঠিক এক উম্প্র সম্প্র ক্রীষ্ট্র—রোগের প্রবলতা এবং সাংঘাতিকতার উপরে লক্ষ্য রাখিয়া স্থানেক চিকিৎসক ইহাতে নানা বিধ প্রদাহ-নিবারক বহিপ্রের্যাগ এবং অধিকতর মাত্রায় অভ্যন্তরীণ প্রয়োগার্থ উবধ ব্যবহারের উপদেশ করিয়াছেন। আমরা তদমুসরণ করিয়া নিম্নে ইহার চিকিৎসা বিবৃত করিলামঃ— রোগের প্রকাশ মাত্রই প্রবলতর উপায়াবলম্বনের আবশুক। আক্রাস্ত অংশের উপরে অবিশ্রান্ত বরফের প্রয়োগ করিবে। নিম্নবাহী পনের হইতে বিশ মিলিয়াম্পিয়ার শক্তির গ্যাল্ভ্যানিক স্রোত উপকারী। উর্দ্ধে পজিটিভ এবং প্রদাহযুক্ত অংশের অধোদেশে নিগেটিভ পোল লগ্ন করিয়া স্রোত নিতান্ত পক্ষে প্রতি ঘণ্টায় পনের মিনিটের জন্ম ব্যবহার্য্য।

বার হইতে চৌদ্দ ঘণ্টা পর্যান্ত উপরি উক্ত ব্যবহারের পরও যদি দেখা যায় যে রোগ বৃদ্ধি হইয়া যাইতেছে, সে হুলে প্রাদাহযুক্ত স্থান বাহিয়া ক্যান্থারিসের ফোন্ধা তুলিয়া পরে উপযুক্ত প্রয়োগের ব্যবস্থা করিতে হইবে।

মন্তিদ্ধ প্রদাহে যেরপ কথিত হইয়াছে, কঠিন, টানটান এবং ক্রত নাড়ী-স্পাদনে ভিরেট্রাম ভির অরিপ্ত ব্যবহার্য। নাড়ী কোমলতর, তথাপি টানটান এবং পূর্ণ থাকিলে যে পর্যন্ত নাড়ীর অবস্থা প্রকৃত পক্ষে স্পরিবর্তিত না হয় একনাইট রেডিক্সের অরিপ্ত এক হইতে তিন বিন্দু মাত্রায় অর্ধ ঘন্টা পর পর প্রযোজ্য। নাড়ী অতীব ক্রত এবং কোমল থাকিলে একনাইট (৩° ক্রম.) পনের মিনিট পর পর দেয়।

যে সকল স্থলে শীঘ্রই পক্ষাঘাতের চিহ্ন উপস্থিত হয়, গ্রন্থকারগণ ক্ষুত্রই স্ একুস্থাস্ এক্ষ্ট্রান্ট অব অর্গটের অগগ সের্গানের উপদেশ করিয়াছেন; ইহার দশ বিলু মাত্রা আর্দ্ধ হইতে এক ঘণ্টা পর পর বাবহার্যা। পক্ষাঘাতিক লক্ষণসহ উত্তেজনার চিহ্ন দেখা দিলে জেলাসিম্থানেমর মুল অরিষ্ট, তিন হইতে পাঁচ বিলু মাত্রায় প্রত্যেক অর্দ্ধ অথবা এক ঘণ্টা পর পর দিবে, অথবা ক্যালাবার বিন-অরিপ্ত পাঁচ হইতে আট বিলু মাত্রায় অথবা হুই ঔবধ্বই পর্যায় ক্রমে দেওয়া যায়।

রোগের প্রবল বৃদ্ধি এবং গতির হ্রাস অমুভূত হইলে, রোগ সাধারণ তরুণ বলিয়া গ্রহণ করিতে হইবে:—

#### ১। সাধারণ প্রকারের তরুণ কাশরুকা-মজ্জার প্রদাহ।

( Usual form of Myelitis.)

লক্ষণ ইত্যাদি।—রোগারন্তে মৃত্ অথবা আকম্মিক পক্ষাঘাত সহ উচ্চ জর উপস্থিত হয়। রোগী নিয়াংক্ষের ত্র্পলতা বোধ করে, ন্যাধিক অসাড়তা (কীট বিচরণ), এবং পরে কোন প্রকারে নিয়াঙ্গ-ব্যবহারের ক্রমবর্দ্ধিকু অপারকতা উপস্থিত হয়; গতিদ স্বায়ু সংস্কৃত্তী পক্ষাঘাতের সহিত নিয়াক্ষের স্পর্শজ্ঞানরাহিতা, মৃত্র-ত্যাগে কিঞ্চিৎ কন্তু, এবং প্রায়শঃ স্থলেই অল্পের কিঞ্চিৎ বিশৃঙ্খলা উপস্থিত থাকে। অতি সামান্তই বেদনা হয়। রোগ সম্পূর্ণ তরুণ, নাতিপুরাতন অথবা প্রথম হইতেই পুরাতন হইতে পারে।

এক অথবা উভয় নিমাঙ্গের মাত্র কিঞ্চিৎ তুর্বলভার অনুভূতির সহিত আংশিক হইতে, পরে সম্পূর্ণ স্পর্শজ্ঞান রাহিতা দারা ইহার আরম্ভ জ্ঞাপিত হুইতে পারে। গতি সংস্কৃতি দৌর্ললা সহ কিঞ্চিৎ কাঠিছা (Stiffness) বর্ত্তমান থাকে। যে পর্যান্ত নিমার্দ্ধের সম্পূর্ণ পক্ষাঘাত এবং আংশিক স্পর্শজ্ঞানহীনতা উপস্থিত না হয়, এই সকল লক্ষণের ক্রমে বৃদ্ধি হইতে থাকে।

২। পৃষ্ঠ-কশেরুকা-মজ্জার প্রদাহ বা ডর্স্যাল মায়ি-লাইটিস (Dorsal myclitis)।—সাধারণতঃ আক্ষেপ সংস্ঠ নিয়র্দ্ধ পকাবাত জন্মে। নিয়াঙ্গ প্রসারিত অথবা সংকুচিত থাকিতে পারে, অথবা পর্য্যার ক্রমে প্রসারণ এবং সঙ্কোচন ঘটিতে পারে। আক্ষেপযুক্ত উপাদান কর্তৃক বাধা না ঘটিলে জামুসন্ধি-বিক্ষিপ্ততা (Knee jerk,-ঝাঁকি) বৃদ্ধি পায়। অপায়ের সমতল প্রদেশ হইতে নিয়াভিমুখীন স্পর্শজ্ঞানাভাব হয়। স্পর্শ-জ্ঞান রহিত ক্ষেত্রের উর্দ্ধি কিনারায় একটি সংকীর্ণ এবং অতি বৃদ্ধিত স্পর্শজ্ঞানযুক্ত ফিতাকার প্রদেশ এবং যেন শরীর বেড়িয়া একট বন্ধনীর

অমুভূতি থাকে। উপরি দেশন্থ প্রতিক্ষিপ্ত ক্রিয়াদির সাধারণতঃ বর্দ্ধিত ভাব বটে। সরলান্ত্র এবং মৃত্রবন্ত্রে চৈতন্তের লোপ হয়, এবং সর্বপ্রকার ইচ্ছামুবন্তী গতির অভাব ঘটে, এরূপ যে, মৃত্রাঘাত অথবা অসাড়ে মৃত্র-প্রাব জ্মিতে পারে। প্যাক্ষত অতি সাধারণ ঘটনা। অব্যবহার হইতে বাতীত সামান্তই শীর্ণতা জন্ম।

- ৩। কটি-কাশরুকা-মজ্জার প্রদাহ বা লাম্বার মায়ি-লাইটিন।—এই অধার্দ্ধান্ধ রোগে (paraplegia) পেশীগণের শিথিলতা, কোনলতা, থদ্থদে ভাব, জারু-দন্ধির বিক্ষিপ্ততা এবং উপর দেশের প্রতিক্ষিপ্ত ক্রিয়াদি অনুপত্বিত থাকে। সরলান্ত এবং মৃত্রস্থলীর স্পষ্টত পক্ষাঘাত জন্মে। অপিচ স্পর্শ-জ্ঞানরাহিত্যও উপস্থিত হয়। কথন কথন নিমান্ধের অভ্যন্তরে তীক্ষ বেদনা থাকে।
- 8। থ্রীবা-কশের কা-মজ্জার প্রদাহ বা সার্ভিকেল মায়িলাইটিস।—উর্দ্ধ গ্রীবা দেশ আক্রান্ত হইলে নিমাঙ্গদ্বরে আক্রেপিক অধোর্দ্ধাঙ্গ (paraplegla) জন্মে, কিন্তু তাহার সহিত দেহের কাণ্ডভাগের পেশীর, বক্ষোদর বিভান্তক পেশীর (diaphragm) এবং নিমাঙ্গের স্পর্শ জ্ঞান হীনতা (anesthesia) যুক্ত শীর্ণতা উপস্থিত হয় না। যদি নিম গ্রীবাংশের আক্রমণ হয়, তাহাতে উর্দ্ধাঙ্গের অধোর্দ্ধাঙ্গের (paraplegia) সহিত উর্দ্ধাঙ্গ পেশীর শিথিলতা, স্পর্শজ্ঞান রাহিত্য এবং শার্ণতা, অপিচ এবং নিমাঙ্গের এক প্রকার স্পর্শ জ্ঞানাভাবযুক্ত আক্ষেপিক (Spastic) পক্ষাঘাত উপস্থিত হয়, কিন্তু শীর্ণতা জন্মে না। দেহের কাণ্ডভাগের পেশীরও পক্ষাঘাত জন্মে এবং শাসপ্রশ্বাদের কন্ত উপস্থিত হয়।
- ৫। অসম্পূর্ণ অনুপ্রস্থান্ত-কশেরুকা-মজ্জার প্রদাহ বা ইন্কম্প্লিট ট্রান্সভার্স মায়িলাইটিস।—বিরল ঘটনা স্বরূপ, সম্পূর্ণ থণ্ডের নহে, কেবলই যদি মজ্জা-থণ্ডের কোন অংশের প্রদাহ সংঘটিত হয়, তাহাতে মাত্র আক্রান্ত অংশ সংস্ঠ লক্ষণাদি প্রাপ্ত হওয়া যায়। অর্থাৎ

যেরপ লক্ষণাদির বিষয় উল্লিখিত হইল তাহারা কেবল আংশিকরূপে উপস্থিত হয়, সম্পূর্ণতা পায় না।

৬। বিক্ষিপ্ত কশেরুক-মজ্জোষ বা ডিসিমিনেটেড মায়িলাইটিস।—তরুণ সংক্রামক রোগের পরিণামে অথবা বিষাক্ততা বা টক্সিমিয়ার ফল স্বরূপ কথন কথন মেরু-মজ্জা-রজ্জুর কতিপর কুদ্র ক্রান প্রদাহাক্রান্ত হয়। সাধারণতঃ মন্তিক্ষেরও কিয়ৎ পরিমাণ স্থানের আক্রমণ ঘটে। এপ্রকার রোগীর রোগ বর্ণনা অসম্ভব। ইহাতে প্রদাহ যুক্ত স্থানের ক্রিয়ার বিশেষ প্রকৃতির প্রতিবন্ধকতা সম্বনীয় নিশ্চিত কতিপয় চিহু উপস্থিত থাকে।

ভাবিফল।—জীবনরক্ষা এবং রোগের গতির রোধ অথবা আরোগ্য সম্বন্ধীয় ভাবিফল তরুণ রোগে গভীরতর আশংকা নিমজ্জিত। কতিপর রোগীর সম্পূর্ণ আরোগ্যের বিষয় শ্রুত হওয়া বায়, কিন্তু যদি হইয়া থাকে, সর্বস্থলেই অতি ক্ষিপ্রতার সহিত। স্মরণীয় যে একবার সম্পূর্ণ ধ্বংস-সংঘটন হইলে, ধ্বস্ত কোষ অথবা তন্তু প্রভৃতির পুনঃস্থাপনা হইতে পারে না, গতিকেই ক্রিয়াদিরও পুনরাগমন হইতে পারে না। যাহা হউক, ইহা নিঃসন্দেহ যে অনেক কোষের কেবল রক্তাধিকা ঘটে, এবং ইহাদিগের ক্রিয়ার পুনঃ স্থাপনা হয়। অনেক তন্তুর প্রাদাহিক শুন্তিসহ জড়ীভূততা প্রযুক্ত কার্যের সহজ প্রতিবন্ধক উপত্বিত হয়; শুন্তির আশোষণ (absorption) হইতে পারে এবং ক্রিয়া পুনরাগত হয়। পুয়-মেহ ঘটিত রোগ সাধারাণতঃই আরোগ্য লাভ কল্মে। তরুণ সংক্রামক রোগের পরে যাহা জন্মে, তাহাও আরোগ্য হইতে পারে। স্থামী পক্ষাথাত সম্পূর্ণ সম্ভবনীয় ঘটনা। মৃত্র-স্থলী-প্রদাহের বিপদ হইতে রক্ষার জন্ম বিশেষ যত্নের আবশ্যক। রোগের প্রথমাবস্থার ক্রত শ্যাক্ষতের উৎপত্তি স্বাতীব গুরুতর চিত্র।

চিকিৎসা-তত্ত্ব ৷ —ইহার চিকিৎসায় রোগের কারণাত্মসরণ করিলে

অনেক সময়ে ফলপ্রত্যাশা করা যায়। অনেক সময়ে উপদংশ ইহার কারণ, তদরুদারে মার্ক-আাহ্র, অথবা মার্ক সলে, অথবা কোলি আহা প্রভৃতি প্রদর্শিত হয়। শৈত্য সংস্পর্শ ঘটিত রোগে একমাইট, ডালকামারা, জেল্সিমিয়াম অথবা হাইপেরিকাম প্রভৃতি ঔষধ নির্ভর যোগা। ম্বরণীয় যে এইরূপ গুরুতর আক্রমণের প্রবলাবস্থায় উল্লিখিত ঔষধাদি অতি নিম্ন ক্রমে, বিশেষতঃ জেল্সের মূল আরক ব্যবহার্য বলিয়া বিবেচিত হয়।

উপরে যে সকল কারণের উল্লেখ করা হইয়াছে, পাঠকের অবগ্রহ ফ্রদয়সম হইবে যে ইহার চিকিৎসায় কোন নির্দিষ্ট পতাবলম্বনে ওয়ধ নির্বাচন ফ্র্লুর পরাহত। পাঠক কারণী ভূত রোগের ওয়ধাদির প্রতি লক্ষ রাথিয়া ওয়ধ নির্বাচনে বছরান হইবেন। ফলতঃ তরুণ রোগের বিষাক্ততা (toximia), বসন্ত রোগ, টাইফয়েড অথবা টাইফাস জর, ডিফ্থিরিয়া, এবং জান্তব পচনোৎপন্ন স্থতিকা জর ইত্যাদির সংক্রেমণ ঘটিত রোগে অতি নিয়ক্রমের আত্রেশিক্ত এবং ১× অথবা ২×, মথবা, এমন কি অল্ল মাত্রার মূল কুইলাইলও যে অত্যাবশুকীয় পাঠক তাহা কখনই বিশারণ হইবেন না। রোগের সাধারণ অবস্থার ওয়ধ মধো আন্তর্শনিক, কুপ্রাম একেটি, মার্ক আহা, মার্ক্তনার এবং ক্রেমানারিন পরিগণিত হইয়া থাকে। শেষোক্ত ঔয়ধের মূল আরক ও হইতে ৫ বিন্দু এক অথবা চুই ঘণ্টা পরপর প্রিয়াগের উপদেশও দেখা যায়। অন্তান্ত কতিপয়ের নিয়ক্রম উপকারী।

কশেরুক-মজ্জোষ বা মায়িলাইটিস রোগের তরুণ এবং প্রবলাবস্থার সাধারণ ঔষধাদিঃ—

একনাইট—তীক্ষু জ্ব-তাপদহ অভাভ সাধারণ লক্ষণাদি

উপস্থিত থাকিলে ইহার পুনঃপুনঃ, ২ ঘণ্টা পর পর প্রয়োগের পর, প্রবলতার হ্রাসের সহিত ব্যবধান কালের বুদ্ধি করিতে হইবে।

ভিরেটাম ভি—নাড়ী দ্রুত এবং তারবৎ; কণীনিকা প্রসারিত; মস্তক স্বন্ধের উপরে পশ্চাদাকৃষ্ট ; বিলক্ষণ প্রলাপের বর্ত্তমানতা ; শুক্ষ এবং আক্ষেপিক কাসির সহিত পৃষ্ঠ-পেশীর প্রবল পৌনপুণিক আক্ষেপে মস্তক আরুষ্ট হইয়া প্রায় পদসহ সংলগ্ন; দেহ শীতল ও চটচটে ঘর্মারত; কণী-নিকা তীক্ষ মালোকেও চেতনা শৃত্য। জ্বরের অতি প্রবল তাপের হ্রাস জ্ত্য ১০৷১৫ মিনিট পর পর দেবন ও ইহার অরিষ্ট দ্বারা স্পঞ্জিও পিলাইন সিক্ত করিয়া মেরু দণ্ডে প্রয়োগ।

আরটিমিসিয়া এব্রটেনাম—মেরুমজ্জা-রজ্জুর হঠাৎ এবং পুরাতন প্রদাহে ইহা উপযোগী। পুঠে আকস্মিক কনকনানি বেদনার চালনায় উপশম হয়, এবং অসাড়তা এবং পক্ষাঘাত থাকে। রস-বাতগ্রস্ত রোগীর পক্ষে ইহা বিশেষ উপকারী।

ডালকামার।—সিক্তত। সংস্পর্ণে মারিলাইটিস জনিলে ইহা দ্বারা উপকার প্রত্যাশা করা যায়।

রাসটক্স---রস-বাত-ক্ষেত্র সহ সিক্ততা সংস্পর্শ-সিক্ত ভূমির উপরে শয়ন প্রভৃতি, এবং অতি পরিশ্রম ও টানাটানি ইত্যাদির সংযোগে ইহার রোগ জন্মে। সংকোচনের অনুভূতি যেন মাংসাদির থর্পতা ঘটিয়াছে; অসাড়তার সহিত চঞ্চনি, এবং চেতনার অভাব; কম্পন।

বেলাডুনা—উর্দ্ধাংশের আক্রমনে ইহা অত্যাৰগুকীয় ঔষধ; লক্ষণ – প্রবল, স্থায়ী (tonic) এবং ক্ষণিক (clonic) আক্ষেপ; সম্পূর্ণ অথবা অসম্পূর্ণ পক্ষাঘাতের সহিত অনৈচ্ছিক মূত্র-স্রাব অথবা মত্রাভাব: মেরু-দণ্ডে বেদনার সহিত শ্রান্তি: চক্ষু-পেশীর ও উপতারার অবশত। বেলাডনার অক্যান্য লক্ষণ।

ব্রায়নিয়া-প্রলাপ, উৎকণ্ঠাযুক্ত চিস্তা, অথবা ভবিষ্যৎ বিষয়ে

আশংকা, অথবা চরম নৈরাশ্য প্রাভৃতি মানসিক বিকারে ইহা প্রদর্শিত হয়; লক্ষণাদি—সম্পূর্ণ দেহে শুক্ষ তাপ, চক্ষু কাচবৎ উজ্জ্বল, বেন জলভারাক্রান্ত, অথবা উজ্জ্বল্যহীন এবং ঘোলাটে; মুথমণ্ডল জ্বালাযুক্ত এবং লোহিত, ওষ্ঠ শুক্ষ, ফাটা এবং স্ফাত; জিহ্বা শুক্ষ; অতায়, তপ্ত, ঘোরবর্ণ মৃত্র; কোষ্ঠ বদ্ধে কালচে, সুল ও শুক্ষ বিষ্ঠা; সবাধ ও কষ্টকর শ্বাস-প্রশ্বাসসহ হৃৎপিণ্ডের ক্রিয়া; উর্দ্ধাঙ্গের আক্ষেপিক চালনা, জামুর বেদনা যুক্ত কাঠিন্য।

ষ্ট্র্যামনিয়াম—প্রচণ্ড উন্মাদবং প্রলাপের আবেশ, মুখমণ্ডল গভীর লোহিতাভ, ক্ষীত এবং দৃশু বিশেষ প্রকারের ভাবশৃষ্ট্যতাবিশিষ্ট; দস্ত কিড়িমিড়ি, অথবা মুখমণ্ডলের অসাধারণ বিকৃতি; মুত্রাঘাত, এবং উদরাময়; আক্ষেপিক ঝাঁকি সহ হস্ত-পদের কম্প; দৈহিক বক্রতা; বাক্য উচ্চারণের আংশিক অথবা সম্পূর্ণ শক্তিহীনতা; প্রসারিত কণীনিকা যুক্ত ও উজ্জল চক্ষুর লক্ষাহীন স্থির দৃষ্টি—১০।১৫ বা ২০ মিনিট পর পর এক মাত্রা।

হায়দায়ামাদ— উচ্চ ক্রন্দন অথবা নিরর্থক হাস্তদহ প্রচণ্ড সর্বাঙ্গীন আক্ষেপ নিবারণে ইহা উপকারী; ইং।তে ক্রত আঘাতী নাড়ী, এবং স্ফীত ও পূর্ণ শিরা থাকে, গাঢ় লোহিত জ্বহা; চক্ষুপত্রের আক্ষেপিক সংকোচন, অথবা লোহিত বর্ণ অচল, এবং আক্ষেপযুক্ত চক্ষু; তরল বস্তু গলাধঃকরণে অপারকতা; কথন কথন ফেনিল
মুখ-লালা। প্রামোশয়ের অত্যন্ত অসহিফুতা, এবং মল-মুত্রের অনৈচ্ছিক
নিঃসরণ। সম্পূর্ণ মেরুমজ্জা ও ত্রেষ্ট ঝিল্লির প্রদাহ জন্তু অনেক সময় স্থায়ী
আক্ষেপেও ইহা উপকারী।

সিমিসিফুগা—বিবনিষা, বমন, আমাশয়দেশে মুর্চ্ছার অন্নভূতি; কোন মাদক পদার্থকর্ত্বক মস্তিষ্ক যেন অভিভূত হইতেছে বলিয়া বোধ, মস্তকের প্রত্যেক অংশেই বেদনা, বিশেষতঃ উপরদেশে ও পশ্চাতে; উত্তেজক বস্তু কর্তৃক উন্মাদাবস্থার প্রায় প্রকাপ; দৃষ্টি বিভ্রমসহ চাপিতবং, দপদপানি এবং কনকনানি বেদনা অনেক সময়ে আবেশে আবেশে হয়। দৌর্বলা এবং মন্তিজ-মেক্সমজ্জাস্নায়ুর উত্তেজনা; প্রত্যেক হৃৎস্পান্দনে মেক্স-দণ্ডের উদ্ধি এবং অধোবাহী তীক্ষ্ণ দপদপানি বেদনা; চক্ষু ঘোলাটে, কনকনানি ও টাটানিযুক্ত এবং রক্তপূর্ণ; কণীনিকা প্রসারযুক্ত; অশ্রু-প্রাব; জিহ্বা ক্ষণ্ডবর্ণ এবং স্ফীত; প্রশাস হর্গক্ষময়, স্বর কর্কণ এবং ভগ্ন; তৃষ্ণা; উদরে কঠিন বেদনা; তাহার ডাকাদি থাকে না; প্রচুর ফেকাসে মৃত্র; পৃষ্ঠ পেশীতে কঠিন, আকুষ্ঠবং বেদনা; পেশী সাধারণের দৌর্বলা, কম্প এবং আক্ষেপ।

জেলে সিমিয়াম—প্রভূত ছর্জনতা, পেনীশক্তির সম্পূর্ণ অপচয়; হস্ত, পদ এবং জজ্বার বর্ফবং শীতনতা, নাড়ী অত্যস্ত ক্ষীণ এবং প্রায় অনমূভূত; খাস-প্রখাস শ্রমসাধা; স্বর ছর্জন; প্রসারিত উপতারার সহিত গুক ভারাবনত চক্ষ্-পত্র, আলোকে চৈত্যুহীন চক্ষ্; মৃত্র-ত্যাগে সম্পূর্ণ অপারকতা, নিক্ষোখান এবং অনৈচ্ছিক মল-ত্যাগ। নিম্ন ক্রমে পুনঃ পুনঃ প্রয়োগ।

ভিরেট্রাম এ, নাক্স্ ভম, ককুলাস, ইগ্নেসিয়া— রোগের অবস্থান্থগরে ইহাদিগের মধ্যে কোন কোন ঔষধের ব্যবহার হইয়া থাকে। মেক-মজ্জা-রজ্জ্র উদ্ধাংশ আক্রান্ত হইলে ইহারা প্রয়ো-গোপযোগী—প্রধানতঃ উদরের আক্রমণে নাক্স্ ভ ও ভিরেট এ, স্নায়বিক লক্ষণাদি প্রধান্ত পাইলে ককুলোস এবং ইহ্যেসিহা

সালফার—প্রদর্শিত ঔষধে ক্রিয়া না হইলে মধ্য গামীরূপে ইহার প্রয়োগ হইয়া থাকে। মেরু-মজ্জা-রজ্জুর উর্দ্ধ অথবা অধঃ অংশের রোগ বশতঃ সাধারণ দৌর্বল্য ঘটে, বিশেষতঃ দূঢ়বদ্ধ মেরুদণ্ড সহ সর্বাদ্ধীন আক্রেপ উপস্থিত হইলে, অথবা রোগী অবসমতাগ্রস্ত থাকিলে; প্রচণ্ড প্রশাপ স্থলে মৃত্ কেকানি প্রলাপ, অর্দ্ধ নিমীলিত চক্ষ্ক্, শ্রমসাধ্য ও "নাক ডাকা" খাস-প্রখাস, চালনাহীন শরীরের অবিশ্রান্ত চিং অবস্থার অবস্থানকালে মধ্যে মধ্যে অঙ্গানির মৃত্ব ঝাঁকিতে স্বল্লকম্পন; অসংলগ্ন কথার আবশ্যকীয় বিষয়াদি জ্ঞাপনের চেন্তা; প্রসারিত চক্ষ্ম অত্যন্ত চেতনাধিকা যুক্ত অথবা আলোকে সম্পূর্ণ চেতনা হীন; ওচ্ছের কম্পা, জিহ্বা বিদারণ যুক্ত; কেনময় তুর্গদ্ধ মলনিঃসরণ; অনৈচিছ্ক মৃত্র-ত্যাগ।

আর্দেনিক—শাস-প্রধাদের অত্যধিক কট এবং উৎকণ্ঠা; বক্ষ দড়িদ্বারা বান্ধা থাকার ভাগ সংকোচিতভাব ও আটাবোধ; সম্পূর্ণ অঙ্গাদিতেই আনর্ভন, কম্প, শ্রান্তিবোধ এবং প্রচণ্ড চমকানি; ধনুষ্টক্ষারবং আক্ষেপ।

ওপিয়াম — সাধারণ এবং অনেকক্ষণ স্থায়ী আক্ষেপিক সংকোচনে দেহের পশ্চাৎ পার্শ্বে বক্রতার সহিত শব্দযুক্ত, নাসিকা ধ্বনীকর শ্বাস-প্রশ্বাস, এবং দৃইতঃ শ্বাস-রোধের আক্রমণ; উর্দ্ধ এবং নিমাঙ্গের কম্পন; শরীরের ভিন্ন ভিন্ন অংশের আক্ষেপিক ঝাঁকি; ফেকাসে, ভম্মের স্থায়, বিসা যাওয়া, অথবা ক্ষীত, এবং লোহিত বর্ণ মুখ স্থির, অর্দ্ধোন্মক্র, কাচবৎ; বিকটাকার বহিনিঃসারিত চক্ষু; পেশীর শিথিলতা নিবন্ধন চক্ষ্ম পল্লবের পক্ষাঘাতিক পতন; উদরের কাঠিন্ত; অতান্ত কাল এবং হর্গন্ধ, অথবা অনৈচ্ছিক ফলত্যাগ; অতান্ন, ঘোর বর্ণের মৃত্র অথবা মূত্রাঘাত; অলস এবং হর্পালাবস্থা; পূর্ণ, ধীর, ক্ষণ লোপবিশিষ্ট নাড়ী; শীতল গাত্র।

বহিরাগত আঘাত নিবন্ধন রোগে।—আর্ণিকা প্রধান স্থান অধিকার করে; হাস্ক্রসাম্বাস্ত্র এবং প্রশিক্সাম্বের উপ-যোগিতা উপস্থিত হইয়া থাকে। লক্ষণামুসারে ব্যবহার্য।

পুরাতন মেরু-মজ্জোষ বা মায়িলাইটিস।—ইহার চিকিৎ-

সায় ডাঃ কাউপার থোয়েট **তি**ক্নিহা। সাল্ফেবে সর্বপ্রধান উষধ বলিয়া বিশ্বাস করেন। তাঁহার মতে অপেক্ষাকৃত ক্রত
অথবা বিলম্বে ইহার ক্রিয়া অমোঘ। যত বিলম্বই হউক হতাশ
হইয়া ঔষধ পরিত্যাগ তাহার মতে নিষিদ্ধ। তিনি ঠু, গ্রেঃ মাত্রায়
প্রতিদিন তিন অথবা চারিবার করিয়া ইহার ত্বগধঃ প্রয়োগের উপদেশ
করিয়াছেন। ফলতঃ সাধারণ মতে রোগের তরুণাক্রমণে উপরোল্লেখিত
ঔর্ধাদি লক্ষণ সাদৃশান্ত্রসারে বাবস্থেয়। আমাদিগের মতে পুরাতন
রোগের ঔষধ বাবস্থায় রোগীর ধাতুর (constitution) অনুসরণ করা
নিত্যস্ত কর্ত্রবা।

আকুষঙ্গিক চিকিৎ্দা।—প্রথমেই রোগীকে সর্ক্রোভাবে বিশ্রানাবস্থার রক্ষার্থ স্থবন্দবন্তের আবশাক। কোন কারণেই রোগীকে শন্যা হইতে স্থানান্তরিত করা হইবে না, এমন কি মল-মূত্র-ত্যাগের জ্বন্তর নহে। রোগীকে অতি যত্নের সহিত নিম্মল রাথার প্রয়োজন। মূত্রবারা অও-কোম-হক যাহাতে উত্তেজনাযুক্ত না হর তির্ষয়ে বিশেষ যত্নের প্রয়োজন। মূত্রত্যাগ জন্ম যুরিন্যাল বা মূত্র-ত্যাগ-পাত্র অথবা শোষক তুলার (absorbent-cotton) ব্যবহার করিলে কার্য্য দিন্ধ হয়। শন্যা-ক্ষত নিবারণার্থ পুরু, কোমল এবং খোঁচাদিহীন শন্যার ব্যবহার করিবে। শন্যার জন্ম বাতাস অথবা জলের গদির ব্যবহার শন্যা-ক্ষত নিবারণের উৎকৃষ্ট উপায়। বিশেষজ্ঞ দ্বারা বৈত্যতিক (গাল্ভ্যানিক) স্লোতের ব্যবহার ফলপ্রদ হইতে পারে। রোগের তরুণাবস্থায় যথেপাপ্রস্কুত তরল পথ্য উপযোগী।

# লেক্চার ২৭০ (LECTURE CCLXX.)

### রদ্ধাবস্থার অধোর্দ্ধ পক্ষাঘাত বা সিনাইল প্যারাপ্লেজিয়া।

(SENILE PARAPLEGIA.)

বিবরণ।—ডাঃ ডিমেঞ্জ একরপ অসম্পূর্ণ অধোর্দ্ধ পক্ষাঘাতের বিষয় উল্লেখ করিয়াছেন। ইহা অতি বৃদ্ধ বয়সে সংঘটিত হয়। তাঁহার বিবেচনায় ইহা মস্তিক্ষ-ধননীর ঘনীভূততা সংযুক্ত স্থুলতার ফল। সর্বস্থলেই ইহার রোগের আক্ষেপিক প্রকৃতি গ্রহণে প্রবণতা দৃষ্ট হয় না। ইহাতে সকম্প পক্ষাঘাতের ন্যায় কিঞ্চিৎ কম্প উপস্থিত থাকিতে পারে, কিন্তু তাহা আদর্শ স্থানীয় নহে। ইহার লক্ষণাদি শরীরাংশের আক্রমণামুসারে পরিবর্ত্তননীল। পাঠক সহজেই বোধগম্য করিতে পারিয়াছেন ইহা একরপ ধাতুবিকারঘটিত অতি বৃদ্ধ বয়সের রোগ। ইহাতে আগন্তুক উপসর্গ ভিন্ন মূল রোগের ঔষধ-চিকিৎসা অসম্ভব। আবশ্য কান্ম্পারে উপদর্গের নিবারণার্গ ঔষধ-ব্যবস্থা কর্ত্তব্য। আনুষ্পিকরূপে পেশীর শক্তি ও পুষ্টি-রক্ষার্থ প্রচলিত মৃত্ব চালনাদির সাহায্য গ্রহণ করিবে।

## লেকুচার ২৭১ (LECTURE CCLXXI.)

### কশেরুকা-মজ্জার পূয় শোথ বা এবসেস্ অব দি স্পাইনেল কর্ড।

(ABSCESS OF THE SPINAL CORD.)

বিবরণাদি।—রোগ অতীব বিরলতর অথবা সম্ভবনীয় ঘটনামাত্র।
এরপ যে অনেক বহুদশী এবং খ্যাতনামা অস্ত্র-চিকিৎসকেরও ইহা ক্লচিৎ
চক্ষু গোচর হইয়াছে। রোগ নিশ্চিতই মৃত্যুতে শেষ হয়, এবং মৃত্যুর
পর শব দেহে ব্যতীত কথনই নিঃসন্দিগ্ধ রোগ নির্দাচন হয় না। অভিঘাত, পৃষসংস্কট নলৌষ (purulent bronchitis), পৃষ্মেহ, অথবা
প্রস্তৈট প্রম্থির পৃষ্-শোথ ইইতে ইহা উৎপন্ন হইতে পারে।

কশেরকা-মজ্জা-বেষ্ট-ঝিল্লি-প্রদাহের কতিপয় লক্ষণ দেখা দেয়, এবং শীঘ্রই সাধারণ প্রকারের শীত শীত ভাব, তাপের পরিবর্ত্তন, উচ্চ এবং স্থভাবনিম তাপ, স্পর্শলোপ এবং পক্ষাঘাতযুক্ত প্রদেশ উপস্থিত হয়। শেষোক্ত স্পর্শ লোপাদি মজ্জার অপায় প্রকাশ্বিত করে, এবং প্যের উৎপত্তি দারা কশেরকামজ্জা রজ্জুর পৃষ্যশোধ বিষয়ে প্রবল সন্দেহের কারণ উপস্থিত হয়।

পাঠক হৃদয়ক্ষম করিবেন লক্ষণ সংস্কৃত্ত ঔষধ চিকিৎসা ব্যতীত ইহাতে নিন্দিষ্ট ঔষধের ব্যবস্থা হইতে পারে না। রোগের শম্যক নির্দেশ হয় না। এজন্ম প্রায় একমাত্র উপযোগী অস্ত্রচিকিৎসার ব্যবস্থাও স্থদ্র পরাহত।

## লেক্চার ২৭২ (LECTURE CCLXXII.)

### কশেরুকা-মজ্জারজ্ব অর্ক্যুদ বা টিয়ুমারদ অব দি স্পাইনেল কর্ড।

(TUMORS OF THE SPINAL CORD.)

বিবরণ।—প্রায় যে কোন প্রকারের অর্জুদুই মেরুদ্গু-প্রণালী আক্রমণ করিতে পারে। তাহারা দৃঢ় মাতৃকা ঝিল্লীর বহি:পার্শ্বে, দৃঢ় মাতৃকা-ঝিল্লী এবং কোমল মাতৃকা-ঝিল্লীর মধ্যে, কোমল মাতৃকা-ঝিল্লীর অভ্যন্তর পার্শ্বে অথবা প্রকৃত মজ্জারজ্জ্বে অবস্থিত হইতে পারে। অর্কুদু কশেরুকা-মজ্জারজ্জু অথবা তদভাস্তরস্থ একটি কোটর হইতে জন্মিতে পারে। ইহার কারণ সম্বন্ধে উপদংশার্ক্বদু (syphiloma) বাতীত আজন্ম এবং পরাঙ্গ পৃষ্ট (parasitic) অর্ক্বদু বিষয়ে চিকিৎসক মণ্ডলী সামান্তই বিদিত। ইহার কারণ সহ অভিবাত যে গুরুতর-রূপে সংশ্লিষ্ঠ থাহা নিতান্তই সম্ভব বলিয়া বিবেচনা করা যায়।

আময়িক বিধান-বিকার-তত্ত্ব।—— সাধারণতঃ ইহারা পৃষ্ঠ এবং মেরুদণ্ডাধঃ (canda-equina) দেশে জন্মে, কিন্তু যে কোন অংশেই উপস্থিত হইতে পারে। সাধারণতঃ মেরুদণ্ড-রজ্জুর মূল বস্তুর পরিবর্ত্তন ঘটে না, সম্পূর্ণ লক্ষণই চাপের উপরে নির্ভর করে।

লক্ষণ-তত্ত্ব | — প্রায় সর্বস্থলেই প্রথম লক্ষণাদি একপার্শীয় অথবা দিপার্শীয়, অধিকতর সময়ে ইহাতে একটিমাত্র পশু কামধ্য কশেরুকা-মজ্জোছত স্নায় পথবাহী ক্রমবিদ্ধিরু স্নায়-শূল উপস্থিত হয়। এই বেদনা অত্যন্ত তীক্ষ হইয়া উঠে, এবং অল্ল কিছুকাল পরে স্পষ্ঠতর স্বল্ল বিরামযুক্ত হয়, পুনর্বার লগ্নভাব ধারণ করিলে সময়ে সময়ে পরিষ্কার বৃদ্ধি প্রাপ্ত হয়।
নতুন কিছুনা ইইয়া এই অবস্থা কতিপয় মাস স্থায়ী হইতে পারে।

পরে যাহা হয় অর্ক্রদের অবস্থিতির স্থানের উপরে নির্ভর করে। সম্ভবতঃ কিয়ৎ পরিমাণ স্থান ব্যাপিয়া ম্পর্শ লোপ, অথবা তীক্ষতর ম্পর্শজ্ঞান বা চৈত্যাধিকা উপস্থিত হয়। অপিচ আক্রান্ত স্নায়ু যে শরীর স্থানে গতিশক্তি প্রদান করিয়াছে তাহার উত্তেজনার লক্ষণ প্রাপ্ত হওরা যায়। অর্ধ্বাদের বৃদ্ধির সঙ্গে সঙ্গে স্পর্শলোপ এবং উত্তেজনার স্থানের আয়তন বৃদ্ধি প্রাপ্ত হয়। যদি একাধিক সংখ্যক অর্ধ্বুদ থাকে, তাহাতে প্রত্যেক অপায়ের স্থান হইতে ভিন্ন ভিন্ন তীক্ষ্ণতা বিশিষ্ঠ ক্থিত লক্ষণাদি জ্বনো। পরে চাপের চিহ্নাদি উপস্থিত হয়। যে সকল স্থানে আক্রাস্ত কশেরুকা-মজ্জোভূত স্নায়ু বিস্তৃত হইয়াছে তাহাদিগের ধীরে বর্জনশীল পক্ষাঘাত, এবং সাধারণতঃ নিমন্ত শরীরাংশাদির আক্ষেপিক পক্ষাঘাত জন্মে। এই পক্ষাঘাত যে কোন প্রকারের হইতে পারে। অধি-কাংশ সময়েই ইহাতে কোন প্রকার একাশ্রয়ী পক্ষাথাত (monoplegia), অর্থাৎ কেবল একদল পেশীর আক্রমণ হয়। রোগের গতি স্থিরতার সহিত क्रमिविञ्जात्रभीन नरह, किन्नु श्रीम मर्स्वष्ट्रताहे भविष्ठात्र सम्निविद्याम थारक। পক্ষাঘাত আরন্তে সাধারণতঃ একপাখীয় থাকে, এবং পরে দিপাখীয় হয়। পক্ষাঘাত একপাখীয় হইলে অৰ্ক্ত দেৱ স্থান হইতে বিপরীত পার্শ্বের নিমাভিমুখে• সাধারণতঃ চৈত্ত্যাধিক্য বিস্তৃত হয়, এবং সম্পার্ট্থে স্পর্শলোপ থাকে।

সরলান্ত্র এবং মৃত্রস্থলী শীঘ্রই আক্রান্ত হয়, প্রথমে মল-মূ্এ-ত্যাগেচ্ছার বৃদ্ধি, পরে উহাদিগের অনৈচিছক ত্যাগ অথবা কখন কখন অবরোধ ঘটে।

রোগ নির্বাচন এবং চিকিৎসা।——অধুনা অন্ত-চিকিৎসা কার্যতঃ স্থসাধ্য বলিয়া পরিগণিত। এজন্ত রোগ নিকাচন অতীব গুরুত্ব লাভ করিয়াছে। এজন্ত যে কৌন স্থলে উপরে বর্ণিত লক্ষণাদি উপস্থিত হয় বিশেষজ্ঞ দ্বারা পরীক্ষার পর অর্কুদ্ বলিয়া স্থির হইলে তৎক্ষণাৎ অন্ত্র-ক্রিয়া দ্বারা স্থানাস্তরিত করা উচিত। উপদংশজ অর্কুদের চিকিৎসা ঐ প্রকার মন্তিক্ষার্ক্ত দে ব্যবস্থিত ঔষধ দ্বারা হইবে।

## লেক্চার ২৭৩ (LECTURE CCLXXIII.)

### কশেরুকা-মজ্জায় রক্তশ্রাব বা হিমরেজ ইন দি স্পাইনেল কর্ড।

(HEMORRHAGE IN THE SPINALCORD.)

প্রতিনাম।—রক্তরাবযুক্ত কশেরুকা-মজ্জা বা হিমাটমায়িলিয়া (hematomyelia); কশেরুকা-মজ্জা-সম্মাস বা মেডুলাই-ম্পাইন্তাল এপপ্লেক্সি (medulli-spinal apoplexy)। রক্ত-রাব কশেরুকা-মজ্জায় অথবা মজ্জা-বেষ্ট-বিল্লীতে হইতে পারে। কশেরুকা মজ্জা বা মেরুদণ্ড রক্জুতে ইহা অতীব বিরল, এবং মজ্জা-বেষ্ট-বিল্লীতেও সাধারণতঃ সংঘটিত হয় না।

কারণ-তত্ত্ব।—প্রদাহ প্রক্রিয়া অথবা অর্ক্ল্বের ফল, যাহারা চিকিৎসা বিষয়ে গুরুত্ব হীন, ব্যতীত যে সকল অবস্থা কশেরুকা-নজ্জা অথবা মজ্জা-বেষ্ট-ঝিল্লীতে রক্ত-স্রাব সংঘটিত করে তাহাতে পূর্বের রক্তনাড়ী-প্রাচীরের হর্বলতা থাকার অনুমান অসঙ্গত নহে। অভিঘাত এবং অত্যধিক শারীরিক শ্রম, বিশেষতঃ অত্যন্ত উত্তেজনার সহিত শারীরিকশ্রম উত্তেজক কারণ হইতে পারে।

আময়িক বিধান-বিকার-তত্ত্ব।—ইহার রক্ত-চাপেও মন্তিক্ষের রক্ত-স্রাব ঘটিত রক্ত-চাপে যে সকল পরিবর্ত্তন সংটিত হয় তদ্রূপ ঘটে।

লক্ষণ-তত্ত্ব।—আক্রমণারন্তে হঠাৎ পক্ষাঘাত, সাধারণতঃ অধো-রূপির রোগ জন্মে, এবং তাহার সহিত মেরু-দণ্ডে কঠিন বেদনা হইয়া কতিপর ঘণ্টা মধ্যে অন্তর্জান করে। যাহা হউক, অবশতা, একাশ্রমী পক্ষাঘাত অথবা একরূপ কশেরুকমাজ্জের অর্জাঙ্গ হইতে পারে। অনুভূতি সংস্ঠ লক্ষণাদিও সাধারণতঃ উপস্থিত হয়, এবং রক্ত-চাপের পরিমাণ ও অবস্থানাত্ম্বারে তাহারা যে কোন প্রকারের হইতে পারে। প্রতিক্ষিপ্ত ক্রিয়াদির অভাব অথবা অতি বুদ্ধি হইতে পারে। ভোগের কতিপর দিবসের মধ্যে জ্বর-লক্ষণ দেখা দেয়, কিন্তু উপদর্গ না থাকিলে কঠিনতর হয় না। রক্তপ্রাব দৃঢ় মাতৃকার বহিঃপার্শ্বে হইলে পক্ষাঘাতের আক্রমণ তাদৃশ হঠাৎ সম্পূর্ণতা পায় না, এবং তাহা সম্ভবতঃ একাশ্রয়ী প্রকারের হওয়ারই অধিকতর সম্ভাবনা থাকে। মেরু-দণ্ডে পূর্ব্ববৎ কঠিন বেদনা হয়, কিন্তু নিম্নাঙ্গ পর্যান্ত বিস্তার করে, এবং সঙ্গে সঙ্গে পেশীর আনর্ত্তন ও ঝাঁকি থাকে। শীঘ্রই সায়-মুলের উত্তেজনার চিহ্নাদি দেখা দেয়। কশেরুকা-মজ্জার চাপ-নিবন্ধন কোমর বন্ধ পরিহিত ভাবের অনুভূতি অতি সাধারণ।

রোগ-নির্বাচন ৷—তরুণ ক্ষয়কর কণেরুকা-মজ্জা-প্রদাহে (poliomyelitis, শিশু পক্ষাঘাত) জ্বর পক্ষাঘাতের পূর্ব্বগামী হয়, কোনরূপ মেরু-দণ্ড-বেদনা, চৈত্যাধিক্য অথবা স্পর্শ লোপ থাকে না। মূত্রস্থলী এবং সরলাম্ভ লক্ষণ হয় না, এবং শ্যাক্ষতেরও প্রবণতা দেখা যায় না।

কশেরুকা মজ্জা-প্রাদাতে পক্ষাঘাত কথনই তৎক্ষণাৎ সমুপ্ত স্থিত হয় না, জ্বর অনুপস্থিত থাকিতে পারিটেণও সাধারণতঃ পক্ষাঘাতের পূর্ব্বে এবং ভোগকালের প্রথম কতিপয় দিবস উচ্চ থাকে। চৈতক্সাধিকা বা স্পর্শক্তানাধিক্য থাকিলেও অতি অন্নই থাকে, পক্ষান্তরে স্পর্শলোপ শীঘ্র জন্মে এবং স্পষ্টতর হয়।

অর্ব্দুদ রোগে প্রথমে স্থানিক এবং বিকিরণশীল বেদনা, পরে গতি এবং অমুভূতি উভয় সম্বন্ধীয় ক্রমবদ্ধিষ্ট পক্ষাঘাত জন্মে।

ভাবীফল-তত্ত্ব।--কশেক্ষকা-মজ্জার উপাদানে অর্ব্যুদ জন্মিলে চাপের অবস্থিতি এবং পরিমাণামুদারে ফল সংঘটিত হয়। পৃষ্ঠদেশে অবস্থান ঘটিলে গ্রীবা অথবা কটিদেশ অপেক্ষা কম অনিষ্টের আশা করা যাইতে পারে। উচ্চে হইলে মাতৃকা মূলাধার (medulla) আক্রান্ত হইতে পারে, অথবা তাহার গৌণ প্রদাহ ঘটিতে পারে, এবং পরিণামে মৃত্যু অপরিহার্যা হয়।

গৌণ প্রদাহের সংঘটন না হইলে সর্ব্ব স্থলেই গতি এবং চৈতত্ত্বের আংশিক পুনস্থাপনা হয়, কিন্তু ক্রচিং সম্পূর্ণ আরোগ্যের আশা করা হয়ে। এই সকল রোগি পরে অধিক কাল জীবন ধারণ করে না। শ্যাক্ষাত্রে শীঘ্র উপস্থিতি গভীরত্ব অমক্সল স্চক।

চিকিৎসা-তত্ত্ব।—ডাং কাউপার পোয়েট রক্ত প্রাবের গাতির করিবার জনা, ঘটনার অবাবহিত কাল পরে, ডাং সুইব্স্ একুয়াস্ এক্স্ট্রাক্ট অব আর্গটের দশ হইতে বিশ বিল্র হগাধঃ পিচকারির উপদেশ করেন। কিন্তু আমাদিগের বিবেচনায় রোগীর অবস্থানুসারে নির্কাচিত হইলে হোমিওপাথি মতের প্রদিদ্ধ রক্তপ্রাব রোধক ওমধাদি দারা উৎকৃষ্টতর ফল পাওয়া যাইতে পারে। এই সকল ওমধ মধ্যে আবিকা, ত্রিলিক্সাম, বেলাভনা এবং একনাইটি ইতাদি উল্লেখ যোগ্য।

প্রাতন কশের কা-এজনিএল পর প্রাতিকংশ করিতে হইবে।

আকুষক্তিক চিকিৎসা।—তিন অথবা চারি সপ্তাত সর্বতোভাবে স্থিরাবস্থার শ্যাশায়ী রাথিবে। উবুড় হইয়া অথবা পার্শ্ব চাপিষা শরন নির্কারাতিশয় সহকারে কর্ত্তব্য। শয়নে জলপূর্ণ অথবা বাতাস পূর্ণ গদি বিশেষ উপযোগী। রক্ত-প্রাবের বর্ত্তমানতার প্রমাণ থাকিলে মেরদগুস্থলে বরফের থলি ইত্যাদি প্রয়োগ করা যায়।

#### লেক্চার ২৭৪ (LECTURE CCLXXIV).

কশৈরুকা-মজ্জার নব-গঠন-প্রক্রিয়া বা গ্লায়দিস এবং মজ্জা-গহার বা দিরিঙ্গমায়িলিয়া অব দি স্পাইন্যাল করত।

( GLIOSIS AND SYRINGOMYELIA OF THE SPINAL CORD ).

বিবরণ ৷ — গুট অবস্থা কার্যাতঃ সর্ব্দ স্থলেই এক সঙ্গে জন্মে ৷ <sup>ব</sup>

কারণ-তত্ত্ব।—পূর্ক্পবণতা, অভিঘাত, এবং কশেক্ষকা-মজ্জায় রক্ত-স্রাব ইহার কারণ বলিয়া বিবেচিত। কশেক্ষকা-মজ্জার ধুসর পদার্থে নব-গঠন-প্রক্রিয়া গ্লায়সিস বলিয়া কথিত, এবং এই নব পদার্থের অপক্ষন্ততা যে গছবরোৎপন্ন করে তাহাকে সিরিক্ষমায়িলিয়া বলা যায়। নবগঠিত পদার্থের অপক্ষতা হইতে গহবর জন্মিতে পারে।

আময়িক বিধান-বিকার-তত্ত্ব।—নেরুদণ্ড হইতে স্থানান্তরিত করিলে কশেরুকা-মজ্জা, বিশেষতঃ গ্রীবাংশের কৈশেরুকা-মজ্জা কর্তুনে সাধারণাপেক্ষা বৃহত্তর দেখায়। অনেক সময় পাশা পাশি ভাবে স্পষ্টতর একটি কোটর দৃষ্ট হয়, অথবা যাহা দেখিতে অর্কু দের স্থায় প্রতীয়মান হয়। যাহাই হউক পরীক্ষায় ইহার কোন স্থলে একটি অর্কু দুপ্রকাশিত হইবে। অনুবীক্ষণ যন্ত্র-পরীক্ষায় তাহার গঠনে গ্রন্থি-কোষ (glia cells) এবং গ্রন্থি-তন্তু (glia fibers) দৃষ্ট হইবে। ও

লক্ষণ-তত্ত্ব ।— সাধারণতঃ রোগ গ্রীবা প্রদেশে অবস্থিত। এক হস্তে হইতে পারে, কিন্তু সাধারণতঃ হুই হস্তে ক্ষয় আরম্ভ হয়। ক্ষয় প্রথমে হস্তের ক্ষুদ্র ক্ষুদ্র পেশী আক্রমণ করে। পরে তাহা হস্তের উর্দ্ধান্তি মুথে বুদ্ধি পায় এবং য়য় ও কখন কখন, এমন কি দেহকাণ্ডের উর্দ্ধাংশের পেশী
পর্যান্ত আক্রমণ করে। হন্তের অবস্থা মেরুদণ্ডের ক্রমবিদ্ধিয়ু পেশীক্রমের (spinal progressive muscular atrophy) সহিত অতীব
নিকটতর সাদৃশ্য প্রকাশ করে, এবং সহজেই তাহার সহিত প্রান্তি জন্মিতে
পারে। প্রত্যেকটি স্বতন্ত্র পেশীতে অপক্রতার বৈত্যতিক প্রতিক্রিয়া দৃষ্ট
হয়। আক্রান্ত স্থানাদির অসম্পূর্ণ স্পর্শ লোপ পাওয়া যায়। সাধারণ
চৈতন্ত অক্রম অথবা প্রায় তজ্ঞপ থাকে; বেদনার এবং তাপের
অমুভূতি অনেক কমিয়া যায়। রক্তনাড়ীগতি সংক্রান্ত এবং পোষণ সংস্কৃত্র
অবস্থা নিবন্ধন সম্ভবতঃ রোগীর অতি ধীর আরোগাশীল ক্ষত জন্মে, যেহেতু
রোগী বেদনা অথবা তাপারুভূতি বিষয়ে অপারক থাকে। ক্র্মে ক্রমবিশ্বিকা জনিয়া ধীরারোগ্য শীল ক্ষত রাথিয়া যাওয়া অতীব সাধারণ। অন্তি
প্রায়শঃই ভঙ্গ প্রবণ হয়, এবং তরিমিত্ত সহজেই ভঙ্গ হয়, এবং ভাল যোড়
বীধেনা। অনেক সময়ে সম্ধির নানাবিধ পোষণ-বিভাট ঘটে।

বে সকল রোগে মূল অপায় কশেরুকা-নজ্জার অন্ত দেশে অবস্থিত হয়, লক্ষণের দেশ ভিন্নতর হইতে পারে, কিন্তু প্রকৃতির ভিন্নতা ঘটে না।

রোগ-নিব্রাচন।—প্রথমাবস্থায় রোগ নিশ্চয়তার সহিত নির্বাচিত না হইলেও শেষ সম্পর্ণতার অবস্থায় কথনই কঠিন সাধ্য হয় না, অতি বন্ধিত জামু-ঝাঁকির (knee-jerk) অমুপস্থিতি, পোষণ-বিভ্রাটের সহিত অমুভূতিক লক্ষণাদির বিশেষ প্রকৃতি প্রভৃতি ইহার নির্বাচনের বিশেষ সাহাষ্য কারী। ত্ব

ভাবীফ্লা।——নিয়ন এই যে রোগ অতি ধীর ও কষ্টকর প্রক্রিয়ায় ক্রমে বাড়িয়া যায়। হহা বিশ অথবা পাঁচিশ বৎসরও স্থায়ী হইতে পারে। বোধ হয় কোন কোন রোগ আপনা হইতেই নিবারিত হয়, এবং তদবস্থাতেই থাকে। ইহার আরোগ্য অসম্ভবই বলিতে হইবে।

# লেক্চার ২৭৫ ( LECTUTE CCLXXV.)

# ভুবারীর অথবা কোষ্ঠ-কোটর-রোগ বা কেসন ডিজিজ।

( DIVER'S OR CAISSON DISEASE)

বিবরণ।— ডুবারুগণ জলে নিমজ্জিত হইয়া ডুরারীর কার্য্য সম্পাদন করিতে জলের প্রবেশ নিবারক এবং বায়ুর গতায়াত সম্পাদক একরূপ কোটরের (caisson) ব্যবহার করে। এই কোটরস্থ বায়ুর গুরুত্ব নিয়মিত অপেক্ষা-চারি অথবা পাঁচ গুণ অধিকতর থাকে, এবং তাহাতে ডুবারীর মস্তিষ্করে অথবা কশেকা-মজ্জার পক্ষাঘাত জন্মিতে পারে।

জলাশর হইতে উত্তোলিত হওয়ার পর কোটর বা কেসনের বাহিরে আগমন মাত্রই ডুবারু কিঞ্চিৎ শিরোঘূর্ণন এবং মস্তকে গুরুত্ব বোধ করে, এবং কর্ণাভান্তরে ভন ভন করিতে থাকে। অল্প সময়ের মধ্যে, অর্দ্ধ ঘণ্টা অথবা অল্প কতিপয় ঘণ্টা, লক্ষণাদি রৃদ্ধি পায় এবং পক্ষাঘাতের আক্রমণ হয়; সাধারণতঃ ইহা স্পশ লোপ সহ আক্ষেপিক অধোদ্ধাক্ত; এবং অনৈচ্ছিক মূত্র-নিঃসরণ; কোন কোন স্থলে মূত্র-রোধ সংঘটিত হয়। পক্ষাঘাত যদি স্পষ্ট না হইয়া থাকে রোগী স্বভাবারোগ্য হইতে পারে। আক্রমণ কঠিনতর হইলে নিশ্চিত মৃত্যু ঘটে।

ভুবারুদিগকে সাবধান করিয়া দেওয়া উচিত যেন অতি শীঘ্র কোটর বায়ু হইতে সাধারণ বায়ু মধ্যে না আসে। ভুবারুর-কার্যো প্রায় সর্বস্থলেই এরপ উপায় অবলম্বিত হয় যাহাতে ভুবারু ক্রমে ক্রমে বায়ুর এক গুরুত্ব হইতে বায়ুর অন্ত গুরুত্ব স্থান পরিবর্ত্তন করিতে পারে, এই রূপে অনেকাংশে বিপদ অতিবাহিত হয়। গ্যালভ্যানিক ও ফ্যারাভিক বৈত্যাতিক প্রোত এবং অঙ্গসংবাহনের অবিলম্বে প্রয়োগ ইহার উৎকৃষ্ট এবং উপযোগী চিকিৎসা।

# লেক্চার ২৭৬ ( LECTURE CCLXXVI.)

### কশেরুকা-মজ্জা-প্রবর্ধনের রোগ বা ডিজিজেজ্ অব কডা ইকুইনা।

(DISEASES OF CAUDA EQUINA)

কারণ-তত্ত্ব ।—নানাবিধ অভিবাত, তৃকান্থি এবং কটি-কশেরুকার রোগের প্রসারণ, মজ্জা-বেষ্ট-ঝিল্লী-প্রদাহ, অথবা উপদংশ হইতে রোগ উৎপন্ন হয়।

কশেরকা-মজ্জার এই বিস্তৃতি সম্পূর্ণতঃ অথবা অংশতঃ রোগ গ্রস্ত জ্বতে পারে।

সমগ্র অংশ আক্রান্ত হইলে, সম্পূর্ণ ক্ষর সংস্কৃত্ত অধোদ্ধান্ধ এবং অদ্ধার্পনিলোপ সহ অনিদ্রা এবং উপরি দেশের প্রতিক্ষিপ্ততার অভাব সংঘটিত হয়।
মৃত্র-স্থালী এবং সরলান্ত্র আক্রান্ত হয়। শ্রোণি-বক্ষমনীর (dio-inguinal) \*
এবং শ্রোণি-উদরাধ্বং (ilio-hyhogastric) † প্রদেশাদি এবং অপ্তকোষাদির স্পর্শ জ্ঞান রক্ষা পায়, উদ্ধি কটি-স্নায়ু সকলের আক্রমণ হয় না।
নিম্নান্ধ সংস্কৃত্ত (crural) এবং রোধকী (obturator) প্রদেশাদি আক্রান্ত
না হইলে, অপায় স্থান তৃতীয় কটি-কশেরকার অধোদেশ বলিয়া প্রমাণিত
হয়। পক্ষাঘাত য়িদ কেবল সরলান্ত্র, মৃত্র-স্থলী এবং জননেন্দ্রিয়-ক্রিয়া
সংস্কৃত্ত হয়, এবং অশ্বারোহীর পরিহিত প্যাণ্ট্যালুনের যে স্থানে বন্ধ দি-ভাঁজ
থাকে, তদ্বারা আরত শরীরাংশের একটি ক্ষুদ্র স্থানে স্পর্শ লোপ থাকে
দ্বিতীয় ত্রিকাস্থিমায়ু-মূলের অধোদেশে অপায় থাকার প্রমাণ স্বরূপ হয়।
যদি কেবল গুহুদ্বারোন্ত্রোলক পেশীর (levator ani) পক্ষাঘাত এবং

<sup>\*</sup> भागि उ क्ठिक आपमा।

<sup>†</sup> নিমোদর ও শ্রোণিপ্রদেশ।

কোকিলচঞ্-অস্থি সংস্কৃত্তী (coccygeal) দেশের স্পর্শলোপ উপস্থিত হয়, কোক্লিচঞ্-অস্থি সংস্কৃতি মায়ু মাত্র আক্রান্ত বলিয়া জ্ঞাত হওয়া যায়।

ডাঃ অপেনহিম সর্ব্ধপ্রথমে অন্তিম স্নায়্- ত্ত্ত-শুচ্ছের (filium terminale) রোগের স্পষ্টতর বর্ণনা করিয়াছেন বলিয়া কথিত। তিনি বলেন ইহা নিম লিখিত লক্ষণাদি উপস্থিত করেঃ সরলান্ত্র এবং মৃত্ত-স্থলীর পক্ষাঘাত, জননেন্দ্রিয় সংস্ট এবং একিলিসের (achylles) প্রতিক্ষিপ্ত ক্রিয়াদির অপচয়, এবং অস্থারোহণ পাজামা বা রাইডিং পান্ট্'স্ স্পর্শলোপ। উভয় রোগেরই প্রথমাবস্থায় বেদনা হওয়ার সন্তাবনা থাকে। ভাবী ফল ভালই বলা যায়। অধিকাংশ স্থলে রোগ সম্পূর্ণ আরোগ্য হয়, অস্থান্ত আরোগ্য অসম্পূর্ণ থাকিলেও ক্রমে র্দ্ধির প্রবণতা থাকে না।

চিকিৎসা-তত্ত্ব।—উপদংশ রোগ-কারণ ইইলে তত্ত্পযুক্ত
চিকিৎসা ফলপ্রদ। আভিঘাতিক রোগে আ নিকার প্রয়োগ এবং
অস্ত্র চিকিৎসাই উপযুক্ত উপায়। অন্যান্ত হলে অঙ্গ সংবাহন (massage),
বৈহাতিক স্রোতের প্রয়োগ এবং উপযোগী ঔষধের ব্যবস্থা দ্বারা ফললাভ
হয়। ডাঃ কাউপার থোষেটের মতে, ষ্ট্রিক্নিয়া ্বই (আমাদের মতে
ত্রইত) গ্রেণ মাত্রায় প্রতি দিন চারিবার অনেক সময়ে আশ্চর্যা ফল দেয়।

#### লেকচার ২৭৭ (LECTURE CCLXXVII.)

#### কশেরুকা-মজ্জার বিকম্পন বা কন্কাসন অব দি স্পাইনেল কর্ড।

(CONCUSSION OF THE SPINAL CORD)

বিবরণ।—কোন প্রকারের কঠিন ঝাঁকি অথবা পৃষ্ঠোপরে প্রবল আঘাত গুরুতর অপায় উপস্থিত করিতে পারে; অপিচ কোন প্রকার শরীর সংস্থানের পরিবর্ত্তন দৃষ্ঠ হয় না। ইহা তরুণ অবস্থায় দৃষ্ঠ হইতে পারে, তাহাতে কঠিন লক্ষণাদি উপস্থিত হয়, এবং চক্ষু কোটরগত (বসা) এবং ঘোলাটে হইলেও ক্যাল ক্যাল দৃষ্টি থাকে না। শরীর-সীমাদি, অপিচ হস্ত-পদের শীতলতা জয়ে। মানসিক অবস্থা পরিক্ষার, কিন্তু কিঞ্চিৎ হ্র্বল, এবং তাপ স্বভানিম হয়। প্রকৃত পক্ষাঘাত উপস্থিত হয় না, কিন্তু গতিশক্তির ক্ষীণতা জয়ে এবং স্পর্শজ্ঞান ও সম্ভবতঃ বেদনামুভূতির স্থাস হয়। যায়।

অন্থান্ত হলে, আঘাতের কিয়ৎকাল পরে লক্ষণাদি উপস্থিত হয়, এবং ধীরে বৃদ্ধি পায়। অধিকাংশ সময়েই, সাধারণ ঘৃষ্ঠবং অনুভূতি এবং ধঞ্জতা জন্মিলে তাহা হুর্ঘটনার ফল বলিয়া বিবেচিত হয়, এবং তজ্জন্ম ভবিষ্যতে যে কোন কষ্ট হইতে পারে তদ্বিষ্য মনে উদয়ই হয় না। বহিস্থ অপায়ের কোন বিশেষ চিহু দৃষ্ট না হইলে, এবং উপরে উক্ত লক্ষণাদি সহ অত্যন্ত অস্কৃত্তাব (malaise) এবং গুল্মবায়ু অথবা ভাবপ্রবণতা সংস্ফৃত্ত অবস্থাদির অভাব থাঞ্চিলে, পরে বিকম্পনের লক্ষণাদির উপস্থিতির গুরুতর স্ভূাবনা হয়। সাধারণ ধঞ্জভাব, এবং ভ্রমণে হুর্বলেতার অস্তৃতি জন্মে, নিমাল কম্পায়িত বোধ হয়, অপিচ কর এবং উদ্ধান্ধের ব্যবহারের হেন্দ্রী অথবা লিখন

কিম্বা কোন কার্য্য অপিচ সামান্ত মাত্র উত্তেজনা অথবা কিঞ্চিদ-তিরিক্ত ব্যবহার হইতে অনিয়মিত কম্পান্বিত ভাব উপস্থিত হয়, কিন্তু ইহা ইচ্ছাকম্প অথবা বিশ্রামাবস্থার কম্পন নহে। সামান্ত মাত্র বিশ্রাম অথবা কিয়ৎকালব্যাপী লগ্নভাবের মানসিক ভাব রহিত চেষ্টা শীঘ্রই ইহার সম্পূর্ণ নিবৃত্তি আনমন করে। কম্পের সহিত সম্ভবতঃ মধ্যে মধ্যে এক অথবা একাধিক পেশীর আকস্মিক ঝাঁকি, একটি মাত্র বৰ্দ্ধিত চালনা উপস্থিত হুইতে পারে। চৈন্মের নিস্কেজভাবই নিয়ম, তাহাদিগের প্রতিক্ষিপ্ততাদি (flexes) वर्डमान शांदक, किन्नु छूर्लन इट्रेग्ना यात्र, गांधात्रव भातीतिक দৌর্বল্যের অনুভৃতি জন্মে, এবং চক্ষু কিঞ্চিৎ কোটর প্রবিষ্ট এবং নিস্তেজ হইয়া যায়। রোগের বৃদ্ধি অতীব ধীর এবং তাহা কথনই গতি এবং ই ক্রিয় সংস্কু পক্ষাঘাতে পরিণত হয় না।

ডাঃ কাউপার থোয়েটের চিকিৎসাধীন কতিপ<mark>য় রোগীর মে</mark>রু-**দণ্ড** বেদনা এবং অনিয়মিত স্নায়ুশূল উপস্থিত হইয়াছিল। সম্ভবতঃ কোন কোন রক্ত-যন্ত্রগতির বিশৃংখলা ঘটে। কোষ্ঠবদ্ধ উপস্থিত থাকিলে সাধারণতঃই তাহা পূর্ব্বগত অভ্যাদের ফল, বিকম্পন বশতঃ নহে।

প্রতিক্ষিপ্ত তাদি ( reflexes ) নিয়মিত থাকে অথবা কিঞ্চিৎ হ্রাস প্রাপ্ত হয়।

রোগ-নির্বাচন ৷—যন্ত্রগত অপায়ের বিশ্বাস যোগ্য চিত্নের সম্পূর্ণ অভাব, যন্ত্র-গত অপায়াদি হইতে মেরুদণ্ড-বিকম্পন প্রভেদিত করণার্থ যথেই।

অনেক উপাদানের অপ5য় ঘটিত রোগ উপস্থিত ২য় যাহাতে মেক্-দণ্ড-বিকম্পন বলিয়া আপত্তি উত্থাপিত হইয়া থাকে। এই সকল স্থলে যত্নপূর্ব্বক পরীক্ষার আবশুক, কেবল একবার নহে, কিন্তু কিঞ্চিৎ ব্যাপককাল পর্যান্ত রোগী বারম্বার পর্যাবেক্ষণের অধীন থাকিবে। ক্রত্রিম রোগে রোগী অবশ্রুই এরূপ লক্ষণের বিষয় উল্লেখ করিবে যাহা এরোগ অথবা অন্ত কোন রোগের সহিত অসমিলিত হইবে। ক্তুমি রোগ প্রায় সর্ব-হলেই অনেক রোগের কোন কোন লক্ষণ উপস্থিত করে; গুলা-বায়্ এবং স্নায়বিক দৌর্বলা যেমন অন্ত কোন রোগের এই রোগেরও আকার গ্রহণ করিতে পারে, কিন্তু সাধারণতঃ রোগ বিববণ হইতে প্রভেদিত করা, কঠিন হইবে না।

ভাবীফল। — তরুণ ও কঠিন রোগ ভিন্ন ভাবীফল শুভ। কখন কখন কোন রোগীর শীঘ্র মৃত্যু বটে, কিন্তু মৃত্যুর পূর্বের, অথবা মৃত্যুরপর শব-পরীক্ষায় দৃষ্টতঃ কোন কারণের উপলব্ধি হয় ন।। সাধারণতঃ রোগ অনেককাল স্থায়া থাকে এবং সম্পূর্ণ আরোগা হইতে বহু সময়ের অবেশুক হয়।

চিকিৎদা-তত্ত্ব। — কথিত যে রোগের প্রথম উপস্থিতির পর অবিলম্বে হাইপিরিকান্মের মূল অরিষ্টের পাঁচ হইতে দশবিন্দু এবং পরে ১২ ক্রমের প্রয়োগ উৎকৃষ্ট ফল দেয়। উপস্থিত কন্তাদির পক্ষেইহা স্বরিত ফলদায়ক। এবস্প্রকার অবস্থায় আন্সিকাপ্ত নির্ভর বোগ্য ঔষধ। স্তিব্রিক্তিয়া সাক্রেক্তরপ্র প্রাব্যাক হইতে পারে। ডাঃ কাউপার থোয়েট অক্ত্যালিক এসিড (২ × ) ব্যবহার করিয়া উৎকৃষ্ট ফল পাইয়াছেন। জি স্ক্রপিক্তেট এবং পিতিলক এসিড অনেক সময়ে ব্যবহৃত হইয়া থাকে।

আকুষঙ্গিক চিকিৎসা।— বিশ্রাম, গ্যাল্ভানিক, ফ্যারাডিক বৈত্যতিক শ্রেতি, মেরুদগুরাটি দারা রক্তমোক্ষণ এবং অঙ্গ সংবাহনের প্রয়োগ ইহাতে উপকারী। পুরাতন কশেরুকা-মজ্জা-প্রদাহের নিয়মে প্রযোজ্য।

#### লেকচার ২৭৮ (LECTURE CCLXXVIII.)

### কশেরুক্া-মজ্জার প্রতিক্ষিপ্ত পক্ষাঘাত বা রিফুেক্স্ স্পাইনেল প্যারালিসিস।

(REFLEX SPINAL PARALYSIS.)

বিবরণ ।— গটনাধীনে বৃক্ক, মৃত্রস্থলী, সরলান্ত্র এবং জননেন্দ্রির বোগের সহবোগে অসম্পূর্ণ অধোর্দ্ধান্ত উপস্থিত হয়, এবং পুরাতন কলেন্ধকা-মজ্জা-প্রদাহের নিকটতর সাদৃগ্র প্রকাশ করে, কিন্তু কার্য্যতঃ তাহার গঠনের ধ্বংস হয় না। ইহা এপর্যান্ত ও সন্দেহের বিষয় যে এই সকল রোগ, যাহার। পাশাপাশি ভাবের মেক্র-মজ্জা-প্রদাহের রক্ত সঞ্চয়িক অবস্থা বলিয়া কথিত হইতে পারে, তাহাই কি না। জজ্মা অথবা পদের ক্ষতি প্রতিক্ষিপ্ত রূপে এবং ক্ষম সন্ধি অথবা অস্থি হইতে বিস্তৃতি দ্বারা, স্থানান্তরিত জান্তবপ্রচনোৎপন্ন-বিষাক্ত্রতা দ্বারা অথবা উত্তেজনার চালনা দ্বারা স্লাম্বিক প্রদাহ উৎপন্ন হইতে পারে।

পাঠকের অবগতির জন্ম মাত্র, এই উপলক্ষেই অধিক কাল স্থায়ী উদরাময় অথবা কোন কঠিন রক্ত-প্রাবের পরে যে অপেক্ষাকৃত কণ স্থায়ী প্রকৃতির অধোদ্ধাঙ্গ সংঘটিত হয় তাহার উল্লেখ করা যাইতে পারে। এ পর্যান্ত যতদূর জ্ঞাত হওয়া গিয়াছে, তাহারা কোন প্রকার আময়িক বিধান বিকার হইতে উৎপন্ন হয় না। কশেককা-মজ্জাধঃ অংশের রক্তহীনতা তাহাদিগের কারণ হইতে পারে।

রোগ-নির্ব্বাচন।—এ বিষয়ে রোগের বিবরণ এবং যন্ত্রগত অধোদ্ধাঙ্গের মৌলিক লক্ষণাদির অভাব সাহায্য কারী।

ঔষধ এবং আনুষঙ্গিক চিকিৎসাদি।—রোগের প্রকৃতি

এবং আক্রমণের স্থানের উপরে নির্ভর করে। চিকিৎসার উভ্তমেই উত্তেজনা যে কোন কারণ ঘটিতই হউক তাহা স্থানাস্তরিত করা অত্যাবশুকীয়। সহজ লিঙ্গাগ্রত্বক চ্ছেদন অনেক রোগ স্বরিত আরোগ্য করিয়াছে। মৃত্রস্থনী-প্রদাহ অথবা কোন সন্ধি প্রদাহের আরোগ্যের পরও ইহা শীঘ্র আরোগ্য লাভ করিয়াছে। যে সকল স্থলে কশেক্ষকা-মজ্জার অভ্যন্তরে কোন প্রদাহের প্রসার ঘটে, কশেক্ষকা-মজ্জা-প্রদাহ জন্মে; রোগ সামান্ত হুইলেও কথিত রোগের অন্তর্মপ চিকিৎসারই প্রয়োজন হয়।

বে সকল রোগ উদরাময় অথবা রক্তপ্রাব হইতে জন্মে, সর্কবোভাবে বিশ্রাম এবং সমাক পুষ্টি রক্ষাই মূল চিকিৎসা। এই সকল স্থলে বাটি বসাইয়া রক্তমোক্ষণ এবং তাপের প্রযোগ উপযোগী। কশেরুকা মজ্জা-প্রদাহে যদ্রপ মধোদ্ধাঙ্গেরও তদ্রপ চিকিৎসা করিতে হয়।

#### লেকচার ২৭৯ (LECTURE CCLXXIX.)

হস্ত-পদাদি শরীর সীমার সাময়িক প্রক্ষাঘাত বা পিরিয়ডিক্যাল প্যারালিসিস অব দিএক্ষ্ট্রিমিটিজ্। (PERIODICAL PARALYSIS OF THE EXTREMITIES).

বিবরণ।—অনেক চিকিৎসকই একরূপ অবস্থা লক্ষ্য করিয়াছেন যাহাতে ন্যুনাধিক সাময়িক রূপে উর্দ্ধান্ধ অঙ্গের একরূপ স্বল্প স্থায়ী পক্ষাঘাত উপস্থিত হইরা অল্প কতিপয় ঘণ্টা স্থায়ী ইইয়াছে। তাহাদিগের মধ্যে কতিপয় রোগের ম্যালেরিয়া হইতে উৎপত্তি বলিয়া অন্থমিত, কিন্তু অন্থান্থ স্থলে তদ্ধাপ নহে। অবশুই সাধারণ শরীরে এরূপ কোন একটি বাস্তব বিষয় থাকে যাহা রোগোৎপাদন করে; কিন্তু চিকিৎসক মঞ্জলীতে তাহা বিদিত নহে। রোগীর ধাতু অন্থসারে ঔষধের প্রয়োগ ব্যতীত এম্থলে যুক্তিযুক্ত চিকিৎসার উপায়ান্তর দৃষ্ট হয় না; অর্থাৎ রোগের বিশেষ বিশেষ লক্ষণের সাদৃশ্যের উপরে নির্ভর করিয়া চিকিৎসা হইবে না।

### লেক্চার ২৮০ (LECTURE CCLXXX.)

### পশ্চাৎ কশেরুকা-মজ্জার ঘনীভূততা যুক্ত স্থুলতা বা পষ্টিরিয়র স্পাইনেল স্ক্রিরসিস।

( POSTERIOR SPINAL SCLEROSIS ).

প্রতিনাম। — কশেককা-মাজ্জের ক্ষর বা টেব্স ডর্স্যালিস (tabes dorsalis); ক্রমবর্জিঞ্চ মেক-মজ্জা-পশ্চাংস্তন্তের অপকৃষ্টতা বা প্রগ্রেসিভ লোকোমটর এট্যাক্সিয়া (progressive locomotor ataxia)। এই রোগ সম্বন্ধে বহুতর বিষয় লিখিত হইয়াছে। এই রোগের সহিত সংশ্রব ঘটে নাই এরূপ চিকিৎসকের সংখ্যা অতীব স্বর্লই বলিতে হইবে। লোক সাধারণও ইহার সহিত কিঞ্চিৎ পরিচিত। সকলের পক্ষেই ইহা অত্যন্ত ভীতিসঞ্চারক।

আমিয়িক বিধান-বিকার-তত্ত্ব। — বিশেষ মনো যোগের সহিত পর্যাবেক্ষণ না করিলে কশের কা-মজ্জা স্বাভাবিক দেখাইতে পারে। অধিকাংশ স্থলেই ইহার পশ্চাদ্ভাগ কিঞ্চিৎ চ্যাপ্টা হয় এবং অঙ্গুলিতে অস্থাভাবিক কাঠিন্তের অন্থভূতি প্রদান করে। মৃছ-মাতৃকা-ঝিল্লী (piamater) কিঞ্চিৎ ঘনীভূত এবং স্থানে হানে যোজিত থাকিতে পারে। কশের কা-মজ্জার পরিবর্ত্তন প্রধানতঃ পশ্চাৎ স্তম্ভে সীমাবদ্ধ থাকে, এবং অনেক সময়েই পৃষ্ঠ এবং কাটি প্রদেশে দৃষ্ঠ করা যায়। পশ্চাৎ শৃঙ্গাদি কখন কখন আক্রান্ত হয়, পশ্চাৎ স্বায়ু মৃল তাহাদিগের মজ্জা-গ্রন্থি (ganglia) পর্যাম্ভ কয় প্রাপ্ত হয়। কেহ কেহ বলেন যে রোগ পশ্চাৎ সায়ুম্লের মজ্জা-গ্রন্থির কোষ-গঠনে (neurones) আরম্ভ হয়।

অণুবীক্ষণ-যন্ত্র-পরীক্ষায় আক্রান্ত অংশে রক্ত-নাড়ীর প্রাচীর ঘনীভূত, যোজকোপাদানের বৃদ্ধি, এবং স্নায়ু-স্ত্রের হ্লাস দেখা যায়। কারণ-তত্ত্ব। — ক্বত বিছা চিকিৎসক মাত্রই একবাক্যে স্থীকার করেন বে উপদংশই ইহার একমাত্র প্রধান কারণ; তাঁহারা দৃঢ়তার সহিত প্রকাশ করেন যে যে রোগী কথনই উপদংশাক্রান্ত হয় নাই তাহার এ রোগ-সংঘটন হয় না। ডাঃ কাউপার থোয়েট এ মতের অন্থমোদন করেন না। তিনি বলেন, "অনেক দিন পূর্বের্ব আমি উপরি উক্ত মতে দৃঢ় বিশ্বাস সহ অন্থসন্ধান আরম্ভ করি। উপদংশের প্রমাণের নির্দ্ধারণ জন্ত আমি বিশেষ যত্ত্বের সহিত অন্থসন্ধান এবং পরীক্ষা করিয়াছি। আমার বিশ্বাস সম্পূর্ণ এক তৃতীয়াংশ স্থলে, আমি স্থির করিতে পারিয়াছি যে রোগ সোপাজ্জিত অথবা বংশ গত উপদংশ সম্বন্ধ রহিত। শত করা অল্প সংখ্যক স্থলে উপদংশের বিবরণ বর্তুমান থাকে ব্যলিয়া আমার মাত্র সন্দেহ হইয়াছে।" যাহা হউক, এই রোগ হইলে কোন প্রকারেই রোগীকে সাধারণ ভাবে উপদংশ রোগের দোযারোপ করা সক্ষত নহে।"

শারীর সংস্থান বিষয়ক পরিবর্ত্তনপ্ত (anatomical changes) উপদংশ ঘটিত পরিবর্ত্তনের স্থায় নহে। যে সকল স্থলে উপদংশের বিবরণ প্রাপ্ত হওয়া যায় প্রারম্ভিক নিদর্শনাদি সাধারণতঃই অতি যৎসামাস্থ থাকে। তাহাদিগের মধ্যে অনেক স্থলে প্রারম্ভিক ক্ষতের বর্ণনাহইতে তাহার প্রকৃতি নির্দর্ম অসম্ভব হইয়াছে। ভাধিকাংশ রোগেই গৌণ লক্ষণাদির সম্পূর্ণ অভাব থাকে। উপদংশের প্রারম্ভিক আক্রমণের পরে কচিৎ ইহা দশ বৎসরের পূর্ব্বে সংঘটিত হয়, এবং অনেক সময়ে পনের হইতে বিশ বৎসর পরেও হয় না। অধুনাতন অনেক শীর্ষস্থানীয় চিকিৎসকের ন্মতে, এই সকল রোগ যাহা বিষ হইতে সংঘটিত হয়, তাহা কোন অজ্ঞাত উপদংশবিষ, অথবা উপদংশজাত বিষ। অনেক রোগের পূর্ব্বে বিলক্ষণ গুরুতর প্রকৃতির অভিঘাত সংঘটিত হইয়াছে। নিঃসন্দেহ যে, শৈতা এবং সিক্ততার সংস্পর্শ হইতে অনেক রোগ জিয়য়া থাকে। ডাঃ কাউপার থোয়েটের দৃঢ় বিশ্বাস তাঁহার হুইটি রোগীর রোগ প্রধানতঃ সীসকবিষাক্ততা হইতে

জন্ম। আর্গট বিষাক্ততার আময়িক বিধান-বিকার ক্রমবর্দ্ধনশীল নহে, কিন্তু মূলতঃ সমপ্রকার। শিশুদিগের মধ্যে প্রকৃত ক্ষয় (tabes) উপস্থিত হয় না, এবং পঞ্চাশ বৎসর বয়সের পরে ঘটিলেও অতি কচিৎ। ইহা মধ্য বয়সের রোগ।

লক্ষণ-তত্ত্ব ৷---সাধারণতঃ রোগীপ্রথমে ভ্রমণে কিঞ্চিং হুর্বলতা এবং সিড়িঁ বাহিয়া উপরে উঠিতে অনমনীয়তা বোধকরে। অনেকদিন পর্যান্ত, সম্ভবতঃ হুই অথবা তিন বৎসরকাল সে আর কিছু বোধ না করিতে পারে, এবং পূর্ব্ব কথিত লক্ষণাদি শ্রান্তি অথবা সহজ হর্ব্বলতায় আরোপিত করে। অনেক সময়ে কতিপন্ন দিবদ অথবা সপ্তাহস্থায়ী দ্বিদৃষ্টির আক্রমণ হয়। সম্পূর্ণ সম্ভব এই লক্ষণ অনিয়ত কালের ব্যবধানে পুনঃ পুনঃ পুনরাবর্ত্তন করে। এই সময়ে সম্ভবতঃ ব্লোগীর মধ্যে মধ্যে আমাশয়শূলেয় আক্রমণ সংঘটিত হয়, এবং অনেক সময়ে মধ্যে মধ্যে রসবাতিক বেদনাও হইতে পারে। অনেক সময়ে রোগী এই সকল লক্ষণামূসারে আমাশয়ঃশূল অথবা রস-বাতের জন্ম চিকিৎসিত হয়। এই সকল রোগে যদি জামু-ঝাঁকির (Knee jerk) পরীক্ষায় দেখা যায় যে তাহা স্বন্ধতর অথবা অবিভাষান, অথবা কণীনিকার পরীক্ষায় প্রমাণিত হয় যে তাহার প্রতিক্রিয়া হ্রাস প্রাপ্ত অথবা অপচয়গ্রস্ত হইয়াছে, সে স্থলে ক্ষয় বিষয়ে দৃঢ় অনুমিতি জন্মে। ইহার পরেই গতিবৈষম্য সংস্ঠ (ataxic) বেদনা লক্ষণই অধিকতর সময়ে ঘটে: সকল স্থলে এই লক্ষণ থাকে না, এবং তাহার সম্ভোষ জনক কারণও স্থির করা যায়না। ইহা এক প্রকার তীক্ষা, হল বেধবৎ বেদনা, অতি হঠাৎ উপস্থিত হয়, এবং সাধারণতঃ নিমাঙ্গের কোন ক্ষুদ্রায়তন স্থানে অল্প কতিপয় মিনিট অথবা বণ্টা সীমাবদ্ধরূপে স্থায়ী হয়। ইহা যে কোন পদের বজ্জণ সন্ধি হইতে পদাঙ্গুলি পর্যান্ত যে কোন স্থানে, এবং কখন কখন অগুকোষ থলিতেও থাকিতে পারে। ইহা সাধারণতঃ ত্বকের সামান্ত স্পর্শাসহিষ্ণুতা রাখিয়া অল্প সময়ের জন্ম অন্তর্দ্ধান করে।

রোগীর একটি সাধারণ অনুভূতি থাকে যে বেদনার উপস্থিতি কালে সে ঐ স্থান স্পর্শ করা ভাল বাসেনা। এই বেদনা অতি স্পষ্ট যন্ত্রণাদায়ক। নিয়ম এই যে এই সকল বেদনা নানাধিক ব্যবধানে পর পর বহুবার উপস্থিত হয়; একই চবিবশ ঘণ্টা মধ্যে, অথবা কতিপয় দিবদ, এমনকি কতিপয় সপ্তাহের মধ্যে একটি অথবা অনেকগুলি আক্রমণ ঘটিতে পারে, এবং পরে অনেকদিনের জন্ত সম্পূর্ণ বিরত থাকে। একই স্থানে বেদনা ঘইবার না আসিতে পারে, অথবা কিয়ৎকালের জন্ত নির্দিষ্ট কোন স্থান বাতীত অন্ত কোন স্থানে উপস্থিত না হইতে পারে, এবং পরে কোন ন্তন স্থান আক্রমণ করিতে পারে। বাস্তবিক এই সকল বেদনা, তাহাদিগের তীক্ষতা বাতীত, সকল বিষয়েই অত্যন্ত অনির্দিষ্ট প্রকৃতি বিশিষ্ট।

পরবর্তী বিশেষ লক্ষণ, ভ্রমণে অসম পাদবিক্ষেপ। অনেক সময়েই রোগী বৃঝিতে পারে যে অন্ধকারে পাদবিক্ষেপ কিঞ্চিৎ অনিয়মিত হইতে চাহে। যে সকল রোগী স্থারহৎ জনপদে অথবা উজ্জ্বল আলোকময় সহরে বাস করে, যে পর্যান্ত পদবিক্ষেপের অসামঞ্জ্র্য্য বিলক্ষণ বর্দ্ধিত না হইয়াছে, এই সকল লক্ষণের অন্থত্তব না করিতে পারে। নিতান্ত সম্ভব, রোগী এই সময়ে বৃঝিতে পারিবে যে মুখ প্রক্ষালনে ধাবনপাত্র বা চিলঞ্চির উপরে নত হওনে এবং চক্ষ্ আরত অথবা মুদ্রিত করণে কোন বস্তুর আশ্রেয়ে তাহার শরীর স্থির রাখার আবশ্রক। এক্ষণে পদের তলদেশে একরূপ অন্থত্তি উপন্থিত হইবে যেন তত্ত্পরি একথানি কর্কস রবারের তলা রহিয়াছে। রোগী তাহাকে চৈতত্ত্বের অপচয় অথবা অসাড্তা বলিয়া বর্ণনা করে না। এক্ষণে বিশেষ প্রকৃতির পদবিক্ষেপ ভঙ্গি পরিলক্ষিত হয়। পদ এবং জঙ্গার চালনা প্রথমে স্বল্পতর থাকে, পরে স্পষ্টরূপে অতি বর্দ্ধিত হয়। ঝাঁকির সহিত এবং থপ করিয়া পদ নিক্ষেপ ঘটে। রোগী গৃহতলের উপরে এবং পাদচার পথে (foot path) দৃষ্টি সংলগ্ন রাথে। যদি সে উর্দ্ধে এবং পার্শের কোন দিকে দৃষ্টির চালনা করে. গতি অধিকতর অন্থির হয়। কোন নগরস্থ পথ অথবা জন কোলাহল

পূর্ণস্থান পার হইতে রোগী স্বশ্বই বুঝিতে পারে তাহার দাড়ান কিঞ্চিৎ মন্ত্রির। রোগী শীঘ্ট জানিতে পারে সে চক্ষুর সাহায্য ব্যতীত, অপবা যদি ভ্রমণ হইতে মনযোগ বিষয়াস্তরে আক্লপ্ত হয়, সে কোন স্থানে যে পদনিক্ষেপ করিবে তদ্বিষয়ে তাহার সম্পূর্ণ নিশ্চিত ধারণা হয় না। রোগীর তাহাতে একথানি যষ্ঠির বাবহার করিতে হয়, তাহারও পরে অনেক সময়ে তুই যষ্ঠির আবশুক হয়। উপবেশন, শয়ন, অথবা ভ্রমণ যে কোন অবস্থাতেই হউক, রোগী ইচ্ছা করিয়া যে কোন পদ চালনা করে তাহা ইচ্ছার অত্যন্ত অতিরিক্ত হইয়া যায়। সাধারণতঃ রোগী অবশেষে নানাদিকে বছ রার অতি চালনার পর অভিল্যিত স্থানে জঙ্গা অথবা পদস্থাপন করিতে সক্ষম হইবে। ইহারও পরে রোগে বাহুরও অসামঞ্জীভূততা (mco ordination ) উপস্থিত হয়। উদাহরণ স্বন্ধপ, সে কোন নস্তদান ধরিবার চেষ্টা করিলে তাহার অঙ্গুলি নস্তদান ছাড়িয়া কিঞ্চিৎ যাইবে, অথবা তাহার কিঞ্চিৎ পার্শ্বে পড়িবে, এবং পরে উপযুক্ত স্থান পাইবে। এ ঘটনা হইতেও তাহার শীঘ্র বোধগম্য হইবে যে অভীপ্সিত চালনা সম্পাদনার্থ তাহার চক্ষুর ব্যবহার আবশুক। অবশেষে হস্তও পদের স্থায় বিকারগ্রস্ত হইতে পারে, এরূপ যে, যেমন, রোগী মুখ পুঁছিবার ইচ্ছা করিলে হস্ত বুহৎ চক্রাকারে অথবা কোণাকারে ঘূরিয়া অনেকদিক যাইবার পর অবশেষে মুথে উপস্থিত হইতে পারে।

ইহার পরে দৃষ্টির হ্রাস হইতে আরম্ভ হওয়ার বিলক্ষণ সন্তাবনা, এবং, আনেক সময়েই স্ম্পূর্ণ অন্ধন্ধ ঘটে। এক্ষণে পেশী-ক্রিয়ার অসামঞ্জ্য বাস্তবিকই অতি শোচনীয় দৃশ্য উপস্থিত করে, রোগী সম্পূর্ণ সহায় হীন হইয়া পড়ে এবং বেদনা জন্ম অকথ্য যন্ত্রণা পায়। অতিশেষে মানসিক অবস্থ ও কিঞ্চিৎ বিক্ত হইতে পারে, কিন্তু তাহা কশের কামজ্জাক্ষয়ের বিশেষ প্রকৃতি নহে। রোগের শেষ পর্যান্ত ইহা সম্পূর্ণ পরিষ্কার এবং কার্যাক্ষম থাকিতে পারে। মূলতঃ ইহা একটি পুরাতন রোগ, দশ হইতে ত্রিশ বৎসর পর্যান্ত স্থামী হইতে পারে। অধিকাংশ রোগীর মৃত্যু কোন মধ্যগামী রোগ

হইতে সংঘটিত হয়। সকল রোগেরই একপ্রকার গতি হয় না, কশেরুকা-মজ্জার অন্তান্ত সায়্-কেল্র এবং স্নায়্-প্রদেশও আক্রান্ত হইতে পারে, অথবা আন্থ্যিকিক মস্তিদ্ধাংশ আক্রান্ত হইতে পারে। অবশুই এই সকল নৃত্ন লক্ষণের সংযোগ দারা রোগের গতি পরিবর্ত্তি হইবে।

এবষিধ রোগের পরীক্ষায় সন্তবতঃ কিঞ্চিৎ বিশেষ মনযোগের প্রয়োজন। প্রথমতঃ কণীনিকার প্রতিক্রিয়া সম্বন্ধীয় পরীক্ষার আবগুক, কণীনিকা সর্ব্বিধি অবস্থাতেই সমআয়তন বিশিষ্ট থাকে কিনা ? সামঞ্জস্তীভূততা সম্বন্ধীয় প্রতিক্রিয়ার অভাব হয় কিনা ? আগাইল রবার্টসন (Argyll Robertson) নামে অভিহিত কণ্ণ (আলোকে প্রতিক্রিয়া হীনতা) কনীনিকা জন্মিয়াছে কিনা ? এই সকল প্রশ্নের উত্তরে যদি উসকল স্বস্থার বিভ্যমানতা স্থাচিত হয়, কশেককা-মজ্জার পশ্চাৎস্তন্তের ক্ষয়ের অনুকুল বলিয়া ধরা যায়; অস্থায় তাহার বিপরীত। অক্ষি-বীক্ষণ-যন্ত্রের ব্যবহার আবশ্যক; যদি উভয় অপ্টিক স্বায়ুর ক্ষয় দেখা যায়, কশেককা-মজ্জার ক্ষয় থাকা সন্তব।

রোগ পরীক্ষার অন্যান্য উপায় মধ্যে "জান্যু-ঝাঁকি বা নি-জার্ক ( Knee jerk)" অন্ততম। ইহার বর্ত্তমানতা কশেরুকা-মজ্জার ক্ষয়ের (tabes) প্রতি-কুল। অপিচ অন্যান্য কণ্ডার প্রতিক্রিয়ারও অনেক সময় অভাব দৃষ্ট হয়।

উপরে কথিত বিশেষ প্রকৃতির বেদনা, অথবা অসামঞ্জন্মীভূত ক্রিয়ার বর্ত্তমানতা ব্যতীতপ্ত যদি "আর্গিল-রবাটসন" কণীনিকা উপস্থিত থাকে, এবং অপ্টিক স্নায়্র ক্ষয়, ও জাতু ঝাঁকি অনুপস্থিত হয়, কার্য্যতঃ ইহা নিশ্চিত যে কশেরুকা-মজ্জার ক্ষয় আরম্ভ হইয়াছে। যে কোন অবস্থার বর্ত্তমানতাই রোগ সম্বন্ধে প্রবল সন্দেহ উপস্থিতির পক্ষে যথেষ্ট। শরীরের কোন অংশ বেড়িয়া কোমরবন্ধ থাকার অমুভূতি অতি সাধারণ।

পরে ত্বকের স্পর্শাস্কৃতির পরীক্ষার আবশুক। রোগের প্রথমাবস্থায় সময়ে সময়ে স্পর্শলোপযুক্ত ত্বকস্থান থাকে, তাহা কেবল পদতলেই সীমাবদ্ধ নহে সম্পূর্ণ অঙ্গেরও নানাবিধ অংশ আক্রমণ করে। সাধারণতঃ অঙ্গে কোন

তীক্ষাগ্র অস্ত্রবিদ্ধ করিলে অতি সামান্তুই বেদনা উপস্থিত হয়। ( Analgesia. ) নানাবিধ স্পর্শজ্ঞান সমতা (pares thesias) সাধারণতঃ উপস্থিত থাকে। এক্ষণে চক্ষু আবদ্ধ করিয়া রোগীকে যোড়পদে ঋজুভাবে দণ্ডায়-মান করাইবে, ইহাতে রোগী ছলিতে থাকিবে, এবং রোগ যদি অতি বৃদ্ধির ষ্পবস্থা পাইয়া থাকে, পতিত হইতে পারে। আবদ্ধ চক্ষুতে রোগী এক পদ উত্তোলন করিবে, অক্সপদ নির্ভরে রোগী শরীর বিনা আন্দোলনে রাখিতে পারিবে না। উন্মক্ত চক্ষুতে রোগীর ভ্রমণকালে মনযোগের সহিত পদ-নিক্ষেপের পরিদর্শনান্তে, তাহাকে আবদ্ধ চক্ষুতে ভ্রমণ করাইবে। যদি রোগীর কিঞ্চিন্মাত্রও ভ্রমণের ক্ষমতা থাকে, তাহা স্পষ্টতর বিষম পদবিক্ষেপযুক্ত ( ataxic gait ), এবং অনিয়মিত হইবে। সে এক পদ কোন নির্দ্দিষ্টস্থান, অথবা সিঁড়ির ধাপের উপরে, প্রথমে দেখিয়া, পরে আবদ্ধ চক্ষুতে, স্থাপনের চেষ্টা করিলে, কি প্রকারে সে তাহা সম্পন্ন করে, মনযোগ পূর্বক তাহার প্রভেদ পর্য্যবেক্ষণ করিতে হইবে। আদর্শ এট্যাক্সিয়া বা শারীরিক ক্রিয়া বৈষম্যে, পদ নির্দ্দিষ্টস্থান ছাড়িয়া যাইবে, অথবা ধাপের উৰ্দ্ধে অথবা প্ৰায় উৰ্দ্ধে যাইবে, কিঞ্চিং অথবা প্ৰায় থামিবে পরে একটি ঝাঁকির সহিত উপযুক্ত স্থানে যাইবে।

উর্দাঙ্গের সামঞ্জন্মভূত ক্রিয়া (co-ordination) পরীক্ষায় রোগী প্রথমে উন্মুক্ত, পরে মুদ্রিত চক্ষু হইয়া একের পর অন্তর্জ্জনী অঙ্গুলি দারা নাসিকাগ্রস্পর্শ করিবে। ইহাতে পদের স্থায়ই বিশেষ প্রকারের গতি দৃষ্ট হয়। এই পরীক্ষা শরীরের অস্থান্থ নির্দিষ্ট স্থান যাহা স্বাভাবিক অবস্থায় স্থিরতাসহ স্পর্শের উপযুক্ত তাহাতে, যেমন কর্ণমূলাদিতেও বিস্তৃত করিয়া দেখা যায় রোগী ঠিক সম্মুখে উভয় তর্জ্জনী অঙ্গুলীর অগ্র সংযোগ করে, পরে তাহাদিগকে পৃথক করিবে, এবং প্রথমে উন্মুক্ত চক্ষু এবং পরে আবদ্ধ চক্ষু হইয়া কিঞ্চিৎ স্বরায় তাহাদিগকে পুনঃ সংযুক্ত করিবে। এই সকল কার্যোও চালনার পূর্ববৎ সাধারণ প্রকৃতিবিশেষতা ঘটিবে। অনেক সময়েই পরি-

পোষণ ক্রিয়ার বিশৃষ্থলা ঘটে, এবং তাহাতে সন্ধি অথবা অকের আক্রমণ হয়। সাধারণতঃ অতিবিলম্বে, কিন্তু কথন কথন অতিশীঘ্রই মৃত্রত্যাগে ন্যুনাধিক কণ্ট উপস্থিত হয়। মৃত্রপথের (urethra) অসাড়তা নিবন্ধন,
না দেখিলে অথবা শন্ধ-শ্রবণ না করিলে, রোগী বৃঝিতে পারেনা মৃত্র-স্রোত
বহিতেছে কি না। সঙ্গমেছ্যা এবং সঙ্গমশক্তি প্রথমে বন্ধিত, কিন্তু পরে
হ্রাস প্রাপ্ত এবং অবশেষে সম্পূর্ণ তিরোহিত হয়।

রোগ-নির্বাচন ।— গুচ্ছাকার স্নায়্-প্রদাহে মৃত্রস্থলী, সরলাস্ত্র এবং চক্ষ্ লক্ষণাদি উপস্থিত হয় না। ইহা সত্য যে অক্ষি-স্নায়ুর কয় ঘটতে পারে, কিশু তাহা চিত্র-পত্র-সায়ু-প্রদাহের ফল, এবং প্রাথমিক বা মৌলিক ক্ষয়-রোগ নহে। গুচ্ছাকার স্নায়ু-প্রদাহে প্রদাহযুক্ত-স্নায়ুর উপরিদেশ চাপে বেদনাযুক্ত থাকে।

মারাত্মক গলক্ষত (djphtheria) রোগের পরিণামস্বায়ু-প্রদাহের নির্বাচনে রোগ-বিবরণই যথেষ্ঠ বলিয়া গণ্য।

মধু-মেহ রোগের প্রথমাবস্থার এই রোগসহ ভ্রান্তি জন্মিতে পারে। যাহাই হউক, মূত্র-পরীক্ষা উভয় মধ্যে প্রভেদ নিরূপণে যথেষ্ঠ।

ভাবী-ফল।—ভাবীফল প্রায় সর্ব্ব স্থলেই অশুভ, কচিৎ আরোগ্য হয়। এই মত সর্ব্ববাদী সমত। মৃত্র-স্থলীর প্রদাহ, ক্ষয়রোগ, এবং শ্যাক্ষত হইতে পচাজাস্তব-বিষ-সংক্রমণ, অথবা কোন মধ্যগামী রোগ ইহাতে মৃত্যুর কারণ বলিয়া পরিগণিত। যাহাই হউক, রোগী সম্ভবতঃ দশ হইতে ত্রিশ রৎসর পর্যাস্ত জীবনধারণ করিতে পারে।

মূলতঃ এই রোগ প্রকৃতিতে ক্রমবর্দ্ধিষ্ণু, কিন্তু সাধারণতঃ অনেক সময় আংশিক বিরতি ঘটে। সম্ভবতঃ এরূপ সময়ও উপস্থিত হয় যথন রোগ নিবারিত হইয়াছে বলিয়া অনুমিতি জন্মে। রোগের হ্রাস এবং বৃদ্ধির সময় সম্বন্ধীয় ব্যবধান পরিবর্ত্তন শীল। রোগ যদি ক্রমবর্দ্ধনাবস্থায় থাকে, প্রত্যেক প্রকোপই সম্ভবতঃ সাধারণ প্রকৃতিতে পূর্কাপেক্ষা ঠিক অন্ন কিঞ্ছিৎ মন্দতর হয়। রোগ যদি আরোগ্যের অবস্থায় থাকে, বিপরীত ভাব পরিশক্ষিত হয়—হাসকালের স্থায়িত্ব দীর্ঘতর এবং স্পষ্টতর, এবং প্রকোপ স্বল্পতর স্পষ্টীভূত হয়। ছয় মাস অথবা এক বংসর কালব্যাপী পর্য্যবেক্ষণ ব্যতীত : রোগের ক্রমোন্নতি সম্বন্ধে কোন মতামত প্রকাশ করা যায় না। এক মাসের সহিত অন্থা মাসের তুলনা মূলাহীন বলিয়া গণ্য।

চিকিৎসা-তত্ত্ব।—ইতি পূর্নেই রোগের পরিণাম সম্বন্ধে যাহা কথিত ইয়াছে তাহাতে পাঠক অনুমান করিতে পারিবেন, অতীব বিরলতর স্থলে রোগারোগ্যের আশা থাকিলেও তাহা অতীব কট্ট সাধ্য এবং বহুদিন বাপী চিকিৎসার ফল। ফলতঃ কোন গ্রন্থকারই অন্ন চারি ইইতে পাঁচ বৎসরাপেক্ষা ন্যুনতর সময়ের মধ্যে আরোগ্যের আশা প্রকাশ করেন না। বলাবাহুলা এই স্থুনীর্ঘকাল ধৈর্যাবলম্বন পূর্বেক কোন নির্দিষ্ট চিকিৎসকের চিকিৎসাধীন থাকা বাতীত রোগারোগ্যের উপায়ান্তর দেখা যায় না। কার্য্যতঃ ইহার আরোগ্য চিকিৎসকের যৎপরোনান্তি সহিষ্কৃতা এবং প্রগাঢ় চিন্তার পরিচয় স্বরূপ। ক্রমাগত চিকিৎসক পরিবর্ত্তনে রোগী ফলের আশা করিতে পারেন না। কার্যাক্ষেরে রোগীকেও ধৈর্যাচ্যুতি জন্ত সম্পূর্ণ দোষী করা যায় না; যেহেতু অবিশ্রান্ত বেদনার উপশ্নের অসাধারণ বিলম্বে স্বভাবতঃই স্থৈগাবলম্বন কঠিন অথবা অসম্ভব হইয়া পড়ে।

যাহাই হউক রোগীর ধৈর্য্যাবন্ধন পূর্ব্বক দীর্ঘকাল ধরিয়া চিকিৎসাধীন থাকা বিষয়ে দৃঢ় নিশ্চিত না হইলে চিকিৎসকের পক্ষে চিকিৎসা হইতে বিরত থাকাই 'স্বযুক্তি বলিয়া পরিগণিত। উপশ্বমকারী ভিকিৎসাঃ—বেদ্না নিবার্লার্থা—

ওপিয়াম—বেদনা নিবারণে ইহার ক্ষমতা দৃষ্টে এবং রোগীর আগ্রহাতিশয় নিবন্ধন প্রণোদিত হওয়ায় অনেক সময়েই ইহার প্রয়োগ হইয়া থাকে। কিন্তু ইহার প্রয়োগ সর্বতোভাবেই হ্য়নীয়। য়েহেতু রোগী ইহারারা অচিরাৎ অভ্যস্ত অহিফেন সেবী হওয়ায় হোমিওপ্যাথিক ঔষধক্রিয়ার

সম্পূর্ণ ব্যাঘাত জন্মে, এবং মূল রোগের চিকিৎসা হয়না। অপিচ ন্যুনাধিক সময়ান্তর এরূপ অবস্থা আসিয়া পড়ে যাহাতে পূর্ব্ব পূর্ব্ব উপশমকারী উষধের ক্ষমতাপেক্ষা যন্ত্রণার সমধিক বৃদ্ধি ইইয়া থাকে।

ব্রমাইড অব পটাস এবং ক্লরাল হাইড্রাস—ইহাদিগের প্রয়োগে উপকারের প্রত্যাশা করা যায় না, কিন্তু অনিষ্ঠ অবশুস্থাবী।

কোল টার বা আলকাতরার প্রয়োগরূপ—অনেকেই ইহার ব্যবহারে ফলের উল্লেখ করেন।

সভিয়াম স্থালিসিলেট-— ১৫ গ্রেন মাত্রায়, যে পর্যাস্ত বেদনার উপশম না হয়, গ্রুই ঘণ্টা পর পর ব্যবহৃত হইয়া থাকে।

সিকুটা ভিরসা—পাচ ২ইতে বিশ ফোটা মাত্রায় ইহার মূল অবিষ্টের ব্যবহারে কোন কোন স্থলে উপকার হইয়াছে।

সিমিসিফুগা—ইহারও মূল অরিষ্টের পাঁচ হইতে দশ ফোটা মাত্রায় স্থল বিশেষে উপশম আনয়ন করে।

হায়সায়ামাইন হাইডুব্রেমেট—ডাঃ কাউপার থোয়েট ইহার ১/১০০ গ্রেঃ মাত্রার দ্রবের ত্বগধ্য পিচকারীর বাবহারে উপকার পাইয়াছেন।

উপরি উক্ত ঔষধাদির ব্যবস্থা পাঠকের নিকট বিসদৃশ বলিয়াই প্রতীয়মান হইবে, কিন্তু রোগীর অসহনীয় যন্ত্রণার উপশমনার্থ অনেক সময়েই
এক্লপ ব্যবস্থা অপরিহার্য্য কর্তব্যের মধ্যে পরিগণিত হয়। ফলতঃ দৃঢ়তা সহ
ইহাদিগের অনবলম্বনে এই স্থানীর্যকালব্যাপী রোগের চিকিৎসা অসম্ভব।
রোগীও চিকিৎসকের চিকিৎসাধীন থাকা কঠিন বোধ করে।

মৌলিক আরোগ্য-চিকিৎসাঃ—

আহর্জিণ্টাম নাইট্রিকাম ,—ইহার পরীক্ষালন্ধ লক্ষণ মধ্যে আদর্শ রোগের অনেক লক্ষণই প্রাপ্ত ২ওয়া বায়, তথাপি ইহা কার্যক্ষেত্রে থ্যাতি লাভ করিতে পারে নাই।

এলুমিনা—ইহাতে রোগের কতিপয় গুরুতর লক্ষণ দেখিতে পাওয়া বায়। ফলতঃ বর্ত্তমান রোগ লক্ষণ বিষয়ে ইহা, আতিক্তি নাইএবং সিকেলি ও অফান্ত উষধ মধ্যে শীর্ষ স্থান অধিকার করে।, ইহাতে পেশীর সামঞ্জনীভূত ক্রিয়ার নোষ এবং নিম লিখিত লক্ষণাদি দেখিতে পাওয়া যায়:—

- ১। পদতল ক্ষীত এবং কোমলতর, এবং গুল্ফ দেশোপরে অসাড়তার অমুভূতি।
  - ২। অঙ্গাদির গুরুত্ব—তাহাদিগকে কচিৎ উত্তোলিত করা যায়।
  - ৩। উন্মুক্ত চক্ষু এবং দিবাভাগ ব্যতীত ভ্রমণে অপারকতা।
- ৪। পৃষ্ঠ-বেদনায় বোধ হয় যেন কশের কা ভেদ করিয়া তপ্ত লোহ চালিত হইতেছে।
- ৫। পৃত্ত এবং উদরে বিহাতাঘাতবং বেদনা তীর বেগে সন্মুথ ও
   পশ্চাতে যায়।
- ৬। নিমাঙ্গের উপরে পিপিলিকা বিচরণের অনুভূতি; হস্ত-পদাদির অসাডতা।

উপরি লিখিত লক্ষণাদিতে বোধ গম্য হইবে যে এলু কিনা পশ্চাৎ কশেককা-মজ্জার ক্ষয়ের অতি মহার্ঘ ঔষধ। ইহাতে গতির বিশৃঙ্খলা, বিদ্যুৎক্ষ্টনবৎ বেদনা, দৌর্ব্বল্য এবং কীট বিচরণের অন্তভূতি থাকে। ইহার অন্ত লক্ষণ এই যে রোগী অন্তভ্য করে যেন মুখের উপরে মাকড্সার জাল বিস্তৃত রহিয়াছে, অথবা যেন মুখের উপরে ডিমের শুভাংশ গুদ্ধ হইয়াছে। ডাঃ বনিংহসেন প্রথমে ইহার বাবহার করিতে বলেন, পরে ইহার কার্য্যকারিতা বহুবার প্রমাণিত হইয়াছে। ইহা স্পষ্ঠতর পক্ষাঘাতিক লক্ষণও প্রকাশিত করে এবং তাহা জননেক্রিয়-মূত্র-যন্ত্র এবং সরলাম্ন পর্য্যন্ত বিস্তৃত হয়।

বেলাডনা---অনেক সময়ে প্রারম্ভিক অবস্থায় ইহা প্রযোজ্য।

উর্নাধঃ অবের অসমঞ্জনীভূত ক্রিয়া (nonco-ordination) দৃষ্ট হয়; রোগী ধীরে পদ উন্তোশিত করিয়া হঠাৎ ধপ্ করিয়া বিক্ষিপ্ত করে। ভ্রমণ কালে রোগী কিছু ডিক্সাইয়া ধাওয়ার ভাায় উচ্চে পদোত্তোলন করে। বিহ্যজ্ঞালকবৎ বেদনা স্ফুটিত হয়। ইহার লক্ষণ প্রাচুর্য্য মধ্যে দ্বিত্বদৃষ্টি, অন্ধত্ব, অসকম্পন, এবং টলিতে টলিতে গমনও দেখিতে পাওয়া যায়। বিহ্যৎস্ট্রনবৎ বেদনার অভাভ ঔষধ—

পাইলকাপিন, ২\*—ইহাতেও ফল হইতে দেখা গিয়াছে, অপিচ এঙ্গান্তু, না, এবং লক্ষণ পদে সীমাবদ্ধ থাকিলে, স্যাবাভিলা।

জিস্কাম—ইহা আরম্ভ কালের ঔষধ। এই ঔষধে বিদ্যাৎ কুটন বং বেদনা স্পষ্ঠতর ও তীক্ষ্ণ থাকে; আনর্ত্তন হয় এবং নিদ্রা কালে সম্পূর্ণ শরীর ঝাঁকি দিয়া ওঠে।

ফাইজষ্টিগ্মা—ইহাও এই সকল কঠিন বেদনার উপকারী ঔষধ।
সিকেলি কর্ণু য়েটাম—ইহার লক্ষণ লোকোমটর এট্যাক্সির
অতি নিকট সাদৃশ্য উপস্থিত করে। ইহা প্রথমতঃ রোগ সদৃশ তিনটি
প্রধান লক্ষণ উপস্থিত করে:—

- ১। জানু-ঝাঁকির (knee-jerk) অভাব।
- ২। বিহ্যৎক্ষুটনবৎ বেদনা।
- ৩। পেশীর অসামঞ্জন্তীভূত ক্রিয়া অথবা গতিবৈষমা (ataxia)।

আর্গট বিষাক্ত রোগীর কশৈক্ষকা মজ্জার-পরিবর্ত্তনের সহিত কশেক্ষকামজ্জার ক্ষয় রোগের মেরুমজ্জা-পরিবর্ত্তনের আশ্চর্য্য সমৃত্যা দৃষ্ট হইয়াছে।
অপিচ উভয় অবস্থার লক্ষণাদি মধ্যেও অনেক সাদৃশ্য আছে। উভয়ের
প্রধান প্রধান লক্ষণ:—

ক। কঠিন, টালতে টালতে গতি, এমন কি ভ্রমণে সম্পূর্ণ অপারকতা। ইহা শক্তি হীনতা নিবন্ধন হয় না, কিন্তু হস্ত এবং পদের দারা মৃত্ চালনার কার্য্যের বিশেষ প্রকারের অমুপক্ততা প্রযুক্ত হয়।

- খ। অধোক্ষের সংকোচন নিবন্ধন রোগী টালতে টলিতে চলে। রোগী ইচ্ছামুসারে গতি আয়ত্তাধান রাখিতে পারে না।
  - গ। অঙ্গাদির কম্প, কখন কখন দঙ্গে বেদনা থাকে।
- ঘ। হস্ত-পদের উপরে পিপিলিকা-বিচরণবং অনুভূতি ; শরীর সীমাদির অসাডতা।
  - ঙ। অত্যস্ত তাপের অন্কুত্তির সহিত আবৃত করায় অনিচছা।

উপরি উক্ত লক্ষণাদি কশেরুকা-মজ্জার ক্ষয়ে (tabes) উপস্থিত হয়;
এবং তাহাদিগের উপস্থিতিতে সিবেক্সিল প্রযোজিত হইলে রোগের
বাধা জন্মে।

সাইলিসিয়া—ইফা পোষণের অস্বাভাবিক বৃদ্ধি করায় স্বায়ুর মূল পদার্থের বর্দ্ধনের ফলে সংকোচন ঘটে, এবং ঘনীভূততা সহ স্থূলতা (sclerosis) জন্মে। ইহার ক্ষেরের লক্ষণাদিঃ—

বিহ্যৎস্টনবৎ বেদনা, অঙ্গাদির ক্রিয়া বৈষম্য, অধোঙ্গাদির দৌর্বল্য সহ উপাদানের ধ্বংসাভিমুখীন গতি, বিশেষতঃ পদের এবং নথ সন্নিহিত প্রদেশের ক্ষত। ইহাতে স্নায়বিক উত্তেজনা প্রবণতা এবং দৌর্ব্বল্য উপ-স্থিত হয়।

ফলতঃ পাঠকের স্মরণীয় যে ইহা একটি গগুমালা ধাতুসংস্পৃষ্ট ঔষধ; ধাতু সাদৃগুাভাবে ইহা হইতে ফললাভ স্থদ্রপরাহত। ধাতু সাদৃগু বর্ত্তমান থাকিলে ইহার পুনঃ পুনঃ প্রয়োগ অনাবগুক।

প্লাহ্মান——আমম্বিক বিধান-বিকারের-প্রকৃতি অনুসারে ইহাও কশেরুকা-মজ্জা-ক্ষয়ের নিকট সাদৃশু প্রকাশিত করে। ইহার পক্ষাঘাতের সহিত
ক্ষয়, সমক্রিয়তার (co-ordination) অপচয়, অসাড়তা এবং ধ্বজভঙ্গ
উপস্থিত হয়। ইহার বিত্রাৎক্টনবৎ বেদনা রজনীতে বর্দ্ধিত এবং কথন
কথন এতাদৃশ কঠিন হয় যে রোগী চিৎকার করিয়া উঠে।

ডা: লিলিয়েন্থাল এ রোগে প্লাফাম ফস্ফরিকামের

প্রয়োগের উপদেশ করেন এবং ইহার প্রয়োগে ভাল ফল হইয়াছে বলিয়া প্রকাশ করিয়াছেন।

ভিজিট্যালিস—ডাঃ ডাজিয়ন ইহা দারা বিহ্যৎস্ট্রনবং বেদনার উপকার হইতে দেখিয়াছেন।

পিক্রিক এসিড—রোগের প্রথমাবস্থায় কথন কথন অতিশয় বেদনাযুক্ত কামোন্তেজনা দেখিতে পাওয়া যায়। পিক্রিক প্রাসিড ইহা নিবারিত রাথে। ইহা অঙ্গাদির অতিশয় দৌর্কলাের সহিত অসাড়তা এবং পিপিলিকা বিচরণবং অমুভূতি, এবং স্থচিবেধবং বােধ উৎপন্ন করে। রোগী সহজেই ক্লাস্ত হইয়া পড়ে। "সামাত শ্রমেই ও সহজে দৌর্কলা" পিক্রিক প্রসিত্তের একটি পরিচয়াত্মক লক্ষণ। অঙ্গাদির অভ্যন্তরে গুরুতা—বােধ যেন স্থিতি স্থাপক।

ফ স্ফরাস — ইক্সাহকা সের প্রারোগ পক্ষে উপযোগী লক্ষণাদি মধ্যে—দর্শন বা অপিটক সায়ুর ক্ষয়ের সহিত আলোক ছটার দৃষ্টি; লিখিতে হস্তের কম্প; অত্যন্ত সায়বিক দৌর্জলা; শরীরের ভিন্ন ভিন্ন অংশে বিত্রাৎ ফুটনবং বেদনা; সামান্ত শৈতা সংম্পর্শেই তাহার উত্তেজনা; অতিশয় কামোত্তেজনা প্রভৃতি দৃষ্ট হইয়া থাকে।

নাক্স ভমিকা — অপরিমিত ইক্রিয়-সেবা রোগের কারণ হইলে ইহা উপকারী।

নাইট্রিক এসিড — ইহাতেও উপদংশ ঘটিত অপকৃষ্টতার স্থায়
সায়্-কোষের ঘনীভূততা সহ সুলতা সংস্ট্র সংকোচন উপ্লের হয়; এজন্ত
উপদংশজ কশেককা মজ্জার ক্ষয় (locomotor ataxia) রোগে ইহার
উচ্চ শক্তি মহার্ঘ ঔষধ বলিয়া বিবেচিত। লাইট্রিক্স এসিডের মন্তিকীয় ক্রিয়াদি কশেককা-মজ্জার ক্ষয় রোগের নিকট সাদ্ভ প্রকাশ
করে। যে সকল বিশেষ বিশেষ লক্ষণ এ রোগে ইহার উপযোগিতা
প্রকাশ করে—কঠিন শিরঃশূলের সহিত আততভাব; অসম্পূর্ণ দৃষ্টি; মানসিক অবসাদ এবং উত্তেজনা প্রবণতা; স্মরণ-দৌর্বল্য; নিয়াঙ্গাদিতে হঠাৎ তীক্ষ্ণ বেদনার উপস্থিতি এবং হঠাৎই অন্তর্দ্ধানে বিহ্যুৎ ক্ষুটনবৎ বেদনা।

কেলি হাইডিয়ডিক ম — রোগের অন্ততম ঔষধ। উপদংশক
মজ্জাক্ষয়ে (tabes) ইহা বিশেষ উপযোগী। হোমিওপ্যাথিক ক্রমে
ইহার ব্যবহার করা উচিত, সুল ঔষধ নিষিদ্ধ।

সিকেগর ডাঃ হালবারটের বহুদশিতায় ইহা অতি উচ্চ প্রশংসার অধিকারী।

আনুষ্ঠ্রিক চিকিৎসা,——

যায়ামাদি হইতে বিরত থাকিতে হইবে, কিন্তু স্বাস্থ্য-রক্ষার্থ পূর্যালোক এবং
মুক্তবায়ু যে অত্যাবশুকীয় তাহা স্মরণ রাথিয়া তহুপয়ুক্ত ব্যবস্থা করিতে

হইবে। রোগের প্রথমাবস্থাতেও দিবসের অধিকাংশ সময় রোগী শায়িতাবস্থায় অতিবাহিত করিবেন। তথাপি তাঁহাকে সামঞ্জস্তীভূত ক্রিয়ায়

আবশুকতায়ুক্ত নিয়মিত লয় সম্বলিত ইচ্ছায়ুগ চালনার অবলম্বনে সামঞ্জস্তীভূত
পেশীক্রিয়ার কেন্দ্র এবং পথের পুন: শিক্ষা দিতে হইবে; কিন্তু যাহাতে

শক্তি-প্রয়োগের আবশুক রোগী এরূপ কোন প্রচণ্ড চালনার কার্য্য করিবেন
না। তিনি সহজ ব্যায়াম দ্বারা কার্য্যের আরম্ভ করিবেন, এবং ক্রমশঃ
তাহাদিগকে মিশ্রকার্য্যে পরিণত করিবেন। যাহাতে ক্লান্তি না জন্মে
তত্মধ্যে সীমাবদ্ধ রাথিয়া প্রতি দিবস হুই অথবা তিনবার এরূপ কার্য্য
করিবেন। ইহা অতিউৎকৃষ্ঠ পদ্ধতি।

প্রালম্বন বা ঝুলান বলিয়া চিকিৎসার অতি পূর্ব্ধে বিলক্ষণ প্রচলন ছিল, কিন্তু অধুনা ইহার তাদৃশ ব্যবহার দেখা যায় না। তথাপি অনেক চিকিৎসক ইহার উপকারিতা অন্থীকার করেন না। পাঠকের অবগতির জন্ত আমরা নিমে সুলভাবে তাহার প্রয়োগ পদ্ধতির উল্লেখ করিলাম। ফলতঃ ইহার উপযুক্ত প্রয়োগে যে সময়, মনোনিবেশ ও যত্নের প্রয়োজন অধিকাংশ চিকিৎসকই তাহাতে স্বীকৃত নহেন। ইহাও ইহার অপ্রচলনের একটি বিশেষ কারণ বলিয়া গ্রহণ করা যায়।

**সেয়ার্'স প্রালবন্ধন** যন্ত্র—ইহার ব্যবহারে অতীব ষত্ন ও সাবধানতার আবশ্রক। বাহু এবং মস্তকের ফিতা এরপভাবে সংবদ্ধ র্করিতে হইবে যে প্রত্যেকে সমান চাপ প্রয়োজিত হয় । মস্তকের ফিতার এরপ চাপ লাগা উচিত যাহাতে গ্রীবার রক্ত-সঞ্চলনের বাধা জন্মিতে না পারে। ফিতা বন্ধনে কোণ বা বক্রতা এরূপ ভাবে শৃঙ্খলাবদ্ধ করিতে হইবে যে চিবুক পশ্চাদভিমুখে চাপিত হইতে না পারে, এবং এরূপ, উপযোগী করিতে হইবে যাহাতে ফিতার চিবুকাংশ সমুখাভিমুথে চিবুকোপরি স্থির থাকিতে পারে, শ্বলিত হইয়া রোগীর শ্বাসরোধ না হয়। উপরি লিখিত বিষয়াদি ঠিক হইলে চিকিৎসক ধীরে দড়ি টানিয়া রোগীকে এরপাবস্থায় প্রলম্বিত করিবেন যে রোগী পদের মাত্র সম্মুখস্থ গোলাংশের উপরে মৃত্র ভরকরিয়া অবস্থিত হয়। রোগী অর্দ্ধ মিনিট এই অবস্থায় থাকিবে, পরে রশির টান শিথিল করিলে দে সম্পূর্ণ পদের উপর দৃঢ়ভর করিয়া দণ্ডায়মান হইবে। ধীরে রশি শিথিল করিয়া রোগীকে নিমাভিমুথে আনয়ন বিশেষ গুরুতর বিষয়, ইহাতে বিশেষ সাবধানতার প্রয়োজন। স্মরণীয় যে, সম্পূর্ণ টান বিদূরিত করিবার পূর্কে দেখিতে হইবে বোগী সমানভাবে স্থির হইয়া দণ্ডায়মান হইয়াছে।

রোগীর মুখ এবং নাড়ীর প্রতি লক্ষ্য রাখিয়া মুর্চ্ছণ না হয় তৎপ্রতি দৃষ্টি রাখার প্রয়োজন। মুর্চ্ছণির পূর্বে লক্ষণ উপস্থিত হুইলে তৎক্ষণাৎ রোগীকে নামাইয়া শায়িত করিতে হুইবে। ছুই অথবা তিন দিবসের পরে, রোগীকে সম্পূর্ণ মিনিট দোলায়মান রাখা যাইতে পারে। যে পর্যান্ত তিন মিনিটের পূরণ না হয়, প্রত্যেক ছুই অথবা তিন দিবসের পরে পরে অর্জ মিনিট করিয়া বৃদ্ধি করিতে হুইবে। তাহার পরে রোগীকে টানিয়া তুলিতে হুইবে যাহাতে তাহার সম্পূর্ণপদ গৃহত্ব হুইতে উচ্চে

উখিত হয়; এরূপাবস্থায় এক মিনিট থাকিবে। পরে ক্রমে ক্রমে সময়ের বৃদ্ধি করিবে। তিন মিনিটে, অথবা সম্ভবতঃ, এমন কি পাঁচ মিনিটেও লইয়া যাইতে পারা যায়। প্রতিদিন এইরূপ করার প্রয়োজন। এবিম্বধ চিকিৎসা অনেক সময়েই বেদনার উপশম এবং কথন কথন নিবারণও করিয়া থাকে, অপিচ ইহা ক্রিয়া-বৈষম্যের (inco-ordination) হ্রাস, এবং জননেক্রিয় শক্তির বৃদ্ধি করে।

ইহার প্রসারণ চিকিৎসা (extension) জন্ম অন্যান্থ বন্ধ ও বাবহৃত হইর। থাকে, পাঠক স্থাবিধা বোধ করিলে সেয়ারের প্রসারণ টেবলের বাবহার করিতে পারেন। কিন্তু সকলেরই মূল বিষয়, প্রয়োগ-পদ্ধতি এবং অবলম্বনীয় সাবধানতা সমপ্রকার।

প্রসারিত পদে রোগী সমতল ক্ষেত্রের উপরে উপবেশন করিবে, তদবস্থায় রোগী শরীর বক্র করিয়া মস্তক জান্ত সনিহিত, অথবা তাহার সহিত লগ্ন করিবে এবং এই অবস্থায় প্রায় পাঁচ মিনিট থাকিবে। রোগী পৃষ্ঠ চাপিয়াও শয়ন করিতে পারে, তদবস্থায় চিকিৎসক হুই পদ ধৃত করিয়া, এবং জামুদ্বয় ঋজু রাথিয়া, বক্ষণ সদ্ধির উপরে যতদূর সম্ভব পদ বাঁকাইয়া সম্মুথাভিমুথে আনিবে, অর্থাৎ যতদূর সম্ভব পদ এবং শরীর নিকটতর করিবে। এই প্রসারণ চিকিৎসা ক্রমান্তরে প্রায় তিন সপ্তাহ চালাইতে হইবে।

প্রায় তিন সপ্তাহের পরে কোন কোন চিকিৎসক মেরু-দণ্ডের উপরে শুক্ষ-মোক্ষণ-বাটীর ব্যবহার করিয়া থাকেন; ইহা হুই মিনিট রাথিতে হুইবে। প্রতিদিন সম্পূর্ণ মেরু-দণ্ড বাহিয়া হুই অথবা তিনবার ইহার প্রয়োগ করিবে। প্রত্যেক দিবস প্রসারণের পূর্বের ইহা ব্যবহার্যা।

উপরি উক্ত প্রয়োগাদি ব্যতীতও চিকিৎসকগণ মধ্যে অস্তান্ত যন্ত্র এবং প্রক্রিয়াপদ্ধতির ব্যবহার আছে। তন্মধ্যে লণ্ডনের ডাঃ মর্টিমার গ্রান্তিল আবিষ্কৃত "পার্কুটা"বা স্বব্যবস্থিত স্নায়ু-কম্পনোৎপাদন অস্থাতম। অতীব যত্ন এবং সাবধানতার সহিত প্রতিদিন নিয়মিত রূপে একই সময়ে এবং সমকাল ধরিয়া ইহার প্রয়োগ করিতে হয়। ইহার জন্ম ডা: গ্রানভিল যে যন্ত্র প্রস্তুত করিয়াছেন তাহা অত্যন্ত জটিল এবং ব্যবহারে অতিশয় কন্ট কর। ডা: কাউপার থোয়েট ইহার পরিবর্ত্তে সমতল উপরিভাগযুক্ত দন্তের হাতুড়ির ব্যবহার করিয়া সমান কার্য্য পাইয়া থাকেন। এই সকল চিকিৎসা পদ্ধতি সম্বন্ধে আমরা বিস্তারিত বর্ণনা প্রদানে বিরত্ত থাকিলাম। পাঠক এই সকল পদ্ধতি বিষয়ে অধিকতর জ্ঞাত হইবার প্রয়োজন বোধ করিলে গ্রন্থান্তরের সাহায্য গ্রহণ করিবেন।

উপরে যে সকল প্রাকৃতিক চিকিৎসার বিষয় কথিত হইল নিম্নে তাহাদিগের প্রয়োগের ধারা প্রদত্ত হইতেছে:—

- ১। মেরু-দণ্ড-প্রসারণ।—তিন সপ্তাহ। পরে—
- ২। মেরু-দণ্ডের উপরি দেশে শুচ্চ-মোক্ষণ-বার্টির প্রয়োগ এবং প্রসারণ—তিন সপ্তাহ। পরে—
- ০। সায়ু-কম্পন (vibration)—স্বতম্ব ভাবে পাঁচ অথবা ছয়
  সপ্তাহ। এই সমন্ন হইতে অনেক দিনের বব্যধানে মধ্যে মধ্যে বিরতির
  সহিত হুই অথবা তিন সপ্তাহ ধরিয়া সায়ু-কম্পন ক্রমাগত হুই অথবা তিন
  বংসরের জন্ত চালাইতে হুইবে, পাঁচ অথবা ছয় সপ্তাহ ধরিয়া স্বতন্ত্রভাবে
  সায়ু-কম্পনের পর পুনর্কার পাঁচ অথবা ছয় সপ্তাহের জন্ত নেক্র-দণ্ড
  প্রসারণের ব্যবহার করা যাইতে পারে। কোন কোন চিকিৎসক শেষ
  হুইটি প্রক্রিয়ার পোনঃ পুনিক ব্যবহার করিয়া থাকেন।

বস্তুতর চিকিৎসক কেবল তাপ অথবা পর্য্যায়ক্রমিক তপ্ত এবং শীতল জলধারা প্রয়োগেরও উপদেশ করিয়া থাকেন। ভিন্ন ভিন্ন প্রকারের স্নানেরও (bath) ব্যবস্থা দেখা যায়। বৈছ্যতিক প্রয়োগের কোন উপকারের বিষয় শ্রুত হওয়া যায় না।

#### ২০৯৬ বৃহৎ হোমিওপ্যাথিক চিকিৎসা-বিজ্ঞান।

বলা বাহুল্য রোগীর সম্বন্ধে আবশুকীয় অভান্ত বিষয়েও মনোযোগ প্রদান করিতে হইবে। বিশেষতঃ মূত্ররোধ ঘটলে শলার ব্যবহার কর্ত্ব্য। এই সকল কার্য্যে এন্টিসেপ্তিকের ব্যবহার করিবে। পুষ্টিরক্ষা অভ্যা-বশুকীয়। তজ্জন্ত শ্লিসারফক্ষেটের ব্যবহার করা যায়। সূরা সম্পূর্ণ নিষিদ্ধ।

# লেক্চার ২৮১ ( LECTURE CCLXXXI ).

#### পার্থ-কশেরুকা-মজ্জার ঘনীভূততাযুক্ত স্থুলতা, ক্ষয় বা লেটারেল স্ক্রিরসিস্। ( LATERAL SCLEROSIS. )

প্রতিনাম।—শুবকদিগের মেরু-মজ্জার আক্ষেপযুক্ত পক্ষাঘাত বা স্পাাষ্টিক স্পাইনেল পাারালিসিস অব এডাল্টস (spastic spinal paralysis of Adults)।

কারণ-তত্ত্ব। — সাধারণতঃ রোগ বিশ বৎসর বয়সের পূর্ব্বে এবং চল্লিশ বৎসের পরে দেখা যায় না। ইচা প্রস্বান্তে জন্মিতে পারে, অথবা তরুণ সংক্রোমক রোগের পরিণামে উপস্থিত হইতে পারে। অভিঘাতের ফল স্বরূপও ইহা জন্মিয়া থাকে। সীসকবিযাক্ততাও ইহার কারণ বলিয়া কথিত। উপদংশের ফল স্বরূপও ইহা জন্মিতে পারে।

আম্য্রিক বিধান-বিকার-তত্ত্ব। —ইহার বিধান সংস্কৃতি রোগজ পরিবর্ত্তন বিষয়ে নিশ্চয়তার স্থিত কিছুই স্থির হয় নাই। ইহাতে পার্শ্বস্থ মেরুমজ্জাস্তস্তে যে ঘনীভূততা সংযুক্ত সুলতা জন্মে তাহা একরূপ স্থিরীরুত বলিয়াই অনুমান করা যায়, কিন্তু অধিক সংখ্যকস্থলে ইহা বাতীতও যে স্থলে মেরুমজ্জাস্তস্তাদির কাটাকাটি হইয়াছে তৎপ্রদেশে এবং কশেরুকা-মজ্জার অক্যান্ত অংশে, রোগীর মৃত্যুর পর শ্বপরীক্ষার সময়ে অপায় দেখিতে পাওয়া যায়।

অন্ত এক প্রকার রোগ, সম্ভবতঃ বংশাফুক্রমিক, পরিবারস্থ কেবল পাঁচিশ হইতে ত্রিশ বৎদর বয়সের পুরুষদিগকে আক্রমণ করে। ইহাতে পার্শ্বমেরু মজ্জাস্তম্ভ ব্যতীতও ক্ষুদ্র মস্তিম্ক বা সেরিবেলাম এবং গায়ুয়ারের (gower's) দেশ বলিয়া অংশ আক্রাস্ত হয়।

লক্ষণ-তত্ত্ব |---অভান্ত অথবা সাধারণ দূরত্ত্বের অনধিক ভ্রমণেও অন্ততর পদের, বিশেষতঃ জামু-অধঃ অংশের ক্লান্তি এবং সম্ভবতঃ কিঞ্চিৎ কাঠিন্সের অমুভূতি জন্মে। প্রত্যেক ভ্রমণেই এরূপাবস্থা ঘটে। কিয়দ্দিবস পরে অবশিষ্ট পদেও সমপ্রকার অহুভূতি উপস্থিত হয়। কিঞ্চিৎকাল পরে এইরূপ অন্তভূতি স্বল্পতর ভ্রমণেও আইসে, এবং মন্থর গমনে পদদয়ের উর্দ্ধতর দেশেও বোধকরা যায়। এই অন্নভৃতির যৎসামান্ত সহজ বুদ্ধি সহ ইহা কতিপন্ন বংসরও থাকিতে পারে। জান্ম-ঝাকির ( Knee-jerk ) পরীক্ষায় তাহা বৰ্দ্ধিত দেখা যায়। রোগের শেষাবস্থায় অন্তান্ত ব্যক্তিও রোগীর চলনে পদের কাঠিন্স ব্রিতে পারে। সাধারণ অনুভব ব্যতীত, রোগী প্রথমে নুত্যে, পর্বতারোহণে অথবা অন্তান্ত ক্রতচালনা সাপেক্ষ পরিশ্রম-সাধ্যক্রিয়ায় কাঠিন্সের অন্তভব করে। এই সময়ে যদি মৃত্র চালনার চেষ্টা করা যায়, কাঠিন্সের অনুভূতি হয়। স্পর্শজ্ঞান স্বাভাবিক থাকে; কোন প্রকার বেদনা থাকেনা; মৃত্রস্থলী এবং সরলান্ত্র আক্রান্ত হয় না। ধীর পাদবিক্ষেপ হয়, রোগী ভূমি হইতে পদ উত্তোলন কঠিন বোধ করে, এবং অতি ক্ষুদ্র পাদবিক্ষেপ করে। কোন কোন স্থলে অঙ্গুলি-পিণ্ডোপরি (ball) ভর করিয়া দাড়াইলে স্পষ্টতর এবং প্রায় লয়সংযুক্ত কম্পন হইতে থাকে। কথন কথন সর্ব্ধপ্রকার প্রবল চালনাই সাধারণতঃ স্থলভাবের কম্পনধুক্ত হয়। রোগ সম্পূর্ণতা পাইতে বিশ্বৎসরের আবশ্রক হইতে পারে, অথবা স্বল্প কতিপন্ন বৎসরে সর্কাঙ্গ পুষ্ট হইতে পারে, এবং পরে একই অবস্থায় ন্ত্র থাকে। কোন কোন স্থলে সঙ্গে উদ্ধাঙ্গও আক্রান্ত হয়। লক্ষণাদি নিয়াঙ্গের লক্ষণের সমপ্রকার।

অনেক স্থলে ইহার ভোগকালে অস্তান্ত কৈন্দ্রিক রোগ উপস্থিত হইতে পারে। চিকিৎসকের তৎপ্রতি দৃষ্টি থাকা উচিত।

রোগ-নির্ব্বাচন ।—বংশামুক্রমিক এবং পরিবারগত আক্ষেপিক পক্ষাঘাতের সহিত অনেকেরই মস্তিদ্ধ-লক্ষণ থাকায় পরিষ্কার রূপে প্রভেদ নিরূপিত হয়। ইহাকে নেরু-মজ্জা-প্রদাহ বা মায়িলাইটিস অথবা চাপোৎপন্ন আক্ষেপিক অধোর্দ্ধান্ধ হইতে পৃথগ্ভূত করিতে হইবে। রোগের প্রথমাবস্থায় ইহা সহজ হইতে না পারে, কিন্তু রোগের বর্দ্ধিত অবস্থার সহিত ইহা পরিস্কার হইয়া আইসে। অমূভূতি সম্বন্ধীয় লক্ষণাদির সম্পূর্ণ অমূপস্থিতি, এবং মৃত্রস্থলী এবং সরলান্ত্রের আক্রমণ, তাহার সহিত গভীর এবং উপস্থিত প্রতিক্ষিপ্ত স্নায়বিক ক্রিয়াদি, সাধারণতঃ পার্থ-কশেক্ষকামজ্জার ঘনীভূতা যুক্ত স্থলতার নির্কাচন পক্ষে যথেষ্ঠ বলিয়া বিবেচিত।

গুচ্ছাকার ঘনীভূততাযুক্ত স্থুলতায় অক্ষিবীক্ষণযন্ত্রপরীক্ষায় চক্ষুতে পরিবর্ত্তন দৃষ্ট হইবে। এরপ অর্জাঙ্গ রোগে তাহাদিগের অভাব থাকে। কতিপর মন্তিক্ষ-লক্ষণও দৃষ্টিগোচর হয়। গুল্মবায়ু-রোগে পাশাপাশিভাবে সাধারণ গুল্মবায়ুর প্রমাণ থাকিয়া রোগের প্রভেদ নিরূপণ করিবে। কিন্তু সর্ব্বাপেক্ষা নিশ্চয়াত্মক একটি মাত্র লক্ষণ এই যে গুল্ম-বায়ুর রোগীতে কোন এক অথবা একাধিক মৌলিক লক্ষণ থাকে না, এবং সাধারণতঃ এরূপ কোন লক্ষণ থাকে যাহা কৃত্রিম রোগের পক্ষে অসম্ভব।

এই আদর্শের গুল্ম-বায়ু সংস্কৃত্ত স্নায়বিক তুর্বলতা হইতে রোগ-নির্বাচন প্রথমাবস্থায় অসম্ভব, কিন্তু রোগের বৃদ্ধির অবস্থায় কোন বাধা উপস্থিত হয় না।

ভাবী-ফল।—মূলতঃ ইহা একটি পুরাতন রোগ, এবং গতিও অতিশয় মন্থর। ইহার গতি বিশ হইতে পচিশ বৎসর পর্যান্ত চলিতে পারে, এমন কি তদপেক্ষা অধিকতরেও যাইতে পারে।

রোগ-নির্নাচন প্রান্তিহীন বলিয়া অনুমিত কতিপয় রোগ আরোগ্য হইয়াছে বলিয়া কথিত। ইহা ব্যতীত অন্তান্তরোগ কোন নির্দিষ্ট সীমাপর্য্যস্ত বন্ধিত হইয়া সামান্ত কিঞ্ছিৎ অন্ত্রবিধার কারণ হইয়াছে মাত্র, পরে একই ভাবে স্থায়ী হইয়াছে।

চিকিৎসা-তত্ত্ব।—প্লাম্বামের অনেক লক্ষণেরই সাদৃশ্র দেখিতে

শাওয়া বার । অত এব ইহারারা বিশেষ চেষ্টার আবশ্রক। পাঠক গণ্চাং ক্ষেকা-মজ্জার ঘনীভূতাযুক্ত-মুলতার লিখিত ঔষধাদির মধ্যে উপযোগী ওয়ধের অনুসন্ধান করিবেন। ফলতঃ পাঠকের অরণীয় যে এবস্থিধ রোগ চিকিৎসায় ধাতুগত ঔষধের সাহায় বাতীত উপায়ান্তর নাই, তাহাতে আপাততঃ অসাধ্য রোগও সাধ্য হইয়া থাকে। অধিক সংখ্যক রোগেই উপদর্গ স্বরূপ মন্তিক্ষের এবং মেফ্-মজ্জা ও অভাত্যের ষ্মগত রোগ উপস্থিত হয়; লক্ষণাণুদারে তাহাদিগের চিকিৎসা করিতে হইবে।

আমুষঙ্গিক চিকিৎসা।—মেরুদণ্ডে বক্ত-মোক্ষণ বাটির প্রয়োগ (Spinal cupping); বৈছতিক স্থাচিবিদ্ধ করা (galvanic puncture), পদে ফ্যারাডের মৃত্ব বৈছতিক স্রোত: স্নান্ত্-কম্পন (nervevibration)। স্থল বিশেষে তাপ চিকিৎসা—যে প্রকার স্নানে রোগীর শারীরিক তাপ ই ইতে ১০ পর্যান্ত উচ্চতর হয় —উপকারী বলিয়া অনুমিত। রোগের প্রাথমিক অবস্থায় নানাবিধ প্রকারের লয়সংযুক্ত ঐচ্ছিক পদ-চালনা উপকারী হইতে পারে।

### লেক্চার ২৮২ (LECTURE CCLXXXII.)

কশেরুকা-মজ্জার পশ্চাৎ এবং পার্শ্বস্থ মেরুমজ্জাস্তম্ভের সংমিলিত রোগ বা কম্বাইগু ডিজিজ অব দি প্রিরিয়র এবং লেটারেল ট্র্যাক্টদ অব দি স্পাইনেলকর্ড।

(COMBINED DISEASE OF THE POSTERIOR
AND LATERAL TRACTS OF
THE SPINAL CORD.)

আন য়িক বিধান-বিকার-তত্ত্ব।—ইহারা ঘনীভূততাযুক্ত 
মূলতার প্রকৃতি বিশিষ্ট। ইহাতে যোজকোপাদানের প্রজনন এবং গল
এবং বার্ডাাচের স্তম্ভ—ক্ষুদ্র মন্তিষ্ক, এবং শুপ্তাকার গঠনের কাটাকাটি
ছারা নির্মিত স্তম্ভের সাক্ষাৎ প্রসারণ—সংস্কৃত্ত কোষের ধ্বংস হইতে পারে।
যাহাই হউক, নিয়ম এই যে কোন রোগই ধারার অন্তসরণ না করিয়া অত্যন্ত
নিয়ম বহিন্ত্ হয়। পাঠক দেখিতে পাইবেন এই রোগ পরস্পার ছইটি
সম্পূর্ণ বিপরীত অবস্থা সম্পন্ন। পশ্চাদ্দেশের রোগ অসম ক্রিয়া (incoordination), বেদনা, পেশী ছর্ব্বলতা এবং "জালু-ঝাকি'র (Knec-gerks)
অপচয় উৎপন্ন করে, পক্ষান্তরে পার্ম দেশের রোগে পেশীটনকের (tone)
বৃদ্ধি, পক্ষাবাত, বেদনার অভাব এবং বৃদ্ধিত জান্থ-ঝাঁকি উপস্থিত ক্রে।

্ ষাহার আক্রমণ পূর্ব্বগামী, এবং ষাহাতে ক্রমবর্দ্ধন অধিকতর ক্রত, তদমুসারে অন্ততরের রোগ-লক্ষণের প্রাধান্ত ঘটে।

রোগ-নির্বাচন ।—কশেরকা-মজ্জার ক্ষয়রোগ এবং পার্শ্বন্থ ঘনীভূততা সংযুক্ত-স্থুলতা সংস্কৃতি লক্ষণাদির বিষয় যত্নপূর্ব্বক চিন্তা করিলে রোগ-নির্বাচন স্থপাধ্য হইয়া থাকে। ইহাদিগের মধ্যে কোন রোগই কচিৎ সম্পূর্ণ লক্ষণ উপস্থিত করে।

অক্ষিবীক্ষণ-ষন্ত্র-পরীক্ষায় অপ্টিক স্নায়্র আংশিক ক্ষয়, এবং কথনের প্রকৃতিগত বিশৃংথলা ঘনীভূততা সংযুক্ত সুলতার প্রদর্শক বলিয়া পরিগণিত।

ভাবীফল।—কতিপন্ন মাস মধ্যে রোগের শেষ হইতে পারে, অথবা রোগ এক অথবা ছই বৎসরও থাকিয়া বাইতে পারে। সাধারণতঃ সাংঘাতিক-তাম শেষ হয়। কতিপন্ন স্থলে রোগারোগ্য হইয়াছে বলিয়া কথিত।

চিকিৎসা-তত্ত্ব ।— কশেককা-মজ্জার ক্ষয়রোগের চিকিৎসার ভাষ।

### লেক্চার ২৮৩ (LECTURE CCLXXXIII.)

পুরুষাত্মক ক্রিয়া-বৈষম্য বা হেরিডিটারি এট্যাক্সিয়া।
(HEREDITARY ATAXIA.)

প্রতিনাম।— ফ্রক্ডিনের ডিজিজ্ (Fricdreich's Diseas)।
কারণ-তত্ত্ব।—গৌণভাবে পুরুষামুক্রমিক। পিতামাতা অথবা
রক্তসম্বন্ধযুক্ত পূর্বপুরুষগণের মধ্যে মৃগী, অথবা অন্ত কোন মস্তিষ্ক-রোগের
আক্রমণ হইয়া থাকিতে পারে, অথবা পিতা-মাতা অসংযত আচার করিয়া
থাকিতে পারেন। সাধারণতঃ ইহা পরিবারস্থ একাধিক বাক্তিকে আক্রমণ
করে: কেবলই এক ব্যক্তি কচিৎ আক্রান্ত হয়।

আম্য্রিক বিধান-বিকার-তত্ত্ব।—নেরুমজ্জা-রজ্জুর সাধারণ ক্ষরবোগ জন্ম। ইহার আর্কার অনেক হ্রাস প্রাপ্ত হয়। গলের মেরু-মজ্জাপ্রদেশ (Goll's tracts) সাধারণতঃ সম্পূর্ণ অন্তর্জান করে, বার্ডাসের (Bardach's) প্রায়ই তদ্ধপাবস্থার নিকটস্থ হয়। স্নায়্-গ্রন্থি-কোর্যাদি (ganglion cells) অপ্রকৃত্ততা এবং ক্লার্কের স্তম্ভস্থ (Clarke's column) তত্ত্বক্ষর প্রাপ্ত হয়।

লক্ষণ-তত্ত্ব।—যৌবনে অথবা তাহার অব্যবহিত পূর্ব্বে প্রথমে লক্ষণাদির উপস্থিতি দৃষ্টিগোচর হয়, কিন্তু সাত বংসর বন্ধসের পূর্ব্বে কচিৎ দেখা দেয়। সম্ভবতঃ রোগীর যৌবন স্থলভ অবস্থা নিবন্ধন স্থথ হঃখামুভূতি বিষয়ে অমনোযোগিতা, এবং তাহার বর্ণনার অপারকতা প্রযুক্ত প্রথমাবস্থার লক্ষণাদি অতীব অনিশ্চিত থাকে। সাধারণতঃ প্রথম লক্ষণ স্বরূপ রোগীর ভ্রমণকালে নিমান্ত্ব পরস্থার দূরস্থ করিয়া দৃঢ়তাসহ পদ নিক্ষেপ দৃষ্ট হয়। গতি টলায়মান থাকে; অস্থিরতা অথবা টলায়মানাবস্থা চক্ষ্

বৈদেন বজিত হয় না। বাহাই হউক দণ্ডায়মান হইতে অথবা শয়ন করিতে বই ভর অসমজিয়া (inco-ordination) দৃষ্টিগোচয় হয়। বোগের তি শেবাৰয়া বাতীক পেনী প্রকাশতা উপস্থিত হয় না। দণ্ডায়মান হইতে এপবা নিমণ করিছে পুনং পুনং মন্ত্রকর অধনতভাব অথবা টলায়মান পতি উপন্তিত হয়। অনৈত্রিক পেনীর কম্প এবা নৃত্যালাগ লক্ষণাদি অতীব সাধারণ। রোগের উদ্ধৃতিম্থীন বৃদ্ধ হইতে থাকে, এবা উদ্ধালমীমাদিও অধ্যাক সীমাদির সহিত স্মল্জণ প্রকাশ করে।

কণ্ডার প্রতিক্ষেপ ক্রিয়ার (100 den) reflexes) শীঘুই অভাব ইয়া যায়, কিন্তু কার্য্যতঃ অতি শেষাবহার বাতীত অনুভূতি সংস্কৃতি বিশৃংখলা ঘটে না। মূত্র-হুলী আক্রান্ত হয় না; বাকা প্রায়ই রোগনির্বাচনের সাহায্যকারী-—তাহা ধীর, একটি কথা অথবা কথাংশ অতীব অনিয়মিতরূপে টানিয়া বলিতে দীর্ঘতর হইয়া যায়, অন্ত বাধা পাইয়া অতি কুদুতর হইয়া যায়। চকু মিটিমিটি উপস্থিত থাকে। মনের দোষ ঘটে না। অনেক সময়ে পদের আজন্ম বক্রতা ঘটে।

ভাবীফল।— অবস্থা জীবনান্ত পর্যান্ত স্থায়ী হয়। কোন মধাগামী রোগে মৃত্যু ঘটে। আরোগা দ্রের কথা, রোগের যে বিশেষ কোন উপশম হয় না, এ বিষয়ে কৃতবিক্ত চিকিৎসকমগুলী মধো মতহৈধ দেখা ষায় না।

চিকিৎসা-তত্ত্ব।—ইহার কোন চিকিৎসা নাই অথবা ইইতে পারে না, ইহাই যাবতীয় চিকিৎসক মণ্ডলীর বছদর্শিতার ফল। এরূপাবস্থায় রোগীকে যত্নের সহিত রক্ষা করিয়া যাওয়া ব্যতীত, অন্ত কর্ত্তব্য দেখিতে পাওয়া যায় না। তথাপি স্থল বিশেষে গাতু সংশোধনকারী ঔষধের ব্যবহার নিতাস্ত অযৌক্তিক বলিয়া বিবেচনা করা যায় না।

# লেক্চার ২৮৪ (LECTURE CCLXXXIV.)

# গুচ্হাকার ঘনীভূততা সংযুক্ত সু**ল**তা বা মাল্টিপল্ স্ক্লিরসি**স** ।

(MULTIPLE SCLEROSIS.)

প্রতিনাম I—বিক্লিপ্ত ঘনীভূততা সংযুক্ত স্থূলতা বা ডিসেমিনেটেড্ স্ক্রির্মিস (Disseminated sclerosis); মন্তিক-মেরুদপ্তরজ্জুর গুচ্ছাকার ঘনীভূততা সংযুক্ত স্থূলতা বা সেরিব্র-ম্পাইনেল মান্টিপল স্ক্রির্মিস (cerebro-spinal multiple sclerosis)

কারণ-তত্ত্ব। — প্রজাতি মধ্যেই অধিকাংশ রোগ সংঘটিত হয়। শিশু এবং অল্লবয়স্ক ব্যক্তিদিগের মধ্যে অতীব অল্লসংখ্যক, অপিচ অসম্পূর্ণ রোগ দৃষ্টিগোচর হয়; ইহা ত্রিশ বংসরের পূর্বেকিচিং দেখা দেয়, এবং কার্য্যতঃ পদ্মতাল্লিশ বংসরের পরে কথনই দেখা যায় না। রোগীর স্বভাব স্নায়ু-বিকার সংস্ঠ।

অধিকাংশ সময়েই রোগ-বিষের সংক্রমণ ইহার কারণ বলিয়া গণ্য।
পচনশীল জ্ব-বিকার (Typhoid fever), ম্যালেরিয়া, বিদর্পরোগ
(Erysipelas), মারাজ্মক গলক্ষত (diphtheria), কলেরা অথবা
রসবাত রোগের পরে ইহা উৎপন্ন হইতে পারে। সম্ভব যে কথন কথন
ইহা অভিবাতের ফল হইতে জন্মিয়াছে, এবং হইতে পারে আতপাঘাতও
ইহার কারণ। কিন্তু উপদংশ হইতে ইহার উৎপত্তির সম্ভাবনা
সন্দেহজনক।

আময়িক বিধান-বিকার-তত্ত্ব।—মন্তিষ্ক এবং কশেরুকা-মজ্জার অভ্যন্তরে এক ইঞ্চির পাঁচিশ ভাগের এক ভাগ হইতে এক ইঞ্চি পর্যান্ত আকারের ঈষদ্বুসর-শুল্র, স্বাভাবিক মন্তিকোপাদান হইতে কঠিনতর, এবং যোজকোপাদান হইতে কোমলতর ক্ষুদ্র ক্ষুদ্র ঘনীভূততা সংযুক্ত স্থল মন্তিকাংশ অনিয়মিত রূপে বিক্ষিপ্ত দৃষ্টিগোচর হয়। ইহাদিগকে ধুসরপদার্থ অপেক্ষা শুল্র পদার্থেই অধিকতর দেখা যায়। রোগ-প্রক্রিয়া শুল্র মন্তিক্ষ পদার্থে আরম্ভ হয়। এই সকল ক্ষয় অংশ তান্তবোপাদান নির্মিত, এবং সাধারণতঃ রক্ত-নাড়ার প্রাচীরসহ সংলগ্ন থাকে না।

লক্ষণ-তত্ত্ব।—অধিকাংশ স্থলেই এই সকল রোগের প্রথম লক্ষণ স্বরূপ ললাটদেশে বিশেষ প্রকারের তীক্ষ এবং আকস্মিক বেদনা জন্মে। তাহা অতি স্বল্পস্থায়ী, এবং আক্রমণের সংখ্যা সম্বন্ধে অতীব অনিয়মিত। এই লক্ষণ অন্ত কোন রোগ-চিত্নের অনেক পূর্ব্বে উপস্থিত হইতে পারে, এবং অতি কচিৎ কোনরূপ আসন্ন গুরুত্ব অপায়ের প্রদর্শক বলিয়া বিবেচিত হয়।

কোন রোগদংক্রমণের কারণের, অথব। কোন কঠিনতর আঘাতের এক অথবা হই বৎসরের মধ্যে যদি এই লক্ষণ উপস্থিত হয়, এবং এই বিশেষ প্রকারের বেদনা জন্ম অন্ম কোন কারণের নির্দেশ করা না যায়, চিকিৎসকের সর্বস্থলেই এই রোগ বলিয়া সন্দেহ করা উচিত। সাধারণতঃ ইহার পরেই অনুভব শক্তির কিঞ্চিৎ অপচয়, অথবা অসাড়তার অনুভূতি সহ জন্মার দৌর্বল্য এবং কাঠিন্য পরিলক্ষিত হইবে। প্রত্যেক ইচ্ছা প্রণোদিত চালনার চেষ্টা মাত্রই হস্তের ক্ষম কম্পান—প্রকৃত সংকল্পরক্ষেপন (the true intention tremor) আরক্ষ হয়। রোগীর ভ্রমণে কষ্টের আরম্ভ হইবে—সম্ভবতঃ উভয় হস্ত ও পদের কিঞ্চিৎ গতিবৈষম্যের (ataxia) ফল। এক্ষণে রোগী বাক্য যেন থামিয়া থামিয়া বিবেচনার সহিত বলে, অর্থাৎ, তাহার ধীরতার দিকে গতি প্রবণতা জন্মে এবং প্রত্যেক বাক্যাংশ স্বতন্ত্রমণে উচ্চারিত হয়। গলাধঃকরণে কিঞ্চিৎ কন্ত হইতে পারে। পদবিক্ষেপের অপ্রত্য জন্মে, কথন কথন রোগী স্বামন্ত ব্যক্তির আর টলমল করে। হস্তের

শুদ্দাবার ঘনীভূততা সংযুক্ত স্থলতা বা মাল্টিপল্ ক্লিরাসম। ২.১০৭
কাঁপুনি ঝাঁকিয়ক্ত হইতে পারে, এরূপ যে লিথিতে, মুথে খাল্ল প্রবিষ্ট করাইতে, অথবা যে কোন কার্য্য করিতেই বাধা জন্মে। চক্লু-মিটিমিটি উপস্থিত হয়, ইহা কেবলই দৃষ্ট পদার্থ হইতে চক্লু ফিরাইলে ঘটে। জিহ্বা বাহির করিতে কাঁপিতে থাকে। অন্নভূতি শক্তির সামান্তই বিশৃংথলা ঘটে। শুরুত্ব এবং চাপের অন্নভূতি অক্লুয় অথবা প্রায়ই তদ্ধেপ থাকে, রোগের অত্যন্ত বর্দ্ধিতাবস্থা ব্যতীত কণীনিকার প্রতিক্রিয়া স্বাজাবিক দেখা যায়। কম্পন বিস্তুত হইয়া গ্রীবা ধারণের পেশী আক্রান্ত হওয়ায় উপবেশন করিলে অবিশ্রান্ত কম্পন হইতে থাকে।

অক্ষি-বীক্ষণ-যন্ত্র-পরীক্ষায় চিত্রপত্রের চাকতির (Retinal Disc) কর্ণ-পার্য ক্ষয়িত দৃষ্ট হয়, এ রোগের ইহা একটি বিশেষ লক্ষণ; অবশেষে সম্পূর্ণ চাকৃতিরই ক্ষয় জন্মিতে পারে।

ইহা অন্সান্ত পেশীতেও বিস্তত হইতে পারে।

মধ্যে মধ্যে শিরোঘূর্ণন অথবা সম্পূর্ণ অজ্ঞানতার আক্রমণ হইতে পারে, কিন্তু তাহা ক্ষণস্থায়ী। স্থূলতঃ মানসিক অবস্থাদি অক্ষুপ্ন থাকে। চিস্তা শক্তির কিঞ্চিৎ ধীরতা ঘটতে পারে, এবং সন্তবতঃ কিঞ্চিৎ বিষপ্প চিত্ততা জন্মে। কিঞ্চিৎ বিধিরতা জন্মিবার বিলক্ষণ সম্ভাবনা, এবং সঙ্গে সঙ্গে সালে স্থাদের কিঞ্চিৎ পরিবর্ত্তন উপস্থিত হয়। কম্পানই প্রধান লক্ষণরূপে বর্ত্তমান থাকে।

গভীর কণ্ডরা-প্রতিক্ষেপাদি, এবং উপরিদেশেরও তাহা বর্দ্ধিত হয়। বৈচ্যুতিক প্রতিক্রিয়ার পরিবর্ত্তন হয় না।

স্বন্ধ কতিপয় স্থলে নির্দিষ্ট কতিপয় পেশীর, অথবা একটি সম্পূর্ণ অঙ্গের ক্ষয়োৎপন্ন হয়, কিন্তু বৈছ্যাতিক ক্রিয়ার পরিবর্ত্তন হয় না।

চক্ষু মুদ্রিত করিলে যদি কম্পানের অন্তর্যোগ্য এবং নিয়মিত বর্দ্ধন ঘটে, নিশ্চিতই রোগসহ শারীরিক ক্রিয়া বৈষম্যের মৌলিক সংস্রব বর্ত্তমান থাকে। ইহা যদি অধিকত্তর স্পষ্ট হইয়া উঠে, তাহাতে পদাক্ষুলি টানিয়া ফেলিতে হয়, অনুমিত হয় থেন তাহারা গৃহতল সহ আটা আছে, এবং তাহাদিগকে টানিয়া তুলিয়া পদক্ষেপ কঠিন হইয়া পড়ে।

রোগ মূলতঃ পুরাতন, পাঁচ হইতে বিশ বৎসর, এমন কি তদপেক্ষাও অধিককাল হাগ্নী হয়। ইহার ভোগ অতীব অনিয়মিত, অনেক সময় পর্যান্ত রোগের কোন বৃদ্ধি অনুমিত না হইতে পারে, অথবা স্পষ্টতর উপকারও দেখা যায় না। পক্ষান্তরে ন্যুনাধিক শীঘ্র শীঘ্র প্রায় সন্ন্যাসের ন্যুন্ন প্রকৃতি বিশিপ্ত আক্রমণ হইতে পারে, প্রত্যেক আক্রমণেই রোগের স্পষ্টতর বৃদ্ধি হয়। অপিচ রোগ বৃদ্ধির বাধা পাইয়া ক্রমে ক্রমে স্থায়ী উন্নতি কার্য্যতঃ আরোগ্য পর্যান্ত যাইতে পারে। অন্তথা সমান ও স্থায়ীভাবে বৃদ্ধি পাইয়া শেষ পর্যান্ত যাইতে পারে।

রোগ-নির্বাচন ।— সকম্প পক্ষাঘাতসহ এ রোগের অতি নিকট সাদৃশ্য— ঐচ্ছিক চেষ্টায় কম্পন প্রশমিত, এবং শায়িত অথবা নিদ্রিতাবস্থায় ব্যতীত স্থির থাকিলে, বর্দ্ধিত হইয়া থাকে। ইহাদিগের মধ্যে প্রভেদ নিরূপণ প্রথমে যেরূপ সহজ্ঞ বলিয়া বিবেচিত হয় সক্ষম্থলেই তদ্ধপ সহজ্ঞ হয় না, কিন্তু স্বল্প কতিপয় দিবস অথবা সপ্তাহের সম্জ্ব পরিদর্শন নিশ্চিত রোগ নির্ব্বাচনের সাহায্য করে।

পক্ষাঘাতিক বুদ্ধি-হ্রাসে মানসিক লক্ষণাদি অধিকতর স্পষ্টত। পায়, এবং কম্পন সংকল প্রকারের (intention type) হয় না, ও অধিকতর অনিয়মিত থাকে।

ভাবী ফল ।—জীবন সম্বন্ধ আশকা রহিতই বলা যাইতে পারে।
স্বল্প কভিপন্ন স্থলে সন্ন্যাসের আক্রমণ, অথবা কন্দবৎ স্নায়-মূলের রোগ
হইতে মৃত্যু সংঘটিত হওমার বিবরণ জ্ঞাত হওমা যায়। কতিপন্ন রোগী
বংকাইটিস রোগে খাস-প্রখাস-কেন্দ্রের ক্রিন্থার বাধা নিবন্ধন মৃত্যুগ্রাসে পতিত হইয়াছে। উপরে যেক্সপ কথিত হইয়াছে, কথন কথন
রোগের এরূপ স্থাপাই এবং অনেক স্থান্নী বিরাম উপস্থিত হয় যে

ভাছা কার ঘনীভূততা সংযুক্ত ছুলতা বা মাল্টিপ্র্ স্থিরসিস। ২১০৯
ভাছা আরোগ্য বলিয়া বিবেচিত হইবার পঁক্ষে যথেষ্ট বলা যাইতে
পারে।

চিকিৎসা-তত্ত্ব ,—স্ল রোগ-চিকিৎসায় অভ্যন্তরীণ ঔষধের প্রয়োগ সম্বন্ধে লক্ষপ্রতিষ্ঠ চিকিৎসক্গণ বিশেষ কোন উৎসাহের কথা প্রকাশ করেন না। তথাপি উপস্থিত লক্ষণামুসারে অক্সাম এট্র্সেলিডি প্রাম ক্লোভাইড, মার্ক-বিশ্-আয়াড, কেলিফস, ম্যাপ্রিসিয়াম ফ্রুস প্রভৃতি ঔষধের নিয় ক্রমে প্ররোগের বিধি দৃষ্টি গোচর হয়।

কম্পান—ইহা একটি কষ্টদ এবং বিরক্তি কর লক্ষণ। ইহার সাময়িক উপশম জন্ম (ডা: মার্কের) হাইডুব্রেমেট তাব হাক্রজনাক্রামাইক উপলারী বলিয়া কথিত। (৪\* ক্রমের) তিন গ্রেণ মার্কায় চুর্ণ ঔষধ তিন অথবা চারি ঘন্টা পর পর দেয়। ডাঃ কাউপার থোয়েট এই ঔষধের বিশেষ অনুরাগী ও বিশ্বাসী, তিনি বলেন, "৪\* ক্রমে ইচ্ছামুর্নাপ ক্রিয়া প্রকাশিত না হইলে চারি অথবা ছয় ঘন্টা পর পর ইহার এক গ্রেণের পাঁচ শত অংশের এক অংশের চাক্তি, (ট্যায়েট) অভ্যন্তরীণ প্রয়োগ করা ষায়।" কথন কথন তিনি এক গ্রেণের শতাংশের এক অংশের চাক্তিও উপযুক্ত প্রয়োগ বিবেচনায় ছগধদেশে প্রতি দিন ছই অথবা তিন বার প্রবিষ্ট করণের আবশ্রকতা বোধ করিয়াছেন।

অনিজ্ঞা—ইহা অতীব কষ্টপ্রাদ লক্ষণ, অনেক সময়েই বাধ্য হইয়া নিজ্ঞানমনে চিকিৎসকগণ বিসদৃশ ঔষধের ব্যবস্থা করিয়া থাকেন,। এরূপ ঔষধের মধ্যে প্যাতিনহলুক্কা আহিষ্টে—এক হইতে হুই চা-চামচ অর্জ গ্লাস জল সহ, শরন কালে তিন বারে সেবন করিলে নিজ্ঞানয়ন করিতে পারে। কথন কথন ক্লোন্টান্স হাই ডেলেই, ক্রোক্ষাইড লেক্সান্টান্টি অথবা উভরের মিশ্রণেরও প্রয়োজন হইতে পারে।

বর্তমান রোগের এবং এই পর্যায়ের অস্তাস্ত রোগের মৌলিক চিকিৎসার

শাবরা ক্যাক্তেরিস্ত্রা সলউ স্, ক্ষস্করাস ও জিপ্ত-সলউস্ এবং সাইলিসিস্তা ইত্যাদি ধাতৃগত ঔষধের উপরে বিশেষ নির্ভর করিয়া থাকি। তম্মধ্যে সাইলিসিস্তা হইতে আমরা আশা-তিরিক্ত ফল লাভ করিয়াছি। বলা বাছল্য রোগীদিগের শরীরাবয়ব এবং লক্ষণাদিতে সাইলিসিস্তা-প্রাক্ত প্রকাশ পাইয়াছিল।

আকুষজ্পিক চিকিৎসা।—শ্যায় রক্ষানা করিলেও রোগীর ফৈর্য্যাবলম্বন করিতে হইবে। অর্থাৎ তিনি মৃত্ব ভ্রমণ এবং শাংসারিক মন্ত্র শ্রম সাধ্য কার্য্যাদি করিবেন, কিন্তু যাহাতে ক্লাস্তি জন্মে তজ্ঞপ ব্যব-হারে বিরত থাকিবেন। যতদূর সম্ভব রোগী আমোদ জনক বিষয়াদি দারা মানসিক শাস্তি রক্ষা করিবেন। শৈত্যোঞ্চাদির অষথাসংস্পর্শ সাবধানতার সহিত পরিত্যাজা।

রোগের প্রথমাবস্থায় মল-নিঃসারক (eliminating) স্নান (bath) উপকারী বলিরা কথিত। ইহার প্রয়োগ—যাহাতে রোগীর শরীর-তাপ ১০ হইতে ২০ পর্যান্ত বৃদ্ধি পাইতে পারে, এরপ উষ্ণ জলের স্নানে বসাইরা তুলিয়া লইবে এবং অবিলম্বে রোগীকে বস্ত্র নির্মিত ক্ষুদ্র কাণ্ডারাভান্তরে রক্ষার পর উষ্ণ বস্ত্রারত করিয়া বিশ হইতে ত্রিশ মিনিট পর্যান্ত বর্ম্ম হইতে দিবে। পরেই ত্বরিত গতিতে রোগীর গাত্র শমুক বারা এবং সহজ বর্ষণ করিবে। যে পর্যান্ত কিঞ্চিৎ জর সহ অনেক গুলি পচন বা টাইফইড লক্ষণ উৎপন্ন না হয় রোগীকে প্রতিদিনই এই প্রকারে স্নান করান যাইতে পারে। এই স্নানের সমন্ন রোগীর গ্রীবা শীতল জল সিক্ত বস্ত্র বেষ্টিত করিতে এবং অবিশ্রান্ত ভাবে মন্তকোপরিশীতল জল সিক্ত বস্ত্র অথবা স্পান্ধ রাথিতে হইবে। রোগীর যাহাতে শীতকম্প উপস্থিত না হয়, এবং গাত্র ঝল্সিয়া না যায়, ইহা ব্যতীত জলের তাপ সম্বন্ধে বিশেষ কিছু দেখিতে হইবে না। রোগীর তাপই বিবেচ্য বিষয়।

রোগের অতি বর্দ্ধিত অবস্থার এইরূপ স্নান আশকা জনক এবং নিষিদ্ধ ;

গুদ্ধাকার ঘনীভূততা সংযুক্ত স্থূলতা বা মাল্টিপুঁল স্থির রিসিস। ২১১১ বৈ হেতু ইহা ঘনীভূততা সংযুক্ত স্থূলতা প্রাপ্ত এক অথবা একাধিক স্থানে রক্ত-স্রাব উৎপন্ন করিতে পারে।

ডাঃ কাউপার থোরেটের বহুদর্শিতার গ্যাল্ভ্যানিক বিহ্যুৎ-স্রোভ উপকারী বলিরা বিবেচিত হইরাছে। তিনি এক দিনের পর্য্যারে বিশ মিনিট করিয়া কৈন্দ্রিক গ্যাল্ভ্যানিক বিহ্যুৎ স্রোতের ব্যবহার করিয়া থাকেন। বিশেষ লক্ষণ থাকিলে তিনি অন্ত প্রকারেও ইহা ব্যবহৃত করেন।

অঙ্গ-সংবাহন বা মাদেজ—রোগীর কেবল স্বস্তির জন্ত নহে, প্রকৃত রোগের উপকারার্থ প্রতি সপ্তাহে তিনবার করিয়া ইহার ব্যবহার বিধেয়।

ক্বৃত্তিম উপারে স্নায়ু-কম্পন (nerve vibration) উৎপাদন দ্বারাও ইহার একরূপ চিকিৎসার বিষয় ডাঃ চেল বণিত করিয়াছেন।

#### লেক্চার ২৮৫ (LECTURE CCLXXXV.)

### কশেরুকা-মজ্জাসম্মুখস্থ তরুণ অকাল-প্রদাহ বা পলিয়মায়িলাইটিস এণ্টিরিয়র একুটা।

(POLIOMYELITIS ANTERIOR ACUTA)

প্রতিনাম।—শিশু-পক্ষাঘাত বা ইন্ফ্যাণ্টাইল প্যারালিসিস (Infantile Paralysis); তরণ ক্ষয় জনক কলের কার পক্ষাঘাত বা একুট এটুফিক স্পাইনেল প্যারালিসিস (Acute Atrophic Spinal Parlysis); শিশুদিগের কলেরকা-মজ্জার পক্ষাঘাত বা স্পাইনেল পল্জি অব চিল্ডেন (Spinal Palsy of children)।

বিবরণ।—ইহা হগ্ধ পোয় বালকদিগের রোগ। কিন্তু কোন বয়সেই ইহা হইতে সম্পূর্ণ অব্যাহতি নাই। শিশুর প্রান্ন পাঁচ মাস বয়সেই ইহার অধিকাংশ আক্রমণ হয়, এবং সাত মাসের পর দ্বিতীয় হইতে চতুর্থ বংসর বয়সে পদার্পণ পর্যান্ত আক্রমণ সংখ্যা স্বল্পতর হইনা যায়। ইহার পরে বয়সের শেষ পর্যান্ত রোগাক্রমণ স্বল্পতরই থাকে।

কারণ-তত্ত্ব।—অধিকাংশ স্থলেই কোন কারণ নির্দেশ করা অসম্ভব। ইহা নিশ্চিত যে অনেক স্থলে আভিঘাতিক কারণ হইতে রোগোৎপত্তি হয়; এবং অস্তান্ত অনেক স্থলে বিবিধ প্রকার সংস্পর্শ রোগের কারণ হইয়া থাকে। রোগ-বীজ-সংক্রেমণ হইতে অনেক রোগ জন্মে। চিকিৎসকগণ বিবেটনা করেন রোগে নাতিপ্রবল দেশব্যাপক প্রকৃতি লক্ষিত হয়। অধিকতর সময়েই শিশুদিগের তরুণ সংক্রোমক রোগের ক্ষুল্ অরুপ ইহা জন্মে।

আম্মায়ক বিধান-বিকার-তত্ত্ব ---- কশেরক-মজ্জার সন্মুখ

শৃঙ্গন্থ ধুসর পদার্থের (gray matter) তরুণ প্রাদার। রোগের নৃতন অবস্থার পরীক্ষা করিলে রক্ত-বহা-নাড়ীর বিস্তৃতি সহ বির্দ্ধি দৃষ্ঠ হইয়া থাকে (প্রবল রক্তাধিক্য)। অনেক সমরে তাহাতে ছিপিবং রক্ত-চাপ অথবা অল্ল কিঞ্চিং রক্ত-আব দেখা যায়। কোষাঙ্কুরাণু অম্পষ্ট থাকে, এবং কোষপ্রবর্দ্ধন ক্ষর প্রাপ্ত হয়। গ্রন্থি (ganglion) কোষাদি ঘোলাটে হইয়া যায়।

রোগ দীর্ঘ কালের হইলে কোষ এবং তস্তুর ক্ষম হইয়া যায়। সম্ভবতঃ সম্মুখস্থ শৃঙ্গ সংকুচিত এবং ক্ষুদ্র হইয়া থাকে।

লক্ষণ-তত্ত্ব।—ডাং কাউপার থোরেট বলেন, "আমার প্রত্যক্ষ জ্ঞানে, আকল্মিক একাঙ্গান—এক উদ্ধান্ধের অথবা এক নিয়ান্ধের কেবল এক দলভূক্ত পেশার, অথবা এক নিয়ান্ধের, অথবা এক উদ্ধান্ধের এক এক দলভূক্ত পেশার পক্ষাঘাত প্রথম এবং একমাত্র লক্ষণ উপস্থিত হইয়াছে।" ইহা সম্পূর্ণ শিথিল পক্ষাঘাত, এবং পরে পেশার ক্ষয়ে ইহার শেষ হইয়া থাকে। নিয়ম এই যে রোগের প্রথম সপ্তাহে পক্ষাঘাতের আয়তন কিঞ্চিৎ হাস প্রাপ্ত হয়। এই অবস্থার পরে রোগের একভাবে স্থায়ী থাকাই প্রকৃতি, প্রভেদ এই যে স্বল্পকালের জন্ত পেশা-ক্ষয় চলিয়া অবশেষে তাহাও স্থিরাবস্থা পার।

অনেক স্থলে শীত-কম্প, তাপের বৃদ্ধি, সম্ভবতঃ বিবমিষ। এবং বমন উপস্থিত হয়, এবং কিঞ্চিৎ সর্বাঙ্গীন আক্ষেপও হইতে পারে। চৈতত্যাভাব, এবং এমন কি মৃহতর তামদী নিজ্ঞাও দেখা দিতে পারে। এই জরাবস্থা কতিপয় দিবস পর্যাপ্ত হাস না পাইতে পারে। এই জরাবস্থার শেষ হওয়া মাত্র অথবা তাহার অল্প পরেই পক্ষাঘাতের আক্রমণ প্রকাশিত হয়। এই পক্ষাঘাত সাধারণতঃ একাঙ্গীন, কিন্তু ইহা উভয় নিয়াঙ্গ অথবা উভয় উদ্ধাঙ্গ, এক নিয়াঙ্গ এবং সম পার্শের এক উদ্ধাঙ্গ, অথবা এক পার্শের এক নিয়াঙ্গ

এবং বিপরীত পার্শ্বের এক উর্দ্ধাঙ্গ, অথবা চারি থানি অঙ্গই আক্রমণ করিতে পারে। যেরূপ উপরে কথিত হইয়াছে সর্বস্থলেই প্রথম সপ্তাহে অথবা দশ দিবস পর্যান্ত পক্ষাঘাতের পশ্চাৎগমন হয়, তাহার পরে একমাত্র পেশী অথবা একদল পেশী আক্রান্ত হইতে পারে।

বেদনা থাকে না, চৈতন্ত স্বাভাবিক থাকে, পক্ষাঘাতযুক্ত পেশীর উপরিস্থ প্রতিক্ষেপের অনুপস্থিতি ঘটে। অবশ্ব গভীর দেশের প্রতিক্ষেপেরও অভাব ঘটে, কিন্তু অল্প বয়স্ত বালকদিগের মধ্যে কখনই তাহার সস্তোষজ্ঞনক পরীক্ষা হইতে পারে না। যে অঙ্গে পক্ষাঘাত থাকিরা যার, সহযোগী অঙ্গের ন্যায় তাহা ক্রুত বন্ধিত হয় না। কোন অঙ্গের যত অধিক সংখ্যক পেশী গাক্রান্ত হয়, সন্তবতঃ তদমুপাতেই তাহার বৃদ্ধি হ্রাস পাইয়া থাকে। প্রতিহন্দ্বী পেশীর স্বাভাবিক অবস্থা থাকিয়া কোন কোন পেশীর পক্ষাঘাত নিবন্ধন অঙ্গবিশেষের আকার ভ্রষ্টতা জন্মে। এবন্ধিধ কারণে কোন হস্ত নানাপ্রকারে কুৎসিত আকার পাইতে পারে, অথবা থাের যে কোন প্রকার বক্রচরণ (talipes) জন্মিতে পারে, অথবা মেরুদণ্ডের-বক্রতা সংঘটিত হইতে পারে। সন্ধির শিথিলতা জন্মিতে পারে।

ভাবীফল।—চিকিৎসক এবং শিশুর অভিভাবক স্থানীর্যকাল ধরিয়া ধৈর্যাবলম্বনপূর্কক চেন্তা করিলে এ প্রকার রোগে সাধারণতঃ বেরুপ দেখা বায় তদপেক্ষা উৎকৃষ্টতর ভাবীফলের আশা করা বাইতে পারে। ফলতঃ ইহা নিশ্চিতই যে নিঃম্ব পরিবারস্থ ব্যক্তিদিগের মধ্যেই এরুপ রোগ অধিকতর সংঘটিত হয়, বেহেতু তাহাদিগের পক্ষে দীর্যকাল ধরিয়া নিম্নমিতরূপে যথোপযুক্ত কিকিৎসা নিশ্চিতই অসম্ভব। এই সকল স্থলে পিতা মাতা অথবা অভিভাবক, ইচ্ছা থাকিলেও সাংসারিক অবশু কর্ত্তরা অন্তান্ত কার্যান্ত্রোধে উপযুক্ত সমন্ত এবং মনোযোগ প্রদানে এবং সম্ভবতঃ অর্থব্যয়ে সক্ষম হয়েন না। সাধারণ ঔষধালয়েও প্রায় ইহার চিকিৎসা সম্পাদনার্থ উপযুক্ত উপকরণাদি, যন্ত্র অথবা বিশেষ শিক্ষিত অনুচরাদির

অভাব থাকে। অপিচ দেখা যায় অতি অল্প চিকিৎসালয়ই ইহার চিকিৎসার্থ অর্থব্যয়ে প্রস্তুত থাকে এবং আবগুকীয় স্থদীর্ঘকাল পর্যান্ত চিকিৎসা চালাইতে সক্ষম হয়। রোগী চিকিৎসার্থ চিকিৎসালয়ে স্থান পাইলেও পরিচারকগণ সাধারণতঃ বিব্রক্ত এবং অমনোযোগী হইন্না পড়ে। যাহাই হউক ধনাঢ্য ভদ্রলোকদিগের মধ্যেও এরূপ রোগ সংখ্যা যথেষ্ট দেখা যায়, ধৈর্য্য এবং অধাবসায় থাকিলে ইঁহারা অবগুই রোগের ভাবীফলের অনেক উন্নতি দেখাইতে পারেন। ফলতঃ নিতান্ত পক্ষে স্থদীর্ঘ পাঁচ বৎসরকাল ধৈর্য্যাবলম্বন পূর্ব্ধক চিকিৎসাধীন থাকিবে এরূপ অঙ্গীকার প্রাপ্ত না হইলে নিশ্চিতই কোন চিকিৎসকের এরূপ কর্ম এবং সময় সাপেক্ষ রোগ চিকিৎসায় হস্তক্ষেপ করা যুক্তি সঙ্গত বলিয়া বিবেচিত হয় না।

নিশ্চিতই রোগ মৃত্যু আশক্ষা রহিত। ইহা কেবলই একটি আকার ভ্রষ্টতা, যাহাতে এক বা একাধিক পেশী সম্পূর্ণ অকম্মণ্য হইয়া যায়। দ্বিতীয় সপ্তাহের শেষে যে পেশীর ফারাডিক বিচ্যাৎ-স্রোতে প্রতিক্রিয়া হয়, তাহা আরোগ্য হইতে পারে,এবং যে কোন পেশীর যে কোন সময়েই গ্যাল্ভ্যানিক বিহ্যচেছ্ াতে প্রতিক্রিয়া জন্মে, সম্ভবতঃ তাহারও আরোগ্যের বিশেষ সম্ভাবনা থাকে।

চিকিৎসা-তত্ত্ব।—প্রাথমিক জবে প্রকৃত রোগ অজ্ঞাত থাকে, চিকিৎসা অবশ্রুই লক্ষণ সাদৃশ্রমূলক হয়, এজন্য একনাইট; ক্রেন্সেন্সিম্রাম প্রভৃতি সাধারণ ঔষধ অনেক সময়ে প্রদর্শিত হইয়া থাকে! ফলত: সম্মকাল মধ্যেই পক্ষাঘাতিক লক্ষণের প্রকাশ দ্বারা রোগের প্রকৃত স্বভাব বিজ্ঞাপিত হয়। কিন্তু তীহাতেও রোগের তক্ষণত্ত যায় না। তাহা ন্যুনাধিক আয়ে ছই মাস স্থায়ী হয়, এবং ন্যুনাধিক জন্নও রহিয়া যায়। এবস্থিধ অবস্থাতেও নিম্ন ক্রমের এক-নাইট. জেলসিমিহ্লাম এবং অবস্থামুসারে মধ্যবিধ ক্রমের বেলাড়না, ব্রায়নিয়া অ্থবা মাকু রিয়াস আমাদিগের निर्ज्य ऋग रहेशा थाएक ।

উপরি উক্ক অবস্থান, অর্থাৎ রোগের প্রক্কৃতি বিষয়ে সন্দেহের অপনায়ন হইলে ডাঃ কাউপার থোন্নেট প্রথমে তিন হইতে দশ বিদ্ মাত্রান্ন তিন শণ্টা পর পর ক্ষানুইবিস্ ক্ষানুইড্ এক্স্ট্রাবিস্ট আব আগ্রি প্রথমাগের পর ছই দিবস পর্যান্ত ৩× ক্রমের জ্বেকসিমিক্সাক্ষ ব্যবহারের উপদেশ প্রদান করেন।

রোগের অপেকাকৃত পুরাতনাবস্থায়, অর্থাৎ প্রায় হই মাসের পর
প্লোক্সাম এসেউ, আহাডিন, ম্যাগ্রিসিন্থাম সাক্ষ
মধ্যবিধ অথবা উচ্চক্রমে, এবং কেলিআহাড নিমক্রমে যথা প্রদর্শিত
বাবস্থা করা যায়। ফলতঃ আমরা ধাতৃর অনুসরণে ক্যাক্রেলিহা!
সল্টেস্, ফুসফ্রাসে এবং সিলিসিন্থাল্ল উপরেই, রোগের
নাতিপ্রবল ও পুরাতন অবস্থায়, বিশেষ নির্ভর করিয়া থাকি। মধ্যে
মধ্যে উচ্চক্রম সাল্ফাল্ল প্রয়োগে উৎকৃষ্ট ফল লাভ হইয়া থাকে।

আনুষ্ঞ্চিকিৎসা।—বৈছাতিক-স্রোত এই সকল রোগের পক্ষে আমাদিগের শেষ অবলম্বন স্বরূপ। রোগের ছই সপ্তাহ অতিবাহিত না হইলে ইহার ব্যবহার অন্তচিত। পরে ছই হইতে তিন মিলিয়াম্পিয়ারের অধোগামী গ্যাল্ভ্যানিক স্রোত, অথবা তিন হইতে পাঁচ দেল বা কোটরের সাধারণ ক্ষুদ্র ব্যাটারির প্রতি দিন ছই, অবস্থা বিশেষে তিনবারও প্রয়োগ করা যায়। এক সপ্তাহ ভরিয়া ইহার বাবহারের পর, ফারোডিক স্রোতের প্রয়োগ কমাইয়া প্রতি দিন একবারে লইতে পারা যায়। ফারোডিক স্রোতের ব্যবহারে ইহার অন্ততর বৃহৎ ও চ্যাপ্টা বিছায়ার্গ (একটি ভারের প্রান্তভাগ) বা ইলেক্ট্রড মেরুদণ্ডের অপায়যুক্ত স্থানের উপরে, এবং ক্ষুদ্রতর বিছায়ার্গ বা ভার-প্রান্ত ক্ষাবাত মুক্ত পেশীর গতিদ স্নায়্-শক্তির প্রবেশস্থানের উপরে স্থাপন করিতে হইবে। স্রোতের শক্তির পরিমাণ এরূপ হওয়ার আবশ্রক যে পেশীর সামান্ত মাত্র সংকোচন ঘটিবে, সম্ভব হইলে যাহাতে অভ্যধিক বেনুদনাকর

না হয় তজ্ঞপ অথবা শক্তির পরিমাণ এরপ হইবে যে শিশু সহজে সহ করিতে পারে। প্রত্যেক পক্ষাঘাতযুক্ত অঙ্গের চিকিৎসা পাঁচ মিনিট স্থায়ী ছইবে এবং প্রতি দিন একবার প্রয়োগ করিবে। এই প্রণালীর চিকিৎসা ন্যুনাধিক একমাস চলিবার পর, প্রথমে গ্যালভ্যানিক স্রোত দারা বৈছাতিক প্রতিক্রিয়ার পরীক্ষা করিতে হইবে। এক বিছ্যানার্গ (pole) আক্রান্ত কশেরুকা-মজ্জার অংশোপরে অন্তটি আক্রান্ত পেশীর গতিশক্তি প্রবেশ বিন্দুর উপরে স্থাপন দারা স্রোত-গতি নির্ণীত করিতে হইবে ৷ এই প্রকার স্রোতমার্গের সমাবেশ করিয়া যাহাতে ক্ষীণতর স্রোতে সংকোচনোৎপন্ন হয় তাহা স্থির করিতে হইবে। এইরূপে স্রোতগতি নির্ণীত হইলে তদমুদারে ভিন্ন ভিন্ন স্থানে তাহার প্রয়োগের ব্যবস্থা করিতে ছইবে। প্রতি দিবস এই চিকিৎসা করিতে হইবে—সপ্তাহে ছইবার করিয়া কশেরুক-মজ্জার নিমাভিমুখীন গ্যালভ্যানিক স্রোত এবং চিকিৎসার সংপুরণার্থ আক্রান্ত পেশীতেও গ্যাল্ভ্যানিক স্রোত প্রেরিত করিতে হইবে। সপ্তাহের অবশিষ্ঠ দিবসাদিতে মেরুদণ্ডের পেশীতে ফ্যারাডিক স্রোতের প্রয়োগ করিবে। চিকিৎসা কাল ভরিয়া ইহা কর্ত্তবা। ইহার প্রয়োগ বিশেষজ্ঞ ব্যক্তির দ্বারা হওয়া উচিত। বায় সংক্ষেপার্থ পরিবারস্থ কোন বাজি ষ্ম ক্রয় করিয়া কথনই ইহার বাবহার করিবেন না।

এই সকল রোগচিকিৎসায় তাপ বিশেষ সাহায্যকারী; রোগাক্রমণের এক মাস পরে ইহার প্রয়োগের আরম্ভ করা যাইতে পারে। পক্ষাঘাতাক্রাস্ত অঙ্গ প্রতিদিন একবার করিরা উষ্ণ স্নান ক্রলে ডুবাইয়া রাথিতে হইবে; তাপ পরিমাণ রোগীর বয়সামুসারে ব্যবস্থেম্ম।

ত্তকের অনিষ্ট না হইয়া রোগী যাহা সহজ্ঞে সহা কারতে পারে তাপের পরিমাণ, তজ্ঞপ হইবে। বয়স্থ শিশুগণ ১০০ ফারেন হাইট তাপের জলে প্রথমে অঙ্গ ডুবাইলে পরে ক্রমে তাহা ১০৪ ফারেন হাইটে উঠাইতে হইবে। যাহাতে অঞ্গ ঝল্সিয়া না যায় এরূপ সাবধানতার সহিত উষ্ণ জল ঢালিয়া জলের তাপের বৃদ্ধি করিতে হইবে। জল হইতে উঠাইয়া যে পর্যান্ত লাল না হয় অঙ্গ স্থূল তোরালে দ্বারা বিলক্ষণ ঘর্ষিত করিতে হইবে। দিবসের অন্ত কোন সমরে, প্রতিদিনই অঙ্গোপরে লবণ ঘর্ষিত করিতে হইবে; হাত ভরিয়া সাধারণ লবণ লইবে, তাহা সম্পূর্ণ সিক্ত করিবে এবং তদ্দারা ক্ষিপ্রতার সহিত কতিপয় মিনিট অঙ্গ ঘর্ষিত করিবে।

রোগের প্রথম মাস অতীত হইলে চিকিৎসকগণ অঙ্গ সম্বাহন (massage) দ্বারা চিকিৎসার উপদেশ প্রদান করেন।

ছন্ন অথবা আট মাস অতিবাহিত হইলে তৈল মৰ্দ্দনে উপকার ছইতে পারে। কোন কণ্ডার অথবা পেশীর সঙ্কোচনের চিহ্নের প্রকাশ মাত্র নিরমপূর্ব্বক বিরতিহীন প্রসারণ দারা তাহার নিবারণ চেষ্টা অবশ্র কর্ত্তবা।

কোনপ্রকার সম্ভব্য উত্তেজনার কারণ বিদূরিত করা কর্ত্তব্য।

এই প্রকার রোগের অন্তর্ভুক্ত এক শ্রেণীর ক্রিয়াগত অথবা প্রতি ক্ষিপ্ত রোগ দেখা যায়, শিক্ষার্থীর পক্ষে তাহা জ্ঞাতব্য; সাধারণতঃ আক্রমণের প্রথমাবস্থায় কোন প্রকারেই তাহাদিগকে প্রভেদিত করা যায় না। আমরা যে সকল রোগের ত্বরিত আরোগ্যের বিষয় শুনিতে পাই তাহারা এই শ্রেণীর রোগ।

শিশুদিগের দস্তোদ্ভেদ বয়সে এই রোগ সাধারণতঃ উপস্থিত হয়। এই পক্ষাঘাত একত রোগেরই সমপ্রকার, কিন্তু ইহাতে পেশীর ক্ষয় উপস্থিত হয় না। অস্ততঃ অন্তক্ষর ব্যবহার না করায় যাহা হইতে পারে ভদপেক্ষা অধিকতর হয় না।

দীর্ঘতর লিঙ্গাগ্রাত্মক, অথবা অতি সুন্ধ ছিদ্রমুক্ত লিঙ্গমুপ্তত্মক, অথবা সংলগ্ন (adherent) লিঙ্গাগ্রত্মক উপস্থিত থাকিতে পারে। এক্লপ স্থলে "ছন্নং" বা লিঙ্গমুপ্ত অকের চতুঃপার্ম বেড়িয়া ছেদন আচিরাৎ

রোগারোগ্য করে। অল্লবয়স্ক বালিকাদিগের মধ্যে সম্ভবতঃ ভগান্ধুর ( clitoris ), অথবা ঐ সকল জননেক্সিয়াংশের উত্তেজনা রোগ কারণ হইতে পারে: ইহাদিগের আরোগ্যে পক্ষাঘাত অন্তর্জান করে।

অক্সান্ত উত্তেজনাকর রোগও থাকিতে পারে, তাহাদিগের আরোগোই পক্ষাঘাত প্রশমিত হয়।

প্রত্যেক স্থলেই শরীরের প্রত্যেক অংশেরই বত্নের সহিত পরীক্ষার আৰগ্যক। সূতা ক্রিমির উত্তেজনা বশতঃ রোগোৎপত্তির বিবরণ পাওয়া যায়।

এবস্বিধ রোগ মাত্রেই উত্তেজনার কারণ বিদূরিত করিয়া ফ্যারাডিক এবং গ্যালভ্যানিক বিহ্যচেছাতের বাবহার করিবে। রোগ ক্রিয়াগত কিমা যান্ত্রিক তদিষয়ে সন্দেহ থাকিলে উত্তেজনার কারণ বিছুরিত করিয়া রোগ যান্ত্রিক ধরিয়া লইয়া চিকিৎসা করিবে। সাধারণতঃ বেল ও ক্যান্তে কাৰ্ব্ব উপকারী।

## লেক্চার ২৮৬ (LECTURE CCLXXXVI.)

যুবকদিগের কশেরুকা-মজ্জা-সম্মুখের তরুণ অকালপ্রদাহ বা একুট এণ্টিরিয়র পলিয়মায়িলাইটিস-অব এডণ্টস।

( ACUTE ANTERIOR POLIOMYELITIS OF ADULTS. )

প্রতিনাম।—যুবকদিগের তরুণ ক্ষয়কর পক্ষাঘাত বা একটু এটুফিক পাারালিসিস্ অব এডণ্ট্স্ ( Acute Atrophic Paralysis of Adults.)।

কারণ-তত্ত্ব ।——সাধারণতঃ ২৫ এবং ৩০ বংসর বয়সে ইহার আক্রমণ হইয়া থাকে। রোগ তক্রপ সাধারণ নহে। ইহা তরুণ সংক্রামক রোগের পরিণাম স্বরূপ দেখা দিতে পারে। পৃয়-মেহ (Gonorhæa) হইতে ইহা উৎপন্ন হইতে পারে। অভিঘাত, তীক্ষ্ণ শৈতাসংস্পর্শ, এবং অতি পরিশ্রম প্রভৃতি ইহার প্রধান প্রবর্ত্তক মধ্যে গণ্য।

আময়িক বিধান-বিকার-তত্ত্ব।—শিশুরোগের সমপ্রকার।

লক্ষণ-তত্ত্ব।—সম্ভবতঃ সর্বস্থলেই ইহার আক্রমণের পূর্ব্বে এক অথবা ছই সপ্তাহ ধরিয়া জ্বর-লক্ষণাদি প্রকাশ পায়। মেরুদণ্ডে কিঞ্চিৎ বেদনা থাকিতে এখিং তথা হইতে কথন কথন বিস্তার প্রাপ্ত হইতে পারে। যদি এই বিস্তারিত বেদনা উপস্থিত থাকে, এবং বিস্তারের পথ বাহিয়া স্পর্শাসহিষ্ণতা জ্বনে, সার্বিক প্রদাহেরও বর্ত্তমানতা প্রকাশিত হয়।

এবন্ধিধ রোগ জন্মিলে স্থায়ী পক্ষাঘাতযুক্ত স্কৃহৎ স্থানের সঙ্গে কণ-স্থায়ী আক্রাস্তদেশও উপস্থিত হয়। যাহাই হউক, এক মাসের মধ্যেই অধিক-তর আক্রাস্ত পেশী সম্পূর্ণ এবং অন্তান্ত পেশী অসম্পূর্ণ ক্রিয়া পুনপ্রাপ্ত হয়। কোন কোন স্থলে ছই অথবা তিন মাস পর্যান্ত এই আংশিক আরোগ্যের আরম্ভ হয় না। ছই অথবা এক সপ্তাহের মধ্যেই আক্রান্ত পেশীর ক্ষয়ের আরম্ভ হয়, এবং সাধারণতঃ ছই অথবা তিন সপ্তাহের মধ্যে অপরুষ্টতার (degeneration) প্রতিক্রিয়া প্রকাশ পায়। এক অথবা ছই বংসরের মধ্যে বৈছ্যাতিক প্রতিক্রিয়া পুনঃ প্রতিষ্ঠিত হয়।

ুভাবীফল।—সম্ভবতঃ এ রোগের আরোগ্যের আশা করা ধার না। তথাপ্লি ইহা জীবনের আশঙ্কা রহিত, স্থায়ী পক্ষাধাত মাত্র।

চিকিৎসা-তত্ত্ব।—ক্তবিশ্ব গ্রন্থকারগণ ইহার চিকিৎসা সম্বন্ধে কোন ঔষধের উল্লেখ করেন নাই বলিলেও আমাদিগের মতে কোনই অত্যুক্তি দোষ ঘটে না। যাহা হউক, রোগ শিশু বয়সে আরম্ভ হয়, ক্যাক্তেরিয়া সন্ট ইত্যাদি ঔষধের বাবহার করিয়া দেখা যাইতে পারে।

## লেক্চার ২৮৭ (LECTURE CCLXXXVII.)

নাতিপ্রবল এবং পুরাতন সম্মুথ কশেরুকা-মজ্জার অকাল প্রদাহ বা সাব-একুট এগু ক্রনিক এণ্টিরিয়র পলিয়মায়িলাইটিস।

( SUB ACUTE AND CHRONIC ANTERIOR POLIOMYELITIS. )

প্রতিনাম ৷—নাতিপ্রবল এবং পুরাতন ক্ষয়কর কশেরুকা-মাজ্জেয় পক্ষাণাত বা সাবএকুট এণ্ড ক্রনিক এইফিক স্পাইনেল প্যারালিসিস্ (Subacute and Chronic Atrophic Spinal Paralysis)।

বিবরণ।—এই প্রকার পক্ষাঘাত পঞ্চাশ বৎসর বয়সের পূর্বে হয় না, অধিকাংশ রোগ ষাইট বৎসর বয়সের পরে সংঘটিত হইয়া থাকে। আক্রমণের পূর্বে কোনরূপ জর লক্ষণ প্রকাশিত হয় না। প্রথমে একথানি পদের হর্বেলতা জয়ে, পরে তাহা নিয়াল্পের অধোভাগ আক্রমণ করে এবং ধীরগতিতে উর্জতর শরীরাংশের হর্বেলতার অমুভূতি হয়। বিপরিত পদ এবং জজ্মাদিও পরে উপরি উক্ত নিয়মান্ত্রসারে আক্রান্ত হইয়া থাকে। পরে কাণ্ড-দেহের পেশীর হর্বেলতা ঘটিয়া অবিপ্রান্ত উর্জাভিমুখীন গতি হইতে পারে, অথবা কাণ্ডভাগের পেশী অনাক্রান্ত থাকে, এবং হস্ত এবং উর্জাল্পের হ্বেলতা জয়ে। আক্রান্ত প্রদেশের পরিমাণ এবং পেশীর দৌর্বল্যের গভীরতা উভয়তঃই রোগ মধ্যবিধ ক্রততার সহিত বৃদ্ধি পায়। পরীক্রায় দৃষ্ট হইবে যে আক্রান্ত অঙ্গের সম্পূর্ণ পেশীতেই রোগ জয়ে না। কোন কোন শেশী স্বস্থ থাকে। কতিপন্ন সপ্তাহ মধ্যেই অপক্রপ্ততার (degeneration) প্রতিক্রিয়া দৃষ্ট হইতে পারে। সর্বস্থলেই পক্ষাঘাতের

পরে আক্রান্ত পেশীর ক্ষরোৎপন্ন হয়। এই পক্ষাঘাত শিধিল প্রকারের, গতিকেই ইহাতে কণ্ডার-প্রতিক্ষেপ থাকে না। ইহাতে কোন প্রকার অমুভূতি সম্বন্ধীয় বিকার জন্মে না। আক্রান্ত পেশী-তন্তর স্পন্দন উপস্থিত থাকে।

ভাবীফল।—অধিকতর স্থলেই এই সকল রোগের প্রসার কোন স্থান প্র্যান্ত বৃদ্ধি পাইয়া আপনা হইতেই বন্ধ হইয়া যায়, এবং যত শীঘ্র এরূপ ঘটে তদম্পাতে কেবল রোগীর জীবন রক্ষা বিষয়ে নহে, আরো-গোর পক্ষেও অধিকতর সম্ভাবনা উপস্থিত হয়। কোন কোন স্থলে রোগের প্রসার অটল ভাবে বৃদ্ধি পাইলে সম্পূর্ণ শরীরে বিস্তার লাভ করে এবং অবশেষে রোগী মৃত্যু গ্রাসে পতিত হয়।

চিকিৎসা-তত্ত্ব।—ইহাতেও তরুণ শিশুরোগের স্থার গ্যাল্ভ্যানিক এবং ফ্যারাডিক স্রোত-চিকিৎসার অবলম্বন বিধের। চিকিৎসক পূর্বের পরীক্ষা দারা স্রোতের গতি স্থির করিয়া লইবেন। ইহাতে তাপের চিকিৎসা অনিষ্টকারী। সামাস্তাকারে ব্যায়ামেরও ব্যবস্থা করা যাইতে পারে।

ঔষধ চিকিৎসায় ইহাতে ও শিশুরোগে কথিত ধাতু সংশোধক ঔষধের ব্যবহার করা যাইতে পারে।

#### লেক্চার ২৮৮ (LECTURE CCLXXXVIII.)

# খেতসারজনক পার্খঘনীভূততা সংযুক্ত স্থূলত। বা এমিওটুফিক ল্যাটারেল স্ক্লিরসিস।

(AMYOTROPHIC LATERAL SCLEROSIS.)

প্রতিনাম।—ক্ষয়কু অধোদ্ধ আক্ষেপিক পক্ষাঘাত বা স্প্যাষ্ট্রিক প্যারাপ্লেজিয়া উইথ্ এটুফি (Spastic paraplegia wrth Atrophy)।

কারণ-তত্ত্ব ।—শিশুদিগের মধ্যে ইহা কচিৎ দেখা যায়। মৃলতঃ ইহা মধ্য বয়সের রোগ। শৈত্যাদির সংস্পর্শ, অভিঘাত এবং অতি পরিশ্রম ইহার প্রধান কারণ বলিয়া অমুমিত। কিন্তু অতি প্রগাঢ় ভাবাবেশ ঘটিত মানসিক বিশৃংখলার পর অনেকগুলি রোগ জন্মিয়াছে, তাহাতে অমুমান হয় যে ইহা সাক্ষাৎ কারণ হইয়া থাকিতে পারে। ফলতঃ পূর্ব্ববর্তী সাম্মবিক বিকার প্রবণতা ইহার প্রাথমিক কারণ বলিয়া বিবেচনা করিতে হইবে।

আময়িক বিধান-বিকার-তত্ত্ব।— মঠাকার সাযুপ্রদেশ (pyramidal tract), সমুখ শৃঙ্গ (anterior horns) এবং সমুখ সায় মূলের ক্ষয়। অমুভূতিদ (Sensory) সায়বিক স্তম্ভ অনাক্রাম্ভ থাকে। তাস্তবোপাদানের সহিত কোষ-গঠনাদির অপকৃষ্ঠতা জন্মে। এই সম অবস্থাই মেডালা এবং পন্সের সমপ্রকারের অংশাদি দ্বারা বিস্তৃত হয়। বৃহৎ মস্তিচ্ছের প্রবৃদ্ধিত অংশ পর্যান্ত ইহার নিদর্শন পাওয়া ষাইতে পারে, এবং এমন কি অভান্তরীণ মস্তিষ্ক-কোষেও ইহা দেখা গিয়াছে।

্লক্ষণ-তত্ত্ব।—ডাঃ সার্কট রোগকে তিন অবস্থায় বিভাগ করিয়া-ছেন। দেখা যাইবে যে ইহাতে স্নায়বিক কলবং (bulbar) অংশ সংস্ঠ পক্ষাঘাত, কশেরুকা-স্তস্ত-সংস্ঠ আক্ষেপিক পক্ষাঘাত এবং পুরাতন সন্মুধ কশেরুকা-মজ্জায় অকাল প্রদাহের (polimyelitis) মিশ্রণ সংঘটিত হয়।

প্রথমাবস্থা—উর্নাঙ্গ দয়ে স্ক্র্ম কম্পন উপস্থিত হয়, অক্সন্তরের আক্রমণ মধ্যে কিঞ্চিং অগ্রপণচাং হইতে পারে, অথবা উভয়ের আক্রমণই এক সময়ে হইতে পারে। ইহার পরে একসঙ্গেই তাস্তবম্পন্দন, এবং উর্নাঙ্গ ও করের ক্রমবর্ধিষ্ণু পক্ষাঘাত উপস্থিত হয়। চালনা শক্তির অভাবের পরেই অতি শীঘ্র পেশী নিচয়ের স্ক্রম্পান্ত ক্ষয় এবং কাঠিন্ত জনিলে পেশী সংকোচনের যথেই স্পন্ততা নিবন্ধন আকার ভ্রন্ততা ঘটে।

করই ইহার বিশেষ প্রকারের আকার ভ্রন্তার নিদর্শন, মণিবন্ধের উপরে সমকোণে অথবা প্রায় সনকোণে কর আকুঞ্চিত হওয়ায় অঙ্গুলাদির উপরে বৃষাঙ্গুণ্ডর আকর্ষণ বশতঃ মৃষ্টি বদ্ধতা ঘটে। ইহাতে কর টানিয়া উন্মুক্ত করা অথবা ম ণবন্ধ বিস্তৃতকরা অতীব কপ্রসাধ্য হয়। গ্রীবা এবং চোবালের পেশীর কিঞ্চিত কাঠিন্ত অথবা আক্ষেপ থাকিতে পারে। হস্ত এবং বাছর ক্ষন্ত সম্পূর্ণ স্পঠতা পাইলে চোয়াল এবং গ্রীবার কাঠিন্ত এবং আক্ষেপ সাধারণতঃ অন্তর্জনিকরে।

এই অবস্থা সংবটিত হইতে তিন অথবা চারিমাসের আবশুক। ইহার পরেই সাধারণতঃ কতিপয় মাসের একটি বিরামকাল উপস্থিত হয়, যথন কোনরূপ বৃদ্ধি লক্ষিত হয় ন', কিন্তু রোগ একভাবে থাকে বলিয়া অমুভূতি কর্মো।

বিতীয়াবস্থ!—এ অবস্থায় নিমাঙ্গের আক্রমণ ঘটে। উভর
নিমাঙ্গেরই ক্রমবর্ধিষ্ট পক্ষাঘাত, এবং সঙ্গে সঙ্গে প্রকোষ্টের ক্ষণিক
(clonic) অঞ্জাবা বলবং (tonic) আক্রেপ ইইয়া থাকে। অঙ্গের
সম্পূর্ণ পেশীরই পক্ষাঘাত হয় না। অতিশীঘ্রই আক্রেপিক লক্ষণাদি উপস্থিত
হয়, এবং বর্ধিষ্টু পেশী কাঠিত জন্মে, এবং সম্ভবতঃ যে পর্যান্ত এম্বনেও

পেশীর সংকুচিতভাব হইতে আকার ভ্রন্ত তার উৎপত্তি না হয় তাবৎ ইহা থাকিয়া যায়। জান্ধ-ঝাঁকির (kneejerk) অতি বৃদ্ধি হয়। স্বল্লকালের পরেই আক্রান্ত নিমাঙ্গ-পেশীর ক্ষয় উপস্থিত হয়, এবং তাহার ফলস্বরূপ পেশীর কাঠিন্ত ক্রমে ক্রমে স্বল্লতর হইয়া অবশেষে সম্পূর্ণ লোপ পাইয়ার্বিয়া। বর্ত্তমান অবস্থায় উদ্বান্ধ পেশীর ক্ষয় ক্রত বৃদ্ধি পায়।

তৃতীয়াবস্থা—বর্ত্তমান অবস্থায় জিহ্বা, গণ-নলী এবং স্বর-যন্ত্র-পেশীর ক্রমবর্দ্ধিষ্টু পক্ষাঘাত উপস্থিত হওয়ার সঙ্গে সঙ্গে উচ্চারণ এবং গলাধঃ করণের বাধা জন্মে। অবিশ্রাস্তভাবে লালা পড়িতে থাকে। শ্বাস-প্রশ্বাস ক্রমেই অধিকতর আক্রান্ত, এবং শোণিত সঞ্চলন অনিয়মিত হয়।

রোগ-নির্বাচন।—সাধারণতঃ রোগের ক্রমবৃদ্ধি এবং লক্ষণাদি এরপ আদর্শ প্রকারের থাকে যে ভ্রান্তি হওয়া সহজ নহে। প্রভেদক বিষয়ের মধ্যে ইহাই স্মরণীয় যে ক্ষয়ের পরে পক্ষাঘাতের আক্রমণ হইয়া উভয়ের মিশ্রণ ঘটে, দলবদ্ধ পেশীর আক্রমণ হয়, সম্পূর্ণ অঙ্গের নহে, অথবা একৈক পেশীরও নহে; উপরি উক্ত ঘটনার সহিত সংকোচন এবং ক্রত রোগের বৃদ্ধি হয়।

ভা বীফল।—সর্বস্থিলেই ছই বৎসরের মধ্যে মৃত্যু ঘটে। সাধারণতঃ খাস-প্রখাদের বাধা, অথবা সম্ভবতঃ থাত্মের গলায় আটক মৃত্যুর কারণ হইয়া থাকে।

চিকিৎসা-তত্ত্ব।—স্বাস্থ-রক্ষার নিয়মাদির প্রতিপালন ব্যতীত ঔষধাদির ব্যবস্থা বিষয়ে চিকিৎসক মাত্রই নিস্তব্ধ। আমরা ধার্তুগত ঔষধের ব্যবস্থা করিয়া থাকি।

# েলক্চার ২৮৯ (LECTUTE CCLXXXIX.)

**মেরুদণ্ডের অস্থি-স্থানচ্যুতি এবং অস্থি-ভঙ্গ** বা

ডিসলোকেসন এণ্ড জ্যাক্চার অব দি স্পাইন।

(DISLOCATION AND FRACTURE OF THE SPINAL COLUMN.)

বিবরণ।——মেরুদণ্ডের অস্থি-স্থান-চ্যুতি অধিকাংশ সময়ে প্রথম এবং দ্বিতীয় এবং পঞ্চম এবং ষষ্ঠ গ্রীবা কশেরুক। মধ্যে ঘটিয়া থাকে। পৃষ্ঠ অথবা কটি প্রদেশে ইহা স্বল্পই দৃষ্ঠ হয়।

কেবল এক পার্শ্বের স্থান চ্যুতি ঘটিলে মস্তক এরপভাবে বিপরীত স্কন্ধাভিমুথে বক্র এবং আবত্তিত হয় যে চিবুক কিঞ্চিৎ ভাবে বিকারযুক্ত পার্শাভিমুখীন হয়। যদি ছই পার্শ্বেরই স্থানচ্যুতি ঘটে, মস্তক সন্মুখাভিমুথে বক্র হইবে, পেশীর সংকোচন বশতঃ সম্পূর্ণ মেরুদণ্ড কঠিনভাবে ধৃত থাকিবে, এবং সামাগ্র চালনায় বেদনাযুক্ত হইবে। স্পর্শে একটি উন্নত কশেরুকা-প্রবর্ধন প্রাপ্ত হওয়া যাইবে, ইহা স্থান-চ্যুতির অধস্থ কশেরুকা। স্থান-চ্যুতি যদি উর্দ্ধ গ্রীবাদেশে ঘটে, গলনলীতে (pharynx) একটি উচ্চতা অক্বভব করা যাইতে পারে।

মেরুদণ্ডের যে কোন অংশে অন্থিভঙ্গ ঘটিতে পারে, কিন্তু অনেক সময়েই গ্রীবাস্থ তৃতীয় অথবা চতুর্থ, পৃষ্ঠন্থ প্রথম এবং দ্বিতীয় এবং কটিন্থ প্রথম কশেরু-কাতে সংঘটিত হয়। উভয় অবস্থাতেই প্রায় সমপ্রকার গঠন বিকার ঘটে। স্থান-এইতা উর্দ্ধ দেহকাণ্ডের স্থির বা অনড় অবস্থা উৎপন্ন করে, এবং অস্থি-ভঙ্গ সহ অনেক সময়ে, অধিকন্ত কির্কির শব্দ (crepitation) এবং সম্ভব্তঃ চলনশীল অস্থিটুকরা থাকে। যাহা হউক বাহিরের চিহ্নাদি সর্বস্থেকেই তাদৃশ স্পঠতর হয় না। ইহা নিঃসন্দেহ যে কথন কথন যে আঘাতে স্থান-ভ্রন্তনা জন্মিয়া কশেরুকা-মজ্জার ক্ষতি উপস্থিত হয়, তদ্বারাই স্থানভ্রন্ত কশে-ক্ষকার স্থাভাবিক অবস্থায় পুনরানয়ন (reduction) ঘটে। গতিকেই এই সকল স্থলে কোনপ্রকার গঠন বিকৃতি সংঘটিত হয় না। অতিশয় পেশী শ্রমে অস্থি-ভঙ্গ অথবা স্থান-ভ্রন্তনা সম্ভব হইতে পারে, কিন্তু প্রায় সর্বস্থিলেই আঘাতের যথেষ্ঠ প্রমাণ পাওয়া ষায়।

ইহাতে মজ্জাবেষ্ট-ঝি,লির অভাস্তরীণ রক্তস্রাব ঘটিতে পারে।

লক্ষণ-তত্ত্ব।—প্রথম এবং দিতীয় কণেক্ষকার হর্ঘটনায় রোগীর প্রায় তংক্ষণাং মৃত্যু সংঘটিত হয়, মৃত্যু না ঘটিলে, মস্তকের বিশেষ প্রকারের অবস্থান ঘটে এবং স্থানিক বেদনার সহিত উর্দ্ধ গ্রীবাস্নায়ু বাহিয়া বিস্তারশীল বেদনা উপস্থিত হয়। মস্তকের অক্সিপাট দেশীয় বেদনা এবং গ্রীবা কাঠিক ক্ষান্ত ইয়া উঠে। খাস-প্রখাদের কাঠিক, এবং সম্ভবতঃ উর্দ্ধ গ্রীবা স্নায়ুগণের পক্ষাঘাত জন্মে এবং তাহার ফল স্বরূপ সংস্কৃত্ত কশেককা-মজ্জারপ্রকাহ জন্মিতে পারে। কোনপ্রকার অনবধান তাবশতঃ চালনায় হঠাৎ মৃত্যু ঘটিতে পারে। তৃতীয় অথবা চতুর্থ কশেককার হুর্ঘটনায় ফ্রেনিক স্নায়ুর আক্রমণ বিপদাশংকার বিষয়।

এবস্বিধ হুর্ঘটনা এবং সংস্ঠ বিকারাদি অন্ত-চিকিৎসা সম্বন্ধীয় পুস্তকাদির বিষয়ীভূত, আমরা এস্থলে কেবল বোগনির্বাচন সংস্করীয় কভিপন্ন বিষয়ের আলোচনা করিতেছি। সাধারণতঃ মেরুদণ্ড রজ্জ্ব এতদ্র ক্ষতি সংঘটিত হয় যে মন্তিজাভিমুীন অণবা মন্তিজ হইতে সর্ব্বপ্রকার শক্তি সঞ্চলনের ধ্বংস হইয়া যায়, এবং ফল-স্বরূপ অপায়ের অধস্থ সম্পূর্ণ শরীরের গতিদ এবং অনুভূতিদ পক্ষাবাত ঘটে। যদি মজ্জার কাটাকাটি (cros-) ভাগের অংশমাত্র ক্ষতিগ্রস্ত হয়—কথন কথন এরূপ ঘটে, তাহাতে পক্ষাঘাত এবং আঘাত্রস্ক্র স্থানের সমতলভার পার্থকা দৃষ্ট হয়। ইহাও সম্ভব যে গতিপথ চাপ্র্ক্ত অথবা

ক্ষতিগ্রন্ত হয়, এবং অমুভূতি পথ প্রায় স্বাভাবিক থাকে। যদি সম্পূর্ণ কাটাকাটিভাগের অনিষ্ট সংঘটিত হয়, মৃত্রস্থলী এবং সরলান্ত্রের আক্রমণ ঘটে। কিন্তু আংশিক ক্ষতিতে ইহারা রক্ষা পাইতে পারে। সম্পূর্ণ কাটাকাটিভাগ ক্ষতিগ্রন্ত হইলে তদধঃ শরীরের সর্ব্বপ্রকার প্রতিক্ষেপেরই ধ্বংস সাধন হয়, পক্ষান্তরে আংশিক ক্ষতি যে ধ্বংস না করিতে পারে কেবল তাহাই নহে, প্রতিক্ষেপের (reflexes) অতিবৃদ্ধিও করিতে পারে। কম্পেরুকা-মজ্জার ক্ষতিতে লিঙ্গোত্থান একটি সাধারণ লক্ষণ, অনেক সময় আঘাতকালে শুক্র-স্থালন ঘটে। গ্রীবাদেশের আঘাতে এই লক্ষণ অধিকতর স্পষ্টতা পায়।

ভাবীফল ।—ইহা দর্কস্থনেই অতীব গুরুতর। আঘাত প্রাপ্তি
মাত্র মৃত্যু ঘটিতে পারে, অথবা পরে দামান্ত চালনায় মৃত্যু দংঘটিত হইতে
পারে। মৃত্যুর অন্তান্ত কারণ মধ্যে মজ্জার ঝিল্লি-বেষ্ট-প্রদাহ অথবা মজ্জাপ্রদাহ প্রধান। অন্তান্ত কারণও বিরল নহে। রোগীর জীবন-রক্ষা পাইলে
ক্ষতির দম্পূর্ণ আরোগ্য স্থানুর পরাহত। অনেক সময়েই হুই মাদের মধ্যে
অনেকটা উন্নতি দেখা যায়। এতদপেক্ষা দামান্তই আশা করা যায়।
অধুনা অস্ত্র-চিকিৎদা দ্বারা ভাবী ফলের কিঞ্চিৎ উন্নতি দেখা যায়।

চিকিৎসা-তত্ত্ব।—তঙ্গণাবস্থায় আংনিকাই ইহার এক-মাত্র ঔষধ। প্রকৃত পক্ষে ইহার বাবস্থাদি অন্ত-চিকিৎসকের অধিকার ভূকা। বহুদশী অন্ত্র-চিকিৎসকের অভাবে রোগীকে সর্বভোভাবে স্থির রাথিয়া আংনিকাল্ল বহিরভান্তর প্রয়োগ বিধেয়। "এরূপাবস্থায় এই চেষ্টা দেড় হইতে ছইমাস পর্যান্ত করিতে হইবে।

আনুষ্ ক্লিক নিচ্কিৎ সা।—বোগীকে স্থানান্তরিত করিতে বিশেষ বল্পের আবশ্যক। রোগ পরীক্ষাতেও তক্রপই সাবধান হইতে ইইবে। ষতদুর সম্ভব যাহাতে রোগীর শরীর বক্র ও ঘূর্ণিত না হয় তক্রপ চেষ্ঠা কর্ত্তর। কলতঃ রোগীকে স্বগৃহে অথবা কোন চিকিৎসালয়ে স্থানান্তরিত করিতে অথবা শ্যাবস্ত্রাদির পরিবর্ত্তন, রোগ পরীক্ষা, অথবা যাহা কিছু করা নিতান্ত প্রয়োজনীয় তদতিরিক্ত কোনরূপ চালনা যাহাতে নাহয় তাহাই অবশু করিতে হইবে। মেরুদণ্ড, বিশেষতঃ তাহার আঘাত প্রাপ্ত অংশ বিশেষ আশ্রয় দ্বারা রক্ষিত করিতে হইবে। সম্ভব হইলে রোগীকে বায়ু অথবা জলের গদিতে শারিত রাথা ভাল। প্রাপ্তব্য না হইলে অন্ততঃ পাছা বায়ু অথবা জলের গদিতে শারিত রাথা ভাল। প্রাপ্তব্য নিবারণ থাকিতে পারে।

বিশেষজ্ঞ অস্ত্রচিকিৎসক ব্যতীত স্থানচ্যুতির সংশোধন চেষ্টা বিপ-জ্জনক। অবশু অস্ত্রচিকিৎসায় বিশেষজ্ঞ ব্যতীত অন্মের হস্তক্ষেপ করা বে সমূহ বিপদের কারণ হইতে পারে তাহা বলাই বাছলা।

#### লেকচার ২৯০ (LECTURE CCLXXXX.)

### কশেরুকা-দণ্ডের ক্ষত বা কেরিজ অব দি ভারটেব্র্যাল কলাম।

(CARIES OF THE VERTEBRAL COLUMN.)

প্রতিনাম।—শুটিকা দংস্প্ত কশেরুকা-প্রদাহ বা টুবার্কুলার স্পণ্ডিলাইটিস ( Tubercular Spondylitis )।

কারণ-তত্ত্ব।— যদি ছত্রাক সংস্কৃষ্ট (fungoid, বেঙ্গের ছাতা) পুষাকার পদার্থ মেরুদণ্ড-প্রণালী প্রবিষ্ট হয়, অথবা যদি, স্থান-চ্যুতি হইতে কন্দেরুকা মজ্জার চাপ ঘটে, এবং বক্রতা যদি হঠাৎ চাপ উপস্থিত করে তাহাতে মেরুদণ্ড রজ্জুর স্নায়ুরোগ সংঘটিত হয়। ইহা স্থুলকশেরুকা-মজ্জা-বেষ্ট-ঝিল্লির বহিন্থ-প্রদাহ, কচিৎ স্থুল এবং স্ক্র্ম কশেরুকা-মজ্জার-বেষ্ট-ঝিল্লিন-প্রদাহের মিশ্রণ হইতে পারে এবং তদপেক্রাও স্বল্লতর স্থলে ইহা কশেরুকা-মজ্জা প্রদাহসহ মিশ্রত হইতে পারে। মজ্জা-মেরুদণ্ড-রজ্জুতে রক্তবাহী ধমনীর অবরোধ অথবা রুদ্ধতা প্রযুক্ত মেরুদণ্ড-রজ্জুর রক্তহীনতার ফলস্বরূপ মৃত্তর রক্তাধিক্য এবং কোমলতা জন্মিতে পারে। গুটিকা সংস্কৃষ্ট (Tubercular) বীল্ল সংক্রেমণ জন্ম ধমনীপ্রদাহ দ্বারাও অবরোধঘটিত কোমলতা জন্মিতে পারে। যদিও অন্যান্ত প্রদেশেও ইহাঁ সংঘটিত হইতে পারে, কিন্তু পৃষ্ঠ-প্রদেশই ইহার অধিক সংখ্যক আক্রমণের স্থান।

লক্ষণ-তত্ত্ব।—সম্ভবতঃ বেদনা ইহার একটি প্রধান লক্ষণ, ইহা ক্ষয় কলেরুকান্থিপ্রদেশে উপস্থিত হয়। ক্ষয় কলেরুকান্থির কণ্টক-প্রবর্দ্ধনের উপরে চাপে বেদনার অন্নভূতি জন্মে। গভীর চাপে ধদি সীমাবদ্ধ শুমানক বেদনার অন্নভূতি উপস্থিত হয়, তাহাতে এই রোগের সন্দেহ করা বাইতে পারে। এই স্থানে উষ্ণ জলের সংস্পর্শ অথবা গ্যাল্ভানিক ব্যাটারির শজিটিভ পোলের প্রয়োগ বেদনা উপস্থিত করে। অবশাই আকার জন্তিতা অথবা থিতন পূম-শোথ রোগের নিশ্চিত পরিচয় দেয়। সম্ভবতঃ পরিহিত কোমর বন্ধের অমুভূতির সহিত চৈতনোর গোলমাল এবং বর্জুলাকার বিদর্শিকা (Herpes zoster) বর্ত্তমান থাকে।

আক্রেপিক অধোর্দ্ধান্ধ (l'araplegia) ইহার অতি সাধারণ **লক্ষণ।**আক্রাস্ত মজ্জাংশ হইতে যে সকল শরীরাংশে স্নায়ু গমন করে তাহাদিগের স্পর্শ লোপ ঘটে, এবং অবাবহিত উপরিস্থ প্রদেশের বোধাধিকা জ্বাে।
কোমর বন্ধের অনুভূতি থাকে। ত্বক-প্রতিক্ষেপ স্বাভাবিক থাকে অথবা নিমাঙ্গে তাহার বৃদ্ধি হয়, এবং সরলাত্র এবং মূত্র-স্থনীর আক্রমণ ঘটে।

অপায়ের স্থান, অপিচ রোগ, অথবা চাপ আড়া আড়ি ভাবে কাটা-ভাগের সম্পূর্ণ অথবা কেবল আংশিক আক্রমণ অনুসারে লক্ষণের পরিবর্ত্তন ইয়।

রোগ-নির্বাচন ।— যদি আক্রান্ত অংশে কোন প্রকার বৈকল্য না থাকে, স্পর্শাসহিষ্ণুতা, শরীরোর্দ্ধভাগের অতিশয় কাঠিল এবং অনম-নীয় ঋজুভাবোৎপল্লে প্রবণতা, অথবা কোন কোন স্থলে গুটিকেৎপেত্তির (Tuberculosis) অক্ত বিধ নিদর্শনের সহিত ধীরে বর্দ্ধমান মেরুদণ্ড-রজ্জুর চাপের লক্ষণাদি রোগ নির্বাচন পক্ষে যথেষ্ট বলিয়া বিবেচিত হয়।

অর্কুদ এবং অস্থান্থ কশেরকা রোগও এতাদৃশ নিকট সাদৃশ্য উপস্থিত করিতে পারে যে রোগ-নির্কাচন অসম্ভব হইয়া পড়ে। অর্থাৎ, কেবল মেরুদণ্ডের চাপমাত্র নিরুদিত করা যাইতে পারে। এই সকল স্থলে কেবল আমুষঙ্গিক লক্ষণ এবং অবস্থাদি এবং রোগের ক্রমপরিক্ষুরণ দ্বারা প্রাভেদ নিরুপিত হয়।

কতিপন্ন গুল্মবায়ু এবং সাম্বিক দৌর্কাল্য রোগেরও ইহার সহিত নিকট সাদৃশ্য লক্ষিত হয়, কিন্তু স্বত্ম পরিদর্শনে সন্দেহাপনয়ন হওয়া কশেরুকা-দণ্ডের ক্ষত বা কেরিজ অব দি ছারটেব্রাল কলাম। ২১৩৩ উচিত। অপিচ লক্ষণাদির অনিয়মিত ভাব এবং অসম্পূর্ণতা, এবং অসম্ভবনীয় ঘটনাদির বর্ত্তমানতা রোগ নির্বাচন নিশ্চিত করিয়া দেয়।

ভাবীফল।—সহজ চাপকালে জানিতে পারিলে, অর্থৎ, সারবিক উপাদানের ধ্বংসের পূর্ব্বে, এবং অল্প বয়স্কদিগের পক্ষে রোগারোগ্য অধিক তর আশাপ্রদ। বয়সাধিক্যের সঙ্গে সঙ্গে রোগারোগ্য কঠিনতর হইরা বার।

চিকিৎসা-তত্ত্ব।— মূলতঃ গুটকোৎপত্তি (Tuberculosis) সংস্পৃষ্ট চিকিৎসাই ইহার পক্ষে একমাত্র আশার স্থল। তাহাতে সাধরণতঃ ক্যাঙ্কেরিয়া, সাইলিসিয়া, ফসফরাস, সাল্ফার এবং আছডিন ইত্যাদি সংস্পৃষ্ট লবণাদি ব্যবহার করা সঙ্গত। স্থানিক কন্ট নিবারণে হথা সম্ভব চেটা কর্ত্তব্য। অবশ্য অস্ত্রচিকিৎসার বিষয় বর্ত্তমান গ্রন্থের বিষয়ীভূত নহে।

# লেক্চার ২৯১ (LECTURE CCLXXXXI.)

মেরু-দণ্ডের কর্কট এবং অন্থান্থ অর্ব্বাদ বা কার্সিনোমা এণ্ড্ আদার টিউমরস্ অব দি স্পাইনেল কলাম। (CARCINOMA AND OTHER TUMORS OF THE SPINAL COLUMN.)

বিবরণ।—ইহা অতি কঠিন স্থানিক এবং বিস্থৃতিশীল বেদনা উৎপন্ন করিলে চালনায় বর্দ্ধিত হয়।

মেক্রদণ্ডের কোন নির্দিষ্ট সায়ু বাহিয়া মাত্র অধিকতর সময়ে অতি কঠিন সায়ু-শূল জনিতে পারে এবং তাহা দি-পার্মীয় হয়। হঠাৎ অধোদ্ধাল (para plegia) রোগোৎপন্ন হইতে পারে। আমুষলিক লক্ষণাদির মারাত্মক অবস্থাদি রোগের প্রকৃতির প্রকাশ পক্ষে যথেষ্ট বলা যায়। ইহার চিকিৎসা বিষয়ে অবশুই স্নায়বিক রোগ চিকিৎসাবিদের কিছুই বলিবার দেখা যায় না, সকলই অর্ক্ দের প্রকৃতি এবং অবস্থাদির উপরে নির্ভর করে।

## চত্রারিংশৎ পরিচ্ছেদ।

# বহিঃপ্রদারী স্নায়বিক রোগ বা ডিজিজেদ অব দি পেরিফিরাল নার্ভ্দ্।

(DISEASES OF THE PERIPHERAL NERVES,)

### লেক্চার ২১২ (LECTURE CCLXXXXII.)

স্নায়ু-প্রদাহ বা নিউরাইটিস। ( NEURITIS. )

পরিভাষা |--- সায়ুর প্রদাহ বা ইল্ফামেসন অব দি নার্ভস্ (Inflammation of the nerves.)

কারণ-তত্ত্ব।—অনেক ব্যক্তির স্নায়র কাণ্ডভাগে প্রদাহ প্রবণতা বর্ত্তমান থাকার অমুমান করা যায়। নানাবিধ প্রকারের অভিঘাত এমন কি চাপ, অস্তাস্থ যন্ত্রাগত উদ্ভেজনা এবং সায়বিক অর্কুদ ইত্যাদি ইহা উৎপন্ন করিয়া থাকে। অনেক সময়ে কুদ্রবাত (gout), সন্ধিবাত, নিউমনিয়া বা ফুসফুস-প্রদাহ, প্লুরিসি বা ফুসফুস-বেষ্ট-প্রদাহ, মন্তিজ-বেষ্ট-প্রদাহ এবং সন্ধি-বিকারাদি ইহার কারণ হইতে পারে। তক্ষণ সংক্রোমক রোগাদি ইহাতে প্রবণতা আনয়ন করে বলিয়া অমুমিত। পুয়-মেহ এবং উপদংশ ইহা উৎপন্ন করিতে পারে।

আময়িক বিধান-বিকার-তত্ত্ব |--- সায়্য বে অংশ প্রধানরূপে

**ভাক্রান্ত হ**য় গ্রন্থকারগণ ভদমুসারে স্নায়্প্রদাহকে বিবিধপ্রকারে বিভক্ত করিয়াছেন।

সায়ু-বহির্বেন্ট-প্রদাহ (Perineuritis) স্নায়ুর বহিরাবরণে সীমাবদ্ধ। অস্ক:প্রবিষ্ট (interstitial) স্নায়ু-প্রদাহে স্নায়ুর বিধান বা অস্তরস্থ উপাদানের প্রদাহ জন্মে, এবং সাস্তর বিধানের প্রদাহে স্নায়ু-স্ত্রাদি রোগাক্রান্ত হয়। যাহাই ইউক চিকিৎসা সম্বদ্ধে এই বিভাগের কোন সার্থকতা দৃষ্ট হয় না।

তরুণ স্নায়্-বহির্বেষ্ট ঝিল্লি প্রদাহ বা পেরিনিয়্রাইটিস রোগে ঝিল্লি লোহিত-বর্ণ এবং ক্ষাত, ধননী অতিপূর্ণ এবং স্থালতর হয়, অল্প রক্ত প্রাব ইইতে পারে। এবস্থিধ রক্তাধিক্যের ফল স্বরূপ সায়র আবরক ঝিল্লি বা থোলস মধ্যে রক্তাম্বর নিঃসরণ হয় এবং তদভাস্তরে শুভ্রকোষ দেখা দেয়। ইহার পরে যোজকোপানানের প্রজনন হইয়া ক্ষুদ্র শুট্লে জন্মিতে পারে। অন্তঃ প্রবিষ্ট প্রকারে ক্ষালিত এবং অক্সান্ত সমপ্রকার পরিবর্ত্তন এবং সাধারণতঃ তন্তর অভ্যন্তরে কিয়দুর বিস্তৃতি ঘটিতে পারে। সাস্তরবিধানের উপাদানেও সমপ্রকৃতির অক্সান্ত পরিবর্ত্তন এবং স্ত্র মধ্যে কিয়দুর প্রসারণ দেখা যায়, কিয়্ক তাহার সহিত-স্পষ্টতঃ অপরুষ্টতা ভিমুখান গতি থাকে।

লক্ষণ তত্ত্ব ।—পাচকের সহজেই উপলব্ধি হইবে যে প্রদাহাক্রান্ত স্নায়্র ক্রিয়া এবং অবস্থানের প্রদেশালুসারে লক্ষণাদির প্রভূত বিভিন্নত। হইবে। শিক্ষাথী এ স্থলে এই মাত্র জ্ঞাত থাকিলেই যথেষ্ট হইবে যে মস্তিক্ষের স্নায়্ আক্রান্ত হইলে বিশেষ বিশেষ ক্রিয়া সংস্রবীয় বাধা উপস্থিত হইবে, এবং অন্য বিষয়ে যাহাই হউক, আমরা সহামুভূতিক স্নায়ুর প্রদাহের লক্ষণাদিবিষয়ে এ প্রান্ত ও সম্পূর্ণ অক্তাত।

মিশ্রিত স্নায়বিক প্রদাহ লক্ষণ উপস্থিত হয়। প্রথমে প্রদাহের পরিমাণান্ত্সারে আক্রান্ত স্নায়ুতে অধিকতর অথবা স্বল্লতর বেদনা উপস্থিত হয়। সাময়িক বিচ্ছেদ এবং প্রকোপযুক্ত বেদনার প্রকৃতি সম্ভবতঃ চুর্ণ করার স্থায় অতি কষ্টজনক থাকে। প্রায়শঃই রজনীতে ইহার এতাদৃশ স্পষ্টতর বৃদ্ধি হয় যে নিদার বাধা জন্মে। অতি শীঘ্র স্পর্শজ্ঞানের তীক্ষ্ণতার থর্বতা জন্মে, এবং গতি কিঞ্চিৎ বাধা প্রাপ্ত হয়। স্পর্শজ্ঞানের স্থূলতা অথবা অভাব ঘটতে পারে। বেদনার প্রেরণা সম্ভবতঃ ধীর হইতে পারে। সামান্ত হুর্বলতা হইতে সম্পূর্ণ অকর্মণাতা পর্যান্ত গতিদ স্বায়ুর বে কোন পরিমাণ পক্ষাঘাত জন্মিতে পারে। সম্ভবতঃ পরে আক্রান্ত স্বায়ু সংস্কৃত্ত পেশীর ক্ষয়োৎপন্ন হয়। পোষণের পরিবর্ত্তন সংঘটিত হইয়া সংস্ঠ তকের বিশেষ প্রকারের মস্থতা এবং চাক্চিক্য দেখা দেয়। কর এবং অঙ্গুলির অকে চাকচিকা উপস্থিত হইলে করাঙ্গুলি-তলস্থ গদিবৎ উপাদানের ক্ষয়নিবন্ধন অঙ্গুলির ক্রম স্ক্র্মতা সংঘটিত হইবে। আক্রান্ত পেণীসূত্রের আনর্ত্তন অতি সাধারণ ঘটনা। ঘর্ম সম্বন্ধীয় পরিবর্ত্তন ঘটতে পারে। রোগের বিলক্ষণ বর্দ্ধিতাবস্থায় অপরুষ্ঠতা সংস্ট প্রতিক্রিয়া উপস্থিত হয়। ইহা তরুণ, নাতি তরুণ অথবা পরাতন ভাবে উপস্থিত হইতে পারে।

সর্বনাই চিকিৎসকের স্মরণীয় যে লক্ষণ বিশেষ অথবা সমগ্র লক্ষণই স্বাভাবিক অপেকা অতি যংসামায় বিচলন হইতে সম্পূর্ণ অকর্মাণ্যতা পর্যাম্ভ যে কোন পরিমাণে ব.ইতে এবং বেদনা চরম সীমা পাইতে পারে। যথনই বেদনা একমাত্র মায়ু, এবং তাহার শাথা প্রশাখায় সীমাবদ্ধ থাকে এবং চাপে অন্হফুতা উপস্থিত হয়, বত্বপূর্ব্বক স্বায়ু-প্রদাহের আমু্যঙ্গিক লক্ষণের অমুসন্ধান করা কর্ত্তব্য।

ভাবী ফল।---সাধারণতঃ শুভ। অনেক সময়েই স্নায়ু-প্রদাহ আপনা হইতেই সীনাবদ্ধ হয় কেবল সাম্ভর বিধানের রোগ ধ্বংসাভি-মুখে যায়, আরোগ্যের দিকে গতি হয় না। যদিও অধিকাংশ রোগ শীন্ত্রই অনেকটা আরোগ্য পথে আদে, যাহাদিগের স্থণীর্ঘ ভোগ হয় তাহাদিগের সংখ্যাও নিতাস্ত স্বল্লতর নহে, এবং কোন কোন

### ২১ঞ্ বৃহৎ হোমিওপ্যাথিক চিকিৎসা-বিজ্ঞান।

রোগ যে ক্ষয় এবং কাঠিত শেষ রাথিয়া যায় তাহা কথনই **আ**রোগ্য হয় না।

চিকিৎসা-তত্ত্ব।—এই সকল রোগ পুরাতন হইলে অতীব কৃচ্ছ্র সাধ্য অথবা অসাধ্য হইয়া যায়। অতএব যত শীঘ্র সম্ভব তরুণাবস্থায় ইহাদিগের চিকিৎসা কর্ত্তব্য। তরুণাবস্থার ঔষধঃ—

একনাইট—-অনাড়তা ইহার প্রধান লক্ষণ। রোগ পক্ষাবাত প্রবণ। রোগী অন্থির ও উৎকণ্ঠাযুক্ত।

বেলাড্না---প্রবলরক্তাধিক্য, অত্যন্ত বেদনা এবং দপদপানি।

জেল্সিমিয়াম-—েবেদনাসহ সাধারণ অথবা স্থানিক শীত ভাব থাকিলে।

আমূর্ণিক নু-—অভিবাতিক রোগে বিশেষ উপকারী; লক্ষণ সাদৃশ্য উপস্থিত হইলে অহাস্ত স্থলেও কার্য্য পাওরা যায়।

ফেরাম ফ্স-—শোণিত্থীন রোগীর পক্ষে উপকারী। নাড়ী সুল ও কোমল।

রাস্, ক্যাল্মিয়া, দিমিসিফুগা, ব্রায়নিয়া—হইারা স্ব স্ব বিশেষতান্ত্রসারে রদবাতিক রোগে প্রযোজ্য।

ষ্ট্রিক্নিয়া সাল্ফ-—ডাঃ কাউপার থোয়েট ইহার এক ষষ্টিতম গ্রেন মাত্রায় প্রতিদিন তিনবায় ব্যবহার করিয়া আশ্চর্য্য ফল লাভ করিয়াছেন।

মার্কারি, মার্ক আয় এবং কেলি আয়-—উপদংশন্ধ রোগের অবস্থা বিশেষে প্রয়োজা।

ক্যাল্কেরিয়া ও ফসফরাস সল্ট এবং সাইলিসিয়া ইত্যাদি ওষধ গগুমালা সংস্ঠ পুরাতন রোগে বিশেষ উপকারী।

হাইপিরিকাম--পুরাতন রোগে প্রযোজা।

আকুষঙ্গিক চিকিৎসা।—সর্বস্থলেই সম্পূর্ণ বিশ্রাম এ রোগে অপরিহার্য্য বিধি বলিয়া জানিতে হইবে। প্রদাহযুক্ত অকে কসিয়া ও সমান ভাবে আটাল পটি (adhesive plaster) লাগাইয়া যথারীতি ব্যাণ্ডেজ জড়াইতে হইবে। দেখিতে হইবে যাহাতে উপরি উক্ত ব্যাণ্ডেজ মস্প ও সমান ভাবে আটা থাকে, অতি কসা না হয়, এবং অক্সের চালনা হইতে পারে। উদ্ধান্সের রোগ হইলে ঝোলনা দ্বারা সর্বসময়েই তাহা গ্রীবার আশ্রয়ে ঝুলাইয়া রাখিতে হইবে। রোগী কিছুতেই অঙ্গুলির ব্যবহার করিবে না। নিমান্স রোগাক্রান্ত হইলে এবং রোগের অবস্থা অতি কঠিন থাকিলে রোগীকে শ্ব্যাশায়ী রাখিতে হইবে। রোগা মৃহ হইলে পূর্ব্ব কথিতরূপে পটি ইত্যাদি লাগাইয়া সন্তবতঃ রোগীকে অতি অল্প চলাফেরা এবং অক্সের ব্যবহার করিতে দেওয়া যাইতে পারিবে।

অতিপ্রবল প্রদাহে স্নায়ুর গতিপথ বাহিয়া সরু ক্যান্থারিসের পটির প্রয়োগে ফোষ্টা তুলিয়া পরে ক্ষতের সাধারণ চিকিৎসা এবং বিশ্রাম উপকারী বলিয়া কথিত।

রোগের অতি কঠিন এবং প্রবল আক্রমণে স্পষ্টতর রক্তাধিক্যের বর্ত্তমানতায় ডাঃ কাউপার থোয়েট দশ হইতে কুড়ি বিন্দু মাত্রায় স্কুইবের (Squibb's) আর্গট-সত্তের (extract) ত্বগধঃ পিচকারির ব্যবস্থা করেন; সাধারণতঃ চারি হইতে দশ ঘণ্টা পর পর এক হইতে পাঁচ বার প্রবোগের প্রয়োজন হইয়া থাকে। তিনি মৃহত্র রোগে, এবং রোগের পুরাতন অবস্থায় ইহার ব্যবহার নিষেধ করিয়াছেন।

অতি কঠিন রোগে শীঘ্রই অত্যন্ত কঠিন বেদনা উপস্থিত হয়। ডাঃ কাউপার থোয়েট বলেন, "ওপিয়াম ইহার এক্মাত্র ঔষধ।" তিনি বলেন, "আমি ইহার ব্যবহারের উপদেশ করিলে নিন্দার ভাজন হইব জানিয়াও আমি তাহা শিরঃধার্য্য করিয়া লইতে প্রস্তুত ।" পনের হইতে কুড়ি বিন্দু মাত্রায় ইহার ডি-ওডরাইজ্ড অরিষ্ট ব্যবহার্যা। বেদনার অতি বৃদ্ধিকালে দশ বিন্দু মাত্রায় ইহার ব্যবহারের আরম্ভ করিয়া ষে পর্যান্ত উপশম না হয় পনের মিনিট পর পর দেয়। এই প্রকারে তিনি আবশুকাধিক একবিন্দুও প্রয়োগ করেন না এবং প্রয়োগের সময় এবং ব্যবধান সম্বন্ধেও কোন নিয়মের অধীন হয়েন না, বেদনা সহনীয় হইলেই ঔষধ বন্ধ করেন। অনাবশুকীয় স্থলে তিনি এপ্রকারে ঔষধ বন্ধ করিতে কখনই কঠিন বোধ করেন নাই। এরূপ ব্যবহায় তিনি কখনই ওপিয়ামের অভ্যাস লক্ষ্য করেন নাই। কচিৎ ইহা আমাশয়ে সহ্ম না হওয়ায় মর্ফিয়ার অগধঃ প্রয়োগের প্রয়োজন হইয়াছে। যত স্বন্ধ মাত্রায় বেদনার উপশম হয় তিনি তদপেক্ষা কখনই অধিকতর ব্যবহার করেন না, এবং কখনই সময় ও প্রয়োগ-ব্যবধানকালের নিয়ম রক্ষা করেন না। তিনি অস্থান্ত নিদ্রাকর, মাদক, অথবা বেদনা নিবারকের ব্যবহার দারা সময় নই করিতে নিষেধ করেন।

গ্যাল্ভানিক বৈহাতিক স্লোতের ব্যবহার অত্যুপকারী। বৃহৎ বিহান্মার্গের (electrode) ব্যবহার করা উচিত, ক্ষুত্তর নিষিদ্ধ। ধ্ব-প্রাস্ত (positive-pole) বহিপ্রদারী স্বায়্র দীমান্তোপরে এবং ঋণাত্মক প্রাস্ত (negative pole) তাহার কৈন্দ্রিক প্রান্তোপরে স্থাপন করিতে হইবে। উপযুক্ত রূপে সংস্থাপনার জন্ত বিহান্মার্গ বা তার বক্র করিতেও হইতে পারে। পরে স্রোতোৎপন্ন করিরা (ঘূর্ণিত) তাহা হই তিন মিলিয়া-ম্পিরার্গে (স্রোতের বেগ) উঠাইয়া তদবস্থায় হই হইতে তিন মিনিট রাখিবে এবং পরে ধীরে ধীরে নামাইয়া শেষ পর্যান্ত যাইবে। এই প্রকার প্রতিদিন তিন অথবা অবস্থাম্পারে একবার করিয়া প্রয়োগ করিবে। ডাঃ কাউপার থোয়েটের মতে তরুণ, নাতি পুরাতন এবং পুরাতন দর্মপ্রকার রোগেরই আন্তন্ত ইহার প্রয়োজনীয়তা বর্ত্তমান থাকে। রোগের ত্রুণাবস্থায়, এমন কি যে পর্যান্ত করিবে না, এই অবস্থায় না হইয়াছে কথনই ফ্যারাডিক স্রোতের ব্যবহার করিবে না, এই অবস্থায়

অর্থাৎ প্রদাহ অন্তর্জান করিলে কখন কখন ইহার ব্যবহার হইতে পাবে।
এই প্রকার স্রোত প্রদাহের পরিণাম কল অপসারিত করিয়া থাকে। যে
শরীরাংশেই স্নায়্-প্রদাহের আক্রমণ হউক সমপদ্ধতি অনুসারে স্রোতের
ব্যবহার কর্ত্তবা। যত্নপূর্ব্বক সাধারণ স্বাস্থ্যের প্রতি দৃষ্টি রাখিতে হইবে।
সকল প্রকার উত্তেজনার কারণ স্থানাস্তরিত করিবে। উত্তেজনার
বর্ত্তমানতার আরোগ্য স্ক্তরপরাহত।

## লেক্চার ২৯৩ (LECTURE CCLXXXXIII.)

# গুচ্ছাকার স্নায়ুপ্রদাহ বা মাল্টিপল নিউরাইটিস। (MULTIPLE NEURITIS.)

পরিভাষা। — একই সময়ে অনেকগুলি স্নায়ুকাণ্ডের প্রদাহ। এই প্রদাহে স্নায়ু-কাণ্ডের সংযোগ সম্বন্ধীয় কোন নির্দিষ্ট নিয়ম দেখা ধায় না। তুই অথবা তিন, অথবা শরীরের প্রায় সম্পূর্ণ স্নায়ু-কাণ্ডই আক্রান্ত হইতে পারে।

কারণ-তত্ত্ব।—অতি অধিক সংখ্যক রোগই আর্দেনিক, স্রা-বীজ, দীদক (lead), কার্বন বাইদান্ধ, কপার বা তাম্র, মার্কারি এবং এনিলাইন প্রস্তুতি বিষের দাক্ষাৎ ক্রিয়ার ফলস্বরূপ জন্মে।

রোগ সংক্রমণ অন্তপ্রকার সাক্ষাং কারণ। উপদংশ এবং পূ্য-মেহও ইহার কারণ মধ্যে গণ্য করিতে হইবে। শৈত্য ও সিক্ততার সংস্পর্শ ইহার অসাধারণ কারণ। রোগ দেশব্যাপী রূপেও উপস্থিত হইতে পারে। পাঁচিশ হইতে পঞ্চাশ বৎসর ব্য়সের মধ্যে ইহার সর্বাপেক্ষা অধিকতর আক্রমণ সংঘটিত হয়।

লক্ষণ-তৃত্ব।—প্রায় সমগ্র চিকিৎসক মণ্ডলীতেই স্রা-সার ঘটিত রোগ আন'ি স্বরূপ গৃহীত হইয়া রোগের গতির বিষয় বিবৃত হইয়া থাকে। আমরাও তৎপথেরই অনুসরণ করিব্রাব্ধ

অধিক কাশ ধরিয়া অবিশ্রান্ত স্থরার ব্যবহারের ইহা ফল। অনেক দিন পর্য্যস্ত নানাবিধ আংশিক বোধবিশৃঙ্খলা (paresthesias) যেমন অসাড্ডা, চনচনি, আনর্ত্তন, কম্পন, হঠাং ক্ষণস্থায়ী শক্তির অন্তর্জান, এবং সাধারণ রোগলক্ষণবং লক্ষণ বর্ত্তমান থাকে। হঠাৎ সাধারণ কার্য্যাদির মধ্যে অথবা মদাত্যয় রোগের আক্রমণকালে অথবা তাহার পরে পক্ষাঘাত উপস্থিত হয়। অথবা পদ, নিয়াপ, কর অথবা উদ্ধাপ, পদতল, পদাস্থলি এবং হস্তাপুলির অসাড়তাবোধ সহ কঠিন, কিন্তু অতি বিরলতর স্থলে তীক্ষ বেদনা হইতে পারে, পরে উদ্ধি এবং নিয়াপ্লের ক্রম বিদ্ধিত্ব দেখা দেখা রোগী প্রলাপযুক্ত হইতে পারে অথবা সম্পূর্ণ পরিষ্কার জ্ঞান থাকিতে পারে। আমাশয় প্রদাহ এবং কম্পান উপস্থিত হয়। পদ ঝুলিয়া পড়ে, এবং রোগী তাহা নিয়াপ্লের উপরে বক্র করিতে অক্ষম হয়। শীঘ্রই শোথ জন্মে, অথবা শেষাবস্থায় বসার স্থাপনা হয়; অন্তথা নিয়াপ্লের শীর্ণতা উপস্থিত হয়। পেশীর শিথিলতা এবং শিথিল ভাব জন্মে। আক্রান্ত স্নায়ুর গতি বাহিয়া চাপে অসহিষ্কৃত। থাকে। আক্রান্ত স্নায়ু উপরিদেশ সন্নিহিত স্থানে থাকিলে পরীক্ষায় বন্ধিত দেখা যাইবে। বলের সহিত না হইলেও মৃত্রচালনা করা যাইতে পারে, কিন্তু বেদনা হয় বলিয়া তাহার বাধা জন্মে।

প্রথমবিস্থায় জামু-ঝাঁকি বর্জিত হইতে পারে, কিন্তু শেষাবস্থায় তাহার অভাব ঘটে। পক্ষাঘাত আংশিক এবং সাধারণতঃ অসম্পূর্ণ। কোন নির্দিষ্ট স্নায়ুদেশ পক্ষাঘাতযুক্ত হয়, সেই অঙ্গেরই অক্যান্স স্থান মুক্ত থাকে। এমন কি যে স্থলে রোগ সম্পূর্ণ অধার্দ্ধাঙ্গ (paraplegia) বলিয়া অমুমিত হয় যত্নের সহিত পরীক্ষায় তাহারও বিশেষ বিশেষ স্থান অনাক্রান্ত দেখা যায়। সর্ব্বস্থলেই পৈশিক অপক্রপ্ততা জন্মে। অপক্রপ্ততার গ্যাল্ভ্যানিক বিহ্যচেছাত প্রতিক্রিয়া অসম্পূর্ণ থাকে, কিন্তু ফ্যারাডিক ক্রোত-প্রতিক্রিয়ার অধিকতর সম্পূর্ণতা ঘটে। যদিও উদ্ধান্ধাদি পক্ষাঘাতাক্রান্ত হইতে পারে, তাহার। নিমান্ধাদির ক্রায় অধিকৃত্র সময়ে তক্রপ হয় না। শাখা-প্রশাধা সহ ত্রই অথবা তিনটি স্নায়ু, অথবা প্রায় সম্পূর্ণ স্নায়ুমগুলই পক্ষাঘাতাক্রান্ত হইতে পারে।

অমুভূতি সংস্পষ্ট লক্ষণে স্থানে স্থানে বোধাধিক্য, এবং বোধাভাব জন্মিতে পারে, অথবা উভয়ের মধ্যে একেরও বর্ত্তমানতা প্রকাশ পাইতে পারে। অনেক সময়েই পদতল অত্যস্ত স্পর্শাসহিষ্ণু থাকে। পুষ্টিবিশৃন্ধলা জন্ম সন্ধিকীতি জন্মিতে পারে। অনেক সময়ে মৃত্র-স্থলী এবং সরলাম্বের অস্বাভাবিক লক্ষণ উপস্থিত থাকিলেও সায়ুপ্রদাহে আরোপিত করা নায় না। তাহারা পূর্ব হইতে বর্তমান ছিল, অথবা অন্য কোন অবস্থার ফল স্বরূপ। অনেক সময়ে কোমরবন্ধ লক্ষণ পরিলক্ষিত হয়। স্মরণ-শক্তির বাধা জ্বান, তাহার উপরে বিশাস স্থাপন করা যায় না, যাহাই হউক, এই সকল আধাাত্মিক লক্ষণ সায়ুপ্রাদাহের ফল বলিয়া অনুমিত হয় না, সম্ভবতঃ স্থরা বিষাক্ততা ইহাদিগের কারণ।

কথন কথন অফি চালক স্নায় আক্রান্ত হইয়া পাকে। অতি কচিৎ কণীনিকা প্রতিক্রিয়াহীন হয়, এবং কোন কোন স্থলে তাহার আংশিক ক্ষয়, (atrophy) দেখা গিয়াছে, অথবা চিত্রপত্রের-সায়বিক প্রদাহ (neuro-retinitis), এবং স্লায়বিক অর্কাদ দৃষ্টিগোচর হইতে পারে। কথন কথন মুখ মগুলের দ্বিপার্থীয় পক্ষাঘাত দেখা গিয়াছে। নিউমগ্যাষ্ট্রিক এবং ফ্রেনিক স্লায়্ আক্রান্ত হইতে পারে, যাহাতে বিপদ সন্তাবনার বুদ্ধি হয়। নিউমগ্যাষ্ট্রিক পক্ষাঘাত হৃৎপিগুক্রিয়ার বুদ্ধি করে, বক্ষোদর বাবধায়ক পেশীর ফ্রেনিক পক্ষাঘাত জরো।

রোগ-নির্বাচন ।— অকাল কশেরুকমজ্জীয় বেদনাহীন হয এবং তাহাতে কোনপ্রকার অন্তভূতি বিকার ঘটেনা। কশেরুকা-মজ্জার বিস্তৃত প্রদাহে মৃত্র-স্থলী এবং সরলাম্র আক্রান্ত হইয়া থাকে এবং শ্যাক্ষত এবং<sup>ম</sup>্বত্র-স্থলী-প্রদাহে প্রবণতা জন্ম।

শারীরিক ক্রিয়া-বৈষম্যরোগের (ataxy) নিবরণই রোগ-নির্বাচনে যথেষ্ট বলিয়া গণ্য; অপিচ যদিও উভয়রোগেই ভ্রমণে পদ উচ্চে উথিত হয়, ক্রিয়া-বৈষম্য বা এটাক্সি রোগে পদাঙ্গুল্যাদি উচ্চে উঠে, গুল্ফ প্রথমে মৃত্তিকা স্পর্শ করে, কিন্তু স্নায়্-প্রদাহ রোগে পদাঙ্গুল্যাদি পতিত হয় এবং প্রথমে মৃত্তিকা স্পর্শ করে।

ভাবী-ফল।—ভাবীফল সাধারণতঃ শুভ। সাধারণতঃ তিনমাস হইতে চুই বৎসরের মধ্যে রোগী আরোগ্য লভে করে। ঘটনা বিশেষে রোগীর মৃত্যু হয়। স্থায়ী অঙ্গবৈকল্য থাকিষা যাইতে পারে। উপদংশ এবং পারদ সংস্পৃষ্ট রোগাদি অনেক দিন স্থায়ী হইতে পারে, কিন্তু সাধারণতঃ আবোগা হয়।

চিকিৎসা-তত্ত্ব ৷—শত্ত্রগত সামবিক রোগাদি মহুদ্যের অতীব গুরুতর অনিষ্ঠ সাধক। যে সকল রোগ হঠাৎ মৃত্যু সংঘটিত করে না, তাহারাও অধিকাংশ তলে অতীব কন্ত সাধ্য অথবা অসাধ্য অঙ্গবৈকল্য রাথিয়া যায়, এবং জাঁবন কন্তবহ এবং ন্যুনাধিক অকর্ম্মণ্য হইয়া থাকে। একারণ চিকিৎসকণণ আশংকার বশীভূত হইয়া নেসকল ঔষধের যে প্রকার ব্যবহার করিয়াছেন তাহা প্রকৃত হোমিওপ্যাথির অনুমোদনীয় না হইলেও পাঠকগণের অবগতির জন্ম আমর: নিমে উল্লেখিত করিলাম:---

জেলসিমিথাম—পকাঘাতের প্রবণতা দৃষ্ট হইলে ইহার মূল আরকের প্রয়োগ।

নাক্স ভম ১ বৰং পাল্স ১ -- ডাঃ কাউপার থোয়েট বলেন, "পূর্ব্বগামী অবস্থায় রোগের বিবরণে এবং আংশিক বোধাধিক্যের বর্তুমানতার যদি স্নায়ু-প্রদাহ ( neuritis ) আগত প্রায় বলিয়া বুঝিতে পারা যায়, আমি নাক্স, এবং পালসকে উৎক্ট ঔষধ বলিয়া বিবেচনা করি।" রোগ ইহাদিগের দারা কখন অঙ্কুরেই বিনাশ ৣ ইইয়াছে কিনা তিনি তাহা সজ্ঞাত, তথাপি যে স্থলে তিনি রোগ গুচ্ছাকার স্নায়-প্রদাহের স্তুত্রপাত বলিয়া অনুদ্রাই ক্রিয়াছেন, এই তুই ঔষধের ব্যবহারে আরোগ্য হুইয়াছে। তিনি ইহাদিগের প্রত্যেকের ১<sup>×</sup> ক্রুমের তিন বিন্দু একত্র মিশাইয়া তুই ঘণ্টা পর পর তুই অথবা তিন সপ্তাহ ধরিয়া ব্যবহার করিয়াছেন।

সিমিসিফুগা—নিমাঙ্গে স্পষ্টতর বেদনা এবং কনকনানি, প্রভৃত

অস্থিরতা এবং পেশীর টাটানি। মূল অরিষ্ট তিন হইতে পাঁচবিন্দু মাত্রায় ঘণ্টায় ঘণ্টায় অথবা হুই ঘণ্টা পরপর প্রয়োগ।

হোমিওপ্যাথির নিয়মে:-

আর্জেণ্ট নিট এবং আর্ক্তেণ্ট ক্লব্ন--শারীব্লিক বৈষম্য ( ataxic ) প্রকৃতির রোগে।

আমেনিকাম—অধিকাংশ স্থলে ইহা একটি মহৌষধ বলিয়া বিবেচিত।

মাকুরিয়াস কর—লক্ষণ সাদৃগ্র এবং আময়িক বিধান বিকার উভন্নতঃই ইহা এবং উপরিস্থ ঔষধাদি প্রযোজ্য। অনেকেই ইহাদিগকে অতি নিমক্রমে (২ অথবা অধিকাংশ ৩ শ) ব্যবহারের উপদেশ করিয়া থাকেন।

ইহাদিগের মধ্যে আর্কি। ব্লিব্র ব্যবহার অতীব বিবেচনা সাপেক্ষ। যে হেতু ইহার অপব্যবহারে গুচ্ছাকার রোগ জনিতে পারে।

কুপ্রাম এদেট, প্লাম্বাম, ফসফরাস, কার্কান বাই-সাল্ফাইড—আময়িক বিধান বিকার এবং লক্ষণ সাদৃগ্রামুসারে ইহারাও বিশেষ বিশেষ স্থলে প্রদর্শিত হইয়া থাকে।

আকুষ্পিক চিকিৎসা।—প্রথমে রোগীর সম্পূর্ণ বিশ্রামের ব্যরস্থাই প্রধ্বন করণীয়। রোগীকে শ্যায় শায়িত করিয়া এবং তদবস্থার রাথিয়া আক্রান্ত অঙ্গের বিশ্রাম জন্ম বিশেষ ব্যবস্থা করিবে। রোগের কারণামুসারে পরের ব্যবস্থা কর্ত্তব্য। স্থরা-বীদ্ধ স্ইতে রোগ জন্মিয়া থাকিলে তৎক্ষণাৎ তাহার ত্যাগ নিভাস্ত কর্ত্তব্য মধ্যে গণ্য। রোগীকে প্রংপুনঃ উপযুক্ত আহার দিবে, এবং মদাত্যয় রোগের ন্থায় চিকিৎসা করিবে। রোগের কারণ অন্থবিধ হইলে, তদমুসারে চিকিৎসা করিতে হইবে।

#### গুচ্ছাকার স্নায় প্রদাহ বা মান্টিপল নিউরাইটিস। ১১৪৭

উপদংশ ঘটিত রোগ হইলে মূল রোগে লিখিত চিকিৎসার অবলম্বন করিবে।

রোগ-সংক্রমণ রোগের কারণ হইলে সংক্রামক রোগ বিশেষে অবলম্বিত চিকিৎসা প্রণালী ইহার চিকিৎসা।

রসবাত ঘটিত রোগে বসবাতে উল্লেখিত ঔষধাদি ব্যবহার্য। কিন্তু শর্মনীয় যে কোন উত্তেজনার কারণ থাকিলে তাহার দূরীকরণ অবশ্র কর্ত্তবা। সর্বস্থিলেই পূর্ব্ব কথিত গ্যাল্ভ্যানিক বিহ্যচেছ্যাত প্রদশিত প্রয়োগ প্রণালী অনুসারে (স্নায়্-প্রদাহে) ব্যবহার্য্য।

শোণিতের মল নিঃসারণ এবং প্রদাহের উপশমনার্থ উষ্ণ স্থান উপকার করিতে পারে। উষ্ণ উৎস এবং ম্যাগ্রেটিক জল ও ইণ্ডিয়ানার কর্দম-স্থান স্থল বিশেষে বিশেষ উপকার করিয়াছে।

## লেক্চার ২৯৪ (LECTURE CCLXXXXIV).

## স্নায়বিক শোথ বা বেরি বেরি। ( BERI BERI.)

প্রতিনাম | কাঞ্জি (kakke); বার্বিয়ার্স (berbicis.)

পরিভাষা।—একপ্রকার পারিধেরিক স্নায়ু প্রদাহ যাতা অধিকাংশ সময়ে গ্রীয়প্রধান এবং নাতিগ্রীয় প্রধান আবহাওয়ার দেশে, অপিচ কতিপর অবস্থার সংযোগে, নাতি শাতোঞ্চ ভূ-ভাগে, অব্যাপক, অথবা দেশ-ব্যাপক রোগ রূপে সংঘটিত হয়। মৃত্যু-সংখ্যা বিলক্ষণ অধিকতর, স্কংপিও-পক্ষাথাত সাধারণতঃ মৃত্যু আনরন করে।

বিবরণ।—ইহা গ্রীয়-প্রধান পূর্ব্ব ভূ-থণ্ডের রোগ। কিন্তু যে পর্য্যন্ত হলাও বাসীগণের এই সকল দেশের সহিত সম্বন্ধ ঘটিয়া ইহার প্রতি তাঁহাদিগের মনযোগ আকৃষ্ট না হইয়াছিল তদবিধ জনসাধারণে ইহার গুরুত্বের উপলব্ধি হয় নাই। ইহাদিগের পরে ইংলগুরি ডাঃ ম্যাল্কন্সেন, কারটার, ওয়ারিং এবং মোর হেড ছারা এতহিষয়ের অফুসন্ধান হয়। তথাপি কিয়ৎকাল পূর্ব্বেরে পর্যান্ত ব্রেজিল দেশে ইহার আধুনিক দেশ ব্যাপক আক্রমণ না হইয়াছিল, নবয়ুত্বের চিকিৎসক মগুলীর ইহার প্রতি যথেষ্ট মনযোগ আকৃষ্ট হয় নাই। তলাধেণ্ড জাপানে কেবল ডাঃ এগ্ডারসন, সিমন্স্, সিয়ুব, (sheube) এবং বাল্জ (Baelz) আধুনিক উপায়াদির অবলম্বনে এবং আধুনিক পদ্ধতি অফুসারে ইহার যথায়থ তাৎপর্যা এবং প্রকৃত আমায়িক বিধান-বিকার হাদয়্পম করিতে সমর্থ হয়েন। ডাঃ সিয়ুব এবং বাল্জই প্রথমে পরিষ্কাররূপে দেখাইয়াছেন যে ফ্রন্সপ ভিক্থিরিয়া এবং স্বরা-বীজ, বেরি বেরিও তজ্ঞপ পারিধেয়িক স্লায়ু-প্রাদাহের প্রকৃতি

বিশিষ্ট। ডাঃ পিকেলহেরিং এবং উইংক্লার এবং পরে অক্সান্ত পরিদর্শকগণও এই মত গ্রহণ করিয়াছিলেন। অধুনা প্রধানতঃ ডাঃ ইজ্কম্যান, ব্যাডন, ফ্রেজার, এবং ট্যাণ্টনের অনুসন্ধানের ফলস্বরূপ প্রদর্শিত হইয়ছে যে ইহার প্রধান, যদিও একমাত্র না হউক, কারণ পথ্য সংস্কৃত—জাঁতাচূর্ণ অতি স্ক্র্ম তণ্ডুল যে পথ্যের প্রধান উপকরণ। এতদেশের প্রবাদানুসারে বর্মা চাউল ইহার কারণ। ফলতঃ ছর্ভিক্ষ বশতঃ বঙ্গদেশে, বিশেষতঃ কলিকাতা এবং তন্নিকটবর্তী প্রদেশাদিতে বর্মা চাউলের আমদানির বৃদ্ধির সহিত দেশব্যাপক বেরিবেরির উপস্থিতিকে দৈব ঘটনা, অথবা কার্য্য কারণ সম্বন্ধযুক্ত বিষয়, অনুসন্ধান ব্যতীত তন্বিয়য়ে মতামত প্রকাশ স্ক্রম্বর্জ বিষয়, অনুসন্ধান ব্যতীত তন্বিয়য়ে মতামত প্রকাশ স্ক্রম্বর্জ বিষয়, অনুসন্ধান ব্যতীত তন্বিয়য়ে মতামত প্রকাশ স্ক্রম্বর্জ বিষয় কারতে।

প্রাপ্ত ভিব্যুক্ত ভূ-ভাগ ।— সম্ভবতঃ গ্রীম্ব-প্রধান এবং নাতি
শাতোঞ্চ ভূ-ভাগই বেরিবেরির স্বাভাবিক উৎপত্তি স্থান। নিঃসন্দেহ ইহা
মনেকস্থলে বিগ্রমান থাকে, কিন্তু জনসাধারণের অজ্ঞতা বশতঃ তদ্বিষয়ে
কোন সন্দেহই উপস্থিত হয় না। বহুতর থনি এবং আবাদে ইহা
মরকর্মণে উপস্থিত হয়। মালে দ্বীপ এবং পূর্বস্থ স্থীপপুঞ্জ এ বিষয়ে
বিলক্ষণ থ্যাতিলাভ করিয়াছে। গ্রীম্ম প্রধান দেশ, যেমন প্যানামা
খাল অথবা কঙ্গরেলওয়ের কল কারখানার স্থবিস্থৃত কার্যা সংস্কৃত্ত কুলিদলের মধ্যে সময়ে সময়ে ইহার বিলক্ষণ আক্রমণ হয়। স্থমাত্রী
দ্বীপে ইহা ডাচ্ সৈন্তের সত্তগমন করে। ভারতবর্ষের ইংরাজ সৈত্ত মধ্যেও এক কালে ক্রস্থা বিলক্ষণ সাধারণ ছিল। জাপানের অনেক অংশ, বিশেষতঃ স্থারহৎ, নিম্ম, সিক্ত এবং বছলোক সমাকীর্ণ সহরাদি ইহার জন্মভূমি। চায়না, ফিলিপাইন দ্বীপপুঞ্জ, পূর্ব্ব উপদ্বীপ, ভারতবর্ষ এবং আফ্রিকাতে ইহা প্রাদ্ভূতি হয়। কারাগৃহ, বিভালয়, এবং জাহাজস্থ ব্যক্তিদিগের মধ্যে উপস্থিতির বিশেষ প্রবর্ণতা দেখা যায়। কথন কথন দেশ বাণিক প্রবাহরূপে ইহা গ্রীম প্রধান দেশে প্রবাহিত হয়।
কথন কথন স্থানে স্থানে অবাণিক রোগের আক্রমণ দেখা যায়।
সাধারণতঃ ইহা যথন কোন লোক সম্প্রদায়ে উপস্থিত হয়, বছলোক্ত
আক্রমণ করে এবং বিশেষ বিশেষ বাস ভবন এবং পল্লী ধরিয়া আক্রমণ
ঘটে। অল্লদিবস পূর্বে অষ্ট্রেলিয়ার আদিম নিবাসী এবং ভাহার পূর্বে
সমুদ্র তটন্থ চিন উপনিবেশ মধ্যে ইহার নৃতন উপস্থিতির বিবরণ
পাওয়া গিয়াছে। এইরূপে প্রসান্ত মহাসাগরন্থ অন্তান্ত বছতর দ্বীপে এবং
দ্বীপপুঞ্জাদিতে ইহার নৃতন আক্রমণ হইয়াছে বলিয়াও অন্তমিত।
ফলতঃ অতি অল্লদিন পূর্বে হইতে ইহা গ্রীম্ম প্রধান দেশের ন্তায় নাতি
শীতোক্ত দেশেও বিস্তৃত হইয়াছে—আইয়ারল্যাও, য়ুনাইটেড প্রেট্স
এবং ফ্রান্স।

আমায়িক বিধান-বিকার তত্ত্ব।—মৃত্যুর পর শবচ্ছেদে যে দৃশ্রাদি উপস্থিত হয়, পারিধেয়িক সায়ু-প্রদাহের পরিবর্ত্তনাদি ঘটত দৃশ্রাদি হুইতে কোন অংশেই তাহা ভিন্ন বলিয়া অমুমিত হয় না।

পারিধেয়িক সায়ৢ, বিশেষতঃ তাহার অদূরবর্ত্তী (proximate) সীমার অপরুষ্টতা ঘটে, সাধারণ পেশীর সহিত হৃৎপিগুপেশীর গৌণ ক্ষমকর অপরুষ্টতা ঘটিলে ডিফ্থিরিয়ার ফায় তাহাতে তরুণ বসাপরুষ্টতা জন্ম। অধুনা ডাঃ হামিল্টন রাইট দেখাইয়াছেন যে অপরুষ্টতা মূলক সায়বিক পরিবর্ত্তন (পূর্বের অস্বীরুত ) যেরূপ অফান্ত প্রকার পারিধেয়িক সায়ু-প্রদাহে দৃষ্টি গোচর হয়, স্নায়ু-কেন্দ্র এবং সম্পূর্ণ আক্রান্ত সায়ুতেও দেখা যাইতে পারে। এই পরিদর্শক দেখাইতে চেষ্টা করিয়াছেন যে রোগের এই থমিক অথবা তরুণ দৃশ্র সায়ুর অন্তিম বিভাগের বিষাক্ততার প্রাথমিক দৃশ্রের সহিত সম্বর্মুক্ত, অপিচ অন্তিম বিভাগের বিষাক্ততার চিহুই স্নায়বিক অপরুষ্টাবস্থার অবশিষ্ট বা পরিণাম দৃশ্র। বেরিবেরিতে মৃত্যুর পর শবছেদ দৃশ্রের সম্বন্ধে যদি কোন প্রকার বিশেষতা বর্ত্তমান থাকে, কৈন্দ্রিক এবং পারিধেয়িক শোণিত-

সঞ্চলন যন্ত্রের কিঞ্চিত বিশেষ প্রকৃতির আক্রমণ হইতে জ্বেন-স্মেন স্থৎপিণ্ডের প্রসারণ, বিশেষতঃ তাহার দক্ষিণ পার্শ্বের, এবং দক্ষিণ স্থৎপিণ্ডে এবং শিরায় অতাধিক শোণিত সঞ্চয়। ইহা বাতীতও অনেকস্থল श्वष्टिर्त्तरहे-विल्लोत्र र्थान, कृमकृम-त्वहे-विल्लीत थीन, कन्न-त्वहे-विल्लित थीन এवः কোষময় উপাদানে রক্তাম্ব-ক্ষরণের স্থুম্পষ্ট প্রবণতা হইয়া থাকে। অপিচ অহ্যাত্য প্রকারের গুচ্ছাকার স্নায়বিক প্রদাহের তুলনায় এই স্কুম্পষ্ট রক্তাস্থ্-ক্ষরণ-প্রবণতা, এবং সংগি ও-প্রসারণের উপক্রম বেরিবেরি সংক্রান্ত গুচ্ছাকার স্নায়ু প্রদাহের ত্মানাধিক প্রার্থকা প্রকাশক বলা বাইতে পারে। হৃৎপিণ্ডের চুর্বলতা এবং আংশিক মৃত্র-স্তব্ধতা ইহার কিঞ্চিত সহায়তা করিলেও জ্ঞল-ক্ষীতির (cedema) প্রকার দারাই প্রদর্শিত যে ইহা বিশেষ করিয়া শোণিত-যন্ত্র-চালক সায়ুর বিশুখালা হইতে জন্মে। ফুসফুসের জল-ক্ষীতিও অসাধারণ নহে, এবং সম্ভবতঃ আময়িক বিধান-বিকার সম্বন্ধে ইহা যোজক ঝিল্লীর জলক্ষীতির তুলা। বুক্তকের প্রদাহ হয় না। দ্বাদশাস্থ্যন্ত্র-প্রদাহ বা ভুম্নভিনাইটিস বেরিবেরির এক মাত্র বিশেষ অপায় বলিয়া বিবেচিত হইতে পারে: ডাঃ হামিল্টন রাইটের মতে এই অপায় তরুণ রোগের প্রথম তিন সপ্তাহ মধ্যে কোন স্থলেই অনুপস্থিত থাকে না। ডেনিয়েল্স্, কোস এবং হাণ্টার প্রভৃতি অন্তান্ত পরিদর্শক এই অপায়ের অবিশ্রান্ত বৰ্জমানতা স্বীকার করেন ন।।

কারণ-তত্ত্ব।—স্ত্রী-পুরুষ, বয়স, ব্যংসায়, ইত্যাদি নির্কিশেষে বেরিবেরির আক্রমণ হয়। যদিও শৈশবাবস্থায় এবং বৃদ্ধ বয়সে ইহার কচিৎ আক্রমণ এই, ১৫ চইতে ৩০ বংসর বরসেই ইহা অধিকতর দেখা দেয়। ইহা ধনী, নির্ধন উভয়কেই আক্রমণ করে। ইহা কোন কার্য্য অথবা ব্যবসায় বিশেষে আবদ্ধ নহে। কিন্তু কার্য্যহীন অলস এবং গৃহাবদ্ধ লোক—যেমন ছাত্রগণ, কারাবদ্ধ ব্যক্তিগণ, হাঁসপাতালের রোগী, এবং দরিদ্যাশ্রমের ব্যক্তিগণের ইহাতে বিশেষ প্রবণতা লক্ষিত হয়। গর্ভবতী

এবং প্রসবাবস্থার স্ত্রীলোকদিগের প্রতি ইহার বিশেষ আরুষ্টতা প্রকাশ পায়। ইহা বলিষ্ঠ রক্তপূর্ণ ব্যক্তি এবং চুর্বল রক্তহীন ব্যক্তি উভয়ের প্রতিই সমবাবহার করে।

জল-বায়ুর অবস্থা--্যে সকল দেশে গ্রীম এবং শীত, উভয় ঋতুই স্পষ্টতঃ প্রকাশ পায়, গ্রীষ্মাগমে দেশব্যাপক রোগের প্রাহর্ভাব ঘটে, কিন্তু শীতে বর্ত্তমান পুরাতন রোগের উপশম হয় এবং মুতন রোগ দেখা দেয় না। যে সকল দেশে বংসর ভরিয়াই গ্রীম্মের প্রাতর্ভাব থাকে যে কোন সময়েই বেরিবেরি উপস্থিত হইতে পারে; এবস্বিধ জল-বায়ুর দেশে বর্ষাকালেই অধিকতর রোগ-সমাগম ঘটে। এরূপে দেখা যায় ইহা ম্যালেরিয়ারই ভায় সিক্ততা এবং উচ্চতাপে বুদ্ধি লাভ করে, এবং কিম্বদন্তি যে অনেক সময়েই ানম্ন ভূমির উপরে অথবা তাহার নিকটস্থ দেশে নিদ্রা যাইলে ইহার অধিকতর আক্রমণ হয়। কোন ব্যক্তি দেশ ব্যাপক রোগ পীড়িত দেশে বাস করিলে পরিশ্রান্ত অবন্তা, শৈতা সংস্পর্ণ, অভাব এবং স্বাস্তা হীনতার অক্সান্ত স্বাভাবিক কারণ যেরূপ মালেরিয়ার আক্রমণের অমুকুলতা করিতে পারে, কিন্তু তাহার প্রকৃত কারণ মধ্যে গণ্য হয় না, বেরিবেরি সম্বন্ধেও তাহাই বলা যায়। ম্যালেরিয়া হইতে ইহার প্রভেদ এই যে পল্লী, এবং জঙ্গলপূর্ণ দেশের পুরুহৎ সহরেও ইহা অতি সাধারণ।

্ অত্যধ্রিক জনতা---রোগোৎপত্তির অথবা রোগ-বিস্তারের অনুকুল। সম্ভবতঃ প্রচুর জনতাই প্রাচ্যকারাগারে, বিভালয়ে, খনির কুলি-কুটিরে, বাগানের কুলিবস্তিতে. দৈক্তদভ্যে এবং জাহাটো রোগের পুনঃ পুনঃ আক্রমণের এবং অধিকতর বিবাক্ততার বিশেষ সাহায্য করিয়া থাকে।

জাহাজের বেরিবেরিও ম্যালেরিয়া হইতে বিদদৃশ প্রকৃতি প্রকাশিত করে। জাহাজের দেশীয় নাবিকদল মধ্যে বেরিবেরি অতি দাধারণ, ভূ-বাষ্প হইতে বহু দূরস্থ সমুদ্র-বক্ষের বাষ্পাদির সংস্রবে জাহাজাদির মুরপীয় কর্মচারি এবং নাবিকদিগের মধ্যে যদিও ইহা ঘটনাধীনে জন্মে, কিন্তু এরূপ ঘটনা অতীব বিরল। পুরোবর্তী জাহাজতলস্থ কৃদ্রতর সিক্ত কুটিরে বহু থলাসীর জনতাপূর্ণ বাস এবং নাবিক-ব্যবসায়ের কর্ত্তব্য পালনে শৈত্যাদির আবশুকীয় সংস্পর্শ যদিও একমাত্র কারণ না হউক, জাহাজস্থ বেরিবেরির অন্ততম প্রকৃত্ত কারণ বলিয়া সঙ্গতরূপেই বিবেচিত হইতে পারে।

অনাথা শ্রামের অধিবাসীদিগের (য়ুরপীয়) বাস গৃহও সহজে এবং সম অবস্থায় উপরি উক্ত কারণাদির অধীনে আসিয়া প্রাচা-দেশস্থ বেরিবেরির আকর সরূপ সিক্ত, উত্তপ্ত, আলোকহীন, ছ্ষিত বাষ্পপূর্ণ এবং বায়্-প্রবাহহীন হইলে বেরিবেরির আগার স্বরূপ হয়। তথাপি ইহা রোগের সাহায্যকারী মাত্র।

চিকিৎসা শাস্ত্রের তদানীস্তন অবস্থার অন্থবর্ত্তী হইয়া ক্লতবিদ্য চিকিৎসকগণ সঙ্গত, অসঙ্গত নানাবিধ মতের অবতারণা করিয়াছেন, তথাপি
বছকালাগত পূর্ব্ধপ্রবণতামূলক অবস্থাদি সম্বন্ধীয় জ্ঞানের অভাব বশতঃ
তাহাঁরা মূল কারণের আবিদ্ধার পক্ষে কোনই সাহায্য করেন নাই। যাহাই
হউক, এই সকল পরিত্যক্ত মতের পুনক্ষপ্লেখ নিস্প্রোজনীয়। তথাপি ইহা
উল্লেখ যোগ্য যে এই সকল মতের আবিদ্ধর্ত্তাগণ এবং তাহাঁদিগের অন্থগামী
চিকিৎসকগণের মন্তিক আধুনিক কীটাণু অথবা রোগ-বিষ-বীজান্ধুরের
মন্ত্র্যাদেহ প্রবেশ যে রোগের একমাত্র কারণ এবন্ধিধ ধারণায় অভ্রিত্ত থাকায়, আগন্তুক অথবা অস্বাভাবিক বীজাণুর প্রবেশ ব্যতীত দৈহিক
স্বাভাবিক পুষ্টিসাধনোপযোগী কোন বস্তুর অভাব যে রোগ কারণ হইতে
পারে তিন্ধিয়ে লক্ষ্যই করেন নাই। কিন্তু ইহা নিশ্চিত যে, যে
সকল ঘটনা শারীরিক স্বাভাবিক পুষ্টির প্রতিকুল তাহারাও রোগ-কারণ
হইতে পারে। এক্ষণে আমরা অবগত হইয়াছি যে উপরিউক্ত অবস্থাদি
মধ্যেই বেরিবেরির কারণ অথবা কারণের কিয়দংশ নিহিত। ডাঃ কাঙ্কের বর্ণনান্ধ্যারে বেরিবেরি "অপ্রচুরতার" রোগ (desease of "deficiency")।

বেরিবেরির কারণ সম্বনীয় অমুসন্ধানের চূড়ান্ত হইয়াছে এরূপ বলা যায় 
না। এজন্ম ইহা বলা অসঙ্গত বলিয়া বিবেচিত হইবে না যে উপরি উক্ত অপ্রচুরতান্বারা যে অবস্থা সমানীত হয় তাহা পূর্বপ্রবণতা মাত্র, অথবা অন্ত কোন অজ্ঞাত বিষয়, সন্তবতঃ অজ্ঞাত বীজাঙ্কুরের ক্রিয়াস্কুরণ জন্ম আবশুকীয়। অর্থাৎ এই অপ্রচুরতার অবর্তমানতায় অজ্ঞাত বীজাঙ্কুর শরীরে প্রবিষ্ট হইলেও ক্রীয়াহীন থাকিয়া যায়। অপিচ এরূপও হইতে পারে "বেরিবেরি" নাম ন্বারা ত্রই অথবা ততোধিক রোগ প্রকাশিত হয় এবং তাহাদিগের প্রত্যেকেরই একটি করিয়া স্বতন্ত্র কারণ থাকে। বাস্তবিক পক্ষেও অনেক বিষয় হইতে এরূপ অনুমান করা যায়।

যাহা হউক, ডাঃ ইক্মান, ব্রাডন, ফ্রেকার এবং প্রাণ্টনের অনুসন্ধানের ফল স্বরূপ আমরা একণে জ্ঞাত হইয়াছি বে অন্ততঃ পক্ষে পূর্ব্ব উপদ্বীপ, পূর্ব্ব নিপপুঞ্জ, ফিলি পাইন দ্বীপপুঞ্জ, চিন এবং জাপানের বেরি বেরি, ফ্রেকল নেশের প্রধান থাত্ত তভুল অতিরিক্ত পারন্ধার করিয়া বা ছাঁটিয়া অর্থাৎ বীজ-কোয রহিত করিয়া ব্যবহারের ফল এবং ইহাও নির্দ্ধারিত যে বীজ-কোযে এরূপ একটি বস্তু বর্ত্তনান যাহা উপযুক্ত পোষণকার্য্যে অপরিহার্য্য। ইহার নিদর্শন স্বরূপ উল্লেখ করা যাইতে পারে যে কোন মোরগকে যদি নিরবচ্ছির বীজ-কোয যুক্ত তভুল প্রস্তুত খাত্মের উপর রাখা যায় তাহার পৃষ্টির মানরূপ হানি জন্মে না; কিন্তু এরূপ খাত্মের তভুল যদি বীজ-কোষ রহিত থাকে, কিয়ৎকাল পরেই মোরগ পারিধেয়িক স্নায়্-প্রনাহের চিত্র প্রকাশিত করে; অপিচ শেষোক্ত মোরগের খাত্ম সহ পুন: যদি তভুল-ছাঁটা ভূষি মিশ্রিত করা যায় ধীরে রোগ-চিত্রাদি বিদ্রিত হয় এবং স্বাস্থ্য পুনরাবর্ত্তন করে। ইহা হইতে অকুমিত হইবে যে এই স্নায়বিক প্রদাহ ( neuritis—polyneuritis gallinarum )

াথ্যের কোন মৌলিক বস্তু যাহা পক্ষীজাতির স্নায়্-মগুলের পোষণে ত্যাবগুকীয় তাহার অভাবের ফল; অপিচ এই মৌলিক বস্তু তণ্ডুলের জি-কোষে অবস্থিত।

ডাঃ ষ্ট্রং এবং ক্রায়েল বিশ জন চিরকারাবাসীর উপরে বারম্বার পরীক্ষারা প্রথান করিতে পারিয়াছিলেন যে রোস সংক্রমণশীলা নহে, এবং পথ্যের দেখেই একমাত্র রোপোৎ-শক্তির কারম।

ডাঃ ফ্রেজার এবং পেণ্টন দেখাইয়াছেন যে স্নায়ুরোগ-নিবারক বস্থ স্তুলের বীজ-কোষে অবস্থিতি করে, ইহা স্থা-বীজে দ্রবনীয়, অমে বিগলন শীল নহে, কিন্তু ক্ষারের দ্রবে বিগলিত হয়, এবং ইহা ১০০০ সেণ্টি-গ্রেড তাপে ধ্বংস প্রাপ্ত হয়, ইত্যাদি। অপিচ ইহারা দেখাইয়াছেন ষে উপরি উক্ত বীজ-কোষস্থ বস্তু বসা-পদার্থ নহে, এবং যদিও এই বস্তুতে স্প্করাস না থাকুক, কোন নির্দিষ্ট পরিমাণ তণ্ডুলে যে স্প্করাস থাকে তাহা স্বান্থ্য রক্ষার্থ উপযোগী, অথবা অন্ত বিধকারণে ঐ তণ্ডুল প্রচলিত এবং প্রধান থাতা।

উপরি উক্ত পরীক্ষার ফলের উপর নির্ভর করিয়া সিঙ্গাপুর এবং সদ্ধিবদ্ধ ম্যালে দেশাদির গভর্ণমেণ্ট তাঁহাদিগের কারাগার, বাতুলাশ্রম, বিভালয়, এবং হাঁসপাতালাদিতে শুভ্র অথবা অতি পরিষ্কৃত তণ্ডুলের ব্যবহার নিষিদ্ধ করিয়াছিলেন; তাহাতে এই ফল হইয়াছিল যে বেরিবেরি, যাহা এতাবৎ কাল অতিরিক্ত মৃত্যু এবং রোগের কারণ বলিয়া এন্য হইয়াছিল, কার্যাতঃ এই সকল বিধি নিয়ন্ত্রিত লোকাবাস হইতে নির্বাসিত হইয়াছে। এবস্থিব ব্যবস্থায় অন্যান্ত সামকল ফলিয়াছে।

ডা: ফাঙ্ক্ এবং অন্তান্ত ক্বতবিত চিকিৎসকগণ প্রমাণিত করিয়াছেন যে অন্তান্ত শস্তে এবং থাতেও সম অথবা তুল্য প্রকার স্নায়্-প্রদাহ নিবারক বস্তু বিভ্যমান থাকে। ইহা সম্ভব্য বলিয়া প্রভীয়মান হয় যে থাত টিনবদ্ধকরার সময় তাপ সংস্রবে অথবা অস্তু প্রকারে এই বীজ — যাহাকে ডাঃ ফাঙ্ক "ভিটমাইন" নামে অভিহিত করেন, এবং যাহা উভয় রক্ষাকারী এবং আরোগ্যকারী রূপে কার্য্য করে—স্থাত্তেনেভিয়ার জাহাজের জাহাজ-বেরিবেরির কারণ হইতে পারে। বিশেষতঃ অনেক দিন ব্যাপি সমুদ্র-যাত্রায় এইরূপ থাত্তের ব্যবহার পরিহার করা যায় না। এরূপ স্থলে বেরিবেরি এবং শীতাদ-রোগ মধ্যে বিলক্ষণ সমতা দৃষ্ট হয়।

লক্ষণ-তত্ত্ব।—রোগাক্রমনের প্রকৃতি অনুসারে বেরিবেরি-রোগ ছুই প্রকারে বিভক্ত করা যায়—

- ়। অৰ্দ্ধাঙ্গীন প্ৰকার ( Paraplegic form ), এবং ২। শোথাত্মক প্ৰকার ঃ—
- ২। অর্দ্ধাঙ্গীন প্রকার ( Paraplegic form )—ইহা শুক্ষ বেরিবেরি বলিয়াও কথিত। ইহাতে ন্যুনধিক অর্দ্ধান্ধীন অবশতার সহিত স্পর্শ-জ্ঞান রাহিত্য অথবা নির্দিষ্ট পরিমাণ থকের অসাড়তা জন্মে; বিশেষতঃ তাহা নিয়াঙ্গ সন্মুথস্থ, পদের উপরিস্থ, উরুপার্শস্থ, অপিচ অসম্ভব নহে, অঙ্গুলাগ্রস্থ, অথবা দেহকাও এবং উর্দ্ধান্ধের উপরিস্থ এক অথবা হুই থক স্থানে থাকিতে পারে। রোগীর নিয়াঙ্গ পশ্চাতের আশ্চর্যা ক্রশতা এবং গ্যাষ্ট্রকনিমিয়াঙ্গ পেশীর শিথিলতা জন্মে; এবং থেহেতু পরীক্ষা কালে যদি ইহা এবং সমিহিত পেশী-নিচ্ম কিঞ্চিত কঠিন ভাবে চালনা করা যায়, বিশেষতঃ যদি অধস্থ অস্থির ভারি তাহাদিগকে চাপিত করা যায় রোগী বেদনায় চিৎকার করিয়া উঠে এবং পদ টানিয়া লইবার চেষ্টা করে। উরু-পেশী নিচম্বেরও সম দশা ঘটতে পারে, এবং করতল এবং পদতল-পেশীর, তগধঃ পেশীর এবং উর্দ্ধান্ধ-পেশীরও তদ্ধপ হইতে পারে; নিয়াঙ্গ-পশ্চাৎ-পেশীর তায় এই সকল পেশীও ক্ষম প্রাপ্ত এবং শিথিল হইতে পারে। অতি সম্ভব সঙ্গে বায়ের বসারও অপচয় ঘটে। সর্বস্থলেই বসা স্তপ অতি স্কল্পীভূত হইয়া

যায়। বিহাৎ স্রোতের প্রয়োগে অপক্ষষ্ট কার সম্পূর্ণ প্রতিক্রিয়া প্রাপ্ত হওয়া যায়। রোগাক্রমণের প্রথম সপ্তাহের পর যদি জামু-সদ্ধির প্রতিক্রিয়ার প্রচলিত পরীক্ষার প্রয়োগ করা যায় কোন প্রত্যুত্তর হয় না। সাধারণতঃ গভীর দেশের প্রতিক্রেপ ক্রিয়ার অভাব হইয়া যায়; কিন্তু পক্ষাঘাতের অবস্থাদি চরম সীমা এবং পেশীক্ষয় না ঘটিয়া থাকিলে, উপরি ভাগের প্রতিক্রেপাদি সাধারণতঃ নানাধিকর পে উপস্থিত ও সক্রিয় থাকে। কঠিনতর রোগে রোগীকে যদি জামার বোতাম লাগাইতে অথবা আলপিন কুড়াইয়া তুলিতে নিযুক্ত করা যায়, সম্ভবতঃ তাহার পক্ষে সে কার্যা কঠিন হইবে, অথবা সে পারিবেই না; পরিপৃষ্ট-নৃত্য-রোগগ্রস্ত রোগীর স্থায় সে কদর্যা রূপে কার্যা করিতে এবং হাতড়াইতে পারে।

যায়; কারণ হস্তমৃষ্টি এতাদৃশ ক্ষীণ যে রোগী অন্ন ধারণ করা এবং থাছা মুথে তুলিয়া লওয়া কঠিন বোধ করিতে পারে। হস্তের কম্পন থাকে না; এবং কথনই অক্ষি-সংস্কৃত্ত পেশীর, মুথমগুল-পেশীর, চর্কণ-পেশীর, জিহ্বার, অথবা গলনলী বা ফ্যারিংসের পক্ষাঘাতের ভাব জন্মে না, অথবা অতি কচিৎ জন্মে। যদিও অনেক সময়ে পরিপাক-বিশৃংখলা এবং আহারাস্তে চক্রাকার সংকোচক পেশীনিচয় এবং মুত্র-স্থলী সস্তোষ জনক কার্য্য করে এবং পরিপাক-যন্ত্র-পথের ক্রিয়াদিও মোটামুটি ভালই হইয়া থাকে; পীড়িত বোধ উপস্থিত হয়। রোগীর শ্যাত্যাগ এবং অমণারক্ষেপদবিক্ষেপ স্পষ্টতর নৃত্য-রোগবং হয়; কিন্তু কেবলই র্থে নৃত্য-রোগলক্ষণ প্রকাশিত হয় তাহাই নহে, কারণ, ঠিক যেরপ হস্তের পরীক্ষায় প্রকাশ পাইবে, সামঞ্জন্তীভূত ক্রিয়াশক্তির অপচয় সহ অতান্ত পেশী-দৌর্বল্যও যোগদান করে। রোগীকে শ্যায় শয়ান করাইয়া শয়া হইতে পদ উত্তোলন করিতে বলিলে, সম্ভবতঃ দে কচিৎ তাহায় উত্তোলন করিতে, তাহাকে কাটা কাটি ভাবে অবস্থিত করিতে অথবা

এক পদের উপরে অস্তু পদ রাখিতে সক্ষম হইবে। তাহার স্থম্পৃষ্টি গুল্ফ-পতন (ankle-drop) থাকার বিলক্ষণ সম্ভাবনা, কারণ সে ভ্রমণের চেষ্টাকালীন পদ অগ্রসর করিতে পদাঙ্গুলি টানিয়া লয়; তজ্জন্ত তাহাকে পদ অনেক উচেচ তুলিতে হয় এবং পুনরায় নিম্নে আনিতে ভূমির উপর থপ্ করিয়া ফেলিতে হয়। রোগী নৃত্য-রোগ, পেশী-দৌর্বল্য, অপিচ আংশিক ম্পর্শজ্ঞান লোপ প্রভৃতি রোগগ্রস্ত হওয়ায় চলিতে তাহাকে নানাবিধ কৌশলের সাহায্য গ্রহণ করিতে হয়। ম্পষ্টতঃই এই সকল রোগী পারিধেয়িক য়ায়ু-প্রদাহগ্রস্ত।

সাধারণ স্বাস্থ্য প্রায়শঃই ভাল থাকে; জিহবা এবং কোর্চ পরিষ্ণার, একরূপ নিয়মিতই বলা বায়, জর হয় না, এবং মৃত্র সম্বন্ধেও কোন ব্যতিক্রম দেখা যায় না। পরিপাক, সমীকরণ, এবং নিক্রমণাদিরও কোন দোয লক্ষিত হয় না।

হৃৎ পি ও এবং শোণিত-সঞ্চলন—অল্প দিনের অথবানাতি-কঠিন রোগে হৃৎপিও পরীক্ষা করিলে তৎক্ষণাৎ মন যোগ আরুষ্ঠ হয়। পরিদর্শনে উদ্যাত বিস্তৃত বলিয়া প্রতীয়মান হইতে পারে, আমাশয়োপরি দেশে স্পন্দন থাকে; কেরটিভ ধমনী প্রচণ্ডতাসহ দপ দপ করে; জাগুলার শিরার পরিচিত দোলায়মান গতির স্পন্দন থাকি য়া ত্রি-পত্রিক (tricuspid) কপাটের অকর্মণাতা প্রকাশিত করে। বিলাতনে অনেক সময়েই হৃৎপিও-প্রদেশের ক্ষায়ুত্রন বৃদ্ধিত বলিয়া প্রকাশ পায়, সম্ভবতঃ অত্যন্ত বৃদ্ধিত, বিশেষতঃ দক্ষিণ পায়ে; মাকর্ণনে সাধারণতঃ সংকোচনের ছন্দায়ুগামী ফুৎকার-শন্দ (bruits) শ্রুত হওয়া যাইতে পারে। স্ক্রপ্র্ট দ্বিগুণিত শন্দ, বিশেষতঃ দ্বিতীয় শন্দ পাওয়া যায়। অধিকতর স্থলেই শন্দাদি মধ্যে বিশেষ প্রকারের ব্যবধান থাকায় আকর্ণনকারী আশ্র্যাদ্বিত হইতে পারেন। ক্রেবলই শ্রবণ দ্বারা অতিকন্থে প্রথম এবং দ্বিতীয় বিরামের পৃথকত্ব নিরূপণ করা সম্ভব হইতে পারে। স্থায়িত কালবিষয়ে তাহারা সমপ্রকার বলিয়া

সম্মিত; এরপে যে নির্দোষভাবে ঝুলান পেণ্ডুলামযুক্ত ঘড়ির টিক টিক বিদের স্থায় হৃৎপিণ্ড-শব্দ সমান ব্যবধানের পরে পরে স্থিত, থারাপ ভাবে ঝুলান ঘড়ির শব্দের স্থায় দীর্ঘ এবং থর্ক নহে। অপিচ হৃৎপিণ্ড অতীব উত্তেজনাপ্রবণ থাকে এবং পরিশ্রমে সহজেই ক্রুততর স্পন্দনযুক্ত হয়। অতএব বিবেচিত হইবে যে পারিধেয়িক স্নায়ু-প্রদাহ ব্যতীতও সঙ্গে শোণিত সঞ্চলন-যন্ত্র-মণ্ডলের সাংঘাতিক রোগ, বিশেষতঃ স্নায়বিক বিস্তৃতির বিশৃংখলা, দক্ষিণ হৃৎপিণ্ডের প্রসারণ এবং ধমনীর আততাবস্থার। শিথিলতা উপস্থিত থাকে।

এই সকল চিহ্ন এবং লক্ষণাদির পরিমাণ সময়ে সময়ে একই রোগীতে পরিবর্ত্তনশীল হয় এবং ভিন্ন ভিন্ন রোগীতে ভিন্ন ভিন্ন পরিমাণে থাকে।

২। শোথ-সংস্ট রোগ (Dropsical cases)—ইহা সিজ বেরিবেরি বলিয়াও কথিত। বহিদিষ্টিতে ইহা সম্পূর্ণই পৃথক রোগ বলিয়া অয়মিত হইবে। রোগী ঠেকনার অবলম্বনে শ্যায় উপবেশন করে। পূর্ব্ব বর্ণিত শীর্ণ এবং ক্ষয়প্রাপ্ত রোগীর পরিবর্ত্তে বর্ত্তমান রোগী ক্ষীত এবং গুরু; সম্ভবতঃ তাহার ওঠ সামাস্ত নীলাভ; এবং উদ্ধান্ধ, কর, দেহের কাগুভাগ, নিয়ান্ধ, এবং পদ জল-শোথে ফ্রীও। জল-ফ্রীতি নিবন্ধন রোগতরুণ বৃক্তক-প্রদাহ বলিয়া বিবেচিত হইতে পারে; কিন্তু ইহার অত্যন্ন, ঘোর বর্ণের মূত্রের পরীক্ষায় উচ্চতর আপেক্ষিক গুরুত্ব এবং খেত-লালা অথবা তাহার চিত্র মাত্রেরও অভাব থাকায় প্রকাশ পাইবে যে রোগু কুমুন্তই তর্কণবৃক্তক-প্রদাহ (Bright's disease) হইতে পারে না। যত্নের সহিত পরিদর্শনে প্রকাশ পাইবে যে বৃক্তক-প্রদাহের জল-ফ্রীতি অপেক্ষা এই জল-ফ্রীতি কিঞ্চিত কঠিনতর, এবং অধিকাংশ স্থলেই ইহা অপ্ত-কোষ আক্রমণ করে না। কথন কথন এক্রপ রোগ দেখা যায় যাহাতে জল-শোথ নির্দ্ধিষ্ট স্থানে বিশেষভাবে আবদ্ধ এবং ক্ষণস্থায়ী। হৃৎপিপ্তের প্রতি মনযোগ প্রদানে ঠিক প্রথম প্রকারের রোগের স্বায়

হৎপ্রসারণের ফুৎকার শব্দ (bruit) এবং অক্সান্ত প্রমাণ এবং ধমনী মগুলের শিথিলতা প্রাপ্ত হওয়া যায়। ফুসফুস-পরীক্ষায় এক অথবা তুই পার্শ্বের, সম্ভবতঃ পরিমাণে অধিক না হইলেও, বারিবক্ষের ( hydrothorax ) চিহ্ন পাওয়া যাইতে পারে অথবা নাও পারে, ফুসফুসে কোন রোগ দেখা যায় না। আংশিকরূপে হাঁপাইয়া যায় বলিয়া. আংশিক রূপে জল-শোথ নিবন্ধন নিয়াঙ্গের চালনার প্রাকৃতিক বাধা প্রযুক্ত, হইতে পারে আংশিকরূপে কিঞ্চিৎ পরিমাণ পক্ষাঘাতের ভাব জন্মও রোগীকে শ্যাত্যাগ করাইলে দেখা যাইবে সে ক্ষচিৎ চলিতে পারে। সম্ভবতঃ গুলফ-পক্ষাথাত বা পতন (ankle-drop) থাকে; এবং জল-শোথ ভেদ করিয়া দুঢ়রূপে পশ্চাৎ-পেশীস্তপ (calf) চাপিত করিলে পেশীর অতি বোধাধিক্যের চিহ্ন প্রকাশিত হইতে অথবা না হইতেও পারে। সম্ভবতঃ জামু-সন্ধির ঝাঁকির (knee-jerk) অভাব থাকে, এবং জ্বলা-সন্মুখ (shin) এবং অঙ্গুলাগ্রের অসাড়তা জন্মে। জিহ্বা পরিষার এবং ক্ষ্যা একরূপ ভাল থাকে, জর থাকে না। কিন্তু রোগী হৃৎ প্রদেশে কষ্ট, এমন কি বেদনাও প্রকাশ করিতে পারে, এবং পূর্ণ ভোজনে ইহার ব্রদ্ধি হয় বলিয়া রোগী স্বলাহার করে। মূত্রের পরিমাণ সাধারণতঃ অত্যস্ত হ্রাস প্রাপ্ত হয়—এমন কি সামান্ত কতিপয় আউনসে নামিতে পারে।

আমরা এন্থলে যে রোগ-লক্ষণের বিষয় উল্লেখিত করিলাম তাহা হইতে ত্রুতির ইহাতেও পূর্ববর্ণিত রোগেরই পারিধেয়িক-স্নায়ু-প্রদাহ এবং লংপ্রসারণের সমচিফ্রাদি বর্ত্তমান থাকে। অপিচ ইহার সহিত কিঞ্চিত দৃঢ় জল-শোথ দেখা দেয়; এই জল-শোথ সম্পূর্ণ ই হুৎপিণ্ড ঘটিত নহে, কিন্তু, ইহার প্রকৃতি এবং যেরপ অবস্থাদিতে ইহা প্রকাশিত হয় তাহাতে অন্তু-মান করা যাইতে পারে যে ইহা সম্ভবতঃ আংশিক রূপে মৃত্ত-নিঃসরণ-নিয়ানক স্নায়রিক অপায়, এবং আংশিক রূপে যোজ কোপাদানের নিঃসরণ এবং শোষ্ণ ক্রিয়া ঘটিত আদান-প্রদান সহ সম্বন্ধযুক্ত।

মিশ্রিত পক্ষাঘাতিক এবং জল-শোথ সংস্ফী রোগ—
অন্ত এক প্রকার রোগ, দেখিলেই উপরিউক্ত প্রধান হইপ্রকারের মিশ্রণ
ঘটিত বলিয়া প্রতীর্ক্ষান হয়। সাধারণতঃ কিঞ্চিৎ দৃঢ় জল-ক্ষীতি থাকে;
তাহা বিশেষ করিয়া নিয়াঙ্গ-সমুথ এবং পদ, দেহ-পার্থ (trunk) সন্নিহিত
প্রদেশ, ত্রিকান্থি (sacrum) প্রদেশ, এবং সাধারণতঃই বৃকান্থি এবং
গ্রীবা-মূলের উপরিদেশে সংঘটিত হয়। নিয়াঙ্গ-সমুথে অসাড়তা, এবং
কিঞ্চিৎ নৃত্য-রোগ-লক্ষণ, অপিচ পেশীর দৌর্কলা এবং বোধাধিকা থাকে—
বিশ্বেষ করিয়া জজ্বা এবং উক্ত-পেশীতে সংঘটিত হয়। জামু-সন্ধির ঝাঁকি
অমুপস্থিত থাকে, সন্তবতঃ হুৎপিণ্ডের ফুৎকার বৎশব্দ (bruit) এবং
পুনর্দিগুণিত শব্দ (reduplication of sounds), এবং হুৎপিণ্ড-প্রসারণের
চিহ্লাদি এবং শিথিল ধমনীর আততাবস্থা উপস্থিত হয়। উপরে যেরূপ
অন্ত হুই প্রকার রোগ বর্ণনায় কথিত হইয়াছে, সাধারণ স্বাস্থা অবিকল
সেইরূপই অবিচলিত, জিহ্বা পরিদ্ধার এবং মূত্র যদিও অতাল্প কিন্তু অন্তান্থ

লক্ষণাদির পরিমাণ এবং মিশ্রেণ ভেদেরোগ বহু প্রকার

কান চিকিৎসালয়ের রোগী-গৃহে প্রবেশ করিলে ইহার অনেক রোগী
একত্র দৃষ্টিগোচর হয়; তাহারা সমরোগাক্রাস্ত হইলেও সকলেরই রোগ সম
পরিমাণ নহে। কোন কোন রোগীর রোগ এতই সামান্ত যে অনায়াসে
চলিয়া বেড়াইতে পারে; এবং কেহ কেহ এতই কঠিন রূপে কুট্রনের কি
কাইথগুবং শ্যায় পড়িয়া থাকে, একটি অঙ্গের, অথবা হইতে পারে, এমন
কি একটি অঙ্গুলিরও চালনা করিতে পারে না। কোন কোন রোগী পৃষ্টিহানিবশতঃ কন্ধালাবশিষ্ট হয়; অন্তান্ত, জল-শোথে ক্রীত হইয়া পড়ে; কোন
রোগীর মাত্র পেশীর ক্ষয় ঢাকিবার উপযুক্ত পরিমাণ জল-শোথ উপন্থিত
হয়। বদিও করোটির সপ্তম সায়ুর্গোর উর্দ্ধন্ত সায়ুরন্দ অতি কচিৎ আক্রান্ত
হয়, তথাপি কোন কোন স্থলে স্বর-যন্ত্র-পেশীর পক্ষাঘাত ঘটে, রোগী তাহাতে

ফুস্ফুস্ কথার উচ্চে স্বর উঠাইতে অথবা প্রবল শব্দে কাসিতে পারে না। কচিৎ কথন ঔদরিক এবং বিটপদেশীয় পেশীর এতাদৃশ গভীর পক্ষাঘাত হইতে পারে যে রোগী কাসিতে চেষ্টা করিলে, বড় বেশি হইলেও একটি হসহস গলাভাঙ্গাপ্রশ্বাস উৎপন্ন হয়, সঙ্গে সম্প্র্যুথ পেট ফুলিয়া উঠে এবং হঠাৎ প্রশ্বাসের পেশীর সংকোচনে বিটপদেশ (perineum) সবলে নিমাভিমুথে নিক্ষিপ্ত হয়। কার্য্যুক্তঃ সর্বস্থলেই এক পক্ষের অধিককাল স্থায়া রোগে জাকু-সন্ধির আঁকি (Knee-jerk) এবং টেণ্ডো-একিলিসের প্রতিক্ষেপ (tendo-Achilles reglex) অকুপস্থিত থাকে; রোগের প্রথম আরস্তেই এই সকল গভীর প্রতিক্ষেপ ক্রিয়ার (reflexes) আধিক্য হয়, এবং লক্ষণাদির উৎপত্তির সঙ্গে সঙ্গের আর্মান্ত হয়, বেগলিও, অনেক দিন পুনরাবর্ত্তন করে না।

ডাঃ হামিণ্টন রাইট বেরি বেরি রোগের কারণ বলিয়া বিশেষ একরূপ অন্তুদগুক বীজাণুর উল্লেখ করেন; তদিবয়ে চিকিৎসকমগুলীর মতামত যাহাই হউক, তদনুসারে তিনি যে রোগ তালিকাকারে শ্রেণিবদ্ধ করিয়াছেন ক্রয়েং শীক্ষার্থীর পক্ষে শীক্ষাপ্রদ এবং রোগচিকিৎসা বিষয়েও সাহায্যকারী বলিয়া আমরা নিমে উদ্ধৃত করিলাম :—

	(	<b>স</b> ংপিওসংস্প্র	)	
		গতিদ		
তক্বণ	{	অনুভূতি-গতিদ	}	বেরিবেরি।
		অথবা	1	
	l	রক্ত-বহা-যন্ত্র-গতিদ	J	

স্থংপিগুসংস্ফ গতিদ
অবশিষ্ট · · · পক্ষাঘাত।
অথবা
যক্ত-বহা-বন্ত্ৰ-গতিদ

পাঠক সম্ভবতঃ আশ্চর্য্যাঘিত হইবেন যে উপব্লিউক্ত তালিকায় জল-শোথের নামমাত্রও উল্লেখিত নাই। ফলতঃ ডাঃ ব্রাইটের মতে অনুদপ্তক-বীদ্ধাণু ঘটত অন্ত্র-প্রদাহের নির্দ্ধিন্ত গতি অনুসরণে বিষঘটিত স্নায়ু-প্রদাহ জন্মে। ইহা ডিফথিরিয়া সহ তুলনীয়। আমাদিগের অনুমান যে ডাঃ ব্রাইটের মতে জল-শোথ একটি গৌণ এবং আকস্মিক লক্ষণ, মূল-রোগ সহ কার্য্যকারণ সম্বন্ধ রহিত।

রোগ-নির্বাচন।—সাধারণতঃ বেরিবেরির নির্বাচন তাদৃশ কঠিন নহে। গুজাকার পারিধেয়িক সায়্বপাছ দেশব্যাপক আকারে, অথবা পূর্ব্বে কথন রোগ হইয়াছে এরপ কোন স্থান অথবা জাহাজে সংঘটিত হইলে সাধারণতঃ বেরিবেরি বলিয়া গ্রহণ করা যাইতে পারে। অব্যাপক রোগের নির্বাচন কঠিন হইতে পারে, বিশেষতঃ বদি স্থরা-সার বিযাক্তবা, ম্যালেরিয়া, অথবা আর্সেনিকের অতিরিক্ত সেবনের বিবরণ থাকে। সাক্ষাং অথবা গত কালে জল-শোথের উপস্থিতি, বিশেষতঃ নিমান্ধ সম্মুথের জল-ক্ষীতি, এবং ক্রনেশা অবিং হৃৎপিগু-আক্রমণের অক্তান্ত প্রমাণ বেরিবেরি রোগের জ্ঞাপক। ইহা স্মরনীয় যে সামান্তাকার বেরিবেরি বিযাক্তবার প্রমাণ স্বরূপ কেবল জন্ত্বান্থি-সম্মুথস্থ স্বক স্থানের স্বন্ধতর স্পর্শ জ্ঞান রাহিত্য এবং অল্পমাত্রও জল-ক্ষীতি, জন্ত্বা-পশ্চাৎ পেনীর (calf) সামান্ত বোধাধিক্য, এবং সম্ভবতঃ, জায়ু-ঝাঁকির (Knee-jerks) হুর্ম্বলতা অথবা অনুপস্থিতি প্রভৃতি লক্ষণ বর্ত্তমান থাকিতে পারে। উষ্ণপ্রধান দেশে প্রকৃত

রস-বাত রোগ অতি বিরল। কিন্তু তদ্দেশবাসীগণ যদি জজ্বার রস-বাতের বেঁদনা জন্ত কষ্ট প্রকাশ করে, সর্ব্ধ স্থলেই রোগের বিষয় যত্ন পূর্বক অন্থসন্ধান করা, জান্থ-ঝাঁকির পরীক্ষা করা, এবং জজ্বাপশ্চাৎ পূর্বক অন্থসন্ধান করা, জান্থ-ঝাঁকির পরীক্ষা করা, এবং জজ্বাপশ্চাৎ পূর্বক অন্থসন্ধান করা আবগ্রক। এই সকল চিহ্ন, যাহাদিগকে মৌলিক বেরিবেরি বলিয়া বর্ণনা করা যাইতে পারে, কোন আক্মিক মৃত্যু না হওয়া পর্যান্ত যাহাদিগের তাৎপর্য্য উপেক্ষিত হয়, এক্ষণে চিকিৎসকের মনযোগ আকর্ষণ করে; কিন্তু পূর্ব্বে রোগের পরিচয় হইলে রোগীকে মৃত্যু হইতে রক্ষা করা যাইতে পারিত। একারণ গ্রীক্ষপ্রধান দেশবাসীদিগের সকল প্রকার পক্ষাঘাতিক রোগ, সকল প্রকার জল-ক্ষীতি, সকল প্রকার হৎ-কম্পরোগ, এবং সকল প্রকার রস-বাত রোগ সদৃশ বেদনাই সম্ভাবিত বেরিবেরি বলিয়া সন্দেহ এবং পূজারুপুজ্ঞা পরীক্ষার আবগ্রক।

বোগ-নির্বাচনের ভ্রান্তি—গ্রীয়প্রধান দেশের রোগাদি বিষয়ে বিশেষ শিক্ষা, আলোচনা এবং বহুদর্শিতা ব্যতীত এবস্থিধ রোগের অভ্রাস্ত পরিচয় স্থদ্রপরাহত। এমতে নব্য চিকিৎসকগণের বেরিবেরি রোগকে হুৎপিগু-রোগ, কশেরুক মাজ্জার ক্ষয়, পেশী-রস-বাত, ক্রমবর্দ্ধিয়ু উর্দ্ধগামী মেরুস্তস্ত-পক্ষাঘাত এবং পেশী-ক্ষয়-রোগ বলিয়া গ্রহণ করা বিরল ঘটনা নহে। অপিচ উপরি উক্ত বেরিবেরি রোগের লক্ষণাদি ইইনিন্দে দারা অনেক সময়েই মালেরিয়ায় আরোপিত হইয়া থাকে, এবং ম্যালেরিয়াল পক্ষাঘাত অথবা মাালেরিয়া ঘটত স্লায়ু-প্রদাহ বিলয়া সংজ্ঞাপ্রাপ্ত হয়।

এবস্থিধ রোগের রক্ত-পরীক্ষায় সম্ভবতঃ কিয়দংশ স্থলে অণুবীক্ষণ যন্ত্র গ্রাহ্ম ফাইলেরিয়া আবিষ্ণত হওয়ায় ভ্রান্তিবশতঃ রোগ ফাইলেরিয়াসিসের প্রকার ভেদ বলিয়া গৃহীত হইতে পারে; এরপাবস্থায় কি প্রকারে ফাইলে-রিয়া বর্ত্তমান লক্ষণাদি উৎপন্ন করিতে পারে, নব্য চিকিৎসকগণ অজ্ঞতাবশতঃ ভিষিয়েও ভ্রাস্ত মতের অবতারণা করিতে পারেন। এইরূপেই বিষ্ঠার অব্বীক্ষণ পরীক্ষার, অতি সাধারণ ঘটনা স্বরূপ-শত্করা ৫০ স্থলে, কোন কোন দেশে—শতকরা ১০০ স্থলেই এফিলপ্টমাম ডুরোডিনেলের (Ankylc-stomum duodenale), এবং সম্ভবতঃ, ট্রাইককেফালাস ডিপ্সারেরও (Trichocephalus dispar) অও দেখা যাইতে পারে। এই প্রমাণের উপরি নির্ভর করিয়া নব্যচিকিৎসকগণের পক্ষে রোগকে এফিলপ্টমিয়াসিদ্ বা রক্ত শোষক ছাদশাঙ্গুলান্ত কুমিরোগ বলিয়া ভ্রাপ্ত হওয়াও আশ্চর্যোর বিষ্ণা নহে। ফলতঃ এই সকল স্থলে চিকিৎসকগণের হঠাৎ কোন রোগ-নির্বাচনে উপনীত না হওয়াই উচিত। যেহেতু এই সকল পরান্নভোজীর অমুসন্ধান করিলে চিকিৎসালয়ের রোগীর, ত্রহির্দ্দেশস্থ জনগণের এবং পীড়িতের ও স্থন্থের বিষ্ঠায় ইহাদিগের বর্ত্তমানতা অথবা অভাব প্রকাশিত হইয়া তদনুসারে রোগ পরিচয়ের মীমাংসা অবশুস্তাবী বলিয়া গ্রহণ করা যায়।

ভাবীফল।—হৎপিণ্ডের প্রসারণ প্রবণতাই বেরিবেরি-রোগের গভীরতর আশংকার বিষয়; ইহা সর্বাদার জন্ম দৃষ্টিপথে রাখা এবং চিকিৎসার প্রধান লক্ষ্য বলিয়া গ্রহণ করা উচিত। অনেক সময়ে ইহার ক্রত গতিতে উপস্থিতি এবং ক্রত মৃত্যুর সংঘটন দেথিয়া আশ্চর্যান্বিত হইতে হয়। কখন মুদ্রুণ, অর্থাৎ হৃৎপিণ্ডের ক্ষণিক অকর্ম্মণাতা, অপিচ কিঞ্চিৎ ধীর ক্রিয়াপ্রকরণে বন্ধিত অতিহৃৎপ্রসারণ হইতে সংঘটিত আক্রিক মুর্ত্যু, এই সকল রোগাক্রান্ত ব্যক্তিদিগের মধ্যে সর্বাদাই দেখিতে পাওয়া যায়। এজন্ম দৃষ্টতঃ অতি সহজ রোগেও, অথবা যে পর্যান্ত রোগী রোগের কারণীভূত অবস্থাদি মধ্যে বাস করে, অথবা যে পর্যান্ত স্নায়্-প্রদাহ প্রবলতর থাকে, নিশ্চিত শুভ পরিণামের আশাপ্রদান কথনই উচিত নহে।

গুরুতর হাৎপিও আক্রমণের লক্ষণাদি, <sup>বেমন স্পান</sup>নযুক্ত গ্রীবা-শিরা, আকর্ণনে ব্যবধান কালাদির সমতার অমুভূতি, হুৎপিও- বিবৃদ্ধি, বিশেষতঃ দক্ষিণাভিমুখীন, আমাশয় দেশোপরি স্পন্দন, ক্রত ক্ষীণ নাড়ী, স্ফীত আমাশয়, অঙ্গাদির শীতলতা, শারীরিক নীলিমা, খাস-ক্রচ্ছু, এবং ছংপিণ্ড-শক্তি এবং মণিবন্ধ স্পন্দন মধ্যে পরিমাণামুপাতের বিশৃংথলা প্রভৃতি বিপদ-প্রকাশক। বক্ষোদর ভেদক পেশী বা ডায়াফ্রাম এবং পশুকা মধা পেশীর পক্ষাঘাত, বিস্তৃত রক্তামুক্ষরণ, এবং অত্যন্ন মূত্র-স্রাব প্রভৃতিও অমঙ্গলের চিহ্ন।

বমন—কাহারই পক্ষে বলা সহজ নহে কোন সময়ে অথবা কি প্রকারে নিউম-গ্যাম্বীক এবং অন্তান্ত হংপিও স্নায়্র আক্রমণ ঘটিবে, কিন্তু বেরিবেরির পক্ষে বামন সক্ষিত্রলোই একটি কদর্ষ্য এবং ভাষাবাহ লক্ষ্মনা; সন্তবতঃ ইহা নিউম-গ্যাষ্ট্রিক স্নায়্র আক্রমণ প্রকাশিত করে। জাগানের চিকিংসকগণ ইহাকে সাংঘাতিক লক্ষণ বলিয়া বিবেচনা করেন। স্পান্ততার আমাশাস্থিক প্রসার্ভাও সমান গুরুজ্বের প্রকাশক।

রোগীকে বেরিবেরি উৎপরকারী পথা ত্যাগ করাইলে, এবং হৃৎপেশীর অথবা হৃৎপিগু অথবা ধাস-প্রধাস সংস্কৃত্ত স্নায়ু গুরুতররূপে আক্রান্ত হওরার পূর্ব্বে রোগাক্রমণের স্থান হইতে স্বাস্থ্যকর এবং বেরিবেরিহীন দেশে স্থানান্তরিত করিলে পরিণামের উন্নতি করা যায়।

ইহার মৃত্যুসংখ্যার তারতম্য দেখা যায়। নোটের উপরে ক্ষয়কর বা শুক্ষ প্রকারের রোগাপেক্ষা জলশোথ যুক্ত অথবা সিক্ত প্রকারের রোগে মৃত্যু সংখ্যা অধিকতর। অপিচ পুরাতনাপেক্ষা তরুণরোগেই অধিকতর মৃত্যু সংঘটিত হয়।

বেরিবেরি-রোগে আংশিক পক্ষাঘাত এবং ইচ্ছাত্মগ পেশীর ক্ষয়, যোজকোপাদানের জল-শোথ, এবং রক্তাযুর ক্ষরণ, সাধারণতঃ জীবন সম্বন্ধে তাদৃশ গুরুতর বলিয়া বিবেচিত হয় না। কিন্তু হৃৎপিণ্ড এবং শ্বাসযন্ত্র-পেশীর আংশিক পক্ষাঘাত এবং অপকৃষ্টতা দ্বারা রোগী গুরুতরক্ষপে আক্রান্ত হইলে বিষয় স্বতন্ত্রভাব ধারণ করে।

প্রায় সর্কাপ্রকার বেরিবেরি-রোগেই হৃৎপিওবিকার জন্মে এবং
নিঃসন্দেহই তাহা নিউমগান্ট্রিক রান্ এবং হৃৎপিও-স্নান্-জালের আক্রমণ
হইতে সংঘটিত হয়। কোন কোন স্থলে হৃৎপিও-স্নান্-জালের আক্রমণ
আক্রমণ হয়, কিন্তু অভান্ত স্থলে এতাদৃশ অধিক যে হৃদ্দৌর্কলা মৃত্যু
আনুম্মন করে। ফলতঃ নানাবিধ অবস্থার সংযোগের ফল স্বরূপ হৃৎপিও
প্রসারণ এবং রক্ত-বহা-নাড়ীর গতিদ স্নায়ুর পক্ষাঘাত বশতঃ স্বাস-রোধ
মৃত্যুর সাক্ষাৎ কারণ বলিয়া গণ্য।

আনুসঙ্গিক চিকিৎসা। —পূর্ব্বে যেরূপ কথিত হইয়াছে, বেরিবেরি-রোগের চিকিৎসায় সর্কাণেক্ষা গুরুতর এবং প্রথম কর্ত্তরই উপযুক্ত পথ্যের বাবস্থা; পথা হইতে তণ্ডুল, বিশেষতঃ গুলু তণ্ডুল-বর্জ্জন, এবং ভাহার পরিবর্ত্তে শিন, বরবটি, নটর, কলাই, গোধুমের নয়না (সম্পূর্ব বিজ কোষ রহিত নহে), ভাগবা জইচুর্ণ ইত্যাদি যবক্ষারজানময় পদার্থ স্থলাভিষিক্ত করিতে হইবে। অপিচ বেরিবেরি-রোগ কোন প্রকার অজ্ঞাত বাজের উপরি নিভর করে কিনা তদ্বিয়ের এপর্যান্তও আমরা যথন অজ্ঞ, নন্তব হইলে রোগীকে রোগ-স্থান হইতে কোন দূরবর্ত্তী শুদ্ধ দেশে স্থানান্তবিত করা উচিত। রোগীর স্থনিদ্রাণ জঠি কোন রৌদ্র যুক্ত এবং নির্নাধ বায়ু বাহিত উপর তলের গৃহ বাবস্থেয়। রোগী উপযুক্ত বস্ত্রে দেই আয়ুত রাখিবে এবং ভাহার থাল্ল পুষ্টিকর, কিন্তু গুরুপাক হইবে না, এবং ভাহাতে ব্রেপ্ট পরিমাণ যবক্ষার জান এবং বসা ময় পদার্থ থাকিবে। অল্পবিধ থাল্ল সম্বন্ধে যাহাই হউক, তণ্ডুল অতীব নিক্কন্ত থাল্ল বলিয়া পরিচিত; ইহার পুষ্টিরক্ষোপ্রোগী আবশ্রকীয় পরিমাণ অতীব স্থহং। বসা সংযুক্ত মাংস উৎক্রণ্ঠ পথা। মৎস,

হ্রগ্ধ এবং অগু উপকারী। মত্তের গাঁজলা আরোগ্যকর বলিয়া কথিত; এবং নানাবিধ প্রকারে থাতোপযোগী রূপে প্রস্তুত চাউলের ছাঁটনি নিঃসন্দিশ্ব-রূপে রোগাপনমনে সাহায্য কারী। রোগের অতি বর্দ্ধিত অবস্থায়, বিশেষতঃ হৃৎপিণ্ড আক্রমণের চিহ্লাদি প্রকাশিত হইলে, রোগীকোন কারণেই শ্যা ত্যাগ করিবেনা। কিন্তু মূত্তুর রোগে দিবসের অধিকাংশ সময় রোগী মুক্ত বায়ু সেবন করিবে। প্রবল এবং তরুণ রোগে সাংঘাতিকরূপে আক্রাস্ত রোগীদিগের রক্তবহা-নাড়ী এবং হৃৎপিণ্ডের রক্তের হ্রাস করণার্থ পানীয় জলের পরিমাণ স্ক্রতর করা উচিত, অপিচ অত্যাবশ্রকীয় স্থলে লবণ-বিরেচকের ব্যবহারও পরিহার্য্য নহে।

প্রবলতর হৃৎপিণ্ড-কষ্ট উপস্থিত হইলে যে পর্যান্ত তাহার শান্তিবিধান না হয়—তিন, চারি, অথবা পাঁচ বিন্দু মাত্রায় নাইট্রিসারিনের শত কর। এক দ্রবের প্রয়োগ করিবে। হঠাৎ হৃৎপিণ্ড-আক্রমণ ঘটিলে নাইট্রিসারি-শের ক্রিয়া না হওয়া পর্যান্ত নাইট্রেট অব এমিলের প্রয়োগ করিবে। এই সুইটি ঔষধের প্রয়োগ বিষয়ে রোগীর শুশ্রমাকারী দিগকে উপদিষ্ট রাখা উচিত, যেহেতু তাহাদিগের তৎক্ষণাৎ ঔষধের প্রয়োগের উপরে, এমন কি রোগীর জীবন রক্ষা পর্যান্ত নির্ভর করিতে পারে। অনেক সময়ে উপযুক্ত কাল মধ্যে চিকিৎসক সংগ্রহ হয় না। হৃৎপিণ্ডের প্রসারণ এবং পতনাবস্থার শীঘ্র বিরতি না ঘাচনে, ক্রক-মোকণই জীবন রক্ষার এক মাত্র উপায়, তাহা হস্ত-শিরা, আবশ্রকীয় স্থলে, এমন কি জাগুলার শিরা হইতেও করা যাইতে পারে। সাধারণতঃ দশ আউন্স রক্তের মোক্ষণে কার্য্য হইতে পারে। আবশ্রকীয় স্থলে ইহা একাধিক বার অবলম্বনীয়। বক্ষ-ক্রদক এবং হৃদ্বেষ্ট-থলিতে শোথের বর্ত্তমানতার অনুসন্ধান করিয়া তন্তারা শ্বাসকষ্ট এবং হৃৎ-পীড়ার উপস্থিতি বিবেচিত হইলে এম্পিরেসন দ্বারা রক্তাম্বু বাহির করা উচিত।

রোগোৎপত্তির স্থান এবং শুল্র তণ্ডুল পরিত্যাগ করিলে রোগা-রোগ্যের বিশেষ সম্ভাবনা হয়, অন্তথাচরণে মৃত্যু অবশুস্তাবীও বলা যাইতে পারে।

পক্ষাঘাতিক এবং ক্ষয়োৎপাদক রোগে পেশীর বোধাধিক্যের অন্তর্জান হুইলে ফ্যারাডের বৈছ্যতিক স্রোত এবং মর্দ্দনের (massage) ব্যবহার করিবে।

সমুদ্রতীরে বাস অথবা সমুদ্র-যাত্র। ইহার পক্ষে অত্যুপকারী।

## এক চত্রারিংশ পরিচ্ছেদ।

পারিধেয়িক পক্ষাঘাত। ( PARIPHERAL PARALYSIS. )

লেক্চার ২৯৫ (LECTURE CCLXXXXV.)
বিহিঃপ্রদারী স্নায়ুর আভিযাতিক পক্ষাঘাত বা টুমেটিক
প্যারালিসিদ অব পেরিফিরাল নার্ভস্।
(TRAUMATIC PARALYSIS OF PERI-

PHERAL NERVES.)

বিবরণ।—সায়্কাণ্ডের সম্পূর্ণ বিচ্ছিয়ত। সাধারণতঃ নির্দিষ্ট কতিপয় পরিবর্ত্তন সংঘটিত করে। সায়্-নীমাদির পরম্পর মধ্যে বিচ্ছেদ-প্রবণতা জন্মে, এবং উভয় পরিধি এবং কেন্দ্রাভিমুথে তাহারা ভাগ হইয়া য়য়। সাধারণতঃ পৃথগ্ভূত সীমাদি সংযোজিত হয় না। কেন্দ্রাভিমুখীন সীমার পরিবর্ত্তনে তাস্তবোপাদানের অপকৃষ্টতা সহ প্রজনন, এবং সম্ভবতঃ ছিলাগ্রে অর্ব্দুদ্ধে দেয়। এই প্রক্রিয়া কচিৎ কেন্দ্রাভিমুথে অনিক্ দ্ব গমন করে। বহিঃপ্রসারী সীমার বিচ্ছিল্ল স্থান হইতে প্রথম শাখা-বিভাগ পর্যান্ত অপকৃষ্টতা-প্রবণতা প্রকাশিত হয়। যদি কোন সায়ৢয় আংশিক বিচ্ছেদ ঘটে অথবা তাহার অবিচ্ছিল্ল গতির আংশিক হানি জন্মে, তাহাতে কেবল সায়ুন্মজ্জার ক্ষতি সাধিত হয়, এরূপ ক্ষেত্রে তাহা দ্বিত আরোগ্য লাভ করে; অথবা সায়ুর অক্ষ-স্তম্ভও (অভ্যন্তরন্ত) আক্রান্ত হইতে পারে। ক্ষতের স্থান হইতে আরম্ভ করিয়া পরের সম্পূর্ণ বহিঃপ্রসারী সীমারই অপকৃষ্টতা জন্মে।

সায়ুর অবিচিছ্মতার অধিকতর ভেদ ঘটিলে, তহুৎপন্ন পরিবর্ত্তনও অধিকতর, এবং রোগও স্বল্পতর আশাপ্রদ হয়। পরে পেশীর অপকৃষ্টতা এবং নানাবিধ অবশুস্তাবী লক্ষণ এবং অবস্থাদি, এবং, অবশুই স্নায়ু-প্রদাহ উপস্থিত হইতে পারে। চাপ কর্তৃক ক্ষতি ইইলে, সাধারণতঃ শীঘ্র আরোগ্য হয়। স্নায়ু দ্বিপত্ত হইরা থাকিলে আরোগ্য অতীব ধীর গতি হইবে অথবা ক্ষত বন্ধ করিবার সময় সামাদি সেলাই করিয়া না দিলে কখনই হইবে না। রোগীর তেজঃ এবং জীবনি শক্তির অনুপাতানুসারে পূনকৃৎপাদনের শীঘ্রতা জন্মে।

অতি সামান্ত ক্ষতি হইলে অনেক সময়েই বৈত্যাতিক প্রতি ক্রিয়ার কোন পরিবর্ত্তন হয় না। অধিকতর কঠিন স্থলে প্রথম তুই অথবা তিন দিবস গ্যান্ভ্যানিক অথবা ফ্যারাডিক স্রোতের মধ্যে অন্ততরের বর্দ্ধিত উত্তেজনা-প্রবণতা জন্মে। তাহার পরে ইহা হ্রাস পাইতে থাকে এবং নৃত্যাধিক তুই সপ্তাই মধ্যে অন্তর্জান করে। পরে অপক্ষষ্টতার প্রতিক্রিয়া সহ গ্যাল্ভ্যানিক উত্তেজনা প্রবণতার বৃদ্ধি হয়, কিন্তু ফ্যারাডিক স্রোতে পেশী-প্রতিক্রিয়ার অভাব থাকিয়া যায়। যদি স্নায়বিক পুনুক্তপাদন সংঘটিত না হয়, গ্যাল্ভ্যানিক প্রতিক্রিয়ার পুনঃ হ্রাস প্রাপ্তি ঘটে।

লক্ষণ-তত্ত্ব ।— লক্ষণাদি ক্ষতির (injury) গুরুষ, ক্রিয়া এবং ক্ষত স্নায়্র বিস্থৃতির উপরে নির্ভির করিয়া থাকে। বিশেষ স্নায়্ অপেক্ষা মিপ্রিত স্নায়্তে অধিকতর সময়ে ক্ষতি সংঘটিত হয়। ক্ষত স্থানের পরের নায়্ত্র সকল পেশীতে প্রসারিত হয়, তাহাতে যদি অন্ত কোন অক্ষত গতিদ স্নায়্ত্রের প্রসারণ না থাকে, তাহাদিগের সকলেরই ন্নাধিক সম্পূর্ণ শিথিল পক্ষাঘাত জন্মে, সঙ্গে কণ্ডার প্রতি ক্রিয়ার অভাব এবং পরে পক্ষাঘাত যুক্ত পেশীর ক্ষয় সংঘটিত হয়।

অমুভূতিদ স্নায়্ এতাদৃশ বিস্তৃতক্রপে মিশ্রিত (anastomoses)
যে অনেক সময়ে স্বাভাবিক স্পর্শজ্ঞান অক্ষুগ্ন থাকে, অথবা মাত্র

কুদ্র কুদ্র দেশের নানাধিক স্পর্শজ্ঞানাভাব জ্বন্মে, অথবা সম্পূর্ণ আক্রান্ত দেশের অসম্পূর্ণ চৈতন্তাভাব ঘটে। সুস্পষ্ট অথবা বিস্তৃত চৈতন্তাভাব হইলে, সম্পূর্ণ প্রায়-জাল, অথবা হই অথবা অধিকতর প্রায়-কাণ্ডের ক্ষতি প্রকাশিত হয়। সম্ভবতঃ আক্রান্ত দেশের তাপ এবং লোহিত বর্ণের কিঞ্চিৎ বৃদ্ধির সহিত পরে বর্ণের অপচয় এবং তাপের হ্রাস সইয়া যায়। অনেক সময়েই শোথ দেখা দেয়। পোষণ বিভ্রাট বশতঃ ত্বক, অস্থি, নথ এবং হগধঃ উপাদানাদির এবং অনেক সময়ে সঙ্গে পেশীরও পোষণ শক্তির অভাব প্রকাশিত হয়। পেশীর গৌণ-সংকৃচিতভাব (contracture) থাকিতে পারে।

রোগ-নির্বাচন।— সদ্ধির ক্ষতি অথবা অন্থ-ভঙ্গের ফল স্বরূপ প্রকাষত, যাহাতে স্নায় অক্ষত থাকে, তাহাতে পেশার কাঠিন্স, দড়কচড়া ভাব, সাধারণ অনুভূতিক বিশৃংখলা এবং অপরুষ্টতামূলক প্রতিক্রিয়ার অভাব দৃষ্ট হয়। পেশা এবং কগুরার ক্ষতাঙ্ক, সদ্ধির অনমনীয়তা এবং ক্ষতি (injury) সম্বন্ধীয় অন্তান্ত নানাবিধ প্রাকৃতিক দোষ প্রথমাবস্থায় রোগনির্বাচনের বাবা জ্লাইতে পারে, কিন্তু রোগের ক্রমবৃদ্ধির সঙ্গে সকলই পরিষ্কার হইয়া যায়।

ভাবীফল ।—মৃত রোগ সর্ব স্থলেই আশাপ্রদ। কঠিন রোগের ভাবীফল ক্ষতির বিস্থৃতি, রোগীর বয়স এবং সাধারণ এবং পার্শ্বস্থ ক্ষতির উপরে নিভূর করে। আক্রান্ত শরীরাংশের অকর্মণ্যতাই ইহার সর্বাপেক্ষা গুরুতর শেব ফল সংঘটিত হইতে পারে। স্নায়্-প্রদাহ জন্মিয়া, এমন কি মেরুমজ্জা অথবা মন্তিষ্কীয় কেন্দ্রাভিমূথে বিস্তৃত হইতে এবং গুরুতর কপ্তাদি উপস্থিত করিতে পারে।

চিকিৎসা-তত্ত্ব।—উপাদান বিদারণাদি ঘটিত রোগে আর্কি-কাই প্রথম এবং প্রধান দেয় ঔষধ, পরে হাইপাল্লিকাম তাহার স্থলাভিষিক হয়। রোগ পুরাতনে উপনীত হইলে লক্ষণ-সাদৃশ্রাকুসারে প্রদর্শিত ঔষধের ব্যবস্থা করিতে হইবে। স্নায়্-প্রদাহ উপস্থিত হইলে। ভাহার চিকিৎসা করিবে।

আক্ষিক চিকিৎসা।—সর্ক খলেই আক্রান্ত শরীরাংশের বিশ্রাম অত্যাবশুকীয়। পটি বা ব্যাণ্ডেজ জড়ান অধিকতর কসা হওয়ার শোণিত স্রোতের বাধা না জন্মে, তিষ্বিষে সতর্ক হওয়া কর্ত্তবা। গালেভ্যানিক প্রকারের বৈছাতিক স্রোতের ব্যবহার করিবে। ক্ষতির (injury) স্থানের উপরে কিঞ্চিৎ বৃহৎ নিগেটিভ ইলেক্ট্রভের, এবং স্নায়ু-জালের উপরে পজিটিভের ছয় হইতে আট মিলিএম্পিয়ার মাত্রার প্রায় তিন মিনিট কাল ব্যবহার করিবে, অথবা ইহাতে পরে, কোন কোন স্থলে, যদি অধিকতর উপশম হইতেছে বলিয়া বোধ হয়, এতদপেক্ষা অধিকতর সময়ও ব্যবহার করিবে।

যদি অপক্ষপ্তার প্রতিক্রিয়া উপস্থিত থাকে, পেশীর উপরেও গ্যাল্-ভ্যানিক স্রোতের প্রয়োগ করিবে। হুই হইতে চারি সপ্তাহের পরে আক্রান্ত পেশীর উপরে ফ্যারাডিক স্রোতের ব্যবহার উপকারী—মৃহ্ স্রোতের প্রয়োগ—কোন প্রকারেই প্রবলতর চিকিৎসা কর্ত্তব্য নহে।

রোগের প্রথমাবস্থায় অঙ্গসংবাহন বা মাসেজ্ (massage) মৃত্ভাবে ও বত্বের সহিত ব্যবহাত করিতে হইবে; পরে তাহা কিঞ্চিং অধিকতর বলের সহিত করিবে। বহির্দেশে কোন ক্ষত না থাকিলে উষ্ণ আহিনিকাস্থা সিক্ত নেকড়া বা লিন্টের স্তর ক্ষতিযুক্ত স্থানের উপরে পটিরূপে প্রয়োগ উপকারী। বেদনার উপশম, এবং প্রদাহের নিবারণার্থ, বিবেচিত হইলে, হেমামেকিন্সেক্সম্ভাও ব্যবহার করা যাইতে পারে।

সর্বস্থলেই ক্ষতিযুক্ত সায়ুর উপরে বাহাতে চাপোৎপন্ন করিতে পারে, অথবা বাহা কিছু, যে কোন প্রকারে সায়ু কাণ্ডের ক্রিয়ার বাধা জন্মাইতে পারে সংযোধন করা উচিত। যদি কোন মুক্ত ক্ষত থাকে, সায়ুর অনুসন্ধান করিতে হইবে; এবং যদি ছিন্ন হইয়া থাকে সীবন দ্বারা ছই সীমা সংযুক্ত

### ২১৭৪ বুহৎ হোমিওপ্যাথিক চিকিৎসা-বিজ্ঞান।

করিতে হইবে, এবং কদর্যভাবে ছিন্ন ভিন্ন অংশ স্থানাস্তরিত করিবে। রোগ অনেক দিনের পুরাতন হইলে কর্ত্তন দ্বারা সায়ু বাহির করিয়া ভিন্ন সীমাদ্বয় সীবন দ্বারা সংযুক্ত করা যুক্তি সঙ্গত কি না বিবেচনা করিবে। ক্ষয় অথবা কদর্য্য অংশ, অথবা সায়ুর অর্ব্যুদ্ধ কাটিয়া স্থানাস্তরিত করা উচিত কি না তাহাও বিবেচনার বিষয়। অল্ল কতিপন্ন পুরাতন রোগে স্থানাস্তরিত পেশীর রোপণ দ্বারাও চিকিৎসা করা হইয়াছে।

### দ্বিচত্বারিংশ পরিভেদ।

কশেরুকা-মঙ্জা-স্নায়ুর বহিঃপ্রসারী পক্ষাঘাত বা পেরিফিরাল প্যারালিসিস অব স্পাইনেল নার্ভ্স্। (PERIPHERAL PARALYSIS OF

SPINAL NERVES.) লেকচার ২৯৬ (LECTURE CCLXXXXVI.)

থ্রণিক স্নায়য়র পক্ষাঘাত বা প্যারালিসিদ্
অব্ দি ফ্রেণিক নার্ভ।

(PARALYSIS OF THE PHRENIC NERVE.)

কারণ-তত্ত্ব।—কশেরকান্থি-ভঙ্গ এবং স্থান-চ্যুতি। কশেরকা-রোগ; কশেরুকমজ্জাবেষ্টঝিল্লির যে কোন প্রকার প্রদাহ। সম্ভবতঃ, কিন্তু অতি বিরল ঘটনা স্বরূপ, গ্রীবার অর্ক্ দু অথবা ক্ষতি (injury)। রোগ বীজ সংক্রমণ, রসবাত অথবা বিষাক্ততার (toxemia) ফলস্বরূপ অবিমিশ্র সাম্মবিক অবশতা জন্মিতে পারে।

লক্ষণ-তত্ত্ব ।—— অতি বংসামান্ত শ্রনেই অতিস্পষ্টতর শ্বাস-কচ্চ্ উপস্থিত হইয়া, এমন কি, বিপদাশংকাও উপাস্থত করিতে পারে। বক্ষোদর ভেদক পেশীর (diaphragm) অকর্মণাতা; তাহার ফল স্বরূপ শ্বাস-গ্রহণে বক্ষোদর ভেদক পেশীর নিমজ্জন উপস্থিত হয় না, এবং বক্কতের অধং কিনারার নিয়মিত উচ্চতা থাকে না। শ্বাস-ত্যাগে বক্কতের অধং কিনারা উচ্চ এবং উদর পূর্ণ হইয়া উঠে। ফুস্ফুস মূলে শ্বাস-প্রশাস মর্মার শব্দের ক্ষীণতা

ষটে। গ্যান্ভ্যানিক এবং ফ্যারাডিক উভয় বৈহ্যাতিক স্রোতেই প্রতি-ক্রিয়ার অভাব হইতে পারে। রোগ এক পার্শ্ব অথবা উভয় পার্শ্বই আক্রমণ করিতে পারে। এক পার্শ্বের রোগ-নির্দ্দেশ যত্নপূর্ব্বক পরীক্ষা সাপেক্ষ।

ভাবীফল।—- সাধারণতঃ শুভ। ইহা কারণাপসরণের সম্ভাবনার উপরে নির্ভর করে। শুচ্ছাকার স্নায়্-প্রদাহকালে রোগ জন্মিলে শুভফলের আশা করা যায় না।

চিকিৎসা-তত্ত্ব ।—কারণের অপনয়ন অবগ্র কর্ত্তব্য । ডিফ্থি-রিয়ার চিকিৎসার অমুসরণে **ব্রীক্িন্তা** ৩০ উপকারী বলিয়া বিবেচিত। কারণামুসারে অন্যান্য ঔষধ ব্যবস্থের।

আমুযঙ্গিক চিকিৎসা।—কৈন্দ্রিক গাাল্ভানিক এবং ক্যারা-ডিক বিহাচেছ্যতের ব্যবহার করিবে।

### ২। বাহুস্থিত স্নায়্-জালের পক্ষাঘাত বা প্যারালিসিস্ অব দি ব্রেকিয়াল প্লেক্সাম।

( Paralysis of the Brachial Plexus )

বিবরণ ।—অনেক সময়েই স্নায়ু-মূল এবং স্নায়ু-জালের রোগ মধ্যে প্রভেদ করা অসম্ভব। সম্পূর্ণ স্নায়ু-জাল আক্রাস্ত হইতে পারে, অথবা তাহার কোন একটি অথবা অনেকগুলি স্নায়ু আক্রাস্ত হয়। অভিঘাত ইহার কারণ হইতে পারে—স্কল্পের ক্ষতি অথবা স্থানচ্যুতি। ইহা কঠান্তি প্রদেশের অর্ব্ধুদ্ হইতেও জন্মিতে পারে। ইহা বিষাক্ততা ঘটিত, রোগ সংক্রমণ সংস্কৃত্তী অথবা রসবাতিকও হইতে পারে।

অভিঘাতোৎপন্ন রোগ সম্পূর্ণ স্নায়্-জাল আক্রমণ করে, কিন্তু ইহা অভি বিরল। কাকচঞ্চবৎ (coracoid) প্রবর্জনাথঃ অথবা কক্ষ সংস্পৃত্ত অন্তিটু সাধারণ অভিঘাত মধ্যে পরিগণিত। অন্তান্ত কারণ মধ্যে প্রগণ্ডান্থি বা হিউমারাস অথবা কঠান্থি ভঙ্গ, রক্তপ্রাব, কক্ষদেশস্থ অর্ক্ দ, এবং প্রসব হইতে রোগ জন্মিয়া থাকে। স্নায়্-জালের বিস্তৃতির স্থানে শিথিল পক্ষাঘাত জন্মে। অধিকাংশ স্থলেই এক অথবা তুইটি স্নায়্ আক্রান্ত হয়। সর্কস্থলেই নানাবিধ অন্তুতিক বিশৃংশ্বালা ঘটে। অবশেষে কিঞ্চিং পরিমাণ ক্ষয় জন্মে।

ভাবীফল।—সম্পূর্ণ আরোগ্য অতি বিরল ঘটনা।

### ৩। স্কন্ধ এবং বাহুর একত্রীভূত পক্ষাঘাত বা কম্বাইণ্ড প্যারালিসিস অব দি সোল্ডার এণ্ড্ আর্ম্স্।

(Combined Paralysis of the Shoulder and Arms.)

বিবর্ণ।— সাধারণতঃ ইহা এর্ব্'স বা এর্কের পক্ষাঘাত বলিয়া খ্যাত। সর্কস্থলেই ইহা দ্বারা ডেন্টইড, ব্রেকিয়ালিস ইন্টার্নাস, এবং স্পাইনেটর লঙ্গাস পেশা আক্রাস্ত হয়। ইহা সায়্-জালের সাক্ষাৎ ক্ষতি, যেমন উর্দ্ধোত্থিত করণে বাছর বহিরভিম্থীন এবং পশ্চাদভিম্থীন সবল চালনা, হইতে জন্মে। জন্মকালেও ইহা ঘটিতে পারে। স্বন্ধোপরি গুরুভার বহনও ইহার কারণ হইয়া থাকে। সময়ে বিষাক্ততা (toxemia), রোগ-সংক্রেমণ, অথবা রসবাত ইহা উৎপন্ন করিয়া থাকে। উর্দ্ধান্ত অন্তর্গায়ন করিতে পারা যার না, অঙ্গ ক্রুই-সন্ধির উপরেও সংকুচিত হইতে পারে না, এবং হস্ত আনত হয়, উর্দ্ধোত্তোলনের ক্ষমতার অভাব ঘটে। বেদনা থাকিতে অথবা নাও থাকিতে পারে।

চিকিৎসা তত্ত্ব। — স্নার্যবিক প্রদাহের স্থায়।

### নিম্নতর স্নায়ু-জালের রোগ হইতে পক্ষাঘাত বা প্যারালিসিস ফ্ম ডিজিজ অব দি লোয়ার প্লেক্সাস।

( Paralysis from Disease of the Lower Plexus. )

বিবরণ।—–অষ্টম গ্রীবা-স্নায়ু এবং প্রথম পৃষ্ঠ-স্নায়ু মূল আক্রান্ত হয়। যাহা কিছু এই সকল স্নায়ু-মূলের উপরে চাপোৎপন্ন করে তাহাই ইহার কারণ হইতে পারে। সম্পূর্ণ স্নায়ু-জালের পক্ষাঘাতের অংশ স্বরূপও ইহা উপস্থিত হইয়া থাকে।

হস্তের ক্ষুদ্র ক্ষুদ্র পেশী এবং প্রধানতঃ প্রকোঠের সংকোচনী পেশী পক্ষাবাতাক্রাস্ত হয়। নিয়ম এই যে প্রকোষ্ঠান্থি-সংস্কৃষ্ট (ulnar) **দেশে, এবং সম্পূ**র্ণ উর্দ্ধাঙ্গের অভ্যম্ভর পার্শ্বে অমুভূতির বিশুগ্রালা জন্মে।

### প্রসব-সংক্রান্ত পক্ষাঘাত বা व्यव्रिक्षे करान भरातीनिमिम।

(Obstetrical Paralysis.)

বিবর্ণ।—ইহার নামে যেরূপ প্রকাশিত হইতেছে, ইহা প্রস্ব-কাণীন হর্ঘটনা অথবা কুপরিচালনা হইতে সংঘটিত হয়। জ্রনের মস্তক বহির্গমনোন্থ অবস্থায় কক্ষদেশে অঙ্গুলি প্রবিষ্ট করাইলে তাহার কঠিন টানে বাহুস্থ (brachial ) স্নায়ু-জাল চাপিত হয়, অথবা স্কন্ধ উৰ্দ্ধ এবং পশ্চাদভিমুথে সবলে স্থানচ্যত হইতে পারে। অস্ত্র অথবা অঙ্গুলি দ্বারা উর্দ্ধে উত্থাপিত বাহু মুক্ত করিবার চেষ্টায় যথেষ্ট চাপ লাগিতে পারে। ফরসেপের ব্যবহারেও এরপে ঘটিতে পারে।

হস্তের আনত অবস্থা হয়, উদ্ধাঙ্গের প্রসারণ ঘটে, এবং অধিকাংশ স্থলে প্রগণ্ডাস্থি অভ্যন্তরাভিমুখে আবর্ত্তিত থাকে। প্রসবে পদ অথবা নিতম্ব (breech) প্রথমে দেখা দিলে উপরি উক্ত ঘটনার মিশ্রণ অতীব সাধারণ।
সাধারণতঃ প্রসব-সংস্ঠ পক্ষাঘাত এক পার্ষে ঘটে। প্রায় সর্বস্থলেই
ভাবী ফল শুভ দেখা ধার। অতি অল্প সময়ের মধ্যে সম্পূর্ণ আরোগ্য
লাভ হয়।

চিকিৎসা-তত্ত্ব।—আর্ণিকা ইহার প্রায় একমাত্র ঔষধ। প্রয়োজন হইলে লক্ষণামুদারে অন্ত ঔষধের প্রয়োগ করিতে হইবে।

আকুষঞ্জিক চিকিৎসা।—এতি মৃত্ ফ্যারাডিক বিহা-চ্ছোতের ব্যবহার করা যায়।

### ৬। একৈক স্নায়ুর পক্ষাঘাত বা প্যারালিসিস অব ইণ্ডিভিজুয়াল নার্ভ্স্।

(Paralysis of Individual Nerves.)

বিবরণ ।—এই সকল পক্ষাঘাত উপরে লিখিত পক্ষাঘাতাদি
সহ সম অবস্থা এবং সমকারণ হইতে উৎপন্ন হয়। স্নায়ুর শাখা বিস্তৃতির
স্থানের আয়তনামুসারে প্রধানতঃ লক্ষণের পরিবর্ত্তন ঘটে। নানাবিধ
সায়ুর ক্রিয়ার প্রতি লক্ষ্য করিলেই রোগ নির্বাচন সহজ হইয়া যায়।

চিকিৎসা-তত্ত্ব।—এই সকল রোগের একই পদ্ধতি অনুসারে চিকিৎসা করিতে হয়। কেবল স্নায়্ প্রদাহ উপস্থিত থাকিলে চিকিৎসার পরিবর্ত্তনের আবশ্রক।

৭। নিম্নাঙ্গ স্নায়ুর বহিঃপ্রসারী পক্ষাঘাত বা পেরিফিরাল প্যারালিসিস অব দি নার্ভ্স্ অব দি লোয়ার এক্স্ট্রিমিটিস।

(Peripheral Paralysis Of The Lower Extremities.)

বিবরণ I-এই সকল স্নায়ু ক্ষতি (injury) হইতে অভি

উৎকৃষ্টরূপে রক্ষিত, এজন্ম যদিও আমরা কথন কথন আঘাতোৎপন্ন রোগ প্রাপ্ত হইরা থাকি, তাহা উদ্ধাক্তে যেরূপ সাধারণ, তাহার নিকটস্থও হয় না। প্রকৃত পক্ষে, নিমাঙ্গের বহিঃপ্রসারী পক্ষাঘাত, উদ্ধাক্ষে যত সাধারণ তাহার নিকটেও যায় না।

অন্ত প্রকারে উভরেই সম কারণ হইতে উৎপন্ন। ডাঃ কাউপার থোয়েট অনেকগুলি রোগ উদর এবং বস্তিকোটরের অর্ক্তৃদ, এবং একটি রোগ ফিমরেল ধমন্তর্ক্তৃদ হইতে উৎপন্ন হওরার বিষয় জ্ঞাত আছেন। বঙ্গালসন্ধি (hip) আনত করিবার অথবা নিমাঙ্গ প্রসারণের ক্ষমতা থাকে না। কেবল যদি জঙ্গা আক্রাস্ত হয়, জামুকে বক্রতা হইতে রক্ষা করিতে বিশেষ যত্নের আবশুক হইবে। যদি উভয় জঙ্গাতেই আক্রমণ হয় পদ-বিক্ষেপের স্পষ্টতর পরিবর্ত্তন ঘটিবে। উক্রর অধঃ ত্রই তৃতীয়াংশের সম্মুখ এবং অভ্যন্তর দেশে, এবং জঙ্গা এবং পদের অভ্যন্তর পার্থে স্পর্শ জ্ঞানাধিক্য অথবা স্পর্শ-জ্ঞানের অভাব ক্রমিতে পারে। জামু-বাঁকি (knee jerk) অমুপস্থিত থাকে। পেশী-ক্ষয় ইহার অবশুজ্ঞাবী অমুগামী।

### ত্রিচত্বারিংশ পরিচ্ছেদ।

করোটিক স্নায়ুগণের বহিঃপ্রদারী পক্ষাঘাত বা পেরিফিরেল প্যারালিদিদ অব দি ক্রেনিয়াল নার্ভদ।

( PERIPHERAL PARALYSIS OF **THE** CRANIAL NERVES. )

### লেক্চার ২৯৭ (LECTURE CCLXXXXVII.)

ু অক্ষি-পেশীর বহিঃপ্রসারী পক্ষাঘাত বা
 পেরিফিরাল, প্যারালিসিস অব দি
 অকুলার মাসল্ম।

(PERIPHERAL PARALYSIS OF THE OCULAR MUSCLES.)

বিবরণ ।—অধিকাংশ আক্ষি-পক্ষাঘাতেরই মূল মস্তিম কেন্দ্রনিহিত। এই সকল স্নায়র প্রকৃত বহিঃপ্রসারী পক্ষাঘাত নানাবিধ
কারণে সংঘটিত হইতে পারে। এই সকল কারণ মধ্যে শৈত্যসংস্পর্শ,
অভিঘাত, অক্ষি-কোটরে কোন প্রকার মাংসর্দ্ধি, এবং কখন কখন
রোগ-সংক্রমণ প্রভৃতি পরিগণিত হইতে পারে। উপদংশও ইহার
প্রাথমিক কারণ হইতে পারে। ইহা ডিফ্-থিরিয়ারও পশ্চাৎগামী
হইতে পারে।

অক্ষির সম্পূর্ণ গতিদ স্নায়ু আক্রান্ত হইলে, চক্ষু-পত্রাদি এরূপ ঝুলিয়া পর্টে যে চক্ষু আবৃত হয়, এবং ইচ্ছা করিলে অল্প কিঞ্চিৎ ভিন্ন উত্থিত করিতে পারা যায় না, এবং তাহাও অক্সিপিট-ফ্রণ্ট্যালিস পেশীর প্রবল চেষ্টায় সংঘটিত হয়। চক্ষ-গোলক মাত্র বহির্দ্ধিকে চালিত হইতে পারে; কিন্তু অ**ন্ত কোন** দিকে হয় না। যদি কখন চেষ্টা করা যায়, ইহা বহির-ভিমুথে এবং নিম্নাভিমুথে যায়। কিঞ্চিৎকাল পরে চক্ষু সর্বনার জন্ম এই অবস্থায় স্থিত হইবে। আলোকে কনীনিকার সংকোচন হয় না (বিপরীত চক্ষু অনাক্রান্ত থাকিলে, তাহার সহাত্তভিতেও নহে), কিন্তু আকার নিয়মিত থাকে। কেবল কিঞ্চিৎ বহিনিক্ষিপ্ত অবস্থা হইতে পারে। সম্পূর্ণ দৃশ্যক্ষেত্রেই দ্বিত্ব দৃষ্টি ঘটিবে। বেদনা হইতে পারে, কিন্তু সর্বাদা নহে। তাহার উপস্থিতি সম্ভবত: চক্ষু চাপিত হওয়ার প্রকাশক। অথবা বুস-বাত দোষও সম্ভব হইতে পারে। অসম্পূর্ণ পক্ষাঘাত থাকিতে পারে, অথবা পেশীর অংশমাত্র আক্রান্ত হইতে পারে ৷

অক্ষি-পেশীর সাধারণ পক্ষাঘাত সম্পূর্ণ অথবা অসম্পূর্ণ হইতে পারে, কিন্তু সকলগুলি পেশীরই আক্রমণ হয়। দ্বিপার্শ্বিক অথবা এক পার্শ্বিক পক্ষাঘাত পেশ্যাদির এক অংশমাত্র আক্রমণ করিলে, সম্ভবতঃ রোগ পেশীতে অবস্থিত। যদি নিকটন্ত করোটিক প্রায় নিচয়ের আক্রমণ হয়. পরিধির স্নায়বিক অপায় প্রকাশিত করে।

ভাবীফল ।—রোগের কারণ, এবং সাধ্যাসাধা প্রকৃতির উপরে ভাবী ফল নির্ভব করে।

চিকিৎসা-তত্ত্ব |----সায়ু-রোগের চিকিৎসার ফলাফল রোগ-কারণের অপনয়ন, সাধ্যাসাধ্য এবং চিকিৎসা আরম্ভকালে আক্রান্ত স্বায়ুর আম্ম্নিক বিকারের অবস্থার উপরে নির্ভর করে। ফলতঃ অধিকাংশ স্বায়ু রোগই রুচ্ছ সাধ্য অথবা অসাধ্য। শৈত্যসংস্পর্শাদি

সহজ কারণ হইতে রোগ জন্মিলে তরুণ এবং পুরাতন রোগে যথাক্রমে একনাইট, কণ্টিকাম্ এক হিপার সাল্ফার প্রভৃতি বারা চিকিৎসা করিতে হইবে। আঘাত বশতঃ রোগের আনিকাই ওষধ। ডিফ্থিরিয়ার পরিণাম রোগে এলপ্যাথিমতে ষ্টিকৃনিস্থা সাল্ফ এক গ্রেণের ছয় ভাগের এক ভাগ ব্যবহৃত হইয়া থাকে। হোমিওপ্যাধিমতে তাহার ৩০ ক্রমের প্রশংসা আছে। লক্ষণাত্ম্বারে ল্যাকেসিক ইত্যাদি ঔষধ প্রযোজ্য। বলাবাছলা উপদংশ রোগের কারণ হইলে কেলি আহাড, হিপার সাল্ফার ইত্যাদি দারা কার্য্য পা ওয়া যায়।

কথন কথন অক্ষিতে একপ্রকার গতিদ-পক্ষাঘাত দৃষ্ট হয়। বাহাতে নুনাাধিক নিয়মিত বাবধানে ন্নাাধিক সম্পূর্ণ এবং সাধারণ অক্ষি-পক্ষাঘাতের আক্রমণ পুনরাবর্ত্তন করে। প্রথমে বিরতিকালে ইহা দৃষ্টতঃ সম্পূর্ণ স্কন্থাবস্থা প্রকাশ করে; পরে এরূপ থাকে না। ইহার কারণ এবং আমশ্বিক বিধান-বিকার সম্পূর্ণ অক্তাত। রোগের প্রকৃতি ক্রমবর্দ্ধিষ্ণু হইলে অতি অল্পই আরোগ্যাশা করা যায়; তদ্ধপ না হইলে শুভ পরিণতির আশা করা যাইতে পারে। চক্ষু-রোগের স্থায় চিকিৎসা করিবে, এইমাত্র প্রভেদ যে সামশ্বিকতা উপস্থিত থাকিলে তদমুদারে ঔষধের প্রয়োগে নিশ্চিত শুভ ফল প্রাপ্ত হওয়া যায়।

আফুষঙ্গিক চিকিৎসা।--সন্তব হইলে প্রথমেই রোগকারণের অপনয়ন-চেষ্টার আবশুক। যদি অন্ত্র-চিকিৎসার আবশুক নাহয়, কারণানুযায়ী ঔষধের ব্যবহার করিবে। রুগ্রচকুর দৃষ্টি রক্ষার্থ সর্ববদাই একথানি বষাকাচ যুক্ত চশমা পরিধান করার আবশুক। ছুই হুইতে তিন মিলিএম্পি-্বীরার শক্তির গ্যাল্ভ্যানিক বিহ্যচেছ্যাতের নিগেটিভ পোল মুদ্রিত পল্রোপরে এবং গ্রীবা পশ্চাতের উপব্লিভাগে পজিটিভ পোল প্রতিদিন প্রায় ছই মিনিট প্রযোজিত কব্রিবে।

### ২। পঞ্ম স্নায়ু-যুগ্মের পক্ষাঘাত বা প্যারালিসিস অব দি টাইজিমিন্যাল নার্ভ।

( Paralysis of the Trigeminal Nerve. )

বিবরণ ।—বোগ' অতীব বিরল। এতই বিরল যে অধিকাংশ চিকিৎসকই ইহার বর্ত্তমানতা বিষয়ে অজ্ঞতা প্রকাশ কয়েন। ফলতঃ ইহা যে অতীব বিরল এই বিষয়ে চিকিৎসকগণের মনোযোগ আকর্ষণার্থ ই এ স্থলে ইহার উল্লেখ করা হইল। যথনই এই স্নায়ুর শাখাপ্রশাখায় পক্ষাঘাত উপস্থিত হয়, প্রথমেই অন্থমান করিয়া লওয়া উচিত যে ইহার মূল কারণ কেন্দ্র নিহিত। কিন্তু অন্থসন্ধান দ্বারা যথন তাহা প্রতিপন্ন হয় না তথনই কেবল ইহার প্রকৃতি বহিঃপ্রসারী বলিয়া গ্রহণ করিতে হয়। ইহা প্রায়শঃই আভিঘাতিক কারণ হইতে জল্মে। আঘাত মুথ-মগুলোপরে হইতে পারে, অথবা চক্ষু-কোটরে অথবা করোটি মূলে হয়। কথন কথন অন্ত্র-চিকিৎসা হইতে মুখ-মগুলের ক্ষৃতি (injury) ইহার কারণ। অন্ত্র-চিকিৎসা হইতে মুখ-মগুলের ক্ষৃতি (injury) ইহার কারণ। অন্ত্র-চিকিৎসা অথবা অভিঘাত যৎকর্ত্তকই হউক সাধারণতঃ সায়ুর কেবল এক অথবা দুইটি শাখামাত্র ক্ষতিগ্রন্ত হয়। সায়ু-প্রদাহ হইতে সায়ুর প্রকৃত পক্ষাঘাতের উৎপত্তিও অসন্তব নহে, অথবা ইহা রস-বাতের ফলও হইতে পারে।

সম্পূর্ণ স্নায়্র আক্রমণ হইলে থকের যতদূর পর্যান্ত স্নায়্র বিস্তৃতি, সম্পূর্ণ অংশেরই স্পর্শ জ্ঞানাভাব (anesthesia) জ্বন্ধ; এবং যোজক ঝিলি, স্বচ্ছাবরক ঝিলি (cornea), এবং নাসিকা, মুথগহ্বর, জিহ্বা, গণ্ড, এবং দন্তমাড়ির শ্লৈম্বিক ঝিলির উপরেও বোধের লোপ ঘটে, এবং আক্রান্ত পার্শ্বের অশ্রুত্রাব হ্রাস প্রাপ্ত হর। নাসিকা, কণ্ঠ-নালী, এবং মুথগহ্বরের শুভ্তা জ্বন্ধ, এবং ঘাণামুভ্তি হ্রাস পাইয়া যায়। শ্লৈমিক ঝিলি কটু বস্তুর অমুভব্ করিতে পারে না। ভুরোগী অনেক সময়

গণ্ড দংশন করে। কোন কঠিন বস্তু মুথে স্থাপিত করিলে, রোগী অনুভব করে যেন তাহার অর্দ্ধভাগ মুথে আছে, কারণ সে এক পার্শ্বের উপরে অন্থভব করে, অন্থ পার্শ্বের উপরে অন্থভতির অভাব থাকে। স্বাদশক্তির আক্রমণ হইতে পারে, অথবা নাও পারে। রস-বিশ্বিকার উৎপত্তি অতি সাধারণ। অন্থান্থ পোষণ বিভ্রাটিও, যেমন স্বচ্ছাররকের এবং শ্রৈশ্বিক ঝিল্লির ক্ষত ঘটিয়া থাকে।

সমুখের মূল এবং তৃতীয় শাখা আক্রান্ত হইলে, অপকৃষ্টতার প্রতিক্রিয়া এবং অবনতি গ্রস্ত বৈছাতিক প্রতিক্রিয়ার সহিত মাসিটার, টেরিগইড এবং টেম্পরেল পেশীর গতিদ পক্ষাঘাত জন্মে। কোন কোন স্থলে শেষাবস্থায় ক্রয়ের আরম্ভ হয়।

যদি কেবল এক অথবা ততোধিক শাথা আক্রান্ত হয়, সমশ্রেণির সাধারণ লক্ষণই উপস্থিত হইবে, কিন্তু ভাহা আক্রান্ত শাথার বিস্তৃতির মধ্যেই সীমাবদ্ধ থাকিবে। সন্তবতঃ লক্ষণাদি তাদৃশ সম্পূর্ণ অবস্থা পাইবে না। যদি স্নায়্র অবিচ্ছিন্ন গতির সম্পূর্ণ ধ্বংসের বিনিময়ে মাত্র চাপ ঘটে, লক্ষণাদি অসম্পূর্ণ থাকিবে, অর্থাৎ তাদৃশ স্পষ্টতা পাইবে না।

ভাবি ফল।—কারণ এবং রোগের গুরুত্বের উপর নির্ভর করে।
চিকিৎসা-তত্ত্ব।—সম্ভব হইলে প্রথমে কারণের অপনয়ন
চেষ্টা করিবে। যে সকল অবস্থায় কারণের উৎপত্তি হয় তদন্মসারে চিকিৎসা
—শৈত্য রোগের কারণ হইলে একনাইট ইত্যাদি প্রচলিত
শুষধ প্রযোজ্য; অভিঘাতে আিলিকা মহৌষধ; উপদংশের বিবরণ
থাকিলে ধথা নিয়মিত চিকিৎসা করিবে। উপার উক্ত কারণাদির
অভাবে এবং তাহা অবোধ্য হইলে ক্যাক্ষেক্সিক্সা, সাইলিসিক্সা
ইত্যাদি শুষধ দারা ধাতুগত দোষ সংশোধনের চেষ্টা করিবে।

আকুষঙ্গিক চিকিৎসা।—অনেক সময়ে স্বল্লতর শক্তির গ্যাল্-ভানিক স্রোতের বুরুসের ব্যবহারে উপকার পাওয়া যায়। ইহাতে গ্রীবা- পশ্চাতের উপরি ভাগে পজিটিভ পোল, এবং আক্রান্ত ত্বক এবং শৈষিক ঝিলির উপরিভাগে নিগেটিভ পোলসংযুক্ত বুরুসের ব্যবহার করিতে হইবে। প্রতিদিন পাঁচ মিনিটের জন্ম প্রয়োগ করা উচিত।

# মুখ-মগুল-পক্ষাঘাত বা ফেদিয়াল প্যারালিদিদ, প্রদপেল্জিয়া।

(Facial Parlysis, Prosopalgia.)

বিবরণ।— অন্যান্ত রোগের সংস্রবে মুখ-মণ্ডল-পক্ষাঘাত জন্ম। এই সকল রোগের মূল মন্তিষ্ক, মন্তিষ্ক-বেষ্টঝিল্লি, অথবা স্লায়ু কোষাস্কুরে অবস্থিত হইতে পারে।

অধিকতর সময়ে যে প্রকার বহিঃ-প্রসারী মূথ-মণ্ডল-প্রকাষাত উপস্থিত হয়, তাহা বেলের প্রকাজিক (Bell's Palsy) বা বেলের পক্ষাযাত বলিয়া বিদিত।

কারণ-তত্ত্ব।—অধিকাংশ সময়ে ইহা পুরুষদিগের মধ্যে ঘটে।
ইহা কচিৎ উপদংশ হইতে জন্ম। কতিপয় আজনু রোগের
বিবরণ প্রাপ্ত হওয় য়য়। প্রসবকালে ফর্দেপেসের (forceps) চাপে
ইহা সংঘটিত হইতে পারে। অভিবাত এবং শৈত্য-সংস্পর্শপ্ত ইহার
কারণ স্থানীয়। ইহা রস-বাতজ্ঞ হইতে পারে। নাতিশীতোক্ষ
(temperate) জল বায়য়র দেশে এবং শীত শ্লতুতে ইহার অধিকতর
প্রাহ্ভাব দেখা য়য়। অনেক সময়েই ইহা কর্ণরোগ, বিশেষতঃ মধ্য
কর্ণ-রোগের ফল। ইহা দন্ত-পীড়া হইতেও জ্বিত্বতে পারে। ডাঃ কাউপার
থোয়েটের ত্ইটি রোগীয় গভীয়তয়য়পে আয়ত "আকেল দাঁত" খুঁড়িয়া
বাহির করিয়া দেওয়ায় তৎক্ষণাৎ রোগারোগ্য হয়য়, দন্ত স্থানান্তরিত করা
হয় না। অনেক সময়ে ইহা দেশ বাপক স্ক্রিরাগ বা ইন্য়য়্রেয়্রার ফল
স্করপ জ্বেম।

আমায়ক-বিধান-বিকার-তত্ত্ব।—এই প্রদাহ সায়্সী নাম্ভ অংশাদি আক্রমণ এব তাহার গতি বাহিয়া গমন করে। অনেক সময়েই প্রদাহের চিহ্লাদি বহিঃপ্রসারণে স্বস্পষ্ট হয়, কিন্তু কোন কোন স্থলে মধ্য অথবা কৈন্দ্রিক অংশ সর্কাপেক্ষা অধিকতর পরিবর্ত্তন প্রকাশিত করে।

লক্ষণ-তত্ত্ব।—লক্ষণাদি সাধারণতঃ হঠাৎ উপস্থিত হয়, এবং অতি অধিক হইলেও তুই অথবা তিন দিবসের মধ্যে সম্পূর্ণ বৃদ্ধি লাভ করে, কিন্তু কতিপন্ন ঘণ্টা মধ্যেও হইতে পারে।

আক্রমণের পূর্বের সামাস্তাকার বেদনা হইতে পারে। মুথের আক্রান্ত পার্ষের উপরিদেশ মহণতা পায়, বিপরীত পার্ষের অপেক্ষা মুখ-কোণ অধিকতর প্রলম্বিত হয়, স্বস্থ পার্ষে আরুষ্ট হওয়ায় মুখ বক্র হইয়া যায়; জিহব। বাহির হইয়া পড়ার স্থায় প্রতীয়নান হয়, এবং যেন আক্রান্ত পার্যে বক্র হইয়া যায়, কিন্তু প্রকৃতপক্ষে শ্লুজু থাকে। মৃত্ এবং উচ্চ হাস্ত্রে, অথবা কোন ভাব প্রকাশের চেষ্টায় স্থস্থ পার্ষের দুশু স্বাভাবিক অথবা প্রায় তদ্রুপ, কিন্তু আক্রান্ত পার্শ্ব সম্পূর্ণরূপ অথবা প্রায় সম্পূর্ণরূপ শিথিল থাকে। তৎপার্থে কোন ভাব ব্যঞ্জক দুশু থাকে না। প্রকৃতপক্ষেই রোগী কেবল মুখের এক পার্শ্বে হাস্থ অথবা চিৎকার করে। রোগী আক্রান্ত পার্শ্বে চক্ষু নিমীলিত করিতে বিক্ষম হয়, তদ্রপ করিবার চেষ্টায় চক্ষুকোণ কুঞ্চিতও হয় না। সম্ভবতঃ , আক্রান্ত পার্ষের চক্ষু অশ্রুপূর্ণ থাকে। যদি শব্দে স্পর্শাসহিষ্ণুতার বৃদ্ধি হয়, সম্ভবতঃ রোগ যুষ্টেকিয়ান নলীর অভ্যন্তরে অনেক দূর পর্যান্ত বিস্থৃতি লাভ করিয়াছে। যদি আস্বাদের অপচয় ঘটিয়া থাকে তাহাতে করডা টিম্পানাই-সংযোগ এবং জেনিকুলেট বডির মধ্যবর্ত্তী দেশের রোগ প্রকাশিত হয়। এই সকল রসনেন্দ্রিয় এবং শ্রবণেন্দ্রিয় লক্ষণ রোগের প্রকৃত স্থান নির্ণয়ে সাহায্য করিয়া থাকে। অপরুষ্টতার আংশিক প্রতিক্রিয়া উপস্থিত হইবে। প্রথম কতিপয় দিবদ উভয় গ্যাল্ভ্যানিক এবং ফ্যারাডিক স্রোতে বর্দ্ধিত প্রতিক্রিয়া থাকে। ফ্যারাডিক-স্রোত দম্বনীয় প্রতিক্রিয়া ক্রমে ক্রমে হ্রাদ প্রাপ্ত হয়, কিন্তু গ্যাল্ভ্যানিক স্রোত দম্বনীয় প্রতিক্রিয়া অধিকতর সময় পর্যান্ত সমতাবস্থায় থাকে। পাঁচ অথবা ছয় সপ্তাহের পরে ফ্যারাডিক ক্রিয়া প্রনরাগত হইতে আরম্ভ হয়। রোগ আরোগা না হইলে তুই অথবা তিন মাসের মধ্যে গৌণ সংকৃচিত ভাবের (ক্রেntracture) আরম্ভ হয়, এবং কিয়ংকাল পরে আক্রান্ত পার্শ্বে আক্রন্ততা জন্মে। অনেক কাল পরে হাল্ড সদৃশ কার্যাদিতে আক্রান্ত পার্শের অভিশয় চালনা হয়।

রোগ-নির্বাচন।—ক্ষুদ্র শিশুদিগের মধ্যে বাতীত কোন পার্শ্বে রোগাক্রমণ হইয়াছে তাহার নির্দ্ধারণ কোন প্রকারেই কঠিন নহে, সামান্ত পর্য্যবেক্ষণই তৎপক্ষে যথেষ্ঠ। পক্ষাঘাত মস্তিক্ষ সংস্কৃতি হইলে রোগী চক্ষু মুদ্রিত করিতে পারে, এবং স্নায়ুর উর্দ্ধাথা সামান্তই আক্রান্ত হর। অপকৃত্বতা (degeneration) সংস্ক্রবীয় প্রতিক্রিরা থাকে না।

রোগের মূল সায়বিক কোষাস্কুর সংস্কৃতি হইলে ডিফ্থিরিয়া বা মারাত্মক গল-ক্ষতের অথবা দীসক বিষাক্ততার বিবরণ, মেডালা অব্ লঙ্গেটা সংস্কৃতি রোগের এবং অভ্যান্ত মন্তিষ্কীয় সায়বিক কেন্দ্রের আক্রমণের অন্তান্ত প্রমাণ প্রাপ্ত হওয়া যায়।

মস্তিক তলদেশে রোগ-মূল নিহিত থাকিলে, শ্রবণেন্ত্রির সংস্কৃত্ত এবং ক্ষক্তান্ত মস্তিকীয় স্নায়্র আক্রমণ হয়, অথবা মস্তিকীয় উপদংশের প্রমাণ প্রাপ্ত হওয়া যায়।

ভাবীফল।—সাধারণতঃ শুভ, কিস্কু অনেক সময়েই আরোগ্য সম্পূর্ণতা পায় না। পাঁচ হইতে আট মাস পর্যান্ত রোগের সাধারণ স্থায়িত্ব। উপদংশ সংস্কৃতি রোগে ভাবীফল তাদৃশ শুভকর নহে।

চিকিৎসা-তত্ত্ব।— স্নায় প্রদাহ রোগে উল্লেখিত ঔষধাদি দারা ইহারও চিকিৎসা করিতে হইবে।

আকুষঙ্গিক-চিকিৎস। ।---সায় প্রদাহ রোগের ভার ইহাতেও আক্রান্ত পেশীনিচয়ের নিরবাচ্ছন বিশ্রাম নিতান্ত প্রয়োজনীয়। অনাবশুক স্থলে আক্রান্ত শরীরাংশের নাড়াচাড়া অথবা যে কোন প্রকার চালনা সম্পূর্ণ এক অথবা হুই সপ্তাহের জন্ম সম্পূর্ণ আক্রান্ত মুখপার্শ্বের উপর কোমল বস্ত্রথণ্ড (lint), অথবা তদপেক্ষাও উৎকৃষ্টতর শোষক তুলা অবস্থাপিত করিয়া আবদ্ধ রাখ্রিত হইবে। এক্ষণে ইহা স্থানাস্তরিত করিয়া গ্যাল্ভ্যানিক বিহাচ্ছোতের প্রয়োগারস্ত করিবে। রোগী এবং স্বজনবর্গের জ্ঞাত থাকা উচিত, ইহার পরিমাণাধিক প্রয়োগ বিশেষ অনিষ্টকারী। এন্থলে চিকিৎসকের উপরে সম্পূর্ণ নির্ভর করাই কর্ত্তবা, অবশুই তিনি রোগীর অবস্থানুসারেই কার্য্য করিবেন, সন্দেহ নাই। বিহ্যচেছ্।তের প্রয়োগ সম্বন্ধে ডাঃ কাউপার থোয়েট প্রচলিত হইতে সম্পূর্ণ বিপরীত বাবস্থা করিয়া থাকেন। আমরা উৎক্লুউতর বিবেচনায় এইরূপ পদ্ধতিই প্রসংশনীয় বলিয়া গ্রহণের উপদেশ করিলাম। নানাবিধ গতিদ সায়ুর স্থানে পজিটিভ ্রুত্ব ) এবং স্নায়ুর বহির্গমনস্থলের উপরে নিগেটিভ ইলেক্ট্রোড স্থাপিত করিবে, পরে অতীব ধীর গতিতে হুই অথবা তিন মিলিয়্যাম্পিয়ার শক্তিতে পরিমাণ বর্দ্ধিত করিয়া প্রায় তিন মিনিট তদবস্থায় রাখিবে, ক্রমে হ্রাস করিবে। এক সপ্তাহকাল প্রতিদিন একবার করিয়া ইহার প্রয়োগ করিতে হুইবে। পরে স্নায়ুর নির্গমণ স্থানের উপরে পজিটভ, এবং নানাবিধ গতিদ স্নায়ুর বহিরাগমন দেশের উপরে নিগেটভ পোল স্থির রাথিয়া ধাতৃ-চক্রবাহী (metallic circuit) স্রোতের বাধা জন্মাইতে হইবে। আক্রান্ত পেশীর সংকোচনোৎপাদনে সক্ষম সর্বাপেক্ষা মৃহতর স্রোতের ব্যবহার করিয়া প্রতি স্থানে এক মিনিট কালের প্রয়োগ এবং চারি অথবা পাঁচ বার বাধা দেওয়া কর্ত্তব্য। প্রতি দিন এইরূপ প্রয়োগ করিবে। কোন উপায়ে চকু রক্ষা করিয়া যাইবে।

# জহ্বা-গল-কোষ স্নায়ুর পক্ষাঘাত বা প্যারা লিদিদ অব দি প্লদ-ফ্যারিঞ্জিয়াল নার্ভদ্।

(Paralysis of Glosso-Pharyngeal Nerves.)

বিবরণ।—এই সায়ুরোগ প্রধানতঃ প্রদাহ, অর্ব্ধুদ, বিশেষতঃ উপদংশ, এবং ধমন্তর্ব্ধুদ (aneurysms) হইতে উৎপন্ন হয়। জাগুলার ভেইন বা শিরার কার্যোর বাধা বশতঃ ইহী আক্রান্ত হইতে পারে।

ইহাতে গল-কোষের (pharynx) উদ্ধিদ্ধি অংশের স্পর্শলোপ জন্মে, জিহবার পশ্চাৎ অর্দ্ধের স্বাদামূভূতির অপচয় ঘটে এবং গল-কোষ সংস্কৃতি পেশীর পক্ষাঘাতের ফল স্বরূপ গলাধঃকরণে কন্তামূভূতি জন্মে। গল-কোষের প্রতিক্ষেপের অভাব সংঘটিত হয়।

চিকিৎসা-তত্ত্ব।—অতি অল্প সংখ্যক প্রাথমিক রোগ জন্মে, এবং ল্যোক্তেসিস্স দ্বারা উপকার হইতে পারে। উপদংশ রোগ কারণ হইলে ক্তেলি আহ্যুক্ত ইত্যাদি তাহার ঔষধ। অবশ্র সম্ভব হইলে কারণের অপসারণ কর্ত্তব্য।

## ৫। ফুস্ফুস্-আমাশয়য়ায়ৢর পক্ষাঘাত বা প্রারালিসিস অব দি ভেগাস নার্ভ।

(Paralysis Of The Vagus nerve.)

কারণ-তত্ত্ব।—প্রায়শঃই সায়ু পথের কোন অংশের সন্নিহিত উপাদানের রোগের ফলস্বরূপ ইহা জন্মে। রস-বাত ইহার কারণ । 
ইইতে পারে, অথবা গুড়োকার মায়বিক প্রদাহের ভোগকালে ইহা উপস্থিত হয়। অনেক সময়েই মারাত্মক গলক্ষতান্ত (Postdiphtheritic) পক্ষাঘাতে ইহা আক্রান্ত হইয়া থাকে। সন্নিপাত জ্বর-বিকার (typhoid fever), কুসকুস প্রদাহ বা নিউমোনিয়া, আরক্ত জ্বর, ম্যালেরিয়া,

কলেরা এবং ইন্ফুরেঞ্চা প্রভৃতি অনেক সমরেই ইহার কারণরূপে বর্ত্তমান থাকে। সুরা-বীজ, সীসক, আর্মেনিক এবং মর্ফাইন প্রভৃতি প্রধান প্রধান বিষবস্তার বিষক্রিয়া হইতেও ইহা সভ্যটিত হইতে পারে।

মস্তিক মূলের নানাবিধ অবস্থা করোট্যভাস্তরে এই সায়ুর ক্রিয়ার বাধা উপস্থিত করিতে পারে। মস্তিদ্ধাভান্তরাণ শোণিত সঞ্চলনের বিশৃঙ্খলা. বিশেষতঃ কলেরুকাদণ্ডের এবং নিমু মস্তিষ্ক ধমনীর, অমুপার্শ্ব লৈরিক সীতার, অথবা জাগুলার শিরার (vein) রক্তচাপাবরোধ (thrombosis) ইহা উৎপন্ন করিতে পারে। অর্ক.দ, আঘাত অথবা গ্রীবার অস্ত্র-চিকিৎসা এই সায়ু চাপিত করিতে অথবা ইহার ক্ষতি উৎপন্ন করিতে পারে। রক্তহীনতা অথবা স্বায়ুসম্ভত ক্রিয়াগত রোগে ফুসফুস-আমাশ্য্রিক স্বায় (vagus) সংস্ষ্ট লক্ষণ উপস্থিত থাকিলে, যদি যন্ত্ৰগত হয়, তাহারা কেন্দ্রোৎপন্ন বলিয়া বিবেচিত হয়।

লক্ষণ-তত্ত্ব ৷---রোগ যদি এক পার্শ্বিক হয়, এবং অপায় মস্তিষ্ক-মূল নিহিত থাকে, পক্ষাঘাত স্বর-যন্ত্র এবং গল-কোষের এক পার্শ আক্রমণ করে। কথা কহিবার চেষ্টাতেও তালু শিথিলভাবে ঝুলিতে থাকে। কথা বলিতে অমুনাসিক মুর হয়, কিন্তু গলাধঃকরণে বিশেষ বাধা জন্ম না। শব্দোচ্চারণে স্বর-তন্তর গতি হয় না. কিন্তু তাহা মধ্য রেখায় থাকে। গ্রীবার উর্দ্ধ দেশস্থ ক্ষতি (injury) হইতেও কার্য্যতঃ সম-অবস্থা 'উপস্থিত হয়।

শাস-প্রশাস বর্দ্ধিত, অথবা হ্রাস প্রাপ্ত, অথবা অনিয়মিত হইতে পারে। শ্বাস-প্রশ্বাস-লক্ষণের স্থিরতা থাকে না। এই পক্ষাঘাত দ্বারা সশব্দ দীর্ঘ খাসযুক্ত নিউমোনিয়া উৎপন্ন হইতে পারে। মক্তিক্ষ-মূলের যে রোগ এই সায়ু আক্রান্ত করে তাহাকে প্রভেদিত করিতে দর্বস্থলেই অক্সান্ত করোট-সায়-রোগের চিহ্ন উপস্থিত থাকে।

ব্লেকারেণ্ট-স্বর-বন্ত্র-স্নায়ুর পক্ষান্বাতে স্বর-তস্ত নি**জ্জী**ব অবস্থায় আবস্থিত হয়। স্থর গলাভাঙ্গা হয় এবং কর্ক শভাব ধারণ করে। ছি-পার্শ্বিক রোগে স্বর-লোপ এবং শ্বাস-কৃচ্ছ জন্মে।

চিকিৎসা-তত্ত্ব।—ল্যাকেসিস্, রাসটক্স, কষ্টি-কাম, এবং ফস্ফরাস ইহার প্রচলিত ঔষধ মধ্যে গণ্য। রোগীর ধাতু প্রকৃতি, লক্ষণ সাদৃশ্য এবং কারণীভূত রোগের প্রতি লক্ষ্য রাধিরা ঔষধ প্রয়োগে স্কলের আশা করা ষায়।

গুনাবায় এবং স্নায়বিক হৰ্মলতা ঘটত রোগে ইপ্লোসিস্তা, নাক্স্ ভনিকা এবং জিঙ্ক ফস্ফাইড ইত্যাদি ঔষধের লক্ষণ উপস্থিত হয়।

আকুষঙ্গিকচিকিৎসা।——নিতান্ত প্রন্নোজন বশতঃ শ্বর-বদ্রের সামান্ত ব্যবহার ব্যতীত সম্পূর্ণ বিশ্রাম দেওয়ার আবশ্রক।

বৈহাতিক স্রোতের প্রয়োগ ইহার অন্ততম উৎকৃষ্ট চিকিৎসা। রোগের প্রথমাবস্থায় কেবল গাাল্ভানিক স্রোতের ব্যবহার করে। রোগ বতই তরুণ, অথবা তীক্ষই হউক সর্বস্থলেই ইহার ব্যবহার করা উচিত। সম্পূর্ণভাবে সংযোগের উপযুক্ত ইলেক্ট্রোড্-চাক্ব্রিকর পজিটিভ-পোল গ্রীবা-পশ্চাতের উপরে স্থাপিত করিবে। নিগেটিভ পোলস্ সাধারণ ক্ষুদ্র ইলেক্ট্রোড্ অধঃ চোয়াল এবং গ্রীবা নির্মিত কোণের উপরে রক্ষিত এবং স্বর-যন্ত্রের পার্থ বাহিয়া নিমে কণ্ঠাস্থি পর্যাস্ত ধীরে চালিত করিতে হইবে, রোগ এক অথবা দ্বি-পার্শ্বিক হউক পর্যায়্ব ক্রমে প্রত্যেক পার্শেই স্রোতের প্রয়োগ করিবে। রোগের প্রাথমিক অবস্থায় হুই অথবা তিন মিলিএম্পিয়ার শক্তির এবং শেষাবস্থায় তাহার অনেক প্রবলতর শক্তির স্রোতের ব্যবহার কর্ত্তব্য। ইহার সহিতই সাধারণ ক্ষুদ্র ইলেক্ট্রোড্, যে পর্যান্ত চিবুক বাধা প্রদান না করে, স্বর-যন্ত্রের প্রত্যেক পার্শ্বে প্রয়োগ করিতে হইবে, এবং নিমে কণ্ঠান্থি পর্যান্ত টানিয়া লইতে হইবে, পরের ইলেক্ট্রোড্ উন্টা করিয়া পূর্বের ক্রায় নিয়াভিমুণ্থে টানিয়া লইতে হইবে,

সাধারণতঃ ইহা গলাধঃকরণের গতি উৎপন্ন করে। রোগ অতি তরুপ হইলে ছই অথবা তিন মিলিএম্পিয়ার-শক্তি অপেক্ষা অধিকতর ব্যবহার করা যুক্তি সঙ্গত নহে, নাতিপ্রবল রোগে গলাধঃ করণের গতি উৎপন্ন করিতে পারে, এ পরিমাণ শক্তির স্রোতই যথেষ্ট। এই প্রকার চিকিৎসার প্রত্যেক অংশ তিন মিনিটের অধিক স্থায়ী হওয়া উচিত নহে।

কোন কোন স্থলে শ্লৈমিক ঝিল্লিতে প্রয়োগ যুক্তি সঙ্গত বলির।
বিবেচিত হইতে পারে, বিশেষজ্ঞ চিকিৎসক ব্যতীত তাহাতে হস্তক্ষেপ
করা অমুচিত।

কোন কোন গ্রন্থকর্ত্তা সমপ্রকারেই ফ্যারাডিক স্রোত-ব্যবহারের উচ্চ প্রশংসা করিয়াছেন। ডাঃ কাউপার পোয়েট বলেন, "আমি ক্রিয়াগত রোগ, গুল্ম-বায়ু অথবা স্নায়বিক হুর্বলতাদি সংস্ঠ রোগে এই প্রকার বিছাচ্ছ্রোত দ্বারা চিকিৎসায় উপকার পাইয়াছি, কিন্তু অক্যান্ত রোগে ইহার কার্য্যকারীতায় সন্দেহ করি"। অঙ্গ সংবাহন-রূপে ইহার ব্যবহার করা উচিত। গ্রীবা সংবাহনে বিশেষ প্রকার হন্ত চালনার প্রয়োজন।

### ৬। এক্সেসোরিয়াস্ সায়ুর পক্ষাঘাত অথবা প্যারালিসিস অব দি এক্সেসোরিয়াস নার্ভ।

( Paralysis of the Accessorius Nerve )

কারণ-তত্ত্ব—গ্রীবা-কশেরক মজ্জার মূল, অথবা গ্রীবা কশেরকা রোগাক্রান্ত হইলে ইহা জন্মিতে পারে; এবং গুটিকোৎপত্তি (tuberculosis) অথবা উশদংশ ফরেমেন ম্যাগ্রামে তীব্র নির্য্যাসোৎপন্ন করিলেও ইহা জন্মে। অর্ব্যুদ অথবা অভিঘাত ইহা উৎপন্ন করিয়া থাকে। আধুনা এরূপ রোগও দেখা যার যাহা এই স্নায়ুর সম্মন্তুত প্রদাহের ফল ৰলিয়া বিবেচিত হওয়া উচিত। ইহা এক অথবা উভয় পার্শ্বে সংঘটিত হুইতে পারে।

লক্ষণ-তত্ত্ব।—ইার্ণম্যাষ্টইড এবং ট্রেপিজিয়াস পেশীর অসম্পূর্ণ পক্ষাঘাত জন্ম। রোগ দি-পার্শ্বিক হইলে উর্দ্ধে মস্তক ধারণ করা কঠিন, তাহা পশ্চাতে হেলিয়া পড়ার উপক্রম হয়, এবং কষ্টেশপ্তরু করা যাইতে পারে। রোগ এক পার্শ্বিক হইলে মস্তক এবং চিবৃক সহজে বিপরীত পার্শ্বে আবর্ত্তিত করিতে পারা যায় না। এই সকল স্নাম্বিক ক্রিয়া সংস্কৃত্বি বিয়য়াদি গ্রন্থান্তরে পাঠ করিলে পাঠকের উল্লেখিত লক্ষণাদি বিষয়ে সম্পূর্ণ ধারণা জন্মিবে। অনেক সময়েই অপক্ষত্বার প্রতিক্রিয়া বর্তুমান থাকে।

ভাবীফল।—প্রথমত: বে রোগ হইতে ইহা জন্মে, ভাবীফল তাহারই উপরে নির্ভর করে। কথিত সম্বস্তুত রোগে অনেক সমরে তীক্ষতর ক্রমবর্জন-প্রবণতা দৃষ্ট হয়। শীঘ্র এই ক্রমবর্জনের সংশোধন, অথবা বাধা-সভ্যটিত করিতে পারিলে ক্রত আরোগ্যের আশা করা যাইতে পারে।

চিকিৎসা-তত্ত্ব।—সাধারণতঃ স্বায়বিক প্রদাহ-রোগের স্থানাছ-সারে পরিবর্ত্তিত করিয়া, এবং যে রোগ হইতে ইহা জন্মে তাহার অমুসরণ করিয়া ইহার চিকিৎসা করিতে হইবে। পাঠক এই গ্রন্থের যথাস্থানে তাহার অমুসন্ধান করিয়া লইবেন।

আনুষ্ক্লিক চিকিৎসা।—সর্বস্থলেই অন্তান্ত বহিঃপ্রসারী স্নায়-বিক পক্ষাঘাতে উল্লেখিত গ্যাল্ভ্যানিক এবং ফ্যারাডিক বিহ্যচেছ্রাতের যথা প্রণালী ব্যবহার কর্ত্ব্য।

### ৭। জিহ্বা-অধঃস্নায়ুর পক্ষাঘাত বা প্যারালিদিদ অব দি হাইপ-গ্লদাল নার্ভ।

( Paralysis of the Hypoglossal Nerve. )

কারণ-তত্ত্ব।—সায়বিক কন্দ এবং করোট্যন্তর অপায় হইতে ইহা ক্ষমে। অর্দ্ধাঙ্গ-রোগে প্রায় সর্বস্থিতেই রোগের অক্সান্ত কারণের মধ্যে ইহাও একটি কারণরূপে (factor) বিশ্বমান থাকে, কিন্তু ভাহাতে জিহ্বার ক্ষর থাকে না। মেডালার রোগে জিহ্বার ক্ষরের সহিতও ইহা উপস্থিত হইয়া থাকে। করোটি মূলের উপরে অর্ক্চ্ন, পশ্চাৎ করোটি থাতের রোগ, কশেরুকধমনীর ধমন্তর্ক্ত্ব্ন, উদ্ধরীবা-কশেরুকার স্থানচ্যুতি, এবং স্থুল-জল-কৌষিক ক্রমি (hydatid) প্রভৃতি এই সায়্র বহিঃপ্রসারণের রোগোৎপন্ন করিতে পারে। অভিঘাত এবং অস্ত্র-চিকিৎসাও ইহার কারণ হইতে পারে। কথন কথন জিহ্বার আজন্ম ক্ষর দেখিতে পাওয়া বায়, অথবা গ্রীবা-কশেরুকমজ্জার গ্রন্থির আকার ক্ষ্ততর অর্ক্ত্ব্ন (syringomyelia) সহ উপস্থিত হইতে পারে।

লক্ষণ-তত্ত্ব।—জিহবার মুখ-গহবর-তলদেশে স্থিরভাবে অবস্থিতি কালে, সম্ভবতঃ জিহবাগ্র স্বস্থ পার্শাভিমুখে কিঞ্চিৎ আবর্ত্তিত হয়, কিস্তু জিহবা বাহির করিলে, জিহবাগ্র আক্রান্ত পার্শ্বে আবর্ত্তন করে; এক পার্শ্বিক রোগ হইলে মুখাভাস্তরে জিহবার কপ্তে চালনা করা যায়। স্বস্থানচ্যুতির পরিমাণ পক্ষাঘাতের সম্পূর্ণতার উপরে নির্ভর করে। ইহার পরেই জিহবার স্ক্র্ম কম্পের সহিত ক্ষম্ম জয়েয়। য়িদ কেবল একপার্শ্ব আক্রান্ত থাকে, বিপরীত পার্শ্ব অপেক্ষা আক্রান্ত পার্শ্ব জিহবা স্ক্রমতর ও ক্ষ্মতের হয়, এবং সংকৃচিত এবং তৃবড়াযুক্ত দেখায়। কেবল আংশিকরূপে অপরক্ষতার প্রতিক্রিয়া উপন্থিত থাকে। কথা বলায় এবং গলাধ্যকরণে সামান্তই কন্ত হয়। যাহাই হউক, য়িদ উভয় পার্শ্ব বিকারগ্রন্ত হয়, বাক্য এবং গলাধ্যকরণ উভয়েরই ম্পন্ততর দোষ জয়েম। একার্দ্ধের জন্য যে সকল লক্ষণের বর্ণনা করা হইল, সহজেই উভয়ার্দ্ধেই বর্ত্তমান থাকিবে; অবশ্বই জিহবাগ্রের স্বস্থানচ্যুতি উপস্থিত হইবে না এবং জিহবা বাহির করার কন্ত অথবা সম্পূর্ণ অপারকতা ঘটিবে।

ভাবীফল।—সাধারণতঃ বহিঃপ্রসারী স্নায়্র পক্ষাঘাতের ভাবীফল ভভ, কিন্তু রোগমূল কেন্দ্র-নিহিত থাকিলে কারণের উপরে নির্ভর করে।

### চিকিৎসা-তত্ত্ব।—অস্তান্ত বহি:প্রদারী পক্ষাবাতের সমপ্রকার।

### ৮। সায়্র অববুদাদি বা নারভ টুমার্স।

(Nerve Tumors.)

বিবরণ । সায়রজ্জুতে অথবা সায়ুরজ্জুর উপরে সায়বিক অর্ক্ দ্, উপদংশার্কা দু (syphiloma), প্রায়মা বা স্নায়-গ্রন্থিল অর্ক্ দ্, সার্কোমা বা মাংশার্কা দু, তান্তবার্ক্ দ বা ফ্রাইরোমা এবং মাইক্সমা উপস্থিত হইতে পারে। এই সকল অর্ক্ দু অন্যান্য উপাদানে উপস্থিত হইলে যেরূপ সাধারণ প্রকৃতি প্রকাশ করে এস্থলেও তাহা রক্ষা হয়। একটি মাত্র স্নায়-অর্ক্ দু উপস্থিত হইতে পারে, অথবা অনেকগুলি একটি মাত্র স্নায়-কাণ্ডের উপরে দেখা দিতে পারে। ইহারা একটি মাত্র স্নায়-কাণ্ডে সীমাবদ্ধ থাকিতে পারে অথবা অনেকগুলি কাণ্ড আক্রমণ করিতে পারে।

বেদনাই ইহার প্রধান প্রকৃতি। ক্রমবর্দ্ধিষ্ণু, অনেক দিন স্থায়ী, কঠিন ও লগ্ন বেদনার সহিত স্থান বিশেষে চাপে বেদনা উপস্থিত থাকে, স্নায়ু-প্রদাহের কোন লক্ষণ পাওয়া যায় না, এবং স্নায়ু-শূলে যেরপ থাকা উচিত তদপেক্ষা অধিকতর অবিশ্রান্ত ভাব ধারণ করায় বর্ত্তমান রোগ সম্বন্ধীয় সন্দেহের যথেষ্ট কারণ হয়। উপরিদেশের কোন স্নায়ুকাণ্ডের উপরে অথবা কাণ্ডাভ্যস্তরে অর্ক্র্দের উৎপত্তি হইলে সাধারণতঃ সংস্পর্শন দ্বারা ক্ষীতি প্রকাশ পাইবে। অপিচ অধিকাংশ স্থলে অর্ক্র্লুদ বিশেষের সাধারণ অবস্থা ব্যতীত অন্য কোন লক্ষণ পাওয়া যায় না, আক্রান্ত স্নায়ুতে চাপ-লক্ষণ থাকিতে পারে। অবিশ্রান্ত বেদনার ফল স্বরূপ অনেক সময়েই মাংসের ক্ষয় (marasmus) সংঘটিত হয়। ক্রম বৃদ্ধির প্রকৃতি এবং মাংসের ক্ষয় ব্যতীত জীবন সম্বন্ধে অন্য কোন অমঙ্গলের কারণ দেখা যায় না।

চিকিৎসা-তত্ত্ব ৷—অন্যান্য শরীর স্থানের নির্দ্ধোষ অর্ক্তুদ সম্বন্ধীয়

চিকিৎসায় বে সকল ঔষধের ব্যবহার হইরা থাকে এস্থলেও তাহারই প্রয়োগ হর। ফলতঃ ধাতুগত ঔষধের ব্যবহারে আমরা কতিপর স্থলে রোগারোগ্য করিয়াছি। রোগ উপদংশজ হইলে উপদংশ রোগে লিখিত ঔষধাদির ব্যবহার ফলপ্রদ।

আকুষ ক্লিক-চিকিৎ সা।— সম্ভব্য স্থলে অর্ক্ট্র্ন স্থানাম্ভরিত করাই উৎকৃষ্ট চিকিৎসা। বেদনার নিবারণ অথবা নিদ্রার সাহায্য জন্য অধিকাংশ স্থলেই বাধ্য হইরা মাদক অথবা নিদ্রাকর বস্তুর ব্যবহার করিতে হয়। অন্যান্য স্থলে ইহার ব্যবহারে যে সাধারণ সাবধানতা এবং নির্মাবলম্বনের আবশ্যক এস্থলেও তদ্রপই করিতে হইবে।

### ৯। তরুণ উর্দ্ধগামী পক্ষাঘাত বা একুট এসেণ্ডিং প্যারালিসিস। লণ্ড্রিজ্পক্ষাঘাত বা লণ্ড্রিজ্প্যারালিসিস।

( Acute Ascending Paralysis, Landry's Paralysis).

বিবরণ।— অধুনা রোগের সর্বাঙ্গ পুষ্ঠ, পৃথগ্ভূত এবং স্কুম্পষ্ঠ প্রতিক্ষতির উপলদ্ধি হইয়াছে। তাহাতে গুরুতর আময়িক বিধান-পরি-বর্তনের মাত্র আভাস পাওয়া যায়, কিন্তু পরিবর্তন সম্বন্ধীয় প্রকৃত জ্ঞানের অভাব দ্র হয় না। ভিন্ন ভিন্ন মতাবলম্বী চিকিৎসকগণ মেরুদগুরজ্জু, ধুসর পদার্থ, মেডালা অথবা বহিঃপ্রদারী স্নায়ুতে সংস্থান পরিবর্তনের ক্রিয়াছেন, কিন্তু তথাপি এপর্যান্তও কোন একই প্রকার পরিবর্তনের আবিষ্কার হয় নাই, ষাহাকে এই রোগের সহিত সম্বন্ধযুক্ত বলা যাইতে পারে। ইহা কৈন্দ্রিক কশেরুক মজ্জা-প্রদাহ বলিয়া কথিত হইয়াছে। তাহাও হইতে পারে, কিন্তু এপর্যান্তও তাহা সপ্রমাণ হয় নাই।

কারণ-তত্ত্ব।—বিষ ইহার প্রধান কারণ। ইহা সন্দেহাতীত যে নানাবিধ বিষ বীজ অথবা অফুদগুকবীজাণু (bacteria) ইহার মৌলিক কারণ। টাইফয়েড ফিবার, নিউমোনিয়া, ইন্ক্লুয়েঞ্জা, ডিফ্পিরিয়া, ছপিংকফ, প্রসব, গনরিয়া, এছ্রাক্স্ এবং বসস্ত বা স্থলপক্স অপিচ সেপ্তিসিমিয়ার পরে ইহা উৎপন্ন হইতে পারে। এরূপও অনেক রোগ দৃষ্টিগোচর হয় যাহাতে অফুদশুক রোগবীজাণু রোগের মূল অথবা সংক্রমণের আকর বলিয়া নির্দেশ করা যায় না, তথাপি এই সকল রোগীর মধ্যেই কোন কোন টির মৃত্যুর পর শবচ্ছেদে অফুদশুক রোগবীজাণু দৃষ্টি আকর্ষণ করিয়াছে। স্করাবীজের ব্যবহার রোগের কারণ বলিয়া মত প্রকাশিত হইয়াছে। উপদংশও রোগের কারণ মধ্যে গণা, কিস্কু ডাঃ কাউপার থোয়েট এ

লক্ষণ-তত্ত্ব ৷—সম্ভব ১ইতে পারে, দৃষ্টতঃ রোগীর অবস্থা সম্পূর্ণ স্থাব বিষয় প্রতীয়মান হয়। যাহাই হউক স্বস্থলেই এরূপ ঘটে না। কোন পূর্ব্বগামী রোগ জন্য রোগী হুর্বল থাকিতে পারে, অথবা কোন পরিশ্রম অথবা মানসিক উত্তাক্ত ভাব বশতঃ তাহার বলক্ষয় ঘটিতে কিয়দিবস পূব্দ হইতে সাধারণ অস্বস্থির অনুভূতির সহিত নিমাঙ্গে অস্বাভাবিক অমুভূতির উদম হইতে পারে। যাহাই হউক, আক্রমণ যেন হঠাৎ বলিয়া অনুমিত হয়। এক অণবা উভয় নিমাঙ্গে চৈতন্যাধিক্যের অমুভূতি জন্মে, এবং তাহার সহিত নিম্নাঞ্চের গতি সংস্কৃষ্ট পক্ষাঘাতের আরম্ভ হয়; এবং তাহা যেন ক্রত গতিতে শরীরোদ্ধাভিমুথে বিস্তত হইয়া ক্রমশঃ দেহ কাণ্ডোর্দ্ধ বাহিয়া যায়। এক হইতে তিন দিবসের মধ্যে, সম্ভবতঃ চাপে অথবা মৃত্ব চালনায় ব্যতীত অতি সামান্যই বেদনা থাকে। চৈতন্তের বাধা জন্মে, কিন্তু কচিত লোপ হয়। শিথিল পক্ষাঘাত জন্মে এবং জামু-ঝাঁকি তিরোহিত হয়। সম্পূর্ণ আদর্শ রোগে স্নায়ুর এক থণ্ডের দেশ হইতে উদ্ধাভিমুথে অক্সান্ত থণ্ডের দেশ বাহিয়া যে পর্যান্ত কলবৎ গোলাকার স্নায়ুত্বংশে না যায় পক্ষাঘাত নিয়মিত রূপে চলিতে থাকে। এইরূপে পদ, জঙ্ঘা, বস্তি-দেশ, উদর, বক্ষ, বাছ, কণ্ঠা এবং মূথগছবর

পর পর পক্ষাঘাতাক্রাস্ত হয়। অধিকাংশ স্থলে উভয় পার্শ্বে প্রায় সমভাবের পক্ষাঘাত জন্মে। ঘটনাধীনে বোগের প্রসারণ একতর পার্দ্ধে কিঞ্চিৎ অধিক-তর ক্রত হয়। অতঃপর এক অথবা হুই সায়ুখণ্ড, তাহার উদ্ধ অথবা অধস্থ পঞ্জাপেক্ষা অতি স্বল্লতর আক্রান্ত হইতে পারে; ইহা এক অথবা উভয় পার্শ্বেই ঘটিতে পারে। শ্বাস-প্রশ্বাস, গলাধ:করণ, কথা বলা প্রভৃতি এবং তদবৎ অন্তান্ত বিষয় সম্বন্ধীয় কষ্টের সহিত এই সকল বিবিধ প্রদেশের পক্ষাঘাতের সর্ব্ব প্রকার সাধারণ চিহুই উপস্থিত হয়। রোগের উদ্ধাভি-মুখীন গতি যে কোন স্থানে বাধা পাইতে পারে এবং সহজে উল্টা নিয়মে পশ্চাৎ গমন করিতে পারে। এরূপ ঘটিলে স্থদীর্ঘ এবং কষ্টকর আরোগ্যা-বস্তা হয়। কখন কখন রোগ স্নায়ুর কন্দ বং গোলাকার অংশে আরন্তের অফুমান করা যায়: এরূপ স্থলে শীঘ্র জীবন শেষ হয়।

এই সকল রোগে ক্ষয় (atrophy) দৃষ্ট হয় নাই। অপরুষ্টতার প্রতিক্রিয়া বর্ত্তমান থাকে। বৈচ্যাতিক স্রোতে পৈশিক প্রতি ক্রিয়ার অপচয় ঘটে। কোন কোন হুলে মোমের ন্তায় পৈশিক অপকৃষ্ঠতা দৃষ্ট হইয়াছে। মৃত্র-স্থলী এবং সরলাম্ভ আক্রাস্ত হয় না। জর-লক্ষণাদি থাকিতে অথবা না থাকিতেও পারে। জান্তব পচনোৎপন্ন বিষ (sepsis) লক্ষণ প্রকাশিত না হইলে মানসিক অবস্থা পরিষ্কার দেখা যায়।

ভাবী ফল ৷--অধিকাংশ খলে অল্ল কতিপদ্ম দিবদের মধোই মৃত্যু সংঘটিত হয়, কখন কখন রোগের ধীর প্রসারণ প্রযুক্ত কতিপয় সপ্তাহ পরে মৃত্যু ঘটে। কন্দবৎ গোলাকার স্নায়ু-অংশ পর্য্যস্ত রোগ প্রসারণের পুর্বেই যদি তাহার রোধ ঘটে, শুভফলের অধিকতর সম্ভাবনা **থাকে**। সাধারণ ভাবে বলিলে, যত শীঘ্র অবরোধ এবং পশ্চাৎগতির আরম্ভ হয়, তদমুপাতে ভাবীফল শুভ বলা যায়।

চিকিৎসা-তত্ত্ব।—রোগ প\*চাৎগামী হওয়ায় আরোগ্যের সম্ভাবনা

উপস্থিত হইলে গুচ্ছাকার স্নায়্-প্রদাহের ঔষধের যথা নিয়মিত প্রয়োগ দারা চিকিৎসা করিতে হইবে।

### চতুঃচত্রারিংশ পরিচ্ছেদ।

### স্নায়ু-শূল বা নিয়ুরেল্জিয়া। ( NEURALGIA. )

### লেক্চার ২৯৭ (LECTURE CCLXXXXVII.)

সায়ুশূল সম্বন্ধীয় সাধারণ বিবরণ। (NEURALGIA IN GENERAL.)

সাধারণ বিবরণ।—শায়-শূলমাত্র স্নায়বিক বেদনা, ইহা তদ-পেক্ষা স্বল্লতর অথবা অধিকতর অন্ত কিছুই নহে। চিকিৎসক মণ্ডলীতে জ্ঞাত ইহার কোন আময়িক বিধান-বিকার নাই। আময়িক বিধান-বিকার দৃষ্টিগোচর হইলে রোগ স্নায়-শূল বলিয়া অভিহিত হয় না, আময়িক বিধান-বিকারান্ত্রসারে আখ্যাত হয়। ইহা সন্তব হইতে পারে যে কোন কারণ বশতঃ স্নায়্পদার্থের পৃষ্টিকর উপাদানের জৈব পরিবর্ত্তনের (metabolism) বাধা জন্মে, অথবা ইহাও সন্তব যে স্নায়্কাণ্ডে মাত্র বিবর্দ্ধিত অথবা অনিয়মিত কম্পনোৎপন্ন হয়। ইহা প্রায় সর্ক্ষ্থলেই অনিয়মিত আবেশে আবেশে ঘটে, যদিও কথন কথন সাময়িকতার এক মিনিটেরও ২ গ্রয় হয় না। বেদনা স্নায়্র এবং তাহার শাখা-প্রশাথার গতি বাহিয়া, মি, অথবা একটি ক্ষুদ্ধ স্থানে সীমাবদ্ধ থাকে।

স্নায়্শূল অল্লবয়স্ক শশুদিগের সাধারণ রোগ বলিয়া পরিগণিত হয় না, তথাপি যে কোন াসেই ঘটিতে পারে। কারণ অগণ্য। অনেক স্থলে কারণের নির্দেশ সম্পূর্ণ ই অসম্ভব।

প্রায় সর্বস্থলেই বংশাত্মক্রমিক অথবা স্বোপার্জ্জিত স্নায়বিক রোগ প্রবর্ত্তনা দৃষ্ট হইয়া থাকে। যে কোন অবস্থা জৈবরস, শারীরিক বল অথবা প্রতিরোধ শক্তির অপচয় সংঘটিত করে, এই রোগে প্রবণতা উৎপন্ন করিতে পারে। নানা প্রকারের অভিঘাত, অথবা রোগবীজসংক্রমণও ইহার কারণ বলিয়া বিবেচিত হইতে পারে। আমাশয় অথবা অন্ত্র পথে পরিপাক বিশৃত্বলা, কোষ্ঠবদ্ধ, সংক্ষেপতঃ যাহা কিছু ইহার পূর্বপ্রবর্ত্তক অথবা উৎপাদক হইতে পারে।

প্রতিক্ষিপ্ত উত্তেজনা একটি প্রধান কারণ মধ্যে পরিগণিত।

লক্ষণ-তত্ত্ব।—অবশ্র বেদনাই একমাত্র প্রকৃত লক্ষণ; অন্তান্ত যাহা কিছু বেদনা হইতেই উৎপন্ন।

এই বেদনা, তীক্ষ্ণ, গর্ত্ত করার ন্থায়, কর্ত্তনবং, জালাকর প্রভৃতি নানা বিধ হইতে পারে। কার্যান্তঃ সর্বস্থলেই সম্পূর্ণ বিরামসহ ইহা আবেশে আবেশে উপস্থিত হয়। যে সকল স্থলে সামান্ত অস্বস্তি অথবা অবিশ্রাপ্ত বেদনার অন্থমিতি মাত্র থাকে, তথায় সামগ্নিক বৃদ্ধি হয়। কোন সাক্ষাৎ কারণ বাত্তীত, আক্রাপ্ত অঙ্গের চালনা, চাপ, বেদনার দেশোপরে বায়ুর প্রবল সংস্পর্শ, স্পর্শমাত্র, প্রবল মানসিক ভাবাবেশ অথবা অন্থান্ত নানা বিষয় হইতে বেদনার আক্রমণ সংঘটিত হইতে পারে। পক্ষা-বাত হয় না, যদিও কোন কোন স্থলে বেদনার জন্ম অথবা ভীতিবশতঃ গতির রোধ ঘটে।

ইহার সহিত প্রায় সর্কাপ্রকার শোণিত্যন্ত্রগতিদ (vasomotor), নিংশ্রববাহী (secretory) এবং গতিদ স্নায়বিক বিশৃত্যলা উপস্থিত থাকিতে পারে।

আক্রান্ত অংশের উপরে চৈত্যাধিক্যের আকারে অনুভূতি বিশৃত্বলা, বিশেষতঃ, এমন কি একটি পালকের, মৃত্ন বায়ুস্রোতের, পরিহিত বস্ত্রের, অথবা অঙ্গুলির সামান্ত সংস্পর্শে সংঘটিত হয়। পক্ষান্তরে, সাধারণ নিয়ম এই ব্যুগভীর কঠিন চাপেও বেদনার বৃদ্ধি হয় না, এবং তাহা স্কুম্পষ্ট স্বন্ধি প্রদান্তিকরিতে পারে।

কোন কোন প্রকার রোগে পৈশিক আনর্দ্তন থাকে। বেদনা সাধারণতঃ স্নায়ুর প্রধান কাগুাংশে হয়, কিন্তু যে কোন শাথাতেও হইতে পারে। কাণ্ডভাগে হইলে, ইহা সম্পূর্ণ সম্ভব যে, অতি বৃদ্ধির সময় সকল শাখাতেই গমন করে।

নির্দিষ্ট কতিপয় স্থলে অস্থি হইতে সায়ুর বহির্গমনের স্থান চাপিত করিলে অথবা যে স্থানে স্নায়ু কঠিন পদার্থের উপরে চাপিত করিতে পারা যায় বেদনা হয়।

বেদনা অনেক দিন স্থায়ী হইলে সম্ভবতঃ সাধারণ স্বাস্থ্যের অবনতি ঘটে। চিন্তাশক্তির বিকার ঘটিতে পারে; সাধারণতঃ বিষাদবায়ুতে প্রবণতা জন্মে, আত্মহত্যারও প্রবৃত্তি জন্মিতে পারে।

রোগ-নিক্রাচন ৷---সায়-প্রদাহের সহিত মাত্র ইহার গোলমাল হইতে পারে। এরূপ অনেক রে'গ দেখা যায় যাহা প্রভেদিত করিতে পারা যায় না। কিন্তু স্নায়ু-প্রদাহে গভীর চাপে সাধারণতঃ বেদনার বুদ্ধি হয়, প্রদাহের প্রকোপসহ বেদনা লগ্নভাব ধারণ করে এবং গতিবিষয়ক ও অনুভাবক লক্ষণ উপস্থিত থাকে।

যে পর্যাম্ভ প্রত্যেক সম্ভবনীয় কারণ পরীক্ষিত না হইয়াছে, এবং প্রত্যেক সম্ভব্য বিষয় আলোচিত না হইয়াছে, রোগ নির্বাচিত হইয়াছে বলিয়া স্বীকার কয়া যায় না: অর্থাৎ সম্ভব হটলে রোগ নির্বাচনের সহিত কারণের আবিষ্কার অত্যাবশ্রকীয়।

অক্সান্ত রোগের ভোগ কালে বেদনা, এবং সাধারণ সায়ু-শূলের প্রকৃতি-যুক্ত বেদনা এত অধিক সময়ে সজ্বটিত হয়, যে অনেক সময়েই কোন রোগ উপস্থিত থাকিলে, বেদনা তাহার জন্ত অথবা সহগামী কোন স্নায়ুশুলের জম্ম তাহার নির্দ্ধারণ অবশ্র কর্ত্তব্য মধ্যে গণ্য হইয়া থাকে।

ভাবীফল।—ইহা অনেকাংশে কারণ, রোগীর বয়স এবং সাধারণ অবস্থার উপরে নির্ভর করে ৷ স্পষ্টতঃ লগ্নভাব ধারণ করাই সায়ু-শূল রোগের প্রকৃতিগত ধর্ম ; সাধারণতঃ ইহা সম্পূর্ণ নিয়ম রহিত ; অতি শীঘ্র শীঘ্র পুনরাক্রমণ হইতে পারে, এবং পরে স্থানীর্ঘ বিচ্ছেদ ঘটে, কতিপর বৎসর ধরিরাও এইরূপ হইতে পারে। সাধারণ ভাবে ভাবীফল শুভ জনক বলিয়া বিবেচিত।

চিকিৎসা-তত্ত্ব। — সায়ুস্থল অতীব বন্ধুণাপ্রদ এবং আরোগ্যে যৎপরোনান্তি কঠিন। ইহার কারণীভূত অবস্থাদিও অতীব বিস্তৃত এবং বন্ধুসংখ্যক। ফলতঃ শারীরিক প্রত্যেক বন্ধুগত অথবা ক্রিয়াগত বিকারই সাক্ষাৎ অথবা গৌণভাবে ইহার উত্তেজ্ধনার কারণ হইতে পারে বলিলে, বোধ হয়, কোনই অত্যুক্তি দোষ ঘটে না। অতএব চিকিৎস। সৌকর্য্যার্থ চিকিৎসকের তদ্বিষয়ক জ্ঞান অত্যাবশুকীয়। নিম্নে আমরা তাহার উল্লেখ করিতেছি:—

- ১। মূত্র——> ৪ ঘণ্টার মূত্রোপাদানের পরিমাণ সংস্কৃষ্ট পরীক্ষার আবশুক। তাহাতে পরিপাক সম্বন্ধীয় বিকারের উপলব্দি হয়, এবং বিশেষ প্রকারের পরিপাক দোষ নিবন্ধন যে পোষণ বিপর্য্যয় উপস্থিত থাকে; তাহা চিকিৎসার পথ প্রদর্শন করে। ফলতঃ মৃত্র স্বাভাবিক অবস্থায় আনমনের প্রতি দৃষ্টি রাথিয়া চিকিৎসা করিতে হইবে।
- ২। শোণিত-—শোণিত পরীক্ষায় যে দোষের আবিষ্কার হয়, সম্ভব হইলে সংশোধনের আবশুক।
- ৩। পরিপাক পথাদি—পরিপাক সম্বন্ধীর অনুসন্ধান কর্ত্তব্য; আমাশরের পরীক্ষা দারা পরিপাকের কোন গুরুতর দোষের বিষয় জ্ঞাত হওয়া আবশুক। আগ্রিক অবস্থাবিষয়ে অনুসন্ধানের প্রয়োজন। ডাঃ কাউপার থোয়েট বলেন, "অনেক স্থলে আমি মলপূর্ণ কোলনাস্ত্রের মল স্থানাস্তরিত করায়, শরীরের নানাবিধ স্থানের অনেকদিন স্থায়ী, বিরতিহীন এবং অদম্য স্নায়ু-শূল তৎক্ষণাৎ অন্তর্জ্ঞান করিয়াছে।" কোন এক কোলনাক্রে রোগের কারণ অবস্থিত হইতে পারে। সর্বান্ধ, সিগুময়েড

ক্লেক্সার বা বক্রাংশ এবং অধোগামী কোলনান্তের নিম্নাংশের যত্নপূর্ব্বক পরীক্ষায় কোন কণ্ঠের কারণ পাইলে সংশোধন করিতে হইবে।

৪। জননৈ ক্রিয়ে- — জননে ক্রিয়পথের অতীব যত্নের সহিত পরীক্ষারআবশুক, যেহেতু তাহার সামান্ত উত্তেজনাও দেহ-যন্ত্রের যে কোন অংশে
অতি কঠিন এবং প্রদ্র বাাপী কপ্তের কারণ হইতে পারে। লিঙ্গম্ও-জকের
সংযুক্তভাব, লিঙ্গম্ও-জকের অতি দৈর্ঘ, ক্ষুদ্রতর মৃত্রনলী-মুথ এবং ভগাঙ্ক্রের
আরতভাব অথবা সংযুক্ততা, যোনিঘারের অপ্রচুরতা নিবন্ধন সহজ প্রাবের
অবরোধ, উত্তেজনা প্রবণ সতীচ্চদ (hymen) প্রবন্ধন, জরায় ঘারের অথবা
নলীর বিদারণ অথবা ক্ষমিতাবত্বা, এমন কি অভান্তরীণ জরায়ুদ্রারের ছিপিবৎ
করায়ুক্ষতাঙ্কের অস্বাভাবিক অবস্থিত এবং নানাপ্রকার প্রদাহ, অপ্তাধাররোগ এবং মৃত্রনলী বিকার প্রভৃতির মধ্যে যে কোনটি উত্তেজনা উৎপাদনে
যথেষ্ট। চক্ষুর অবস্থারও যত্নের সহিত পর্যাবেক্ষণের আবশুক, স্থুলতঃ শরীরের
প্রত্যেক অংশেরই পরীক্ষা কর্ত্রবা। সম্ভবা উত্তেজনার কারণ •মাত্রই
সংশোধিত করিতে হইবে।

বলাবাহুল্য উপরিউক্ত কারণাদির অপনয়ন বাতীও রোগের সম্ল আরোগ্য অসম্ভব।

এরপস্থলে ঔষধ-নির্বাচনে রোগ ও রোগী এই ছুইটির মধ্যে অক্সতরের লক্ষণ সমষ্টির সাদৃশ্যাত্মসারে ঔষধ নির্বাচিত হুইতে পারে। কিন্তু রোগারোগ্যে রোগীর লক্ষণের অনুসরণই শ্রেষ্ঠতর উপায়। স্থানাভাবে আমরা এস্থলে ঔষধের নাম মাত্র উল্লেখ করিলাম। পাঠক ভৈষজ্য-বিজ্ঞানাদি উপযুক্ত গ্রেছে ঔষধের বিশেষ লক্ষণ দেখিয়া লইবেন। সাধারণতঃ নির্মালখিত ঔষধাদির প্রয়োগ দেখা যায়:—

একনাইট, আণিকা, আর্জেণ্ট নাই, আর্দেনিকাম, অরাম, অরাম-এট্-সোডিয়াম-ক্লোরাইড, বেলাডনা, বায়নিয়া, বভিষ্টা, ক্যাল্কেরিয়া কার্ব্ব, ক্যাল্কেরিয়া ফস, দিকুটা ভিরদা, চায়না, কফিয়া, ক্যামমিলা, দিমিদিফুগা, ক্যালাডিয়াম, কস্টিকাম, ফেরামলবণাদি, জেল্দিমিয়াম, ছিপার দাল্ফ, ছেলিবোরাদ নাইগ্রা, হায়দায়ামাদ, ইগ্রেদিয়া, লিডাম, লাইকোপোডিয়াম, মার্কারি-দল্ট্ দ্, নাক্স্ভিমিকা, নেট্রামলবণাদি, ম্যাগ্রিদিয়া ফদ, নাইট্রিক এদিড, ফদফ্রাদ, পালদেটিলা, পেট্রলিয়াম, ফ্ট্যাফিদে গ্রিয়া, ভিরেট্রাম এলাম, ভিরেট্রাম ভিরিডি এবং জিল্কামলবণাদি।

বহুদশী চিকিৎসক্দিগের মতে স্নায়-শূল রোগে এই সকল ঔষধ অতি
নিম্ন অথবা অতি উচ্চক্রমে উপকারী বলিয়া কথিত। ফলতঃ ঔষধ নির্বাচনে
প্রক্ত সদৃশ পদ্ধতির অনুসরণ করিলে আমাদিগের বহুদশিতায় এরূপ
বন্ধনের আবশুকতা দৃষ্ট হয় নাই।

ষে সকল রোগে উপদংশের সংস্রব দৃষ্ট হয়, তাহাতে পূর্ব্ববর্ণিত উপ-দংশের চিকিৎসার অবলম্বন কর্ত্ববা।

আকুষঞ্জিক-চিকিৎসা।—পূর্বে বলা হইন্নাছে রোগ অতি কঠিন ও কছে সাধ্য। এজন্ত অনেক সময়েই ইহার অসহনীয় যন্ত্রণা নিবারণার্থ ঔষধের প্রয়োগে বিসদৃশ প্রণালীর অবলম্বন করিতে দৃষ্ট হইন্না থাকে। এ বিষয়ে আমাদিগের মতামত বাহাই হউক, আমরা তাহার উল্লেখ করিতে বাধ্য। তদ্বর্শনে আনুষ্ঠিক চিকিৎসাই উপযুক্ত ত্বল বলিন্না বিবেচনা করা বান্ন।

এজস্ত সংখ্যাতীত বেদনা নিবারক মলমাদির প্রয়োগ হইয়াছে এবং বর্তমানেও হইয়া থাকে, এবং অনেক সময়ে ইহারা উৎকৃষ্ঠ কার্য্যও কয়িয়া পাকে। কিন্তু ইহাদিগের মধ্যে কোন কোনটির অথবা সকলেরই নিক্ষণতার সংখ্যাও নগণ্য নহে।

প্রত্যুত্তেজনাও (counter irritation), বিশেষতঃ পুরাতন এবং অনিবার্য্য রোগে অনেক সময়েই উপকার করিয়া থাকে। ইহাদিগের ব্যবহারের বিরুদ্ধে বিশেষ কোন আপত্তির কারণ দেখা যায় না।

এই প্রকার চিকিৎসা মধ্যে বৈছাতিক স্রোভের ব্যবহারই প্রধানস্থান মধিকার করে। অধিকাংশ সময়ে বেদনা স্থানে, আক্রান্ত সায়র বহির্গমন স্থানে, অথবা কোন চাপে অসহিষ্ণু স্থানে গ্যাল্ভ্যানিক স্রোভের পজিটিভ ইলেক্ট্রোড স্থাপিত করিতে হইবে। স্রোভের গতি কিরাইয়া এবং ধীরে এক হইতে ছই মিলিএম্পিয়ারে বর্দ্ধিত করিয়া বদি বেদনার বৃদ্ধি না হয়, তাহাতেই পাঁচ হইতে দশ মিনিট পর্যান্ত রাখিতে হইবে। পরে অতীব ধীরতার সহিত শক্তির হ্রাস করিয়া ইলেক্ট্রোড স্থানান্তরিত করিবে। কিয়ৎকালের জন্ম এইরূপে ব্যবহৃত করিয়া স্রোভের তেজঃবর্দ্ধিত করিতে পারা সাইতে পারে। অনেক স্থলে বেদনার বৃদ্ধি পর্যান্ত ধীরে স্রোভের হৃদ্ধি করিয়া এবং তদবস্থায় প্রায় এক মিনিট কাল রাখিয়া পরে ধীরে স্রোভের হ্রাস করিলে অতি উৎরুপ্ত কল পাওয়া যায়। কলতঃ অনেকদিন স্থায়ীরোগে দিবসের নির্দিপ্ত সময়ে, প্রয়োগ কালের দীর্ঘতা, চিকিৎসার দীর্ঘতা এবং প্রভাকে ক্ষুদ্র বিষয়ে পৃংখায় পৃংগনিয়ম রক্ষা উৎরুপ্ত ফল প্রদান করে।

কোন কোন্স্থলে ফ্যারাডিক স্রোত উৎকৃষ্টতর উপকার করিতে পারে। প্রয়োগে সমপদ্ধতিই অবলম্বনীয়।

এন্থলে স্থিতিশীল বিহাৎ প্রবাহ (static current) উপকারী বলিয়া প্রমাণিত হইয়াছে। ইহা বিবিধ প্রণালীতে বাবহুত হইতে পারে। ধাতুর আবরণযুক্ত কাচের ইলেক্ট্রড আক্রাম্ভ সায়ুর উপরে স্থাপনাম্ভর এই স্রোতের ব্যবহার স্পষ্টতর ফল দর্শাইয়াছে। সর্ব্ধপ্রকার উপায় নিক্ষণ হইলে বৈত্যতিক স্থচীবেধের (electropuncture) ব্যবহার করিবে।

অঙ্গ সম্বাহনের বিষয় যত্নপূর্ব্বক চিন্তা করিয়া স্থিরকরার আবশুক, কারণ অঙ্গসম্বাহন বলিলে যে সাধারণ ধারণা জন্মে ইহা কেবল তাহাই নহে, কিন্তু তাহার সহিত আক্রান্ত স্নায়ু এবং শাখা-প্রশাখার উপরে বিশেষ প্রকৃতির হস্ত চালনা, অপিচ আক্রান্ত অঙ্গের নিশ্চেট্ট বা অপ্রতিরোধী (passive) চালনা বলিয়া বোধগম্য করিতে হইবে।

স্থল বিশেষে জল-বায়ুর পরিবর্ত্তন যুক্তি সঙ্গত বলিয়া অনুমিত হয়। কিন্তু রোগী বিশেষে যে কি প্রকার জল-বায়ু উপযোগী হইবে তাহা নির্দেশ কর। কঠিন।

স্নায়্-কাণ্ডাংশ বিশেষের উচ্ছেদ সাধন অথব। প্রসারণ প্রভৃতি অস্ত্রচিকিৎসান্তর্গত উপায়ানির বাবহারও অনেক সময় উপকারে আসিয়াছে;
এ জল্ম শেষ উপায় স্বরূপ ইহ।দিগের সাহাযা গ্রহণ অসম্পত বলিয়া বিবেচিত
হয় না। কিন্তু সায়্-ছেদের অন্তান্ত সন্তব্য ফলের বিষয় যত্ন পূর্ব্বক
বিবেচনা করিয়া দেখা কর্ত্তবা।

অনেক স্থলে রোগ এতদূর অদমনীয় হইয়া উঠে যে হোমিও প্যাথিক মতে রোগীর কন্ট নিবারণ অদাধ্য ইইয়া পড়ে। সেরপ স্থলে নিদ্রাকর, মাদক এবং বেদনা নিবারক অন্তান্ত বস্তর ব্যবহার অনিবার্য্য বলিলে অত্যুক্তি দোষ ঘটে না। যে হেতু এই কালব্যাপী অবর্ণনীয় যন্ত্রণার উপশম প্রদানে ক্ষমতা হীন হোমিওপ্যাথিক চিকিৎসকের পক্ষে যে ক্ষোন, উপায়ে বেদনা নিবারণে উদাসীন থাকা নিতান্তই হৃদয় হীনতার পরিচয়়। পক্ষান্তরে এই সকল বিসদৃশ উপায়ের সহজে অবলম্বন যে নিতান্তই ত্র্যনীয় তাহাতেও সন্দেহ মাত্র নাই। কারণ অচিরাৎ ইহারা স্ব স্ব ব্যবহৃত বস্তুতে অভ্যন্ত এবং মৌতাতি নেসাথোর হইয়া মন্ত্র্যুক্ষের চরম অবনতি প্রাপ্ত হয়।

এবাঁষধ সঞ্চাবস্থায় বিশেষ বিবেচনার সহিত যাহাতে ইহাদিগের ব্যবহার অভ্যাসিত না হয়, সতর্কতার সহিত চিকিৎসক তজ্জ্ঞ যতুবান হইবেন।

সোভিয়াম্ স্থালিসিলেট-—পাচ হইতে পঞ্চাশ গ্রেন মাত্রাব, ছই বন্টা পর পর সেবন।

স্থালল-প্রতিদিন পনের হইতে বিংশ গ্রেন মাত্রাায়।

স্মালিপাইরিন-প্রতিদিন পনের হইতে বিশ গ্রেন মাত্রায়।

জেল্সিমিয়াম অরিফ্ট----তিন হইতে দশ বিন্দু মাত্রায় এক হইতে চারি ঘণ্টা পর পর।

সিমিসিফুগা অরিষ্ট---দশ হইতে পনের বিন্দুমাত্রার, গ্রন্থ ঘন্টা পর পর।

একনাইট-মূল অরিষ্ট----এক হইতে তিন বিন্দু এক অথবা হুই ঘন্টা পর পর-- যত্ন পূর্ব্বক শারীরিক অবস্থার প্রতি লক্ষ্য রাথার আবশ্যক।

আইল আব টার্পেণ্টাইন—পাচ হইতে পনের গ্রেন মাত্রার প্রতিদিন তিন অথবা চারি বার করিয়া।

কোলটার প্রয়োগ রূপাদি—পূর্ণ মাত্রায়।

এ ণ্টিক্যান্মিয়া--—পাঁচ হইতে পনের গ্রেন মাত্রায় প্রতিদিন তিন অথবা চারি বার। ব্রোমাইড সণ্ট্ স্—জবরূপে ইহা অথবা ক্লোচালেল হাই-ড্রেট সহ মিশ্রের পূর্ণ মাত্রায়।

হায়সায়ামিন হাইডুব্রমেট——এক গ্রেনের পঞ্চাশ ভাগের এক ভাগ মাত্রায় সেবনাস্তর একঘন্টা পরে ফল না হইলে পুন: প্রদান করত অপেক্ষা করিয়া মাদকতা অথবা উত্তেজনার লক্ষণ উপস্থিত হয় কি না দেখিতে হইবে; অথবা এক শত ভাগের এক ভাগ দ্বগধঃ প্রয়োগ করিবে।

ডুবইসাইন---হাস্থ্যসাল সমমাত্রায় এবং সমসাবধানতা সহ।
কুইনিয়া সাল্ফ---ম্যালেরিয়া ঘটিত অনেক রোগেই ইহা
উপকারী। সাময়িকতাযুক্ত রোগ হইলেই ইহার আবশুকতা উপস্থিত
হইতে পারে। ইহা এক হইতে ছই গ্রেন মাত্রায় এক হইতে চারি ঘন্টা
পর পর দেওয়া ঘাইতে পারে। অবশুই স্বন্ধতর মাত্রায় আধিকতর
দিবসংপর্যান্ত অধিকতর মাত্রায় ইহার প্রয়োগ চলিতে পারে না। যাহাই
হউক এরপ রোগও দেখিতে পাওয়া যায় যাহাতে কুত্র মাত্রায় কোন ফলই
হয় না, কিন্তু এমন কি বিশ গ্রেনের কতিপয় মাত্রায় উৎকৃত্তি ফল দেয়।
এই ঔষধের মাত্রা এবং নির্বাচন উভয়ই বিশেষ যত্নের সহিত কর্ত্রবা।

আর্দেনিয়াস এসিড——ফায়ুলার্দ সলুসন্ রূপে ইছা চারি ছইতে ছয় বিন্দুমাত্রায় চারি ঘণ্টা পর পর ব্যবহৃত ছইয়া থাকে।

কেনাবিস্ইওও্- — মানসিক লক্ষণের প্রতি দৃষ্টির সহিত তিন হইতে পাঁচ বিন্দু মাত্রায় ইহা স্কুইব্'স টিংচার প্রয়োগ রূপে দেওয়া যায়।

ষ্ট্রিক্নিয়া সাল্ফ-—একগ্রেণের বাইট ভাগের, আমরা ১২৬ ভাগের এক ভাগ মাত্রায় গৈশিক উত্তেজনাযুক্ত রোগে ইহার ব্যবস্থা করিয়া থাকি—চারি ঘণ্টা পর পর দেয়।

উপরি উক্ত রূপ বছতের ঔষধেরই ব্যবহার হইয়া থাকে। তক্মধ্যে

আমরা যে কতিপয়ের উল্লেখ করিলাম ব্যবস্থা-কর্ত্তাদিগের মতে তাহার। অধিকতর ফলকারী এবং নিরাপদ বলিয়া পরিগণিত।

প্রপ্ত । সায়বিক জর্জনতা যে রোগের মূলে অবস্থিত তদ্বিয়ে সন্দেহ
করা ষায় না। এজন্ত কেবল প্রচলিত নিয়মে রোগীর থাজাদির ব্যবস্থা
করিয়া সাধারণ পৃষ্টি রক্ষা করিলেই কার্য্য হইবে না; বিশেষ যত্নের
সহিত যাহা বসা এবং উপাদান গঠন-সংরক্ষণের সাহায্য করে এবস্থিধ পথ্যের
ব্যবস্থা করিতে হইবে।

### লেক্চার ২৯৯ (LECTURE CCLXXXXIX.)

### ১। পঞ্চ স্নায়ু-য়ৄয়ের স্নায়ু-শূল বা নিয়ুরেল্জিয়া অব দি ট্রাইজিমিনেল নার্ভ।

(NEURALGIA OF THE TRIGEMINAL NERVE.)

প্রতিনাম !——মুথমগুলের সায়-শূল বা টিক্ ডোলরোঁ (Tic Donloureux.); মুথমগুলীয় স্নায়-শূল বা প্রোদোপ্যাল্জিয়া। Proso-palgia)।

কারণ-তত্ত্ব।—শাভাবিক স্নায়-রোগ প্রবণতা ইহার প্রধান এবং, মধিকাংশ সময়ে এক মাত্রকারণীভূত ঘটনা। ইহা সম্পূর্ণ সন্তব যে প্রধান তম ন' হইলেও, মুথ-গহরর এই প্রকার স্নায়-শূলের অন্ততম উৎপত্তির স্থান। মুথ-গহরের নানাবিধ অবস্থার সংঘটনে বেদনার উৎপত্তি হইতে পারে। দক্ত এবং চোয়ালের প্রতি বিশেষ মনঃসংযোগ করা উচিত। ইহাদিগের ক্ষাবস্থা উত্তেজনা উপস্থিত কারলে এই স্নায়র এক অথবা একাধিক শাথায় বেদনার উৎপত্তি হইতে পারে। অনেক সময়ে কতিপন্ন দক্তের পরস্পার মধ্যে জড়িতভাব দেখা যায়। অনেক সময়ে "আকেল দাঁতের" দোষেই এরূপ ঘটনা সম্ভব, তাহারা উদ্ভিন্ন হইয়া দলের গঠন করিতে পারে অথবা তাহাদিগের বাহিরে আসিবার স্থানাভাব বশতঃ মাড়ির অধ্যদেশে দলবন্ধভাব ঘটে। উর্দ্ধ চোয়াল-গহরের, (antrum) ললাট (frontal sinus) অথবা নাসিকা-গহরের এবং নাসিকা-রন্ধের রোগ, অথবা নাসা পথে একখণ্ড স্ক্ষাগ্র অস্থির বর্ত্তমানতা প্রভৃতি সকলই ইহার কারণীভূত হইতে পারে। কর্ণের দোষেও বহুতর রোগ জন্মে। যে সকল ভিন্ন ভিন্ন অস্থি-প্রণালী বাহিয়া এই স্নায়ু গমন করে তাহাদিগের কোন একটির সংকোচনও এই কষ্ট

উপস্থিত করিয়া থাকে। সায়ু-গমনের প্রণালীতে এবং বহির্গমনের স্থানে অস্তার্ক্রদ, অথবা অস্থিবেষ্ট ঝিল্লির স্ফীতি উত্তেজনার মূল হইতে পারে। চক্ষুর যে কোন রোগ, অথব। অতি পরিশ্র মাত্র ইহা জন্মাইতে পারে। মালেরিয়া এবং সংক্রামক রোগও কথন কথন এই প্রকারের সায়-শুল উৎপন্ন করিয়া থাকে। অভিযাত, শৈতা এবং সিক্ততার সংস্পর্শের ফল স্বরূপও ইছা জন্মিতে পারে, এবং ইহা বিষাক্ততা ঘটিত হইতে পারে। ইহাও নিশ্চিত যে কথন কথন দূরবন্তী ঘন্ত্রের প্রতিক্ষিপ্ত উত্তেজনা ইহার সাক্ষাৎ কারণ বালয়া বিবেচিত হয়। অপিচ এরূপ অনেক রোগ দেখা যায়, যাহার কারণ করোটির গহ্বর মধ্যে অবস্থিত। ধমন্তর্ক্রের স্নায়-শূল প্রকৃত পক্ষে একটি কৈন্দ্রিক রোগ। ধনগুর্বাদণ্ড, বিশেষতঃ অভাস্তরীণ কেরটিডের ধমন্তর্ক্তৃদ, একটি কারণ বলিয়া জানিতে হইবে।

লক্ষণ-তত্ত্ব |---মধু-মেহরোগ ব্যতীত, অতি কচিৎই রুগ্ন স্নায়্ মুথের উভয় পার্শ্ব আক্রমণ করে। শাথার মধ্যে একটি অথবা তুইটি অথবা সকল গুলিই আক্রান্ত হইতে পারে। অধিকাংশ স্থলে রোগ এক অথবা তুইটি শাখায় সীমাবদ্ধ থাকে। প্রথমে বেদনা অনেকটা স্থান জুড়িয়া পাকিতে পারে, এবং পরে বিলক্ষণ সন্ধীর্ণ সীমাভান্তরে আবদ্ধ ইইতে পারে, অথবা পুনশ্চ ঠিক বিপরীত ঘটতে পারে। বেদনার প্রকৃতি বিশেষ উল্লেখের যোগ্য। অধিক সংখ্যক স্থলে ইহাকে মাত্র অতীব বন্ত্রণাদায়ক বলিয়া প্রকাশ করা যায়। ইহা ছিন্নবৎ, ক্লান্তি জনক বেদনা। ইহা ভয়াবহ যন্ত্রণাকর। ইহার প্রকাশে রোগী বলে যেন আক্রান্ত স্থান মধ্যে তুর্পণ , আবর্ত্তিত করিয়া বসান হইতেছে, অথবা একথানা ছোরা বসাইয়া চতু:পার্শ্বে আবর্দ্ধিত করা হইতেছে, যেন তাপে লোহিত লৌহশলাকা দারা পেশী বিদ্ধ করা হইতেছে, অথবা যেন হাজার মধুম্ফিকা এক স্থানে তল বিদ্ধ করিতেছে। বাস্তব পক্ষে কোন ভাষাই ইহার বর্ণনাম্ন যথেষ্ঠ নহে। ইহা সত্য যে চিকিৎসক অনেক রোগ পাইবেন ধাহাতে বেদনা ভাদুশ তীক্ষ প্রকৃতির নহে, যাহাতে ইহা সহনীয়, এবং যাহাতে রোগী বেদনায় সম্পূর্ণ আছের হয় না। অক্সান্ত সকল সায়ুশূলের ত্যায় বেদনা অবিশ্রাস্ত নহে, সাধারণতঃ কতিপদ্ন মিনিট হইতে মাসেক পর্যন্ত নাুনাধিক সময়ের ব্যবধান যুক্ত বিরাম লক্ষিত হয়। অনেক স্থলে সময়ে সময়ে কতিপদ্ন দিন ধরিয়া কতিপদ্ন সেকেণ্ড অথবা মিনিটের জন্ম স্পষ্টতর আক্রমণ হয়, এবং পরে মধ্যে মধ্যে প্রকোপ ঘটলে সম্পূর্ণ শাখা-প্রশাখার আক্রমণ হয়, এবং ঘটনাধীনে অত্যান্ত সায়ুরও তদ্ধপ ঘটে।

অনেক সময়ে চক্ষু, নাসিকা এবং মুখ হইতে অত্যস্ত প্রাব হইয়া থাকে। গৈছিক ঝিলি অথবা মুখমগুলের স্ফীতি জনিতে পারে। বিশেষতঃ রসবিদ্ধ জনিতে পারে। চক্ষু এবং কর্ণে নানা প্রকারের পরিবর্ত্তন সংঘটিত হইতে পারে। কেহ কেহ বলিয়াছেন কথন কথন মুখমগুলের আক্রান্ত পার্শ্বের পেশীর ক্ষয় সংঘটিত হইয়াছে, কিন্তু এই সকল রোগ প্রকৃত স্নায়ু-শূল নহে।

যে সকল রোগ উপযুক্তরূপে নির্বাচিত হইয়া মুথ-মণ্ডল-সায়ু-শুল বলিয়া নির্দিষ্ট হইয়াছে, অনেক সময়ে তাহাতে নির্দিষ্ট স্পর্শাসহিষ্ণু অথবা চাপে বেদনা যুক্ত স্থান থাকে; অর্থাৎ নির্দিষ্ট স্থানের উপরে যে কোন প্রকারের সামান্ত স্পর্শ সর্বে স্থলেই তৎক্ষণাৎ কঠিন বেদনা উৎপন্ন করে। এই সকল রোগীর মধ্যে অনেকেই মুথ-মণ্ডলের আক্রান্ত পার্ম্ব সামান্ত বায়ু-প্রবাহের সংস্পর্শ হইতেও রক্ষা করে, তাহারা মুথের পার্ম্বে, এমন কি অতি পাতলা আবরণের স্পর্শও সহু করিতে পারে না। থাত্ত চর্ব্বণও সহু হয় না। প্রত্যেক চালনাই যন্ত্রণাকর। এমন কি যে সকল স্থলে এইরূপ স্থান্ত করিয়া রাথে, যেহেতু মুথমণ্ডল পেশীর যে কোন প্রকার চালনা বেদনার উৎপাদন করে। প্রাথান্ত শাহ্মা, চক্ষুদ্ধ-স্নায়ু (supraorbital) অধিকতর স্থলে বেদনার স্থান। চক্ষুদ্ধ-ছিন্ত (supraorbital foramen) দেশের উপরে চাপে বেদনারক্ষু (pressure

point ) অবস্থিত। চক্ষুর উর্দ্ধে বেদনা থাকে, এবং স্নায়্-বাহিয়া কেশ এবং কিরীট-সদ্ধি ( coronal suture ) পর্য্যস্ত গমন করে। বাধ হয় যেন এই সায়্ই ম্যালেরিয়ার প্রধান আক্রমণ স্থান। যাহাই হউক, অধিকতর সময়ে ইহা অস্তাস্ত কারণ হইতেও উৎপন্ন হইয়া থাকে। প্রথম সায়্-কাণ্ডের সম্পূর্ণাংশ এবং তাহার শাথাদি আক্রাস্ত হইলে চক্ষু, চক্ষু-পূট এবং নাসিকা জুড়িয়া বেদনা হয়, এবং সাধারণতঃ একাপেক্ষা অধিকতর চাপে-বেদনায়্ক্ত স্থান প্রাপ্ত হওয়া যায়। দিতীয় শাথার সায়্-শূল অধিকতর সময়ে চক্ষু-কোটরাধ স্নায়ুতে (infra-orbital nerve) সজ্যটিত হয়। দন্তস্থালীয় ( alveolar ) অথবা উর্দ্ধ দস্ত্য ( dentil ) সায়ু একা অথবা সংযুক্ত ভাবে আক্রান্ত হইতে পারে অথবা সম্পূর্ণ শাথা এবং তাহার বিস্তৃত স্থাদিতে বেদনা অবস্থিত হইতে পারে। সম্পূর্ণ সায়ু আক্রান্ত হইলে ক্রদেশ, নাসিকা, উদ্ধোষ্ঠ, গণ্ডান্থি এবং শঙ্খদেশে ( temporal region ) বেদনা অবস্থিত হয়। যদি কেবল উর্দ্ধদন্ত্য শাথা আক্রান্ত হয়, উর্দ্ধ চোয়াল এবং তাহার অস্থি-গহরর বা এটামে (antrum) বেদনা সীমাবন্ধ থাকিতে পারে।

চাপে বেদনার স্থান যদি চক্ষু কোটরাধঃস্নায়ু-শাথায় থাকে, ছিদ্র মুথের উপরে অবস্থিত হয়, অথবা যদি সম্পূর্ণ স্নায়ু-কাণ্ডে থাকে, উর্দ্ধ-দস্তাদির মাড়ি, উর্দ্ধেষ্টি, গণ্ডাস্থি-শাথার (malar ramus) উৎপত্তি-স্থান এবং শুজা-পেশীর সমুথ পার্শ্বের উপরে অবস্থিতি করে।

তৃতী ব্র শাখার আ ব্র-শূলে অধঃ চোয়ালে, জিহনায়, চিবুকে, কর্ণে এবং শঙ্খদেশে বেদনা হয়। অধঃ চোয়ালান্থিতে এই প্রায়ুর প্রবেশ দারাদির এবং চিবুকের ছিদ্রপথের উপর চাপে বেদনার স্থান অমুভূত হয়।

রোগ-নির্বাচন।—সাধারণতঃ ইহাকে অন্তান্ত রোণ হইতে প্রভেদিত করা তাদৃশ কঠিন সাধ্য নহে। অন্তান্ত রোগের প্রভেদক লক্ষণের বর্ত্তমানতাই অধিকতর স্থলে ইহার নির্বাচনে যথেষ্ঠ বৃদিশ্ব পরিগণিত। যদি কেরটিডের ধমন্তর্ক্ত্ব এবং পঞ্চম স্নায়্-যুগ্মের বনীভূততা যুক্ত স্থুল স্থানাদি অথবা ট্রাইজিমিনেল অথবা গ্যাসিরিয়ান স্নায়্-গ্রন্থির (ganglia) অব্যবহিত নিকটে অর্ক্ত্বদাদি উপস্থিত থাকে, প্রথমে রোগ নির্কাচন স্নায়্-শূল দারা আচ্ছন্ন থাকিতে পারে, কিন্তু এই সকল অবস্থা শীদ্রই বিশেষতা যুক্ত লক্ষণ প্রকাশিত করিলে সন্দেহের কারণাদি তিরোহিত হইবে।

যাহাই হউক, এমন অনেক রোগ জন্মে যাহারা সময়ে সময়ে মন্তিন্ধীয় বলিয়া প্রমাণিত হয়, কিন্তু ইহাদিগকে প্রভেদিত করা সম্পূর্ণই অসম্ভব।

বেদনার কারণ অবধারিত করাই নির্বাচনের প্রধান কট়। রোগ যে সায়্-শূল ইহা বলিতে পারিলেই মথেই হইল না। রোগ নির্বাচনে চিকিৎসকের জ্ঞাত হওয়ার আবশুক যে রোগের গুরুত্ব সহ উত্তেজনার শারীরিক অবস্থা স্থানান্তরিত করিলে সঙ্গে সঙ্গে অনেক রোগের উপশম হইতে পারে, এজন্ম রোগ-নির্বাচন সহ কারণ সংস্কৃত্ত জ্ঞান হওয়ার আবশ্রক। কিন্তু অনেক স্থলে কারণের আবিক্ষার অসন্তব হইয়া থাকে।

ভাবী ফল।—রোগ তরুণ প্রকৃতির ইইলে, অল্পনিনই ভোগের শেষ হইতে পারে, অথবা রোগ পুরাতন ইইলে অনেক কাল স্থায়ী ইইতে পারে। গুরুতর প্রদাহের সংঘটন ইইতে পারে। ইহার সাক্ষাৎ ফলস্বরূপ সময়ে সময়ে গুরুতর মানসিক উপসর্গ দেখা দেয়। এই প্রকারের স্নায়ু-শূলে শারীরিক ক্ষয় অথবা রক্তহীনতাও সংঘটিত ইইতে পারে। যে স্থলে কারণের অবধারণ এবং উত্তেজনার সংশোধন সম্ভব হয়, ভাবী ফল শুভ ইইয়া থাকে। যাহাই ইউক, ইহা অনেকটা কারণের অপসরণীয়তার উপর নির্ভর করিয়া থাকে।

চিকিৎ সা।—এক নাইট— মুখমগুলের অক্সভর পার্শ্বেদনা, ক্ষত হইতে বিড় বিডরণ বং অমুভূতি, তাপ, তৃষ্ণা, অন্থিরতা এবং উৎকঠা থাকিলে।

আর্সেনিকাম এল-মধ্য রজনীতে বেদনার বৃদ্ধি, বেন পেশতে উষ্ণ লোহশলাকা বিদ্ধ হইতেছে, অর্থাৎ অতি কঠিন জ্বালা কর বেদনা, রোগী অত্যন্ত অন্থির, এবং কদাকার ও চিন্তা ক্লান্ত। মুখমগুল পাগুর: সাময়িকতায় প্রবণতা দেখা দিলে বিশেষরূপে প্রদর্শিত।

ব্যারাইটা কার্ব্ব--রক্তহীন রোগীতে কথন কথন এই ঔষধের বিশেষ প্রভেদক লক্ষণ এই যে রোগী মনে করে যেন "ত্বক মাকডসা-জাল দারা আরুত"; এই লক্ষণ থাকিলে ইহা প্রায় নিশ্চিতই রোগারোগ্য করিবে।

(त्राक्ता---- भूभभागि, ज्ञानाकत, छन-(त्रथवर (त्रमा, माधात्रनुः প্রদাহিক, এবং লোহিতরর্ণ, উজ্জল স্ফীতিযুক্ত। শীতল বায়ুর সংস্পাশ, আলোক এবং গোলমাল শব্দে অস্হিফুতা। অপরাক্লে, অথবা রজনীতে বুদ্ধি। অনেক সময় বেদনা প্রচণ্ডতার সর্ব্বোচ্চ মাত্রায় উঠিলে হঠাৎ অন্তর্দ্ধান করে; অথবা বেদনা স্থান পরিবর্ত্তন করে।

বিস্মাথ-অবিরত ভাবে দৌড়ান বা শরীর চালনায় এবং ম্থমধ্যে শীতল জল রাথায় উপশম।

ক্যাক্রাস-সাময়িক বেদনা দক্ষিণ পার্শ্ব আক্রমণ করে; সামান্ত শ্রমেই বুদ্ধি হয়, এবং কেবল স্থির ভাবে শয়ন করিয়া পাকিলে সহ করা যায়। ওয়াইন মন্ত, তীক্ষু আলোক, গীতবান্ত, অথবা নিয়মিত সময়ে মধ্যাহ্ল ভোজনের অভাব বৃদ্ধির কারণ; প্রত্যেক দিবস একই সময়ে আক্রমণ।

ক ক্টিকাম—-শুক্ষ-শীতল বায়ুর সংস্পর্শ ঘটত দক্ষিণ পার্শ্বের বেদনায়।

ক্যামমিল্য---বেদনায় রোগী অমুপাতাধিক শ্বায়বিক অন্থিয়তা প্রকাশ করিলে।

চায়না—লক্ষণ সাদৃত্য মূলে ইহার নানাবিধ প্রয়োগরূপ এই প্রকার স্নায়-শূলে উপকার করিয়াছে।

সিমিসিফুগা—জননেজিয়ের প্রতিক্ষিপ্ত ক্রিয়া ঘটত রোগ—
অতাস্ত অন্থিরতার সহিত মুক্ত বায়ুমধ্যে গমনেচ্ছা; বিষাদোন্মন্ততাসহ
বস্থভাষিতায় প্রবৃত্তি। দিবসে বৃদ্ধি, রজনীতে উপশম। কেহ কেহ
ইহার মূল অরিষ্টে উপকার পাইয়াছেন।

সিনা অথব। স্যাণ্টনা্ইন—ডাঃ কাউপার থোয়েট ইহা-দিগের ৩০ টিটুরেশনে উপকার পাইয়াছেন।

কল্চিকাম—মুখ-মগুল-পেশীতে ছিন্ন এবং প্রদারণবৎ বেদনা, একস্থান হইতে স্থানান্তরে বায়; মুখমগুল এবং নাদিকার অস্থিতে আরুষ্টতার সহিত অন্ধভূতি যেন তাহারা পৃথকভাবে ভিন্ন হইতেছে। অসদৃশর্মপে ইহার মূল অরিষ্টের একাধিক বিন্দুরও প্রয়োগ আছে।

কনায়াম—তাপের সহিত মুখনগুলে শোণিতাধিক্য; মুখনগুলে নীলাভ স্ফাতি; মুখনগুলের দক্ষিণ পার্শ্বে বিদারণবৎ অন্পুভূতি; মুখনগুলোপরি হাজিয়া যাওয়ার ভায় টাটানি; দত্তে তীরবেধবৎ বেদনা; সাহার কালে বৃদ্ধি।

জেল সিমিয়াম—যে স্থলে পঞ্চম স্নায়ু-বুগোর স্নায়ু-শূল, বিশেষতঃ বেদনা একৈক সময়ে ইহার একৈক অংশ বাহিয়া যায়। তীত্ব, আকস্মিক, তীর বেধবৎ এবং গুলি বেঁধার হায় বেদনা এবং তাহার সহিত আক্রাস্ত সায়র বিস্কৃতিয়ুক্ত পেনার সংকোচন এবং আনর্ত্তন; অত্যস্ত সাধারণ সায়বিকতা (বাতিক গ্রস্ততা) এবং ইচ্ছানুগ পেনার উপরে ক্ষমতাহীনতা নিবন্ধন অনিয়মিত ক্রিয়া। রোগের তরুণাবস্থায় বেদনার পূর্ব্বে অথবা সময়ে স্থানিক অথবা সাধারণ শৈত্যানুভূতি থাকিলে কোন কোন চিকিৎসক ইহার সুল অবিষ্ঠ-বাবহারের উপদেশ করিয়া থাকেন।

ফেরাম সন্ট্স্—বিশেষ যত্নের সহিত ইহাদিগের লক্ষণাদি দ্রষ্টব্য। শীতল জলে স্থান এবং অপরিমিত আহার রোগের কারণ; রোগাবেশ কালে মুথ অধিবৎ লোহিত, তাহা সীমাবদ্ধ এক স্থানেও থাকিতে পারে; মস্তক স্থির রাথা যায় না; সময়ে সময়ে মুখমগুল দেখিতে পাঞ্র ও মৃহর্ণ।

হিপার সাল্ফ — দস্তে দস্তে চাপিত করিলে এবং আহারে বেদনার এতাদৃশ বৃদ্ধি যে রোগী দস্তে দস্ত লাগাইতে ভীত; আরুষ্টবং অথবা ঝাঁকির ন্যায় প্রকৃতি বিশিষ্ট বেদনার অনেক সময়েই উষ্ণ গৃহ প্রবেশে অথবা রজনীতে শ্যাতাপে বৃদ্ধি; অপিচ গগুন্থলে অত্যন্ত স্পর্ণাসহিষ্ণৃতা থাকিলে; কর্ণাভ্যন্তরে এবং মুখমণ্ডল পার্ষের উর্দ্ধ বাহিয়া বেদনার বিস্তৃতি।

ইমেসিয়া----- চক্ষ্ সায়-শূল; মুথমগুলপেশীর আক্ষেপিক আনর্ত্তন।

কেলি সল্ট্স্-—লক্ষণসাদৃখ্যামুসারে ইহাদিগের অন্ততন বিশেষ ফলদায়ক ঔষধ।

ক্যাল্মিয়া——কতিপয় অতীব কঠিন এবং বহুদিন স্থায়ী রোগের আরোগ্য সাধন করিয়া ইহা লব্ধ প্রতিষ্ঠ হইয়াছে। ইহার ভয়াবহ মজ্ঞান কর বেদনা সামান্ত প্রলাপও আনিতে পারে। বেদনা গ্রাবাণশ্চাৎ হইতে মস্তকের উর্দ্ধভাগ বাহিয়া ললাট এবং চক্ষ্মন্দিশে বায় এবং অনেক সময়েই ইহার সহিত পঞ্চম স্বায়ু যুগ্মের বেদনা মিলিত হয়। কেহ কেহ ইহারও মূল অরিষ্টের সুল মাত্রা বাবহার করিয়া থাকেন।

নেট্রাম মিউরিয়েটিকাম—-গণ্ডাস্থিতে বেদনা, চর্বাণে বৃদ্ধি; ইহা সাময়িকরূপে পুনঃ পুনঃ আক্রমণ করে, বিশেষতঃ প্রীহাজ্বের (agne) পরে; ফেকাসে মুখ; অতান্ত তৃষ্ণা; শাশ্রুর স্থানন; মুখমগুলোপরে চুল-কণা এবং উদ্ভেদ; মুখের কণকণানির সর্ব্বোচ্চ বৃদ্ধির সময়ে অশ্রুরাবের বৃদ্ধি; পঞ্চম স্বায়ু-যুগ্মের শূলসহ অশ্রু-স্রাব; চক্ষুজ্বে গণ্ডক্ষয়িত।

ফদফর বাস্— বাতপ্রকৃতির শোণিতাধিক্যযুক্ত রোগীর স্নায়বিক অপচয় ঘটিত রোগ; আকৃষ্টবং এবং ছিন্ন করার ন্যায় বেদনা, বিশেষতঃ চোন্নাল, নাসিকামূল এবং চক্ষুতে ধায়, এবং তাহার সহিত মুথের স্কীতি, মন্তকে শোণিতাধিক্য, শিরোঘূর্ণন, এবং কর্ণে ঘণ্টাধ্বানবৎরব থাকে; মুধমগুল-পেশীর চালনার, অথবা সামান্ত স্পর্শে বৃদ্ধি; মুথপ্রক্ষালনকালে শৈতাসংস্পর্শ।

প্লাব্রেটিগ মেজার---তরুণরোগ যাহাতে প্রসোপ্যাল্জিয়া সহ কর্ণ শুল এবং দন্ত-শূল মিলিত থাকে।

প্র্যাটিনাম—— শংস্কৃতি ববং বেদনা, অসাড়ত। এবং প্রচুর অঞ্স্থাবের রজনীতে এবং বিশ্রামকালে বৃদ্ধি হইলে ইহা উপকারী। থল্লীবং
বেদনা, অসাড়ত। এবং চন্চনি উপস্থিত হয়; নাসিকামূল এবং অস্তান্ত স্থানের বেদনায় বোধ হয় যেন স্নায়ু সাঁড়াসি মধ্যে চাপিত হইতেছে। বেদনার ক্রমে ক্রমে বৃদ্ধি ও তদ্ধপেই হ্রাস।

স্পাই জিলিয়া—প্রান্থান জিরার চিকিৎ নার ইল প্রথম স্থান অধিকার করে। রসবাতিক, নাঁকির ন্থার, এবং ছিরবৎ বেদনার সিক্ততা, সংস্পর্ল এবং চালনার বৃদ্ধি, এবং স্পর্শে শরীরের মধ্য দিরা ভীতি-কম্পের স্রোত বহিয়া যায়: সাময়িক আক্রমণের সহিত হদয় স্থানে উৎকণ্ঠা এবং অন্থিরতা থাকে অথবা বেদনার পূর্বে হৎকম্প উপস্থিত হয়। বেদনা ললাট, চক্ষু কোটর এবং উর্দ্ধি চোয়ালের দস্তে অবস্থিত। কথন কথন চক্ষু অতি বৃহৎ বলিয়া অনুভূতি জয়ে। অক্ষিপুট-য়ায়ৢ-শূল অথবা প্রসোপ্যাল্জিয়া—বেদনা মস্তক পশ্চাৎ হইতে মস্তকোর্দ্ধ বাহিয়া আগমন করে; জালাকর খোঁচার ন্থায় বেদনা আবহাওয়ার পরিবর্ত্তনে বৃদ্ধি হইলে ইহা উপকার করে। পুরাতন রোগে ইহা দ্বারা বিশেষ কার্ছাত্র পাওয়া বায় না।

রাস্টক্স——আরুষ্টবং, জালাযুক্ত এবং ছিন্নবং মুথমগুল-বেদনায় বোধ যেন দস্ত অতিদীর্ঘ; অতিশয় অন্থিরতা এবং এপাশ ওপাশ করা; সিক্ততা এবং আর্দ্র আব হওয়া রোগ-কারণ হইলে ইহা বিশেষ উপকারী। স্থাকুইনেরিয়া— উর্দ্ধ চোয়ালের সায়-শ্ল নাসিকা, চকু, কর্ণ, গ্রীবা, এবং মস্তক-পার্শে বিস্তৃত হইলে; গুলি বেধবৎ জালাযুক্ত বেদনা; রোগী নতজাত্ব হইয়া ভূমির উপর মস্তক চাপিতে বাধা; মস্তকের বাম পার্শে, বিশেষতঃ চকুতে কঠিন বেদনা; গ্রীবা হইতে রেখায় রেখায় আরুপ্রতা সহ মস্তকে কঠিন বেদনা; চকুরভিমুখে গণ্ডের আনর্ক্তনা; রক্তন্তাব্যুক্ত স্পাঞ্চবৎ দস্ত মাড়ি; আলস্ত, জড়তা।

ষ্ট্রামোনিয়াম— বাতজ মুখমগুল-স্নায়-শূলে উন্মাদকর বেদনা, আক্ষেপিক চমক এবং শরীর ভেদ করিয়া বিহাচেমকবং অমুভূতি, উদ্ধাক্ষ উদ্ধাভিমুখে নিঃক্ষিপ্ত; ললাট-ত্বক কুঞ্চিত; কর্ণ সল্লিহিত গণ্ড-দেশে বেদনা যেন অস্থি করাত দ্বারা কর্ত্তিত হইতেছে; পেশীর দোলায়মান গতি; দস্তের কিড়ি মিড়ি; পেশীর ইচ্ছামুবন্তী কার্যোর অভাব; বক্ষের আক্ষেপে শাসপ্রখাসের বাধা; মুদ্র্যার ভাব; বিক্ষারিত চক্ষুর সহিত প্রশাপ।

সাল্ফার-— বাম চক্ষুর উপরে কনকনানি; প্রত্যেক দিওীর দিবসের পূর্বাহ্ন ৮ হইতে ৯টা পর্যান্ত মন্তকে চাপামুভূতি শরনকাল পর্যান্ত থাকে; বামশঙ্খদেশ এবং চক্ষুতে ছিন্নবং অমুভূত এবং চাপ; জলতার উপরে বেদনাযুক্ত চাপ; মুখের বাম পার্শ্বে আরুষ্টবং বেদনা, দৃষ্টতঃ চক্ষুর উর্দ্ধে, শঙ্খদেশে এবং গণ্ডাস্থিতে থাকে; প্রাতঃকালে বৃদ্ধি।

থুজ্ঞা---পূমনেহ, অথবা কর্ণের কাউর বাহ্য প্রয়োগাদি দারা অন্তঃ প্রবিষ্ট করাইলে যে রোগ জন্মে তাহাতে উপকারী।

জিক্কাম-— চক্ষ্ত্রধং সায়তে জ্বালাকর, ঝাঁকির স্থায়, এবং স্থচি বেধবং বেদনাকালে চক্ষ্ পুটের ঈষৎ নীলবর্ণ; সামান্ত স্পর্শে, এবং সন্ধ্যাকালে বৃদ্ধি; ললাটদেশে শীতল ঘর্ম্ম, জিহ্বার অসাড়তা, কণ্ঠায় সঙ্কোচন বোধ; বেদনা এত কঠিন যে রোগী অবসন্ধ হইয়া পড়ে।

কলসিত্ত্—তরুণ রোগে প্রযোজ্য; মানসিক ভাবাবেশ, প্রতি-স্থায়, অথবা শৈত্য-সংস্পর্শ হইতে ইহার রোগ জন্ম; ছিন্নবৎ এবং চাপের ভাষ বেদনা ইহার বিশেষ শক্ষণ; চালনা এবং ম্পর্লে বৃদ্ধি; বিশ্রামে, এবং ৰাহতাপ প্রয়োগে উপশম; আক্রমণ আবেশে আবেশে হয়; অধিকতর সময়ে বাম পার্ষে।

ষ্টেনাম——-সূর্য্যের উদয়ান্তের স্থায় ইহার বেদনার ক্রনে ক্রনে বৃদ্ধি এবং ক্রনে ক্রনে হ্রাস হয় বলিয়া ইহাকে "সূর্য্য-শ্বায়ু-শ্বা" বা "সান-নিউরেলজিয়া" বলে।

আর্সেনিকাম——অবিমিশ্র সায়বিক রোগে ইহা বিশেষ উপকারী।
বিরান যুক্ত, জালাকর, হুল বেধবৎ, তপ্ত লোহশলাকাবিদ্ধ করার ক্সায়
বেদনা, মুথের কষ্টবাঞ্জক দৃশ্য, অন্থিরতা এবং সাময়িকতা প্রভৃতি ইহার
সর্বজন পরিচিত লক্ষণ। রোগ-বিষ-বাষ্পা, বিশেষতঃ ম্যালেরিয়া অথবা
অতিরিক্ত কুনাইন চাপিত ম্যালেরিয়া ঘটিত স্লায়ু-শুলের ইহা মহৌষধ।
ইন্কুরেঞ্জা অথবা সহক্ত ত্র্বলতা হইতে রোগ জন্মিলেও ইহা দারা উপকার
পাওয়া যায়। রজনীতে রুদ্ধি এবং তাপ-প্রয়োগে উপশম ইহার বিশেষ
পরিচয়ের লক্ষণ। ইহার যন্ত্রণার আতিশয়ো রোগী এক স্থানে স্থির থাকিতে
পারে না। ম্যালেরিয়া ঘটিত স্লায়ু-শুলের অক্সাতা ঔষধঃ—

নেট্রাম মিউ, সাল্ফার, চায়না, চাইনিনাম সাল্ফ, সিড্রন এবং ক্যাপ্সিকাম— ১

সিদ্রন — ইহার সাময়িকতা ঘড়ির কাঁটার নিয়মে প্রত্যেক অপরাহে (৩টা) উপস্থিত হয়। চক্ষু কোটরোদ্ধ বেদনা বাম পার্শ্বে অধিকতর থাকে এবং ইহার সহিত চক্ষুর জালা হয়। ম্যালেরিয়া ঘটত পঞ্চম স্নায়্-যুগ্মের স্বায়ু-শুলের ইঞ্চা বিশেষ ঔষধ।

ক্যাপ্দিকাম----দক্ষিণ গণ্ডান্থিতে স্ক্ল স্থান বাহিয়া জালা কর বেদনার স্পর্শে এবং দমকা বাতাদে বৃদ্ধি।

ডাং ডিয়ুই বলেন, "প্লায়ু-শূল ব্লোগ, যাহাতে আক্রিক্সিক্সের স্মতি নিম্ন ক্রমের প্রয়োগ না হয় তৎপক্ষে চিকিৎসকের বিশেষ সাবধানতার প্রয়োজন, এমন কি ৬ ক্রমের ঔষধও অনেক সময়ে রোগের বৃদ্ধি করিরাছে, কারণ এই রোগে প্রায়ু বিশেষ রূপে উত্তেজনা-প্রবণ থাকে।" বাহাই হউক, মালেরিরা ঘটিত রোগে অনেক সময়ে আত্রেনিকেরা ট্রিটু ৩ "এর একমাত্রা মাত্র বাবহারে আমরা বিশেষ ফললাভ করিয়াছি। ডাঃ বেসার বলেন, স্নায়বিক বেদনায় "আত্রেনিকে অন্তান্ত ঔষধাপেক্ষা উৎক্লইতর শান্তি প্রদান করে"।

মিজিরিয়াম-—অফিপুট-সায়্-শৃলে ইহা উপকারী; চক্ষতে শৈত্যাপুভূতি থাকে; কত দন্তের প্রতিকিপ্ত বায়ু-শূলের উৎকৃষ্ট ঔষধ।

ষ্ট্যাফিসে গ্রিয়া—ক্ষয়িত দন্তের গর্জ হইতে স্নায়-শূল; ইছ। বিশেষ করিয়া যে সকল বৃদ্ধের মুখ-গহরর ক্ষয়োৎপন্ন গর্যযুক্ত দন্ত-কাণ্ড বারা পরিপূর্ণ, তাহাদিগের পক্ষে উপযোগী; এই সকল দন্ত-কাণ্ডে মধ্যে মধ্যে প্রচণ্ড বেদনা হয়।

্মাকু রিয়াস---পারদ সহ অন্ত ধাতু মিশ্র (amalgain) ছারা পরিপুরিত দন্তগর্ভ হইতে প্লায়ু-শূলে উপকারী; রক্ষনীতে বেদনার বৃদ্ধি।

নায়-শ্ল, বিশেষতঃ মৃথ-মণ্ডল-নায়-শ্ল অতীব যন্ত্রণাপ্রদ এবং ক্লছ্র্র্নাধ্য রোগ, এজন্ত নিমে আমরা 'বেদনার নানাবিধ প্রকৃতি এবং অবস্থায় উল্লেখ ঘারা ঔষধ নির্বাচনের চেষ্টা করিলাম, যথা :—

দৌর্মণ্য, ঘটিত রোগে (কারণ):—আসেনিক, চারনা, সিমিসিফুগা, নাক্স ভমিকা, সাইপ্রিপিডিয়াম (cypripedium)।

প্রদাহিক:—একনাইউ, বেলাডনা, জেল্সিমি-স্থাম।

খাবেশযুক্ত খাক্রমণ :—একনাইট, আর্ফেনিক ; প্লন্দইন। সামায়কতার্ক আক্রমণ:—চক্রনা, আর্সেনিকাম।

রুগবাতিক (কারণ):—একনাইট, সিমিসিফুগা
রাল. জেল্লিমিয়াম, ব্রাহ্যনিস্থাম

আকাষক আক্রমণ:—জেল্সিমিয়াম, প্লনইন
সিমিসিফুগা, সাইপ্রিপিডিয়াম।

রোগের বৃদ্ধি-

অপরাত্তে:—বেলাডনা।

মধাাই ভোজনের পর:—আসেনিক, নাক্স ভমিকা।
শীতল পানীয়ে:—ক্যামমিলা, স্পাইজিলিয়া।
উষ্ণ পানীয়ে:—ক্যামমিলা, মিজিরিয়াম।
আহারে:—ফসফরাস, মাকুরিয়াস, সাক্ষার।
আহারে, উষ্ণ বস্তুর:—ক্যামমিলা, মিজিরিয়াম।
সন্ধানালে:—একনাইট, পালসোটিলা,প্ল্যাটিনা।
বাম পার্শ্বের উপরিভাগে:—সিমিসিফুগা, মাকুরিয়াস।
সম্ক্রাস।

প্রাতঃকাল:—নাক্স ভমিকা। রন্ধনীতে:—বেলাডনা, একশাইট, আর্সেনিক। মুক্ত বায়ুমধ্যে:—পাল্সেটিলা, নাক্স ভমিকা,

**মাকু**′রিয়াস, **স্পা**ইজিলি<u>য়</u>।

চাপিত **হইলেঃ—হাস্থ্রসাস্থাস**।

বিশ্রামে:—প্লাণাটিনা।

<sup>নিদার পরে:—বেলাড়না, নাক্স ভমিকা।</sup>

গর করিলে:—আর্সেনিক, নাক্স ভমিকা।

জাগ্ৰৎ হইলে:—বেলাড্না।

উষ্ণ বায়ুতে:—মিজিরিয়াম, রাস্, হিপার।

আব হাওয়ায়, সিক্ত:—ভাল্কামারা, মাকু রিস্থাস্। বাতাায়, ৬ছ-শীতল:—একনাইট, ব্রাস্থানিয়া, সিমি-সিফু-গা।

· উপশয়—

" বিশ্রামে :—বালসিস্থা।

উঞ্তায়: – নাক্স ভ্রিকা, কল্সিস্থ।

আনুষ্প্রিক চিকিৎস। I—চিকিৎসকের প্রথমেই পুঝাছ-পুঝারপে দন্তের পরীক্ষা করা উচিত, অপিচ উভয় চোরাল, চক্ষু, নাসিকা, গলনলী এবং কর্ণাদরও গত্ন পূর্ব্বক পরীক্ষা হওয়া উচিত। এই সকল শরীরাংশের বিকার রোগোৎপাদনে যথেষ্ট না হইলে, পরীক্ষক প্রত্যেক সন্তব্য সাক্ষাৎ অথবা প্রতিক্ষিপ্ত উত্তেজনার কারণের অনুসন্ধান করিবেন। বে কোন প্রকার সন্তব্য উত্তেজনার কারণ তৎক্ষণাৎ স্থানান্তবিত ক্ষথবা, সন্তব হইলে সংশোধিত করিতে হইবে। সম্পূর্ণ পরিপাক প্রথম্বও পরীক্ষা হওয়া উচিত।

প্রস্থকারগণ ইহার চিকিৎসায় বৈছাতিক স্রোতের বিশেষ প্রশংসা করিয়াছেন। ইহার বে কোন প্রকারের প্রয়োগ উপকার করিয়া থাকে। ইতিপূর্বের স্নায়ু-শূল রোগ চিকিৎসায় ইহার প্রয়োগের বিষয় কথিত হইয়াছে, এ স্থলেও তদ্ধপ করিতে হইবে। অধিকস্ক গ্যাসি-রিয়ান স্নায়ু গ্রন্থি (ganghon)-দেশের উপরে গ্যাল্ভ্যানিক স্রোতের প্রয়োগে উপকার হইতে পারে। কোন কোন স্থলে স্নায়ুর কেন্দ্র দেশোপরে ইহার প্রয়োগেও উপকার হয়, ষেমন গ্রীবার সহায়ুভ্তিক স্নায়ুর উপরে।

়ে অনেক অনেক অদমনীয় রোগ স্থলে স্নায়বিক কম্পনের ব্যবহার উপকার ক্রিয়াছে। চাপে বেদনাযুক্ত স্থানে হাতুড়ির মৃহ আঘাত প্রয়োগ করিতে, হুইবে। ইহা প্রথমে বেদনার তীক্ষতার হঠাৎ বৃদ্ধি করিবে, কিন্ধু পরে ধীর গতিতে উপশম আনম্বন করিবে। ডা: কাউপার থোরেট বলেন, উপশ্যের আরম্ভেই প্রয়োগ বন্ধ করার তিনি উৎকৃষ্ট ফল পাইরাছিলেন। শারীরিক ক্রিয়া বৈষম্য বা এটাাক্সিরার বর্ণনাকালে ইহার প্ররোগ সম্বন্ধে যে সকল সাবধানতার অবলম্বন করিতে বলা হইরাছে, এম্বলেও তাহাই অবলম্বনীয়। সাধারণ স্নায়্-শ্লের চিকিৎসার বর্ণন উপলক্ষে বে সকল নিদ্রাকারক, মাদক এবং স্পর্শজ্ঞানাপহারক সেবন, স্বাধঃ অথবা স্থানিকরূপে প্রয়োগের বিষয় উল্লেখিত হইরাছে, এম্বলে তদ-

মৃথ-মণ্ডল স্নায়ু-শূলে অধুনা অন্ত চিকিৎসা দারা বহুতর স্থলে কল দর্শিয়াছে, এজস্ম ইহা বিশেষ বিবেচনার বিষয় যে প্রত্যেক স্থলেই ইহা বারা উপকার সম্ভব হইতে পারে কি না। বাহাই হউক, বধন অস্তাম্প উপায় নিক্ষল হয়, সর্বস্থলেই অন্ত চিকিৎসা দারা উপশমের চেষ্টা করা সঙ্গত। স্নায়ুচ্ছেদ এবং স্নায়ু উৎপাটন, উভয়েই রোগারোগ্য করিয়াছে, কিন্তু সায়ুচ্ছেদ নানাধিক কালের জস্ম কিঞ্চিৎ বিরাম আনরন করে মাত্র। সম্ভবতঃ রন্ধুপথের অথবা তাহার সন্ধিত দেশের অবস্থারও অমুসন্ধান করিয়া কারণ স্থানাস্তরিত করার আবস্তাক হইতে পারে। মৃথমগুলের এই সকল অন্ত চিকিৎসায় অতি বন্ধের সহিত উৎকৃষ্ঠতর পচন ও তুর্গন্ধ নিবারকের ব্যবহার করিতে হইবে। এই সকল অন্ত-চিকিৎসাকালে অনেক সময়েই বিসর্পিকা এবং রঙ্গ-বিশ্বিকা জন্মে।

কোন কোন স্থলে একটির পর একটি করিয়া দস্তগুলি স্থানাস্তরিত করা হর, প্রত্যেকটির উৎপাটনের পরেই বেদনার কিঞ্চিৎ কালের বির্বিভ শটে। ইহা অতি সাধারণ ঘটনা বে চিকিৎসকের নিকট উপস্থিত ক্ওয়ার পূর্ব্বেই তুই চারিটি দস্ত, অনেক সময়ে সম্পূর্ণ স্থায় দস্ত, স্থানাস্তরিত করা হইয়াছে। এমন কি চোধালান্থি কাটিয়া ফেলার পরেও বেদনা শাকিরা ঘাইতে পারে। এবিষধ রোগে নিশ্চিতই রোগ-মূল করোটি গর্ভে থাকে। কোন কোন স্থলে করোটি অভ্যন্তরে স্নায়্র কর্তন স্বায়ীরূপে রোগ্যারোগ্য করিয়াছে। এক সময়ে গ্যাসিরিয়ান সায়্- গ্রাছির কর্ত্তন রোগারোগ্যের নিশ্চিত উপায় বলিয়া বিবেচিত হইয়াছিল, অনেক রোগ আরোগ্যও হইয়াছিল, তথাপি মোটের উপর ইছা আশাকুরূপ ফলদান করে নাই।

#### ২। করোটি পশ্চাৎ শির-শূল বা অক্সিপিটাল নিয়ুরেল্জিয়া। (Occipital Neuralgia,)

বিবরণ ।— এই প্রকারের স্নায়-শূল তাদৃশ সাধারণ না হইলেও
এত অধিক সময়ে উপস্থিত হয় যে বিশেষ উল্লেখের পক্ষে যথেষ্ট।
অক্সান্ত সায়-শূলের তার ইহাও যে কোন প্রকার প্রতিক্ষিপ্ত
( reflex ) উত্তেজনা হইতে সংঘটিত হইতে পারে। সরলান্ত্র, বৃহদদ্শের
ছিবক্রভাজ, কোলনান্ত্র, মৃত্রস্থলী, মৃত্র পথ বা যুরিপ্রা এবং জননেক্তিরবিকারাদি সকলই ইহার প্রধান স্থানীয় কারণ মধ্যে পরিগণিত।
শৈত্যসংস্পর্ণ, অভিঘাত, অথবা মস্তক অথবা স্কন্তের উপরে গুরুভার বহনও
ইহা উৎপন্ন করিতে পারে।

গ্রীবার পশ্চাদেশে বেদনা জন্মে এবং করোটি পশ্চাতের উপরি-দেশ বাহিরা উর্দ্ধে মুর্দ্ধার গমন করে। মন্তকের অতি সামান্ত চালনাই বেদনার বৃদ্ধি করে। এই কারণেই এক পার্শে সামান্য হেলাইরা মন্তক পশ্চাদাভিমুখে সম্পূর্ণ কঠিন অবস্থায় ধৃত থাকে।

বৃহত্তর করোটি পশ্চাৎ স্নায়ু বা মেজর অক্সিপিটেল নার্ছের বহির্গমন দেশে চাপে বেদনা স্থান অবস্থিত হয়।

রোগ-নির্ব্বাচণ।--এই প্রদেশের অন্তান্ত রোগের মৌলিক

नक्कन वादः अवञ्चानित्र विषय कामप्रक्रम कतिराम राजिनक्तीहरू कठिन माधा ३४ मा । अन्यवाशु (जारभद्र व्यत्मक विषय्र ইহাতে पृष्टे इय मा ।

ভাবা-ফল।—-র্থদিও মধ্যে মধ্যে অতীব কঠিন এবং অদমনীয় রোগ দেখিতে পাওয়া যায়, কিন্তু সাধারণতঃ এই প্রকার সায়-শুল শুভ কল প্রদান করে।

চিকিৎসা-তত্ত্ব ৷—হোমিওপ্যাথির প্রচলিত নিয়মামুসারে নির্বাচিত ঔষধের প্রয়োগে সম্ভবতঃ শীঘ্র শতকরা প্রায় আাশটি রোগী আরোগা লাভ করে, অন্ত বিধ চিকিৎদার প্রয়োজন হয় না। ইতি-পূর্বের স্নায়ু-শূল এবং মুথমণ্ডল স্নায়ুশূল উপলক্ষে যে সকল ওষধের উল্লেখ করা হইয়াছে, সম্ভবতঃ তাহারাই ইহাতে উপযোগী হইবে।

· আকুষাঙ্গক-চিকিৎসা ়— ওঁষধমিশ্রত জল, অথবা বাষ্প অথবা শুষ্ক বায়ু প্রভৃতি যে কোন আকারে তাপের প্রয়োগ অনেক সময়ে বিশেষ উপকার করিয়াছে। এস্থলে গ্যাল্ভানিক বিহাচেছাত বিশেষ উপকারী। সাধারণ স্নায়ুশূল রোগে যেরূপ কথিত হইয়াছে, ইহার তদ্ধ্ প্রয়োগ হইবে। অধুনা স্থানাবদ্ধ ( Static ) বৈছ্যাতিক প্রোত দ্বারা অনেক স্থলে উপকার পাওয়া যাইতেছে।

#### ি'' ৩। বাহুর স্নায়ু-শূ**ল বা ত্রে**কিয়াল নিয়ুরেল্জিয়া। (Brachial Neuralgia)

ः विवत्न । ... এই স্নায়-শূল অধিকাংশ সময়েই মাস্কুল-স্পাইরেল এবং আলনার স্নায়ু আক্রমণ করিয়া থাকে। বিলক্ষণ অনেক স্থলেই সম্পূর্ণ শরীর স্থান বাহাতে গ্রীবাধঃ এবং ফারস্ট ডরদেল বা প্রথম পুঠ-সায় বিস্তৃত হইয়াছে তাহার আক্রমণ হয়। চালনায় বেদনা বর্দ্ধিত হয়, এজন্ম অন্ম হস্ত দারা তাহা ধারণ করিয়া অথবা ঝোলনায় ঝুলাইয়া রোগী বাছ সম্পূর্ণ স্থির ভাবে রাখিতে ইচ্ছা করে। সম্পূর্ণ সায়্র, সম্ভবতঃ অধিকাংশ সময়ে মাস্কুল ম্পাইরেল সায়্র গতি বাহিয়া চাপে বেদনা স্থান থাকে। সর্বস্থলেই রোগীর প্রকৃতি স্নায়্ রোগ দ্বিত দেখা যায়। অভিঘাত ইহা উৎপন্ন করিতে পারে। নানাবিধ প্রতিক্ষিপ্ত উত্তেজনার উৎপত্তি স্থান ইহার সাক্ষাৎ কারণ হইতে পারে। গুল্মবায়্র সায়বিক তুল্পভায় ইহা অনেক সময়ে উপস্থিত হয়। ইহা নিংসন্দেহ যে অনেক সময়েই বাছর প্রকৃত স্নায়্-শূল হাদ্রোগ হইতে :জন্মে। অপিচ কণ্ঠাস্থিত্যধঃ বা সবক্লভিয়ানের ধমনার্ব্বদ্ ইহা উৎপন্ন করিতে পারে।

রোগ-নির্বাচন ।— গ্রাবাদেশীয় কশেকক মজ্জা-বেষ্ট স্থল-বিল্লীর (duramater) বিবৃদ্ধি সক্ত প্রদাহ, কশেককান্থির ক্ষত, এবং এই প্রদেশের কশেকক-মজ্জাবেষ্ট ঝিলির অর্ক্যুদে কিঞ্চিংকালের জন্ম বেদনাই একমাত্র লক্ষণ উপস্থিত থাকিতে পারে। এরূপ স্থলে রোগ বাছর স্নায়ুশ্ল বলিয়া নির্বাচিত হওয়া অযৌক্তিক নহে, কিন্তু শীঘ্রই কশেককমজ্জারজ্বর অপায় সংস্কৃত্ত সাল্লাহত লক্ষণাদি উপস্থিত হইয়া অপায়ের প্রকৃত স্থানের নির্দ্দেশ করিয়া দেয়। অপরঞ্চ এই সকল রোগে সাধারণতঃ উভয় বাছই আক্রান্ত হল্প এবং সন্তবতঃ কেবল অর্ক্যুদ রোগে ইহার ব্যতিক্রম ঘটে, পক্ষান্তরে স্নায়ুশ্ল সাধারণতঃ এক পার্শ্ব আক্রমণ করে। বাছর স্নায়ুশ্ল অতি বিরল রোগ। প্রায় সর্কস্থলেই এই রোগ গুল্মবায়ুর প্রকার ভেদ মাত্র।

চিকিৎসা-তত্ত্ব।—এ সম্বন্ধে এস্থলে নৃতন কিছুই বলিবার নাই। সায়ু-শ্লরোগে যাহা বিবৃত হইয়াছে তাহারই অনুসরণ করিতে হইবে।

আকুষ ক্লক চিকিৎসা।—এ সম্বন্ধেও বিশেষ উল্লেখ যোগ্য কিছু দৃষ্টিগোচর হয় না। তথাপি গাল্ভ্যান-পাংচারের বিষয় পাঠকের শ্বরণ বাধিয়া কার্য্য করা উচিত।

# 8। পশু কামধ্য স্নায়ু-শূল বা ইন্টার কন্টাল নিয়ুরেল্জিয়া। (Intercostal Neuralgia.)

প্রতিনাম।—পার্য-বেদনা বা প্লুরডাইনিরা ( Pluerodynia ), বন্ধ-বেষ্ট-ঝিলির-শূল বা প্লুরেল্জিয়া ( Plueralgia )।

বিবরণ।—ইহা পশু কামধ্য সায়ু আক্রমণ করে। অধিকাংশ সময়ে ইহা বাম পার্শ্বে টে। ইহা প্রধানতঃ যুবতীদিগের রোগ, কিন্তু পুরুষগণও আক্রান্ত হইয়া থাকে। অনেক শুলি রোগ বৃদ্ধ বয়সেও দেখা গিয়াছে। এছলেও রোগৎপাদনে স্নায়ু-রোগ প্রবণ ধাতৃই গুরুতর সাহায্যকারী। উত্তেজনা বাহা হইতেই উপস্থিত হউক ইহা উৎপন্ন করিতে পারে। অভিবাতের কলস্বরূপ ইহা জন্মিতে পারে, অথবা বদি কোন কারণ বশতঃ পোষণক্রিয়ার অবনতি ঘটে, ইহা উপস্থিত হইতে পারে। সাধারণতঃই বেদনা প্রায় অবিশ্রান্ত ভাব ধারণ করে, কিন্তু অন্তান্ত স্নায়ু-শূলের ন্তান্ত, স্কুম্পষ্ট ও তীক্ষ প্রকোপ দেখা দেয়। রোগনির্কাচনে ইহাই মথেষ্ট যে এক অথবা একাধিক পশু কান্মধ্য সায়ুর গতি বাহিয়া বেদনা যায়, এবং সার্লাহত কোন যান্ত্রিক রোগের প্রমাণাভাব থাকে।

চাপে বেদনা স্থানের বিলক্ষণ বিশেষতা দেখা যায়। ইহাদিগের মধ্যে একটি মেরুদণ্ডের সন্নিহিত আক্রাস্ত স্বায়ুর উপরিদেশে, একটি কাক্ষিক রেখার উপরে, রেমাস পার্ফরেনস্ পেপীর উপরিদেশে, এবং একটি সন্মুখের বেস্থানে রেমাস পার্ফরেন্স্পেশী উপস্থিত হয়।

চিকিৎসা-তত্ত্ব।—মায়-শূলরোগে যেরপ চিকিৎসা বির্ত হই-য়াছে, রোগের স্থানামুসারে পরিবর্ত্তিত অবস্থার তাহারই অবলম্বন করিতে হইবে।

তথাপি চিকিৎসকের কার্য্যসৌকর্য্যার্থ নিম্নে আমরা কতিপন্ন নিতাস্ক্র আবশ্রকীয় ঔষধের উল্লেখ করিলাম :--- রেনাস্কুলাস বাস্থ্যসাস— ইহা বিশেষরূপে বক্ষ-প্রাচীরোপথে ক্রিয়াপ্রকাশ করে এবং পার্শ-বেদনার ন্যায় বেদনা উপস্থিত হয়। আব-হাওয়ার পরিবর্ত্তনে ইহার বেদনার বৃদ্ধি। ডাঃ হিউজের মতে, বথন বেদনা এত তীক্ষ্ণ যে রোগী মোটেই শরীর চালনা করিতে সাহসী হয় না, ইহা উৎকৃষ্ট ফলদেয়; অন্যান্থ অনেক চিকিৎসকও ইহার উৎকৃষ্ট কার্য্যের পর্যাবেক্ষণ করিয়াছেন। বাম স্তনাধঃ বেদনাতেও ইহা উপকারী।

সিমিসিফুপা——পার্শবেনা দক্ষিণ পার্ষে অধিকতর পাকিলে ডাঃ
হিউজ ইহার প্রশংসা করেন। গুল্মবায়ু অথবা জরায়ু-রোগগ্রস্ত রোগী
ইহার ক্রিয়ায় বিশেষ উপযোগী। ইহার লক্ষণ সহ আমাশয়োপরিস্থ কোটরে দমিয়া যাওয়া সহ মুক্ত্রিতাব উপস্থিত হয়।

আর্নিকা----অতি পরিশ্রম নিবন্ধন পার্যবেদনায় উপকারী। বক্ষে মুষ্টতার অমুভূতি। চালনায়, তদপেক্ষাও চাপে বেদনার বৃদ্ধি।

রাস রেডিক্যান্স্—ইহার পার্শ-বেদনায় বেদনা তীরবেগে ব্যন্তে বায়।

গল্পেরিয়া-----বক্ষ:শূলে উপকারী, যথন সন্মুথ বক্ষাবরক-ঝিলিছঃ মধাস্থানে (mediastimum) বেদনা অবস্থিতা।

**গুরুইয়াকাম---**ডা: ফ্যারিংটনের মতে **গু**টকোৎপত্তি সহ পার্শবেদনার ইহা কচিৎ নিক্ষল হয়।

ব্রায়নিয়া—— স্চিবেধ এবং ছিন্নবং বেদনার খাসত্যাগে বৃদ্ধি।
আক্রান্ত পার্খ -চাপিয়া শয়নে বেদনার হ্রাসে ইহা লাক্স ভাল হইতে
প্রন্তেদিত হয়। রসবাতিক ধাতুর পক্ষে উপযোগী।

আকুষঙ্গিক চিকিৎসা।—সম্ভব্য সকলপ্রকার প্রতিক্ষিপ্ত অথবা সাক্ষাৎ উত্তেজনার আকরের যত্ন পূর্বক অনুসন্ধান এবং নিরাকরণের পরে যতদূর সম্ভব বক্ষপ্রাচীরের চালনার রোধ করিতে হইবে। আটাবৃক্ত বন্ধ-ফালির আচ্ছাদন বারা ইহা সম্পাদিত করা যায়। যে কোন আকারে ভাপের প্রয়োগ ইহার দর্কোৎকৃষ্ট সহকারী উপায় বলিয়া বিরেচিত। সম্পূর্ণ এবং লাগা বাঁধারূপে ইহার প্রয়োগের আবশ্রক।

চিকিৎসক ইহা কথনই বিশ্বরণ হইবেন না যে বক্র মেক্রদণ্ড, ভগ্ন পশু কার উপারস্থ অর্ব্ব দ, অথবা অক্সান্ত অস্থাভাবিক অবস্থা, উপস্থিত থাকিতে পারে, বদি থাকে, উপযুক্ত উপায়ে সংশোধন করা উচিত। অতি কঠিন রোগ যাহা প্রচালত চিকিৎসায় নিবারিত হয় না, তাহাতে অস্ত্র-চিকিৎসার প্রয়োজনীয়তা জন্ম। স্লায়্ব প্রসারণ চিকিৎসার অবলম্বন করা মাইতে পারে, এই চিকিৎসায় সায়,র অংশবিশেষ চেচ্ননও উপকারী।

## ৫। কটিশূল বা নিয়ুরেল্জিয়া লামেলিস। (Neuralgia Lumbalis)

প্ৰতিনাম ।—কটবাত বা লাম্বেগ (Lambago); গৃঙ্গী বা লাম্বার-পেইন (Lumbar Pain)।

বিবরণ।—সাধারণতঃ এই সায়ু-শূল কটিদেশ আক্রমণ করে, এবং বেদনা বহির্দিকে গমন করিয়া অধাদর, কুচকির ভাঁল, অগু-কোষত্বক, এবং রেতোরজ্জু বা কোষরজ্জু (Spermatic cord) মধ্যে বিস্তৃত হয়। ইহা সর্বস্থলেই এই সকল দেশ আক্রমণ করে না, ইহাদিগের মধ্যে বেদনা কোন এক অথবা একাধিক স্থানে দীমাবদ্ধ থাকিতে পারে।

় অন্তপ্রকার কটিশূলে সন্মুখ-পার্শ্বন্থ ফিমরেলউরুত্বক স্নায়ু (anterolateral femoral cutaneous), জজ্বা স্নায়ু (crural), এবং শ্রোণী দেশীয় স্নায়ু (obticrator) প্রভৃতি মধ্যে একটি অথবা সকলই বেদনাক্রান্ত 'হয়।

কটিকশেরুকার পার্শ্বে, শ্রোণ্যন্থি-শীর্ষের উর্দ্ধে, এবং শ্রোণ্যস্থি বাহিয়া, অথবা অগুকোষত্বগুপরি চাপে বেদনা-স্থান অবস্থিতি করে।

এই স্কল রোগ-নির্বাচনার্থ সন্নিহিত শরীরাংশাদির অতি যত্নপূর্বক

তয় তয় অয়ৄয়য়ানের আবশুক। প্রকৃতপক্ষে সর্ব্বপ্রকার স্নায়ৄ-শূল নির্ব্বাচনই বর্জন প্রণালীবারা সংসাধিত করিতে হইবে। সরলায়, বৃহদন্তের দ্বিবক্রাংশ (Sigmoid) এবং কোলনাস্ত্র অবশুই রোগোৎপত্তির সম্ভব্য কারণ হইতে মুক্ত থাকিবে। জননেন্দ্রিয় এবং মূত্রবন্ত্রাদির বত্তের সহিত পরীক্ষার আবশুক। অস্বাভাবিক মূত্তর শব্দের (du ness) অবগতি জ্বন্ত সংস্পর্শন এবং বিঘাতন দ্বারা সম্পূর্ণ উদর গহবরের পরীক্ষা করিবে। সঙ্গোপতঃ এই সকল স্নায়ুর অন্তান্ত সর্ব্বপ্রকার উত্তেজনার কারণাদির সম্পূর্ণ বর্জনের আবশুক।

ইহা সম্ভব যে কটি স্নায়্-শূলাদির মধ্যে ক্রেল স্নায়্-শূলই সর্ব্বাপেক্ষা অধিকতর সময়ে ঘটে। ইহাতে বেদনা এই স্নায়্রগতি এবং বিস্তৃতির স্থানে উপস্থিত হইয়া নিম্নাভিমুথে জাতু পর্যান্ত যায়। ইহা বলা যাইতে পারে বে কটিবাতের কারণাদির মধ্যে স্বাভাবিক অথবা অস্বাভাবিক যৌনসম্ভোগ সংস্ঠ অমিভাচারই প্রধান স্থান অধিকার করে। স্নায়্-শূলের সাধারণ কারণ অস্তান্ত স্থলে থেরপ এস্থলেও তদ্ধপই।

ভাবীফল।---সাধারণতঃই শুভ পরিণাম ঘটে।

চিকিৎসা-তত্ত্ব।—ইহাতেও সাধারণ সায়ু-শ্লের ঔষধাদি বেদনার প্রকৃতি এবং রোগীর ধাত্মাদির অন্সসরণে পরিবর্ত্তিত হইয়া প্রয়োজত হয়। তথাপি চিকিৎকের স্মরণার্থ আমরা নিম্নে কতিপয় সর্ব্বাদা প্রয়োজনীয় ঔষধ লিপিবদ্ধ করিলাম:—

একনাইট—রোগের তরুণ ও প্রবলাবস্থায় ইহার নিম ক্রনের ১ শ্বেথবা ২ শ ) কিঞ্চিৎকাল লাগা বাঁধা ব্যবহারে আমরা আশাতীত ফল লাভ করিয়াছি।

রাস্টক্স—প্রষ্ঠ ভগ্ন হওয়ার স্থায় প্রচণ্ড বেদেনা ইয়ার প্রকৃতিগত বিশেষ লক্ষণ। "চালনায় উপশ্ম" অপে- কাও ইহা অধিকতর বিশেষত্ব পায়, যেহেতু স্থলবিশেষে চালনায় বেদনার বৃদ্ধি হইলেও ক্লাহন উপকার করিয়া থাকে।

অপেক্ষাকৃত গভীর দেশের পেশীর আক্রমণে ল্লাস্ক্রেল উপযোগিতা প্রকাশ পায়। অতি গভীরতর বেদনা, উত্থানের চেষ্টা করিলে অসাড়, থেঁৎলানবৎ কনকনানিতে চালনার আরম্ভে বেদনার বৃদ্ধির প্রমাণ দেয়। ইহা পুরাতন রোগের পক্ষেই বিশেষ উপযোগী বলিয়া অমুমিত। ডাঃ বেয়ারের মতে, কটিবাতে ল্লাস্ক এবং আপিক্রি হইতেও ভালাভালে ইস্কেতিক অধিকতর উপকারী। ল্লাস্কেল কটিশ্লের চাপে উপশম, কিন্তু শ্যায় বৃদ্ধি হয়। ল্লাস্কেল রোগী কোন কঠিন বস্তুর উপরে শয়ন করিতে ভালবাদে।

নেট্রাম মিয়ুরিয়েটিকাম—ইহাতেও রোগী কঠিন কোন বস্তুর উপরে শন্তনে উপশম পান্ন। রোগী পশ্চাদ্দিকে বক্র হইলে ক্লাস্ক্রেবেদনার উপশম হয়। ইহাই উভয় মধ্যে প্রভেদ।

সাল্ফার—ইহার কটি-শৃলে হঠাৎ গতি শক্তির অভাব ঘটে।
ঝটিকার পূর্ব্বে রোগের বৃদ্ধিতে ইহা রাডডেণ্ড্র লের কথা শরণ
করাইয়া দেয়। পৌট্রলিক্সাম এবং রাফটার পৃষ্ঠ বেদনা
প্রাত্তংকালে গাত্রোখানের পূর্ব্বে অমুভব করা যায়। প্র্যাক্ষিত্রেপা
রিক্সার এই বেদনা রোগীকে প্রভাবে শ্যাভ্যাগ করিয়া পদ চারণা
করিতে বাধ্য করে। এই লক্ষণ কেলি কারবিনিকামেও
দেখিতে পাওয়া যায়; রজনী প্রায় ওটার সময় ইহা উপস্থিত হয় এবং ইহার
সহিত ভীরবেধবৎ বেদনা নিয়াভিমুখে নিতম্ব বাহিয়া যায়।

লিডাম পালেষ্ট্রা——অনেকক্ষণ স্থিরভাবে বসিয়া থাকার স্থায় কাঠিম্ম অথবা আড়ষ্টতার অহুভূতি।

হাইপেরিকাম——ইহাতে কটিদেশে কনকনানি এবং স্থচিবেধবৎ বেদনা থাকে এবং বিশেষতঃ যে সকল স্ত্রীলোকের বাধ্য হইয়া শরীর অতি- প্রসারণ, ভারি বস্তুর উত্তোলন এবং বারম্বার সিঁড়ি ভাঙ্গিয়া ওঠানাম। ক্রিতে হয় তাহাদিগের রোগে ইহা উপকার করে।

ব্রায়নিয়া— রসবাতিক কটি-শূল; সামাক্ত চালনায় বেদনার বৃদ্ধি।

কাল্কেরিয়া-—ইহা পৃষ্ঠ শূল, বিশেষত যে পৃষ্ঠ-শূল মেরু-মজ্জার উত্তেজনার স্থার প্রতীয়মান হয়, আরোগ্য করিয়া বিলক্ষণ খ্যাতিলাভ করিয়াছে। ইহা পৃষ্ঠের অধ: অংশের বেদনা, পূর্ণভাব অথবা জালামর বেদনার উপকারী। কটি-শূল যাহা শরীর চালনার আরভ্যে বৃদ্ধি এবং ক্রমাগত চালনা করিয়া যাইলে হ্রাস পায় এবং যাহাতে ল্লাসন্তিক্সন নিক্ষণ হয়, ইহা উপকার করে। রোগীর ক্রাক্তিক্সিল্লালা অবং ধাতু থাকিতে পারে।

কেলি ফস্ফরিক ম-—ডাং দালার আবিষ্ণৃত একটি টিস্থরেমিডি ৰা উপাদান পোষক ঔষধ। রসবাতিক থঞ্চতার বিশ্রামে এবং চালনার আরম্ভেই বৃদ্ধি; পক্ষাঘাত প্রবণতার উপবেশনাবস্থা হইতে উত্থানে বৃদ্ধি। কোন কোন ঔষধের পৃষ্ঠ-শূল উপবেশনে বৃদ্ধি পায়, তন্মধ্যে কোলাই, জিক্ষাম, এবং কেলালিক ইণ্ডিকা প্রধান।

নাক্স ভমিকা-—ইহা পৃষ্ঠশ্লের অন্ততম ঔষধ, বিশেষতঃ যদি মেরুমজ্জার সংস্টতা থাকে। বেদনা কটিদেশে হয়, এবং রজনীতে শয়ায় শয়নে রজিপায়; বিদারণ অথবা য়ৢয়বং বেদনার সহিত পৃষ্ঠে হঠাৎ স্চিবেধের অন্তভূতি থাকিতে পারে; এই বেদনার একটি বিশেষ প্রকৃতি এই যে পার্ম পরিবর্ত্তন করিতে রোগী উঠিয়া বসিতে বাধ্য হয়। ইহার একরপ প্রাভাষিক পৃষ্ঠ-শূল দেখিতে পাওয়া যায়, রোগী যত অধিককাল শয়ায় থাকে, ততই তাহার রজি হয়। অপরিমিত যৌনসঙ্গম নিবন্ধন বে পৃষ্ঠ-শূল জন্ম লাক্তস ভালিক বাবং স্ত্যাহিকতে সার রজি হয়। অপরিমিত যৌনসঙ্গম নিবন্ধন বে পৃষ্ঠ-শূল জন্ম লাক্তস ভালিক বাবং স্ত্যাহিকতে সার বিষয় হয়।

ফসফর † স——ইহাতে উভয় অংসফলকান্থি মধাপ্রদেশে তীক্ষ জালার সহিত পৃষ্ঠ-কশেরুক কন্টক প্রবর্দ্ধনের স্পর্শাসহিষ্ণুতা জন্মে, স্পিকেলিকেন্ত পৃষ্ঠে কট্কিরিয়া হঠাৎ বেদনা ধরে।

লাইকোপাড্য়াম----অংশফলকান্তি দ্বর মধ্যপ্রদেশে কয়লা দারা দগ্ধ করার ন্যায় জালা; এবং নিম্ন প্রষ্ঠে কাঠিন্ত ও বেদনা।

অক্জ্যালিক এসিড।—তীক্ষ পৃষ্ঠ-বেদনা অবস্থানের পরিবর্ত্তনে উপশম হয়; অনুমিত হয়, পৃষ্ঠ এতাদৃশ গুর্বল যে শরীর ধারণে অক্ষম। বেদনার বিষয় চিস্তায় তাহার বৃদ্ধি, ইহার সহিত দৌর্বল্যা, এবং অঙ্গাদিতে অসাড়তা, পৃষ্টের নিমাংশে, উভয় হৃদ্ধ মধ্যে বেদনা, এবং কোনপ্রকার চালনা অথবা শ্রমে বেদনা, এবং চাপে তাহার বৃদ্ধি। ভিন্ন স্থানে বেদনা।

সিপিয়া——জরায়ুরোগ ঘটিত পৃষ্ঠ-শূলের অনেক সময়ে ইহা দারা উপকার হয়। ভ্রমণকালে নিম্ন পৃষ্ঠে সাধারণ তুর্বলতা উপস্থিত হইলে, উপবেশন কালে বৃদ্ধি পায়। পৃষ্ঠে হঠাৎ বেদনায় বোধ যেন হাতৃড়ির আঘাত লাগিয়াছে, কোন কঠিন বস্তুর উপরে পৃষ্ঠ চাপিলে উপশ্ম।

ইস্কুলাস——অনেক সময় পৃষ্ঠ-বেদনার উপকার করে, এবং সিন্দ্রাল্প স্থায় তাহার ভ্রমণকালে বৃদ্ধি হয়। কটি-শ্রোণী প্রদেশের এই কঠিন, এবং মৃত্র কনকনানি বেদনা ত্রিকান্তি এবং কটি আক্রমণ করে, এবং ভ্রমণকালে পৃষ্ঠ যেন থসিয়া পড়ে। গর্ভাবস্থার পৃষ্ঠ-শূল, বিশেষতঃ যদি ভ্রমণে অথবা সন্মৃথে নত হইলে বৃদ্ধিপায়, অনেক স্থলেই ইস্ক্রুল্নাস্ন দারা প্রশমিত হইয়া থাকে।

সিমিসিফু গা——জরায়-রোগ ঘটিত প্রচণ্ড পৃষ্ঠ-শ্ল, বিশেষতঃ রুদবংতিক রোগগ্রস্ত স্তালোকদিগের।

আনুষ্পিক চিকিৎ দা।—উষ্ণ দেক, ঔষ্ধদিক্ত অথবা সহজ, অনেক সময়ে উপকারী। অতি তপ্ত করা শুষ্ক বায়ুও অনেক স্থলে স্কুফল দর্শাইয়াছে। ফ্যারাডিক, গ্যাল্ভ্যানিক এবং স্থিতিশীল (Static)

প্রকারের বৈহ্যতিক স্রোতন্ত সাহায্যকারী এবং আরোগ্য প্রদ। কটিদেশো-পরি শুঙ্গনোন্দণ (dry cupping)ও একটি প্রকৃষ্ট উপায় এবং কথন কথন ইহাই যথেষ্ট। অস্তান্ত বিষয় সাধারণ স্নায়ু-শূল চিকিৎসায় দুষ্টবা।

## ৬। বঙ্গ্রুণ স্নায়্-শূল বা সায়াটিক নিয়ুরেল্জিয়া। (Sciatic Neuralgia.)

প্রতিনাম।—বঙ্গণবাত রোগ বা মেলাম কণ্ট,নিয়াই (Malam Contunnii); বঙ্গণ স্নায়-শূল বা ইস্কিয়াটিক নিয়ুবেল্জিয়া (Ischiatic Neuralgia); গুপ্তসী বা সায়াটিক। (Sciatica)।

বিবরণ ।—ইং. অভ্তম অতি সাধারণ প্রকারের লায়ুশ্ল।
ইহাতে দ্বীলোকাপেকা পুরষণণই অধিকতর সময়ে আক্রান্ত হয়, তাহার
প্রধান কারণ এই যে দ্বীলোকগণ স্বন্ধই ইহার কারণ সংস্রবে আইনে।
জীবনের মধা সময়েই ইহা অতীব সাধারণ বলিয়া বিবেচিত; কিন্তু ব্রুমন্থগণপু
মক্ত নহে। বক্ষণ পায়ুশ্ল বলিয়া নির্বাচিত অধিক সংখাক রোগই
প্রকৃত লায়ুশ্ল নহে; বক্ষণ লায়ু-প্রদাহকে প্রভেদিত করা অনেক
সময়েই মতীব কঠিন সাধা। মঙ্গলের বিষয় এই যে, চিকিৎসা সৌকর্যার্গ
তাহা নিতান্ত প্রয়োজনীয়ও নহে। তক্ষণ এবং পুরাতন ভেদে রোগ
হই প্রকার বলিয়া গণ্য। তক্ষণ রোগে অতি কঠিন বেদনা হওয়ায়
রোগী অসহায় হইয়া পড়ে এবং সঙ্গে সঙ্গে নামাধিক জর থাকে। অনেক
সময়ে প্রায় ছয় সন্থাহ রোগের ভোগ হইবার পর প্রায়শঃই আরোগ্যে
শেষ হয়, কিন্তু কথন কথন পুরাতন অবস্থায় যায়। সহজেই বোধগম্য
হইবে যে ইহা অবিমিশ্র সায়ু-শ্ল নহে, কিন্তু তথাপি এই সংপ্রবে ইহার
বিষয়ের উল্লেথই স্ক্রিধা জনক।

কারণ-তত্ত্ব ।— সায়্-রোগ-প্রবণতাবিশিষ্ট ধাতু, অস্তান্ত স্নায়্-শূলের স্তায় এ রোগেরও একটি গুরুতর কারণাংশ। সাধারণ দৌর্জ্বল্য, পোষণের দোষ এবং রক্তহীন অবস্থাদি এ রোগের পূর্ব্বপ্রবর্ত্তক কারণ বলিয়া বিবেচিত হয় না। ঔপদংশিক অস্থার্কাদ ব্যতীত উপদংশও ইহার কারণ-শ্রেণীমধ্যে গণা নহে। ইগারা কথন কথন দ্বিপাশ্রীয়, কচিৎ এক এর পার্দ্বীয় সায়াটিকা উৎপন্ন করে। হুরাবীজ মথবা সীসক বিষাক্ততা হইতেও ইহা জন্মিতে গারে, এবং বিলফণ অনেক সময়েই পারদ ইহার মলে থাকে। পুয়মেহও স্বল্লতর সময়ে ইহা উৎপল করে না। যে কোন প্রকার সংক্রামক বোগের ভোগকালে অথবা পরিণামে সায়াটিক। বা গ্রুদী সংঘটিত হইতে গারে। পেশীর রুষ্বাত এবং কুদ্রবাত অনেক সময়েই ইহার কারণক্রণে বর্তমান থাকে। নিয়াঙ্গের অতি পরিশ্রম, স্থনীর্ঘকাল কঠিন বস্তুর উপরে উপবেশন, অথবা উপবেশন দোষে নিমাঞ্চের উপরে অক্রপ্যক্ত চাপ ইহা উৎপন্ন করিতে পারে। শৈত্য এবং সিক্ততা সংস্পূর্ণ, বিশেষতঃ কোন শাতল বস্তুর উপরে উপবেশন, অনেক সময়েই ইহার কারণ। যে কোন প্রকার অভিঘাত হইতে সায়াটিক। জনিতে পারে। যে সকল কারণিক অবস্থা অঞান্ত সায়ু-শুল অথবা সায়বিক প্রদাহে প্রতিক্ষিপ্ত উত্তেজনা এবং কশেকক মাজ্জেয় অপায়োৎপরে ক্রিয়া প্রকাশ করে, এরোগেও সমভাবে ক্রিয়াশীন হুইতে পারে। সম্ভব যে যাহা কিছু কটি-কশেরকা মজ্জায়, কটি বা লাম্বার স্নায় মলে অথবা বক্ষণীয় বা সায়াটিক স্নায়ুৱ গ্ৰি বাহিয়া যে কোন স্থানে উত্তেজনা অথবা তাহাদিগের উপরে চাপ উপস্থিত করে, সায়াটিক। বা গুল্লমীর কারণক্রপে বিবেচিত হইতে পারে।

লক্ষণ-তত্ত্ব।—ইতি পূর্বের যে তক্ষণ রোগের বিষয় উল্লেখিত হুইরাছে, অনেক সময়েই তাহার আক্রমণ বরঞ্চ হঠাং হুইয়া থাকে, যদিও, কথন কথন পূর্বের অস্বভূতি এবং সায়াটিক বা বজ্ঞ্যণ প্রদেশে ন্যনাধিক মৃত্ব বেদনা হয়। বেদনা পরিষ্কার রূপে সায়াটিক সায়ুর গতি বাহিয়া হয়, এবং পদ পর্যান্ত বিস্থৃত হুইতে পারে, এবং অতি

কঠিন হইতে পারে। অনেক সময়েই কার্যাতঃ ইহা অবিশ্রান্ত ভাব ধারণ করে এবং মতান্ত তীক্ষতার সহিত স্বস্পষ্ট প্রকোপ উপস্থিত হয়। প্রত্যেক চালনাই বেদনার বুদ্ধি করে। অনেক সময়ে ভাবোত্তেজনা বেদনার বুদ্ধি ঘটায়। সাধারণতঃ নানাধিক জ্বরভাব থাকে। কোন কোন ন্তলে তাহা রোগের প্রধান লক্ষণ বলিয়া পরিগণিত হয়, কিন্তু অত্যান্ত স্থলে ইহা নামান্তই মনযোগ আকর্ষণ করে। সকল লক্ষণই দিনের পর দিন দিন তাক্ষতার অতিশয় পরিবর্ত্তনশাল হয়। একদিবস প্রত্যেক রোগীই রোগের উপশ্য বিষয়ে নিশ্চিত থাকে, প্রদিব্দ সম্নিশ্চিত রূপে বিপ্রাত ঘটন। হয়। যতই চিকিৎসা হউক, ইহা প্রায় সন্ধ্রাদী সন্মত যে আক্রমণ প্রায় ছয় সপ্তাহ প্রায়াহয়। সাধারণতঃ পরে ইহা যেন জুত অন্তর্দ্ধান করে, এবং জর অথবা স্থদীর্ঘ যন্ত্রণা ভোগ এবং শ্যাায় আবদ্ধ থাকা প্রভৃতির স্বাভাবিক ফলস্বরূপ আরোগ্যবেস্থার তুর্বলভাদি বাতীত, রোগী আরোগ্য লাভ করে। প্রায়শঃই পরিণামে কোন রোগ লক্ষণ থাকিয়⊾যায় না. কিন্তু পুরতিন সায়াটিকা শেব থাকিতে পারে, অথবা সম্ভবতঃ আত স্বন্ধতর স্থলে কোন প্রকারের পেশী সংকোচ অবশিষ্ট থাকে। সন্নিচিত শোণিত-যন্ত্র চালক ( vasomotor ), অন্তর্ভুভিদ (Sensory ), এবং পোষণ ক্রিয়া সাধক (trophic) স্নায়বিক বিশৃংথলা, পৈশিক লক্ষণাদি এবং অস্তান্ত দুগু যাহা অনেক সময়েহ এই রোগের সহিত উপস্থিত হয়, তাহার কোন বিশেষত্ব না থাকায় এন্তলে উল্লেখ নিশ্বাজান। ইহারা অতান্ত পরিবর্তনশীল।

রোগ-নির্বাচন ।—বেদনা বফনীয় বা সায়াটিক সাত্র এবং তাহার শাখা-প্রশাখায় সীমাবদ্ধ থাকে এবং সঙ্গে সঙ্গে অভা কোন অপায়ের সম্ভাবনা থাকে না, এই এক মাত্র ঘটনা এই রোগ নির্বাচনে যথেষ্ট। রোগ পৃথগুভাবে স্থায়স্কম করা কঠিন নহে।

উপরে আমরা তরুণ সায়াটিকার বিষয় লিপিবদ্ধ করিলাম। ফলতঃ

সাধারণতঃ আমরা যে রোগ দেখিতে পাইরা থাকি, আক্রমণ এবং লক্ষণাদির প্রকৃত্যন্ত্রমারে তাহাকে পুরাতন পর্য্যায় মধ্যে গণ্য করা যায়। আমরা নিমে এরিষয়ের বর্ণনা করিয়া পরে উভয় প্রকার রোগের চিকিৎসা এক সঙ্গে লিপি বন্ধ করিব।

এই সাধারণ প্রকারের স্নান্ন-শূলের আক্রমণ সম্পূর্ণ ধীর গতি বিশিষ্ট। নিতম্ব দেশে অথবা উক্ত-পশ্চাতে প্রথমে মৃত্রু অস্বস্থির অনুভূতি উপস্থিত হয়, এবং দম্ভবতঃ তাহার সহিত যেন নিমাঞ্চ পারশ্রান্ত বলিয়া অনুভৃতি জন্ম। এক সপ্তাহ কালের মধ্যে এই অনুভূতি বৃদ্ধি পাইয়া প্রকৃত বেদনায় পর্যাবসিত হয়। প্রথম অবস্থায় ইতা আরুষ্ট্রৎ বেদনারূপে প্রতায়মান হয়, এবং অনেক দিন স্থায়ী রোগ মধ্যে অনেক স্থলেই এই আরুষ্ট এবং পেষণবং বেদনাপেক্ষা অধিকতর কিছু হয় না। সচরাচর ইহা নিমাঙ্গের নিমবাহা গর্ভ করার ভাষ, বিদ্ধবং, ছুরিকাঘাতের ভাষ, অতীব যন্ত্রণাপ্রাদ বেদনার প্রকৃতি পায়। অনেক সময়েই একরূপ অবিশ্রান্ত বেদনার স্থিত ন্যুনাধিক কঠিন ভাঁজতার স্থ্যস্থ্য প্রকোপ উপস্থিত হয়। বেদনা সায়াটিক সায়ুর গতি এবং বিস্তৃতিতে দীমাবদ্ধ থাকে। রোগীর পক্ষে বিলক্ষণ সাধারণ ঘটনা যে সে অঙ্গুলি দারা নিতম্বদেশে বজ্ঞানীয় বন্ধ -পথে (Sciatic foramen) স্নায় বহিরাগমন হইতে উকান্থ-প্রবর্ত্ধন (trochanter) এবং বক্ষণান্থি-কন্দ্বৎ উচ্চতার (tuber ischii) প্রায় মধ্য বাহিয়া উরুর পশ্চান্তাগের নিমাভিমুখে, জানুপশ্চাদেশে এবং গুলফ-প্রবর্দ্ধন ( malleoli ) পর্যান্ত স্নানুর ঠিক গতি নির্দ্দেশিত করে। নিমাঙ্গের রুহত্তর শিরা (Saphenous major) দেশাংশ মাত্র আক্রান্ত না হইতে পারে। নিয়ন এই যে কেবল একটি স্নায়ু আক্রান্ত হয়। কঠিন আসনে উপবেশনে, কোন প্রকার চাপে, যে কোন প্রকার ভ্রমণে অথবা চালনায় প্রায় দর্বস্থলেই বেদনার বুদ্ধি হয়। রোগী বিলক্ষণ স্কস্থ বোধ করিয়া ভ্রমণে প্রবৃত্ত হইতে পারে, কিন্তু অল সময়ের মধ্যেই দেখিতে পায় যে

বেদনা ক্রমেই কঠিনাপেক্ষা কঠিনতর হইতেছে। উপবেশন অথবা দণ্ডায়মানাবস্থায় যতদূর সন্তব রোগী স্থাস্ত পার্থে ভর করিয়া আক্রান্ত অঙ্গ রক্ষা করে। উরু সংকৃচিত করিলে, অথবা নিরাঙ্গপ্পজ্ব রাখিলে রোগী বেদনা অন্তব করে। সাধানণতঃ রোগী জাত এবং বজ্ঞাণ সন্ধি কিঞ্চিৎ বক্ত করিয়া ভ্রমণ করে এবং দণ্ডায়মান হয়। কথন কথন এই সম্পূর্ণ রুগ্ন শরীরান্ধভাগে কম্পন এবং অন্তর্ভত-বিশৃংখলা উপস্থিত হয়।

পশ্চাৎ শ্রোণ্যস্থি-কণ্টক প্রবর্জনের (illiac opine) পাথে বছত্তর রক্ষু-পথে বছিরাগমন-স্থলে, খুটিয়লে মাাক্সিনাস পেনার নিয় কিনারায়, উর্কস্থি-উর্জ প্রবর্জনে (trochanter) এবং বজ্জণান্তি-কন্দের মধ্য প্রদেশে, জান্তু-পশ্চাদ্দেশের মধ্যস্থলে এবং সন্তবভঃ গুল্ফ প্রবন্ধন (malleoli) প্রভৃতির নিকটে চাপে বেদনা প্রান অবভিত। প্রকৃত সায়টিকা রোগে স্নায়ুর সম্পূর্ণ গতি বাহিয়া চাপে বেদনা থাকে না, কেবল নিদ্ধির হানে চাপে বেদনা অকুভূত হয়।

রোগ-নির্বাচন।—বোগ-নিব্বাচনে বেদনার মূল, এবং বিস্তৃতি, এবং চাপে বেদনা-ফানের নিদ্ধারণ করিতে হইবে। পরে রোগীকে চিৎভাবে শয়ন করাইয়া এবং জাল্পাজ রাপিয়া নিয়াঙ্গ উত্তোলিও করিতে হইবে; বজ্ঞাণ স্লায়-শূণ বা সায়াটিকা বর্ত্তমান থাকিলে. পদ যদি প্রায় বরে ইঞ্চিউরোলিত করা যায় প্রায় সন্দত্তেই বেদনা উপস্থিত হয়, এবং সায়াটিক সায়্টান টান বা প্রসাবিত হয় বলিয়া পদের উচ্চত্র উত্তোলনে বেদনার বৃদ্ধি হয়, কিন্তু জাল্ল বক্র করিলে তৎক্ষণাৎ বেদনা অন্তর্জান করে। রোগ সায়াটিকা হইলে স্পশজ্ঞানের লোপ, পক্ষাঘাত অথবা অপক্ষইতার চিহ্নাদি উপস্থিত হইবে না। অঙ্গ চালনা হইতে বেদনার ভীতি প্রযুক্ত রোগী অসম্পূর্ণ পক্ষাঘাত উৎপরের ভান করিতে পারে। সামান্ত পর্যবেক্ষণাই স্বদ্পমা হইবে যে ইহাই দৃষ্টতঃ চলংশক্তির অপচয়ের কারণ। কশেক্ষকমাজ্জেয় অপায়ে বেদনা কথনই সায়াটিক সায়ুতে সীমাবদ্ধ থাকে না।

পৈশিক রসবাতে চাপে বেদনা-স্থান বর্ত্তমান থাকে না এবং বেদনা এক অথবা একাধিক স্নায়তে সীমাবদ্ধ না ইইয়া বিস্তৃত অবস্থা প্রাপ্ত হয়। পেশী নিচ্ছীড়িত, অথবা তাহার সন্নিবেশ স্থান চাপিত করিলে তাহাতে বেদনা হয়। বক্ষণ-সন্ধি-রোগে (hip-joint disease) কড়িস্থ বেদনা সন্ধির অভান্তরে থাকে, জারু সন্ধির উপরিস্থ বেদনা সায়াটিকার সহিত অতি নিকট সাদ্গ্র প্রকাশ করিতে পারে, কিন্তু চাপে বেদনা-স্থান উপস্থিত থাকে না। সরলান্ত্র এবং বাস্ত-কোটর এবং উদর-গহররাদির বিশেষ যত্নের সহিত পরীক্ষা হওয়া উচিত; কেননা এই সকল শরাবাংশে বেদনা উৎপন্ন করিবার যথেষ্ট কারণ আছে কি না তাহার নিশ্চয়তা বাতাত অনেক রোগীর রোগ প্রভেদিত করা যায় না। হহা স্মরণীয় যে রায়-প্রদাহ এবং স্নায়-পূলের মধ্যে সর্বহলে প্রভেদক রেখা পাত করা অসম্ভব। স্নায়-প্রদাহ স্পষ্টতের ভাবে গতি, অন্তর্ভূতি এবং পোষণ সংস্ট্র বিশৃংখলা উৎপাদনে যথেষ্ট্র হর্তালে স্বাত্রা নির্মণণ কঠিন নতে।

ভাবীফল।—বোগার বয়ন-বৃদ্ধির সঙ্গে সঙ্গে আরোগা সন্তাবনার 
হাস হইতে থাকে। এমন কি, বহু বৎসর পরেও ইহার পুন্রাক্তমণের 
প্রেষ্ঠির সন্তাবনা দৃষ্ট হয়। রসবাভিক, শৈতাদির সংস্পান ঘটিত এবং 
অভিথাতিক রোগাদি স্থভপরিনামের আশা প্রদান করে। ফলতঃ 
কারণের অপন্যনীয়তার সন্তাবনাই অবশুভাবীফলের পরিবন্তন সাধিত 
করে।

তি কিৎসা-তত্ত্ব ।— একনাইটি— শৈত্য-সংস্পর্ন, সিক্ততা এবং বন্ম বসিয়া বাওয়৷ হইতে রক্ত সঞ্চয়িক প্রকারের সায়াটিকা রোগে একনাইটি উপকারী। আক্রান্ত শরীরাংশে, বিশেষতঃ পদাঙ্গুলিতে অত্যন্ত অসাড়তা, অনুভূতি বিপর্যায়, এবং চিমটিকাটার এবং শীতলতার অনুভূতি জন্মে। ইহার বেদনা রজনীতে অত্যন্ত কঠিন এবং বিদ্ধিত হয়; রোগী অস্থির থাকে এবং আক্রান্ত স্লান্ত বাহিয়া চন চন করে।

গ্লন্টন——অত্যন্ত দপদপানি, অধাড়তা, গুরুত্বারুভূতি এবং অস্বস্থি থাকিলে ডাঃ হেল ইহার ৬ ক্রমের প্রসংশা করেন।

বেলেডনা—ইহাতে অতান্ত প্রদাহ জন্ম এবং হঠাৎ বেদনা উপস্থিত হয়। ইহাতে স্নায়বিক প্রদাহ, এবং সায়র গতি বাহিয়া স্পানা-সহিস্কৃতা থাকে; বিশেষ করিয়া রজনীতেই বেদনা কঠিনতর হয়, কয় অংশাদির স্পানে অসহিফ্তা প্রকাশ পায়, সামাত্ত নাঁকি অথবা দমক। বাতাস বেদনার হৃদ্ধি করে। অপরায়ে অথবা সন্ধাকিলে কাঠন কত্তনবং বেদনা উপস্থিত হয়; পুনঃ পুনঃ অবস্থানের পারবত্তন করিতে হয়; চালনা, গোলমাল, বাঁকি অথবা সংস্পান বেদনার বৃদ্ধি করে; রোগী বস্ত্রের সংস্পান্ত সহ্ত করিতে পারে না। অস্পাদি রুলাইলা রাথা, তাপ এবং ঋজু অবস্থান উপশ্রম প্রদান করে।

আর্দেনিক—-ইহাতে বেদনার সম্পূণ বিরাম ঘটে; রজনীর কোন বিশেষ অংশে বেদনার প্রকোপ অসহনীয় হইয়া উঠে; ইহা সবল চালনায় বৃদ্ধি এবং মৃত্যালনায় ব্রাস প্রাপ্ত হয়। শৈতো ইহার বৃদ্ধি এবং তাপে ক্ষণিক উপশ্ম হয়। ইহা প্রদাহ, বিয়াক্ততা অথবা প্রতিক্ষিপ্ততা রহিত অবিমিশ্র সায়-শূল। সায়াটিকাতে আহেনিকাম অন্ততম শ্রেড নির্ভর বোগ্য ঔষধ। সায়াটিক সায়র অমিশ্র সায়-শূলে অসহনীয় বেদনা থাকিলে ক্রয়া আমিশ্রাক্র বিষয়ও শ্বরণ করা উচিত; ইহাতে বেদনার বৃদ্ধির অন্তপাতে শরীর তাপের বৃদ্ধি হইতে থাকে।

রাস টক্সিক ডেণ্ডুন—-সারাটিকার সহিত পৈশিক এবং এন্ধনীর সংস্কৃষ্টিত। জনিলে ইহা আদশ ঔষধ স্বন্ধপ। ইহা নৃতন রোগে কখনই উপ-যোগী হয় না, কিয়ৎ কাল পরে ইহার সময় উপস্থিত হয়। ইহার ছিন্নবং এবং জালাগুক্ত বেদনা বিশ্রাম কালে হাজি এবং চালামায় কিঞ্চিত কালের জন্য হ্রাস্ক পাইয়া থাকে। খঞ্জতা এবং পৈশিক সংকোচন প্রবণতা দৃষ্ট হয়, এবং কোষ্ঠ-বন্ধ থাকে। ইহা একরূপ

রসবা<sup>®</sup>তক সায়াটকার স্নায়র ভদ্ধময় থোল আক্রাস্ত হয়। মিশ্রিত বজ্জন মায়ু-শূল (১ciatica) এবং কটিবাতের পক্ষে ইহা সর্কোৎকৃষ্ট ঔষধ। সিক্ততা-সংস্পর্শ অথবা ভারি বস্তুর উত্তোলন, টানাটানি এবং অতি পরিশ্রম ইহার সায়াটিকার কারণ। তাপে প্রভূত উপশম প্রদান করে।

কলসিন্ত-ইহা অতি কঠিন রোগের সর্ব্বোৎকুষ্ট ঔষধ। ইহাতে সায়াটিক স্নায়ুর বেদনা জাতু অথবা গুল্ফ পর্যান্ত প্রসারিত হয়, এবং কোন প্রকার চালনা, বিশেষতঃ শৈতা ইহার বুদ্ধি করে। বেদনা আবেশে আবেশে হয়, এবং পরিণামে অসাততা এবং আংশিক পক্ষাঘাত রাথিয়া যায়। ইহাতে একরূপ অন্তভূতি জন্মে যাহা যেন "উরু লৌহ পতর দ্বারা আবদ্ধ," অথবা, "পাক দিয়া পাক সাঁড়াশী বসান" বলিয়া কথিত হইয়া থাকে: পেশীগুলি ভয়ানক রূপে টান টান এবং কঠিনরূপে অনমনীয় হয়। ইহার রোগ বিশেষ করিয়া দক্ষিণ পার্শ আক্রমণ করে, এবং ভ্রমণকালে স্টেবেধবং বেদনা হয়। নূতন রোগেই ইহা বিশেষ উপকারী, যদিও ডাঃ আইগিড়া অনেকদিন স্থায়ী একটি রোগ ইহার ৩\* দ্বারা আরোগ্য করিয়াছিলেন, রোগে আক্ষেপ এবং প্রচণ্ড বেদনা ছিল। নিতম্বদেশ বেড়িয়া স্থংকুচিত বোধ। অপিচ বেদনা হঠাৎই যায়; বেদনা খোঁচামারার ভার এবং জালাযুক্ত, এবং সকলই শৈত্য অথবা সিক্ততায় এবং রজনীতে বৃদ্ধি পায়, তৎকালে অঙ্গাদির জন্ম রোগী কোন স্বস্তিকর অবস্থান পায় না। স্নায়বিক পরিবর্ত্তন ঘটিত সায়াটিকা রোগের কল্লিস্থ আদর্শ ঔষধ স্বরূপ: এই স্নায়বিক পরিবর্ত্তনের সহিত বিশেষ কোন প্রাদাহিক অবস্থা থাকে না। এস্থলে ইহা আর্সেনিক, ক্যামমিলা, জেল্সিমিয়াম, এবং স্থাফালিয়াম সহ সংস্রব বিশিষ্ট। ডাঃ ডি যুই এন্থলে ৬ ক্রমের প্রসংশা করিয়াছেন।

ন্যাফ†লিয়াম—ইহা ক্রনেসিংছের সহিত সম্পূর্ণ সাদৃগু প্রকাশকরে। ডাঃ ও'কনর বিবেচনা করেন অন্তবিধ লক্ষণ অনুপস্থিত থাকিলে ইহা সর্ব্বোৎকৃষ্ট ঔষধ এবং অক্সান্ত চিকিৎসক ইহাকে জমোঘ বলিয়া বিবেচনা করিয়া থাকেন। ইহাতে সায়ু বাহিয়া তীক্ষ বেদনা, এবং অসাড়তা জন্মে। ইহাতে সম্পূর্ণ স্নায়ু-কাণ্ড এবং প্রধান প্রধান শাখা আক্রান্ত বলিয়া অনুমিত হয়। ইহার বেদনা শ্বানে, চালনায় এবং পদ-নিক্ষেপে বুদ্ধি, এবং চেয়ারোপরি উপবেশনে উপশ্য পায়। বেদনা পদাঙ্গুলি পর্যান্ত বিস্তৃত হয়।

কুটা গ্র্যাভিওলেন্স্---ইংার পৃষ্ঠের নিম্নানী তীরবেধবং বেদনা প্রথম শরীর চালনায় অথবা উপবেশনান্তর উত্থানে সাম্রাটিক স্বায়্ বাহিয়া নিম্নাভিমুখে যায়; বেদনার প্রকোপকালে রোগী অবিশ্রান্ত ভ্রমণে বাধা হয়। সিক্ত অথবা শাতল বায়ুতে এবং শীতল প্রয়োগে ইংার বদ্ধি।

ব্রায়নিয়া----- ইহাও তীর বেঁধার ন্যায় বেদনা জন্ম প্রসিদ্ধি পাত করিয়াছে; শরীর চালনায় বেদনার বৃদ্ধি, এবং কঠিন চাপে হ্রাস ইহার বিশেষতা। রসবাতিক সায়াটিকার পক্ষে ইহা বিশেষ উপকারী।

লিডাম---ইহাতেও দায়াটিক সায়ুর রদবাত নিশ্রিত বেদনা জন্মে।

কেলি আয়েডেটাম---ইহার সায়াটিক স্নায়্ব-বেদনা রজনীতে, এবং আক্রান্ত পার্ম্ব চাপিরা শয়নে বৃদ্ধি, এবং অঙ্গের চালনায় উপশম প্রাপ্ত হয়। মার্কারির অপব্যবহার অথবা উপদংশ রোগ কারণ হইলে ইহা বিশেষ উপযোগী ওষধ। কেলি বাইক্রম----ইহার বাম উরুদেশে তীর বেধবং বেদনার চালনায় উপশম হয়।

ফাইটলেক।——ইাহার তীর বেঁধার স্থান্ধ এবং ছিন্নবৎ বেদনার। চালনায় বৃদ্ধি।

ক ল্চিকাম-- ইহার দক্ষিণ পার্শ্বের তীক্ষ তীর বেধবৎ বেদনা জামু পর্যান্ত যায়, এবং চালনায় তাহার বৃদ্ধি হয় বলিয়া রোগী স্থির হইয়া থাকে। ইহার বেদনা হঠাৎ আক্রমণ করে, লগ্ন থাকে এবং অসহনীয় হয়।

এমোনিয়াম মিউরিয়েটিকাম—বে সায়াটিকা রোগের বেদনার উপবিষ্ট অবস্থার বৃদ্ধি, ভ্রমণে কিঞ্চিত উপশম এবং শয়নে সম্পূর্ণ উপশম হয় তাহাতে ইহা উপকারী। বাম নিতম্বের বেদনায় বোধ যেন সমস্ত কণ্ডার অতি থর্ক হইরাছে। নিমান্ধ সংকুচিত বোধ হয়। বেদনাযুক্ত ঝাঁকি, পদের যেন ঝিঁঝি ধরার স্থায় অনুভূতি।

পাল্সেটিলা----ইহা শিরা-শোণিতাধিকাদুত সায়াটকা রোগের আদর্শ ঔষধ। মৃত্তর প্রকারের রোগে ইহার কার্য্য কারিতা প্রকাশ পায়। ক্লান্তি এবং গুরুত্বের অমুভূতি, ক্ষণিক আক্রমণ, কটি এবং নিতম্ব দেশে কনকনানি প্রভূতি ইহার লক্ষণ। জরায়ুরোগ সংস্কষ্ট সায়াটিকা। এ রোগে ইহা সিপিয়া, বেলেডনা, ফেরাম, সাক্ষার, গ্র্যাফাইটিস এবং মার্কারি সহ তুলনীয়।

লাইকো পোডিয়াম—কথন কখন ইহা স্ক্র জালাকর অথবা হুল বেধবং অথবা ছিন্নবং, আকৃষ্টবং অথবা ঝাঁকির ন্যায় বেদনাযুক্ত পুরাতন রোগের বিশ্রামে বৃদ্ধি হইলে উপকারী। লিখিক এসিড ধাতু ইহার দর্বোৎকৃষ্ট প্রভেদক।

নাক্স ভমিক।——কশেক্সকমজ্জার ক্রিয়া আছে বলিয়া অনেক সময়েই সায়াটিকা রোগে ইহা দ্বারা উপকার পাওয়া ধায়। ইহার বিছাৎ- স্কুটনবং বেদনার সহিত পেশী-আনর্ত্তন ঘটে। প্রচণ্ড বেদনার অবস্থানের পরিবর্ত্তন করিতে হয়; বেদনাতীর বেগে নিম বাহিয়া পদ মধ্যে য়য়, অঙ্গ কঠিন এবং সংকুচিত হয় এবং শরীরাংশাদি পক্ষাঘাত য়ুক্ত এবং শীতল বোধ হয়। আক্রান্ত পার্শ্বে চাপিয়া শয়নে এবং উষ্ণ জলের সেকে উপশম হয়। কোঠ বদ্ধের রোগী বিদয়া থাকে, শারীরিক শ্রম করে না।

প্লাম্বান---ইহাতেও আবেশে আবেশে বিদ্যাৎস্ট্নবৎ বেদনার অন্তভূতি জন্মে। সায়াটিক স্নায়্ বাহিয়া, বিশেষতঃ যে স্থলে স্নায়্র ক্ষয় বর্তুমান থাকে, বেদনা এবং খল্লী উপস্থিত হয়।

কৃষ্ণিয়া—ইন্দ্রির জ্ঞানাদির অতি তীক্ষতা, এবং শারীরিক শক্তির অপচয় এবং তৃষ্কলতা বর্ত্তমান থাকিলে ইহার উপযোগিত। প্রকাশ পায়। অর্শরোগপ্রবণতাবিশিষ্ট ধাতুর বাক্তিদিগের সায়াটিকা রোগে সাল্হাল্ল দ্বারা কাষ্য হইতে পারে। সায়াটিকা যদি কশেরুক মজ্জার রোগ হইতে জন্মে হুইতে পারে। সায়াটিকা যদি কশেরুক মজ্জার রোগ হইতে জন্মে হুইতে পারে। কাং সাল্ফাল্ল লক্ষণামুসারে প্ররোগোপযুক্ত হইতে পারে। ডাং সালারের টিসুরেনিডি—ম্যাহ্রিসিন্তা হুইস্বাহ্নিকা এবং কেলি হুস্ফ্রিকাম—দ্বারা অনেক রোগ নিংসদেহ আরোগ্য হুইরাছে।

আকুষ্পিক চিকিৎসা।—

যতদূর সম্ভব জজ্বাদি নিম্নাপ ন্তির ভাবে রাথা উচিত। এই সকল রোগীকে শ্যায় অথবা গৃহে আবদ্ধ রাথা সহজ নহে। এজন্ম আটাযুক্ত পটির ব্যবহার দ্বাবা অপ্নের চালনার নিবারণ রাথা যাইতে পারে। যতদূর সম্ভব শ্রমাবরত থাকা কর্ত্তবা। কঠিন কোন আসনের উপরে উপবেশন নিষিদ্ধ। এই সকল রোগীর পক্ষে বায়ুর গদি অতীব স্বস্থিপ্রদ। যে কোন সম্ভব্য উত্তেজনার কারণের অনুসন্ধান করিয়া সংশোধিত অথবা সম্ভব হইলে স্থানান্তরিত করিতে হইবে। ফলতঃ ঔষধচিকিৎসারস্থের পূর্বেই অপসারণোপ্রক্ত কারণাদির যথা যোগ্য ব্যবস্থা করা

সঙ্গত। যে কোন আকারে তাপ-চিকিৎসা উপকারী। বছতর অদমনীয় রোগ উষ্ণ এবং ম্যাগ্রিটিক উৎযচিকিৎসায় আরোগ্য লাভ করিয়াছে বলিয়া কথিত। ইণ্ডিয়ানা প্রদেশীয় কর্দ্মশ্লান (mudbath) চিকিৎসাও এই পর্য্যায়ের রোগে ফল প্রদান করিয়াছে। চবিবশ ঘণ্টার মৃত্ত্যোপদানের সম্পূর্ণ পরিমাণ গত পরীক্ষা প্রত্যেক রোগেই অত্যাবগ্রকীয়। ইহাতে মৃত্তের উপাদান স্থিরীক্রত হইলে বর্ণা বিধি উপায়ে সম্পূর্ণ সংশোধন করা উচিত।

অতিশয় যত্নের সহিত অঙ্গ সন্ধাহন প্রণালীর চিকিৎসা বিশেষ উপকারে আদিতে পারে। সর্বস্থিলেই ইহা বিবেচ্য।

কোরাইড অব মিথাইলের কণাপ্রক্ষেপ বা ক্রে (spray) উপকার করিতে পারে। সায়ুর থোল মধ্যে অজীবীকৃত জলের (sterilized water) পিচকারী করা যাইতে পারে। অনেক স্থলে এই চিকিৎসা আশু এবং এমন কি স্থায়ী ফলপ্রদান করিতে পারে।

অনেক স্থলে সায়র প্রসারণ বিশেষ উপকার করিয়াছে, কিন্তু আশান্ত্রাপ ফলপ্রদান করে নাই বলিয়া প্রকাশ। নিরাঙ্গ বক্ত করিয়া সায়াটিক স্নায়র প্রসারণ সম্বন্ধে রোগ নির্কাচনে বেরূপ লিখিত হইগাছে, তাহা এবং তদ্বাতীত জাত্র-সন্ধি ঋজু রাথিয়া যতদূর সন্তব নিরাঙ্গ বক্ষোপরে আনয়নের পর মধ্যে তদবস্থায় কতিপর মিনিট রক্ষা করা অনেক স্থলে শুভফল প্রদান করিয়াছে বলিয়া কথিত।

বৈজ্যতিক প্রয়োগ ইহার চিকিৎসায় বিলক্ষণ থাতি লাভ করিয়াছে। গ্যাল্ডানিক, ক্যারাডিক এবং স্থিতিশীল (static) প্রভৃতি প্রত্যেক প্রকারের বিজ্যচ্ছেন্বাতেরই স্ব স্ব প্রশংসাকারী দেখা গিয়া থাকে। অবশুই কার্য্য দেখিয়াই চিকিৎসকদিগের এরূপ মত গঠিত হইয়াছে। ফলতঃ ইহাদিগের প্রত্যেকের ব্যবহার ব্যতীত কোন প্রকার মত গঠনের উপায়ান্তর নাই। ক্রমে একটির পর অশুটির প্রয়োগ করিয়া যাহাতে সর্কোৎকৃষ্ট

ফলপ্রাপ্ত হওয় যায়, উভয় রোগারোগা এবং আশু উপশমনার্থ তাহার ব্যবহার সঙ্গত বলিয়া বিবেচন। করা যাইতে পারে। সায়ৢ-শূল-রোগের সাধারণ চিকিৎসা স্থলে বৈছাতিক প্রয়োগ সম্বন্ধে বাহা লিখিত হইয়াছে সায়াটিক সায়ৢ-শূলেও ৩ৎপ্রণালীরই অনুসরণ করিতে হইবে; প্রভেদ এই যে বর্ত্তমান রোগ-চিকিৎসায় সাধারণতঃই প্রবল তর বৈছাতিক স্রোত উৎকৃত্তির ফল প্রদান করে।

> ৭। বাহর্জননোক্রেয়-সরলান্ত্রিক স্নায়্-শূল বা পিয়ুডেভো-হিমরইডাল সায়্-শূল।

( Pudendo-Hemorrhoidal Neuralgia. )

বিবর্প।—এই সায়ু-শূল সচরাচর সংঘটিত হয় না, কিন্তু একবার আক্রমণ করিলে বিরতিহীন নাছোড় বান্দার প্রকৃতি প্রাপ্ত হয়।

কারণাদি।—ইহার কারণ অতি অনিশ্চিত। সম্ভব এই যে মন্ত্রান্ত শ্রারাংশে যে কারণে স্নান্ত্র-পূল হয় এ গুলেও তাহা হইতেই জন্মে। অধিকাংশ সময়েই বেদনা মণ্ডকোষ মাক্রমণ করে। ইহা কুচকি প্রদেশ দ্বারা রেতোরজ্জু বাহিয়া অপ্তকোষত্বক এবং উপকোষে (epididymis) যায়। স্বকের বোধাধিকা জন্মে, এবং সম্ভবতঃ আক্রান্ত শরীরাংশের কিঞ্ছিৎ ক্ষীতিও উপস্থিত হয়; সময়ে সময়ে লিক্সোচ্ছাস এবং এনন কিরেতজ্ঞালন ঘটে।

গুটিকা (tubercle) সংস্থান এবং শারীরিক ক্রিয়া বৈষম্য বা এটাক্-সিয়ার বেদনা হইতে ইহাকে প্রভেদিত করিতে হইবে। ইহা কঠিন সাধ্য নহে।

চিকিৎসা-তত্ত্ব।—এ বিষয়ে চিকিৎসককে সাধারণ সায়ু-শূল-রোগের চিকিৎসার প্রতি লক্ষ্য করার উপদেশ ব্যতীত কার্য্যতঃ কিছুই বলিবার দেখা যায় না। কিন্তু আমাদিগের বহুদর্শিতায় ভূয়োজ্ঞান জন্মিয়াছে যে অতি বড় কঠিন এবং অদমনীয় রোগেও যত্নে নির্বাচিত ধাতু গত ঔষধ অমোঘ ফলোৎপাদন করে।

আকুষঙ্গিক চিকিৎসা।—চিকিৎসায় প্রধান এবং প্রথম কর্ত্তবং
এই যে অনুসন্ধান দ্বারা উত্তেজনার কারণ সংশোধিত অথবা সম্ভবা স্থলে
অপস্ত করিবে। অন্ত কোন উপারাপেক্ষা ইহার চিকিৎসায় সম্ভবতঃ
বিহাচ্ছোত—গাাল্ভানিক অথবা ফ্যারাডিক—অধিকতর উপকারী।
সাধারণ স্বায়ু-শূলের চিকিৎসায় লিখিত প্রণালীতে এ স্থলেও ইহার
প্রয়োগ করিতে হইবে। রোগ অভিশন্ন অদমনীয় স্থলে মুক্কচ্ছেদন
(castration) পর্যান্ত অবলম্বিত হইয়াছে। কিন্তু শ্রুত হওয়া ধার
আশান্ত্রূপ ফলদর্শে নাই। ফলতঃ কোন হোমিওপ্যাথিক চিকিৎসকের
পক্ষে ইহার অবলম্বনের দোষ অমার্জ্কনীয়।

## ৮। কোকিলচঞ্-অস্থিসংস্ট স্নায়ু-শূল বা কক্সিগডাইনিয়া।

(Coccygodynia.)

বিবরণ ।—পুরুষের পক্ষে এই রোগের সংঘটন অসাধারণই বলিতে হইবে, কিন্তু তথাপি ইহারা সম্পূর্ণ মুক্ত নহে।

ইহা প্রায় সর্বস্থেনেই অভিবাতের ফল, অথবা সরলাস্ত্র, মৃত্রস্থলী অথব। জননেন্দ্রিয়ের রোগ ইইতে জন্মে। ইহা অনেক সময়েই এরূপ ভাবের পতনে জন্মে যাহাতে কোকিল-চঞ্-অস্থি আঘাত প্রাপ্ত হয়, অথবা প্রস্তব কালীন ক্ষত হইতে জন্মে।

এই প্রকারের স্নায়-শূল অনেক সময়েই দেখা যায় এরূপ বলা যায় না, অপিচ অতিশয় বিরল বলিয়াও বিবেচিত হয় না!

মল ত্যাগ কালে অথবা মৃত্রত্যাগের, অথবা যৌনসঙ্গমের অব্যবহিত পরে, অথবা ভ্রমণ কালে, অথবা যাহাতে কোকিল-চঞ্-অস্থি চাপিত হন্ন শ্বিশে উপবেশনাবস্থায় অতীব কঠিন বেদনা হয়। যে সকল স্থলে ক্লির অবিশ্রান্ত পেষণবং বেদনা থাকে কোন রোগ, যেমন অন্থি-ক্ষত অথবা ক্লোকিল-চঞ্-অস্থির ভগাবস্থা প্রায় সর্বান্তনেই দেখিতে পাওয়া যায়। ইহা বিশ অনেক সময়েই গুলা-বায়ু-রোগে দৃষ্টি গোচর হয়।

বেদনার উৎপত্তি স্থানের নির্ণন্ন ব্যতীত রোগ-নির্লাচন কোন অংশেই কঠিন হয় না।

চিকিৎসা-তত্ত্ব।—অবিমিশ্র স্নার্-ঘটিত রোগ-চিকিৎসায় সাধারণ স্নার্-শূল-চিকিৎসায় উল্লেখিত ঔষধাদি প্রচলিত নিয়মায়ুসারে নির্ন্ধাচিত এবং প্রযোজিত হইবে। অন্তান্ত স্থলে, ষেমন আঘাত, ক্ষত, পূ্য-শোথ প্রভৃতি রোগ-কারণ হইলে আ িক্সা, রাসন, হিপাল্ল সাহন্যাল্ল স্ব উপযোগী স্থানে বাবস্থত হইবে। ফলতঃ কোকিল-চঞ্চ্-অন্থির বেদনায় কেবল অভান্তরীণ ঔষধের উপরে নির্ভরের ফল তাদৃশ আশাপ্রদ নহে।

আনুষ্ঠিক চিকিৎসা।—প্রত্যেক স্থলেই সরলান্ত্র এবং বোনি
মধা পরীক্ষা করিরা প্রত্যেক সম্ভব্য উত্তেজনার কারণ সংশোধিত এবং সম্ভব

ইইলে অপসারিত করিতে ইইবে। নানাবিধ ঔষধের গুহুবর্ত্তীর ব্যবহার

ইইয়া থাকে এবং তাহাতে অনেক সময়ে উপশম, এমন কি আরোগ্যও

ইইয়াছে। রোগের অবস্থামুসারে গুহুবর্তীর প্রকারের পরিবর্ত্তন করিতে

ইয়। অবিমিশ্র সায়ুশূল রোগের অতীব তরুণাবস্থায় চিকিৎসকগণ

প্রিশাম এবং কোনেকিনের গুহুবর্তীর ব্যবহারের উপদেশ
করিয়া থাকেন। উষ্ণ জলের ডু্য এবং এনিমার ব্যবহারে উপশম পাওয়া
বায়, এবং নিয়মিত ব্যবহারে কথন কথন আরোগাও ইইয়া থাকে।

বৈত্যতিক স্রোত ইহার প্রধান ঔষধ বলিয়া পরিগণিত। অস্থান্ত প্রকারাপেক্ষা ফ্যারাডিক স্রোত এই সকল স্থলে অধিকতর ফলপ্রদ বলিয়া কথিত। কথন কথন ইহার এক ইলেক্টোড যোনি মধ্যে প্রবিষ্ট করাইতে হইবে এবং অন্তটি সরলান্ত্রে, অথবা একটি পোল বোনি অথবা সরলাত্রে এবং বিপরীত পোল সাক্ষাৎ ভাবে কোকিল-চঞ্-অন্তির উপরে প্রয়োগ করিবে।

ইহাতে বিলক্ষণ প্রবল স্রোতের ব্যবহারই ফলদ। এই চিকিৎসা প্রতিদিন প্রায় পনের মিনিটের জন্ম প্রত্যেক,বার অবলম্বনীয়।

গ্যাল্ভানিক স্রোতেরও ব্যবহার হইতে পারে, তাহাতে পদিটিভ পোল কোকিল-চঞ্-অন্থির উপরে গুল্ত করার আবশুক, এবং স্নায়ু এবং তাহার শাথা-প্রশাথা বাহিয়া নানাবিধ স্থানের উপরে নিগেটিভ পোল রক্ষা করিবে। ডা: কাউপার থোয়েট সরলান্ত্র মধ্যে গ্যাল্ভানিক স্রোতের ব্যবহার নিষেধ করিয়াছেন

# পঞ্চত্রারিংশ পরিচ্ছেদ।

#### স্নায়ু-মণ্ডল সম্ভূত রোগ বা নিয়ুরোসিজ। (THE NEUROSES.)

### লেক্চার ৩০০ (LECTURE CCC.)

## গুল্মবায়ু বা হিষ্টিরিয়া।

(HYSTERIA.)

বিবর্ণ।—ইহা যে একটি প্রকৃত রোগ তদিষয়ে সন্দেহ নাই, এবং অনেক সময়েই সাধারণ রোগের ন্থায় ইহার চিকিৎসা করিতে হয়। ফলতঃ চিকিৎসক এবং রোগী উভয়েরই ইহা একটি রোগ বলিয়া হানয়ঙ্গন্দ হওয়া উচিত। যদিও এপর্যান্তও এই রোগ আধ্যাত্মিক বলিয়া শ্রেণীবদ্ধ হইয়া আসিতেছে, তথাপি কথার প্রচলিত অর্থ গ্রহণ করিয়া ইহাকে অবিমিশ্র কলনা প্রস্থত অবস্থা বলিয়া বিবেচনা করা উচিত নহে। যে সকল লক্ষণ উপস্থিত হয়, রোগী তাহাদিগকে প্রকৃত বলিয়া বিশ্বাস করে, এবং প্রকৃত যন্ত্রগত অপায়ের ন্থায়ই কন্ত প্রদান করে। অধুনাতন সায়ুরোগবিদ চিকিৎসকগণ বিশ্বাস করেন, গুল্লবায়ুরোগে প্রকৃত পক্ষেই কোন প্রকার স্বায়বিক গঠন পরিবর্ত্তন উপস্থিত থাকে। ফলতঃ সাধারণ্যে গৃহীত মত এই যে মস্তিক্রের মায়ু পদার্থে আণবিক পরিবর্ত্তন উপস্থিত হয়।

এমনও রোগ হয়, এবং অনেক হয়, যাহা অন্ত কিছু নহে, স্বভাবের আবেশ (attacks of temper) মাত্র, অথবা কোন মতলব সিদ্ধির জক্ত স্থবিবেচনা পূর্ববিক গঠিত ভান মাত্র, তিবিয়ে সন্দেহ করা যায় না। প্রকৃত পক্ষেও এই সকল রোগ গুল্পবায়ু বলিয়া বিবেচিত হইতে পারে না।

যদিও ইহা সত্য যে পুরুষাপেক্ষা স্ত্রীজাতিই অধিকতর সংখ্যায় এই রোগ দারা আক্রান্ত হইয়া পাকে, তথাপি ইহাও সত্য যে পুরুষেও ইহা বিলক্ষণ অধিক সময়েই হয়। কেহই ইহা হইতে মৃক্ত নহেন। পঞ্চাশ অথবা ঘাইট বৎসর বয়সের পরে ইহার আক্রমণ অতীব স্বল্লতর হইয়া বায়।

কারণ-তত্ত্ব। — য়ায়্-রোগাত্মক প্রকৃতির বিষয় প্রথম জ্ঞাতব্য।
অবশ্য ইহার সহিত কৌলিকতা সংমিশ্রিত থাকে। বংশপরম্পরাগত প্রবর্তনা গৌণের স্থায় অনেক সময়ে সাক্ষাৎ কারণ রূপেও ইহার সহিত সংস্কৃত্তি, অর্থাৎ মাতাপিতার অস্থাম্য মানসিক এবং শারীরিক অবস্থা যত অধিক সময়ে পূর্ব্বপ্রবর্ত্তক কারণরূপে কার্যা করে অপস্মারও তত্তুল্যরূপেই করিয়া থাকে। গর্ভধারণের ঠিক পূর্ব্ববর্ত্তী, অথবা, মাতার সমত্ত্বাকালীন অবস্থাদি ইহার পূর্ব্বপ্রবর্ত্তক কারণ হইতে পারে। পিতামাতার যে কোন প্রকাশের ভ্রন্তারও তিহিধ কার্য্য করিতে পারে। মাতা পিতার অথবা মাতার মানসিক বিকার অথবা প্রগাঢ় তৃঃখও বংশপরম্পরাগত প্রবর্ত্তনা বলিয়া বিবেচিত হইতে পারে।

সাক্ষাৎ কারণ অসংখ্যকও বলা বায়; যে হেতু গণনা ছারা তাহার শেষ করা অসম্ভব। যে কোন প্রকার ভাবাবেশঘটিত অবসাদ অথবা শারীরিক অবসাদ সাক্ষাৎ কারণ হইতে পারে। যাহাই হউক, বহু কাল পুনঃ পুনঃ পুনরাবর্ত্তনশীল ভাবাবেশ ঘটিত অবসাদই অনেক সময় ইহা উৎপন্ন করিয়া থাকে। লাম্পট্য বিষয়ক অমিতাচার ইহার কারণ সংস্পষ্ট ঘটনা বলিয়া বিবেচিত হইতে পারে। পোষণের অসম্পূর্ণতা এবং বিক্বত পোষণ অবশ্র ইহার সাক্ষাৎ কারণ বলিয়া ধর্ত্তব্য। অসম্পূর্ণ বহিনিশ্রব (excretion) অথবা ব্যবহার ছন্ত পদার্থের নিজ্ঞামণ (elimination) হইতে ইহা অনেক সময়েই জন্মে। যে কোন প্রকার হর্মকলকর অথবা ক্ষয় রোগের পরে গুলুবায়ু জন্মিতে পারে। যৌন-সঙ্কম সংস্পৃষ্ট অনিয়ম অথবা অভ্যাচার ইহার সাধারণ কারণ। বিষাক্ততা এবং রোগ-সংক্রমণ ইহা উৎপন্ন করিতে পারে। যাহাই হউক বছতর রোগই পূর্ব্ব প্রবর্ত্তক কারণযুক্ত, অর্থাৎ আজন্ম অথবা সোপার্জ্জিত গুল্মবায়ু রোগ-প্রবণতা বিশিষ্ট ব্যক্তিতে সাক্ষাৎ কোন প্রকার প্রতি-ক্ষিপ্ত উত্তেজনার ফল। অপিচ এই সকল রোগীতে কতিপয় নির্দিষ্ট ও প্রধান বিশেষতা অবশ্য উপস্থিত থাকিবে। বিশেষ প্রকারের অস্বাভাবিক উত্তেজনা প্রবণতা মিশ্রিত পরিবর্ত্তনশাল প্রকৃতি। রোগী শোক ছঃথাদি মানসিক বুত্তি দারা নিয়মিতাপেক্ষা অধিকতর বিচালিত হয়। মানসিক অথবা শারীরিক কণ্ট কারণাত্মপাতে অধিকতর প্রকাশ পার। নানাবিধ শারীরিক উপাদান এবং যন্ত্রাদি, স্রাব, নিজ্ঞমণ, শোণিতসঞ্চলন এবং অমুভূতি ক্রিয়ার উপরে উপরি উক্ত ভাবাদির ক্ষমতা স্বাভাবিক অপেক্ষা অধিকতর স্পষ্টতা লাভ করে। কল্পনা শক্তির এতদূর বৃদ্ধি হয় যে অনেক সময়েই রোগী অতীত ঘটনাুদি সতাই বর্তুমানে উপস্থিত বলিয়া বিখাস করে। কল্পনা হইতে প্রকৃত ভ্রম-দৃষ্টি জন্মিতে পারে। পক্ষাঘাতের কল্পনামাত্র প্রকৃত পক্ষাঘাতে পরিণত হইতে পারে। প্রায় প্রত্যেক লক্ষণ সম্বন্ধেই এইরূপ ঘটনা অসম্ভব নহে। যদিও অনুভূতির পুন: পুন: পরিবর্ত্তন ঘটে। গুলাবায়ুর লক্ষণাদি প্রায়শঃই হঠাৎ উপস্থিত হয় এবং তদ্রপ হঠাৎই অন্তর্জান করে, ষাহাই হউক, কেবল সাধারণ নিয়ম এই যে, তাহার স্থানে অন্ত কোন লক্ষণ উপস্থিত হয়, অথবা ন্যুনাধিক কাল বিরতির পরে তাহাই পুনর্ব্বার দেখা (पश्च

রোগের একটি বিশেষ প্রকৃতি এই যে রোগী সর্বাদাই নিকটস্থ ব্যক্তি-দিগের, অথবা যাহাদিগের সংস্রবে আসে তাহাদিগের সহামুভূতি কামনা, বরঞ্চ প্রার্থনা করে। এই প্রার্থনা বাক্য দারা প্রকাশিত না হইতে পারে, কিন্তু সর্বাস্থলেই রোগীর ব্যবহারে প্রকাশমান হয়। চিকিৎসক্ষের এ বিষয় জ্ঞাতব্য এবং শ্বরণীয়। গুল্মবায়ু রোগের পরিচয় পক্ষে ইহা বিশেষ আবশ্যকীয়।

লক্ষণ-তত্ত্ব ৷—এই রোগ পরিজ্ঞাত সর্বপ্রকার রোগের সহিতই ন্যনাধিক ভ্রান্তি উপস্থিত করিতে পারে। এরূপ কোন আন্তরিক শক্ষণ নাই যাহা গুল্মবায়র রোগীর হয় নাই অথবা হইতে পারে না। প্রায় সর্বস্থিলে স্বভাবতই লক্ষণ কোন পুরাতন রোগের অতীব নিকট সাদৃশ্র উপস্থিত করে। অপিচ বিলক্ষণ সম্ভব যে ইহা আন্তরিক (subjective) অথবা বাহ্যিক (objective) কোন আশ্চর্য্য লক্ষণসহ রোগ, এবং ইহাও সম্ভব যে তাহা কোন মারাত্মক রোগ। সঙ্গে সঙ্গে লক্ষণাদি সম্ভবতঃ অত্যন্ত অদমনীয় এবং পরিবর্ত্তনশীল হয়। রোগী কোন নির্দিষ্ট শ্রেণীর লক্ষণাদি প্রকাশিত করে এবং তাহা প্রাধান্তলাভ করিয়া স্থদীর্ঘকাল পর্যান্ত না ছোড বান্দারূপে অপরিবর্ত্তি ভভাবে থাকে, পরে ক্রমে ক্রমে, অথবা অকন্মাৎ কোন সম্পূর্ণ নৃতন লক্ষণের মিশ্রণ উপস্থিত হয়। রোগী এক সময়ে এক লক্ষণকে অমুপযুক্ত প্রাধান্ত প্রদান করে, এবং পরে অন্তের উপরে প্রাধান্য স্থাপন করে। একটি প্রকৃতি গত মৌলিক বিষয় দেখা যায়. চিকিৎসকের তাহা বিশেষরূপে শ্বরণীয়। অনেক সময়ে রোগ-নির্বাচনে ইচা এক মাত্র পথ প্রদর্শক হইয়া থাকে। অর্থাৎ লক্ষণাদির মিশ্রণ কার্যাত: সর্ব্বন্তলেই নির্দিষ্ট কোন মৌলিক বিষয় প্রকাশিত করিবে, সম্ভবতঃ যাহা কোন আময়িক বিধান বৈকারিক অবস্থায় ঘটতে পারে না। অনুক্রত রোগের প্রতিকৃতি সম্পূর্ণ হয় না. কোন মৌলিক অবয়বের অভাব থাকে. এবং অন্ত কোন নির্দিষ্ট অবয়ব যাহা কল্পিত রোগে উপস্থিত হওয়ার সম্ভবতঃ কোন কারণ নির্দেশ করা যায় না. বর্ত্তমান থাকে। সম্ভবতঃ উপরি উক্ত প্রত্যেক মিশ্রণ হুই অথবা তিনটি যন্ত্রগত অপায়ের অংশ লইয়া সম্পূর্ণতা পাইবে; সম্ভবতঃ তাহারা পরস্পর বিরোধি। যত্নপূর্বক পরীক্ষায় লক্ষণাদির মিশ্রণ অযৌক্তিক বলিয়া অনুমিত হইবে।

শাধারণতঃ রোগী অত্যন্ত উত্তেজনা প্রবণ এবং ভাবাবেশ প্রধান। রোগী অবস্থা বর্ণনে বিলক্ষণ গুরুত্ব প্রদান করে, এবং বন্ধু-বান্ধর, পরিবারবর্গ, এবং চিকিৎসকের, রোগের কাঠিন্ত এবং গুরুত্ব বিষয়ে ধারণা জন্মাইতে বিলক্ষণ পটুতা প্রকাশ করে। যদিও সাধারণতঃ এই রূপই দৃষ্টিগোচর হয়, তথাপি অনেক রোগীতে উত্তেজনা প্রবণতা এবং ভাবাবেগের অভাব থাকে। যাহাই হউক, এই সকল রোগী অতি শাস্তভাবে উপযুক্ত উপায়াবলম্বন দ্বারা নিকটস্থ ব্যক্তিদিগকে অবস্থার গুরুত্বের উপলব্ধি জন্মাইতে নিপুণতা প্রকাশ করে। তাহারা সহাম্ভৃতির আকাজ্জা করে এবং বে কোন প্রকারে তাহা প্রাপ্ত হয়। কোন কোন স্থলে প্রধান প্রধান লক্ষণের বিপর্যায় ঘটে, সহাম্ভৃতির পরিবর্ত্তে, কথন এক প্রকারে, অন্ত সময়ে অন্ত প্রকারে, প্রসিদ্ধি লাভের, অথবা বিশ্বয়প্রণ ভাবোৎপাদনের প্রবল ইচ্ছা হয়।

সাধারণো একটি প্রচলিত ধারণা, এবং চিকিৎসকগণও তাহা হইতে সম্পূর্ণ মুক্ত নহেন, এই যে অপস্মার রোগী কার্য্য কারণ গতিকেই এবং মূলতঃ ছর্বল এবং ইচ্ছাশক্তি বিহীন। এই ধারণা নিতাস্ত ভ্রাস্ত ; প্রকৃতপক্ষে অধিকতর সংজ্ঞাক গুল্মবায় গ্রস্ত রোগীই কেবল যে বিলক্ষণ শিক্ষিত এবং বৃদ্ধিমান তাহাই নহে, কিন্তু তাহারা প্রবল ইচ্ছাশক্তি এবং কার্য্যে অদম্য দৃঢ়তারও অধিকারী। কোন কোন অতি উচ্চ শ্রেণীর বিদ্বান এবং আধ্যাত্মিক শক্তি সম্পন্ন ব্যক্তিও মানসিক অপস্মারাক্রাস্ত দেখা যায়।

রোগীর পক্ষে ইচ্ছাশক্তির প্রয়োগে কোন প্রকার মানসিক ভাবাবেগ প্রকাশের নিবারণ অসম্ভব। মানসিক ভাবাবেগের অন্নভুতি সম্পূর্ণ-রূপেই কারণের অন্নপাতাধিক। এই প্রকাশ এক প্রকারে কায়িক লক্ষণাদি দ্বারা, অথবা অন্ত প্রকারে অতীব শাস্ত, তথাপি হৃদয়ক্ষম হয় এরূপ ভাবে হইতে পারে। শ্বরণ শক্তির ভ্রান্তি জন্মিতে পারে। এই মনোবৃত্তি অসাধারণ রূপে অক্ষুণ্ন থাকিতে পারে, অথবা যে কোন পরিমাণে হ্রাস পাইতে পারে। যাহাই হউক অক্ষৃত্রিম স্বাস্থ্যের অধিকারীদিগের মধ্যে স্মরণশক্তির কৌতুকাবহ প্রকৃতি প্রকাশ অসম্ভব নহে। প্রায় অবিচ্ছিন্ন একাগ্রতা সহ কোন এক বিষয়ের উপরে মনোযোগ, যে কোন ব্যক্তির স্মরণশক্তির ধ্বংসোৎপাদন করিয়া থাকে।

উদর প্রদেশে চাপের অথবা কিছু নাই নাই ভাবের অনুভৃতি, অথবা হৃৎকম্প, অথবা উভয় হইতেই ভীতির অনুভব একটি সাধারণ লক্ষণ বলিয়া পরিগগণিত। অনেক স্থলে একরপ স্থপ্রবং অবস্থা উপস্থিত হয়, এবং মুখমগুল দৃশু, সাধারণ ব্যবহার এবং ক্রিয়াকলাপ রোগীকে প্রলাপগ্রস্ত বলিয়া প্রকাশ করে। এই সকল আক্রমণ অধিকাংশস্থলেই হঠাৎ উপস্থিত হয়, কতিপয় মিনিট অথবা ঘণ্টা স্থায়ী থাকে, এবং তদ্রপ হঠাৎই অস্তর্ধান করে। এই আক্রমণ আক্রেপের সমসময়ে অথবা স্বাধীনভাবে আসিতে পারে। গুল্লবায়ু রোগে নিম্পন্দ বায়ু (catalepsy), একরপ অপস্মারিক নিদ্রা, অথবা স্থগসঞ্চরণ (Somnambulism) উপস্থিত হইতে পারে।

নিস্পান্দ-বায়ু——মনোবৃত্তির ভাবাবিষ্টতা সংস্কৃ বিশৃংজ্ঞালা অথবা কোন সাক্ষাৎ কারণ ব্যতীতই ইহা উপস্থিত হইতে পারে। ইহা কতিপয় মিনিট, অথবা ঘণ্টা এবং দিন পর্যান্তও স্থায়ী হইতে পারে। বিবিধ পরিমাণ কালের বিরতির পরপর ইহার পুনরাবর্ত্তন ঘটিতে পারে। নিস্পান্দ বায়ু সম্পূর্ণ শরীর অথবা তাহার ক্ষুদ্রাংশ মাত্র আক্রমণ করিতে পারে। রোগী সাধারণতঃ চক্ষু মুদ্রিত করিয়া সম্পূর্ণ স্থিরভাবে শয়ান থাকে; খাস-প্রখাস এবং হংক্রিয়ার ত্র্বলতা ঘটে। চক্ষুর ব্যতীত, উপরিস্থ এবং গভীর প্রতিক্ষিপ্ত ক্রিয়াদি অমুপস্থিত থাকিতে পারে। ত্বক- চৈতত্তের অভাবহইয়া ্যায়, অনেক গভীর চৈতন্তেরও তক্রপ ঘটে। রোগীকে

আলপিনের থোঁচা মারা যায় অথবা ছুরিকা দ্বারা, এমন কি গভীর রূপে কাটিতে পারা যায়, তথাপি কোন অমূভূতির লক্ষণ প্রকাশিত হয় না। যদি একথানি হস্ত অথবা পদ কোন অবস্থানে রক্ষা করা যায়, যতই কদর্য্য অথবা অস্বস্তির হউক তাহাতে আসিয়া যায় না ( হইতে পারে সামান্ত কম্প মাত্র হয় না ), যে পর্যান্ত কোন শুশ্রমাকারী পরিবর্ত্তিত করিয়া না দেয়, তাহা সেই অবস্থানে থাকে।

কোন কোন স্থলে অঙ্গ যে অবস্থানে রাথা যায় অনিশ্চিত সময় পর্যান্ত তদবস্থায় থাকে, এবং অতীব ধীর গতিতে সোয়ান্তির অবস্থানে পড়ে। অধিকাংশ স্থলেই অবস্থানের কোন পরিবর্ত্তনে শরীরের অথবা কোন অঙ্গের পক্ষ হইতে প্রতিরোধ উপস্থিত হয় না। অন্যান্ত স্থলে পেশীর কাঠিকা গভীর প্রতিরোধ উপস্থিত করিবে।

আপস্মারিক নিদ্রা-—এই অবস্থা নিতান্তই অসাধারণ নহে। রোগীকে সহজ নিদ্রাগত বলিয়া বোধ হয়; প্রায় সর্বস্থলেই চ্কুপল্লবের কিঞ্চিত আনর্ভ্রন ঘটে। সর্ব্বপ্রকার প্রতিক্ষিপ্ততাই বর্ত্তমান থাকে। ধাস-প্রশাস এবং হুংপিগুক্রিয়া হুর্বল অথবা ধারতর হইতে পারে। কোন কোন হলে কতিপয় মিনিটের জন্ম হুংপিগু ক্রিয়ার নির্দ্ধারণ করা যায় না। এই সকল স্থলে মৃত্যুর সম্পূর্ণ এবং স্পষ্ট অলীক দৃষ্ট উপস্থিত হয়। কোন কোন স্থলে পেশী শিথিল থাকে, অন্যান্থ স্থলে সম্পূর্ণ কঠিন, অথবা নানাবিধ পেশীর সংস্কৃতিতভাব হইতে পারে। প্রায় সর্ব্ব স্থলেই কিঞ্চিৎ চালনা হয় যাহা ইচ্ছামুগ বলিয়া অমুমিতি জন্ম।

স্থা সঞ্চরণ——ইহার আক্রমণ অনিশ্চিত কাল পর্যান্ত স্থায়ী হইতে পারে। রোগী অনেক প্রকারে বৃদ্ধির তীক্ষ্ণতা সম্পন্ন হইতে পারে; অসাধারণ কার্য্য করিতে সক্ষম হইতে পারে বাহা তাহার জাগ্রাৎ অবস্থান্ন নিতান্তই অসম্ভব। আক্রমণের অবস্থান্ন স্থভাবের সম্পূর্ণ পরিবর্ত্তন হইন্না যান্ন। নিদ্রোর অবস্থান্ন রোগী দ্ধান্তমান হইতে এবং ইতস্ততঃ ভ্রমণ করিতে পারে এবং অসাধারণ কঠিন কার্য্য করিতে পারে। ঘটনার বিষয় নিদ্রাভঙ্গে শ্বরণ থাকে না, কিন্তু পরের আক্রমণকালে শ্বরণ পথে আসে।

অনুভূতিক লক্ষণাদি---কোন কোন সময়ে, কার্য্যতঃ সর্ব স্থলেই বেদনা অতীব স্পষ্টতর লক্ষণ। ইহার প্রকৃতি অথবা তীক্ষতা বে কোন প্রকারের হইতে পারে। অনেক সময়েই শির:-শূল উপস্থিত হয় এবং তাহার সহিত মস্তকত্বকে স্পর্শাসহিষ্ণুতা জন্মে। করোটাস্থি ভেদ করিয়া পেরেক বসানের অনুভূতি অথবা কোন সীমাবদ্ধ স্থানে সম্পূর্ণ বিশেষতা-জ্ঞাপক তীক্ষ্ণ বেদনা জন্মে। মন্তিষ্কের কোনবিভাগে অথবা প্রদেশে সীমাবদ্ধ বেদনা সাধারণ লক্ষণ। বেদনা-লক্ষণাদি অক্সান্ত লক্ষণের স্তায় একই নিয়মের অনুসরণ করে। অনুভূতির অসমতা ইহার সাধারণ তাহা যে কোন শ্রেণির হইতে পারে। কীট বিচরণবৎ অমুভৃতি, চৈত্যাভাব, অসাড়তা এবং বোধাধিক্য লক্ষণাদি অতীব সাধারণ, সম্ভবতঃ এইগুলি রোগীর নিকট বিশেষ পরিচিত থাকাই ইহাদিগের কারণ। যাহাই হউক, এই সকল লক্ষণ কোন পরিচিত অমুভূতিক সায়ু প্রদেশাদির অধিকার অনুসারে বিস্তৃত হয় না। ইহাদিগের বিস্তৃতির প্রদেশ, যন্ত্রগত অপায়ে যে পরিমাণ হওয়া উচিত, তদপেক্ষা স্বল্লতর, অথবা ইহারা অধিকতর দেশ আবৃত করে, অথবা পরস্পর নিকটস্থ প্রদেশের উপরে বিস্তৃত হুই অথবা তিনটি অমুভূতিদ স্নায়ুর প্রত্যেকের অংশ মাত্র অধিকার কয়িতে পারে।

স্থানে স্থানে বিক্ষিপ্ত ভাবে বোধাধিক্য উপস্থিত হইতে পারে অথবা নির্দিষ্ট কতিপর স্বভাবিক স্পর্শা সহিষ্ণু প্রদেশ সহ অভিন্ন হইতে পারে। শরীরের কতিপর প্রদেশে অনেক সময়ে স্বতঃই বেদনা উপস্থিত হয়, অথবা ইহাদিগের উপরে চাপের প্রয়োগ সর্বস্থিলেই স্ক্রম্পষ্ট লক্ষণ উৎপন্ন করে। অনেক সময়েই সর্বাঙ্গীন আক্ষেপ অথবা অন্থ কোন কঠিন প্রকারের আক্রমণ-কালে, এই সকল স্থানের উপরে চাপ তৎক্ষণাৎ ইহার বিরতি আনয়ন

করে। অপ্তাধার (ovarian) প্রদেশ সংস্কৃতি বেদনাস্থানই সর্ব্বাপেকা প্রধান। স্বংপিশু-চুড়ার উদ্ঘাতের স্থান একটি সাধারণ প্রদেশ। পরে আমাশয়িক এবং প্রত্যেক স্তনাধঃ প্রদেশ, বুকাস্থির উর্দ্ধি সীমা এবং অংসফলকাস্থির বাহ্য সীমার তলস্থ প্রদেশ। অনেক স্থলেই বিশেষ-ইন্দ্রিয়াদির চৈতক্তাধিকা জন্মে।

স্পর্শক্তানরাহিত্য ঘটলে তাহা সাধারণতঃই সম্পূর্ণ বিশেষতা প্রকাশ করে। অতি বিরলতর স্থলে তাহা সম্পূর্ণ শরীরে ঘটতে পারে, অধিকতর স্থলে শরীরের এক অর্জপার্থ আক্রমণ করে, কাল্লনিক মধা রেথার (medianline) সম্মূর্থ এবং পশ্চাৎ তাহার ঠিক সীমা নির্দেশ করে। অপিচ হস্ত এবং উর্জান্সের উর্জ কোন নির্দিষ্ট স্থান পর্যান্ত হস্তরা আতি সাধারণ, এই স্থান পর্যান্ত হস্ত এবং উর্জান্সের সম্পূর্ণ উপরিদেশ সাড় শৃত্ত হয়; বাহু বেড়িয়া স্থত্রের বন্ধনী দারা প্রভেদক রেথা নির্দাপত করা যায়। সমপ্রকারেই পদ এবং নিম্নাঙ্গ আক্রান্ত হইতে পারে, অর্থাৎ স্নায়ুর বিস্তারাম্কুনারে রোধের অভাব ঘটে না। গভীর এবং তদ্বৎ উপরি দেশের অন্তভূতির অপচয়ও ইহার মধ্যে ধর্ত্তব্য। গুল্মবায়ু রোগে প্রতিক্ষিপ্ত লক্ষণাদি অত্যন্ত অনিশ্বিত। রোগীর অত্যমনন্ধ অবস্থায় প্রতিক্ষিপ্ত কিয়াদির পরীক্ষা কার্য্যোপরোগী, অথবা যথন প্রতিক্রিয়া, অধবা তাহার নিবারণ স্থাপষ্টরূপে ইচ্ছার বশীভূত থাকে।

গতি ক্রিয়ার (motor) বিশৃগুলা অতীব সাধারণ। তাহা যে কোন প্রকৃতির হইতে পারে, কিন্তু গুল্মবায়ুর সাধারণ বিশেষতা থাকে। সাধারণ অধবা স্থানিক কম্পন, সাধারণ অধবা স্থানিক আক্ষেপ, এবং সাধারণ অথবা স্থানিক পক্ষাঘাত উপস্থিত হইতে পারে।

সাধারণ খল্লী অথবা দর্বাঙ্গীন আক্ষেপ অনেক সময়েই "অপস্মার-মৃগী (hystero-epilepsy)" অথবা হিষ্টার-এপিলেপ্টিকা অথবা এপিলেপ্টিক ছিষ্টিরিয়া বলিয়া কথিত হইয়াছে। কভিপয় অতি উচ্চ শ্রেণীর ক্বতবিশ্ব-

গ্রন্থকার এই নামের সম্পূর্ণ বিরোধী। সে যাহাই হউক, অনেক সময়েই গুল্মবায়ু রোগে এক প্রকার সর্বাগীন আক্ষেপ দেখা দেয় যাহা অন্ত কোন নামাপেক্ষা এই নামে উৎকৃষ্টতর রূপে বিবৃত করা যায়। পূর্বে সতর্কতার লক্ষণ অথবা উর্দ্ধগামী "দরদর" বা বিচরণবৎ অহুভূতি অথবা "অর। (aura)" সহ অথবা তদ্বতীতই রোগী মৃগীর অতি নিকট সাদৃশ্য যুক্ত স্ব্রাঙ্গীন আক্ষেপাক্রান্ত হয়। অতি যত্ন পূর্ব্যক পর্য্যবেক্ষণ করিলে বোধ-গম্য হইবে যে রোগীর প্রকৃত জ্ঞানের লোপ হয় না। পুঙ্খামুপুঙ্খরূপে পরীক্ষা করিলে আরও প্রকাশ পাইবে রোগীর আক্ষেপিক চালনাদি অতি স্পষ্ট প্রকৃতির, এবং এরূপ যে ইচ্ছা শক্তির প্রয়োগেও তাহা সম্ভব হইতে পারে। এই আক্ষেপিক আক্রমণ অনেক প্রকারের, কিন্তু তাহার সংখ্যা করিবার কোন প্রয়োজন দেখা যায় না। পৈশিক সংকৃচিতাবস্থা (contracture) এবং তন্নিবন্ধন আকার ভ্রপ্ততা অনেক স্থলেই সঙ্ঘটিত হয়। রোগীকে যদি চেতনা শৃত্য করা যায় তক্ষণাৎ সংকুচিত ভাব এবং আকার ভ্রপ্ততা অন্তর্দ্ধান করে, এবং অনেক সময়ে ষ্পর্শজ্ঞানের প্রত্যাগমনে প্রত্যাবর্ত্তন করে। যথনই রোগীর চিকিৎসক যেকোন প্রকারে কদাকার অঙ্গোপরে হস্তের চালনায় উন্নত হয়, অথবা সতাই তদ্রপকরে প্রায় সর্বস্থলেই কাঠিন্সের বুদ্ধির স্বস্পষ্ট উপক্রম দৃষ্ট হয়। নিদ্রাকর ঔষধ কতৃক নিদ্রার অবস্থা দারাও এই সকল সংকোচনের ভাব এবং আকার ভ্রষ্টতা বিদ্রিত করা যায়। বাকরোধ এবং গেলার কষ্টও অতি সাধারণ লক্ষণ মধ্যে গণ্য। প্রায় সর্বস্থলেই পরিপাক, স্রাব, এবং নিজ্রমণের বিশৃঙ্খলা উপস্থিত হয়। শোণিত-সঞ্চলনের গোলোযোগ ইহার নিতা সহগামী। লিঙ্গ সম্বন্ধীয় বিকারের বর্ত্তমানতা অসম্ভব নহে।

রোগ-নির্বাচন।—অন্যান্ত রোগের পরিত্যাগ (byexclusion) দ্বারা ইহাকে প্রভেদিত করা উচিত। যত্নের সহিত পরীক্ষা দ্বারা বে সিদ্ধান্তে উপনীত হওয়া যায় তাহার উপর নির্ভর করিয়া এই পরিত্যাগের

আবশুক। শরীরস্থ প্রত্যেক যন্ত্র এবং উপাদানের সম্পূর্ণ প্রাক্কৃতিক পরীক্ষা যে কেবল কোন স্নায়্-গঠনের যন্ত্রগত রোগ নির্দ্ধারণার্থ আবশুক তাহাই নহে, অপিচ ইহা দারা গুল্মবায়ুর পরিষ্কার নির্দ্ধাচন ঘটে। রোগ-নির্দ্ধাচনে রোগকারণেরও নির্দ্ধারণ আবশুক। কেবল গুল্মবায়ু রোগের নির্দ্ধাচনকে সম্পূর্ণ রোগের নির্দ্ধাচন বলা যায় না।

প্রত্যেক অপস্মার রোগের সমত্র পর্যাবেক্ষণে প্রকাশিত হয় যে উপস্থিত সর্ব্যপ্রকার লক্ষণ সর্ব্বস্থলেই নাুনাধিক আধ্যাত্মিক প্রভাব দ্বারা বিচালিত হয়। কোন মন্ত্রগত রোগে এরূপ হয় না।

এমন রোগীও দেখা যায় যাহাদিগকে স্বভাবতঃই গুল্মবায়ুগ্রন্ত বলিয়া বিবেচনা করা উচিত। ইহাদিগের রোগকে আজন্ম সন্তৃত বলা যায়, অধবা এমনও বলা যাইতে পারে যে তাহারা স্বভাবতঃই গুল্মবায়ু প্রকৃতি বিশিষ্ট। আরোগ্য পক্ষে এই শ্রেণীর রোগের পরিণাম গুভজনক নহে। চিকিৎসক স্থবোগ পাইলে এবং রোগীর বিষয়ে যথোচিত মনোযোগ প্রদান করিলে এই প্রকৃতির প্রশমনার্থ অনেক দূর কৃতকার্য্য হইতে পারেন। গুল্মবায়ু-রোগের অনেকাংশই কোনপ্রকার প্রতিক্ষিপ্ত উত্তেজনার ফল। এই সকল রোগ আরোগ্য সাধ্য। অপিচ দ্বিত পোষণ-ক্রিয়া সন্তৃত রোগও আরোগ্য করা যাইতে পারে।

চিকিৎসা-তত্ত্ব।—চিকিৎসা সৌকর্যার্থ ইহার চিকিৎসাকে আমরা তিন ভাগে বিভক্ত করিয়া বর্ণনা করিলাম, যথা, ১। আক্রমণ কালীন চিকিৎসা; ২। নিবারক.এবং সমূল আরোগ্য চিকিৎসা; এবং ৩। আমুষঙ্গিক চিকিৎসা:—

#### ১। আক্রমণ কালীন চিকিৎসাঃ-

ইগ্নেসিয়া——গুলাবায় রোগের ইছা অতি প্রধান ঔষধ। ঔষধ পরীক্ষাতেও ইছার লক্ষণাদি গুলাবায়-লক্ষণ বলিয়া প্রতিপন্ন হয়। সংক্ষে-

পতঃ ইহার লক্ষণাদি বাহ্যিক উত্তেজনায় অত্যন্ত অসহিষ্ণুতার প্রকাশক। রোগী পর্য্যায় ক্রমে হাস্ত এবং ক্রন্দন করে; আক্ষেপিক হাঁসি অনেক সময়েই চিৎকারে শেষ হয়, ফলতঃ হাঁসি লক্ষণে স্নস্কাসই প্রসিদ্ধি লাভ করিয়াছে। ইপ্লোসিস্থাতে গুল্মবায়ুর গুল্ম (globus hystericus) লক্ষণ থাকে, অপিচ স্থতীক্ষ্ব অপস্থারিক শিরঃ-শূল (clavus hystericus) মস্তক-শীর্ষে পেরেক বিদ্ধ করার অমুভূতি-রূপে উপস্থিত হয়। খুজার এই বেদনা ললাটিক উচ্চতায় থাকে। উভয় খুজা এবং কফিহাছা সমপ্রকারের বেদনা মন্তক পশ্চাতে হয়। ইহ্যোসিহ্রাতে প্রচুর ফেকাসে মুত্রের তাগি **অনেক** সময়েই শির: শূলের প্রশমন করে। ইপ্রোসিস্থার রোগীতে উদ-রাগ্মানের লক্ষণাদি এবং পৈশিক আকুঞ্চন উপস্থিত হয়। অপস্মারিক গুলা অনেক ঔষধেই দেখা যায়, কিন্তু ইপ্লোসিহা এবং এসাফিটি-ভাতেই ইহাসর্বশ্রেষ্ঠত্ব পায়। ঔষধের প্রাকৃতিক মনভাবামুসারে সর্বাঙ্গীন আক্ষেপ লক্ষণ রূপাস্তরিত হয়; জল পানে কণ্ঠদেশে সামান্ত মাত্র আক্ষে-পিক চালনা হইতে পারে, অথবা মৃষ্টিবদ্ধ হস্ত এবং নীলবর্ণ মুখমগুলের সহিত কুপ্রাম সদৃশ অতি কঠিন আক্ষেপ হইতে পারে। সর্বস্থলেই একটি দীর্ঘনিঃশ্বাস এবং একটি স্থগভীর শ্বাস-গ্রহণের সহিত চৈতন্তের পুনরা-বর্তুন ঘটে। ভীতি এবং হৃঃখ ইহ্মেসিস্থা গুল্ম বাস্থুর স্থপ্রসদ্ধ লক্ষণ; ইহা অতি দীর্ঘ স্থায়ী কষ্টপ্রদ ত্রুথ আনয়ন করে এবং ইহার অবিশ্রান্ত পোষণ রোগীর কষ্টেম বৃদ্ধি করে। অন্ত প্রকার বিশেষ লক্ষণ, এবং তাছাকে গুলাবায়ুর প্রদর্শকও বলা বায়—ইছোলিস্থাব্র রোগে অনেক প্রকার পরস্পার বিরোধী বিষয়াদি দেখা যায়; এবং তদমুসারেই মৃস্তুক নত क्रिंतिल भित्रः-शृत्नत, आशास्त्र मरखत होहोनित्र, अवः श्रमाधः-করণ ক্রিয়ায় গলক্ষতের-বেদনার উপশ্মহয়, ও জ্বরে তৃষ্ণার অভাব এবং শারীর অনাব্রত করিলে শীতের উপশম প্রভৃতি লক্ষণের অস্বাভাবিক সংযোগ ঘটে; এমন কি কাসিও বিপরীত ভাব প্রকাশ করে, কারণ রোগী যত অধিক কাসে ততোধিক কাসির প্রবৃত্তি জন্মে, এবং কেবল ইচ্ছা শক্তির প্রয়োগ দ্বারা কাসির রোধ করিতে পারে।

মৃচ্ছবি সহিত গুলবায়ুর আক্রমণে অন্তান্ত ঔষধও প্রদর্শিত হইতে পারে। এসাফিডিটা, ককুলাস, ইপ্লে-সিহা অথবা নাক্স মক্ষেটা প্রদর্শিত হইতে পারে, কিন্তু অধিকাংশ স্থলেই মাকুলা ইহার দাদৃশু (similimum), বিশেষতঃ ইহা রোগের আতিশযা নিবারক ঔষধ। ধরুষ্টঞ্চার আক্ষেপের অনুকরণ অথবা ভান, অটৈতত্ত্বের ভাব অথবা পৌনঃপুনিক মুর্চ্ছায় স্মস্কাস প্রদর্শিত হয়। ডাঃ হিউজ বলেন এরপোবস্থায় কোন ঔষধই স্মাক্তাস অপেকা উৎকৃষ্টতর নহে, এবং ডাঃ জে হিবারশ্বিথ বলিয়াছেন গুলাবায়তে ইছা অপরিহার্য্য ঔষধ। পৈশিক আনর্ত্তন উপস্থিত হয়, এবং বক্ষেব্র প্রচণ্ড আক্ষেপ অথবা সংপীড়ন উপস্থিত থাকে। এমন কি রোগীর মুখমগুল নীলাভ, মুখ ফেনধুক্ত হইতে পারে, শীতভাবও উপস্থিত হয়। মস্ক্রাসেও প্রচুর ফেকাসে মুত্রের প্রাব, গুল্মবাহার গুল্ম. শিরঃ-শূল-এবং উদর-ফীতির লক্ষণ বর্ত্তমান থাকে। অনেক সময়ে মুর্জ্বা এবং চৈতত্ত্বের অপচয়, দৃষ্টতঃ সহাত্তৃতিক স্নায়ুর সোলার প্লেক্সাস বা স্নায়ু-জালের উপরে গ্যাদ বা বাষ্পের চাপ প্রযুক্ত সংঘটিত হয়; এই সকল রোগে প্রচণ্ড বাম্পোদ্গার উপশম আনয়ন করে। অদমনীয় হাস্তও মস্কান্দের একটি লক্ষণ, অপিচ পর্য্যায়ক্রমিক আনন্দিত এবং হুঃখিত মনোভাব থাকে। সঙ্গমেচ্ছার বৃদ্ধি হয় এবং পুরুত্রের কামোন্সাদের লক্ষণ উপস্থিত থাকিতে পারে। গুলুবায়ুর আক্রমণ অথবা হিকা আহ্মাহন দারা নিবারণ করা যাইতে পারে. এবং কণিত আছে বেবাতাছের গুলবায়ুর রোগীর উচ্চেরবের হিক্কান্ত্র ইহা উৎকৃষ্ট ঔষধ। সক্ষাস-রোপীর মানসিক অবস্থা এই বে তিরস্কার করিতে প্রবৃত্তি জন্মে, এবং তিরস্কার করিতে করিতে রোগাবেশ হয়। প্যালাডিস্থাম ঔমধ্য কর্মশ ভাষার ব্যবহার এবং তিরস্কার করে। মোটের উপরে মুচ্ছার আক্রমণ, শ্বাস-রোধের অবস্থা, ক্রন্দন এবং হাস্যা, অপ-স্মার-গুল্লা, প্রচুর ফেকাসে মূল্র-ম্রাব, এবং আক্রিক্রাম্প সক্ষাসন গ্রারা মক্ষাস প্রদর্শিত হয়। ক্যান্টরিস্থাম্প মক্ষাস সদৃশ জীব জগতোৎপন্ন অন্ত একটি ঔষধ, ইহা বহুতর স্নাম্বিক লক্ষণের প্রকাশন। অনেক স্থলে উত্তেজনা প্রবণ হর্মলতা ইত্যাদি গুল্মবায়ুর পূর্ম্বগামী লক্ষণে ইহার কার্য্যো-প্রোগিতা দেখা যায়। যে সকল ব্যক্তি গুল্মবায়ু রোগের নিক্টস্থ লক্ষণাদি প্রকাশ করে, ক্যান্টরিস্থাম হইতে উপকার প্রাপ্ত হয়।

এসাফিটিড়া—গুলাবায়র অন্ততম প্রকৃতিগত বিশেষ লক্ষণ—
ত্র্যপ্রাক্তি প্রক্রা, অথবা গলমধ্যে একটি গোলার অন্তভূতি—
একাফিটিড়াই এই লক্ষণের অতীব প্রাধান্ত দৃষ্ট হয়। ইহাতে এই লক্ষণ পরিপাক-পথের অন্তলোমের বিপরীত গতীরন্তায় প্রতিয়মান হয়, এবং বিশেষ করিয়া যদি কোন প্রকারে অভ্যাসগত ক্ষরণাদির রোধ, সামবিক লক্ষণের কারণরূপে বর্ত্তমান থাকে প্রকাহিটিড়া তাহার শ্রেষ্ঠ ঔষধ বলিয়া গণা। উদরে বায়ুর সঞ্চয় প্রসাহিটিড়ার আর একটি গুরুতর লক্ষণ; ইহা উর্দ্ধাভিমুখে গমন করিয়া শ্বাস-প্রশাসের কন্ট উপস্থিত করে। ইহারই জন্ত উপরোল্লেখিত গুলাবৎ অনুভূতির লক্ষণ প্রাপ্ত হওয়া বায়, বাহা আমাশ্য হইতে হঠাৎ সঞ্চালিত হইয়া কণ্ঠাপর্যান্ত বায়, এবং স্বভাবতই অতি ভোজন এবং দেহ চালনা তাহার বৃদ্ধি করে। ইহা একটি ফাটিয়া বাহির হওয়ার ন্তায় অনুভূতি,

ে বেন সমস্তই মুখের বাহিরে আসিবে। এই জ্মাই অপস্মারিক উদর-শূলে এস্নাইফটিডা দারা উৎকৃষ্ট উপকার পাওয়া যায়।

ইহার কোন কোন লক্ষণ ম্যাপ্রিসিয়া মিউরিয়েভিকাতে দেখিতে পাওয় য়য়; সঞ্জিত বাস্থু প্রায়
পোলার শ্যায় হইয়া উত্তে, শ্বাস-প্রশ্বাসের বাধা
জন্মায়, এবং উদ্গারে তাহা প্রশানত করে। এসাফিটিডায়
রোগী গোলা অধঃ রাখিবার জন্ম ক্রেমাসত পিলিতে
থাকে, এবং এই গেলা খাস-প্রখাস কষ্টের বৃদ্ধি করে। এসাফিটিডায় অতান্ত অন্থিরতা এবং উৎকণ্ঠা জয়ে এবং মাননিক
অবস্থা পরিবর্ত্তনশীল থাকে। পেশীর ঝাঁকি এবং আনর্ত্তন হয়। সম্পূর্ণ
শরীরেরই আত ম্পর্শাসহিষ্কৃতা জয়ে। ক্রের্নাদির অবরোধ্র
নিবন্ধন গুলু বায়ুর সর্ব্ধাপীন আক্ষেপ উপন্থিত হইলে এসাফিটিডা
তাহার ঔষধ। কার্সালক্ষেত্রার প্রাথাক্যে এসাফিটিডা
শর্বণ পথে আইসে।

ট্যারেণ্টুলা— জান্তব ঔষধের মধ্যে—এবং ইহারা অত্যধিক সামবিক লক্ষণের উৎপাদক—গুলাবামু লক্ষণের প্রতিকৃতি উৎপাদনে মাকড্সা-বিস সর্বশ্রেষ্ঠ পদের অধীকারী। সন্তবতঃ এই শ্রেণির ঔষধ মধ্যে ভ্যাত্রে ভটুলা হিস্পালিকা সর্বলিকা স্পষ্টতর লক্ষণ প্রকাশ করে। ভ্যাত্রে ভটুলা কুত্র লিক্ষণ করে। ভ্যাত্রে ভটুলা কুত্র লিক্ষণ করে। ভ্যাত্রে ভটুলা কুত্র বায়ুতে ইহার ক্রিয়া দৃষ্ট হয় না; কিন্তু স্পোনের ফ্লাই ইহার ঔষধ। এই ঔষধ গুলাবামু রোগে উপকারী; ইহা অলাক আক্রমণ উপস্থিত করে, এবং অদমনীয় হান্তের অস্বাভাবিক আক্রমণ উৎপন্ন হয়। যাহাই ইউক, অস্থিরতা এবং অক্ষাদির কম্প এই ঔষধের প্রধান লক্ষণ বলিয়া গণ্য; রোগী বাধ্য হইয়া অবিশ্রান্ত শরীর চলনা করে। অভ্যন্ত বোধাধিক্যা

জন্মে, মেরুদণ্ড স্পর্শে অসহিষ্ণু হয়, অণ্ডাধার স্পর্শে বেদনাযুক্ত থাকে, এবং স্ত্রীরোগীর কামোনাদ জন্ম। গুল্মবায়ুসংস্থষ্ট মুগী-রোগে (hystero-epilepsy) ইহা দারা উপকার হইয়াছে, কিন্তু এ রোগ অতি কচিৎ দেখা যায়; আমি বহুদিন পূর্বের এরূপ একটি মাত্র রোগী দেখিয়াছিলাম। থিরিডিয়ুন এবং মাইসেল ঔষধ চুইটিও মাকড়দা-বিষ, ইহাদিগের দারাও গুল্মবায়ু ঘটিত অবস্থার উপকার হইতে পারে; গোলমাল শব্দে অসম্ভিতা অতি প্রধান লক্ষণ থিরিডিহানের প্রতি আমাদিগের মনোযোগ আকর্ষণ করে. নূত্য-রোগ(choiea)বৎ আনর্ত্তন মাইগেলের স্মারক বলিয়া পরিগণিত। নিম্মলিথিত লক্ষণাদি দারা উ্যাহর-উ্রনা পরিচিত হয়—অঞ্চাদির অবিপ্রান্ত চালনা, সম্ভবতঃ তান লয় যুক্ত গীত-বাদ্যে উপশম, সংকু-চিত্রৎ শিরঃশূল, এং ক্লুত্রিম উচ্চহাস্যের অদ্মনীয় আবেশ। অত্যন্ত পদ্চাঞ্চল্য (fidgetiness) জিস্কাম ভেলেরিয়ানেটের স্মারক: এরপাবস্থার ইহা দর্বশ্রেষ্ঠ ঔষধ। পুরাতন জরায় রোগ থাকিলে গুলাবায়ু সংস্থ অবস্থায় ইহা একটি সাধারণ ঔষধ।

ভেলেরিয়ানা—এলপ্যাথিক মতে গুল্লবায়ুরোগে ভেলেরিরানার বহুল ব্যবহার হইয়া থাকে, এবং তাহাদিগের চিকিৎসায় ইহা একটি প্রধান অবলম্বন। কতিপয় উপ্যোগী লক্ষণ বর্ত্তমান থাকায় হোমিওপ্যাথিক মতেও স্থল বিশেষে ইহার ব্যবহার হইয়া থাকে। ত্যিরেক্ট্রিলার ভায়ই রোগী অবিশ্রাম্ভ চালনা মুক্ত থাকে; কিন্তু শ্রম বশতঃ শিরঃশূল উৎপয় হয়, এবং অতি বৎ সামাভ্য বেদনাও মুক্ত্র্য আনয়ন করে। রোগীর অনুভূতি জয়ে যেনকোন উষ্ণ বস্তু আমাশয় হইতে উর্দ্ধে উঠিতেছে; ইহা শ্বাস-প্রশাসের

কট্ট উপস্থিত করে; ভীতি, কম্পিতভাব, এবং হৃৎকম্প প্রভৃতি লক্ষণ্ড উপস্থিত হয়। ভ্যালেরিয়ানায় একটি সাধারণ স্নায়বিক উত্তেজনা উপস্থিত থাকে, রোগী আহলাদিত, সজীব, এবং গল্পপ্রিয়; অনেক সময়েই তাপোচ্ছাদের উপক্রম উপস্থিত হয়। ইহাতেও অপস্মারিক গুলু বর্ত্তমান থাকে, এবং অনেক প্রকারের বেদনা রসবাত রোগের ামথ্যা সাদৃশ্র প্রকাশ করে। আহাত্রিক ভাগিকলা ইহার অতি স্পষ্টতর লক্ষণ, এবং ইহা এবং ইহার সহিত আমানামায় হইতে তাভেদিত করা উচিত। প্র্যায়ক্রমিক মানসিকভাবাদি ইহার অতি প্রভান লক্ষণ, তৎ-প্রতি দৃষ্টি রাথা উচিত। ইহা অভ্যাস প্রাপ্ত গুলুবায়ুর উৎকৃষ্ট গুরুধ বিলিয়া অনুমিত।

প্র্যাটিনাম—জান্তব বিষ ঘটিত অপেক্ষা প্রাটিনামেক ভিন্ন আকারের গুলবায় দেখা যায়, এবং ইহার গার্কিতে মানসিক অধিস্থা ঘারা ইহা শীঘ্র এবং সহজে বিশেষতা পায়। ইহা বলা যাইতে পারে যে রোগিনী ভ্রমণকালে সম্রাজীর হার্ম ভাব প্রকাশ করে। আত্মশ্রাঘা স্পষ্ট প্রকাশমান হয়, এবং সে সকলকেই অবজ্ঞার চক্ষে দেখে। ভৈষজ্যবিজ্ঞানের কোন ঔষধই এই লক্ষণে প্র্যাটিনামের হায় প্রসিদ্ধি লাভ করে নাই। অপিচ অতীব প্রচণ্ড এবং কোলাহলযুক্ত উচ্চ ইাম্পের আক্রমণ হয়; অর্থাৎ অনেক সময়েই অবস্থা উন্মন্ততার নিকটে যায়। জননেক্রিয়াদির অত্যন্ত স্পর্শক্তানাধিক্য জন্মে; অনেক সময়েই শুড়গুড়ি, এমন কি স্ত্রীকামোন্মাদ উপস্থিত হয়। সায়বিক উত্তেজনা বশতঃ অপস্থারিক আক্রেপে প্র্যাটিনামের আবশ্রক হয়; অন্তনলীর সংক্ষোচন এবং একটি শ্বাসরোধক অমুভূতি উপস্থিত হয়। যে সকল মানসিক লক্ষণের বিষয় উপরে বর্ণিত হইল তাহা হইতে গারেছা প্রাটিনামের ইত্তেপ্রাচিনাম ইত্রোসিক্রা হইতে প্রভেদিত হইতে পারে।

ইহোসিত্রা স্পষ্টতর লক্ষণ হারা সপ্রকাশ করে না, কিন্তু প্র্যাতিনাম অসম্বতরূপে গর্মিত। প্ল্যাতিনামে বিষয়তার অবস্থাও দৃষ্ট হইয়া থাকে; রোগী বিষাদগ্রস্ত, এবং অসম্ভষ্ট থাকে এবং তাহার ক্রন্সনে প্রবৃত্তি জন্মে। অতিশয় বাত্যাচছরতা প্রযুক্ত তাহার নিদ্রা হয় না। প্র্যাতিনাম সহ হাত্রসাক্রামাসের তুলনা করা উচিত। ইহাতেও স্ত্রীকামোন্মত্ততা দৃষ্ট হয়, কিন্তু আপনাকে অনাবৃত্ত করিবার প্রবল্তর ইচ্ছা থাকে। প্ল্যাটিনামের গর্মিত মানসিক অবস্থা সর্মস্থলেই ইহাকে প্রভেদিত করে। প্ল্যাটিনাম সহ প্যাল্যা-ডিয়ামের অতি নিকট সাদৃশ্য প্রকাশিত হয়; অনেক বিষয়ে প্রালাডিয়াম প্ল্যাটিনাম হইতে ভিন্নতাও প্রকাশ করে—ইলাক গর্মিত ভাবের অভাব, এবং সর্ম্বনাই "অবজ্ঞাত" হইতেছে বলিয়া মানসিক ভাবপ্রবণতা ইত্যাদি তাহার নিদর্শন।

নাক্স মক্ষেটা—ইহাও গুলবায়্ রোগের একটি ভাল ঔষধ।
বিশেষ করিয়া ইহা বাতিকগ্রস্ত অপস্মার প্রকৃতি বিশিষ্ট ব্যক্তি বাশেরা
ক্রত গান্তীর্য হইতে প্রকৃলতায়, পরিবর্ত্তিত হয় তাহাদিগের পক্ষে উপবোগী,
কিন্তু নি দ্রালুতা, স্ফ্রীত ভাব, (bloatedness) এবং ইহার
মুখের প্রফ্রতা প্রভৃতি প্রধান প্রভেদক লক্ষণ বর্ত্তমান থাকে।
ইহাতেও মুর্ফ্রার আক্রমণ হয়, রোগী সামান্ত প্রমেই হর্বল হইয়া পড়ে।
আহারাস্তে উদর ফীতির লক্ষণাদি উৎপন্ন করিয়া ইহা লোইক্র
পোতিক্রাম্ম এবং ক্রাক্রি ভেতিকেটেবিলিস স্মরণ
করাইয়া দেয়, কিন্তু উভয় ঔষধের উদর ফীতিই লাক্স মস্ক্রেটায় গুল্প বায়ুর সংপ্রব বিরহিত। অপিচ নাক্স মস্ক্রেটায় গুল্প, স্নাম্বিক
অপশাব্রিক কাসি, বক্ষের পীড়িত ভাব এবং মুর্ফ্রার আবেশ উপস্থিত হয়।
মুর্ফ্রা প্রবণতাই এই ঔষধের বিলক্ষণ সাধারণ লক্ষণ। ডাঃ হেজ্ বলেন,
"গুল্মবায়ুরোগে, বিশেষতঃ অপাশ্বরিক গুল্ম, "কোন ঔষধই ইহার ন্যার

শিকিতর ক্রত ফল দের না।" তিনি ও হইতেঁও দশমিক ক্রমের ব্যবহার করিতে বলেন। তিনি আরও বলেন, "প্রচণ্ড অপস্মারিক আক্রমণে কিঞ্চিত শর্করার উপরে এক ফোটা ডোঃ ব্রহ্নবিন্দ্রে ব্যাস্ফার মহার্যপ্ররোপ।' সম্ভবতঃ ইহা সামরিক উপশমকারী, বেহেতু ব্যাস্ফারা বিশেষ কোন অপসায়িক লক্ষণ উৎপন্ন করে না।

একনাইট——শান্তি অবস্থা হইতে উত্থান করিতে শিরোঘূর্ণন; রোগিণী তাহার নিকটে বেশী গোলমাল ভালবাসে না, বছন্ধনাকীর্ণ স্থানে যাইতে ভীত হয়, মস্তকে কট্ট বোধ করে; অত্যন্ত কট্ট দায়ক মৃত্যুভীতি। (তৈঃ প্রঃ থণ্ড ৩২—পৃষ্ঠা দেখ।)

বেলাডনা——বোগী উত্তেজিত ভাবে প্রচণ্ড কোলাহল করিলে ইহার প্ররোগ হর। লোহিত রক্তাভ মুথমণ্ডল, প্রসারিত কনীনিকা, এবং ইহার সাধারণ লক্ষণাদি উপস্থিত থাকে। রোগাক্রমণের অবস্থার মস্তকাভিমুথে শোণিত ধাবিত হয় এবং দৃশ্রে প্রচণ্ডতা প্রকাশ পায়। হাত্রাসাক্রাক্রাক্রে রোগী শরীর অনাবৃত করিতে এবং উলঙ্গ হইতে চাহে, সম্ভবতঃ ত্বকের বোধাধিকা ইহার কারণ, নির্বোধের স্থার উচ্চ হাস্থ এবং পৈশিক ঝাঁকিও ইহাতে দেখিতে পাওয়া যায়; এবং প্রাাক্রিক্রাক্রেরাতে বিবিধ অসম্ভব কল্পনা, বহুভাষিতা ইত্যাদি উপস্থিত থাকে, কিন্তু গুল্মবায়ু রোগের চকিৎসায় বিরলভর স্থলে এই সকল ঔষধের প্রয়োক্ষনীয়তা জন্মে।

জেলসিমিয়াম—কতিপয় স্পষ্টতর লক্ষণ বারা গুলবায় রোগে ইহা প্রদর্শিত হয়। খাস নলীবায়ের আক্ষেপসহ সর্বাঙ্গীন অপস্মারিক আক্ষেপের ইহা একমাত্র বিশেষ ঔষধ। অত্যধিক মানসিক এবং শারীরিক উত্তেজনা প্রবণতা সহ শোণিত যন্ত্রের উদ্দীপনা, অর্দ্ধ অজ্ঞানতা, অবসন্ধতা এবং দৌর্বল্যাদি লক্ষণ দৃষ্টিগোচর হয়। কণ্ঠায় পিণ্ডের অমুভূতি জন্মে, কিন্তু গিলিতে পারা যায় না, এবং প্রচুর স্নায়বিকমৃত্র

শ্রোত বহে। তেল সিনিস্থান স্ত্রী, পুরুষ উভয় প্রকার হন্তনৈথুনকারীর পক্ষেই উপযোগী. এবং স্ত্রীগুল্মবায়ু দহই ইহা বিশেষ
সাদৃশ্য প্রকাশ করে। জরায়ু মুথের কাঠিল্যে তেল সিনিস্থাক্রের একটি বিশেষ লক্ষণ—সাধারণতঃ উত্তেজনা বিশিপ্ত গুল্মবায়-রোগিণী
দিগের মধ্যে দৃষ্টিগোচর হয়, এবং এই জন্মই উপরি উক্ত অবস্থায়
ইহার ব্যবহার দেখা যায়। অঙ্গাদির অতান্ত অসাড়তা, অপিচ ভীতি
এবং শক্ষান্বিত ভাব জন্মে; যাহা হউক, অবসন্নতা এবং অক্ষন্তি প্রায়
সর্ব্ব সময়েই উপন্থিত থাকে। আক্ষেপের অবসানে সাল্যক্রান্ত্র-রোগী
প্রচুর জলবৎ মূত্রত্যাগ করে। যাহা হউক, ইহা একটি সাধারণ অপশ্মারিক লক্ষণ, এবং ওবধের পথ প্রদর্শক রূপে ইহার উপরে সামান্যই,
বিশ্বাস স্থাপন করা বায়। মূত্রাধারের উত্তেজনার প্রবণতা সহ শুল্মবায়ু রোগে অবিশ্রান্ত মূত্র ত্যাগেচ্ছায় তেল ল্মিলিস্থান্স দারা
উৎকৃষ্ট কার্য্য পাওয়া যায়।

পাল্দেটিলা—ইংার গুল্মবায়্-লক্ষণ অতি পরিস্ফুট। ইংাতে কণ্ঠার সন্ধুচন বশতঃ বোধ হয় দেন তথায় কোন বস্তু থাকিয়া কথনের বাধা জন্মাইতেছে। রোগীর মনোরন্তি এবং লক্ষণাদির অবিরত পরিবর্ত্তন ঘটে, এবং ইংাতেও আমরা প্রচুর জলবৎ মৃত্র দেখিতে পাই। ইস্প্রোক্তিলার ক্যায় ইংাতেও বিঘাদিত ভাব, হঃখ, এবং ক্রন্দন দেখা যায়; কিন্তু ইস্প্রোক্তিলা রোগী নির্জ্জনে ক্রন্দন করে, অন্ত পক্ষে পাল্পেলেভিলা রোগী বে কোন স্থানে ক্রন্দনের সহিত হঃখ প্রকাশ করিয়া সহায়ভূতি এবং সান্তনার প্রার্থনা করে এবং বোধ হয় ইহা দ্বারা শান্তির অমুভবও করে। পাল্সেলিভিলা রোগী মৃক্ত বায়ুমধ্যে উপশম পায়। স্বন্ধতর ঋতুপ্রাব হয় এবং রোগী অবিশ্রান্ত শীতের কণ্ঠ প্রকাশ করে। বৌবনের গুল্মবায়্ রোগে পাল্সেলিভিলার আবশ্রক হইতে পারে। মৃদ্র্যার আবশ্রক অতি সাধারণ, এবং অনেক সময়েই ঋতুরোধ ঘটিয়া স্লায়বিক

আক্রমণ আনয়ন করে। সিশিস্থা ও জরায়ু লক্ষণ সম্বলিত অপস্মার বায়ুর উচ্চ স্থানীয় ঔষধ, কিন্তু ইহার সাধারণ লক্ষণাদি দ্বারা ইহা প্রভেদিত হয়। এশিসে যৌবনকালে গুলাবায়ু জন্মে, এবং তাহার সহিত রচ্চ লোপ এবং কুৎসিত ভাব উপস্থিত হয়; রোগীর অসাবধানতা বশতঃ হস্ত হইতে বস্তু পড়িয়া যায়, রোগী কদর্য্য ব্যবহার করে।

কেলি ফসফরিকাম—ডাঃ সালারের অগ্রতম টিস্থ-রেমিডি বা উপাদান পোষক ঔষধ; চিকিৎসা-ক্ষেত্রে গুল্মবায়ু-রোগে ইহার উৎকৃষ্ঠ কার্য্য দেখা গিয়ছে। হঠাৎ অথবা অতি গভীর মানসিক ভাবাবেশ অথবা অতাস্ত বাতিকগ্রস্ত এবং উত্তেজনা প্রবণ রোগীর প্রবল ভাবাবেশ ঘটিত আক্রমণে ইহার প্রয়োজনীয়তা উপস্থিত হয়; গুল্মবায়ুর গোলা বর্ত্তমান থাকে; রোগীর আবেশে আবেশে ক্রন্দন, উচ্চ হাঁস্থ এবং জৃন্তন উপস্থিত হয়। অজ্ঞানতার সহিত আক্রেপ হইতে পারে। উদর ফাঁপযুক্ত এবং সামান্থ চাপে অসহিষ্ণু। নিম্ন লিখিত লক্ষণাদি জন্ম ক্রেনিকা স্মরনীয়ঃ—কোন কারণ বাতীত স্নায়বিক ভীতি, রোগী প্রত্যেক বিষয়ই অনিষ্টকারী বলিয়া শুন করে, দীর্ঘ নিঃখাস ফেলে এবং নিরাশা পূর্ণ হয়; চঞ্চলতা এবং কম্প দেখা দেয়।

এগ্লাস কেষ্টাস——কামোদ্দীপনা উপস্থিত হইলে ইহা দারা উপকার পাওয়া ঘাইতে পারে।

এনাকারভিয়াম—্যে স্থলে পরস্পর বিরোধী ছইটি ইচ্ছা-শক্তি বর্জমান থাকে।

ক্যাকাস— হঃধিত ভাব, অকারণে ক্রন্দন, সান্তনায় বৃদ্ধি, একা থাকিতে ইচ্ছা, মৃত্যুভীতি, সম্পূর্ণ শরীর তারে আবদ্ধ বলিয়া অমুভূতি প্রভৃতি শুন্মবায়ু লক্ষণ ইহাতে দেখিতে পাওয়া যায়।

ক কুলাস ইণ্ডিকাস——গুলাবায়-রোগে বোধাধিক্য এবং মুদ্ধার ভাব থাকিলে উপকার হইতে পারে। ষ্টিক্টা |—শোণিতের অপচয় গুলা বায়ুর কারণ হইলে ইহা উপকারী—কেনাবিস ইণ্ডিকা।

কেনাবিস ইণ্ডিক।——ডাঃ হল বলেন, "এই ঔষধটি মেটিরিয়া মেডিকার যাবতীর ঔষধ অপেক্ষা গুলা-বায়ুরোগ সহ অধিকতর সাদৃশু প্রকাশ করে।" একটি মাত্র লক্ষণ জন্ম ঔষধের একটি মাত্র লক্ষণের আবশুক হইতে পারে, এবং পরিচিত সর্ব্ধপ্রকার স্নায়বিক ঔষধ (nervines) অপেক্ষা গুলা এবং তাহার বিবিধ পরিবর্ত্তিত অবস্থার হোমিওপ্যাধি মতে চিকিৎসা করিয়া অধিকতর উপকার করা বাইতে পারে।

#### ২। নিবারক এবং সমূল আরোগ্য চিকিৎসা— 🚟

রোগের আক্রমণ কালীন যে সকল ঔষধ হইতে বিশেষ ফল লাভ হয় এবং যাহাদিগের লক্ষণাদি রোগ লক্ষণ এবং রোগীর ধাতু এবং প্রকৃত্যাদি সহ অতি নিকট ও বিশেষ সাদৃশ্য প্রকাশ করে, অনেক স্থলে তাহ্বরা অন্ততঃ রোগ-প্রবর্ত্তনার লদ্দ্র উৎপন্ন করিয়া রোগের তীক্ষতার উপশম আনরনে সক্ষম হইতে পারে এবং হুল বিশেষে রোগ সমূলে আরোগ্যও করিতে পারে। গুল্মবায়ুসহ অক্সান্থ রোগের সংস্রব থাকিলে অথবা অন্তান্থ রোগ গুল্মবায়ুর কারনীভূত হইলে, সেই সকল রোগ চিকিৎসায় উপযোগী ঔষধাদি গুল্মবায়ুর নিবারণে এবং সমূল আরোগ্যেও উৎকৃষ্ট কার্য্য দেখাইতে পারে। যাহাই হউক, কোন কোন ঔষধ এই রোগের আরোগ্য অথবা স্কুপরিবর্ত্তন সাধনে বিশেষ উপযোগী। তাহাদিগের বিষয় নিয়ে লিখিত হুইল:—

সিপিয়া——অধিকাংশ স্থলেই ইহার উপরে বিশেষ নির্ভর করা বাইতে পারে, বিশেষতঃ রোগী যদি মৃৎপাণ্ডু (green-sickness), শ্বেতপ্রদর, অথবা অন্ত কোন পুরাতন জরায়ু রোগ দ্বারা আক্রান্ত থাকে; অথবা, রোগী যদি হঠাৎ অস্থায়ী পক্ষাঘাতের ভারে দৌর্বল্যগ্রস্ত হয়, এবং তাহার সহিত যদি প্রচুর ঘর্মের নিক্রমণ ঘটে।

ক্যাক্রেরিয়া কার্ব——শীর্ণকাম রোগজীর্ণ রোগীর পক্ষে ইহা উপযোগী; রোগীর মুখমগুল পাভুর, ফেকাদে এবং বদা থাকে, এবং রোগাক্রমণ হইলে সংস্রবীয় লক্ষণাদি অতি প্রচণ্ড প্রকৃতি ধারণ করে। এই সকল রোগী অত্যন্ত মুচ্ছা প্রবণতা অথবা আহার্য্য সম্বন্ধে অত্যন্ত খাম খেরালী প্রকাশ করে, ঋতুস্রাব বারে এবং পরিমাণে বৃদ্ধি পায়।

ভিরেট্রাম এল্বাম---ইহা ধাতুগত রোগপ্রবণতা সংশোধন করে। রোগাক্রমণ সহ দাঁতি লাগা, অথবা সর্বাঙ্গীন আক্ষেপ, অঙ্গাদির শ্রীত্রলতা, এবং বিশেষ করিয়া মুখমগুল এবং ললাট দেশে চটচটে ঘম্ম থাকিলে, তাহার সাক্ষাৎ প্রচণ্ডতার নিবারণে ইহা ব্যবহৃত হয়।

বিশেষ বিশেষ লক্ষণের উপশমনার্থ ঔষধঃ—

ু সাধারণ চৈতন্যের বিশৃংখলা।—সাইপ্রিপেড, ইগ্নেসিয়া, সিপিয়া, ষ্ট্রাম।

চৈত্তত্যাধিক্য ( heightened sensitive ness )——একন, ককুলাস, ষ্ট্রাম, প্লাটি, পাল্স, নাক্স ভম, ষ্ট্রাফি।

উত্তেজনা প্রবণতা এবং অসহনীয়তা---- জেল্স, পাল্স, সিপি, নাক্স ভম, ককুল, হায়সা, সাইপ্রিপেড, সিনিসিয়।

পরিবর্ত্তনশীল মানসিক বৃত্তি-—ইম্মে, পাল্স, ষ্ট্র্যাম, মন্কাস, প্ল্যাটি, সিপিয়া।

গভীর স্নায়বিক দৌর্ববল্য—প্ল্যাটি, ফস এসি, এলেট্রস্, সিপিয়া, সেনেকু।

অবিশ্রাস্ত তুশ্চিন্তা——ইগ্নেসিরা, নাক্স ভমিকা, সিপিরা।

বরতিহীন অ\ 1 অত্যধিক ভীতি—একন, প্লাট, পাল্ম।

অতিশয় উৎকণ্ঠা—নাক্স ভমিকা, পাল্স, প্লাটি।
চাঞ্চল্য—ভ্যালেরিয়ানা।

চিত্তবিভ্রম---সিমিসিফুগা, ভ্যালেরিয়ানা।

বিষপ্পতা-অরাম, পাল্দ্, ষ্ট্যাফিসেগ্রিয়া।

অবিশ্রান্ত বিলাপোক্তি এবং চুঃখ প্রকাশ, লগ্ন মৌন-ভাব—নাক্স ভমিকা।

আমাশয় দেশে অবিশ্রান্ত কফজনক দমিয়া যাওয়ার ভাব—সিমিসিফ্গা, জেল্ম, হাইড্যাষ্ট্র, ইগ্নেসিয়া।

হস্ত এবং পদের শীতলতা—বেলাডনা, হিডিয়মা।

নিশ্বাদের থর্বতা---ক্যান্ধেরিয়া, হিডিয়মা।

বক্ষের পীড়িত ভাব—-ইগ্রেসিয়া, মস্কাস।

**হৃৎপিত্তের তুর্ববলত**্রি-হাইডুসা এসিড, ফসফরাস।

নিদ্রোলুতা—-কলফা, জেল্স, মস্কাস।

বুদ্ধিহীন, মত্ততাগ্রস্ত বৎ অনুভব—জেল্সিমিয়াম।

নিদোহীনত|-----সাইপ্রিপেড, জেল্স, ইগ্রে, নাক্স ভন, সিনিসিয়।

অঙ্গাদির আনর্ত্তন, কম্প নকলফা, দাইপ্রিপেড, দিমিদিফুগা, হিডিয়মা, ইয়ে, মদ্কাদ, প্ল্যাটিনাম।

ঔপদর্গিক রোগের ঔষধঃ---

মন্ধাস, ষ্ট্রাম, ভিরেট এল, ভিরেট ভি। অরাম, অক্সাম, জেল্স্, ষ্টেনাম; আয়, ক্যান্কেরিয়া, কষ্টি, কফিয়া, কনা, কুপ্রাম, ম্যাগ্নি কার্ব্ব, ম্যাগ্নি মিউ, প্ল্যাটি, সিকেলি, পাল্স, সিপি, সাল্ফ; এবং কলফা, ভিরেট ভি, টেরেণ্টু।

মানসিক বিকার এবং রোগজ মানসিক বুত্তি-— অরাম, ক্যাল্ডে., কনা., ইগ্নে., নাক্স মস্ক., নাক্স ভম., হুসাটি., সাল্ফে.। এনাকা., এসাফি., কষ্টি., গ্র্যাটি., সিপিয়া, সিলি., সাল্ফ., ভায়লা অড.। ক্যাক্টাস., জেল্স., সিনিসিয়।

শিরঃশূল—আরাম, ইগ্নে.. আইরিস, প্ল্যাটি, মন্ধ., সিপি.। বেল., ককু., হিপার, ম্যাগ্নি. কার্ম্ব., ম্যাগ্নি. মিউ., ভ্যালে., ভিরেট.। ব্রুছ্, নাই. এসি., ফস.। এলেট্রিস ফ্যারি., ক্যাক্টাস, জ্বেল্স, থিরিডি, কিউরে, টেরেন্ট্র.।

গলদেশের আশক্ষেপ—কনা., লাইক., ম্যাগ্নি. মিউ., প্লাম্ব., সাল্ফ.। এসাফি., জেল্স., সিনিসিয়।

ে আমাশয়িক বিকার—ইগ্রেসিয়া। ক্যাম., ককু., ম্যাগ্নি., নাক্স ভম।

ওদরিক আক্ষেপ—ইগেসিয়া, ককু., ইপিকা., নাক্স ভম., ম্যাগ্নি. মিউ., মস্ক, ষ্টেনাম, ভ্যালেরি., আর্স., বেল., ষ্ট্র্যাম, সাল্ফ., ►ভিরেট.।

মৃত্রস্থলীর আক্ষেপ—এসাফি., পাল্স , সিপি.।

ৠতু এবং জরায়ু-সংস্থা বিকার—ককু, ইগ্রেসিয়া। সিকুটা, কনারাম, ম্যাগ্রি. মিউ., নাক্স ভম., পাল্স.। হারসা, নেট. মিউ, প্ল্যাটি., সিপি., প্রেনাম। এলেট্রিস ক্যারি., অরাম, ক্যান্তাস, কলফি., মস্ক., সিনিসির, ভিরেট. ভিরি.।

বক্ষের আক্ষেপ এবং খাস প্রশ্বাস কফ্ট—ইগ্নেসিয়া।

নক্সভম, মস্ক.। একর্ম, আর্স., বেল., কফিয়া, নাকস মস্ক., পাল্স., ষ্ট্র্যাম। অরাম, কনা, কুপ্রাম, ইপিকা., ফস., ষ্টেনাম, টেরেণ্ট্র.।

আত্মস্পিক-চিকিৎসা।—গুলা বায়ু রোগীর পক্ষে আত্ম-সংযমের অত্যাস নিতান্ত প্রয়োজনীয়। বংশগত গুলাবায়র বিবরণের প্রতি লক্ষ না করিয়া যদি প্রত্যেক শিশুকেই আশৈশব আত্মসংযমের শিক্ষা দেওয়া যায়, তাহা হইলে আমাদিগের লিথিত বিবরণ হইতে এই রোগ প্রায় পরিত্যাগ করা যায়, এবং আমাদিগকেও এতাধিক সময় এবং আলোচনা বুথা নষ্ট করিতে হয় না। রোগ নিবারণোপযক্ত হইলে চিকিৎসকের পক্ষে রোগের নিবারণের চিকিৎসা সর্ব্বস্থলেই অতি প্রশংস-নীয় কার্য্য বলিয়া পরিগণিত। এ রোগের নিবারণচিকিৎসা শিশুর পরিচালনার উপরে নির্ভর করে। শিশুকে প্রথমে আজ্ঞামুবর্দ্ধীতার শিক্ষা দান করিতে হইবে, সহজ কাপুরুষের ক্সায় আজ্ঞানুবর্তীতা নহে. কিন্তু বুদ্ধির সহিত কর্ত্তবাপরায়ণতা। শিশুর নিজ ইচ্ছার প্রতিকুল চেষ্টা সঙ্গত নহে, তাহা স্থপথে বলশালী করাই কর্ত্তব্য। পিতা অথবা মাতার প্রতি ভক্তি প্রযুক্ত অথবা কর্ত্তব্যাহুরোধে যদি কোন শিশু আপনার ইচ্ছার বিরুদ্ধে কার্য্য করে, তাহাতে আত্মসংধ্যের অভ্যাস এবং উৎকর্ষ সাধন হয়। এই শ্রেণির অন্ত প্রকার, তথাপি যথেষ্ট শুরুতর বিষয় এই যে যাহাতে শিশু সর্বকার্য্যেই পদ্ধতির অনুসরণ করে তাহার শিক্ষায় বিশেষ মনোযোগী হওয়া উচিত। অতি শৈশবে ইহার আরম্ভ করিতে হয়, এবং উপমা দারা সকল কার্য্যই যাহাতে নিয়মিত হইতে পারে শিক্ষা দেওয়ার প্রয়োজন হইয়া থাকে। সর্ব্ব কার্য্যই নিয়ম এবং ধারামুদারে সম্পানের অভ্যাদে শিক্ষিত করা অভ্যাবশুকীয়।

শুল্মবায়রোগ চিকিৎসায় প্রতিক্রিয়া ঘটিত উত্তেজনার কারণের সংশোধনই চিকিৎসকের প্রথম এবং প্রধান কর্ত্তব্য। প্রাবণ এবং নিক্রমণের সংশোধনের আবশ্যক। যাহাতে সম্পূর্ণ পরিপাক এবং সমীকরণ হয়

তাহার চেষ্টা কর্ত্তব্য। রোগীর সম্পূর্ণ পুষ্টি রক্ষরি বিষয়েও চিকিৎসকের দৃষ্টিরাথার আবশ্রক। সর্বাদার জন্ম এই বিষয়ে বিশেষ মনোযোগ নিতান্ত কর্ত্তব্য মধ্যে গণ্য। চবিবশ ঘণ্টার মূত্রের এবং মূত্রোপাদানের পরিমাণ নিরূপক পরী**ক্ষা করার আবগুক।** ইহা হইতে গুল্মবায়ুর কারণ প্রা**প্ত** হওয়া যাইতে পারে। বিলক্ষণ অনেক সংখ্যক রোগীরই পুরাতন মৃত্র বিষাক্ত তা প্রাপ্ত হওয়া যায়। অন্তান্ত স্থলে অকজ্যালুরিয়া বা অক্জ্যালিক এসিড বিধাক্ত মৃত্ৰ থাকিতে পারে। যে সকল স্থলে অক্জ্যালেট অব লাইম দেথিতে পাওয়া যায় এক্সপ অনেক বোগে যত্নপূর্ব্বক উদরের দংস্পর্ণন এবং বিঘাতন দারা কোলনাম্বের মলপূর্ণ অবস্থা, এবং অক্সান্ত স্থুলু আন্ত্রিক পরিপাক বিকার নির্দারণ করিবে। পরীক্ষার উপযোগী আহারের পর আমাশয়স্থ ভুক্ত বস্তুর পরীক্ষারও আবশ্রক হইতে পারে। অনেক সময়ে দেখা যায় যে শোণিতের পরীক্ষা কেবল রোগের নির্বাচন জন্তই আবশ্রক হয় না, কিন্তু রোগীর জন্ত যে বিশেষ চেষ্ঠা করা হ**ুটুতেছে এবম্বিধ বিশ্বাদের গুরুত্ব রোগ চিকিৎসার সা**হায্য করিয়া **থাকে**। পরে, রোগীর বিশ্বাস আকর্ষণের চেষ্টা করিবে। ডাঃ কাউপার থোয়েট বলেন, "দর্ব্ধবিষয়ে এবং দর্ব্ধাবস্থায় রোগীর দহিত তুমি দম্পূর্ণ দতাব্যবহার করিবে।" ইহা আমরা সর্বতোভাবে অনুমোদনে অক্ষম; যেহেতু বহুতর গুলাবায়ুরোগীর রোগ কারণ কাল্লনিক; এবং তীলকে তাল করিয়া ইহারা ভাবাবিষ্ট হয়। দৃষ্টতঃ ইহাদিগের বিষয় সত্য ঘটনা বলিয়া গ্রহণ না ্করিলে রোগীর কিছুতেই বিশ্বাস ভাজন হওয়া বায় না । ফলতঃ গুল্মবায়ু রোগ অনেকস্থলেই কাল্লনিক ভাব রাজ্যের বিষয়, সত্য, মিথ্যার षिधा भृष्ठ इदेश विकात्रयुक्त ভाবের অপনোদনই ইহার চিকিৎসা। আমরা অনেক স্থলে অপ্রকৃত কথা, অপ্রকৃত ঔষধ, মাছলি এবং মন্ত্র ইত্যাদির ব্যবহার দারা গুল্মবায়ু-রোগ অথবা তাহার প্রচণ্ড चारित नानाधिक कारनद कन्न, अमन कि, इन विस्मय स्वित्रीकारभक्ष

নিবারিত রাধিয়াছি এবং রাথিতে দেখিয়াছি। অবশ্ব স্থল বিশেষে এবং অবস্থাবিশেষে (ইহা চিকিৎসকের বিবেচনা সাপেক্ষ) সত্যব্যবহার যে স্থফলপ্রদ তাহা অস্বীকার করা যায় না। এই শ্রেণির রোগে চিকিৎসক সর্বতোভাবে সরল ব্যবহার করিবেন। রোগী যথন চিকিৎসকের অনুজ্ঞায় সম্পূর্ণ বশবর্তীতা প্রদর্শন করে, রোগারোগ্য পক্ষে বিলক্ষণ আশার সঞ্চার হয়। সমবেদনা প্রকাশের সহিত অটলভাবে কালব্যাপী অবিশ্রান্ত চেষ্টায় এরূপ রোগীকে স্ববশে আনয়ন করা যায়। রোগীর সহিত কোন প্রকারেই কঠিন ব্যবহার করিবে না, কিন্তু স্বকার্য্য সাধনে অনড় হইবে। রোগীকে স্ববশে আনয়ন করিতে না পারিলে রোগারোগ্যের আশা হুরাশা মাত্র।

এক সময়ে বহুকার্য্যের আদেশ করিওনা। তাহাতে রোগী "দিশাহারা" হইয়া যায়। কিন্তু যে আদেশ করিবে তাহা যাহাতে সম্পূর্ণরূপে প্রতিপালিত হয় তিরিয়ের বিশেষ চেপ্রা করিবে। উপমায়ারা চিকিৎসায় বিশেষ ফল দর্শে। অনেক স্থলে ত্যাঞ্জুত্র-প্রাহ্রেলার (massage) ব্যবহারে বিশেষ ফলোদয় হয়ৢ। প্রতিদিন নিয়মিতরূপে ইহার ব্যবহার করিতে হইবে। শ্বাস-প্রখাসের সঙ্গে সঙ্গে নিয়মিত পদ্ধতি অনুসারে স্পাল্লী ব্লিক্ষ ব্যাহ্রাম্ম অনেক স্থলে বিলক্ষণ উপকার করিয়া থাকে, পক্ষান্তরে বহুতর স্থলে ইহা বারা কোনই ফলাশা করা যায় না। প্রচলিত নানাবিধ পদ্ধতি মধ্যে কোন এক পদ্ধতি অনুসারে তাপ-ভিকিৎসা (heat treament) অনেক সময়ে যৎপরোনান্তি ফলোৎপাদন করে। নানাবিধ ঔষধযুক্ত স্নানের ব্যবহারে উপকার হইয়াছে। ডাঃ উয়ার মাইকেলের বিশ্রাম-আরোগ্য (rest cure)" অনেক বিষয়ে শুল্মবায়ু রোগের পক্ষে উপযোগী, এবং ইহায়ারা কতিপয় আশ্বর্য্য আরোগ্যও সাধিত হইয়াছে। স্নায়বিক দৌর্ম্বল্য রোগ (neurasthenia) বর্ণনায় বিশ্রাম-আরোগ্যর বিষয় আলোচিত হইবে। অয়িসংযোগে দাহন

(actual coutery), এবং ভাাকুরাম টিট্টমেণ্ট (vacuam treatment ) দ্বারাও অনেক সাহায্য হইয়া থাকে। যত প্রকার পদ্ধতিতে বৈহ্যতিক স্রোতের প্রয়োগ হইয়া থাকে ইহার অবস্থাবিশেষে প্রায় সকলেরই আবশুকতা জন্ম। স্থিতিশীল স্রোত (static current) গুন্মবায়ুরোগে বিলক্ষণ খ্যাতি লাত করিয়াছে। বিবিধ প্রকার বিহাচেছাত এবং তাহার প্রয়োগপদ্ধতি বিষয়ক জ্ঞান লাভার্থ তৎসম্বন্ধীয় বিশেষ গ্রস্থালোচনার আবশ্রক। রোগীর আত্মবিষয় হইতে বিষয়ান্তরে মনের গতি-পরিবর্ত্তনের উপায়ের উদ্ভাবন বড়ই কঠিন সমস্থা। রোগীর আত্ম-বিষয়, অথবা রোগ লক্ষণাদির বিষয় চিন্তা করিতে নিষেধ করিলে ফলোদয় অসম্ভব। রোগীর পক্ষে তাহা অসাধা। রোগীর মনোধোগ বিষয়াস্তরে আরুষ্টকরা চিকিৎসক এবং শুশ্রমাকারীদিগের কর্ত্তবা। বিষয়ের পরিবর্ত্তন করিয়া ইহা সাধিত করিতে হয়, এবং রোগী অথবা রোগীনীর পক্ষে নিজে এই পরিবর্ত্তন করা অসম্ভব। কোন কোন সময়ে কোন শারীরিক অবস্থা বর্ত্তমান থাকিলে তাহা গুরুতর বলিয়া বিশ্বাদ জন্মাইয়া এক শ্রেণির থারাপ লক্ষণাদি হইতে ম্নোযোগ অন্তে পরিবর্তিত করা যাইতে পারে, এবং সেই শারীরিক অস্কুন্তা আরোগ্য করিলে অনেক সময়ে মূলরোগ আরোগ্য হইয়া যায়। যাহাই হউক, অনেক স্থলে আপনার বিষয় হইতে সম্পূর্ণ বাহিরের বিষয়ে রোগীর মনের গতি স্থানাস্তরিত করা ষাইতে পারে।

কথন কথন নিদ্রাকারক ঔষধের দ্বারা নিদ্রানয়নের আবশুক হইরা থাকে। যাহাই হউক প্রবন্ধে যে সকল সহকারী পদ্ধতির উল্লেথ করা হইল অতি অল্প স্থলেই নিদ্রানয়নে তাহারা নিক্ষল হইবে। ডাঃ কাউ-পার থোয়েট বলেন, "অনেক স্থলে, বিশেষতঃ যাহাতে শোণিত-যন্ত্রচালক স্নায়্মগুলের বিশেষ বিশৃংথলা ছিল, এবং যাহাতে মস্তিক্ষের প্রবল রক্তা-ধিক্যের অন্তর্মপ অবস্থার উৎপন্ন হইরাছিল, "আমি দেথিয়াছি যে মাজার (sacrum) অধানেশে এক অথবা হুই মিলিএম্পিয়ার (unit of measurement; instrument called am meter) পরিমাণ শক্তির স্রোতের নিগেটিভ ইলেক্ট্রোড (ঝণাঅক বিছান্মার্গ), এবং উচ্চে গ্রীবা পশ্চাতের অধোনেশে পজিটিভ (খনাআক) রাথিয়া, এবং রোগীকে স্থিরাবস্থার পিটোপরে শরান করাইয়া নানাধিক অর্জ্বঘন্টা তাহার ক্ষনতাধীনে রাথিলে অতীব অদমনীয় নিদ্রাহীনতায়ও অনেক সময় ব্যাপী শাস্তিকর নিদ্রা হইয়া থাকে।" নিদ্রাকারক ঔষধের মধ্যে নিয়লিথিতগুলি প্রশংসনীয়ঃ—

ট্রায়নেল—ইহা বিশেষ প্রশংসা পাইয়াছে। দশ হইতে পনের গ্রেণ মাত্রায়, যে পর্যাস্ত কালব্যাপী, নিরুদ্বেগ নিজা না হয়, এক ঘূর্তা পর পর প্রদান করিতে হইবে।

সাল্ফনেল—উষ্ণঞ্জলসহ পনের অথবা বিশ গ্রেণ মাত্রায়, নিদ্রা বাইবার সময়ের ছই ঘণ্টা পূর্ব্বে সেবন করাইলে ফল পাওয়া বাইতে পারে।

ক্লোরালামিড—উফ্ ক্লসহ পনের হইতে বিশ গ্রেণ মাত্রার, নিদ্রানন্তনে অগুতম নির্ব্বিত্ন ঔষধ। শেষোক্ত হুই ঔষধের ব্যবহারই বিদ্র রহিত, এবং যে পর্যান্ত নিদ্রা অভ্যন্ত না হয় প্রয়োগ করা যাইতে পারে। কিন্তু ইহাদিগের ব্যবহারের স্বল্পই আবশ্রুক হইন্না থাকে।

প্যাসিফোরা— অনেক স্থলেই ইহার মূল আরকের বিশ ফোটা ত্ই চা-চামচ জল সহ প্রয়োগ করিলে নিদ্রানয়নে উৎকৃষ্ট কার্ব্য দেয়। তুই তৃতীয়াংশ জলপূর্ণ একটি গোলাসে আবশুকামুরূপ পরিমাণ প্রাক্তিত্বভূাল্লা গ্রহণ করিয়া এক তৃতীয়াংশ মাত্রায় অর্দ্ধ ঘণ্টা পর পর সেবন করাইলে ইহা দ্বারা উৎকৃষ্ট ফল পাওয়া যায়।

ফু ইড এক্ষ্ট্রাক্ট অব হপ্স—নিদানন্ননে ইহা অন্ততম ঔষধ। অবস্থামুসারে দশ হইতে ত্রিশ ফোটা ইহার মাত্রা। কফিয়া ক্রুডা অথবা কেফিন—("> \* হইতে ৩\* ট্রীটু)।

সিমিসিফুগা—( অরিষ্ট )—তিন হইতে পাঁচ কোটা মাত্রায়
প্রত্যেক পনের হইতে ত্রিশ মিনিট পরপর ব্যবহারে স্থনিন্দা হইয়া থাকে।

ম্যাক্রোসিয়া—( macrotia 1x trit ), জেল্স ( অরিষ্ট ) পাঁচ বিন্দু মাত্রায় তিন ঘণ্টা পর্যান্ত তিনবার, নিদ্রানয়নে সক্ষম। ক্রান্টেল ব্লিন্ ক্লেউ্ ( জন্ত বিশেষের চ্যালার অকার শন্ত ), ইহারও যথেষ্ট নিদ্রাকর শক্তি আছে।

এসাফিটিডা——পুরাকাল হইতে গুল্মবায়্-রোগের প্রচণ্ডতা, আক্ষেপ, অথবা পৈশিক অথবা সায়বিক আততভাব দমনে, অথবা নিদ্রা উন্পাদনে পারদর্শী। একগ্রেণের এক দশমাংশ হইতে পাঁচ গ্রেণ পর্য্যস্ত মাত্রায় ইহা ব্যবহৃত হইয়া থাকে।

সম্মোহন বা হিপ্পটিজ্ম।—(hy Pnotism, হস্তের নিয়মিত চালনাদ্বারা রোগীর অভিভৃতি জন্মাইয়া কৃত্রিম নিদ্রানয়ন )—গুলাবায়ুর আনরাগ্যে অনেক স্থলে ইহাদ্বারা অত্যাশ্চর্য্য ফললাভ হইয়াছে। যদিও অন্তান্ত রোগেও ইহাদ্বারা কার্য্য হইয়াছে, কিন্তু অপন্মার রোগই সন্তবতঃ ইহার প্রধান কার্য্যক্ষেত্র। অধুনা বহুতর ক্বতবিদ্ধ গ্রন্থকার দ্বারা ইহা ইপ্লিভিজ্ম অথবা প্রেরণা দ্বারা চিকিৎসা বলিয়া কথিত হইয়াছে। এই শক্তি প্রণালী সর্বজন বিদিত, ইহা শরীর অথবা কোন শরীর যুরোপরি মনের ক্ষমতার প্রেরণার উপরে নির্ভর করিয়া থাকে। বর্ত্তমানকালে এই মানসিক কার্য্যের স্থপক্ষে কোন যুক্তের অবতারণা নিপ্রয়োজন। ইহা সম্পূর্ণ নিশ্চিত বলিয়া প্রতিপন্ন যে ইহা শরীরোপাদানের পোষণের পরিবর্ত্তন করিতে সক্ষম, এবং এইপ্রকারে ইহা ক্রিয়াগত অথবা যন্ত্রগত রোগোৎপন্ন করিতে পারে। অপিচ ইহাও প্রসিদ্ধ যে ইহার ফলস্বরূপ ক্রিয়া এবং যন্ত্রগত রোগারোগ্য হইতে পারে। উপরে বাহা কথিত হইল

তাহার সত্যতা পক্ষে সন্দেহ না থাকিলেও, আমাদিগের স্বরণ রাধার, স্থাবশুক যে ইহার সম্ভব্য শক্তি সেই সকল যান্ত্রিক রোগে সীমবিদ্ধ বাহাতে উপাদানের ধ্বংস সংঘটিত হয় না। ফলতঃ এ পর্যান্তও ইহার কার্যা- । সীমার প্রসার ইহা হইতে অনেক সঙ্কীর্ণ বিলয়াই অমুমিত। এ বিষয়ের আলোচনা এবং পরীক্ষা দ্বারা কিরপ ফল বিকশিত হইবে তাহা ভবিষ্যতের গর্ভে। সাধারণতঃ যাহারা কেবল ছর্বাস হাদয় এবং অশিক্ষিত তাহারাই ইহার অধিকতর ক্ষমতাধীন হয় না। কেবল অতি ছর্বাল হাদয় এবং অশিক্ষিত ব্যক্তির উপরেই ইহা শক্তিপ্রকাশ করে না। অতিপুরাকাল হইতে কার্যাদক্ষ চিকিৎসকগণ একাল পর্যান্ত কোন না কোন প্রকার মানসিক প্রেরণার ব্যবহার করিয়া আসিতেছেন এবং ভবিষ্যতেও ক্রিবেন।

সন্মোহন (hypnotism) প্রকৃত নিদ্রা নহে, ইহা একরূপ স্থপ্রসঞ্চরণ (Somnambulism)। ইহা এরূপ একটি অবস্থা যাহাতে কোন ব্যক্তি বিশেষের মন অপ্রের মানসিক শক্তি নারা এতদূর চালিত হইতে পালে যে দে অপ্রের ইচ্ছার সম্পূর্ণ প্রেরুণাধীন হইয়া আপনার ইচ্ছাব্যতীত, অথবা হইতে পারে আপনার ইচ্ছার বিরুদ্ধে নির্দিষ্ঠ কার্য্য সম্পন্ন করিতে পারে। নিতাস্ত কমসময়ে নহে, গুল্মবায়ু-রোগেও ইহার অতি সদৃশ অবস্থা আপনা হইতে উপস্থিত হয়। যাহাই হউক, ইহা সর্বস্থলেই কোন কারণীভূত ঘটনা হুইতে প্রেরণার ফলস্বরূপ জন্মে, এই কারণীভূত ঘটনা গুল্মবায়ুতে থাকিতে পারে এবং স্বয়ংভূতও হইতে পারে, অথবা অস্তের মন্ এবং কার্য্য দার। উৎপাদিত হয়।

চিকিৎসাকার্য্যে, অর্থাৎ রোগের উপশমনে অথবা আরোগ্যে এই নিদ্রা অথবা সম্মোহিত অবস্থার ব্যবহার করা যাইতে পারে, অথবা বহুতর স্থলে এরূপ চেন্তার কোন প্রয়োজনীয়তা উপস্থিত হয় না। চিকিৎসক সম্মোহন ব্যতীত অমিশ্র ইন্ধিতের (Snggestion) ব্যবহার করিতে পারেন।

সম্মোহিত অবস্থা উৎপন্ন করিতে মূলতঃ রোগীর স্বাধীন সম্মতি, অপিচ চিস্তার একাগ্র অবস্থার আবশুক। রোগীর ন্থায় চিকিৎসকেরও সমানভাবে আত্মবিশ্বাসী এবং স্থৈর্যাশীল হইতে হইবে, এবং তাহাব্যতীতও রোগীর বিশ্বাস আকর্ষণ করিতে হইবে। এই কার্যো তাহাকে যে কোন অংশ গ্রহণ করিতে হ্ইবে, এবং প্রকৃতপক্ষে, রোগীর তাহা জ্ঞাত থাকা উচিত, এবং যে প্রক্লতপক্ষে দে স্বয়ংই এই অবস্থা উৎপন্ন করে। কার্য্যারন্ডের পূর্ব্বে রোগীকে তৎসম্বন্ধীয় বিষয়াদি পরিষ্কার বুঝাইয়া বলা উৎকৃষ্ট পদ্ধতি। ক্রিয়াকর্তা রোগীর কিঞ্চিৎ সন্মুখে কোন উজ্জ্বল পদার্থ ধারণ করিবেন, এবং উদ্ধে উত্তোলিত করিয়া এরূপ অবস্থায় লইবেন যে তাহা দেখিতে রোগীর চক্ষু কিঞ্চিত উর্দ্ধ ঘূর্ণিত হওয়ার আবশুক হইবে। পরে, রোগীকে উপরিউক্ত পদার্থের প্রতি স্থির এবং অবিশ্রান্তভাবে দৃষ্টি আরুষ্ট রাথিতে, এবং তত্বপরি সমগ্র চিস্তাকেক্সীভূত করিতে অনুজ্ঞা করিতে হইবে। • কতিপয় মিনিটের পরে চক্ষুপেশীর কিঞ্চিৎ ক্লান্তির অবস্থায়, যে পর্য্যন্ত রোগীর মন অপস্ত না হয়, কোন প্রকার "মুছবুলন" বা পাদের (passes) প্রয়োগ করা ঘাইতে পারে। সঙ্গে সঙ্গে অতিদৃঢ় বিশ্বাদীরভাবে এবং স্বরে বলা স্থবিধাজনক, "এক্ষণে তুমি কিঞ্চিৎ নিদ্রালু"। এই বাক্য অনেকবার বলিবে, পরে তাহার পরিবর্ত্তন করিয়া বলিবে, "এখন তুমি নিদ্রাগ্রস্ত হইতেছ;" "তোমার চক্ষুভারি হইয়াছে;" "এখন তুমি নিদ্রিত;" "তুমি চক্ষু খুলিতে পারনা," প্রভৃতিতে পরি-বর্ত্তিত করিবে। অনেক সময়েই কেবল সহজ কথার প্রেরণা বা ইঙ্গিত (Suggestion) দ্বারা ঠিক সমান ত্বরিত এবং সম্পূর্ণ ফল পাওয়া যাইতে পারে। একই উদ্দেশ্য এই যে নিদ্রাতে, এবং সে যে নিদ্রাগত হইবে, এবং সে যে নিজ্রিত আছে এই বিষয়ের উপরি রোগীর মন কেন্দ্রীভূত হইবে, এবং কেন্দ্রীভূত রাখিতে হইবে। রোগীকে পরীক্ষারম্ভের পূর্কেই জ্ঞাত করা উচিত যে নিদ্রাগ্রস্ত থাকিতেও তাহাকে যাহা বলা যায় সকলই

रि अंदर कदिता। यथन ति अक्षत्र क्षत्र वा न आर्यु निक (Somnambulic) অবস্থা প্রাপ্ত হয় তাহাকে বলা হইয়া থাকে যে কোন নিশ্চিত সঙ্কেত বা ইসারা করিলে দে জাগ্রৎ হইবে। ইহা কোন প্রাকৃতিক চিহু হইতে পারে, অথবা ইহা কোন বিশেষতায়ক্ত বাকাংশ হইতে পারে, অথবা কেবল কোন একটি কথা, সম্ভবতঃ অনেক সময়েই, "এক্ষণে তুমি জাগিয়াছ," যথেষ্ট হইয়া থাকে। যে সময়ে রোগী এই অবস্থায় থাকে কোন উপযুক্ত ইঙ্গিত (Suggestin ) করা যাইতে পারে এবং তদমুযায়ী কার্যা ছইবে। এই প্রকারে গুলাবায়ুর সকল লক্ষণই অনেক সময়ে ত্রিত বিলুপ্ত করা যায়, এবং নিদ্রিত অবস্তায় এইরূপই থাকিবে। অপিচ নির্দিষ্ট কতিপয় অভাসেরও তাগে হইবে। অধিকতর স্বায়ী ফল পাইতে হুইলে, ইঙ্গিত করিতে হইবে যে জাগ্রৎ হওয়ার পরে, নিশ্চিতই কতিপয় লক্ষণ অথবা ইচ্ছা তাহাতে থাকিবেনা। যাগাই হউক এই সকল ইন্ধিত বিশেষ বিষয় সম্বন্ধীয় হওয়ার আবশুক। সাধারণ ইঙ্গিত হইলে কোন কার্য্যের হইবে না। এক বৈঠকে অনেক অধিক ইঙ্গিৎ করা উচিত নহে। প্রায় যে কোন চিকিৎসকই, এস্থলে যে সকল প্রকরণের উল্লেখ করা হইল, তাহার অমুদরণ দ্বারা অনেকস্থলেই এই নিদ্রোৎপন্ন করিতে পারিবেন। সাধারণতঃই প্রথম উত্তম নিক্ষল হয়, কিন্তু কিঞ্চিং অভাাস ইহার সম্পাদনে পারদশী করিবে। যে সকল ব্যক্তি এই কার্যো হস্তক্ষেপ করিবেন, জানিতে পারিবেন যে কার্ষোর বিষয়ীভূত ব্যক্তিদিগের মধ্যে নির্দিষ্ট কতিপয় সংখ্যক রোগীর উপরে ক্ষমতার প্রসার হয় না।

বারম্বার এই প্রকার নিদ্রার অবস্থার আনম্বন স্পষ্টতঃ অনিষ্টকারী বলিয়া গণ্য। চিকিৎসক আত্মবিশ্বাসী এবং যথেষ্ট আত্মসংযমী না হইলে, এবং অনেক পরিমাণ প্রশাস্ত ভাব রক্ষায় অপটু থাকিলে তিনি এই প্রকারের কোন পুরীক্ষার চেষ্টা করিবেন না, কারণ তিনি নিশ্চয়ই ইষ্টাপেক্ষা অধিকতর অনিষ্ট সাধন করিবেন। ইহা যে কেবল শারীরিক লক্ষণাদির সংশোধন করিতেই ব্যবহৃত হইতে পারে তাহাই নহে, কিন্তু ভ্রান্ত বিশ্বাস, ভীতি ইত্যাদিরও সংশোধন করিতে পারে।

সম্মোহনাবস্থা (hypnosis) অথবা নিদ্রানয়নের চেষ্টা না করিয়া যে কোন চিকিৎসকই তাঁহার দৈনিক চিকিৎসাকার্যো প্রায় প্রতিদিনই সহজ, সরল প্রেরণা বা ইঙ্গিতপদ্ধতির ব্যবহার করিতে পারেন এবং করিবেন। ইঙ্গিতাদি কথা অথবা কার্য্য দারা করা যাইতে পারে। এ স্থলেও ইঙ্গিতাদি (singgestions) বিশেষ বিষয় সম্বন্ধীয় হওয়া উচিত, অপিচ এক সময়ে বহুতর হইবে না। ইপ্সিতভাবের প্রতি রোগীর মন আকৃষ্ট থাকিবে, এবং কোন উপায়ে সেই বিশেষ দিকে ব্রাথিতে হইবে। এস্তলে রোগীর পক্ষে চিকিৎসকের সত্যতা এবং স্থায়পরতা বিষয়ে সম্পূর্ণ বিশ্বাস একটি মূলীভূত আবগুকতা। একই প্রকারে তাহার অধিকারী হওয়া যায়। প্রচলিত ধারণা যে চিকিৎসককে সতা ত্যাগ করিতেই হইবে ইহা সম্পূর্ণরূপে ভ্রাস্ত। ইঁহা অগণ্য অনিষ্টোৎপাদন করে। কোন চিকিৎসকই, যদি তিনি দৰ্বনার জন্ম সম্পূর্ণ সতানিষ্ঠ না হয়েন কোন স্থানেই রোগের উপশমনে অথবা আরোগ্যে তাদুণ স্কল কাম হইতে পারিবেন না। কখন কখন কোন নির্দিষ্ট কতিপয় বিষয় গোপন রাখিবার আবশুক হয়, কিন্ত চিকিৎসক তৎসম্বন্ধে মিখ্যার ব্যবহার করিবেন না। ইহা কোন অংশেই সাধারণ নৈতিক উপদেশ নহে, ব্যবসায়ীর বোগারোগ্য কার্যো নিতান্ত প্রয়োজনীয়।

## লেক্চার ৩০১ ( LECTURE CCCI. )

## স্নায়বিক ছুর্বলতা বা নিয়ুরেন্থেনিয়া। (NEURASTHENIA).

প্রতিনাম।—মায়বিক অবসাদ বা নার্ভাস প্রয়েষ্ট্রসন ( Nervous Prostration ); স্নায়বিক বল ক্ষয় বা নার্ভাস এক্জশ্চন ( Nervous Exhaustion )।

বিবর্ণ।—বিষয়-কার্য্যের এবং জীবনষাপনের পদ্ধতি রোগাক্রমণের সংখ্যার বৃদ্ধি করে। ইহা স্ত্রী-পুরুষ উভয়কেই আক্রমণ করিতে পারে। ইহা স্থাপান্ত রূপে স্বাতন্ত্রীভূত রোগ নহে। অনেক বিশেষ প্রকৃতির ধাতুযুক্তা, বিশেষতঃ ভীক্র ব্যক্তি রায়বিক দৌর্বলাগ্রস্ত-বলিয়া কথিত। উভয় মানসিক এবং শারীরিক অতি যৎসামান্ত ক্লান্তি হইতে অতি গভীরতর বলক্ষয় পর্যাস্ত ইহা যে কোন পরিমাণ হইতে পারে। যে কোন বয়সেই আক্রমণ সম্ভব হইতে পারে। মূলতঃ ইহা স্নায়ু-রোগে পূর্বপ্রবণতারই ফলস্বরূপ, অথবা সোপাজ্জিতও হইতে পারে। বাহাই হউক, যথেষ্ঠ কারণ উপস্থিত হইলে অবগ্র ইহা সর্ব্ব সময়েই তাহার অনুগামী হইবে, সন্দেহ নাই। স্নায়বিক রোগজ স্বভাব উপস্থিত থাকিলে উপরিউক্ত যথেষ্ঠ কারণ তাদৃশ অধিকতর থাকে না, স্বাভাবিক বলিষ্ঠা, প্রতিরোধক ক্ষমতাশীল ব্যক্তিদিগের বজপ প্রয়োজন হইয়া থাকে।

বাত্যাচ্ছর স্বভাব, অর্থাৎ, স্নায়বিক ক্রিয়া-বিশৃংথলায় মৃত্ প্রতিরোধ, যে কোন প্রকারে, যাহা ইতি পূর্ব্বে বারম্বার উল্লেখিত হইয়াছে, বংশারুক্রমিকতার ফল হইতে পারে। যে কোন প্রকারের ক্ষয়-রোগ স্বায়্বিকারের পূর্ব্ব-প্রবর্ত্তক হইতে পারে, এবং তাহার ফল স্বরূপ এই রোগে প্রবণতা জ্ঞাে ।

কোন প্রকার দীর্ঘস্থায়ী, প্রায় অবিশ্রাস্ত উত্তেজনা ইহা সাক্ষাৎ ভাবে উৎপন্ন করিতে পারে। ইহার মধ্যে চক্ষুর অতি পরিশ্রম হইতে পুরাতন সন্ধি-রোগ পর্য্যন্ত প্রত্যেক সম্ভব্য প্রতিক্ষিপ্ত উত্তেজনার বিষয়ই কারণ মধ্যে পরিগণিত হয়। যে কোন মনোবৃত্তি সংস্কৃত্ত বিশৃংথলা পুনঃ পুনঃ আবর্ত্তন করিলে, অথবা স্থদীর্ঘকাল লগ্ন এবং প্রায় অবিশ্রাস্ত ভাব ধারণ করিলে যথেষ্ট কারণ বলিয়া বিবেচিত হয়। বহু বংসর ধরিয়া যে কোন। প্রকার অমিতাচার ইহা উৎপন্ন করিতে পারে। এই অমিতাচার কোন প্রশংসনীয় কার্যা সম্বন্ধে হইতে পারে, যেমন ধর্ম্মকার্যো, পারিবারিক কর্ত্তব্য পালনে, বৈষয়িক কার্য্যে অতি প্রগাচ মনোনিবেশে, অতি কঠিন সাধ্য বিষয়ের অবিশ্রান্ত পঠনে, অথবা সেই সকল বিষয়ে যাহা সাধারণতঃ ভাষাচার বলিয়া শ্রেণিবিভক্ত হয়। জননেন্দ্রিয় সংস্কৃত্ত কারণের বিষয় স্বতন্ত্র ভাবে বিবেচিত হইবে। কথিত হয়, স্নায়বিক দৌর্বল্য বিষাক্ততা হইতেও জনিতে পারে। ডাঃ কায়ুপার থোয়েট ইহাতে ঐকমত্য প্রকাশ করেন না; তিনি বলেন, "বিষাক্ততা হইতে সংঘটিত হইলে, ইহাকে স্নায়বিক তুর্বলতা (neurasthenia) বলা ায় না, কেবল এই মাত্র যে স্নায়বিক উপাদান-পোষ-ণের হ্রাস নিবন্ধন ইহা বিযাক্ততার লক্ষণ চইতে পারে; কিন্তু এস্থলে বিযাক্ততা বলিয়াই রোগ নির্বাচিত হওয়া উচিত।" তিনি আরও বলেন, "অনেক রোগ দেখা যায় যাহা নিশ্চিত এবং সহজেই শীঘ্র আরোগ্য হইতে পারিত, যদি চিকিৎসকগণ স্নায়বিক বলক্ষয়, অথবা স্নায়বিক দৌৰ্বল্য বলিয়া বোগ-নির্বাচনেসম্ভষ্ট না হইতেন, কিন্তু সর্বাস্থলেই প্রাক্তত, অক্লতিম ভিত্তিতে যাইতে চেষ্টা করিতেন, এবং রোগ উপযুক্ত নামে অভিহিত করিতেন। রোগের নামের মধ্যে উপকারের কিছু থাকে না, কিন্তু তাহাতে চিকিৎসাকার্য্যার্থ সম্পূর্ণভাবে পরীক্ষার উৎসাহ জন্মে। স্নায়বিক দৌর্বল্য বিষয়ক একটি মাজ প্রধান সাক্ষাৎ কারণ বর্ত্তমান, ইহা আজন্ম অথবা সেবাপার্জ্জিত হইতে পারে। আমি বিরক্তির কথা বলিতেছি: তঃথ আমি ভাবুকতার মধ্যে ধরিতে

ইচ্ছা করিয়াছি। পিতা, মাতার শক্তি হইতে উৎপন্ন হইলে বিরক্তি আজন্ম বলিয়া ধর্ত্তব্য, এবং স্বভাবের, অথবা ব্যক্তির অংশ বিশেষ। অনেক ক্ষুদ্র কুদ্র শিশুকেও সরুদা থিটথিটে এবং বিরক্ত দেখা অসাধারণ নহে।"

অস্থান্থ স্থলে বিরক্তি একটি সোপার্জিত অভ্যাস। প্রথমে কিঞ্চিৎ কারণ থাকিতে পারে, কিন্তু কারণের অপনয়নে বিরক্তির অভাব হয় না। অপিচ বহুসংথাক রোগী দেখা বায়, যাহাদিগের বিরতিধীন বিরক্তির কারণ বর্তমান থাকে। ইহা বাটী বা পরিবার সংস্ট অথবা ব্যবসায় বাণিজ্যের কার্যা সংক্রান্ত হইতে পারে। ভীতি এবং অসন্তুষ্টি হইতে বিরক্তি জন্মে। সন্তুষ্টি কথার সম্পূর্ণ ভাৎপর্য্যানুসারে মনুষোর সন্তুষ্ট থাকা উচিত নহে; কারণ তাহাতে সম্পূর্ণ উন্নতিরই শেষ হইয়া যাইবে, কিন্তু অসন্তুষ্টিও বিরক্তি অথবা ভীতির প্রকৃতি বিশিষ্ট হওয়া অনুচিত। কোন ব্যক্তিই বিরক্তির (warry) কারণ হইতে সম্পর্ণ মুক্ত হইতে পারে না, কিন্তু ভাহারা অনেক স্থলে ইহার শক্তির বাধা জন্মাইতে পারে।

লক্ষণ-তত্ত্ব।—বলক্ষয়ের সহিত চিত্তবৃত্তির বিশৃংগলা ইহার সর্বব-প্রধান লক্ষণ। সামান্ত শ্রমেই ক্লান্তি জন্মে। আনন্দপ্রদ অথবা অন্ত প্রকার সামান্ত উত্তেজনাই শ্রান্তির কারণ হয়। সাধারণতঃ রোগী স্পষ্টতর উত্তেজনা প্রবণ থাকে, কিন্তু সকাদা নহে। এই বলক্ষর অথবা দৌর্বলাের অন্তভূতি কোন প্রকারেই সম প্রকৃতির নহে। এরপ অনেক দিন উপস্থিত হয় যথন রোগী অনায়াদে অনেক কার্য্য সম্পাদন করিতে পারে, এবং অন্তান্ত দিনে সামান্তই ক্ষমতা থাকে। স্লায়বিক তুর্বলিতা বিশিষ্ট রোগীর পক্ষে কার্য্যলিপ্ত অবস্থায়, অথবা কোন আনন্দ জনক উৎফুল্লতার অব্যবহিত পরে, কিয়ৎকালের জন্ত উৎকৃষ্টতর বােধ করা অতীব সধারণ ঘটনা। যাহাই ইউক, পরিণাম স্বরূপ তাহাকেবল অধিকতর অবসাদের অন্তল্ভ আনয়ন করে। স্লায়বিক দৌর্বলাযুক্ত রোগী সাধারণতঃই প্রাতঃকালে স্পষ্টরূপে অধিকতর অশান্তি বােধ করে, বিশেষতঃ যদি রক্ষনীতে উৎকৃষ্ট

এবং নিরুদ্বেগ নিদ্রা হয়। রোগী দিবদে যেমন দৈনিক কার্যো ক্রমে অধিকতর আসক্ত হইতে থাকে, ক্রমেই স্বস্থারুভূতির বৃদ্ধি হয়।

প্রায় প্রত্যেক স্থলেই ন্যুনাধিক সময় ব্যাপক একটি অনির্দিষ্ট ভীতির অতুভৃতি উপস্থিত হইয়া পরিষ্কার অস্থায়ী এবং সাধারণ অবসাদের অমুভূতি আনয়ন করে। এই ভীতির কারণ উন্মাদ রোগের আশংকা, , সাধারণ অন্তস্তত। অথবা বিষয়-কাশ্য সংস্কৃষ্ট বিশুগুলা সম্বন্ধীয় হইতে পারে। একটি বিশেষ লক্ষণ যাঃ। কচিৎ অমুপস্থিত থাকে, চিকিৎসকের অবগু স্মরণীয়। ইহা কিংকত্তব্যবিসূত্তা। ইহা একরূপ নিয়ম যে স্পষ্টতর সায়বিক তুর্বলতা বিশিষ্ট ব্যোগী, বুহুৎ কি ক্ষুদ্র কোন বিষয়েই ষৎপর্বো-নাস্তি শক্তির প্রয়োগ বাতীত কর্ত্তবা নির্ণয়ে উপস্থিত হইতে পারে না। পারিবারিক কার্যা সম্বন্ধেই হউক অথবা সামাজিক জীবন সম্বন্ধীয় বিষয়াদি অথবা বিষয় কণ্ম সংস্রবেই হউক ইহা একই কথা অতি তুচ্ছ বিষয়ও অধিক গুরুত্ব প্রাপ্ত হয় এবং বারস্বার চিস্তা করি-বার আবশুকত। জন্মে। যেমন, কোন ব্যক্তি অতীব গুরুতর বিষয়ে মীমাংসার জ্বতা এবং দুঢ়তা জন্ম প্রসিদ্ধ, কিন্তু বাটীতে কোন গৃহাভা**ন্তরে** প্রবেশ করিয়া, যৎসামান্ত কারণ ব্যতীতই, চুই থানি চেয়ারের মধ্যে কোন থানিতে বসিলে ভাল হয়, নীমাংদা করা কঠিন বোধ করে। জীবনের প্রত্যেক কার্যোই এইরূপ ঘটে। এই অবাবঞ্চিত চিত্ততা বুদ্ধির অপচয় অ্থুবা চুর্বলতার ফল নহে। সাধারণত: অতান্ত কঠিন রোগ বাতীত মানসিক্ত শক্তির তুর্মলতা ঘটে না। রোগী অতি সামান্ত বিষয় গুরুতর বলিয়া মনে করে, এবং মানসিক একাগ্রতা এবং মীমাংসার পক্ষে আবগ্রাকীয় বিষয়াদি সহজে পরস্পার সম্বন্ধ যুক্ত করার অপারকতা জন্মে, কিন্তু বিচারশক্তির অপচয় সংঘটিত হয় না। যাহাই হউক, মান্দিক শ্রম ক্রত অবসাদ আনয়ন করে; পুনঃ পুনঃ স্মরণশক্তির অপচয় প্রকাশিত হয়, কিন্তু ইহা বরঞ্চ আপন শরীরে

অবিশ্রাস্ত মনঃ-সংযোগের ফল, প্রাকৃতপক্ষে স্মরণ রাথার ক্ষমতার হ্রাস নহে।

কঠিন রোগে কোন বিষয় স্মরণ করিবার চেষ্টা করিলে অনেক সময়েই অপাকরত। ঘটে, কিন্তু যখন নোটেই চেষ্টা করা হয় না সেই নির্দ্দিষ্ট বিষয়ই চিস্তা-পথে উদয় হয়।

অহুমান হয় যে মনোযোগ আরুষ্ট করিবার নির্দিষ্ট চেষ্টাই তৎকালীন স্মৃতিক্রিয়ার বাধা জন্মায়।

বিশেষ এক প্রকার সাধারণ পৈশিক আততাবস্থা অতীব প্রস্থিতর এবং প্রায় সম্পূর্ণই অবিশ্রান্ত লক্ষণ। রোগীর দৃঢ়রূপে হস্ত মুষ্টিবদ্ধ হইবার উপক্রম হয়, অথবা রোগী যথন স্থিরভাবে উপবেশন অথবা শয়ন করিয়া থাকে উর্দ্ধান্ত এবং নিম্নান্তের দৃঢ় প্রসারণে প্রবণতা দেখা যায়। ইহা ইচ্ছামুসারে হয় না; রোগী অজ্ঞাতসারে এরূপ করে। সে ইচ্ছা করিলে শিথিলতা আনম্বন করিতে পারে; এবং তদ্ধপ করিতে তাহাকে শিক্ষা দেওয়া উচিত।

আর একটি প্রায় সর্বজনীন লক্ষণের বিষয় এই যে, এমন কি তাহাদিগের আপন পরিবারবর্গ অথব। অতীব প্রিয় বন্ধুর দহিত বাক্যালাপণ্ড, অস্তু কোন বিষয়াপেক্ষা, অধিকতর ক্লান্তি আনয়ন করে।
তাহারা গল্প করিতে চাহে, কিন্তু তাহার পরে অতান্ত হর্বল হইয়া
পড়ে। অন্ততম বিশেষত্ব এই যে অপরিচিতের সহিত সাক্ষাং করিতে
ভীতি জন্মে। সর্বস্থিলেই সাম্বিক দৌর্বলা বিশিষ্ট রোগীর (neurasthenics) অবসাদবায়ুরোগগ্রন্ত রোগীতে পরিবর্ত্তিত হইবার বিপদাশস্কা
আছে। প্রায় সর্বস্থিলেই বিষাদ বায়ু-সংস্কৃত্তি বিষয় বর্ত্তমান থাকে।

শিরঃশূল—এ লক্ষণ প্রায় প্রত্যেক রোগীতেই প্রাপ্ত হওয়া বায়। চক্ষুর উর্দ্ধন্থ মন্তকাংশে যেন অত্যন্ত গুরুত্বের অমুভূতি ইহার অতি সাধারণ প্রকার। করোটীর অভ্যন্তরে চাপের, অথবা করোটী যে অতিপূর্ণ তদ্বৎ অনুভূতি, অথবা কঠিন বিদীর্ণবৎ শিরঃশূল থাকিতে পারে। যাহাই হউক সাধারণতঃ বেদনা মৃত্র প্রকৃতির। রোগী প্রায়:শই মানসিক বিশ্রাম করিতে চাহে না, কারণ তাহাতে মন্তকের ক্রান্তি জন্ম। রোগী মনের একাগ্রতা আনয়নে কন্ট বোধ কবে ।

শিরোঘুর্ণন-পুনঃপুনঃ ক্ষণিক শিরোঘুর্ণনের অহভূতি, অথবা রোগী যেন পতিত হইবে বলিয়া আশঙ্কা অতীব সাধারণ। স্নায়বিক দৌর্বল্য বিশিষ্ট রোগী সহজেই আক্রাম্ভ হয়, এবং তাহাতে সকলই যেন শরীর হইতে বাহির হইয়া যায়। ইহা চুই অথবা তিন মুহুর্তের অধিক কাল থাকে না, এবং ইহার সহিত পত্ন অথবা শিরোঘর্ণনের ভয় থাকিতে অথবা না থাকিতেও পারে। কেছ গল্প করিতেছে অথবা উচ্চ স্বরে পাঠ করিতেছে, এমন কি তাহারই নিকটে পাঠ করিতেছে, ইত্যাকার প্রবণ, এবং হঠাৎই স্বন্ধসম করা যে সে কিয়ৎকালের জন্ম একটি কথাও শ্রবণ অথবা বোধগমা করে নাই, ইহা রোগীর পক্ষে অতীৰ সাধাৰণ ঘটনা।

নিদোহীনতা—ইহা অতি দাধারণ, না ছোড় বান্দা, এবং বিব্ৰক্তি-কর লক্ষণ। ইহা যে কোন আকার ধারণ করিতে পারে। যাহা হউক, অতি সাধারণতঃই ইহা সম্ভব বে রোগী নিদ্রা যাইতে অশক্ত হয়। রোগী নিদ্রাল বোধ করে, শয়ন করে অথবা শ্যা গ্রহণ করে, এবং ক্রমে ক্রমে নিদ্রা ভাঙ্গিয়া যার, এবং নিদ্রার সামান্ত ইচ্ছাও থাকে না। অপরস্তু কোন কোন রোগী অত্যস্ত অস্থিরতা প্রকাশ করে, অনেকে ঘন্টার পর ঘন্টা চুপ করিয়া পড়িয়া থাকে। এই পর্য্যায়ের রোগী একবার নিদ্রাগত হইলে সম্ভবতঃ স্থানীর্ঘ সময় পর্যান্ত বিরতি-হীন নিদ্রায় থাকে, কিন্তু জাগ্রত হইলে বিগত শ্রান্তির স্থথ বোধ करत ना।

সমগ্র বিশেষেন্দ্রিয়ই উত্তেজনা প্রবণ হইতে পারে। **অনেক** সময়েই চক্ষুর ক্রিয়া সমঞ্জদের কিঞ্চিত তুর্বলতা জ্বো। অক্ষি**বীক্ষণ**যন্ত্র পরীক্ষায় চক্ষুর অভ্যন্তরে কোন পরিবর্ত্তন দৃষ্ট হয় না।

ন্নাধিক অনিয়মিত দীর্ঘকালের জন্ম পৈশিক ক্লান্তির অনুভূতি থাকে। পক্ষাথাত হয় না।

প্রায় সর্ব্ধ সময়েই অভিপ্রেত কম্পন (intention tremor) উপস্থিত হয়। সামান্ত পেশীশ্রমেই কম্পন জন্মে। মনোবৃত্তির ষে কোন প্রকার উত্তাক্তিই কম্পন আনিতে পারে। রোগী রাগান্বিত হয়, কিন্তু তাদুশ অধিক রাগান্বিত হয় না; এবং হইতে পারে, কিয়ৎকাল অপেকা করিলে তবে কিঞ্জিৎ সমানভাবে লিথিবার জন্মও হস্তের যথেই স্থিরতা জন্মে। চক্ষুপুট মুদ্রিত করিলে অনেক সময় কিঞ্জিৎ কম্পন উপস্থিত হয়, বিশেষতঃ যথন মনোবৃত্তির বিশূখ্যলা উপস্থিত গাকে মুখসন্নিহিত পেশীরও কম্পন দেখা যায়। সাধারণতঃ জিহ্বা নিজ্ঞান্ত করিলে কম্পিত হয়তে থাকে। কোন কোন স্থলে শরীরের যে অংশ সাধারণতঃ আবৃত থাকে বায়ুর সংস্পানে কাঁপিতে থাকে। এই কম্পন সৌত্রিক প্রকৃতির।

উদ্ধাপে কণ্ডরা প্রতিক্ষিপ্ততার গ্রায় সাধারণতঃ জাত্ন-ঝাঁকির (knee jerk) অস্বাভাবিক বৃদ্ধি ঘটে। পৈশিক উত্তেজনা প্রবণতার সহিত চালনার বৃদ্ধি হইতে পারে। কোন কোন কঠিন রোগে কথন কথন অন্ন সময়ের জন্য স্পষ্টতর ক্রিয়া সামগ্রন্তের ব্যতিক্রম দৃষ্টিগোচর হয়। কোন প্রকার পক্ষাঘাত হয় না। তোতলাম উপস্থিত হইতে পারে। শরীরের নানাবিধ স্থানে বেদনা হইতে পারে, কিন্তু তাহার কোন বিশেষত্ব থাকে না, অথবা নিশ্চয়তারও অভাব থাকে।

দর্ববিংলেই নানাবিধ চৈতন্য বিশৃংখলা (paresthesius) বর্ত্তমান থাকে। ইহাদিগের মধ্যে পদের শীতলতা এবং কীট বিচরণবৎ অনুভূতি দর্বাপেক্ষা সাধারণ। যে কোন স্নায়ু প্রদেশে চাপ দিলেই শরীরাংশে যেন

ঝিন ঝিনি ধরিবে বলিয়া অহুভূতি জন্মিতে পারে। এই অহুভূতি অনেক সময়েই বিশেষ করিয়া প্রকোষ্ঠের কুলাস্থি (unla) প্রদেশে উপস্থিত হয়। গুহু দার সন্নিহিত স্থানের কণ্ডুয়ন বাস্তবিকই অভি সাধারণ। অনেক সময়েই শরীরে নানাবিধ কণ্ডুযুক্ত প্রদেশ উপস্থিত হয় এবং অন্তর্জান করে।

শতকরা অধিক সংখ্যক স্নায়বিক দৌর্বলা রোগেই স্পষ্টতর কেশ খালন থাকে।

সামাত্য কারণেই রক্তদঞ্চলনের বিশৃংখলা ঘটে। সামাত্য ক্রোধের কারণ হইলেই গণ্ডের কুদ্র কুদ্র স্থানে বারম্বার রক্তিমা দেখা দেয়। সাধারণতঃ সহজে অথবা স্বতঃই দ্বংকম্প উপস্থিত হইতে পারে। অনেক স্থলে অন্তান্ত সংগ্ৰিণ্ড-লক্ষণও প্ৰকাশিত হয়। এমন অনুভূতি উপস্থিত হইতে পারে যেন হৃংপিওক্রিয়া স্তন্তিত হইরাছে; অথবা রোগী যথন উপাধানের উপরে কর্ণচাপিয়া শায়িত থাঁকে স্পষ্টতর হৃৎপিগু-ম্পান্দন শ্রুত হয়। সংপিপ্তক্রিয়া দাধারণত:ই স্বাভাবিক অপেক্ষা বদ্ধিত থাকে। কারণের বর্তুমানতায় অথবা অবর্ত্তমানতায় অল্ল ক্তিপয় মিনিট, অথবা হইতে পারে ধন্টার জন্ম হংস্পান্দন চুর্বলি, ক্ষুদ্র এবং অত্যন্ত দ্রুত হইয়া থাকে। ঘটনাক্রমে এরপ বোগী পাওয়া যায় যাহার শরীর ভাপ প্রায় প্রতি দিবসই ১' হইতে ৩ ফারেন হাইট পর্যান্ত উঠে।

প্রায় সর্বস্থলেই আহারকালে অথবা পরিপাকের সময় পরিপাক পথ সংক্রান্ত গোলমাল উপস্থিত হয়। সময়ে সময়ে প্রকৃতই অপাক বর্তমান थाकिएक भारत । भित्रभारकत्र शानमान अधान नक्ष्म मरधा भाग व्यवः मलाञ्चलके विरमय मरनार्यालय विषय। পরিপাক বিকার নানাবিধ প্রকার আকার ধারণ করে। অনেক সময় আমাশয়ন্ত ভুক্ত বস্তুর পরীক্ষার আবশুক নিবন্ধন রোগীকে ততুপযুক্ত বিশেষ বিশেষ থাত প্রদান করিয়া বিশ্লেষণ-পরীক্ষা (analyse) করিতে হয়। অনেক স্থলে নিরুষ্ট গঠনের

পেপৃসিন এবং লবণ দ্রাবকের (hydrochloric) প্রাব প্রকাশিত হয়।

শুটনাধীনে মধ্যে মধ্যে অক্সকালের জন্ম আবশুকাধিক হাইডুক্লব্লিক এসিড

স্রুত হইলে তল্লিবন্ধন আমাশন্ত্রিক বেদনা জন্মে। অনেক সমন্ত্র কোঠবন্ধ

থাকিলেও তাহার কোন নিয়ম থাকে না। সাধারণতঃ রোগীর পূর্ব্বে
কোঠবন্ধ না থাকিলে এ সময়েও থাকিবে না।

এ রোগে মৃত্রের বিলক্ষণ কার্যা কারিতা দৃষ্ট হয়। মধ্যে মধ্যে চর্ব্বিশ ঘণ্টার মূত্রের পরীক্ষা হওয়া উচিত। ইহার সম্পূর্ণাংশের পরিমাণগত পরীক্ষার আবশ্রক। প্রায় প্রত্যেক স্নায়বিক দৌর্বলা রোগেই ফদফরিক এসিডের নিক্রমণ নিয়মিতাপেকা স্বল্পতর থাকে। অনেক স্থলে যুরিয়াও (mea, ষবক্ষার জান বিশিষ্ট উপাদান ) স্বভাবনিম্ন দেখা যায়; পক্ষান্তরে, ঘটনাধীনে পরিমাণ স্বাভাবিকের উপরেও ঘাইতে পারে। য়ুরিক এসিডের পরিমাণেরও কিঞ্চিৎ তারতমা হয়: কিন্তু সাধারণতঃ নিয়মিত অপেক্ষা স্বল্পতর থাকে। প্রকৃত পক্ষে মৃত্তের ঘন পদার্থ স্বল্লতর হুইরা যায়। যে পরিমাণে রোগী স্থস্থতা লাভ করে তদনুপাতে মৃত্র স্বাভাবিক আদর্শের নিকটস্থ হইতে থাকে। সময়ে সময়ে রোগীর প্রকৃত অবস্থার তুলনার্থ ইহা বিলক্ষণ নির্বিল্ল এবং বিশ্বাস যোগ্য প্রণালী। দিনের পর দিন দিন মৃত্রপ্রাবের পরিমাণ বিষয়ে বিলক্ষণ পরিবর্ত্তন হইয়া থাকে. কিন্তু তাহা কেবল জলীয় ভাগ সম্বন্ধে। রোগীর অবস্থার নিশ্চিত পরিবর্ত্তন বাতীত ঘনপদার্থের বস্তুগত তারতম্য হয় না। যে সময়ে রোগী বিশেষরূপে বাত্যাচ্ছন্ন থাকে, সম্ভবতঃ, ষাহা অতি সাধারণ ঘটনা, এবং যাহাকে নার্ভাস বা বায়ুঘটিত মূত্রবলে, তাহার অত্যধিক নিঃসরণ হয়। অনেক সময়ে অন্নপরিমাণ শর্করা, কিন্তু প্রায়শ:ই শ্বেতলালা (albumen) দেখা যায়। উদ্ভিদায়-লবণ বা অকজালেটের উপস্থিতি, যাহা কথন কথন ঘটে, স্নায়বিক দৌর্বল্যের সহিত তাহা অন্ত কোন অবস্থার বর্ত্তমানতা প্রকাশিত করে, ইহা অতীব মূল্যবান ঘটনা, যেহেতু কথন কখন ইহা রোগের কারণ প্রদর্শিত করিতে পারে। সায়বিক অবসাদের আরোগো ইহার সংশোধনের আবশুক। অনেক স্থলে অক্জ্যালুরিয়া রোগ সায়বিক দৌর্বলা বলিয়া নির্বাচিত এবং চিকিৎসিতও হুইয়াছে, কিন্তু ফল তাদৃশ স্থানিশ্চিত হয় নাই। এই সকল স্থলে যদি প্রকৃত রোগনির্বাচন হইত এবং চিকিৎসক তদন্ত্সারে চিকিৎসার পরিচালন করিতেন, নিশ্চিতই উৎকৃষ্টতর ফল হইতে পারিত।

সাধারণ পুষ্টির সামান্ত ক্ষতিও না হওরা উচিত। শরীরাকারে যতদূর বোধগম্য করা যায়, অনেক স্নায়বিক দৌর্কল্যের রোগীই আদর্শ স্বাস্থ্যের অধিকারী বলিয়া প্রতীয়মান হইতে পারে।

কোন তুই রোগীই লক্ষণের একপ্রকার সংমিশ্রণ প্রকাশিত করে না। এস্থলে যে সকল লক্ষণের উল্লেখ করা হইল অনেক সময়েই তদপেক্ষা বছবিধ লক্ষণ উপস্থিত হইবে।

এস্থলে বে স্কল্পতর সংখ্যক প্রকৃতিগত লক্ষণের বিষয় উল্লেখ করা হইল তাহাদিগের উপস্থিতি ব্যতীত সায়বিক দৌকল্যের উপযুক্ত নির্কাচন কচিং সাধ্য হয়। ক্লান্তির অনুভূতি, মানসিক এবং গতিদ স্নায়বিক উত্তেজনা প্রবারোগ্য বিষয়ে ভীতির সহিত নৈরাশ্য, বর্দ্ধিত কণ্ডরাপ্রতিক্ষেপাদি, হৃৎপিণ্ড এবং শোণিত-যত্ন চালক সায়ুর বর্দ্ধিত উত্তেজনা প্রবণ্তা, মূত্রাল্লতা এবং কম্পন ইত্যাদি ইহার উল্লিখিত প্রকৃতিগত লক্ষণ।

রোগ-নির্বাচন ।—ইহার নির্বাচনে প্রথমতঃ বর্জন প্রথার,
দ্বিতীয়তঃ উপরে যে সকল লক্ষণের সংক্ষিপ্ত উল্লেখ করা হইয়াছে
তাহাদিগের মধ্যে সকলের না হউক অধিকাংশের নিশ্চিত উপস্থিতির
অবলম্বন দ্বারা রোগ নির্বাচনসাধিত করিতে হইবে। বাতুলের পক্ষাঘাতের
(dementia paralytica) প্রথমাবস্থায় সহজেই রোগনির্বাচনের
ভ্রান্তি ঘটিতে পারে। সে যাহাই হউক, স্বল্লীভূত অথবা অপচয়গ্রস্ত
জামু-ঝাঁকি (knee-jerks), কণীনিকার প্রতিক্রিয়ার জড়তা অথবা
অমুপস্থিতি এবং চাক্তি বা ডিস্কের দৃশ্য রোগের সাতন্ত্রীকরণ পক্ষে যথেষ্ট

বলিয়া গ্রহণ করা যায়। বিক্ষিপ্ত ঘনীভূততা সহ স্থুলতা ও সর্বান্থলে বর্তমান এবং মৌলকপ্রাক্বতিক চিয়ের উপস্থিতি দারা ইহা প্রভেদিত করা যাইতে পারে। মস্তিম এবং কশেরুকমজ্জার উপদংশরোগও স্নায়বিফ দৌকলোর অনেক লক্ষণ উপস্থিত করিতে পারে, এবং স্নায়বিক দৌর্বল্যের রোগীতেও এই বিশেষ জাতীয় রোগ বিষরণ থাকিতে পারে, কিন্তু সর্বস্থলেই মন্তিক্ষের অথবা কশেককামজ্জার রোগের নিশ্চিত প্রমাণ উপস্থিত থাকিবে. যাহা স্নায়বিক দৌর্বলো কোন প্রকারেই সম্ভব হইতে পারে না। যাহা হউক, ইহা অবশুই স্মরণীয় যে অক্সান্ত রোগজ অবস্থার সহিত স্নায়বিক রোগ নির্বাচনে সর্বাঙ্গীণ পরীক্ষা এবং অনুসদ্ধানের বিশেষ আবশুক, যেহেতু এই প্রকারেই কেবল প্রত্যেক রোগের মৌলিক লক্ষণাদি পুথগুভূত করা সম্ভবপর হয়। গুল্মবায়ু হইতে ইহার স্বাতন্ত্রা নিরূপণ অনেক সময়েই অসম্ভব। সময়ে একই রোগীতে<sup>ম</sup>উভয় রোগ থাকিতে পারে। প্রত্যেক স্নায়বিক দৌর্বল্য রোগেই গুলাবায়ুর মূল বিষয় এবং অনেক গুলি করিয়া লক্ষণ উপস্থিত থাকে, কিন্তু লক্ষণাদি কথনই গুলাবায়ুর লক্ষণের স্থায় পরিবর্ত্তনশীল হয় না, এবং স্নায়বিক তুর্বলতাও কোনপ্রকার পক্ষাগাত, বোধ বিশৃংখ্যালা, চৈতন্তের লোপ, অথবা আক্রেপের ক্রিয়াভূমি इय ना। চিকিৎসক राम कथनहे विश्ववंग ना हरायन रा, উৎপাদনের যথেষ্ট কারণ না থাকিলে সায়বিক দৌকাল্য সন্তবিত হয় না।

ভাবীফল।—ইহা মূলে একটি পুরাতন রোগ। সাধারণতঃ ইহা এক, ছই, অথবা তিন বংসর ধরিয়া ধীরে বৃদ্ধি পায়, এবং পরে স্থিরভাবে থাকে। যাহাই হউক মধ্যে মধ্যে ন্যাধিক ব্যাপকতা বিশিষ্ট সমন্ন উপস্থিত হন্ন যথন রোগীর অবস্থা স্পষ্টতর উন্নতি লাভ করে, অথবা সম্পূর্ণ আরোগ্য হইন্নাছে বলিয়া অনুনিত হয়। যদি মানসিক অবসাদ অতীব প্রাধান্ত প্রাপ্ত হন্ন, আত্মহত্যান্ন প্রবণতা সহ বিষাদ বায়ুর বিপদাশক্ষা উপস্থিত হন্ন। অবিমিশ্র नामितिक मोर्सना त्वारंग व्यानकश्चिन त्वांगी व्याव्यक्ता कविमार्छ। य কোন সময়ে রোগের নিবারণ করা যাইতে পারে। যাবতীয় বিষয়ের শুভ সংযোগ ঘটলে এবং উপযুক্ত চিকিৎসা হইলে সাধারণতঃ ছয়মাস হইতে ছই বৎসরের মধ্যে রোগ আরোগ্য হইতে পারে। অল্ল কতিপয় রোগ দেখা যায় যাহাতে আরোগা অসম্ভব বলিয়া প্রতীতি জন্মে। অনেক রোগী অর্থাভাবে আরোগ্য চইতে পারে না। অন্তান্ত অনেক স্থলে রোগীর সল্লিহিত অবস্থাদির এরূপ বিস্দৃশ সংমিলন ঘটে যে আরোগ্য সম্ভাবনা স্থার পরাহত হয়। অক্সান্ম স্থলে কারণ অপনীত করা অসম্ভব, এবং ভজ্জন্ত আরোগ্যের আশা দুরাশায় পরিণত হয়। যে ব্যক্তি নির্রক্তির স্বভাব লইয়া জন্মগ্রহণ করে. বোগারোগ্য কঠিন সাধ্য বলিয়া বিবেচিত হয়।

চিকিৎসা-তত্ত্ব ৷—রোগবিবরণ ইত্যাদির প্রতি দৃষ্টি করিলে পাঠক অনায়াদেই বুঝিতে পারিবেন যে রোগের কারণ, গতি এবং লক্ষণাদি অতীব পরিবর্ত্তনশীল এবং ভিন্নতী প্রদর্শন করে। এজন্ম কোন নিশ্চিত প্রণালীর অবলম্বনে ইহার ঔষধ নির্দ্ধাচিত হইতে পারে না। তথাপি আমরা সাধ্যাক্সসারে ভিন্ন ভিন্ন খ্যাতনামা গ্রন্থকারের গ্রন্থ হইতে ঔষধ সংগ্রহ করিয়া নিমে প্রকাশিত করিলাম :---

এলেটি স ফেরিনস্---স্ত্রীলোকদিগের খেতপ্রদর প্রভৃতি জরায়ু-বোগ সংস্কৃত্ব স্নায়বিক দৌর্বলো ইছা উপকারী। কোষ্ঠবদ্ধ থাকে এবং অতি কঠিন চেষ্টা ব্যতীত বিষ্ঠার ত্যাগ হয় না। অজীণ এবং মুখে অতাধিক ফেনিল লালার সঞ্চয় হয়। সিনিসিয় এবং হেলনিয়াস ज्ननीय ।

ফসফরিক এসিড—আইস্থারন যেরপ রক্ত হীনতায় ফসফরিক এসিড তজ্রপ স্নায়বিক দৌর্বলো উপকারী। বছকাল স্থায়ী ছু:খ, মানসিক অতিপরিশ্রম, অতিরিক্ত ইন্দ্রিয়সেবা অথবা মন এবং শরীরোপরি স্নায়বিক অতিশ্রমের ফল এইরূপ দৌর্কল্যের কারণ মধ্যে গণ্য। উদাস্ত, অনুরাগাভাব, এবং মন এবং শরীরের জড়ত্ব ইহার প্রকৃতিজ্ঞাপক লক্ষণ। মেকদণ্ড এবং অঙ্গাদির জ্ঞালা থাকে এবং রোগীর নিদ্রালুতা এবং অনাবিষ্টতায় প্রবণতা জ্বন্মে। পাঠের চেষ্টা করিলেই মস্তক এবং অঙ্গাদির গুরুত্ব উপস্থিত হয়। যুবক এবং ক্রত বদ্ধিষ্ণু ব্যক্তি, বিশেষত গুক্ত-মেহ প্রযুক্ত মায়বিক অবসাদের রোগীর পক্ষে ইহা উপযোগী।

এলুমিনা—পি ক্রিক এসিডের ক্রিয়াসহ ইহার ক্রিয়ার কিঞ্চিৎ সাদৃশু দৃষ্ট হয়, কিন্তু প্রভেদ এই যে ইহাতে মেরুদণ্ড ভেদ করিয়া তপ্ত লৌহ প্রবিষ্ট করার স্থায় বেদনা হয়। অন্ধকারে ভ্রমণ করিতে রোগী টলিতে থাকে। অপিচ পদতল স্মিহিত স্থানে বেদনার অন্কভৃতি হয়।

সাহ লিসিয়া— সায়বিক বলক্ষয় প্রযুক্ত রোগী মানসিক এবং শারীরিক পরিপ্রমে ভীত। শরীর উষ্ণ করিয়া না লইলে সে কোন কার্য্যই করিতে পারে না। রোগী তর্মল তথাপি চৈতল্যাধিক্য বিশিষ্ট। হস্ত-পদাঙ্গুলির এবং পৃষ্টের অসাড়তা জন্মে, এবং ঔষধের বিশেষ প্রকারের কোষ্ঠবদ্ধ দেখা দেয়। অতিরিক্ত উত্তেজনা ঘটিত স্নামবিক বল ক্ষয়ে ইহা উপষোগী; যে পর্যাস্ত উত্তেজনার অবস্থা স্থামী হয় রোগী ভাল বোধ করে, উত্তেজনার অবসানে পূর্বত্রবস্থা পুনরাবর্ত্তন করে।

পিক্রিক এসিড—বিষয় কার্যালিপ্ত ব্যক্তিদিগের মন্তিক্ষ-ক্লান্তিতে
ইহা উপকারী, এই সকল ব্যক্তি সামান্ত ক্লান্তিতেই অবসাদগ্রন্ত এবং
শ্রান্ত হইয়া পড়ে। ইহা একপ্রকার মানসিক অকর্ম্মণ্যতা, রোগী শন্তনের
এবং বিশ্রামের ইচ্ছা করে। সামান্ত পরিশ্রমেই বলহানি এবং শিরঃশৃল কার্য্যে অপারকতা আনরন করে; এবং ইহা হইতে শারীরিক তেজের অপচয় ইত্যাদি ইহার বিশেষতা জ্ঞাপন করে। সামান্ত মানসিক্শ্রমণ্ড গুক্লতর বলিয়া বোধ হয়। ললাট অথবা মন্তকপশ্চৎ বা অক্সিপাট দেশে শিরঃ-শূল হইয়া মেক্লণ্ড নিয় বাহিয়া বিস্তৃত হইতে পারে। প্রাত্যকালে কটিনেশে একরূপ ক্লান্তিজনক কনকনানি হয় এবং পেশী এবং সন্ধির টাটানিসহ নিমাঙ্গ ভারি এবং হর্কল থাকে। ইহা সায়বিক , দৌর্কল্যের অস্ততম উৎকৃষ্ট ঔষধ।

জিস্কাম মেটালিকাম—শক্তি ক্ষয়কর রোগাদি নিবন্ধন যথন নিরাময়িক শক্তির হর্মলতা ঘটে, এবং সর্মাধ্য পৃষ্ঠকশেককাস্থিদেশে কন্কনানি দ্বারা স্নায়বিক দৌর্মলা প্রকাশিত হয়, এবং পদের চাঞ্চল্য (fedgetiness) উপস্থিত থাকে তাহাতে জিক্সাম মেট উপকার করিতে পারে। মেরু-দণ্ডে জালা, "পায়ের ডিমে" কীট বিচরণবং অফুভৃতি এবং অঙ্গাদির দৌর্মল্য। পিক্রিক প্রস্থিত এবং ইহার দৌগিক জিক্সাম পিক্রিটাম মেরুদণ্ড লক্ষণ এবং দৌর্মল্যের প্রাধান্তে উপকারী।

জিস্কাম ফসফাইড—ইহাও কার্যা লিগু ব্যক্তিদিগের মস্তিক্ষ-ক্লান্তি রোগের (brain fag) উপযোগী ঔষধ; রোগী শার্ণতা নিবন্ধন পাঞ্র, কদাকার, নিদ্রাহীন, ভগ্নোভ্যম এবং বিরক্তির ভাবযুক্ত হইরা যায়। ডাঃ হেল ইহার প্রশংসা করিয়াছেন।

আর্জে টাম নাইট্রিকাম—অঙ্গাদির কম্পর্ক্ত দৌর্বলার সহিত শির:-শূল উপবেশনাবস্থা হইতে উত্থানকালে বৃদ্ধি এবং ইতস্ততঃ চালনার হ্রাস; বহির্গত কোণাদিদর্শনে ভীতি সহ শিরোঘূর্ণন; ত্রিকান্থির (Sacrum) অন্থির যেন থসিয়া যাওয়া বোধ; অঙ্গাদির কম্পন; ধ্বজভঙ্গ—যন্ত্রাদি চুপুসাইয়া যায়।

ষ্টেনাম—বে সকল স্ত্রীরোগীর পক্ষে ইহা উপযোগী, তাহারা বাত প্রকৃতি বিশিষ্ট (nervous) এবং ত্র্বল; রোগিণী এতাদৃশ বাত্যাচন্ত্রম, উত্তেজনা-প্রবণ, এবং ত্র্বল, বে, এমন কি গৃহকার্য্য সম্বন্ধে উপদেশ প্রদানের শ্রমেও উৎকণ্ঠা এবং হৃৎকম্প উপস্থিত হয়। এই সায়বিক দৌর্বল্য নানাবিধ প্রকারে প্রকাশিত হয়—রোগী শিঁড়ি ভালিয়া অধ্যো-

গমনে উর্দ্ধগমনাপেক্ষা, অধিকতর দৌর্বলা বোধ করে; রোগিণী বোধ করে দে শিঁড়ি ভাঙ্গিয়া নিচে নামিতে পারিবে না। যেন তাহার অঙ্গাদিতে যথেষ্ট শক্তি নাই। অন্ত প্রকারেও এই বলক্ষরের পরিচয় পাওয়া যায়— রোগিণী ভ্রমণে অধিক হর্বল বোধ করে না, কিন্তু উপবেশন করিতে থপ্ করিয়া চেয়ারের মধ্যে পড়ে। ইহা কাল্পনিক লক্ষণ নহে। ইহা জরায়ু রোগে দেখিতে পাওয়া যায়।

ইহা **নেট মিউ, পাল্**স্, এবং সিপি<del>য়া</del> সহ তুলনীয়।

ফসফর শি সামারিক দৌর্বলা এবং মেরুদণ্ডের যান্ত্রিক রোগ উভয়ের সীমান্ত প্রদেশমধাবর্ত্তী রোগাদি ইহার কার্য্যের স্থান এবং ডাঃ হার্ট মনে করেন অনেক স্থলেই ইহা একটি বিশেষ আবশ্রকীয় ঔষধ। নিম্নলিখিত লক্ষণাদি ইহার প্রদর্শক বলিয়া গণ্য—উত্তেজনা প্রবণতা এবং দৌর্বলা, সর্বপ্রকার উত্তেজনাতেই অতি চৈতন্তাধিকা; মস্তকের দৌর্বলা প্রযুক্ত চিন্তায় অশক্ততা; ক্ষুদ্র ক্ষুদ্র স্থানে জালার, ঘর্ষণে উপশম; অসাড়তা এবং শীতলতার সহিত নিম্নাক্ষের হর্ব্বলতা, এবং সমগ্র শরীর দার-রক্ষক সংকোচক পেশীরই (Sphincters) হর্ব্বলতা। যে কোনরূপ চালনাতেই যেন পৃষ্ঠ ভগ্ন হইবে বলিয়া অনুভূতি। ইহা একটি উৎকৃষ্ট ঔষধ, এবং কর্ণ শক্ষ ইহার আর একটি প্রদর্শক।

কোক।—মানসিক অবসাদের ঔষধ, রোগী কার্য্যে প্রবৃত্তিহীন; এবং অত্যন্ত সাধারণ হর্মলতা বিশিষ্ট; সামান্ত শ্রমেই ক্লান্তি।

হঠাৎ দৌর্কাল্য এবং স্নায়ু মণ্ডলের বলক্ষয় জন্মিলে **২চ**স্নাক্রাসন উপকারী।

এনাকার্ডিয়াম—ইহাতে স্মরণ শব্দির তুর্বলতা ঘটে এবং সাধারণ মস্তিদশক্তি ক্ষীণ হইয়া যায়; এই ঔষধের মানসিক কার্য্যের অপায়কতা অতীব স্পষ্টতালাভ করে। স্নায়বিক দৌর্বলয় এবং বাতুলতা, উভন্ন রোগের "সংযোগক্ষেত্রে" এই ঔষধ অবস্থিত, এজন্ম ইহা উভন্নের জন্মই উপযোগী হইতে পারে।

নাক্ স-ভমিক।—উত্তেজনা প্রবণ, ক্রোধপরবশ, এবং অতি-চৈতন্তাধিক্য বিশিষ্ট রোগীর শ্বরণ শক্তির দোষ এবং তেজের অপচয় ঘটে; যে সকল রোগী প্রত্যেক বিষয়েই দোষ দেখে, অথবা কিছুতেই সন্তুষ্ট হয় না, সামান্ত রোগই যাহাদিগের পক্ষে অসহনীয় হয়, মানসিক অকর্মণ্যতা এবং অনিদ্রা উপস্থিত থাকে। এই সকল অবস্থার সহিত যদি অজীর্ণ ঘটিত কন্ত বর্ত্তমান থাকে লাক্চস ভিমিকা দারা বিশেষ কার্য্য প্রাপ্তরা বায়।

পাল্সেটিলা—পুরুষদিগেয় সায়বিক দৌর্জনো যেরূপ নাক্স ভিনিকা, স্ত্রীলোকদিগের পক্ষে তজ্ঞপ পালেসেভিনা, কিন্তু ইহার উপযুক্ত ব্যবহার হয় না। রোগী বোধকরে যেন পৃষ্ঠ পটিদ্বারা দৃঢ় আবদ্ধ, প্রাতঃকালে ক্লান্তির-অমুভূতি জন্মে। একরূপ সাধারণ শ্রান্তভাব, গুরুত্ব এবং ক্লান্তির অমুভূতিসহ কনকনানি, যাহা বিশ্রামে উপশম হয় না। ইহার সাধারণ লক্ষণ শিরারক্তাধিক্য বর্ত্তমান থাকে। এই সকল লক্ষণে সিপিক্রাও জাহেলনীয় নহে; ইহার সাধারণ ক্লান্তভাবের পক্ষাণাতিক অবস্থা সামবিক দৌর্বল্যের সহিত সাদৃশ্য প্রকাশ করে।

নেট্রাম মিউরিয়েটিকাম—মেরুদগু-মায়বিক দৌর্কলোর জন্ম উপযোগী। বিশেষতঃ প্রাতঃকালে গাত্রোত্থানকালে বোধ হয় যেন মাজার পক্ষাঘাত হইয়াছে, পদের গুরুত্ব জন্মে, মৃত্র ফোটায় ফোটায় ঝরিয়া পড়ে, মৃথের শুক্ষতা, প্রাবাদির আটালভাব এবং ফুকের শুক্ষতা এবং শীর্ণতা জন্ম।

সিলিনিয়াম—অপরিমিত ইন্দ্রির সেবা প্রযুক্ত স্নায়বিক দৌর্জন্য; প্রস্তেট গ্রন্থির রস ফোটার ফোটার নির্গত হয়।

**হেলনিয়াস—কটি-বন্তি প্রদেশের ছর্বলতা সহ স্নায়বিক দৌর্বলা** এবং সর্বাঙ্গীন ক্লান্তির অমুভূতি। সাইক্রেমেন—রোগী আলন্তের সহিত উভয় মানসিক এবং শারীরিক বিশেষ প্রকার দৌর্বল্য অথবা জড়তার অন্থভব করে। সে চিস্তায় অশক্ত হয়। তাহাকে উত্তেজিত করিয়া কার্য্যে বাধ্য করিলে সে, ভাল বোধ করে। প্রাতঃকালে গাত্রোত্থান করিলে শরীর এতই ভার এবং নিস্তেজ বোধ হয় যে সে যেন দৈনিক কর্ত্তব্য সম্পাদনে অপারক হইবে, কিন্তু একবার যদি কার্য্য আরম্ভ করে রাত্রি পর্য্যন্ত একরূপ ভালই কার্য্য করিয়া যায়।

ক**কুলাদ, ভিরেট** এল্, দাল্ফার এবং ক্যা**ল্কে** কার্ব্ব— উপাদান-শিথিলতা, গল্প করিলে দৌর্কল্যের অমুভূতি।

ককুলাস, ইগ্নেসিয়া, ফস্ফরাস, নেট্রাম মিউ এবং কলিন্সনিয়া—ক্রিয়াগত পক্ষাগাত, ক্লান্তি অথবা মানসিক ভাবাবেশ হইতে রোগোৎপন্ন হইলে। স্টেকাক সহ তুলনীয়।

ক্যান্কেরিয়া—সঙ্গমান্তে আল্খ, অঙ্গাদির কম্প, শ্রান্তিরভাব, শিরঃ-শূল।

ষ্ট্যাফিসে(প্রায়া—ব্যোগচিন্ত। করিয়া বিরক্তি জন্মে, এবং সঙ্গমান্তে ইাপের আক্রমণ হয়,—রোগী অবসাদ বায়ু গ্রস্ত।

আকুষঙ্গিক চিকিৎসা।—ইংার চিকিৎসায় রোগ-কারণের অনুসন্ধান এবং অপসারণের চেষ্টাই শ্রেষ্ঠতর উপায়। শারীরিক কোন কারণ, যেমন প্রতিক্রিয়া ঘটত উত্তেজনা উপস্থিত থাকিলে তাহা স্থানাস্তরিত করা উচিত, অথবা তৎক্ষণাৎ সংশোধিত করিবে। কপ্তের কারণ যদি সামাজিক ব্যাপার সম্বন্ধীয় অথ<sup>নী</sup> জনহিতৈষণা ঘটত হয়, সংশোধন সহজ হইতে পারে। যদি অবিশ্রাস্ত পাঠ অথবা বিষয়াসন্তিক থাকে, সংশোধনের পথ পরিষ্কার বলা যায়। এরূপ অনেক কারণ দেখা যায় যাহার অপসারণ অথবা সংশোধন সহজ সাধ্য হইতে পারে। অন্তপক্ষে কোন পিতা অথবা মাতার কম্পট পুত্র এবং কোন স্তীর পশুবৎ স্বামী যদি মনোহুংথের কারণ

হয়, তাহার অপসারণ সহজ না হইতে পারে। মূলে আর্থিক অথবা বিষয়কার্য্য সম্বন্ধীয় হুর্ঘটনা বর্ত্তমান থাকিলে তাহার অপনয়ন অসম্ভব হইতে

শারে, এবং এরপে অনেক সময়েই কারণের সংশোধন অসম্ভব দৃষ্ট

হয়। যে স্থলে কারণ অস্তর্জান করিয়াছে, অথবা অপসারিত অথবা
সংশোধিত করা হইয়াছে, উৎপাদক কারণ ধরিয়া প্রত্যেক স্থলেই পরের

চিকিৎসার পরিবর্ত্তন করিতে হইবে। কারণ শারীরিক (যেমন

বিষম-দৃষ্টি—astigmatism, অথবা দ্র-দৃষ্টি—hyperopia, অথবা
লিঙ্গ-ত্বক, ভগাঙ্গুর অথবা সরলান্ত্রের উত্তেজনা) অথবা মানসিক হইলে
বলাবাহুল্য তাহার অপসারণ অবশু কর্ত্ব্য মধ্যে পরিগণিত।

পরে বিশ্রাম চিকিৎসাই সর্বাগ্রগণা। কিন্ত রোগীবিশেষে এই চিকিৎসার প্রয়োগার্থ চিকিৎসকের অতীব হক্ষ্ম চিন্তা এবং কালব্যাপী বছ-দশিতার আবশুক, অন্তথা ইহার যথোপযোগী ব্যবহার স্থকঠিন, এবং ইহা ইষ্ঠাপেক্ষা বরঞ্চ অনিষ্টেরই কারণ হইতে পারে। বিশ্রাম বলিতে পূর্ণ পরিশ্রম হইতে শারীরিক এবং মানসিক সম্পূর্ণ কার্য্যবিরতি পর্যান্ত প্রত্যেক পরিমাণ শ্রম শিথিলতা বুঝায়। ইহাতে এক প্রকারের কর্ম্মঠতার অন্তপ্রকারসহ বিনিময়ও বুঝিতে হইবে। এই আরোগ্যো-পায়ের ব্যবহারের জ্ঞানলাভার্থ চিকিৎসকের প্রত্যেক ব্যবসায় এবং মন্তব্য জীবনের প্রত্যেক প্রকার কর্ম্ম সম্বন্ধীয় ক্ষুদ্র ক্ষুদ্র বিষয়সহও বিলক্ষণ পরিচিত থাকার আবশুক। অপিচ রোগীর জীবনের প্রত্যেক কৃদ্র বিষয়সহও চিকিৎসকের সম্পূর্ণ পরিচিত হওয়ার প্রয়েজন; রোগীর স্বভাব, রোগ-প্রবণতা এবং অক্সান্ত অবস্থাদি সকলই জা🏖িত হইবে। ডাঃ উদ্বিমার মিচেন ষে পদ্ধতির উদ্ভাবণ করিয়াছেন তাহাতে সম্পূর্ণ মানসিক এবং শারীরিক বিশ্রাম পাওয়া যাইতে পারে। কার্য্যতঃ সম্পূর্ণ শারীরিক বিশ্রাম আয়ত্তাধীনে আনয়ন করা অপেক্ষাকৃত সহজ। আধ্যাত্মিক মনুষ্মের বিশ্রামের বিধান অতীব কঠিন সমস্তা। বিষয় বিশেষ হইতে মনো-

যোগের প্রত্যাহার মানসিক শ্রমের হ্রাস অথবা রোধ বলিয়া প্রমাণিত হইবার পর এই সমস্ভার অনেক পরিমাণ মীমাংসা হইয়াছে বলিয়া বিবেচনা করা যায়। সম্পূর্ণ বিশ্রাম-চিকিৎসায় প্রত্যেক ক্ষুদ্র বিষর্দ্ধে মনোযোগ প্রদানের আবশুক। মনের তৃপ্তিকর বা মনোহর, বায়ু প্রবাহিত এবং সূর্য্য-রশার প্রবেশোপযুক্ত গৃহ এই চিকিৎসার প্রথম এবং মূল আবশ্যকীয়, যতদূর সম্ভব প্রত্যেক বিষয়ে গৃহ আনন্দজনক हरेरा। গৃহ প্রাচীর সহজ, শুলু, সাদাসিদে **প্রকার অর্থা**ৎ কোন সাজ গোজ হীন (neutral) হওয়ার আবশুক। গৃহ প্রাচীর চিত্রদারা সজ্জিত করিবে না। গৃহ সজ্জাও সাদাসিদে এবং রোগী এবং শুশ্রমাকারীর ঠিক আবশুকের অধিক হইবে না। নিতান্ত সাধ্যের ষ্মতীত না হইলে রোগীর গৃহ তাহার নিজ ভবনে হইবে না। রোগী শয়নে এই প্রকার গৃহের ব্যবহার করিবে, শ্ব্যা এরূপ স্থানে এবং অবস্থায় অবস্থিত হওয়ার প্রয়োজন যে সম্ভব হইলে আকাশ এবং বৃক্ষাদি ব্যতীত রোগীর দৃশ্বের বিষয় অন্ত কোন বস্তু হইবে না। শুশ্রমাকারী রোগীর অপরিচিত হওয়া উচিত। তাহাকে নম্র. শাস্ত এবং আত্মহাষ্টতাযুক্ত হওয়ার আবশ্রুক এবং সে গল্পপ্রিয় হইবে না। সম্ভব হইলে কেবল শুশ্রুষাকারিণী এবং চিকিৎসক ব্যতীত অন্ত কোন ব্যক্তির রোগ-গৃহ প্রবেশ নিষিদ্ধ, অথবা অগু কোন ব্যক্তি রোগীর সংস্রবে আসিবে না। গল্প ভাষা অন্ত কোন প্রকার শব্দ যাহাতে রোগীর গৃহ প্রবেশ না করে ভূ<sup>1</sup>জ্জান্ত বিশেষ চেষ্টা করিতে হইবে। এরূপ করিবার উদ্দেশ্য এই যে যাঞ্চু কিছু রোগীর মনোযোগ আকর্ষণ করিতে পারে সম্ভব হইলে তৎসমুদয় হইতে রোগীকে স্থানাস্করিত রাখিতে হইবে। ফলতঃ আমাদিগের দেশে কলিকাতা মেডিকেল কলেজ-হাসপাতালের যে স্বতন্ত্র গৃহের বন্দবস্ত হইয়াছে তদ্বতীত মফ:স্বলের কোন চিকিৎসালয়ে এরূপ চিকিৎসা হওয়া স্থকঠিন। তথাপি অবস্থাপন্ন ব্যক্তিদিগের

চিকিৎসায় তাঁহারা ইচ্ছা করিলে স্বগৃহে এরূপ ব্যবস্থা করিতে পারেন।
কিন্তু অধিকাংশ স্থলেই এরূপ ব্যবস্থায় রোগী অথবা পরিবারবর্গের
সন্মতি পাওয়া কঠিন। তাহাঁরা সতাই বিশ্বাস করেন এরূপাবস্থায়
আবদ্ধ রাখিলে রোগী ক্ষিপ্ত হইয়া উঠিবে। দেখা যায় এই যে প্রথম
দিবস রোগী কিঞ্চিৎ অস্থিরতা প্রকাশ করে, দ্বিতীয় দিবস তাহা
ক্রাস প্রাক্ত হয় এবং তৃতীয় অথবা চতুর্থ দিবস হইতে বর্তমান অবস্থার
কন্ত দুর হয়, এবং রোগী শাস্তি বোধ করিতে থাকে।

রোগীকে এই প্রকার গৃহে ন্যুনাধিক চারি হইতে আট, অথবা সম্ভব হইতে পারে, দশ সপ্তাহ পর্যান্ত রক্ষা করিবার আবশুক হইয়া থাকে। পরে পথোর ব্যবস্থা করিতে হইবে। সাধারণ আবশুক্তা অথবা ইচ্ছাপেক্ষা অধিকতর আহার্য্যের প্রয়োজন। রোগীর পক্ষে অতিভোজনও সমীচীন নহে। প্রধানতঃ তরল থাম্বের উপরেই নির্ভর করিতে হইবে। ফলতঃ এরূপ পথ্য হওয়ার আবশুক <mark>যাহার</mark> অনায়াসে পরিপাক এবং সমীকরণ হইতে পারে। ডাঃ উন্নিয়ার মাইকেলের নিয়মিত পথ্য—আরম্ভের দিবসে দিনের বেলায় হুই ঘণ্টা পর পর. এবং রজনীতে কতিপয় বার সরতোলা হ্রগ্ধ পান করাইতে হইবে। এরূপে রোগী চবিবশ ঘণ্টায় তিন হইতে পাঁচ কোয়ারট প্রোয় তিন পোয়াতে এক কোয়ারট) পান করিবে। একই খান্তে আবদ্ধ থাকিবার প্রয়োজনাভাব। অন্তান্ত অনেক খ'ছ দ্বারা এই কার্য্য সম্পন্ন হইতে পারে—মণ্টেড মিল্ক বা যবদারা প্রস্তুত হুগ্ধ, অথবা বার্লি, লিকুইড পেপ্টোন এবং অস্তাস্ত নানাবিধ গৃহ ঠুক্ত এবং বাজারের প্যাটেণ্ট করা খাতের উপর নির্ভর করা যায়। কৈন্ত খাতের প্রদানের নিয়ম, দিবস এবং রজনীতে বারম্বার প্রদান এবং পরিমাণ প্রভৃতিই মৃ<mark>ল</mark> বিষয়। প্রত্যহ অন্ততঃ একবার করিয়া ভালভাবে কোষ্ঠ পরিষ্কার থাকার আবশ্যক। ইহার সম্পাদনার্থ সর এবং শর্করা বজ্জিত এক পেয়ালা ঘন কাফি প্রত্যেকদিন প্রাতঃকালে অনেক স্থলে সস্তোষ-জনক কাজ করে, অথবা কোন মৃত বিরেচকেরও আবশ্রক হইতে পারে। উদর ঝাডিয়া বিষ্ঠার নিঃসরণ চেষ্টা নিষিদ্ধ।

অঙ্গ সংবাহন ইহার অন্তপ্রকার চিকিৎসা। সাধারণ অঙ্গসম্বাহন, যাহার ক্রিয়া প্রত্যেক সম্ভব্যপেশীই প্রাপ্ত হইতে পারে। প্রত্যেক দিবসই এইরূপ করিতে হইবে। পেশীর গভীর দেশ পর্যাস্ত মথিত, উপবিভাগ ঘর্ষিত এবং হস্তের কিনারা দারা আঘাতিত করিতে হইবে। এইরূপ কার্যা এক ঘণ্টার কম না হয়। ভশ্রষাকারীর কার্য্যদক্ষ এবং অঙ্গসন্থাহন-কার্য্যে পারদর্শী হওয়ার আবশুক। বৈহ্যাতক স্রোতের প্রয়োগ ইহার চিকিৎসার অহ্য প্রকার উপায়। প্রতিদিন ন্যুনাধিক বিশ মিনিটের জন্ম তিন হইতে সাত মিলি-আম্পিয়ার শক্তির কৈন্দ্রিক গ্যাল্ভ্যানিক স্রোতের প্রয়োগ করিতে হইবে। ফ্যারাডিক স্রোতও প্রতিদিন একবার করিয়া দেওয়া উচিত। দেহ-কাণ্ড, মস্তক, গ্রীবা, এবং উদ্ধাঙ্গাদির জন্ম এক বিহাৎপ্রাস্ত বা পোল গ্রীবামেক-দণ্ডের অধোদেশে এবং নিমাঙ্গাদির জন্ম অন্ত পোল কটি-মেরুদণ্ডাধঃ দেশে লগ্ন করিয়া ছুইটি পথের স্থিরতা রাখিতে হইবে। বুহৎ, চেপুটা বিচ্যাৎ-মার্গ-চাক্তির ব্যবহার করিতে হইবে। এক্ষণে বিপরীত প্রাস্ত দ্বারা সমগ্র শরীরের গতিদ স্নায়ুর সীমায় এরূপ শক্তিয়ক্ত স্রোতের প্রয়োগ করিতে হইবে যে পেশীর বিলক্ষণ সংকোচ্যু উপস্থিত হয়। এই চিকিৎসায় প্রায় এক ঘণ্টার প্রয়োজন হইবে। ব্যুরীর পরিষ্কার রাখিবার জন্ম প্রতিদিন ম্পঞ্জ-মান দিবে। রোগী পুনরা<sup>\*</sup>াবল প্রয়োগের চিকিৎসার জন্ম প্রস্তুত হইলে প্রথমে নানাবিধ পেশীর ফ্ট্রিমিশ্র মৃত্ (passive) চালনা ক্রিতে হইবে; পরে, উভয় রোগী এবং<sup>ক্তি</sup> কার্য্যকারীর পক্ষে নিরূপিত ক্রম-বর্জনশীল পরিমাণ প্রতিরোধের সহিত মৃহ চালনার প্রয়োগ বিধেয়। প্রথমে প্রতিদিন কেবল একবার, পরে হুই অথবা, এমন কি প্রতিদিন

চারি বারেও ইহা বর্জিত করা যায়। পরে রোগী প্রতিদিন ক্রম বর্জিত পরিমাণের স্বইচ্ছা প্রণোদিত ব্যায়াম গ্রহণ করিতে পারে। সম্পূর্ণ বিশ্রামের অবস্থা হইতে মধ্যম প্রকারের ব্যায়ামের স্বাধীনতা পাইতে ছই হইতে তিন সপ্রাহের প্রয়োজন হওয়া উচিত।

সাধারণতঃ যাহাকে লাম্পট্যাদি অমিতাচার বলা যায় তত্ত্বের রোগের জন্ম এই প্রণালীর চিকিৎসা বিশেষ উপযোগী। অপিচ সেই সকল রোগ যাহাতে কোন আক্ষিক কারণবশতঃ ত্বিত অতি গভীর বলহানি ঘটে. তাহাদিগকে উপযুক্ত রূপেই স্নায়বিক দৌর্বল্য বলা যাইতে পারে। ইহা যদি কোন প্রকার গভীর হঃথ হইতে জন্মে, এবং তাহাতে বলক্ষয় অপেক্ষা তুঃথের অংশ অথবা বিষাদ বায় অধিকতর থাকে, এই প্রণালীর চিকিৎসা উপযোগী হয় না। অনেক দিন স্তায়ী প্রগাঢ় মন:সংযোগ যদি রোগ কারণ হয়, তাহার প্রতিকারার্থ এই বিশ্রাম, সাধারণতঃ মুক্ত বায় মধ্যে ব্যায়াম—করাতের কার্যা, কার্ট চেলা করা, অখারোহণ প্রভৃতি দ্বারা সংসাধিত হয় বলিয়া বিবেচিত। এই সকল কাৰ্য্য সম্পাদনে অতি প্ৰচণ্ড শক্তির প্রয়োগ জন্ম কোনরূপ ক্ষতি না হয় তদ্বিষয়ে বিশেষ বিচারের আবশুক। যে স্থলে সাংসারিক কার্যা ব্যতীতও ব্যবসায় কর্মাদি, জনহীতৈষণা, অথবা ধর্মাক্রষ্ঠানাদিতে 'অতিরিক্ত পরিশ্রম রোগ-কারণরূপে বর্তমান থাকে, মনোযোগ আকর্ষণার্থ বিনিময়ে অন্ত কোন বিষয়ের অবলম্বন বাতীত সকলই রহিত করা সাধারণতঃ ম্বীচীন বলিয়া বিবেচিত হয় না। এরূপ কার্য্যে অনেক রোগী সাজ্যাতিই রূপে ক্ষতিগ্রস্ত হইয়াছে। ইহাঁরা দেশ-ভ্রমণ, নৌ-বাহন, মৎস্ত অথবা পং ব্লিকার এবং এই প্রকার অন্তান্ত মনস্তটিকর বিষয়ের অবলম্বন করিতে । বিরেন। অনেক স্থলে রোগীর পক্ষে গৃহ এবং বিষয়-কর্ম্ম ত্যাগ করা শিল্পূর্ণরূপেই অসম্ভব হইবে; এইরূপ স্থলে ব্যবসায় অথবা গৃহকার্য্যাদি সম্বন্ধে এরূপ বন্দবন্তের আবশ্রক যে রোগীর অতি স্বল্পতর মনোযোগের প্রয়োজন হয়; রোগী যে সকল আমুষঙ্গিক

কার্য্য করিতেছিল তাহার নিবারণ এবং আমোদজনক বিষয়াদির অবলম্বন कत्रित । जिला मन्भून लानमानहीन निर्मिष्ठ भित्रमान विश्वामार्थ मिन्दम শয়নের অত্যাবশ্রক। যাহাতে শরীরম্ব প্রত্যেক পেশী শিথিল করা যাইতে পারে রোগীকে তদ্বিষয়ের উপদেশ প্রদান করিতে হইবে। যদি অবিশ্রান্ত কল্পনারাজ্যে বিচরণ, যেমন ব্যবসায়-বাণিজ্য বিষয়ক প্রবল চিস্তায় এবং তদ্বৎ অন্তান্ত কাজকর্ম সংক্রান্ত সভার সভ্যদিগের মধ্যে ঘটে, রোগ কারণ বলিয়া পরিগণিত হয়, একবার সমুদ্রযাত্রা, এবং মুতন মুতন দুগু দর্শন, অথবা মৎশু-শিকার অথবা পশু শিকারে বহির্গমন বিশ্রাম প্রদান করিবে। অবশুই এসম্বন্ধে যে সকল উপায়ের বিষয় উল্লিখিত হইল স্থবিজ্ঞ চিকিৎসক দেশ, অবস্থা, অভ্যাস বিশেষে তাহাদিগের সহিত অন্থান্ত সমশ্রেণির বিনিময় করিবেন; কিন্তু মূল কথা স্মরণীয় যে এই সকল বিশ্রামের পন্থা যত দূর সম্ভব জীবনের প্রত্যেক দিবসের নিয়মিত কার্য্য অপেক্ষা ভিন্ন প্রকারের হইবে। নিদর্শন স্বরূপ, কোন রাজমন্ত্রীর পক্ষে দৃশু দর্শন অথবা পরিদর্শনকার্য্যে ভ্রমণ বিশ্রামের কারণ হইবে না। সকল প্রকার রোগীর পক্ষেই বিশ্রামের উপযোগী হইবে এরূপ ভিন্ন ভিন্ন প্রকার উপায়ের নির্দেশ করা অসম্ভব, সন্দেহ নাই। চিকিৎসক রোগীর জীবন এবং ব্যক্তিগত অবস্থাদি সম্বন্ধীয় যে জ্ঞানলাভ করিয়াছেন তাহার সম্পূর্ণ ব্যবহার দারা অনেক বার যথাসাধ্য উদ্ভাবন শক্তির প্রয়োগ করিয়া অবশ্রুই তিনি এরূপ ক্লেন পদ্ধতির উদ্ভাবন করিবেন যাহা বিশ্রাম প্রদান করিবে, যাহা ব্লুয় সকল ব্যবহার রোগী এত দিবস করিতেছিল তম্বৎ, অথবা, এমন্🗓 কি তদপেক্ষা অধিকতর ক্লাস্তিজনক হইবে না।

অনেক স্থলে সম্পূর্ণ বিশ্রাম ক্রিকিংসা, সাধারণ ভাব এবং মৌলিক উল্লেখ্য স্থির রাথিয়া, যে কোন পরিমাণে পরিবর্ত্তিত করা যাইতে পারে। পোষণ—প্রত্যেক স্নায়বিক দৌর্বল্যের বোগীরই সম্পূর্ণ এবং সর্ব্বশারীরিক পোষণের অত্যাবশুক, অতি ভোজনও কর্ত্তর। আহার্য্য প্রধানতঃ এরূপ প্রকৃতির হইবে যাহার পরিপাকে সর্ব্বাপেক্ষা স্বল্পতর শক্তি ব্যয়িত হয়। বাজারে রোগীর অথবা শিশুর অনেক প্যাটেণ্ট করা খাছ্য পাওয়া যায় তাহার মধ্যে যে কোনটি ব্যবহারে আসিতে পারে। আমরা এরূপ স্থলে তুগ্বই সর্ব্বোৎকৃষ্ট বলিয়া বিবেচনা করি, কিন্তু ইহা স্মরণীয় যে সকল থাত্বেরই পরিমাণ এবং আহারের কাল সম্বন্ধে নিয়মরক্ষা অতীব আবশ্রকীয়। পরিপাক সম্বন্ধে গোলমাল উপস্থিত হইলে অবিলম্বে সংশোধন করিতে হইবে। পরিপাক সংশোধন সম্বন্ধীয় উপদেশ গ্রন্থের অন্তান্ত অংশে প্রাপ্রবা।

উপযুক্ত উপায়ে নিয়মিতরূপে কোষ্ঠ পরিষ্কার রাথা উচিত। স্নায়বিক দৌর্বল্য রোগে ইহা অতীব্ আবশ্রকীয়। বেরপ কথিত হইয়ছে, মুত্রের পরীক্ষার পর চিকিৎসা কার্য্যে পরীক্ষা-ফলের বিষয় বিবেচনা করিতে হইবে। মৃত্র-পরীক্ষার ফলছারাই চিকিৎসককে প্রধানতঃ পথ্য বিষয়ে কোন বিশেষ প্রণালীর অবলম্বন করিতে হইবে। অপিচ ইহা ঔষধ নির্বাচনেরও কিয়দ্র সাহার্য্য করিবে। মৃত্রে যবক্ষার জানময় উপাদানের (urea), অথবা মৃত্রামের (uric acid) স্বয়তা থাকিলে, কিনিখিয়া বেতেক প্রধান ভোজনের পূর্বের ইহার র গ্রেণসহ অর্জগোলা কলের প্রবেষ্ঠ বর্ত্তাক প্রধান ভোজনের পূর্বের ইহার র গ্রেণসহ অর্জগোলা কলের ক্রবপানের ব্যবস্থা করেন, এবং মধ্যে মধ্যে প্রস্তুত করা লিথিয়া ওয়া বরেরও ব্যবহার করিয়া থাকেন। যদি কসক্রিক এসিড নিঃসরণের স্বয়তা হয়, প্লোইসার-ফেকেট্সেস অথবা কিনিখ্রাও ব্যবহার করিয়া থাকেন। তিনি ইহা তুই প্রেন মাত্রায় পরিশ্রত জল সহ প্রথ করিয়া প্রতিদিন তিন অথবা চারিবার দেওয়ার ব্যবহা করিয়াছেন। ইনি প্লোইসির ক্রেমা প্রতিদিন তিন অথবা চারিবার দেওয়ার ব্যবহা করিয়াছেন। ইনি প্লোইসির ক্রেমা প্রতিদিন তিন অথবা চারিবার

বলির্মা গণ্য না করিয়া পুষ্টিসাধক বলিয়া বিবেচনা করেন। মৃত্রের পরীক্ষা অনেক সময়ে পরিপাক-বিশৃংথলার এবং সঙ্গে সঙ্গে রোগের অন্তান্ত মৃশ-বিষয়ের চিকিৎসার ঔষধ নির্জাচনে উপকারে আসিতে পারে। বহুতর স্থলে শারীরিক শ্রম, কেবল ভ্রমণ এবং তদ্বং অন্ত কিছু নহে, কিন্তু নিয়মিত বাায়াম ঘটিত শ্রম, অতীব নিয়ম পূর্ব্বক এবং ধারাবাহিকরূপে অবলম্বন করা উচিত। বাায়ামের সহিত শ্রাস-প্রশাসের সম্বন্ধ রক্ষা বিষয়ে বিশেষ মনোযোগ প্রদানের আবশ্রুক। যত্নপূর্ব্বক শ্রাস-প্রশাসের শিক্ষা অনেক সময়ে বিশেষ উপকার করিয়াছে। ইহা সাধারণতঃ নিদ্রোৎপাদনের সাহায্য করিয়া থাকে, এবং পরিপাক যত্রের উপরে, এবং সঙ্গে সঞ্জে স্নায়্-পোষণেও নিশ্চিত ক্ষমতা প্রকাশ করিবে।

প্রায় প্রত্যেক স্থলেই অঙ্গ-সম্বাহনের (massage) আবশুকতা দৃষ্ট হইয়া থাকে। হস্তের নানাবিধ প্রকার ব্যবহারে ফল পাওয়ার বিষয় বিদিত কোন ব্যক্তি দারা ইহার সম্পাদন কর্ত্তব্য।

সম্ভবতঃ প্রায় প্রত্যেক স্থলেই বিহ্যচেছ্বাতের বাবহার নিশ্চিত উপকার করে। সামবিক দৌর্বলো ইহার সকল প্রকারই উপকারী। রোগ-বিশেষ, বিশেষ বিশেষ লক্ষণ অথবা অবস্থাদি বিশেষ প্রকারের বিহাচেছ্বাত-প্রয়োগের আবশুক্তা প্রদর্শিত করিতে পণরে। যাহাই হউক, অধিকাংশ স্থলেই সাধারণ পৃষ্টিসাধন এবং শোণিত ওঞ্চলন নির্ম্থিত করণের চিকিৎসা-রূপে ইহা প্রদর্শিত হইবে।

যে ব্যক্তি ইহার ব্যবহারাদিবিষয়ে এভিজ্ঞ, এবং যে কতিপন্ন পদ্ধতিতে ইহার প্রয়োগ হইতে পারে তাহারে বিষদেশী, তাহার হস্তে জল-চিকিৎসা ( hydropapathy ) অতীব ফলত্রি কিন্তু ইহার অমুপযুক্ত ব্যবহার নিশ্চিত কুফল প্রদান করিতে পারে ফুকি

অনিদ্রার জন্ম সময়ে সময়ে নিদ্রা ক্রিন্দ্রাদিরও ব্যবহারের আবশ্রকত। জন্ম। স্নামবিক দৌর্বল্যে ব্রমাইড্স, ক্রিনেল অথবা ওপিয়ামের কথনই ব্যবহার করিবে না। যে সকল ঔষধের বিষয় গুল্মবায়ু রোগে প্রয়োগের উল্লেখ করা হইয়াছে সেই সকল ইহাতেও সমপ্রকারে প্রযোজ্য। অঙ্গ-সম্বাহন, শ্রম, শ্রাস-প্রশ্বাস, বিহাচ্ছোত, অথবা জলচিকিৎসার ক্রিয়াছারা নিদ্রোৎপন্ন হওয়া উচিত, এবং সাধারণতঃ হইবেই। ইঙ্গিং (Suggestion) চিকিৎসা অনেক সময়েই সাম্বিক দৌর্বল্যের পক্ষে উপকারী।

## লেক্চার ৩০২ (LECTURE CCCII.)

## জননেন্দ্রিয় সংস্থক স্নায়বিক দৌর্বল্য বা সেক্স্থয়াল নিউরেস্থিনিয়া।

বিবরণ।—প্রদেশাধীন বিষয়ে আমাদিগের বিশেষ বিধেচনার আবশ্রক। এ বিষয়ে আমাদিগের বক্তব্য অফুরস্ত বলায় অত্যুক্তি দোষ না ঘটলেও আমরা যতদুর সম্ভব প্রসঙ্গ সংক্ষিপ্ত করিবারই চেষ্টা করিব।

ইহার সাধারণ লক্ষণ সাধারণ স্নায়বিক দৌর্কল্যেরই সমভাবের। ফলত:. জননেক্রিয়ের অবস্থা ঘটিত অবিমিশ্র স্নায়বিক দৌর্কল্যের অন্ত কোন প্রকার স্নায়বিক দৌর্বল্য হইতে প্রভেদ লক্ষিত হয় না। এন্থলে মানসিক বিরক্তিই প্রধান কারণ রূপে বর্ত্তমান থাকে। জননেন্দ্রিয় ঘটিত বহু সংখ্যক স্নায়বিক দৌর্বল্য সম্পূর্ণ রূপেই জননেন্দ্রিয় সংস্রবীয় ব্যাপ বাৎপন্ন উত্তাক্তি হইতে জন্মে, কোনপ্রকারেই জননেন্দ্রিয় ঘটিত অনিষ্কম হইতে উৎপন্ন হয় না। হস্তমৈথুন ঘটিত স্বাস্থ্যহানি বিষয়ক ফু•িজাই অধিক সংখ্যক রোগের কারণ। প্রত্যেক মনুষ্যই প্রায় . জীবনের কোন সময়ে ন্যুনাধিক এই ফুৎসিত ব্যবহার করিয়াছে। সে সংবাদপত্রে, তুর্বল হৃদয় বাক্তিদিগের এ লিখিত, এই অভ্যাদের ভীষণ পরিণামের বিজ্ঞাপন পাঠ করে। তে তৎক্ষণাৎ আপন শরীরে উল্লেখিত লক্ষণাদির অনুসন্ধান আরম্ভ করে, এবা বোধ হয় এরূপ জীবিত মনুযাই হইতে পারেনা যে তাহাদিগের মধে ান এক অথবা অধিকতর লক্ষণ দেখিতে না পায়। এইরূপ এক 🌓 তাধিক লক্ষণ থাকায়, এবং এই কুঅভ্যাসের ব্যবহার করিয়াছে বলিয় ট্রুইন্ফার তৎক্ষণাৎ বিশ্বাস জন্মে যে সে স্বরংই আপনার অনিষ্ঠ সাধন করিয়াঁ হৈ। সে একণে উত্তাক্ত বোধ

করিতে আরম্ভ করে, এবং অক্সান্ত লক্ষণের অমুসন্ধান করে, এবং তাহার মনের ধারাবাহিক লক্ষণের উদ্ভাবনে বিলম্ব ঘটে না। এক্ষণে এই সকল চিস্তা ব্যতীত, অস্ত কোন বিষয়ে মনঃসংযোগ করা কঠিন হইয়া পড়ে। ব্যক্তি যদি চরিত্রবান হয়, ইহা সম্পূর্ণ নিশ্চয় যে তাহার ন্যনাধিক স্বপ্নদোষ ঘটিবে। নিদ্রাবস্থায় অথবা ঠিক নিদ্রাগ্রস্ত হইবার কালে সংসর্গ সংস্কৃত্ত স্বপ্নের সহিত, এই সকল বিষয়ে অতিশয় মনঃ সংযোগের ফল স্বরূপ সম্ভবতঃ এরূপ নিঃসরণের সংখ্যা বুদ্ধি প্রাপ্ত হয়। া রোগ বিষয়ে কোন সন্দেহ থাকে না—স্মরণ শক্তির অপচয় এবং অন্তান্ত বিশেষ বিশেষ লক্ষণের সংযোগের সহিত স্পষ্টতর স্নায়বিক দৌর্বল্য জন্ম। এই সকল রোগের পরীক্ষায় রোগ বিবরণ অতীব আবশুকীয় এবং রোগ বিবরণ কালেই চিকিৎসার এক অংশের প্রয়োগ করা উচিত। বোগ পরিচয়ের সাহায্যার্থ বোগীকে জিজ্ঞাসা করিতে হইবে কোন বয়সে দে এই অভ্যাসের আরম্ভ করিয়াছিল এবং কোন বসয়েই বা তাহা ত্যাগ করিয়াছে। সপ্তাহে আন্দাজ কত বারই বা সে এই অভ্যাসের ব্যবহার করিয়াছে। কি প্রকারে দে প্রথমে ইহার অপকারিতার বিষয় যাত হইয়াছে—কোন বিজ্ঞাপন হইতে, কোন বন্ধুর নিকট, অথবা ঝোরে চিকিৎসকের নিকট। ( এরপ চিকিৎসকও বিরল নহে যে অজ্ঞতা বশতঃ অথবা ধনলিপ্সার বশবর্ত্তী হইয়া ঠিক বিজ্ঞাপনের গ্রায়ই রোগবর্ণন করে।) যেমন অনেক সময়ে ঘটে, যদি এই আ; াস আট অথবা দশ বৎসর পর্যান্ত চলিয়া না থাকে. এবং ইহার দৈনিক কীহার না হইয়া থাকে, চিকিৎসক কথাচ্ছলে বলিয়া ফেলিবেন, তাঁহার খান্ত কোন কারণের অনুসন্ধানের আবশ্রক, যে হেতু ইহা নিঃসন্দেহ 🗗 দি এই অভ্যাস কিছুতেই কোন অনিষ্ট করিতে পারে নাই। স্বাভাবি<sup>চ্</sup>রিট্যান সংসর্গের অমিতাচার ইহার कात्रण कि ना ज्ञ्ब्बल जिल्लाहरू अध्या, / ठालाहेबा गाहेट हेहेटन, किन्ह এই সকল বিশেষ প্রকারের রোতিকিতি জ্বপ কথন ঘটিতে দেখা যায় না।

পরে স্থানিক পরীক্ষা দ্বারা লিঙ্গত্তকের নির্ম্মাণদোষ এবং লিঙ্গনলীমুথের রন্মথেষ্ট বৃহৎ আছে কি না বিশেষরূপে জ্ঞাতব্য। লিঙ্গত্বক পশ্চাৎদিকে টানিয়া লিঙ্গমণি উনুক্ত করিলে যদি দেখা যায় লিঙ্গের ডাঁট বেড়িয়া যেন। আটা অবস্থায় এক গাছি সূত্র ডুবিয়া রহিয়াছে, লিঙ্গাগ্রত্বক-চতুঃপার্ষের চ্ছেদন (ছন্নৎ) অথবা প্রলম্বিত চ্ছেদনের অস্ত্র চিকিৎসা করিতে হইবে। বল্লাবৎ বিল্লের (frenun) পরীক্ষা করিতে হইবে, এবং যদি লিঙ্গমুগু-সন্মুখাভি-মুখে অতিদুর পর্যান্ত সংযুক্ত থাকে ছিন্ন করিতে হইবে। মৃত্র-নশীমুথ এবং মত্র-নলীর সংকোচনের ( stricture ) জন্ম পরীক্ষা করিতে হইবে। অনেক সময়ে নলামুখের ঠিক পশ্চাতেই সংকোচন দেখা যায়, অথবা মৃত্র-নলীর বাহ্ বন্ধ ই অতি ক্ষুদ্র থাকে। 'অন্যাক্ত যান্ত্রিক সংস্থান ঘটিত উত্তেজনার কারণও থাকিতে পারে। পরে দর্শন-বন্ত্র (Speculum) দ্বারা সরলান্ত্রের পরীক্ষা করিতে হববে। এই প্রদেশের কোন উত্তেজনা জননেন্দ্রিরে উত্তেজনার কারণ হইতে পারে। যদি কোন অস্বাভাবিকতা দৃষ্ট হয়, তাহা তৎক্ষণাৎ সংশোধিত করিতে হইবে। এই সকল দোষ না থাকিলে একণে রিবিৎসা করিয়া যাইতে পারা যায়। অর্থোপাজ্জনই প্রধান উল্লেগ্র হইলে মে ান চিকিৎসকই এই সকল রোগ চিকিৎসায় ফলাশা করিতে পারেন চলন। চিকিৎসক জানেন তাঁহার একটি রোগী, তাহার ষতদূর ক্ষমতা, অজস্র অর্থব্যয় করিবে, এবং মে<sup>তি</sup> তাহা যতকালই হউক করিবে। অমুমিত হয় ইহা এমন একপ্রকার 🛭 গিগ, যাহাতে রোগীর অর্থব্যমে প্রবৃত্তি খটে। যাহাই হউক, প্রকুত্ত চিকিৎসায় চিকিৎসক এরূপ কিছু व्यर्थ लाज करत्रन ना यादा । शास्त्रत्त निकृष्ठे প্রকাশের উপযুক্ত। চিকিৎসা সম্পূর্ণ রূপেই আং শব্বক প্রকারে কর্ত্তবা। এক বিষয়, কেবল একটি মাত্র বিষয়ে ে তা৷ নিশ্চিত ধারণা উৎপাদনের আব-শুক, যে রোগী স্বন্ধ কোন ই<sup>ষ্</sup>হাণিৎপাদন করে **না**ই, এবং সে যে অভ্যাদের ব্যবহার করিয়াছে তাইী🍪 তাহার ক্ষতির কোন সম্ভাবনাই

জননে ক্রিরসংস্ট সায়বিক দৌর্বলা বা সেক্সয়াল নিউরেছিনিয়া। ২০১৭
থাকিতে পারে না। অপিচ যে তাহার সকল লক্ষণই মানসিক উল্লেগর
ফল—এই বিষয়ে মনের একাগ্রতা সহ চিস্তার ফল, এবং যে এই নিঃসরণ
যত দূরই অস্বাভাবিক হউক, সে তিষ্বিয়ের চিস্তা না করিলে তাহা ক্রেপ্তর্নান
করিবে। পরে তাহাকে বাধ্য করিয়া কার্য্যে প্রবৃত্ত করাইতে হইবে। কোন
ঔষধ থাইবে না, কোন চিকিৎসককে দেখাইবেনা, এমন কি তোমাকেও
নহে, রোগী কোন ব্যক্তির সহিত এ বিষয়ের গল্প করিবে না, এবং
নিঃসরণ হউক বা না হউক, তিষিয়ের উদাসীন থাকিবে। কোন ঔষধের
ক্রিম্থা অথবা অন্ত বে কোন প্রকারের চিকিৎসা আরোগ্যের বাধা
ক্রেমাইবে। যে পর্যান্ত কোন রোগীকে চিকিৎসা সম্বন্ধীয় কোন উপদেশ
অথবা ঔষধ দেওয়া যায় রোগের কল্পনা হইতে তাহাকে বিরত করা
যায় না। অনেক সময়েই রোগীকে সতা ঘটনা বিশ্বাস করাইবার চেটা
অত্যন্ত কট সাধ্য হইবে, কিন্তু ইহা অবশ্য কর্ত্তব্য বলিয়া গণ্য। যথনই
রোগী ইহাতে বিশ্বাস স্থাপন করিয়াছে, রোগও অচিরাৎ আরোগ্যে

জননেজ্রিয় সংস্কৃত্ত অনেক সামবিক ত্র্বলতা দেখা যায় যাহা জননেজ্রিয়ের কোন এক অথবা একাধিক অংশের উত্তেজনার উপরে নির্ভর করে। স্ত্রীলোক এবং বালিকাদিগের মধ্যে অনেক রোগ ভগাঙ্কুর সমিহিত উত্তেজনার ফলস্বরূপ। বিবাহিত জীবনেও জননেজিয় সংস্কৃত্ত অমিতাচার ইহা উৎপন্ন করিতে পারে; পরিণয় সংস্রব ব্যতীত ইহার অমিতাচারে সামবিক দৌর্বলা উৎপত্তির অধিকতর সন্ভাবনা থাকে। এন্থলে ভীতি এবং ত্রন্টিস্তা এবং উত্তেজনাদি এতং সম্বন্ধীয় সকল কারণই বর্ত্তমান থাকে, একমাত্র সঙ্গমই নহে। অনেক দিন ধরিয়া এবং অধিকতর সংখ্যক অস্বাভাবিক মৈথুন ইহা উৎপন্ন করিতে পারে। যে কোন প্রকার কুপথগমন ইহা উৎপন্ন করিতে পারে, অথবা সামবিক দৌর্বলার ফল ইইতে পারে। হস্তমৈথুন অতি অতিরিক্ত ইইলে অতি গভীরতর সামবিক

দৌর্বল্য জন্মাইতে পারে, অথবা এমন কি স্পষ্টতর মানসিক কণ্ট জন্মাইতে পারে। এই শ্রেণীর রোগী দেখিলে বাস্তবিকই দয়ার উদ্রেক হয়।

অথিক সময়েই জননেজিয় সংস্ষ্ট স্নায়বিক দৌর্কল্যে শিরংশূল, সাধারণ অবসাদ, উচ্চাশার অভাব, স্মরণ শক্তির অপচয়, মনের গোলমাল এবং শারীরিক হর্কলতা প্রভৃতি লক্ষণ উপস্থিত হয়। মানসিক অথবা প্রকৃত ধ্বজভন্স, সামান্ত অপারকতা হইতে কার্য্য সম্পাদনের ক্ষমতার অথবা প্রবৃত্তির সম্পূর্ণ অপচয় পর্য্যন্ত যে কোন পরিমাণে উপস্থিত হইতে পারে। শুক্রক্ষরণ উপস্থিত হইতে পারে অথবা হয় না। যাহাই হউক অনুবীকু যন্ত্র-পরীক্ষা ব্যতীত ইহার নির্ণন্ন অসম্ভব। সম্পূর্ণ স্কুস্থাবস্থাতেও মূত্রে শুক্রকীট উপস্থিত থাকিতে পারে, ইহা কথন কথন, এমন কি অনেক সময়েই রজনীর মূত্রে দেখা যায়। অনেক সময়েই দিবসে এরূপ হয় না যাহা নির্গত হয় সকলই শুক্র নহে, অধিকাংশই শ্লেষা। অধিকাংশ মনুযোরই এরূপ সময় উপস্থিত হয়, যাহাতে অতীব ত্বরিত শুক্রনিক্ষেপ হইয়া যায়, অথবা অনেক ধীর গতিতে হয়। ইহা অসাধারণ নহে যে সেই সময়ে ভীতি বশতঃ ইহারা তৎক্ষণাৎ ডাক্তারের উপদেশ গ্রহণ করে। উভয় আধ্যাত্মিক\* এবং শারী-রিক অনেক অস্থায়ী কারণ নিবন্ধন এরূপ ঘটে। জননেন্দ্রিয়মগুল অতীব চৈতন্ত সম্পন্ন, এবং প্রায় যাহা কিছু হইতেই সহজে উত্তেজিত হয়। সঙ্গমের অসম্পূর্ণতা অনেক পুরুষের জননেন্দ্রিয়-সায়ু-দৌর্ব্বল্য উৎপন্ন করিয়াছে। স্ত্রীলোকদিগের মধ্যে ইহা এই অশান্তির একটি সাধারণ কারণ।

চিকিৎসা-তত্ত্ব।—ইহার চিকিৎসায় চিকিৎসক রোগীর অবস্থামুসারে ঔষধ নির্বাচনার্থ প্রধানতঃ ভৈষজ্য-তত্ত্বাদি গ্রন্থের সাহায্য গ্রহণ
করিবেন। ফলতঃ স্থায়ী ফলাশা করিলে রোগীর ধাত্মুসারে ঔষধ
নির্বাচন কর্ত্তব্য বলিয়া বিবেচিত। ইহার চিকিৎসায় সাধারণতঃ
ভাক্সনা আমাদিগের সর্বপ্রধান অবলম্বনীয়। অন্তান্ত ঔষধ মধ্যে

মানসিক ভাব বিকার বা চিন্তাসভূত।

জননে স্ক্রিয়া কাষ্ট্র স্থার বিক দৌর্জন্য বা সেক্স্পুরান নিউরেছিনিয়া। ২৩১৯
ক্যোক্তে নি স্থা কাষ্ট্র ক্রিয়া কাষ্ট্র ক্রিয়া ক্রেয়া ক্রিয়া ক্রিয়া ক্রিয়া ক্রিয়া ক্রিয়া ক্রেয়া ক্রিয়া

আকুষঙ্গিক চিকিৎসা।—ইহার চিকিৎসায় উপদেশ অতীব প্রাধান্ত প্রাপ্ত হইয়৷ থাকে। কোন প্রকার অভ্যাস-দোষ পাকিলে সংশোধন নিতাস্ত কর্ত্তব্য। উপদেশ অথবা প্রাকৃতিক উপায়াবললম্বন দ্বারা ইহা সাধিত করিতে হইবে। কোন কোন স্থলে হস্তমৈথুনের নিবারণ জন্ত বন্ধন দ্বারা রোগীকে আটক রাখিবারও প্রয়োজন হইয়৷ থাকে। শিক্তিলাকদিগের মধ্যে অসম্পূর্ণ সঙ্গম রোগ কারণ হইলে কথন কথন কারণ দ্বীভূত করা অতীব কঠিন সাধ্য। এরপ স্থলে কর্ত্তব্য বিষয়্ব যে কেবল স্ত্রীলোককেই বলিতে হইবে তাহাই নহে, কিন্তু স্বামীকেও শিক্ষা প্রদানের আবশ্রুক, এবং যে পর্যান্ত বাঞ্ছিত ফল না হয়, তাহারা উভয়ে একত্রে উপদেশের অমুগমন করিবে। সর্ব্ব প্রকার রোগ কারণ স্থানান্তরিত অথবা সংশোধিত করিতে হইবে। পরিপাক এবং অল্প্রের অবস্থা যত দুর সম্ভব নিয়মিত করিতে হইবে। ইহা নিতান্ত আবশ্রকীয়।

বহুবিধ কামোদ্দীপক এবং জনেন্দ্রিয়ের উত্তেজ্বক ঔবধ সর্ব্ব প্রকারেই অনিষ্টকারী। এরূপ ঘটনাও অসম্ভব নহে যে কার্য্য সম্পাদনে অশক্ত হইবে বলিয়া রোগী ভীত হইতে পারে, এরূপাবস্থায় অস্থায়ীরূপে কোন ঔবধ প্রয়োগে উপস্থিত কার্য্যের সাহায্য করিয়া বিশ্বাসের স্থাপনা দ্বারা তদ্বিময়ে অধিকতর মনোযোগের আবশ্রকতা দূর করান যাইতে পারে।

এরপ স্থলে অঙ্গসম্বাহন এবং অন্তান্ত আমুষন্ধিক প্রয়োগ যাহা
মায়বিক দৌর্বল্যে উল্লেখিত হইয়াছে ইহাতেও আবশুক হইতে পারে।

মৃত্র-নলীতে স্নিগ্ধকর প্রয়োগের প্রয়োজন হইতে পারে। কটি-মেরুদণ্ডো-পরে পর্য্যায়ক্রমে উষ্ণ এবং শীতল জল-প্রক্ষেপ অনেক সময়ে উপকারী।

প্রায় সর্বস্থলেই বৈছ্যতিক প্রয়োগের প্রয়োজন হইয়া থাকে। একটি বৃহৎ এবং চেপটা বিছ্যুনার্গ-ধাতুথগু ছারা গ্যাল্ভ্যানিক-স্রোভ কটি-মেরুদণ্ডের উপরে এবং ক্ষ্রতের শ্লণাত্মক (negative) বিদ্যাচেছু তি অগুকোষত্মকের উপরে প্রয়োগ করিতে হইবে। ইহার শক্তি আট মিলি-আম্পিয়ার হওয়া উচিত। ধনাত্মক (positive) বিদ্যান্যার্গ বা ইলেক্ট্রোড সরলান্ত্রে এবং ঋণাত্মক মৃত্র-নলী পথে, অথবা অগুকোষত্মকের উপরিভাগে প্রয়োগ করিতে হইবে। ইহার দুই হইতে তিন মিলি-আম্পিয়ার-শক্তির ব্যবহার করিবে। এই স্রোতের প্রতিদিন অথবা এক দিন অগুর ব্যবহার করিবে। ফাারাডিক স্রোতেরও সমপ্রকারে প্রতিদিন ব্যবহার করা বায়, অথবা ঋণাত্মক তার সাধারণ মৃত্র-ই পরীক্ষার শলাকা-সহ (urethral sound) সংযুক্ত করিয়া, তাহা মৃত্র-নলী মধ্যে এবং ধনাত্মক (positive) প্রাস্ত কটি-মেরুদণ্ডোপরে প্রয়োগ করিতে হইবে। বিলক্ষণ প্রবল স্রোতের ব্যবহার করিতে হইবে; অর্থাৎ বত প্রবল রোগী কিঞ্চিৎ আরামের সহিত সহু করিতে পারে সেই পরিমাণ। সম্ভব হইলে এই চিকিৎসা প্রতিদিন চলিবে, প্রত্যেক প্রয়োগ দশ মিনিটের জন্য।

### লেক্চার ৩০৩ ( LECTURE CCCIII.)

## অর্দ্ধ শিরঃ-শূল বা মিত্রেন, মিগ্রিম বা হেমিক্রেনিয়া।

(MIGRAIN, MEGRIM OR HEMICRANIA.)

শিক্ত্রে পরিভাষা।—একরপ শিরংশূল যাহা পুনংপুনঃ অনিম্নতি সাময়িকতার সহিত উপস্থিত হয়, এবং সাধারণতঃ দৃষ্টতঃ কোন সাক্ষাৎ কারণ ব্যতীত এক পার্শ্ব আক্রমণ করে।

বিবরণ।—ইহার উৎপাদনে বংশামুক্রমিকতাই প্রধান কারণাংশ।
সাক্ষাৎ বংশামুক্রমিকতা দ্বারা অধিকাংশ সময়ে ইহার প্রেরণা
সংঘটিত হয়। অভাতা স্থলে ইহা সাধারণ সায়ু-রোগের উপক্রম মাত্র।
ইহা সম্পূর্ণ ই সম্ভব যে যাহাদিগের মধ্যে রোগ-প্রবর্ত্তনা না থাকে
ইহা কথনই সংঘটিত হয় না। ম্যালেরিয়া অধবা অতিরিক্ত কুইনাইন দ্বারা
অপ-চিকিৎসিত ম্যালেরিয়া (ম্যালেরিয়া পীড়িত দেশ) ইহার অভতম
কারণ বলিয়া গণা। ইহা পুরুষাপেক্ষা স্ত্রীলোকদিগের মধ্যেই অধিকতর সময়ে দেখা যায়। কথন কথন ইহা ক্ষুদ্র শিশুদিগের মধ্যেও
উপস্থিত হয়, কিন্তু সাধারণতঃ যুবা বয়সেই প্রথমে দেখা দেয়। ইহা
অনেক বয়সেও সংঘটিত হইকে পারে।

যাহাদিগের রোগ-প্রবর্ত্তনা উপস্থিত থাকে, মানসিক অতি পরিশ্রম, অবসাদ, অথবা ছন্চিস্তা সাক্ষাৎ কারণ হইতে পারে। হস্তমৈথুন প্রাক্তিক অথবা আধ্যাত্মিক, এবং জননেন্দ্রির সংস্ষ্ঠ অমিত ব্যবহার ইহার সম্ভব্য কারণ মধ্যে গণ্য হইতে পারে। যে কোন প্রকার প্রতিক্ষিপ্ত উত্তেজনা, উদাহরণ স্বরূপ, যেমন চক্ষু, নাসিকা-রক্ষু অথবা জননেন্দ্রির

হইতে প্রতিক্ষিপ্ত উত্তেজনা, ইহার বিশেষ কারণের বিষয় হইতে পারে। ইহা নিশ্চিত বলা যাইতে পারে যে পুরাতন মৃত্যায় বিষাক্ততা হইতে অনেক সময়ে ইহা জন্মে। ক্ষুদ্রবাত বা গাউট এবং রসবাত ইহার কারণীভূত।

লক্ষণ-তত্ত্ব ৷--- সাধারণতঃ ইহার রোগী ন্যুনাধিক কালের জন্ম নিদ্রালুতা সহ অসোয়ান্তি বোধ করে, পরে, অনেক সময়েই মস্তকের এক অথবা অন্তত্তর পার্শীয়, কিন্তু কখন কখন সাধারণ শির:-শূল উপস্থিত হয়। ইহা এক স্থানে অথবা এক দেশে উপস্থিত হইতে পারে এবং সম্পূর্ণ মস্তকেও বিস্তৃত হইতে পারে। পক্ষাস্তরে ইহা অতি কৃদ্র স্থানে স্থা থাকিতে পারে। বেদনা যে কোন প্রক্রতির হইতে পারে। কচিৎ ইহা আরন্তে সম্পূর্ণ প্রবলতা প্রকাশ করে, কিন্তু অধিকাংশ সময়েই, स्व अर्था अ अर्था ना इब्र, क्रांस क्रांस के के का विकास क्रांस विकास के स्वास क्रांस क्रा প্রায় দর্ব্ব স্থলেই ইছার সহিত ন্যুনাধিক বিবমিষা এবং এমন কি বমন পর্য্যস্ত উপস্থিত থাকে। আলোক অথবা শব্দে অসহিষ্ণৃতা জন্মে। প্রায় সর্বত্রই চালনায় বেদনার বুদ্ধি হয়। অধিকাংশ সময়েই আক্রমণ নিদ্রাবস্থায় অন্তর্জান করে। রোগী পরিষ্কার মস্তক লইয়া নিদ্রোখিত হয়, কিন্ত আনেক সময়েই হর্মল বোধ করে। ইহা কেবল সামান্ত কতিপয় ঘণ্টা অথবা তুই অথবা তিন দিবসের জন্ম স্থায়ী হইতে পারে। কার্যাতঃ প্রায় সর্ব্ব স্থলে ইহার গতি একই পদ্বার অনুসর্গ করে । ইহার আক্রমণ অনেক দিনের, অথবা বিবিধ পরিবর্ত্তনশীল ব্যবধানে উপস্থিত হয়। বহুসংখ্যক স্থলে ইহা নিয়মিত ব্যবধানে উপস্থিত হইয়া থাকে। রোগী বলিতে পারে যে কোন নির্দিষ্ট দিনে তাহার রোগাক্রমণ ঘটিবে। ইহা সপ্তাহের মধ্যে **छ्टे अथरा जिन तात्र अथरा मश्चाद्य अथरा मारम अथरा इटे मारम,** অথবা তিন মাসে, অথবা ছয় মাসে, অথবা বার মাসে একবার উপস্থিত হইতে পারে। অমুমান হয় ধেন স্ত্রীলোকদিগের মধ্যে ইহা ঠিক ঋতৃ-আবের পূর্ব্বে, সময়ে অথবা পরে সংঘটনের প্রবণতা প্রকাশ

করে। ইহার আক্রমণকালে নানাবিধ অমুভূতি সংস্কৃষ্টি, শোণিত গতিপ্রদ স্নায়বিক এবং গতিদ স্নায়বিক বিশৃংখলা উপস্থিত হইতে পারে। এই সকল লক্ষণের গুরুত্ব এই যে ইহারা চিকিৎসককে রোগের অবস্থামু-সারে ঔষধ নির্ব্বাচনে সাহাযা করিয়া থাকে। আক্রমণ কালে মানসিক লক্ষণাদিও উপস্থিত হইতে পারে, কিন্তু ক্ষণস্থায়ীরূপে।

রোগ নির্বাচন ।— যেরপ কথন কথন ঘটে, অন্থান্থ রোগের
সুমকালে সংঘটিত না ইইলে, অথবা লগ্ধভাবে ইইতে না থাকিলে,
শ্রেরীগ-নির্বাচন কোন অংশেই কঠিন নহে। এমন কি তদবস্থাতেও
সাধারণতঃ ইহাদিগের মধ্যে ভেদ নিরূপণ করিয়া অর্দ্ধ শির:-শ্ল
পৃথগ্ভূত করা কঠিন নহে। পৃংথামুপুংথ রোগ নির্বাচনার্থ অতি
যত্নপূর্বক সম্পূর্ণ শারীরিক পরীক্ষার সহিত আমাশরস্থ ভূক্ত-বল্প
ইত্যাদি, শোণিত এবং চবিবশ ঘণ্টার মুত্রের পরীক্ষার আবশ্রক।

ভাবাফল।—বংসরাদি ক্রমে ইহাতে পুনরাক্রমণ-প্রবণতা দৃষ্ট হইয়া থাকে। অনেক স্থলে পাঁচ হইতে বিশ বংসরের পরে ইহা আপনা হইতেই অন্তর্জান করে। চিকিৎসক যত্ন পূর্ব্বক সমস্ত বিষয় অবগত হইয়া মনোযোগের সহিত চিকিৎসা করিলে, এবং রোগী পুংথামূপুংথ উপদেশ পালন করিলে, অধিকাংশ রোগই তিনমাস হইতে চইবৎসরের মধ্যে আরোগা লাভ করে।

চিকিৎসা-তত্ত্ব।—ইহার চিকিৎসা অতীব আন্নাসসাধ্য এবং কঠিন, এবং ঔষধ সংখ্যাও অতীব বিস্তৃত। এজন্ত সর্ব্বস্থলেই ইহার চিকিৎসার ভৈষজ্য-তত্ত্ব সম্বন্ধীয় গ্রন্থের আলোচনা ব্যতীত উপায়াস্তর দেখা যায় না। এস্থলে আমরা কতিপন্ন ঔষধ্বের নির্ব্বাচনার্থ সংক্ষিপ্ত বিবরণের উল্লেখ মাত্র করিলাম:—

এমন কার্ব্ব------ললাট দেশের দপদপানি, চাপে এবং উষ্ণ গুহু মধ্যে উপশম। মস্তক ভেদ করিয়া আঘাত। এনা কার ডিয়াম——-ছিপিবংবস্থ প্রবেশের ন্থায় চাপবং বেদনা ; মানসিকৃ শ্রমের পর বৃদ্ধি—ললাটে, শঙ্খাদেশে, মস্তক পশ্চাতে, মস্তক- চুড়ায় বেদনা। আহার কালে উপশম।

আর্জেণ্টাম নাইখ্রিকাম—মস্তক অত্যন্ত বৃহৎ বলিয়া অনুভূতি—ইহার বিশেষ লক্ষণ। বাম ললাটের উন্নত স্থানে অতীব খননবৎ বেদনা। খুজা—ক্ষুপ্বদানের ন্থায় বেদনা। ইপ্লোজিম্মা এবং ক্ষিক্সাতে ও এইরূপ পেরেক বদানের ন্থায় বেদনা হয়। ক্যাত্তেতিপ্র বেদনার অতি বৃদ্ধিতে বোধ হয় যেন চৈতন্তের লোঁল বটিবে। কদিয়া ফিতা বাধার চাপে উপশম।

ক্যাল্কে এসেটিকা—মুক্ত বায়ুতে শিরোঘূর্ণন ( সাইলি-সিস্কা )। অর্দ্ধ শিরঃশূলে মস্তকে অত্যন্ত শীতলতা এবং অমাস্বাদ।

ক্যাল্কেরিয়া-কার্ব্ব—মস্তকের দক্ষিণ পার্শ্বে এবং উর্দ্ধে বরফবৎ শীতলতার অনুভূতি। কাল্কেরিয়া সল্টের সাধারণ প্রদর্শক—হস্ত এবং পদের শীতলতা; মস্তকে অত্যন্ত আর্ক্স, কেশযুক্ত স্থানে এবং পশ্চাতে অধিকতর; উপ্রান্ধান সিক্ত হইস্রা আন্ত্র।

ক্যানাবিস ইণ্ডিকা——শির:শূলের পূর্কগামী রূপে অত্যন্ত উল্লাসের সহিত বাক্বাহুল্য।

ককুলাস ইও্---ব্যনকর শির:-শৃশ বা সিক্ হেডেক—শকটা-রোহণে বৃদ্ধি, রোগী মস্তক-পশ্চাৎ চাপিয়া শয়নে অক্ষম। অক্সিপাট প্রদেশে অমুভৃতি যেন তাহা মুক্ত ও বন্ধ হইতেছে। মস্তকের কম্পন। চকুর বেদুনায় বোধ যেন তাহা ছিঁ ড়িয়া বাহির হইতেছে। কনীনিকা সংশ্কৃতি।

ক ফিয়া ক্রুড।——আটিয়া ধরার ন্যায় বেদনা; গোলমাল শব্দে, ভ্রাণে এবং মাদক দ্রব্যে বৃদ্ধি; ইন্দ্রিয়াদির চৈতন্যাধিক্য। অহুভূতি বেন মন্তিক ছিন্ন ভিন্ন হইতেছে; মেন মস্তকে পেরেক বিদ্ধা হইতেছে; মুক্তবায়ুতে বৃদ্ধি। শ্রবণেক্রিয়ের চৈতন্যাধিক্য।

জেল্সিমিয়াম—ইংার শিরঃ-শূল অন্ধত্বের সহিত আরম্ভ হয় (আইরিস)। অধিকাংশ সময়ে চক্ষুর অতিপরিশ্রম ইংার কারণ (অস্মোডিয়াম)। বেদনা মস্তক পশ্চাতে আরম্ভ হয়, মস্তকের উপর বাহিয়া আসে এবং চক্ষুতে স্থায়ী হয় (সাাঙ্গুইনেরিয়া)। মস্তক বেড়িয়া পটি থাকার অমূভূতি; রোগী হতভদ্বের নায়; উদাসীন; চালনায় চক্ষুর প্রেক্টানি। প্রচুর মূত্রত্যাগ ও নিদ্রা উপশমকারী। মূত্রত্যাগে উপশম। বিষ দৃষ্টি, বক্রদৃষ্টি এবং অস্পষ্ট দৃষ্টি ইংার প্রদর্শক।

ইগ্নেসিয়া।—অতিশন্ন বায়ু প্রধান ব্যক্তিদিগের ঔষধ, এবং বাহাদিগের স্নায়ুমণ্ডল তুঃথ, উৎকণ্ঠা এবং মানসিক উত্তাক্তি দ্বারা ক্লিষ্ট হইয়াছে। শিরঃ-শূল দাধারণতঃ কর্ণ প্রদেশে আরম্ভ হয়, এবং প্যারাইটাল বা মস্তক পার্শ্ব অথবা পশ্চাদ্দেশাভিমুথে ধাবিত হয়, এবং গ্রীবা পশ্চাতের কাঠিনা রাখিয়া বায়; প্রচুর মূত্রতাগে ইহার উপশমকারী।

আইরিস ভার্সিকলার——আমাশরিক অথবা পৈতিক শিরঃশূল। ইহার শিরঃশূলের বিশেষতা এই যে তাহা অন্ধত্বের সহিত আরস্ত
হয় (জেল্স)। শিক্ষক, ছাত্র, অধ্যাপক ইত্যাদির রবিবারের শিরঃশূলের পক্ষে ইহা উপকারী। ইহার বেদনা জ্র-দেশ, বিশেষতঃ দক্ষিণ
ক্র-দেশ আক্রমণ করে; বেদনার প্রকৃতি দপদপানিষ্কু অথবা তীক্ষ্ণ এবং
আতি বৃদ্ধির অবস্থায় প্রচুর, তিক্ত অথবা অন্ন বস্তুর বননযুক্ত। ফলতঃ
অন্ন বমনের জন্যই ইহা প্রসিদ্ধ। আইরিস্ শ্রিক্রপুত্রের
চালনা, শীতল বায়ু এবং কাসিতে বৃদ্ধি, এবং মুক্ত বায়ু মধ্যে অল্পশ্রম উপশ্রম হয়।

স্থাকুইনেরিয়া---ইহা বমনযুক্ত শিরঃশূল বা সিক-হেডেকের প্রসিদ্ধ ঔষধ। লক্ষণাদি—বেদনা প্রাতঃকালে আরম্ভ হয় এবং মস্তক পশ্চাৎ আক্রমণ করে; মন্তকের উপর বাহিয়া আসিয়া দক্ষিণ চক্ষতে গমন করে। বৈ পর্যান্ত ভুক্ত বস্ত এবং পিত্তের বমন হইয়া কনকনাণির উপশম না হয়, বেদনার তীক্ষতার বৃদ্ধি হইতে থাকে, কিন্তু কথন কথন তাহাতে কনকনাণির নিবৃদ্ধি হয় না। আলোক এবং গোলমাল শব্দ অসহনীয়; নিদ্রায় উপশম। বেদনার তীক্ষতা সময়ে এতাদৃশ বৃদ্ধি হয় যে রোগী উপশমের জন্য বাভুলের নায় উপাধান মধ্যে মন্তক প্রবেশ করাইবার চেপ্তা করে। বিশেষ করিয়া ইহা অধিকতর ঋতু-আবমুক্ত স্ত্রীলোকদিগের পক্ষেউপকারী।

বেলাডনা-—নিম্নলিখিত লক্ষণাদিদার। স্যাক্সইনেরিস্থা হইতে প্রভেদিত:—উষ্ণ মস্তক, অধিকতর দপদপাণি, রক্তিমাযুক্ত মুখ এবং শীতলপদ, এবং অক্সিপাট হইতে উর্দ্ধবাহীবেদনা স্যাক্সইর ন্যায় ষ্পষ্টতর নহে।

স্থাঙ্গুইনেরিয়ার শিরঃশূল—শয়নে, বেলাডনার তাহা
শব্যার উঠিয়া বসিলে উপশম; স্যাঙ্গুইনেরিয়া আমাশয়িক
প্রকারের রোগে উপকারী। স্যাঙ্গুইনেরিয়া রোগে প্রচুর
মূত্রত্যাগে উপকার হইতে পারে (জেল্ম্ এবং ইয়ে)।

স্পাইজিলিয়া—স্যাঙ্গুইনেরিয়ার বেরূপ দক্ষিণ চক্ষুর সহিত.
ইহার তজ্ঞপ বাম চক্ষুর সহিত সম্বন্ধ। বেদনার প্রকৃতি স্নায়্-শূলের ন্যায়;
বেদনা বাম চক্ষুর উর্দ্ধে স্থারী হয় এবং স্থারের গতির অন্থগমন করে, অর্থাৎ
প্রাতেঃ আরম্ভ হয়, মধ্যায়ে সর্ব্বোচ্চ বৃদ্ধি পায় এবং স্থায়ান্তের সহিত অন্তর্ধান
করে। একরূপ অন্তভূতি জন্মে যেন মুদ্ধা উন্মুক্ত ইইতেছে। তেলাভিলাল্ল ন্যায় গোল্মাল শব্দে এবং শ্যায় বাঁকিতে ইহারও বেদনার বৃদ্ধি
হয়। মন্তক্রের আনাক্ত এবং আবহাওয়ার পরিবর্তনেও বেদনার অনিষ্ঠ
করে। বেদনার অবিমিশ্র স্লায়বিক প্রকৃতি, এবং বাম পার্ষে আক্রমণ
প্রসাইজিলিয়ার প্রদর্শক।

নেট্রাম মিউরিয়েটিকাম—ইহার শিরংশৃলে বোধ হয় য়েন করোটি বা মস্তকে বছতর ক্ষুদ্র ক্ষুদ্র হাতৃড়ির আঘাত হইত্বেছে,—
চক্ষুর চালনায় রৃদ্ধি। ইহা প্রাতংকালে উপস্থিত হয়, বেলা ১০টায়
রৃদ্ধি পায় এবং আইরিস এবং জেল্সিমিস্তাম্মের
ন্যায় পূর্বগামীরূপে আংশিক অরুত্ব দেখা দেয়। সোরিসাম্মের
উপরি উক্ত হাতৃড়ির আঘাতের ন্যায় অমুভূতি বর্তমান থাকে। বিষ্ঠালয়ের অথবা অতিরিক্ত মনোযোগের সহিত পঠন কার্য্যে নিয়্ক্ত বালিকাশিক্তেরীর ঋতুর উপস্থিতি কালের একরূপ শিরংশৃলে নেট্রাম্ম মিউ
এবং ক্যাক্তেরিস্তা ফ্রাক্তের কথন কথন নেটে মিউ উপকারী।

অর্দ্ধ শিরঃ শূলের অন্যান্য ঔষধ ঃ— এনহেলনিয়ান, এম্পারে-গাস, এভিনা, বারনিয়া, ক্যাফিন, কার্ব্যলিক এসিড, সিড্রন, চিয়ন্যান্থ, সিমিসি, ক্রোটন, ক্যান্ধারিলা, সাইক্লেমেন, ইপিফিগাস, জেল্স্, গুয়ারিয়া, কেলি বাই, কেলি কার্ব্য, ল্যাক ডিফ্ল, ল্যাকেসিস, মিলিলটাস, মিনিম্পার্পাম, নিকলাম, নাক্স্ ভম্. অনম্মডিয়া, প্ল্যাটিনাম মিউ, পাল্স্, ভ্রাপনিন, সিপিয়া, সিলিকন, প্রেনাম, টেবেকাম, থিয়া, থিরিডি, জিল্প সাল্ফ, জিল্পাম।

আকুষঙ্গিক চিকিৎসা।—নির্ণয়করা সম্ভব হইলে সাক্ষাৎ কারণা মুসারে চিকিৎসা কর্ত্তব্য। যতদুর সম্ভব প্রত্যেক যন্ত্রের স্বাস্থ্য বিধান করিতে হইবে। মূত্রে কোন প্রকার বিকার থাকিলে সংযোধন করার আবশ্রক। অনেক স্থলেই ইহার আবশ্রকতা প্রকাশ পাইবে। প্রত্যেক রোগীর বিশেষ অবস্থামুসারে পথ্যের ব্যবস্থা কর্ত্তব্য। আশু উপশমনের জন্ম মস্তকোপরি শীতল অথবা কথন কর্মন উষ্ণ বন্ধ-বংশুর চাপের ব্যবহার করা ঘাইতে পারে। মেন্থল পেন্নির্ন্তর্শন, এবং অন্থান্থ নানাবিধ বাহ্ প্রয়োগেও উপকার পাওয়া যাইতে পারে। কথন কথন আমাশর এবং অন্তাদির অথবা গ্রীবা পশ্চাতের উপরে মাষ্টার্ড

প্লাষ্টার অথবা অগ্র কোন উষ্ণ প্রয়োগ শির:শূলের স্থপরিবর্ত্তন অথবা নিবারণ করিতে পারে। মধাবিধ আকারের বিহানার্গ বা ইলেক্ট্রোড দ্বারা পাশাপাশি ভাবে এবং সন্মুথ পশ্চাৎভাবে মস্তকোপরি গ্যাল্ভ্যানিক <sub>(</sub> বিহাচ্ছে াত প্রযোজিত করিবে। মৃত্ন স্রোতের ব্যবহার করা উচিত। পাঁচ-মিনিটের অধিক কাল ব্যবহার করিবে না এবং প্রতি পনের অথবা ত্রিশ সেকেণ্ড পাশাপাশি স্রোতের পর্য্যায় ক্রমে দিক পরিবর্ত্তন করিবে। সন্মুথ হইতে পশ্চাতে স্রোত একই দিগভিমুখীন রাথা যাইতে পারে। এক বিত্নান্নাৰ্গ গ্ৰীবাপ\*চাতে বাথিতে হইবে, অন্তটি উভয় চকু মধ্যে নাঞ্চি মূলের উপরে অবস্থিত হইতে পারে। পরীক্ষা দারা স্রোতের দিক নিরূপণ কর্ত্তবা; যে দিগভিমুথে চালিত হইলে রোগী উপশম বোধ করে সেই দিগভিমুথে ইহা ব্যবহার্য্য। ইলেক্ট্রোড যথা স্থানে রক্ষা করিবে, এবং যে পর্যান্ত রোগী বেদনার বুদ্ধি অন্মুভব না করে, ক্রমে কল ঘূর্ণিত করিয়া শক্তির বৃদ্ধি করিতে থাকিবে, পরে যে পর্য্যন্ত, যেন স্বস্তি প্রদান করিতে পারে এরূপ অমুভূতি না জন্মে, অতি ধীরে ও ক্রমামুসারে শব্দির কিঞ্চিৎ হ্রাস করিবে, এবং পরে যে পর্যান্ত স্বস্তির অনুভব বর্ত্তমান থাকে দেই স্থানে রক্ষা করিবে, কিন্তু যাহাই হউক, দশ অথবা পনের মিনিটের অধিককাল রাথা হইবে না. পরে যে পর্যান্ত শক্তির শেষ না হয় ধীরে হ্রাস করিয়া যাইবে। প্রত্যেক পাঁচমিনিটের ব্যবধানের পর পর এই চিকিৎসা ত্বই ছইতে তিন ঘণ্টা পৰ্য্যস্ত দেওয়া যাইতে পারে। অনেক স্থলে ইহা দারা উপকার হইয়াছে। যাহাই হউক, এইরূপ বিসদৃশ চিকিৎসা কোন কারণেই সহজে অবলম্বনীয় নহে। তাহাতে হোমিওপ্যাথিক চিকিৎসকের ওষধ নির্বাচনের প্র্যের অনভ্যাস জ্বিয়া যায় এবং সাধারণেরও হোমিও-প্যাথিতে আস্থার 🎆 উপস্থিত হয়। নিদ্রাকর এবং মাদক ঔষধাদি সম্পূর্ণ নিষিদ্ধ।

## লেক্চার ৩০৪ (LECTURE CCCIV.)

শিরঃপীড়া বা দিফ্যালেল্জিয়া (Cephalalgia, Headache)

বিবরণ ।—ইহা কথন কথন স্বয়ংই একটি মৌলিক রোগ হইতে পারে। শরীরস্থ প্রায় যে কোন যদ্ধের রোগের ইহা প্রধান লক্ষণ অথবা যে কোন বিষের অথবা কোন প্রকৃতির আত্মরোগসংক্রমণের স্ক্লেuto-infection) ফল হইতে পারে। অনেক সময়ে শিরঃশূল সম্পূর্ণরূপেই সাধারণ অথবা মস্তিষ্কীয় অর্কশিরঃশূল ঘটিত শোণিত সঞ্চলন বিশৃদ্ধলাপ্রযুক্ত সংঘটিত হয়। পোষণক্রিয়ার য়ানতা অথবা অনিয়ম কোন বিশেষ প্রকারে ইহা উৎপন্ন করিতে পারে। সংক্ষেপতঃ এই লক্ষণ যে কোন কারণ হইতে উৎপন্ন হইতে পারে।

শিরঃশূল অথবা মন্তক-বেদনার নির্বাচন কোন অংশেই প্রকৃত রোগ-নির্বাচন নহে। সামাত্য কতিপয় রোগে আমরা বাধ্য হইয়া এইরূপ. রোগ নির্বাচন করিয়া থাকি, রোগের কারণ নির্ণয়ের অক্ষমতাই তাহার একমাত্র কারণ। ইহার চিকিৎসা সম্পূর্ণই কারণের উপরে নির্ভর করে। এন্থলেও নানাবিধ প্রতিক্ষিপ্ত উন্তেজনার উৎপত্তির স্থানের বিষয় স্মরণ রাখা উচিত। অস্থারী উপশ্যের জন্তা ব্যতীত শিরঃশূলের চিকিৎসা নিস্ফল। সর্বপ্রকার চিকিৎসাই মূল রোগ অথবা কারণের অপসারণ জন্ত কর্তব্য।

# লেক্চার ৩০৫ (LECTURE CCCV.)

# <sup>®</sup> মৃগী এবং মৃগীবৎরোগ বা এপিলেপ্সি এ<mark>গু</mark> এপিলেপ্টইড্।

#### (EPILEPSY AND EPILEPTOID.)

বিবরণ ।—লক্ষণতত্ত্ব এবং দৃশ্য বা রূপের প্রকাশ সম্বন্ধে এই সকল অবস্থা সমপ্রকার। উৎপত্তির কারণ দারা ইহারা প্রভেদিত হয়। চিকিৎং যদি "এপিলেপ্সি বা মৃগী" নামশ্রবণ করিয়াই সম্ভষ্ট না হয়েন, এবং রোগকে কেবলমাত্র দ্রারোগ্য অথবা ত্রমাইড ইত্যাদির ব্যবহারের উপযুক্ত বলিয়া বিবেচনা করিয়া পরিত্যাগ না করেন, এবং মৃগীবৎ, মৃগীর স্থায় দৃশ্য যুক্ত বা এপিলেপটইড নামে একপ্রকার রোগ বলিয়া গ্রহণ করেন, তাহাতে এই অবস্থার ভাবি ফল অনেকটা শুভ হইতে পারে।

এ অবস্থায় রোগী অনিয়মিত ব্যবধানযুক্ত কালে দৃশুতঃ স্বস্থ থাকিবার পর অনেক সময় ব্যাপিয়া সর্ব্বাঙ্গীন আক্ষেপের সহিত অথবা তদ্বাতীতই অজ্ঞানাচ্চয় থাকে।

মূগীরোগের কারণ।—সম্ভবতঃ বংশামূক্রমিকতাই অধিকাংশ রোগের কারণ। বাহাই হউক ইহা সাক্ষাৎ বংশামূক্রমিকতা নহে। পূর্ব্ব পুরুষদিগের মধ্যে কোনপ্রকার মানসিক অথবা স্নায়বিক রোগ অথবা লাম্পট্যাদি বর্ত্তমান থাকে। মাতার অস্তঃসত্বাকালের কোনপ্রকার হঠাৎ অবসাদ অথবা ভীতির ফল ইহার কারণ হইতে পারে। ইহা সম্পূর্ণ সম্ভব যে প্রসবকালীন অথবা প্রসবের অব্যবহিত পরের কোন ত্র্ঘটনা শিশুর মস্তিষ্কের সামান্ত অপার উপস্থিত করিয়া ভবিদ্যতে মৃগীরোগোৎপন্ন করিতে পারে, অথবা হইতে পারে যে তাহা মৃগীরোগের আরম্ভ মাত্র। শৈশব এবং বাল্যকালের নানাবিধ মস্তিক্ষ-বেষ্ট-মিল্লি এবং মস্তিক্ষের রোগ নিশ্চিতই

মৃগী এবং মৃগীবংরোগ বা এপিলেপ্সি এশু এপিলেপ্টইড্। ২০০১ প্রস্থুত মৃগীরোগের :কারণ। এই সকল রোগের আরোগ্যান্তে তাহারা মন্তিষ্ক বহিরংশ বা কর্টেক্সের অভ্যন্তরে অথবা তদধোদেশে অনেক সময়ে অস্বাভাবিক উপাদানের ক্ষুদ্র ক্ষুদ্র কেন্দ্র রাখিয়া যায়, এবং ইহারাই সর্বাপীন আক্ষেপের প্রবণতা উৎপন্ন করে। উপদংশ ইহা জন্মাইতে পারে। কোন কোন রোগ তক্ষণ সংক্রামক রোগের পরে জন্মে, বিশেষতঃ আরক্ত জরের পরে। হঠাৎ আতঙ্ক মৃগীরোগের আরক্তক কারণ হইতে পারে।

সঙ্কে মুগীবৎরোগের কারণ।—এরূপ কোন প্রকার উত্তেজনা দেখা ষায় না যাহার বহুকাল ব্যাপী ক্রিয়া মূগীবং আক্রমণ উৎপন্ন করিতে পারে না। ক্ষুদ্র বালকদিগের পরিপাকের বিশৃংখলা, বিষ্ঠাপূর্ণ অস্ত্র, দস্তোদ্-ভেদ, এবং জননেক্রিয় অধিকাংশ স্থলে আবগুকীয় উত্তেজনা প্রদান করে। অল্প কিঞ্চিৎ পরের বয়সেও জননে ক্রিয়াদি গুরুতর উত্তেজকরণে বর্ত্তমান থাকে। ফলতঃ স্ত্রা, পুরুষ উভয়েরই এই সকল যন্ত্রের প্রত্যেক প্রকারের উত্তেজনা মুগীবংরোগের প্রধান কারণীভূত অংশ। লিঙ্গ মণিত্বক, ভগাস্কুর, এবং জরায়ু-গ্রীবাই এই দকল যন্ত্রের উত্তেজনার সাধারণ অবস্থান। অথবা দ্বাদশ বৎসরে চক্ষু এই কারণের প্রধান স্থান অধিকার করে। আলোক রশ্মির দিক পরিবর্ত্তন দোষ, বিষম দৃষ্টি (astigmatism) এবং পৈশিক বিকারাদি ইহার প্রধান কারণ। সাধারণতঃ স্থুল বিকারাদি নহে, কিন্তু অপেক্ষাকৃত সামান্তাকার দোষই এই সকল আক্রমণের প্রধান কারণরূপে পরিগণিত। মস্তকের আঘাতাদি অবস্থা ইহার সর্ক্রবাদী সম্মত কারণ। রোগ সংক্রমণ, বিষাক্ততা, উপদংশ, সীদক এবং স্থরাসার প্রভৃতি এই কট্টের সর্ববাদী সম্মত কারণোৎপাদক বলিয়া গণ্য। হৃৎপিত্তের রোগ ইহা উৎপন্ন করিতে পারে। বুদ্ধদিগের মধ্যে ধমনীর কোমল পদার্থ পূর্ণ অর্ব্বুদ রোগ বা এথারমা বৃদ্ধের মৃগী বলিয়া রোগ উৎপন্ন করিতে পারে। জননেন্দ্রিয় ঘটিত অনিয়মাদিতে কোন কোন রোগের কারণ আরোপিত হয়।

ক্ষতাঁক্ষ অথবা অন্ত কোন কারণ দ্বারা পারিধেমিক স্নায়, অথবা স্নায়র শেষ সীমা ক্রিষ্ট হওয়ার উত্তেজনা এই প্রকার সর্বাঙ্গীন আক্ষেপের পৌন-পুনিক আক্রমণ ঘটাইতে পারে।

অনেক সময়ে সরলান্ত্র যথেষ্ট উত্তেজনার কারণ উপস্থিত করে। এ বিষয় স্মরণ রাখিলে কার্য্যক্ষেত্রে পাঠক তাহার ভূরি প্রমাণ প্রাপ্ত হইবেন।

লক্ষণ-তত্ত্ব ।— গ্রন্থকর্ত্তাদিগের মধ্যে সর্ক্রবাদী সম্মতি ক্রমে "গ্রাপ্ত মল" এবং "পেটিট মল" অথবা "কঠিন" এবং "মৃত্যু" আক্রমণ বলিরা তুই প্রক্রস্থার আক্রমণ স্বীকৃত। কঠিন আক্রমণের কতিপর ঘণ্টা অথবা দিবসের পূর্ব্বে পূর্বজ্ঞান স্টক লক্ষণাদি প্রকাশ পায়। তাহারা বিবিধ প্রকৃতির। শিরোঘূর্ণন, সাধারণ অস্বন্তি, মানসিক অবসাদ এবং ন্যুনাধিক সাধারণ কম্প এবং পৈশিক আনর্ত্তন প্রভৃতি সাধারণ পূর্ব্বজ্ঞান স্টেক লক্ষণ মধ্যে গণ্য। আক্রমণের সামান্ত কতিপন্ন সেকেণ্ড পূর্ব্বে, অনেক স্থলে একটিমাত্র বিশেষ প্রকৃতির গতিদ, অমুভবনীয় (sensory), শোণিত-যন্ত্রচালক, প্রাবকর. আধ্যাত্মিক অথবা দৃষ্টি সংস্ঠ লক্ষণ উপস্থিত হইবে।

ব্যক্তি বিশেষের প্রত্যেক আক্রমণের পুর্বেই সম লক্ষণ উপস্থিত হয়।
এই লক্ষণ (সরসর ইত্যাদি ভাবের অন্নভৃতি) "অরা" বলিয়া অভিহিত
হয়। কখন কখন অরা উপস্থিত হইতে পারে এবং পরে অতি সামান্ত
আক্রমণ হইতে পারে। 'অরা' উপস্থিত হইলে যদি উপযুক্ত উপাঃ
অবলম্বন করা যায় ইহা সম্ভব যে কোন কোন স্থলে অনুমিত আক্রমণে
বাধা জন্মে। প্রত্যেক রোগের পরীক্ষা দারা উপযুক্ত উপায় নির্দারণে
আবশ্রক।

অরার অব্যবহিত পরে আক্রমণ হঠাৎ উপস্থিত হয়, অথা অরা ব্যতীতই সংঘটিত হয়। রোগী যে অবস্থানেই থাকে অথবা যাহা করে তদবস্থাতেই অজ্ঞান হইয়া পড়ে। সাধারণ পৈশিক কাঠিছ জন্মে

মুগী এবং মুগীবংরোগ বা এপিলেপুদি এণ্ড এপিলেপ্টইড্। ২৩৩৩ চকু সাক্ষাৎ উদ্ধাভিমুধে অথবা তীৰ্য্যক ভাবে ঘূৰ্ণিত, মস্তক একপাৰ্যে আবৰ্ত্তিত অথবা পশ্চাতে আরুষ্ট হয়, সমস্থায়ী সাধারণ বলবৎ আক্ষেপ ঘটে। ইহাতে খাস-প্রখাস-পেশীও আক্রান্ত হয়, এক সেকেণ্ডের জন্ম তাহার রোধ ঘটে. তাহার পরে সাধারণতঃ একটি চিৎকার অথবা সবল অথবা প্রতিরুদ্ধ (muffled) রব উপস্থিত হয়। মুখমণ্ডল পাণ্ডুর দেখায়। কণীনিকা প্রসারিত এবং আলোকে প্রতিক্রিয়াহীন থাকে। অঙ্গাদি সংস্কৃচিত অথবা প্রসারিত, হুন্ত মৃষ্টি বন্ধ থাকিতে পারে। কিন্তু এক সময়েই মন্তক, উর্দ্ধ এবং নিয়াঙ্গে সক্ষোচন থাকা সাধারণ ঘটনা নহে। ত্রিশ হইতে বাইট সেকেণ্ডের মধ্যে মুখ মণ্ডল লোহিত বর্ণ ধারণ করে, জিহ্বা উভয় দস্ত পাটি মধ্যে প্রধাবিত হয়, কম্প দেখা দেয়, এবং পায় তৎক্ষণাৎই প্রায় প্রত্যেক পেশীতেই অনিয়মিত ক্ষণিক আক্ষেপ উপস্থিত হয়; মুধমণ্ডল ঈষৎ নীল অথবা নীল-লোহিত হয়, পরে প্রায় তৎক্ষণাৎই স্বাভাবিক বর্ণগ্রহণ করিতে আরম্ভ করে। ক্ষণিক আক্ষেপ যে আনর্ত্তন এবং ঝাঁকি উপস্থিত করে. তাহা প্রায় লয়সংযুক্ত এবং এক হইতে তিন মিনিট পর্যান্ত সংখ্যায়• বর্দ্ধিত হয়। খাদ-প্রখাদ অধিকতর দ্রুত এবং উচ্চ শব্দবুক্ত হয়, পরে আনর্ত্তনাদি ক্রেমে ক্রমে হ্রাস প্রাপ্ত হইয়া বন্ধ হইয়া যায়। শরীর ঘর্মসিক্ত এবং শিথিল হয়। রোগী চক্ষু উন্মুক্ত করিতে পারে, উঠিয়া বসিয়া কি হইয়াছে বলিয়া বিশ্বয় প্রকাশ ক্রিতে পারে, এবং সম্পূর্ণ স্থন্থ বলিয়া অনুমিত হইতে পারে। যাহা হউক, অধিক সংখ্যক রোগেই, রোগী চকু উন্মুক্ত করে, কিন্তু কিছুই বৃঝিতে পারে না, তৎক্ষণাৎ নিদ্রিত হইয়া পড়ে, যদি জাগরিত করা যায় গোলমেলে এবং হতভম্ব অবস্থায় থাকে, এবং অচিরাৎ পুনর্কার গভীর নিদ্রাগ্রস্ত হয়। যদি তদ্রপ না হয়, রোগীর মানসিক বিশৃঙ্খলা এবং বৃদ্ধিভট্টতা ঘটে, শিরঃ-শূল জন্মে, এবং রোগী কিঞ্চিৎ থঞ্জ বলিয়া বোধ করে। নিদ্রা কতিপন্ন ঘণ্টা স্থায়ী হইতে পারে। অনেক সময়ে রজনীতে আক্রমণ হয়, এবং দম্ভ মধ্যে

চর্বিত জিহবা স্থানের টাটানি, এবং গৈশিপ বেদনা ও খঞ্জতার অমুভূতি ব্যতীত ইহার সম্বন্ধে অন্ত কোন জ্ঞান থাকে না, সর্বাঙ্গীন আক্ষেপের নির্তিকালে বমন হইতে পারে।

শরীর তাপ কিঞ্চিৎ বর্দ্ধিত হইতে পারে। আক্রমণকালে, এবং পরেও কতিপন্ন মিনিটের জন্য সর্কপ্রকার প্রতিক্রিন্নাই অনুপস্থিত থাকে; তথাপি কোন কোন স্থলে ইহাদিগের বৃদ্ধি হইতে পারে, কিন্তু ইহা অতি বিরল ঘটনা। স্বক এবং শ্লৈমিক ঝিল্লিতে কৈশিকরক্ত-বহানাড়ী হইতে কিঞ্চিৎ রক্ত-স্রাব ঘটিতে পারে।

আক্রমণের পর সাধারণ পৈশিক হর্কলতা ঘটিলে তাহা অতি
শ্বরুষায়ী হয়, ইহা গতিপ্রাদ সায়ুর মন্তিক্ষ-বাহস্তরাংশ বা কর্টেক্সের
ক্ষণস্থায়ী বলক্ষরের ফল মাত্র; বিলক্ষণ অধিককাল স্থায়ী হইলে ইহা
মন্তিকীয় অপায়ের নির্দেশ করে, যাহা মৃগী অপেক্ষা বরঞ্চ সর্কাঙ্গীন
আক্ষেপ উৎপন্ন করে।

এ প্রকার রোগও দৃষ্টি গোচর হয় বাহাতে রোগী হঠাৎ শক্ষ প্রদান করিয়া উঠে, এবং কিঞ্চিৎ দূর দৌড়াইয়া বায় এবং পরে পতিত হয়। রোগীর এই প্রকার আক্রমণ হইতে পরে, এবং অন্যান্য সময়ে আদর্শ আক্রমণ সংঘটিত হয়। সকল সময়ে সম্পূর্ণ আদর্শ আক্রমণ হয় না। যে কোন প্রকার পরিবর্ত্তন ঘটিতে পারে। একই ব্যক্তির ভিন্ন ভিন্ন সময়ে পরিবর্ত্তিত অথবা পূর্ণ আক্রমণ সংঘটিত হইতে পারে।

পেটি মল।—অর্থাৎ মৃত্র আক্রমণ হঠাৎ জ্ঞানের লোপ ব্যতীত আর কিছুই নহে। ইহাতে রোগী পতিত হইতে, অথবা টলিতেও না পারে। অরা বা বিশেষ প্রকারের পূর্বামুভূতি হইতে অথবা নাও হইতে পারে, সাধারণতঃই হয় না; রোগী মাত্র সামাত্র সমস্বের জ্ঞাসম্পূর্ণ অজ্ঞান হয়। এমন রোগীও নিতান্ত অসাধারণ নহে যাহাদিগের মোটেই উপলব্ধি জ্বন্মে না যে তাহাদিগের আক্রমণ হইয়াছিল। সাধারণতঃ

মৃগী এবং মৃগীবংরোগ বা এপিলেপ্সি এগু এপিলেপ্টইড্। ২০০৫
মুখমণ্ডল কিঞ্চিং পাণ্ডর হী, চক্ষু স্থির থাকে, এবং চক্ষু এবং ওঠের
সামান্তাকার আনর্ত্তন দেখা যাইতে পারে। এইরূপ হইতে পূর্ণ আদর্শ
পর্যাস্ত বে কোন পরিমাণ আক্রমণ হইতে পারে। কোন নির্দিষ্ট অবস্থার
তাহারা মৃত্ থাকে না এবং গুরুতর আক্রমণে পর্যাবসিত হয়।

ইহার সংস্রবে যে গুল্মবায়ুর সর্কাঙ্গীণ আক্ষেপ উপস্থিত হয় তাহা হিষ্টার-এপিলেপ্সি বা গুল্মবাস্থ্য সংস্থ মূগী বিদ্যা অভিহিত। ইহার আক্রমণের পূর্বে অরা হইতে অথবা না হইতেও পারে। ইহার হঠাৎ সংঘটন হয়, কিন্তু অনেক সময়েই ইহা কোন প্রকার ভাব বৈপরিত্বের প্রায় অব্যবহিত পর্যে অত্মগমন করে; যাহাই হউক, সর্ক-স্থলে নছে। নিজাবস্থায় এরূপ আক্রমণ হয় না। রোগী সম্পূর্ণ একা অথবা কাহারও শ্রবণের অতীত দূরবন্তী স্থানে থাকিলে সম্ভবতঃ ইহার সংঘটন হুইলেও অতি কচিৎই হয়। জ্ঞানের সম্পূর্ণ অভাব হয় না। অনেক সময়েই স্পষ্টতর পশ্চাৎ বক্রতা সহ সর্বাঙ্গীন আক্ষেপ হয়। সাধারণতঃ মন্তক, উদ্ধান্ধ, এবং নিমান্ধ প্রভৃতি সকলই প্রসারিত অথবা সমকালেই কঠিনাবদ্ধ হয়; হস্ত মৃষ্টি বদ্ধ হইতে পারে, কিন্তু সাধারণতঃ উদ্ধাঙ্গের প্রসারিত অথবা সংকুচিত অবস্থার অমুগমনে প্রসারিত অথবা মুষ্টিবদ্ধ থাকে। সর্বাঙ্গীণ আক্ষেপ সাধারণতঃ আদর্শ অবস্থার অমুসরণ করে না, যদিও পারে। ক্ষণিক আক্ষেপ এবং তত্ত্ৎপন্ন চালনাদি এরূপ যে তাহা ইচ্ছামুসারিণী চেষ্টা দ্বারাও সাধিত করা সম্ভব হ**ই**তে পারে। চক্ষ্-গোলকের আনর্ত্তন অথবা বাঁকি হয় না। কচিৎ অনৈচ্ছিক মল-মূত্রের ত্যাগ হয়। আক্রমণ দীর্ঘস্থায়ী হইতে পারে। একই ব্যক্তির ভিন্ন ভিন্ন আক্রমণের মধ্যে অনেক প্রভেদ হইতে পারে। শিথিল অবস্থা সাধারণতঃ নিজার অবস্থা নহে। নিয়ম এই ষে রোগী গভীর নিজাগ্রস্ত হইতে পারে, অথবা নিদ্রা যথেষ্ট নাও হইতে পারে। প্রতিক্ষেপাদি বর্তমান থাকে. আলোকে চক্ষুর প্রতিক্রিয়া হয়।

স্ক্রাদ্বীণ আক্ষেপের স্থলে, অথবা তাহার অব্যবহিত পরে, এক প্রকার মানসিক অবস্থা জন্মিতে পারে, যাহাতে রোগী দৃৠতঃ বুদ্ধির সহিত অনেক কার্য্য করে, যাহা কথন কথন অত্যন্ত কঠিন এবং জটিল, কিন্তু পরে ইহার কিঞ্চিৎ মাত্রও স্মরণ থাকে না; অর্থাৎ, রোগী অর সময়ের জন্ম স্মপ্র-স্প্রবাদ্ধর ( somnambulism ) অবস্থায় থাকে। আক্রমণের পরে অতি শীঘ্র স্পষ্টতর মানসিক লক্ষণ—অসংলগ্ন কথা এবং চিস্তা উপস্থিত হইতে পারে। বোধ হয় যেন রোগী সম্পূর্ণ বৃদ্ধি এবং আত্মসংষম হারাইম্নাছে, সে চুরি, অথবা অন্ত কোন পাপের কার্য্য করিতে পারি, অথবা উলঙ্গ হইতে পারে, অথবা সে যে স্থানেই থাকুক পরিহিত বস্ত্র পরিত্যাগ করিতে পারে; অর্থাৎ অল্প সময়ের জন্ম রোগী বাতুলতাগ্রস্ত হয়। স্পষ্টতর ভ্রমদৃষ্টি, উদাসীন্ত, অথব। বৃদ্ধির হ্রাস (dementia) উপস্থিত হইতে পারে, তাহাতে কখন কখন রোগী অতীব গুরুতর পাপ-কার্য্য করে। এই অবস্থা কতিপয় ঘণ্টা অথবা সপ্তাহ পর্যান্ত স্থায়ী হইতে পারে। ইহা অন্তর্দান করিলে যাহা সংঘটিত হইয়াছিল রোগীর কিছুই শ্বরণ থাকে না। সর্কান্দীণ আক্ষেপ ব্যতীতই এইব্রপ অবস্থা উপস্থিত হইতে পারে; বোধ হয় যেন সর্ব্বাঙ্গীণ আক্ষেপের স্থলে উপস্থিত হয়।

জ্যাক্সোনিয়ান এপিলেপ্সি বা মৃগী—মন্তিক্ষের গতিদচ্ছদাংশের (cortex) উত্তেজনা দ্বারা সংঘটিত এক প্রকার মৃগী রোগ।
মন্তিক্ষ-চ্ছদের এই অংশের রুগ অবস্থা, ইহার কারণ হইতে পারে, অথবা
ইহা আঘাতের ফল স্বরূপও জানিতে পারে। সম্ভবতঃ প্রায় সর্বস্থলেই কোন
প্রকার "অরা" ব্যতীত, এক পার্শ্বে মাত্রে, কোন পেশীদলে একটি আক্ষেপ
উপস্থিত হয়। ইহার পরে অনেক সময়ে উপরি উক্ত সম্পূর্ণ অর্দ্ধ পার্শ্বে
আক্ষেপ দেখা দেয়, এবং কিছুতেই স্বর্গ সময়ে নহে, সর্বাদীণ আক্ষেপে শেষ
হয়। ইহা মুথমগুল, কর, উর্দ্ধাক্ষ অথবা নিয়াক্ষে আরম্ভ হইতে পারে।
ইহা ভিন্ন গতিদ মন্তিক্ষচ্ছদাংশের কেক্সাহুসারে বিভ্ত হয়। সাধারণতঃ

মৃগী এবং মৃগীৰংক্ষেপ্যু বা এপিলেপ্সি এশু এপিলেপ্টইড্। ২৩০৭ প্রথমে ইহা একটি বলবৎ আক্ষেপ থাকিয়া, পরে ক্ষণিক আক্ষেপে পর্যাবদিত হয়। ইহা এক অঙ্গে সীমা বন্ধ থাকিতে পারে, এরূপ স্থলে চৈতত্তের অভাব হয় না। ইহা যদি শরীরের সম্পূর্ণ এক পার্শ আক্রমণ করে, অনেক সময়েই চৈতন্তের লোপ ঘটে। যদি সম্পূর্ণ শরীর আক্রান্ত হয়, প্রায় সর্বান্তলেই সম্পূর্ণ অচৈতত্ত ঘটে। কেহ কেহ ইহাকে গুলা-বায়ু বলিয়া মত প্রকাশ করিয়াছেন। গুল্ম-বায়ুর স্থানিক আক্ষেপ জ্যাক্-সনিয়ন হইতে এতাদৃশ ভিন্নতা যুক্ত, এবং এতাদৃশ গুল্মবায়ুর প্রাকৃতি বিশিষ্ট যে তাহার। কচিৎ উপযুক্ত রূপে এক বলিয়া গৃহীত হইতে পারে। সুরা-সার এবং সীসকবিষাক্ততা কখন কখন এরূপ শ্রেণীবদ্ধ আক্রেপিক আক্রমণ উৎপন্ন করে যাহা এই শ্রেণির রোগ সহ সম্বন্ধ যুক্ত হইতে পারে। অল্প সময়ের জন্ম সর্বস্থেলেই প্রথমে আক্রান্ত পেশীতে এবং ঘটনাধীনে সম্পূর্ণ পার্ষে পক্ষাঘাত জন্ম। যাহা প্রথমে আক্রান্ত হয়, সর্ব্ব শেষে আরোগ্য লাভ করে। আক্রমণের সংখ্যা অত্যধিক হইলে পক্ষাঘাত স্থায়িত্ব লাভ করে। অপিচ স্থায়ী পক্ষাঘাতের সময় পক্ষাঘাতযুক্ত পেশীতে আক্রমণ আরম্ভ হইয়া 'অক্সান্স পেশীতে বিস্তৃত হইতে পারে।

মৃগী-রোগাৰস্থা বা প্রেটাস্ এপিলেপ্টিকাস, এরপ একটি অবস্থা যাহাতে ন্যাধিক কালের জন্ত স্বশ্নতর ব্যবধানে ক্রমাগত মৃগীর আক্রমণ হইতে থাকে। তাহাদিগের ব্যবধান স্বশ্ন কতিপর মিন্ট্রিট মাত্র হইতে পারে, অথব তাহারা অর্দ্ধ ঘণ্টা অথবা এক ঘণ্টা অথবা দীর্ঘতর ব্যবধানে ঘটিতে পারে এই অবস্থার বর্ত্তমানতার সম্ভবতঃ শরীর তাপ ২০ হইতে ৪০ ফারেন হাইনি প্রয়ন্ত বর্দ্ধিত হয়।

হস্ত এবং পদের পারিধেয়িক অংশের ক্ষত হইতে উত্তেজনার প্রতিক্ষে ঘটিত রোগে সাধারণতঃ একরপ "অরা" উপস্থিত হয়, যাহাতে ক্ষত হা হইতে কোন প্রকার বিশেষ অনুভূতি অথবা আনর্ত্তন আরম্ভ হা কিয়ৎকালের জন্ম ইহা আরম্ভের স্থানের বাহিরে না যাইতে পার

পরের আক্রমণে ক্রমে ক্রমে দেহ-কাণ্ডের নিকটতর দেশে বিস্তৃত হওয়ার প্রবণতা জন্মে, এবং অবশেষে অচৈতন্ত এবং সম্পূর্ণ আক্রমণ উপস্থিত হয়। ক্ষতবৃক্ত অঙ্গের পক্ষাবাত আক্রমণের পরে স্বল্পকাল থাকে। সমগ্র সময়ের জন্তই ক্ষত প্রায় স্পর্শাসহিষ্ণু থাকে। যে কোন প্রকারে ক্ষতাঙ্কে আঘাত লাগিলে অথবা বাথা দিলে আক্রমণ আনিতে পারে। পক্ষান্তরে, যথন "অরার" অন্থভূতি জন্মে, অঙ্গের যে স্থান পর্যান্ত অরা উঠিয়াছে তাহার উর্দ্ধে, অঙ্গ বেড়িয়া স্ত্র অথবা পাটর বন্ধন অনেক আক্রমণের নিবারণ রাখিয়াছে বিলয়া অন্থমান করা যায়।

মুগীরোগগ্রস্ত ব্যক্তির, অনেক আক্রমণের পরেও মানসিক অবস্থা স্বাভাবিক, এমন কি উন্নত থাকিতে পারে।

অনেক স্থলে সাধারণ কোন অপকৃষ্টতার চিহ্ন উপস্থিত হয় এবং কোন কোন স্থলে ইহার শেষ ফল স্বরূপ স্থায়ী উন্মাদরোগ, বৃদ্ধির হ্রাস অথবা জড়তা জন্মে। অবশ্রুই এই সকল রোগীর সর্বস্থলেই মস্তিদ্ধ-রোগ উপস্থিত থাকে।

পক্ষাস্তরে ক্ষীণবৃদ্ধির বালকও অনেক সময়ে মৃগীদ্বারা আক্রান্ত হয়।
কোন কোন স্থলে ক্ষীণ বৃদ্ধির বালক মৃগীরোগাক্রমণের বিনিময়ে
অথবা সমত্ল্যরূপে, ন্যুনাধিক স্পষ্টতর উন্মাদ রোগাক্রান্ত হয় এবং এই
অবস্থায় তাহার আত্মসংযমে ক্ষমতার সম্পূর্ণ অভাব ঘটে এবং সে কর্ত্তব্যাকর্ত্তব্য জ্ঞান শৃষ্ট হয়। এইরূপ আক্রমণের সময়ে সে গুরুত্র অপরাধের
কার্যা করিতে পারে।

এক্ল্যাম্সিয়া বা বিশেষ প্রকারের আক্রেপ—শিশু এবং গর্ভবতী স্ত্রীলোকদিগের অন্তঃসন্থাবস্থায় এবং প্রসবান্তে অথবা প্রসব-কালে বে সর্বাদ্ধীন আক্রেপ হয় তাহা এই নামে কথিত।

শিশুদিগের মধ্যে এই আক্রমণ মৃগীরোগ তুল্য। শিশুদিগের অনেক তরুণ সংক্রামক রোগ সর্বাদীন আক্রেপের আক্রমণ বারা আনীত হইরা মৃগী এবং মৃগীবৎরোধ বা এপিলেপ্সি এপ্ত এপিলেপ্টইড্। ২৩৩৯ থাকে। আমাশরের রোগ, অথবা অস্ত্র পথের রোগ, আমাশর অথবা অস্ত্রপথের রুমি, সরলান্ত্র অথবা সন্নিহিত অংশাদির আল্পিনবং কুমি প্রভৃতি ইহার কারণ হুইতে পারে। আহার্যের দোষ, যেমন অপক ফলাহার, অনেক সমরে আক্রমণ উপস্থিত করে।

দস্তোদ্গমকালে ইহার আক্রমণ অতি সাধারণ, কিন্তু দ্বিতীয় দস্তোদ্গমকালে প্রথমের ন্থায় সাধারণ নহে। বালান্থিবিকারের ভোগ কালে অনেক সময়েই সর্বাঙ্গীণ আক্রেপের পৌনঃপুনিক আক্রমণ সংঘটিত হয়। অন্তবৃদ্ধি (hemia), বিশেষতঃ কুচকির (inguinal) অন্তবৃদ্ধিও ইহা উৎপন্ন করিতে পারে। এই সকল সর্বাঙ্গীন আক্রেপ, ভাব-বিপর্যায় অথবা অবসাদের ফলস্বরূপও আসিতে পারে। এমন অনেক রোগ দেখিতে পাওয়া যায় যাহাতে কোন প্রকার কারণের নির্দেশ করা যায় না।

এই সকল আক্রমণ মৃগীর আক্রমণের সমতুল্য হইয়াও কচিৎ সম্পূর্ণতা পায়। অনেক সময়েই জ্ঞানের সম্পূর্ণ অভাব হয় না। যাহাই হউক, প্রধান কথা এই যে এক অথবা ছইটি আক্রমণের পর্য্যবেক্ষণ দ্বারা ইহা দিগকে প্রভেদিত করা অসম্ভব।

অনেক স্থলে, কিন্তু এই একটিনাত্র আক্রমণ হয়, এক হইতে আঠা মাসের নাুনাধিক ব্যবধানে অনেক সময়ে তাহা পুনরাবর্তন করে।

শিশুদিগের ক্রমাগত অনেকগুলি এইরপু আক্রমণ হইলে সম্ভব তাহারা প্রকৃত মৃগী রোগাক্রান্ত হয় অথবা অধিক বয়সে তাহাদিগের গুণ বায়ু-রোগ জন্মে।

প্রদাবসংস্ষ্ট রোগাদি প্রায় দর্কস্থলেই তঙ্কণ বৃক্ক-প্রদাহে আরোগি হয়, যাহাই হউক তাহারা মৃত্র-নদীর (ureters) উপরে জরায়্র চ বশতঃ ঘটিতে পারে অথবা, সম্ভবতঃ, কিন্তু কচিৎ, পুরাতন বৃক্ক-প্রদাদে ফলস্বরূপ হইতে পারে। মূলতঃ তাহারা মৃত্র-বিষাক্ততা হইতে জন্ম।

সর্বস্থলেই ইহার ভাবীফল অতীব গুরুতর।

প্রস্বসংস্প্ররোগের চিকিৎসা স্নায়্-রোগবিদ চিকিৎসকের কর্ত্তব্য মধ্যে গণ্য নহে। ফলতঃ এরপে আশুপ্রাণ ঘাতী ভীষণ দৃশু রোগের ঔষধনির্বাচনের যে উপযুক্ত সময়াভাব ঘটে, কেবল তাহাই নহে, এরপ সংকটাবস্থায় তত্ত্পরি সম্পূর্ণ নির্ভব করাও কঠিন হইয়া পড়ে। এজন্ত অধিকাংশস্থলেই অবিলম্বে প্রস্বব সমাধানার্থ বিশেষজ্ঞের আশ্রয় গ্রহণের আবশ্রক। এস্থলে আমরা এ বিষয়ে মহাজন নির্দ্দিষ্ট কতিপয় বিষয়ের নিম্নে উল্লেখ মাত্র করিলাম ঃ—

- ক) যত শীঘ্র সম্ভব জরায়ু শৃত্য করার আবশ্যক।
- (খ) বাস্ত হইতে রক্ত-মোক্ষণে উপকার হইতে পারে।
- (গ) ক্লোরোফর্মের প্রয়োগ স্পর্শলোপ পর্যান্ত চালাইয়া আক্ষেপ নিবা-রণের আবশ্যক হইতে পারে।
- (গ) ক্লোরালহাইড্রেট অথবা ব্রোমাইড, অথবা উভয়ের মিশ্রের প্রয়োগ উৎকৃষ্টতর কার্য্য করিতে পারে।

অপিচ ভিরেট্রাম ভিরিডি (নর উডের অরিষ্ট) চারি 
হইতে পাঁচবিন্দু মাত্রায় প্রত্যেক পনের হইতে ত্রিশ মিনিট পর পর
প্রয়োগে অনেকের জীবন রক্ষা হইয়াছে। স্যাবিনা অরিষ্ট পাঁচ

হইতে বিশ বিন্দু মাত্রায় প্রত্যেক পনের হইতে ত্রিশ মিনিট পর পর
অনেক হলে উপকার করিয়াছে।

রোগ-নির্বাচন। — একটি মাত্র আক্রমণ ইইতে রোগ-নির্বাচন
সম্ভব হয় না। যত্নপূর্বক আত্যোপাস্ত রোগবিবরণ গ্রহণের আবশুক।
ইহার সহিত অনেকগুলি আক্রমণের প্রত্যেকের পূর্ব্ব চবিবশ ঘণ্টার সমস্ত
ঘটনার বিশেষ বর্ণনা গ্রহণ করিতে হইবে। অব্যবহিত পূর্ব্বে এবং প্রত্যেক
আক্রমণের অবস্থায় সম্ভবতঃ ঠিক যাহা ঘটিয়াছিল সম্ভব হইলে পুংথামুপুংথরূপে তাহার বিশেষ বর্ণনার আবশুক হইবে, আক্রমণের স্থায়িত্বকাল এবং
সম্পূর্ণ আরোগ্য কাল পর্যান্ত সমস্ত অবস্থা ইহার সহিত থাকিবে।

মৃগী এবং মৃগীবংরোগ্ন বা এপিলেপ্সি এও এপিলেপ্টইড্। ২৩৪১

এই বিবরণে রোগীর আক্রমণাদির ব্যবধানকালীন অবস্থাও বিশেষরূপে উল্লিখিত হইবে। পিতা-মাতা হইতে সম্ভবিত পূর্ব্ববর্ত্তক কারণাদির
বিষয়ও পুংখামুপুংখরূপে লিখিতে হইবে। অর্থাৎ সাধারণ রোগ নির্বাচন
পদ্ধতিতে উল্লিখিত সম্পূর্ণ বিবরণ থাকিবে। প্রত্যেক রোগীর সমগ্র শারীরিক
এবং প্রত্যেক যন্ত্রের প্রাকৃতিক পরীক্ষার উল্লেখের আবশ্রক।

মৃগী এবং মৃগীবৎ রোগ (Epileptoid) মধ্যে মাত্র প্রভেদ এই যে প্রক্কত মৃগীতে রোগোৎপাদনের উপযুক্ত কোন সাক্ষাৎ কারণ থাকে না অথবা উত্তেজনার কোন উৎপত্তি-স্থানও দেখিতে পাওয়া যায় না; অর্থাৎ উপস্থিত কোন স্বাস্থ্যবিশৃংথলা অথবা সাক্ষাৎ অথবা প্রতিক্ষিপ্ত ক্ষাবস্থা বিবেচনার বিষয় হয় না। মৃগীবৎরোগে নির্বাচনোপযুক্ত উৎপত্তির কারণ উপস্থিত থাকে। ধরিতে গেলে ইহা একরপ কায়নিক প্রভেদ, কিন্তু কার্যাতঃ ভাবীফল সম্বন্ধে ইহার প্রভুত ক্ষমতা আছে। একবার বদি কারণাদির স্বতন্ত্রীকরণের কর্ত্বব্যতা বিষয়ে দৃঢ় ধারণা জন্মে বহুসংখ্যক রোগী আবশ্রকীয় চিকিৎসাধীনে আসিয়া আরোগ্যলাভ করিবে; এই প্রভেদের আবশ্যকতা-বোধ ব্যতীত তাহা হইত না।

শক্ষণ সহ পরিকাররূপে উল্লিখিত হইরাছে। মন্তিক্ষের যদি ক্ষেনার্ম্গীলক্ষণ সহ পরিকাররূপে উল্লিখিত হইরাছে। মন্তিক্ষের যদি কোন যন্ত্রগত রোগ উপস্থিত থাকে, সম্ভবতঃ আক্রমণাদির স্থায়িত্ব সহজ্ঞ মৃগী হইতে যক্ষণ হয়, তদপেক্ষা দীর্ঘতর হইবে। যে কোন স্থলে সর্ব্বাঙ্গীণ আক্ষেপের স্থায়িত্ব দশ মিনিটাপেক্ষা অধিকতর হয়, বিশেষ যত্নের সহিত মন্তিকীয় রোগের প্রমাণ জন্ম পরীক্ষার আবশ্যক। ইহাতে আক্রমণাদির ব্যবধান কালেও মন্তিক্ষ রোগের প্রমাণ উপস্থিত থাকিবে, কিন্তু মৃগীরোগে থাকিবে না।

প্রকৃত মৃগী এবং মস্তিক্ষের ষম্ভগত রোগ যুগপৎ উপস্থিত থাকিতে পারে। একই রোগীতে প্রকৃত মৃগী এবং প্রতিক্ষিপ্ত উত্তেজনা অথবা তত্ত্ৎপাদক কারণ উভয়ই উপস্থিত থাকিতে পারে। এই সকল অবস্থাধীনে কেবল পরীক্ষামূলক (tentative) রোগ নির্বাচন করিতে হইবে।

একই সময়ে প্রকৃত মৃগী এবং গুলাবায়ু উপস্থিত থাকিতে পারে, অথবা ।
মৃগীবৎ রোগ এবং গুলাবায়ু একসঙ্গে জন্মিতে পারে।

মৃগীরোগের নির্বাচনের পূর্বে বিলক্ষণ যত্ন, সাবধানতা এবং অতি কঠিন পরীক্ষা এবং অনুসন্ধানের আবগুক।

ভাবীফল।—প্রকৃত মৃগী সম্বন্ধে ইহা সর্বস্থলেই সন্দেহ জনক।
বোগী সহজে মৃত্যুগ্রাসে পতিত হয় না, কিন্তু অপেক্ষাকৃত শতকরা অল্প
সংখ্যক বোগই আবোগ্য হইয়া থাকে।

জ্যাক্সোনিয়ান মৃগীরোগে অনেক স্থলে অস্ত্র-চিকিৎসা সফল হইয়াছে।

শিশু-স্থৃতিকাক্ষেপে ভাবীফল মঙ্গল জনক বলিয়া কথিত। আক্রমণের সংখ্যা এবং কাঠিন্স যতই অধিকতর, আরোগ্যের সম্ভাবনা তদমুপাতে অধিকতর সন্দেহ জনক।

আক্রমণ যদি ক্রম বর্দ্ধিত ব্যবধানে উপস্থিতির এবং সমানরপে শ্বরতর কঠিন হওয়ার ব্যবস্থা করিতে পারা যায়, আরোগ্যের সন্তাবনা আশাপ্রদ হয়। রোগীর যদি অনেক দিন ব্যাপী কেবল অতি স্বল্লাকার আক্রমণ হয়, এবং পরে ধারাবাহিকরপে এবং, বরঞ্চ শীঘ্র শীঘ্র, পরপর এবং, এমন কি অতি কঠিন আক্রমণও স্থিরভাবের উন্নতির বিরোধিতা প্রকাশ করে না। আক্রমণের বিরিতি অবস্থায় অতি কম তিন বংসর অতিবাহিত না হইলে, রোগ আরোগ্য হইয়াছে বলিয়া বিবেচিত হয় না।

চিকিৎসা-তত্ত্ব।—বলা বাহুল্য ইহার চিকিৎসার রোগী বা রোগ বিষয়ক সম্পূর্ণ বিষরণ এবং পরীক্ষা প্রথম বিষেচ্য। অপিচ বর্ত্তমান লক্ষণাদি দ্বারা নির্দ্ধারণের আবগুক যে রোগ প্রকৃত মৃগী অথবা মৃগীবং আক্রমণ। রোগপ্রকৃত মৃগী হইলে হোমিওপ্যাথিক চিকিৎসা পদ্ধতি মৃগী এবং মৃগীবংরোগ্রা এপিলেপ্সি এশু এপিলেপ্টইড্। ২৩৪৩ ব্যতীত উপান্নান্তর দেখা বান্ন না। ফলতঃ বাহা কিছু ফলাশা করা বান্ন অন্ত কোন পদ্ধতি হইতে তাহা সম্ভবপর নহে।

আমরা নিম্নে মৃগীরোগ চিকিৎসা সম্বন্ধে যে সকল ঔষধের উল্লেখ করিব, বলা বাহুল্য যে তাহাদিগের নির্ব্বাচনে রোগী এবং ঔষধাদির বিশেষ ধাতুগত সম্বন্ধের পরিচয়ের আবশুক। ফলতঃ চিকিৎসকের স্মরণ রাথার আবশুক যে কেবল সাধারণ লক্ষণগত সাদৃশ্রের উপরে নির্ভর করিয়া মৃগীরোগ চিকিৎসায় সাফল্য লাভ হয় না।

বংশ পরম্পরাগত স্বভাব, পূর্ব-রোগপ্রবণতা, কোন প্রকার রক্তদোষ অথবা রক্ত বিষাক্ততা, ধাতুপ্রকৃতি, অভ্যাসগত ব্যবহার, রোগের হ্রাস-বৃদ্ধির কারণাদি, প্রকৃতপক্ষে প্রত্যেক বিষয় যাহা কিছু রোগীকে সমকক্ষ রোগী হইতে পৃথগ্ভূত করিবার উপযুক্ত তৎসমুদরই যত্নপূর্বক প্রেণিবদ্ধরূপে তালিকাভূক্ত করিতে হইবে, এবং পরে যে ঔষধ সম্পূর্ণ রোগসহ সর্বাপেক্ষা নিকটতর সাদৃশ্য প্রকাশ করিবে মাসের পর মাস মাস তাহা নাছোড়-বান্দা ভাবে চালাইতে হইবে। উপযুক্ত যত্নের সহিত ঔষধ নির্বাচিত হইলে তাহা পুনঃ পুনঃ পরিবর্তনের কোনই কারণ দেখা ষায় না, কিন্তু কেবল তাহাই নহে, এরূপ পরিবর্তনের কোনই কারণ দেখা ষায় না, কিন্তু কেবল তাহাই নহে, এরূপ পরিবর্তনে নিশ্চিত অনিষ্ঠ সাধিত হয়। এই ভয়াবহ রোগে উচ্চতর ক্রমের ঔষধ সর্ব্ববাদী সম্মতি ক্রমে প্রশংসিত হইয়াছে।

ক্যাল্কেরিয়া কার্বিণিকা—সর্বস্থলে না হইলেও অধিকতর সমরে মৃগীরোগের মূলে কোন না কোন প্রকার ধাতু দোষ অথবা রক্ত রোগ থাকে, তজ্জপ্ত মৃগীরোগ চিকিৎসায় ধাতৃবিকারের চিকিৎসার আবশুকতা জন্মে। বালান্থি বিকার ঘটিত, গুটিকোৎপত্তি সংস্রবীয়, গশুমালীয় এবং শারীয়িক শিথিলতার লক্ষণ সহ, ইহার প্রকৃতিগত চুর্ণ বা লাইম সমাকরণের অপ্রচুরতা যাহা শিশুদিগের অসম্পুরিত মন্তকান্থি-রয়ে, এবং বিলম্বিত দক্ষোল্গমে প্রকাশিত হয়, তাহাতে ক্যাত্তক্ক-

ব্লিস্থা দারা চিকিৎদার আরম্ভ করা সঙ্গত। নিদ্রিত হওয়া মাত্র শারীরিক শিথিশতা এবং মস্তক এবং গ্রীবার ঘর্ম ইত্যাদি ইহার বিশেষতা যুক্ত উৎকৃষ্ট প্রদর্শক। ইহা এই রোগ চিকিৎসাতে প্রসিদ্ধালাভ করিয়াছে। মুগীরোগগ্রস্ত রোগীর আক্রমণ হইবে বলিয়া অবিশ্রাস্ত ভীতিবশতঃ যতদূর সম্ভব রোগী বহিজ্জগতের সংস্রব ত্যাগের চেষ্টা করে, তাহারা রোগ বিষয়ক চিস্তাভিভূত থাকে, বিষপ্পতাগ্রস্ত হয়, ক্যাক্সেরিস্ক্রা ব্যতীত এই অবস্থার উপযোগী দিতীয় ঔষধ দৃষ্টিগোচর হয় না। ইহার উৎকণ্ঠা, হৃৎকম্প, আশংকান্বিত মানসিকভাব, নিরুৎসাহ, থিট থিটে স্বভাব, উত্তেজনা প্রবণতা, মানসিক দৌর্মল্য, চৈতন্তের অপচয়, শিরোঘূর্ণন এবং সর্বাঙ্গীন আক্ষেপ মৃগীরোগে ইহার উচ্চশ্রেণীর এবং প্রকৃতিগত প্রদর্শক। ত্রাস, কোন বছদিন স্থায়ী উদ্-ভেদের অন্তঃপ্রবিষ্টতা, হস্তমৈথুন অথবা সঙ্গম সংস্ট অত্যাচার নিবন্ধন মুগীরোগ জামিলে, চিকিৎসার্থ ইহার প্রয়োজন হইতে পারে এবং দে স্থলে সাক্ষারের পরে ইহা দ্বারা উৎক্ষণ্টতর ফল পাওয়া যায়। ইহাতে "অরা" দোলার প্লেক্ষাস বা সৌর-স্নায়ু-জালে আরম্ভ হইতে পারে এবং উন্মীবৎ উদ্ধান্তিমুখীন হয়, অথবা আমাশয়ের উপরিদেশ হইতে নিম্নে জরায়ুর অলাদিতে যায়। সাল্ফারে আক্রমণের পূর্বে অহুভূতি জন্ম যেন শরীরের উদ্ধাভিমুথে মৃষিক দৌড়াইতেছে। কণ্টিকামও ক্যাল্-কেবিহা সহ নিকট সম্বন্ধ যুক্ত, এবং ঋতু-আবের বিকার সংস্থ এবং যুবা বন্ধসের মৃগীরোগে উপকারী।

ইণ্ডিগো—কমীর উত্তেজনা বশতঃ মৃগীবৎ আক্রমণে ইহা উপকারী, কিন্তু রোগীর অবসাদগ্রস্ত, হুংথিত এবং নীলের ভার নীলবর্ণ হওরার আবশ্যক। ইহার আবেশ কালে রোগী সর্মপ্রকার ঔষধাপেক্ষা অধিকতর নীলবর্ণ ধারণ করে। নাক্স ভিমিকাল্ল ভার বাক্ষ অতীব প্রচণ্ড এবং উত্তেজনাপ্রবণ ঔষধ। এই হুই ঔষধের এবং সাইলিসিল্লা মৃগী এবং মৃগীবংরোগ্ বা এপিলেপ্সি এও এপিলেপ্টইড্। ২৩৪৫ এবং ব্যানেন্বেক ব্যিক্সার শীত্রা" সোলার প্লেক্সাস হইতে ধাবিত হয়। স্তেন্দান ও মৃগীরোগের ওবধ, জননেক্রিয় বিকার এবং ক্রমির প্রতিক্ষিপ্ত -উত্তেজনা হইতে ইহার রোগ জন্মে।

বাফ রেনা——আতক, অথবা হস্তমৈথ্ন, অথবা জননেক্রিয় সংস্রবীয় অমিতাচার ঘটিত মুগীরোগে অনেক সময়ে ইহা দ্বারা উপকার পাওয়া বায়। আক্রমণ পূর্ব্ব "অরা" জননেক্রিয় হইতে উথিত হয়; এমন কি সঙ্গম কালেও রোগী প্রচণ্ড সর্ব্বাঙ্গীণ আক্ষেপ দ্বারা আক্রান্ত হইতে পারে। অগ্রপ্রকার বাফেস্ক্রোস্পো সোলার প্রেক্সাস হইতে "অরার" উথান হয়। আক্রমণের পূর্বে রোগী অত্যন্ত উন্তেজনা প্রবণ হয়, অসংলগ্ন কথা বলে এবং সহজেই ক্রোধান্বিত হয়। বিশেষতঃ জননেক্রিয় সংস্রবীয় রোগে, বাহা হস্তমৈথুন প্রযুক্ত সংঘটিত হয়, বাফ্র প্রসিদ্ধিলাভ করিয়াছে। শিশুদিগের কঠিন রোগ, বাহাতে সর্ব্বাঙ্গীন আক্রেপকালে মস্তক পশ্যাদভিমুথে আরুষ্ঠ হয়, তাহাতেও বাফ্র উপকার করিয়া থাকে।

সাইলিসিয়া— মৃগীরোগের ইহা অগ্রতম উৎক্কট ঔষধ। ইহা
গগুমালা এবং বালাছিবিকার সংস্ট রোগের পক্ষে উপযোগী। সোলার
প্রেক্সাস হইতে "অরা" ধাবিত হয় (বাফ এবং নাক্স)। চন্দ্রের নির্দিষ্ট
পরিবর্ত্তন ইহার আক্রমণ নিয়ন্ত্রিত করে বলিয়া কথিত; মানসিক অথবা
ভাব্কতা সংস্ট অতি শ্রাস্তি ইহার আক্রমণের কারণ। নৈশমৃগীর
আক্রমণের পূর্বে শৈত্যামূভূতিও এই ঔষধের বিশেষতা, এবং
আবেশের পরে উষ্ণ ঘর্ম দেখা দেয়। উর্দ্ধ মেরুদণ্ড-রক্ষ্ এবং সোডালার
উত্তেজনা সভূত রোগ প্রবণতা এবং স্নায়বিক দৌর্বল্য থাকিলে
সাইলিসিক্রা প্রেছনীয়। অমাবশ্রায় আক্রমণ ঘটে। ক্যালেন্
ক্রেক্সারার পরে অদম্য প্রাতন রোগে ইহার প্রয়োগ হয়, এবং
আক্রমণের পূর্বে শরীরের বাম পার্শ্বের শীতলতা ইহার প্রদর্শক
লক্ষণ মধ্যে গণ্য।

সাল্ফার—ক্যাল্কেরিস্থার তার সাল্ফারও একটি ধাতুগত অথবা মৌলিক ঔষধ এবং গগুমালা সংস্ট রোগে ইহা উৎকৃষ্ট কার্য্য করে। ইহা ক্যাল্কেরিস্থার সম শ্রেণির রোগে উপকারী; বেমন, যে সকল রোগ জননেন্দ্রির সংস্ট অত্যাচারে অথবা কোন প্রকার উদ্ভেদ বসিয়া যাইয়া জন্মে। ইহার সর্ব্বাজীশ আক্ষেপের সহিত অত্যন্ত বল ক্ষয় ঘটে এবং ইহা আদ্শে সাল্ফার প্রকৃতির শিশুদিগের পুরাতন প্রকারের মৃগী রোগে উপযোগী। সম্ভবতঃ রোগীর বাম পার্শ্বে পতনের প্রবণতা থাকে। ইহা মৃগী রোগ চিকিৎসায় মধ্যগামী ঔষধরূপেও ব্যবহৃত হয়। সোরিস্থাকিও মধ্যগামীরূপে ব্যবহৃত হইতে পারে।

আর্জেণ্টাম নাইট্রিকাম—ইহাও মৃগীরোগের অস্ততম ঔষধ—
আক্রমণের চারি অথবা পাঁচ দিবদ পূর্ব্বে কনীনিকার বিস্তৃতি, এবং
আক্রমণের পরে হস্তের অন্থিরতা এবং কম্প ইহার প্রকৃষ্ট প্রদর্শক।
ঋতু এবং ত্রাদ সংস্কৃষ্ট মৃগীরোগে অনেক দময়ে ইহার আবশুতা জন্ম এবং
ইহার বিশেষতা এই যে আক্রমণের পূর্ব্বে কতিপয় ঘণ্টা ধরিয়া ইহার "অরা"
বর্ত্তমান থাকে। ইহা নৈতিক কারণ সংস্কৃষ্ট আক্রমণ আনিতে পারে। রোগী
অবসাদগ্রস্ত থাকে, এবং দহজেই সাহসহীন এবং ভীতি গ্রস্ত হয়।

কুপ্রাম মেটালিকাম—ইহা অত্যন্ত গভীর ক্রিয়াশীল, ঔষধ।
ইহার সর্বজন বিদিত সর্বা, সীন আক্ষেপোৎপাদক ক্ষমতা, এবং রোগচিকিৎসায় প্রতিপত্তিলাভ মৃগীরোগ চিকিৎসায় প্রমাণিত হইয়াছে। চিকিৎসক
মণ্ডলীতে ইহা সর্বজন বিদিত যে বিষাক্ত মাত্রায় কুপ্রাম মৃগীরোপোৎপন্ন করে,
এবং ইহা দ্বারা মৃগীরোগ আরোগ্য হইয়া থাকে। ঔষধাদির মধ্যে শিশুমৃগীরোগের চিকিৎসায় ইহা অতি উচ্চ স্থানের অধিকারী। যদিও আমাশ্যোপরিদেশে ইহার দীর্ঘস্থায়ী "অরা" উপস্থিত হয়, কিন্তু সর্বাঙ্গীণ আক্ষেপ
মস্তিক্ষে আরম্ভ হয়। এই "অরা" দীর্ঘকাল উপস্থিত থাকায় শীঘ্র

মূলী এবং মূলীবংরোগ বা এপিলেপ্সি এও এপিলেপ্টইড্। ২৩৪৭

জানের লোপ হয় না, এবং ননেক সময়েই রোগী অজ্ঞান হইবার পুর্বের
অঙ্গুলাদির সংকোচন বুঝিতে পারে। মুখ এবং ওঠাদি অত্যন্ত নীলবর্ণ এবং
চক্ষু গোলক ঘূর্ণিত হয়, মুখে ফেণা জয়ে এবং সংকোচক পেশীর প্রচণ্ড
সংকোচন হইতে থাকে। কর্কশ চিৎকারের সহিত আক্রমণের আরম্ভ
হয়, এবং রোগ অতি প্রচণ্ড এবং লগ্গভাব ধারণ করে। ইহা রোগের
নৈশ আক্রমণেও উপকারী, বিশেষতঃ যদি তাহা সাময়িকরূপে ঘটে,
যেমন ঋতুস্রাব কালে। দস্তোদ্গমকালের অথবা ওড়েদিক জরের উদ্ভেদ
বিসিয়া মূলীবং (epileptoid) আক্রমণেও ইহা উপকারী। ডাঃ
হালবারট্ বলেন যে ব্রুহ্পান্ম আক্রমণের সংখ্যার হ্রাস করণে
অতীব সস্তোষজনক ক্রিয়া প্রকাশ করে; পুরাতন এবং অদম্য রোগে
ইহা আমাদিগের অপরিহার্য্য আশ্রেষ স্বরূপ।

ইনান্তিক্রেকেটা—কোন ঔষধই ইহার তুল্য স্থাপি মৃগীর আক্রমণের প্রতিক্বতি উপস্থিত করে না। যদিও রোগ চিকিৎসার বছদশিতা
হইতে ইহার প্রয়োগ হইয়া থাকে, তথাপি বিযক্তিয়ায় ইহা অনেক
মৃগীরোগের সাদৃশু প্রকাশ করে। কার্যাক্ষেত্রে নিম্নলিখিত লক্ষণ
গুলি নির্ভর যোগ্য বলিয়া বিবেচিত হয়:—আক্ষিক এবং সম্পূর্ণ
জ্ঞানের লোপ, ফীত, নীল-ক্ষণ্ড মৃথমণ্ডল; মুথে ফেণোল্যারণ; প্রসারিত স্কাথবা অনিয়মিত কনীনিকা; হন্তুন্ত এবং শীতল অঙ্গাদি সহ
সর্বাঙ্গীণ আক্ষেপ।

ডাঃ এস্, এইচ ট্যাক্ষট তাঁহার বহুদর্শিতার ফল স্বরূপ নিম্নলিথিত বিষয় লিপিবন্ধ করিয়াছেন :—

- ১। আবেশের সংখ্যা ৪০ হইতে ৫০ শতকরা কমিয়া যায়।
- ২। সর্বাঙ্গীন আক্ষেপ পূর্বাপেক্ষা স্বন্ধতর কঠিন।
- ৩। আবেশের পূর্বের স্বল্লতর উন্মাদবৎ উত্তেজনা।
- ৪। আবেশের পরে অনিদ্রা, অজ্ঞানতা এবং ওদাসিত্ত স্বন্ধতর

এবং আক্রমণের ত্র্বলকর ফল হইতে অধিকতর:শীঘ্র আরোগ্য লাভ হয়।

- ৫। ইনান্থি ধারা চিকিৎসিত রোগী স্বন্নতর উত্তেজনাপ্রবৰ, স্বন্ধতি এবং স্বন্নতর দোষামুস্য<sup>ান্ত</sup>
  - ৬। রোগীকে সহজে ষত্ন এবং রক্ষা করা যায়।

ডাঃ ডিয়ুই বলেন, বোধ হয় ইহা অরিষ্টাপেক্ষা ৩ শ্ব্রথবা ৬ শ্ব্রুমে ভাল কাজ করে। ইহা দ্বারা রোগারোগ্য সংখ্যার অধিক হইতে অধিকতর বৃদ্ধি পাইতেছে। অন্ততম ঔষধ আরু তিমিসিক্সা ভল্পান্ধিসা, আতক্ব অথবা কোন ভাবাবিষ্টতা নিব্দ্ধন মৃগী, যাহাতে আক্রমণাদি পরস্পর অতিক্রুততার সহিত সংঘটিত হয়, তাহার এবং, অপিচ মৃত্র অপস্মার (Petit mal) যাহাতে রোগী মাত্র সামান্ত কতিপয় সেকেণ্ডের জন্ত অজ্ঞান থাকিয়া, যেন কোন ঘটনা হয় নাই এইন্ধপে কার্য্য করিয়া যায়, তাহাতে বিলক্ষণ উপকার করে। আরু তিমিসিক্সা এব্ সিহিত্রামান, এবং সোলেনাম কেরিলনেন্স দ্বারাও কোন কোন রোগ আরোগ্য হইয়াছে; ইহাদিগের মধ্যে দ্বিতীয় ঔষধ আশ্রের্যারূপে আক্রমণের হ্রাস করিয়া থাকে (ডাঃ এন্ ই মন্স পেইন)। সিকেগ (chicago) নিবাসী ডাঃ হাল্বার্টও ইহার প্রশংসা করিয়াছেন। বিষাদোন্মন্ততা ইহার প্রদর্শক বলিয়া অনুমতি।

ভার্বিনা হেস্টেটা—ইহাও মৃগী রোগের ঔষধ, কিন্তু কোন প্রদর্শক লক্ষণ দৃষ্ট হয় না।

ইণ্ডিগো—বোষ্টনের ডাঃ কল্বি মৃগীরোগে ইহার উচ্চ প্রশংসা করিয়াছেন।

নাক্স ভামিকা—মুগীরোগের বিশেষতা এই বে আবেশকালে রোগী অজ্ঞানাভিভূত হয়, এজন্ম লাক্স ভান ইহার প্রচলিত ঔষধ ২ইতে পারে না ৷ প্রতিক্ষিপ্ত ক্রিয়ার আধিক্য, বেমন অজীর্ণ বশতঃ ষ্গী এবং মৃগীবৎরোগ বা এপিলেপ্সি এও এপিলেপ্টইড়। ২০৪৯
থে রোগ জন্মে তাহাতে ইহা উপযোগী। যে রোগে "বারা"
সোলারপ্রেক্সাস হইতে উথিত হয়, এবং মৃথমগুলের উপরে
পিপিলিকার বিচরণবং বিশেষক লক্ষণ থাকে তাহাতে লাক্চল
ভিনিকা উপযোগী; মেরুলগু সংস্ঠ মৃগীতে ইহা বিশেষ উপকার
কবিয়া থাকে। এই প্রকার রোগে ইহার মধ্যবিধ এবং উচ্চতর ক্রম
উপযুক্ত। প্রাক্রাম মৃগী উৎপন্ন করিয়াছে, এবং নিম্নলিথিত লক্ষণে
ইহার প্রয়োগ করা যায়ঃ আক্রমণের পূর্বেনিয়াঙ্গের গুরুত্ব বোধ
এবং পরে পক্ষাঘাত; মন্তিক্ষের ঘনীভূততাসহ স্থলতা, এবং মন্তিক্ষের
অর্ক্র্যুক্ত মৃগীর আক্রমণ, আক্রমণের পরে ধীরে জ্ঞানের পূনরাগমন ইহার অন্ত প্রদর্শক, এবং ইহা পুরাতন রোগে অধিকতর
উপযোগী। কোষ্ঠবদ্ধ এবং উদর-শূল ইহার অন্ততর প্রদর্শক।
সিক্রেক্সিয় ঘটে এবং মেরুদগু-সায়ুর পক্ষাঘাত জন্মে।

সিকুটা ভিরসা—হঠাৎ শারীরিক কাঠিন্তের পরে ঝাঁকি এবং
প্রচণ্ড মোচড়ানি সিকুটার প্রদর্শক। সম্পূর্ণ বলক্ষেত্র
ইহার বিশেষতা জ্ঞাপক, কেবল চাইনিনাম আর্স্কেনিকোসামে ইহার তুলনীয় পাওয়া যায়। একরূপ বলবৎ (tonic)
আক্ষেপ স্পর্শে প্নরাবর্ত্তন করিয়া ষ্ট্রিক্নিয়ার প্রতিকৃতি প্রকাশ করে;
কিন্তু সিকুটাতে জ্ঞানের অপচয় ঘটায় এবং আক্রমণ অধিকতর
মৃগীবৎ (epilepti form) • দেখায়। খাস-প্রখাসের পীড়িতভাব,
হম্সুস্ত, মৃথের কাল্চে লোহিতবর্ণ, মৃথে ফেন ওঠা এবং অধিকতর
পশ্চাদ্বকতা থাকে। স্ট্রিক্ নিদ্রা অপেক্ষা সিকুটাতে প্রতিক্ষিপ্ত উত্তেলনা প্রবৃত্তা স্বল্লতর দেখা যায়। স্থির দৃষ্টিতে তাকাইয়া শ্লাকা
সিকুটার অন্ততর বিশেষতা, ইহার অন্তান্ত বিশেষ লক্ষণ মধ্যে
আক্ষেপের পূর্ব্বে ও পরে কম্প এবং আক্রমণের পূর্ব্বে মন্তক মধ্যে আশ্রেষ্ঠা

প্রকারের অনুভূতি। যাহাই হউক, ডাঃ বেজ মনে করেন সর্বাঙ্গীন পেশীর আক্ষেপ ক্রপ্রামে বিশেষ প্রাধান্ত প্রদান করে।

কম্ভিকাম — কম্ভিকা ম মৃহত্র মৃগীরোগের (Petitmal) ঔষধ, অপিচ যাহাতে রোগী মুক্তবায়ুতে ভ্রমণকালে পতিত হয়, কিন্তু শীঘ্রই আরোগালাভ করে। কথিত হয় ইহা আমাবশ্রার আক্রমণে বিশেষ উপকারী। প্রাক্ত সংক্রান্ত মূগী এবং বাহা মৌবনে উপ-স্থিত হয় তাহার ইহা একনাত্র ঔষধ। ডাঃ কাফ্কা নৈশ আক্রমণে হিপারের প্রশংসা করেন। সম্ভবতঃ মৃত্ব এবং নতন রোগে ক্ষিক্তিকাম উপযোগী। পটি।সের অন্ত প্রয়োগ ক্রপ কেলি মিউরিষেটিকাম মৃগী রোগের পক্ষে বিশেষ উপকারী; স্নায়ু-কেন্দ্র সহ ইহার সমতা দৃষ্ট হইয়া থাকে এবং ইহা ধীর कियांनान उर्ध।

বেলাডনা—ইহা বিশেষ করিয়া তরুণ রোগের পক্ষে উপযোগী, বাহাতে মস্তিক লক্ষণাদি প্রাধান্ত পায়, মুখমগুল শোণিতাভ হয় এবং সম্পূর্ণ কট্টই মন্তিকোত্তেজনার প্রতিক্বতি উপস্থিত করে বলিয়া অনুমিত হয়—বিশেষতঃ রোগী অন্ন বয়সের হইলে। "অরাম" বোধ হয় যেন কোন এক অঙ্গ বাহিয়া মুধিক দৌড়াইয়া উঠিতেছে, অথবা আমাশয় হইতে তাপ উঠিতেছে। দৃষ্টি এবং শ্রবণ ভ্রান্তি জন্মে, এবং দর্বাঙ্গীন আক্ষেপ কোন এক উৰ্দ্ধাক্ষে আরম্ভ হইয়া মুখগহবর, মুখমগুল এবং চক্ষুতে বিস্তৃতি লাভ করে। সায়ুমণ্ডলের প্রগাঢ় উত্তেজনা প্রবণতা, সহজে নিদ্রার বাধা, চমকিয়া ওঠা, কম্প এবং আনর্ত্তন এবং বেলাড্নার সাধারণ লক্ষণাদি ইহার নির্বাচনে সাহায্য করিয়া থাকে। বেলাডনার ক্রিয়া-বীজ এট্রপিনাও মৃগীর চিকিৎসায় বিলক্ষণ ফল দেখাইয়াছে। ন্তন রোগের অন্ত ঔষধ হাইড়সাস্থানিক এসিড, ডা: হিউজ রোগ সহ ইছার বিশেষ সম্বন্ধের বিষয় প্রকাশ করিয়াছেন। মৃগী এবং মৃগীবৎরোঞ্ধ বা অপিলেপ্সি এণ্ড এপিলেপ্টইড্। ২৩৫১
জানের লোপ, মৃষ্টিবদ্ধ কর, হমুস্তম্ভ, মুথে ফেন উঠা, গেলার অপারকতা,
এবং আক্রমণের পর নিদ্রাল্তা এবং বলক্ষয় ইহার বিশেষক লক্ষণ।
শিশুর খেলায় প্রবৃত্তি থাকে না, খেলা করে না এবং অস্তান্ত বিষয়েও
উদাসীন থাকে। মৃগী রোগে ইহা আমাদিগের প্রধান স্বহায় এবং চিকিৎসা
ক্ষেত্রে ইহা অতি উচ্চ পদ লাভ করিয়াছে।

হায়সায়ামাস — মৃগীর আক্ষেপে হাস্তসাস্থামাস একটি উৎকৃষ্ট ঔষধ। আক্রমণের পূর্বে আনর্ত্তন, ঝাঁকি এবং কুধা হয়, মুখে ফেন উঠে এবং জিহ্বার দংশন ঘটে। প্রচেশু আক্রমণ উৎপন্ন করিলে হাস্তাসামাসেরে প্রয়োজন হয়। সর্বাঙ্গীন আক্রেপে অধিকতর গুলা বায়ুর প্রকৃতি দেখা যায়, এবং দৃষ্টি ও শ্রবণের ভ্রান্তি থাকে।

ষ্ট্র্যামনিয়াম—ইহার আতঙ্কোৎপন্ন মৃগী রোগে হঠাৎ জ্ঞানের অভাব এবং দক্ষিণ পার্শ্বে মস্তকের ঝাঁকির সহিত বাম বাছর ঘূর্ণায়মান গতি হয়। ষ্ট্র্যামনিস্থাম বেলাডনার বিপরীত, কারণ বথন বেলাডনারে বিপরীত, কারণ বথন বেলাডনারে ক্রিট্রামনিস্থাম রোগী আলোক পরিত্যাগ করে, লোক কোলাহলে ভীত হয়, এবং অত্যন্ত উত্তেজনা প্রবণ থাকে, ষ্ট্র্যামনিস্থাম রোগী অন্ধকারে ভীত হয়, একা থাকিতে ভাল বাসেনা; সে কাপুরুষের স্থায় কার্য্য করে এবং ত্রাসযুক্ত ও কম্পিত হয়।

কেলি ব্রোমেটাম—হোমিওপর্মণি মতে ইহা কথনই মৃগী
চিকিৎসার উপযোগী ঔষধ নহে'। এন্থলে ইহার উল্লেখের কারণ এই বে
এলপ্যাথিক মতে ইহা প্রধান ঔষধ রূপে ব্যবহৃত হইয়া থাকে, এবং আরও
কারণ এই বে, বে সকল রোগী চিকিৎসার্থ আমাদিগের নিকট আগমন
করে তন্মধ্যে প্রায় সকল রোগীই পূর্বব্যবহৃত ব্রোমাইড স্লেউ,
বিশেষতঃ অধিক পরিমাণ ব্রোমাইড অব প্রসিটাস সেবনে
উপসর্গ যুক্ত থাকে। ইহা রোগারোগ্য করে না, কিন্তু কেবল সামদ্বিক

উপশ্ম প্রদান করে; ইহার ক্রিয়া আক্রমণের উপরে, রোগের উপরে হয় না। ইহা অনেক সময়ে আক্রমণের পরিবর্ত্তন সাধন করে, এবং প্রতিষেধক রূপে ব্যবহার করিলে আবেশের নিবারণ করিতে পারে, किन्द कामवाभी वावशांत्र अभितृशयां अनिष्ट्रीरभागन करत्। हेश মনোবৃত্তি সকলের হুর্বলতা উৎপন্ন করে এবং শীঘ্র মানসিক জড়তা আনয়ন করে। ব্যাস্ফ্রা আক্রমণের নিবারণ রাথিতে পারে. আক্রমণের স্থায়িত্বের হ্রাস জন্মাইতে এবং প্রবণতার স্বল্পতা করিতে পারে। মুগীর সকল লক্ষণই ইহার প্রদর্শক এবং সেই জন্মই ইহা ব্রোমাইড অব প**ভা**স হইতে অধিকতর নিরাপদ। ক্যা**স্ফরা.** <u>ৰাকস ভমিকা এং জিঙ্কাম, ব্ৰোমাইড অব</u> পটাসিহামের অপব্যবহারের প্রতিবেধক রূপে ব্যবহৃত হইরা থাকে।

বিশেষ বিশেষ অবস্থায় মুগীরোগের ঔষধ:---

- যথন দৌর্বল্য, শোণিত অথবা অক্যান্ত তরল পদার্থের অপচয় হইতেঃ সালফার, নাক্স ভমিকা, ক্যাল্কেরিয়া, সাইলিসিয়া।
  - কৃমি হইতে: হার্দায়ামাদ, বেলাডনা, মার্ক বিয়াদ, এবং দাল্ফার। मर्खाम्गम रहेरठ: द्वांष्ठना, हैर्थिनिया, मान्यांत्र, कार्त्वित्रा,
    - এবং ষ্টেনাম।
- যথন গুল্মবায়ুর সংস্রব থাকে: বেলাডনা, ইগ্নেসিয়া, কলফাইলাম, সালফার, নাক্স ভমিকা, ককুলাস, ভিরেট্রাম, ষ্ট্রামনিয়াম, হায় সায়ামাস, প্ল্যাটিনা, মস্কাস, জেলসিমিনাম এবং সিমিসিফুগা।
  - উদভেদের রোধ বশতঃ দাল্ফার, ক্যাল্কেরিয়া, সাইলিসিয়া, ল্যাকেসিস, নাক্স ভমিকা, ষ্ট্র্যামনিয়াম, হাইড্র্যাষ্ট্রিস, এবং কুপ্রাম।
- যখন উগ্রবীর্য্য মন্ত্র, অথবা নিদ্রাকারক ঔষধ, যেমন ওয়াইন মন্ত্র, মন্ত্রসার, তামকুট, ওপিয়াম, অথবা ভাঁজ দেওয়া বিয়ার মত্যের অপব্যবহার

মৃগী এবং মৃগীবৎরোগ বা এপিলেপ্সি এগু এপিলেপ্টইড্। ২৩৫৩ হইতে: নাক্স ভমিকা, ল্যাকেসিস, কুপ্রাম, ওপিরাম ( যথন ওপিরামের অপব্যবহার হয় নাই), হায়সায়ামাস এবং বেলাভনা।

- া যথন আর্সেনিক, অথবা কপারের বাষ্পের সংস্রব হইতে: ক্যাক্ষর, মার্কুরিয়াস, ভিরেট্রাম, কুপ্রাম, (কুপ্রাম বাষ্প রোগ কারণ না হইলে), আর্সেনিকাম (আর্স বাষ্প রোগ কারণ না হইলে)।
  - " মার্কারি হইতেঃ খ্র্যামনিয়াম।
  - ু, ঘর্মের রোধ হইতে: সাল্ফার, একনাইটাম, বেলাডনা, নাক্স ভমিকা, ল্যাকেসিস, সিকুটা এবং সাইলিসিয়া।
  - " ভাবাবেশ, যেমন আতঙ্ক অথবা ত্রাস হইতে: ওপিয়াম, ক্যামমিলা, কুপ্রাম, হায়সায়ামাস এবং নাক্স ভমিকা।
    - অপাচ্য থাত্ত হইতেঃ ইপিকাকুহানা এবং নাক্স ভমিকা।
  - " মস্তকের ক্ষতি হইতেঃ একনাইট, ককুলাস, সিকুটা ভিরসা, বেলাডনা এবং সাল্ফার।

আনুষ্ঠিক চিকিৎসা।—রোগীর আমাশয়িক ভূক্ত বস্তুর এবং
মৃত্র সংস্ট বিশ্লেষণ-পরীক্ষা ধারা চিকিৎসক উপযুক্ত পথ্যের ব্যবস্থা বিষয়ে
সাহায্য প্রাপ্ত হইবেন। প্রত্যেক রোগীরই পরিপাক এবং সাধারণ
পৃষ্টি রক্ষার প্রতি যত্নের সহিত মনোযোগী হওয়ার আবশুক। আহার্য্য
এবং পানীয় সহ কোন প্রকার গরম মসলা এবং গদ্ধদ্রব্য সম্পূর্ণ পরিত্যাজ্য।
সর্ব্যপ্রকার উত্তেজক থাত্য এবং পানীয় বর্জ্জনীয়। রোগী কোন প্রকারেই
স্বর্গবিজ সংস্ট পানীয়ের ব্যবহার করিবে না। রোগী মাংসের অতি
সামান্ত ব্যবহার করিবে! যদি নৈশ আক্রমণের প্রবণতা দৃষ্ট হয়,
রজনীতে রোগী বিলম্ব না করিয়া সালাহার করিবে।

রোগী যে কোন প্রকার উত্তেজনা পরিত্যাগ করিবে। রোগী মুক্ত স্থানে সাধ্যামূযায়ী ব্যায়াম করিবে। বিজ্ঞানামূমোদিত যথা নিয়মিত শারীরিক ব্যায়ামের আবশ্রক। ষে সকল রোগীর স্পষ্টতর মানসিক লক্ষণ উপস্থিত থাকে, অথবা ক্ষীণ-বৃদ্ধি মনুষ্য যাহাদিগের মৃগীরোগ আকস্মিক ঘটনামাত্র, তাহাদিগকে ষত্বপূর্ব্বক স্বতন্ত্রভাবে অথবা কোন চিকিৎসালয়ে রক্ষা করিয়া চিকিৎসা এবং শুশ্রাদি করিবে।

শীতল জল-চিকিৎসা রোগারোগ্যে সাহায্য করিতে পারে। ব্রো হ্লা-ইড সত্তের প্রয়োগ ইহার প্রচলিত চিকিৎসা। কিন্তু ইহার প্রয়োগের পদ্ধতি বিষয়ে মতের বিভিন্নতা দৃষ্ট হয় ৷ ব্রো**মাইড** সন্টের যে কোন প্রয়োগের ব্যবহার হইতে পারে। প্রথমে মাত্রা স্বল্পতর রাখিয়া যে পর্যান্ত আক্রমণের নিবারণ না হয় ক্রমে তাহার বুদ্ধি করিতে হইবে। আরম্ভক মাত্রা দশ হইতে পঁচিশ গ্রেণ অর্দ্ধ গেলাস জলে দ্রব করিয়া প্রতিদিন চারি অথবা পাঁচ বার প্রয়োগ করা যায়। ইহা ক্রেমে ক্রমে আবশুকীয় প্রায় যে কোন পরিমাণে বুদ্ধি করা যাইতে পারে। কভিপন্ন স্থলে এই ঔষধের ব্যবহার অপরিহার্য্য বলিয়া অনুমিত হয়। ইহা কখনই রোগারোগ্যে সক্ষম নহে এবং অনেক সময়ে অনিষ্ঠ কর। ব্রোমিনবিষাক্ততা ঘটিতে পারে. এরূপ ঘটনায় কিয়ৎকাল ঔষধ বন্ধ রাখিতে হইবে। পরে পুনর্কার পূর্ব্ব মাত্রাতেই আরম্ভ করিবে। ডা: কাউপার থোয়েট প্রনিসিম্থান ব্রোমাইড ব্যবহার করিয়া থাকেন। ইনি সাধারণতঃ পাঁচ গ্রেন মাত্রায় আরম্ভ করিয়া প্রতিদিন চারিবার প্রয়োগ করিয়া থাকেন, প্রতিমাত্রা অর্দ্ধ গেলাস জ্বলে দ্রব করেন, এক এক বারে পাঁচ গ্রেণ করিয়া মাজার বৃদ্ধি করেন, এইরপে তিনি পঞ্চাশ হইতে ষাইট গ্রেণ পর্যান্ত প্রতি মাত্রায় বৃদ্ধি করিয়া थाक्न। ठाईंकि कथन हेशत উर्क्ष यहिए इस नाहे।

প্রশিষ্কান চিকিৎসাম্ব কথন ফল দেখা যার নাই। অধুনা ইলেম্ছি ক্রেক্টোর বিলক্ষণ প্রচলন হইরাছে।

স্থান্নী মৃগীরোগ, এবং মন্তিষ্কাণাত প্রযুক্ত কঠিন আক্রমণের নিবারণার্থ প্রয়োজন হইলে, অল্লকালের জন্ম নিম্নলিখিত প্রবলতর ঔষধের ব্যবহার মৃগী এবং মৃগীবংরোগ বা এপিলেপ্সি এণ্ড ওপিলেপ্টইড্। ২০৫৫
করা যায়। আবগুকামুসারে চিকিৎসক ইহার কিঞ্চিৎ পরিবর্ত্তন করিয়া
উপস্থিত রোগে উপযোগী করিয়া লইতে পারেন:—

সোডিয়াম বোমাইড, ... তেঃ ৯৬০। ক্লোরেট হাইড্রেট, ... তেঃ ৩২০। হারসায়ামিন হাইড্র বোমেট, ... তেঃ 😣। একরা ডিষ্টিল আঃ ৮।

#### দ্ৰব কর।

আক্রমণের নিবারণ পর্যাস্ত এক চা-চামচ মাত্রায় ইহা এক অথবা চুই স্থানী পরপর দেবন।

হাইড্র ব্রোমেট অব হায়সায়ামাইনের <sub>১</sub>৯৯ গ্রেণের ত্বগধঃ প্রয়োগ আক্রমণ অথবা আক্রমণ শ্রেণির নিবারণ করিতে পারে।

এটুপিয়ার সহিত উপরি উক্ত হাইছ্র ব্রোমেট, প্রত্যেকের 🕉 জেন সাবধানতার সহিত স্বর্গধঃ ব্যবহার করা যাইতে পারে।

ক্লোরোফর্ম ধীরে এবং সাবধানতার সহিত প্রয়োগ করিলে শ্রেণিবদ্ধ জাক্রমণ অথবা সর্বাঙ্গীন আক্ষেপের নিবারণ হইতে পারে।

অনেকস্থলে এমিল নাইট্রেট, পার্লের আকারে প্রস্তুত, অথবা রুমালে।
পরি ভগ্ন করিয়া বিস্তৃত অবস্থায় দ্রাণে সর্বাঙ্গীন আক্ষেপের নিবারণ
করিয়াছে বলিয়া অনুমিত। আসন্ন আক্রমণের চিহ্ন দেখা দিলেই
ইছা নাসিকা অধোদেশে ধরিতে হইবে। রেগৌর এরপাবস্থা প্রায়শঃই
বোধগম্য করা যায় না, এজন্য কার্যাতঃ ইছা অপেক্ষাকৃত কমই উপকারে
আইসে।

সাধারণতঃ আক্রমণের উপস্থিতিকালে কোন হুর্ঘটনা হইতে রোগীকে রক্ষা করিয়া যাওয়াই সর্বাপেক্ষা উৎকৃষ্টতর চিকিৎসা। রোগীকে আক্রমণের শেষ হওয়া পর্যান্ত কিছুই না কারয়া কেবল অনিষ্ট হইতে রক্ষা করিয়া যাইবে। আক্রমণের পরের নিদ্রা হইতে জাগ্রত করিবে না।

মুগীবং রোগের ( epileptoid ) চিকিৎস। ।—রোগের আরোগ্যার্থ অতি যত্ত্বে সহিত কারণাপসরণের চিকিৎসাই প্রধান কর্ত্তব্য মধ্যে গণ্য। এই রোগদহ চক্ষু সম্বন্ধে এত বিষয়েরই উল্লেখ দেখা যায়, যে এই প্রতিক্ষিপ্ততা সম্বন্ধে বিশেষ মনোযোগের আবশ্রক! অনেকস্থলে চন্দুর অস্ত্র-চিকিৎসা এবং চশমার ব্যবহার অত্যুৎকৃষ্ট ফল প্রদান করিয়াছে। বহুবিধ স্নায়ুরোগতত্ত্বিদ এবং চক্ষুরোগ চিকিৎসক চক্ষর সংশোধন দ্বারা অধিকাংশ রোগারোগ্যের উল্লেখ করিয়াছেন। অতএব কেবল স্থম্পাষ্ট রোগের জন্মই নহে, প্রচ্ছন্ন রোগের জন্মও অক্ষিবীক্ষণ-যন্ত্র-পরীক্ষা অবশ্য কর্ত্তবা মধ্যে পরিগণিত। যে স্থলে চশমার ব্যবহার দৃষ্টির দোষ সংশোধিত করিবে, নিরবচ্ছিন্নরূপে তাহার ব্যবহার আবশুক। বছতর রোগ দেখা যায় যাহাতে অক্লিপুট সংক্রান্ত আক্ষেপ বর্ত্তমান থাকে; ইহাতে দোষ সংশোধনার্থ অনেকবার চশমার পরিবর্ত্তন দ্বারা উপযোগী করিবার আবশ্যকতা জন্মে, অর্থাৎ সম্পূর্ণ দোষ সংশোধনে অনেকবার তৎকালোপযোগী চশমার পরিবর্ত্তনের আবশ্রক হয়। কোন পৈশীক অপ্রচুরতা, বাহাতে অস্ত্র-চিকিৎসা অবৌক্তিক বলিয়া বিবেচিত হয়, সেস্থলে বিশেষজ্ঞের তত্তাবধানে ত্রিশির: কাচের কলমের (prism) ব্যবহার এবং সময়ে সময়ে চশমার পরিবর্ত্তন দারা শ্রেণিবদ্ধ পৈশিক ব্যায়াম সাধনে তাহার উৎকর্ষ সাধন করিবে। অন্ত্র-চিকিৎসায় সম্পূর্ণ কণ্ডারচ্ছেদ, অসম্পূর্ণ কণ্ডারচ্ছেদ অথবা শ্রেণিবন্ধ নানাবিধ পরি-মাণের কণ্ডারচ্ছেদ পর্যান্ত আবশ্রুক হইতে পারে। রোগ কারণ চক্ষুতে থাকিলে দোষ সংশোধিত না হইলে উন্নতি সাধিত হইবে না। উপরি উক্ত উপায়াদির অবলম্বনে অনেক রোগ আরোগালাভ করিয়াছে।

কর্ণ, নাসিকা এবং গল মধ্য প্রভৃতির যত্ন পূর্ব্বক পরীক্ষার আবশুক। অনেক সময়ে জননেন্দ্রিয় এবং সরলান্ত্রেরও পরীক্ষার প্রয়োজন হইয়া থাকে। কোন ভগাস্কুর, কোন লিক্সমুগুত্বক, অথবা ক্ষতাঙ্কের ছিপিবং বস্তু অনেক

মৃগী এবং মৃগীবৎরোগ বা এপিলেপ্সি এগু ওপিলেপ্টইড্। ২৩৫৭ সমরে কেবল মাত্র রোগ কারণ হইতে পারে, এবং ইহার অপসারণ বিস্মন্তর আরোগা সাধন করিতে পারে। কথন কথন স্বাভাবিক অপ্তাধার স্থানাস্তরিত করা হইয়া থাকে, ইহা সর্ব্বথা অকর্ত্তব্য। কিন্তু অপ্তাধার ক্রম থাকিলে অপসারণের আবশুকতা জন্মিতে পারে। পরিপাক বন্ত্রাদির প্রতিপ্ত দৃষ্টি রাথার আবশুক। চবিবশ ঘণ্টার মৃত্রদারা অনেক বিষয় পরিক্ষত হইতে পারে, এবং তাহার সংশোধন রোগারোগ্য করিতে পারে। সম্ভবনীয় প্রত্যেক প্রতিক্ষিপ্ততার কারণ, সম্ভব হইলে স্থানাস্তরিত করিবে। এই রূপে সম্পূর্ণ রোগ-কারণের অপসারণের পরে, মৃগারোগের আরোগ্য কর সাধারণ উপদেশের অমুসরণ করিবে।

জ্যাক্দনিয়ান এপিলেপ্দি বা মৃগী—সর্বস্থলেই ইহাতে
অন্ত্র-চিকিৎসার বিষয় যত্ন পূর্বক নির্দ্ধারণ করার আবশ্যক। অপায়ের
প্রকৃতি অনুসারে তাহা স্থানাস্তরিত করা যৌক্তিক বলিয়া বিবেচিত হইলে
অন্ত্র-চিকিৎসা অবশ্যই কর্ত্তবা। এরূপ স্থলে রোগী অন্ত্রচিকিৎসকের
সাহায্য গ্রহণ করিবেন।

অনেক স্থলে, বিশেষতঃ শিশুদিগের মধ্যে আমাশয় বিকার এবং সম্ভবতঃ রুমি অথবা আমাশয় রুমির নিশ্চিত প্রমাণ উপস্থিত থাকে, ডাঃ কাউপার থোয়েট বলেন তিনি পেপ্সিন দ্বারা আশ্চর্য্য ফল পাইয়াছেন। তিনি আইসের স্থায় বা স্কেল পেপ্সিন পাঁচ গ্রেনের একটি করিয়া ক্যাপ্র্ল প্রতি হই ঘণ্টা পরপর হই সপ্তাহ পর্যাস্ত প্রয়োগ করিয়া থাকেন। ছই বৎসর বয়সের শিশুর রোগারোগ্যেও তিনি ইহার প্রয়োগ করিয়াছেন। সাধারণ অন্তর্দ্ধাবন কার্য্যাদিও কর্ত্ত্ব্য। ইহা মৃগীবৎ-রোগ, গুল্মবায়ু এবং অক্সান্থ সাম্বিক্রোগেও উপকারী।

শিশু-স্থৃতিকা ক্ষেপ—ইহার চিকিৎসার চিকিৎসকের সম্পূর্ণ মানসিক স্থৈয় আত প্রথম এবং প্রধান অবলম্বনীয়। সম্ভব হইতে পারে চিকিৎসক শিশুর রোগাবেশের সমর দেখিবেন। এরূপ স্থলে তিনি কো প্রকারে বিচলিত না হইয়া এবং বাগাডম্বর না করিয়া শিশুর রোগ পর্যাবেক্ষণ করিবেন। তিনি প্রত্যেক মৃহর্ত্তে শিশুর প্রত্যেক ভঙ্গি এবং গতির উপরে দৃষ্টি রাথিবেন। তিনি দৃষ্টতঃ শিশুর চতুঃপার্শ্বন্থ ব্যক্তিদিগকে চালিত করার প্রতি মনোযোগ আরুষ্ট রাখিবেন। মূল বিষয় এই যে তিনি নিকটম্ব ব্যক্তিদিগকে চালিত করিবেন, এবং তদ্বারা শিশু সমিহিত প্রদেশে সম্পূর্ণ শান্তির স্থাপন করিবেন। প্রত্যেককেই কোন কার্যো নিযুক্ত রাথা উচিত। কোন ব্যক্তিকে গামলা আনিতে. অগ্যকে উষ্ণজ্জ আনিতে, কাহাকেও বা মাষ্টারডের অনুসন্ধানে, এবং অন্তকে চাদর অথবা বস্ত্র আনিতে পাঠান যাইতে পারে, এবং অন্ত ব্যক্তিকে শিশুর পরিহিত বস্ত্র উন্মুক্ত করার সাহায্য করিতে নিযুক্ত করা যাইতে পারে। সাধারণতঃ এরপ করিলে শিশু আক্ষেপ হইতে আরোগ্য হইতে পারে। তাহাতে যদি সর্বাঙ্গীন আক্ষেপ নিবারিত না হয়, শিশুকে উষ্ণ স্নানে রাথা যাইতে পারে; সাবধান হইতে হইবে শিশুর গাত্র যেন ঝলসিয়া না যায়। সাধারণতঃ উষ্ণ স্নান তৎক্ষণাৎ শিথিলতা আনয়ন করে; তিন হইতে পাঁচ মিনিটের মধ্যে তদ্রপু না হইলে রোগীকে বাছিরে আনিতে হইবে এবং ফ্রানেলের চাদর দ্বারা জড়িত করিয়া টেবল অথবা শয্যার উপরে শন্নান করাইবে এবং ক্লোরোফর্মের প্রয়োগ করিবে। আক্রমণের নিবারণের পর, চিকিৎসক রোগীর পথ্য বিষয়ে স্বত্ব অনুসন্ধান লইবেন যে শিশু ক্তিপয় ঘণ্টার মধ্যে অথবা সমুদ্র দিবসে কি আহার করিয়াছে। দ্ঞাদিতে উত্তেজনার কারণ আছে কি না তাহাও তিনি পরীক্ষা করিবেন। আমাশয় অথবা অন্ত্রের গোলমাল থাকার লক্ষণ উপস্থিত থাকিলে বমন কারক ঔষধের অথবা অন্তের উচ্চ স্থান পর্যাম্ভ পিচকারি বা এনিমা দারা এই मकल পরিষ্কার করিলে উৎকৃষ্ট ফল পাওয়া যায়। দস্তাধারের কর্তন: নাসিকা-বাধার অপসারণ, লিঙ্গমণিত্বকের কর্ত্তন বা ছন্নৎ অথবা অক্যান্ত উপযোগী কাৰ্যা করা কর্তবা। কোন প্রকার উত্তেজনার অথবা বিষাক্ষতার

সৃগী এবং মৃগীবৎরোপ বা এপিলেপ্সি এণ্ড প্রপিলেপ্টইড্। ২০১৯ প্রমাণ উপস্থিত না থাকিলে, যাহাতে রোগী সম্পূর্ণ বিশ্রাম প্রাপ্ত হয় তাহার ব্যবস্থা করিবে। এস্থলে ক্ষফ্রিক্সা ক্রেডা, ক্যাম্ফ্রের মনত্রোমেউ অনেক সময়ে সাহায্য করিয়া থাকে।

শিশু-সুতিকাক্ষেপে জেল্সিমিয়াম, সিমি-সিফুগা, ভিরেট্রাম ভিরিডি, বেলাডনা, এক-নাইট, নাক্স্ ভমিকা, ওপিয়াম, ক্যাল্কেরিয়া কার্কিনিকা ইত্যাদি হইতে শিশুর ধাতু অনুসারে ঔষধের ব্যবস্থা করিলে রোগের ভবিশ্বং আক্রমণের নিবারণ হইতে পারে, ক্যাল্কেরিয়া, সাইলিয়া ইত্যাদি এই পর্য্যায়ের ঔষধ মধ্যে শ্রেষ্ঠতর বলিয়া পরিগণিত।

## লেক্চার ৩১৬ (LECTURE CCCVI.)

## স্থান বিশেষে দামাবদ্ধ পৈশিক আক্ষেপ বা লোক্যালাইজ্ড মাস্কুলার স্প্যাজম।

(LOCALISED MUSCULAR SPASM.)

১। মুখ-মগুলীয় আক্ষেপ বা ফেসিয়াল স্প্যাজ্ম (Facial Spasm)।—এই প্রকারের আক্ষেপ অতীব সাধারণ। কোন রোগ যাহা ট্রাইজিমিনেল স্নায়্র উত্তেজনা উপস্থিত করে, তাহাই ইহার কারণ হইতে পারে। মুখ-মগুল স্নায়্-শূলের সহিত ইহা একটি সাধাবণ ঘটনা। সম্পূর্ণ সম্ভব যে ইহা প্রতিক্ষিপ্ত উত্তেজনা অথবা ভাবাবেশ ঘটত কারণ হইতেও জন্মিতে পারে। মস্তিক্ষের যন্ত্রগত অপায় হইতে এই প্রদেশের আক্ষেপ কোনপ্রকারেই সাধারণ নহে।

বিবরণ।—সাধারণতঃ ইহা এক পার্শ্বে সংঘটিত হয় এবং সায়ুর সম্পূর্ণ শাথা-প্রশাথা আক্রমণ করে। অর্বিকুলারিস ( ওঠ সংস্ক ট ) অরিস, ডাই-গ্যাষ্ট্রিক এবং প্রাইল হায়ইড প্রভৃতি পেশী অনেক সময়েই আক্রান্ত হয় না। ইহা একটি মাত্র পেশীতে সীমাবদ্ধ থাকিতে পারে। তন্মধ্যে অর্বিকুলারিস অরিস একটি যাহা সময়ে সময়ে একা আক্রান্ত হইতে পারে; ইহা সাধারণতঃ দ্বি-পার্শীয়। ইহা অনেক সময়েই একটি মৃত্ব আক্ষেপ। কোন কোন স্থলে ইহার সহিত একরূপ সীমাবদ্ধ সংকোচনের ভাব থাকে। আক্রেপাদি সম্ভবতঃ আবেশে আবেশে ঘটে। ইহা এতাদৃশ সামান্তাকারে হইতে পারে যে কচিৎ লক্ষিত হয়, অথবা সম্পূর্ণ বলবৎও হইতে পারে। সাধারণতঃ ভাবাবেশ ঘটিত বিশৃংখলা অথবা উপরি ভাগের কোন প্রকার উদ্বেদনা ইহার বৃদ্ধি করিয়া থাকে। ইহা সর্বস্থলেই প্রায় শারীরিক

এবং মানসিক বিশ্রামে প্রশমিত হয়। কোন কোন রোগী মানসিক শক্তি প্রয়োগেও অনেক দ্বুঁর পর্যাস্ত আক্ষেপ আয়স্তাধীন রাথিতে পারে। ঐচ্ছিক গতির বিশেষ বাধা জন্মেনা। রোগ সংখ্যার মধ্যে অধিকাংশ অন্ত কোন স্নায়ুবিকার সহযোগে অথবা তাহার ভোগকালে সংঘটিত হয়।

ভাবিফল।—ইহার ভাবী ফল তাদৃশ শুভজনক নহে। সম্ভবতঃ ইহা অনেক বৎসর স্থায়ী হইতে পারে। সম্ভবতঃ অনেক সময়ে দীর্ঘতর অথবা স্বল্পতর সমরের বিরামাবস্থা পায়। যাহাই হউক কারণের নির্দেশ এবং তাহার অপসরণের উপরেই অনেকাংশে ভাবীফল নির্ভর করে।

চিকিৎসা-তত্ত্ব।—ইংার চিকিৎসা বিষয়ে প্রথম কর্ত্তব্য কারণের স্থিরীকরণ এবং তাহার অপসারণ। এস্থলেও দম্ভরোগ চিকিৎসক আমা-দিগের প্রধান সহায়। নানাবিধ প্রতিক্ষিপ্ত উত্তেজনার কারণের প্রতি লক্ষ্য রাথিতে হইবে।

যে সকল স্থলে উত্তেজনার কারণ নির্দিষ্ট করা যায় না, অথবা তাহার অপসারণ অসম্ভব, সায়ুর অস্ত্রচিকিৎসা যুক্তি সঙ্গত। সাধারণ স্বায়ু-চ্ছেদে কোন উপকার হইবে না; অনেকটা পরিমাণ স্বায়ু চ্ছেদন করিয়া পরিত্যাগ করিলে অনেক স্থলে সম্পূর্ণ উপশম হইবে। কোন স্থলে কেবল অস্থায়ী উপকার হয়। অবশুই প্রথমে পক্ষাঘাত থাকে, কিয়ৎ কাল পরে গতি পুন্রাগত হওয়ার পর আক্ষেপ সংঘটিত হয়। কেহ কেহ বলেন যে সম্ভবতঃ কোকেনের (cocaine) ব্যবহার উপকার প্রদান করে।

গ্যাল্ভ্যানিক স্রোতের ব্যবহার বিশেষ ফলপ্রদ হয় নাই। অভ্যান্ত প্রকারের বৈচ্যুতিক স্রোতও তদ্রপ নিস্ফল বিবেচিত হয়।

রোগীর ধাতৃ অনুসারে ঔষধের নির্দ্ধারণে বিশেষ ফলের আশা করা যায়। শ্রুত হওয়া যায় ষ্ট্রিক্নিয়া সাল্ফ 🕹 গ্রেন মাত্রায়, প্রতিদিন চারিবার প্রদানে অনেক রোগী ত্রিত এবং স্থায়ী ফল পাইয়াছে। ২। চর্বাণ সংস্থা পেশীর আন্দ্রেপ।—ইহা মৃত্ অথবা বলবংতাবে উপস্থিত হইতে পারে। যদি বলবং (trismus, হমুস্তম্ভ)— চোয়ালদ্বর আবদ্ধ হয়, এবং টেম্পরেল এবং ম্যাসিটার পেশী কঠিন এবং শক্ত হয়া উঠে। সাধারণতঃই ইহা কোন যয়গত রোগের সহিত যুক্ত ভাবে দৃষ্টিগোচর হয়। ইহা দন্তের, বিশেষতঃ আক্রেল দন্তের, চোয়ালান্থি-বেষ্ট-ঝিলি-প্রদাহের, অথবা সন্ধিপ্রদাহের, অপিচ গণ্ডের শ্লৈমিক ঝিলির ক্ষত অথবা প্রদাহের উত্তেজনার ফল স্বরূপ হইতে পারে।

মৃত্ আক্ষেপ হইলে তাহা চোদ্মালের লম্ন যুক্ত চালনা উপস্থিত করে।
অন্ত কোন রোগের ফলস্বরূপ বাতীত ইহা অতি কচিৎ সংঘটিত হয়।
কথন কথন ইহা শিশু এবং বৃদ্ধদিগের মধ্যে দৃষ্টিপথে আসে। ইুহা
কথন কথন নিজাবস্থায় দেখা দেয়। কঠিন শীত-কম্পে যেরূপ হয়,
তাহারই স্থার ইহা দস্ত-ঠুক্ঠকি উপস্থিত করে। ইহা যদি যন্ত্রগত রোগের
কল স্বরূপ না হয়, রোগী অন্ত কতিপয় সপ্তাহ অথবা মাসের মধ্যে
আরোগা লাভ করে। হয়্-স্তম্ভ রোগে যথেষ্ট আহারের অপারকতাবশতঃ সাধারণ দৌর্কলা এবং শার্ণতা জন্মিতে পারে। রোগাৎপন্নকারী কারণের চিকিৎসা করার আবশ্রুক। প্রয়োজন হইলে, রোগের
কারণ ধরিবার জন্ম নিজাকারকেরও ব্যবহার করিতে হইবে। আবশ্রুক
কার স্থলে অন্ত্র-চিকিৎসা কর্ত্রবা। গুলাবায়ু সংস্কট রোগের চিকিৎসা
তাহার অন্যান্ম লক্ষণের সাম্ব হইবে।

৩। হাইপগ্লসাল বা নবম সায়ু-যুগা প্রদেশের আক্ষেপ ( Spasm of the Hypoglossal Region )—মৃগী, গুল্মবায়ু এবং নৃত্যরোগে ( Chorea ) অনেক সময়ে জিহ্বার আক্ষেপ বটিয়া থাকে। ডাঃ কাউপার থোয়েট বলেন, "আমি কেবল ছুইটি রোগ দেখিয়াছি যাহাতে মাত্র একই লক্ষণ—জিহ্বার আক্ষেপ ছিল।

তুইটি রোগই স্ত্রীলোকের মধ্যে দেখা যায়; প্রত্যেক রোগেরই কারণ জননেজিয় ঘটিত।" অস্তান্ত কারণ হইতেও রোগোৎপত্তির বিষয় শ্রুত হওরা যার। আক্ষেপ বলবৎ অথবা মৃত্রু হইতে পারে। ইহারা সাধারণতঃই সবিরাম। দিনের মধ্যে আক্রমণ অনেকবার ঘটতে পারে। মৃগী অথবা ত্রারোগ্য নৃত্য রোগ হইতে না জন্মিয়া থাকিলে রোগ সর্বস্থলেই আরোগা লাভ করে। সম্ভাবনা প্রত্যেক স্থলেই প্রতিক্ষিপ্ত উত্তেজনার কারণ বর্ত্তমান থাকে, এবং তাহাদিগকে স্থানাস্তরিত করিলে রোগারোগা হয়।

8। গ্রীবা-পেশীর আক্ষেপ।—্যে সকল পেশীতে এক্ সেসরি সায় বিস্তৃত থাকে সাধারণতঃ তাহাদিগেরই আক্ষেপ হয়—একা প্রার্ণ-ক্লিড-ম্যান্তাইড অথবা তাহার সহিত টেপিজিয়াস অথবা এক অথবা উভয় পার্ষের ম্পিনিয়াস। ইহা স্কেলি নাই এবং গভীর গ্রীবা-পেশী পর্যাম্ভ বিস্তৃত হইতে পারে। পাঠকের শ্বরণীয় যে পেশীগণের মধ্যে বে কোন মিশ্রণ আক্ষেপাক্রাস্ত হইতে পারে। সম্ভবতঃ আক্ষেপ এক পেশীতে আরম্ভ হয়, এবং পরে অক্সান্ত আক্রমণ করে। এই রোগের অতি অধিক সংখ্যক স্থলেই সায়ু-রোগ প্রবণ প্রকৃতি বর্ত্তমান থাকে। এই রোগাক্রান্ত অধিক সংখ্যক রোগীতেই অপকৃষ্টতার চিহ্ন প্রকাশ পার। অধিক পরিমাণ গ্রীবাস্তম্ভ (torti colis) রোগেই কোন সাক্ষাৎ করণের অবধারণ হয় না। অত্যাচার, বিশেষতঃ সুরাসার ঘটিত অপচার অনেক সময়ে রোগ-বিবরণে প্রাপ্ত হওয়া যায়। অল্প কতিপন্ন গ্রীবা-স্তম্ভ রোগের পূর্বের জননেন্দ্রির ঘটত অমিতাচার ঘটিয়াছে। আঘাতও একটি কারণ হইতে পারে, কিন্তু সাধারণ ঘটনা নছে। ব্যবসায় ইহার কারণোপরি কিঞ্চিৎ ক্ষমতা প্রকাশ করিতে পারে। কথিত, নক্সাকারীদিগের মধ্যে ইহা সংঘটিত হইরা পাকে। ইহাও সম্ভব, কোন বিশেষ অবস্থানে অতি অনেক সময়েব

জন্ম মস্তক রক্ষা করা ইহার উপরে কিঞ্চিৎ ক্ষমতা প্রকাশ করিয়া থাকিতে পারে। অনেক সময়ে ষম্বগত মস্তিন্ধীয় রোগের সহিত গ্রীবা পেশীর আক্ষেপ বর্ত্তমান থাকে।

লক্ষণ তত্ত্ব |---আক্ষেপ বলবৎ (tonic) হইতে পারে, এবং মৃত্ ( clonic ) অথবা উভয়ের মিশ্রণও হইতে পারে। অনেকস্থলে আক্ষেপ কিঞ্জিৎ ধীরে মস্তক স্বাভাবিক অবস্থানের বাহিরে আকর্ষণের পরে ন্যুনাধিক সময় এই অস্বাভাবিক অবস্থানে ধৃত রাথার পর যেন হঠাৎ শিথিলতা উপস্থিত হয় এবং মস্তক পুনরায় ত্বরিত স্বাভাবিক অবস্থান গ্রহণ করে। প্রায় সর্বস্থেলেই কোন স্থানে সামান্ত চাপ, একশুজ্ঞ কেশের আকর্ষণ, অথবা অন্ত কোন অকিঞ্চিৎকর সংঘটন আক্ষেপের নিবারণ এবং শিথিলতার উৎপাদন করে। যাহাই হুউক, অনেক ব্যোগ দেখিতে পাওয়া বায় যাহাতে এরূপ সংষ্টন হয় না। অনেক সময় ব্যাপী অবিশ্ৰান্ত, স্থির, লগ্ধ-সংকোচনাবস্থা হইতে পারে। অনেক সময়েই আক্রমণ আবেশে আবেশে হয়। অনেকগুলি আক্রমণ অর অর ব্যবধানযুক্ত শ্রেণিবদ্ধভাবে হয়, এবং পরে কতিপয় ঘন্টা অথবা সপ্তাহের জন্ম সম্পূর্ণ বিরতির অবস্থায় স্মথবা প্রায় তদ্ধপ থাকে। এই প্রকারের কোন আক্রমণ দিবদের মধ্যে অনেকবার অথবা সপ্তাহ পর্যান্ত হইতে পারে। কোন কোন স্থলে আক্ষেপ অনেক বংসর পর্যান্ত লগ্ন থাকে। এক প্রকার যাহা শির:-কম্প বা নডিং (nodding) আক্ষেপ -বলিয়া পরিচিত সাধারণতঃ চক্ষুর মিটি মিটি সহ সংযুক্ত থাকে। মানসিক-ভাব-বিশৃংথলা প্রায় সর্বস্থেলেই রোগ-বুদ্ধি করে। আক্ষেপ কথন স্কথন নিদ্রাবস্থাতেও চলিতে থাকে। যদিও একরূপ আরুষ্টবং **অমুভূ**তি এবং কথন কথন পেশীর থিলধরা বেদনা উপস্থিত হইতে পারে, তথাপি এ রোগে বেদনা একটি লক্ষণ বলিয়া গ্রহণ করা যায় না। কোন একোন স্থলে আক্ষেপ এবং মানসিক বিশৃংখ্যলার পর্যায় দেখা গিয়াছে।

ষ্ণগ্য স্থলে আক্ষেপের সহিত মানসিক গোলমাল এবং কিঞ্চিৎ ভ্রম-দর্শন দৃষ্ট হইয়াছে।

ভাবী ফল।—পরিণাম তাদৃশ শুভজনক নহে। অধিক সংখ্যক রোগই নিঃসন্দেহ কৈন্দ্রিক উভেজনার ফল, কিন্তু তাহার প্রাকৃতি অবিদিত। ইহার সহিত যদি শুলাবায়ুর, লক্ষণ বর্ত্তমান থাকে, ভাবীকল ভাল হইবার বিশেষ সম্ভাবনা। যে সকল রোগ শিশুদিগের মধ্যে সংঘটিত হয়, সর্কস্থলে না হইলেও সাধারণতঃ সম্পূর্ণ আরোগা হয়। কোন কোন স্থলে মৃগী গ্রীবাস্তম্ভের স্থলাভিষিক্ত হয় বলিয়া অমুমিতি জন্মে। এই অবস্থা বহুদিন স্থায়ী হইতে পারে। কোন নির্দিষ্ট উচ্চতা পর্যান্ত ইহার তীক্ষ্ণতায় বৃদ্ধি হইতে পারে এবং পরে তদবস্থায় স্থিবও থাকিতে পারে। অথবা শ্রেণিবদ্ধরূপে হ্রাস এবং বৃদ্ধি হইতে পারে। কথন কথন দৃষ্টতঃ স্থভাবারোগ্য সংঘটিত হয়।

চিকিৎসা-তত্ত্ব । কারণের সন্ধান পাইলে তাহার চিনকংসা করিতে হইবে। রোগীকে উত্তেজনা হইতে মুক্ত রাখা অতি গুরুতর আবশুকীয় মধ্যে গণ্য। শান্তির সহিত এবং নিয়মিতরূপে জীবন যাপনই রোগীর বিধিপূর্ব্ধক পালনীয়। যাহাতে মন্তক কোন অস্বাভাবিক অবস্থানে না রাখিতে হয় এরূপ কোন সহজ বিষয় কর্ম্মে নিযুক্ত থাকা বরঞ্চ নিন্ধর্মাবস্থাপেক। উৎক্ষত্তর। অবস্থা পরিবর্ত্তনের জন্ত সহজ পদ্ধতিতে ভ্রমণ কর্ত্তব্য। স্থনীর্ঘ সমুদ্র যাত্রা কতিপন্ন রোগ আরোগ্য করিয়াছে। জলচিকিৎসা কোন কোন হলে আরোগ্যের সাহায্য করিয়াছে। অধিকাশে গ্রন্থকর্তাই বিত্যচেন্ত্রাতের প্রশংসা করিয়াছেন, কিন্তু এরূপ প্রশংসার যথেষ্ট কারণ সম্বন্ধে বিক্ষরবাদীও দেখা যান্ন। হইতে পারে ফলাফল প্রয়োগ পদ্ধতির ভিন্নতার উপরে নির্ভর করিয়া থাকে। অক্সন্মাহনও উপকারী বলিয়া বিবেচিত নহৈ। যতদুর জ্ঞাত হওয়া যান্ন,

ঔষধ দারাও অতি অৱ কার্য্য হয়। ডাঃ কাউপার থোরেটও এই রূপ মত প্রকাশ করিয়াছেন। কিন্তু তিনি বিসদৃশ মতাফুসারে কতিপয় ঔষধ প্রয়োগে ফলের বিষয় উল্লেখিত করিয়াছেন। আমর। সম্পূর্ণ নিরপেক্ষভাবে তৎসমুদায়ের উল্লেখ করিলাম:—ক্লোমাইড লবণাদ্বি, দশ হইতে ত্রিশ গ্রেণ অর্দ্ধ গেলাস জলে দ্রব, প্রতি-<sup>1</sup> দিন তিন অথবা চারিবার। ওিশিস্থাম চিকিৎসা নিষিদ্ধ হইয়াছে; কিউন্নেশ্রার সাধারণ মাত্রায় কতিপন্ন রোগ আরোগ্য করিয়াছে ৰণিয়া কণিত; হায়সায়ামিন হাইডুব্ৰোমেউ্ ১৯৮ অথবা 🔑 গ্রেনের দিন ছই অথবা তিনবার ত্বগধঃ প্রয়োগে রোগারোগ্য হইয়াছে। ইহার কতিপয় সপ্তাহ ধরিয়া প্রয়োগের আবশুক; ডুবহাঙ্গিন (Duboisin) সমমাত্রারই রোগারোগ্য করিয়াছে। এই ছুই ঔষধের প্রয়োগকালে কোনরূপ ক্ষণস্থায়ী মানসিক লক্ষণ উপস্থিত হইতে পারে। কোন কোন স্থলে অস্ত্রচিকিৎসা ফল প্রদান করিয়াছে বলিয়া কথিত। ডাঃ এগুার্সন ৰলেন, তিনি তাঁহার হাঁদপাতালকার্য্যে অস্ত্র-চিকিৎদায় কতিপন্ন স্থলে উৎকুষ্ট ফল পাইরাছেন। মোটের উপরে চিন্তা করিয়া দেখিলে অন্ত-চিকিৎসা নিরাশা-প্রদই বলা যাইতে পারে। যাহাই হউক যে স্থলে কোন প্রকার চিকিৎসাতেই ফল পা ওয়া যায় না ইহার সাহাযা গ্রহণ কর্ত্তবা।

ডাঃ কাউপার থোয়েট আক্রাস্ত পেশীর বলপূর্বক প্রসারণের উপরে সর্বাপেক্ষা অধিকতর নির্ভর করিয়া থাকেন। বে সকল স্থলে মস্তক পশ্চাৎ পার্ম্বে হেলিত থাকে, সম্ভবতঃ পুনঃ পুনঃ ঝুলনার রাধা উৎক্রুষ্ট পদ্ধতি। ক্ষর রোগে (tabes) বেরূপ ঝুলনার বিষয় বলা হইয়াছে, দিবসে তিন অথবা চারিবার তক্রপ করিবে। রোগীকে ক্রমে ক্রমে অধিক সময়ের জন্ম ঝুলাইয়া রাখিতে হইবে, বে পর্যাম্ভ কেবলমাত্র বগোলের সামাত্র সাহায়ে মস্তক দারা ঝুলিতে না পারে। মস্তক ক্রান্ত পার্মেণ্ড আক্রষ্ট হইতে পারে, তাহাতে কোন

প্রকার বন্ধনী (harness) দারা সম্পূর্ণভাবে অস্বাভাবিক অবস্থানের বাধা প্রদান করিবে, ইহা বারা আক্ষেপযুক্ত পেশীও কিঞ্চিৎ টানের অবস্থা পাইবে। বন্ধনী (harness) উপযোগী করিতে অনেক চেষ্টা এবং কৌশলের উদ্ভাবন করিতে হইবে। প্রত্যেক রোগীর শারীরিক গঠন বিশেষতার স্বতম্বভাবে নির্দ্ধারণ করিতে হইবে, এবং তদমুসারে উপযোগী বন্ধনীর উদ্ভাবন করিতে হইবে। প্রথমে ইহা কতিপয় মিনিটের জ্বন্থ লগ্ন রাখিবে; লগ্ন রাখার সময় ক্রমে ক্রমে বর্দ্ধিত করিয়া সম্পূর্ণ জাগ্রৎ সময়ই তদবস্থায় রাখিতে হইবে। ভারি সংলগ্ন এক কপি কলের দড়ি ফাঁস দারা মস্তকোপরি যথোপযুক্তরূপে আবদ্ধ করিলে কার্য্য পাওয়া বাইতে র্শপারে। রোগী এরপভাবে উপবেশন করিবে যে ভারি তাহার মস্তক পরপর প্রত্যেক দিবস অধিকতর সময়ের জন্ম স্বাভাবিক অবস্থানে রাখিবে। পরে সে তাহার জাগ্রৎ অধিকাংশ সময় এই প্রকারে অতি-বাহিত করিতে পারে। এই চিকিৎসা কালে অনেক সময়ে সৈ পাঠ করিতে অথবা, এমন কি লিখিতেও পারে। কথিত যে যন্ত্রনারা চিকিৎসা অন্তান্ত পদ্ধতির চিকিৎসাপেক্ষা শতকরা অধিক সংখ্যক রোগ আরোগ্য করিয়া থাকে। ইহা দীর্ঘ সময় চালাইয়া যাওয়া উচিত। ইহাতে সপ্তাহের পর সপ্তাহে সপ্তাহে উন্নতির আশা করা যায় না. কেবল মাদের পর মাদে মাদে উন্নতি দেখা যায়।

শরীর কাণ্ডভাগ এবং অঙ্গাদির পেশীর আক্ষেপ।—
এরপ আক্ষেপও উৎপর হইতে পারে, কিন্তু অন্থান্ত স্থানিক আক্ষেপ সংস্রবে
বে সকল মূল বিষয়ের উল্লেখ করা হইয়াছে, তদ্বাতীত এস্থলে বিশেষ
বিবেচনার কোন আবশ্রকতার উপলব্ধি হয় না। অবশ্রই আক্রমণের স্থানের
বিশেষতা এবং আক্ষেপের প্রকৃতি অনুসারে ইহাদিগের পরিবর্ত্তন
করিতে হইবে। সাধারণতঃ স্থানিক আক্ষেপের কোন কারণ নির্দ্ধানিত
না হইলে উৎকৃষ্ট ফলের আশা করা যার না।

## লেক্চার ৩০৭ (LECTURE CCCVII.)

## ক্ষণিক আক্ষেপ অথবা থেঁচুনি বা ইম্পাল্টিভ স্প্যাজম অর টিক্।

(IMPULSIVE SPASM OR TIC.)

ইহা বিধি নামে অভিহিত; সাধারণ খেঁচুনি বা জেনারেল টিক (general tic) ম্যালাডিক ডেস্ টিক্স কনভাল্সিফ্স্ (maladic des Tics convulsifs) এবং ক্ষণিক পেশী-আক্ষেপ বা মাস্ত্র-স্থ্যাসিস্ত্রা ইম্পালসিভ্ (myospasia impulsive.)

বিবরণ।—ইহা অতি বিরল রোগ। সাধারণতঃ সাত এবং পনের বৎসর বয়দের মধ্যে ইহার আক্রমণ হয়। সম্ভবতঃ বংশায়ুক্রমিক স্নায়্-রোগ প্রবণতা প্রত্যেক রোগেই প্রাথমিক কারণয়পে বর্তমান থাকে। আকস্মিক ভাবাবসাদ অথবা অভিঘাত ইহার সাক্ষাৎ কারণ হইতে পারে। সাধারণতঃ রোগ মুথ, চক্ষু এবং মুথ-গহুবরের নানাবিধ পেশীর আনর্ভ্তন সহ আরম্ভ হয়। ইহা মুথের ন্নাধিক বিকট দৃগ্য উপস্থিত করে।

কিয়ৎকাল পরে গ্রীবা-পেশীর আনর্ত্তন উপস্থিত হয়, এবং সম্ভবতঃ
তাহারও পরে অঞ্চান্ত পেশীর তদবস্থা ঘটে। কথন কথন বোধ
হয় যেন এই সকলু আনর্ত্তন ইচ্ছান্ত্রবর্ত্তী। কার্য্যতঃ ইহা সেই একই
প্রকার ক্ষুদ্র, তীক্ষ আনর্ত্তন-গতির সমনিয়মাধীন অবিশ্রাস্ত পুনরাবর্ত্তন।
ইহারী যে ইচ্ছা ব্যতীত উৎপন্ন হয়, এ বিধন্ন সর্বস্থলেই অচিরাৎ বোধগম্য হইয়া থাকে। প্রথমাবস্থায় নৃত্য রোগ (chorea) সহ ইহার ভ্রান্তি

উপস্থিত হইতে পারে, কিন্তু উপরে যে সকল প্রকৃতিগত বিষয়ের উল্লেখ করা হইরাছে প্রভেদিত করণার্থ তাহারাই যথেষ্ট হইবে। রোগ আবেশে আবেশে উপস্থিত হয়। রোগীর তদ্বিষয়ে সম্পূর্ণ জ্ঞান থাকে, কিন্তু গতি নিবারণে অক্ষম হয়। ইহার ভাবীফল সম্বন্ধে ভিন্ন ভিন্ন গ্রন্থকর্ত্তাগণ যাহা বলিয়াছেন, পরস্পর বিরোধী। যে সকল চিকিৎসোপায় বাবহৃত হইন্য়াছে, যতদূর সন্তব, তন্মধ্যে রোগীকে সম্পূর্ণ নিঃসঙ্গ অবস্থায় রক্ষা এবং জল-চিকিৎসা সর্বাপেকা উৎকৃষ্টতর ফলপ্রদ বলিয়া পরিগণিত। এই সকল রোগে যোগ-নিদ্রা বা সম্মোহন ও (hypnotism) আরোগ্যকর বলিয়া অমুমিত।

# লেক্চার ৩০৮ ( LECTURE CCCVIII. )

পৈশিক মৃত্ আক্ষেপ বা মায়ক্লনিয়া (MYOCLONIA) অথবা

বহু-মুত্ৰ-আক্ষেপ বা পলিক্লনিয়া ( POLYCLONIA ) অথব।

( ফ্রিড্রিদের মতানুসারে ),

গুচ্ছাকার-বিস্তার-শীল পৈশিক মৃদু আক্ষেপ বা
প্যারামায়ক্রনাস মাল্টিপ্লেক্স

( PARAMYOCLONUS MULTIPLEX. )

বিবরণ।—এই প্রকারের আক্ষেপ কেবল বাত প্রকৃতির ব্যক্তি
দিগের (neurotics) মধ্যে উপস্থিত হয়। অভিষাত এবং ভাবাবেশঘটিত অবসাদ ইহার সাক্ষাৎ কারণ হইতে পারে, অথবা হইতে পারে,
ইহা কোন সংক্রামক রোগের পরিণামে জন্মে। ইহা একটি শ্রেণিবদ্ধ পৈশিক সংকোচন। ইহারা মিল অথবা ছন্দহীন। অতি ক্ষুদ্র ক্রুদ্র বিহাচচমকবং। এই সকল আক্ষেপ মাত্র একটি পেশী, একদল পেশী,
অথবা দূরে দূরে বিভক্ত অনেক দল পেশী আক্রমণ করিতে পারে। ইহা
একটি গুলাবায়ু ঘট্টিত দৃশ্যও ইইতে পারে। কোন কোন স্থলে ইহা
নিঃসন্দিগ্ধরূপেই একটী স্বতন্ত্রীভূত স্বয়মুৎপন্ন রোগ। শেষোক্ত স্থলে ভাবীকল
নিতান্তই সন্দেহ জনক।

এবন্ধি রোগে থাইরইডপ্ল্যাগু-ভিকিৎসা ফলপ্রদ

হইয়াছে। ফাটলার্স সল্পুসন ক্রমে বন্ধিত মার্রায় উপকার
করিয়াছে। ইহা বিসদৃশ এলপ্যাধিক চিকিৎসা। হোমিওপ্যাধিক
মতের চিকিৎসকের পক্ষে স্বমতের চিকিৎসার যথোপযুক্ত চেষ্টা ব্যতীত
ভিন্নমতাবলম্বন নিতাস্তই হুষনীয় এবং অকর্ত্তব্য।

সর্ব্ববিধ আক্ষেপের প্রক্বতির অমুসরণ করিয়া ঔষধের ব্যবস্থা করিতে হুইবে। কোন বিশেষ আক্ষেপের চিকিৎসা অসম্ভব।

#### লেকচার ৩০৯ (LECTURE CCCIX.)

ব্যবসায়সংস্ফ স্নায়ুমগুল-রোগ বা অকুপেশন নিয়ুরোসিদ।

(OCCUPATION NEUROSES.)

বিবরণ।—কোন বিশেষ প্রকারের জটিল সামঞ্জনীভূত ক্রিয়া সম্পাদনার্থ বিশেষ পদ্ধতিতে নির্দিষ্ট পেশীদলের অবিশ্রান্ত ব্যবহার করিলে তরিবন্ধন অনেক সময়েই উপরি উক্ত পেশীদলের স্থানিক আক্ষেপ, সামঞ্জনীভূত ক্রিয়া সম্পাদনের ক্ষমতার অপচয়, অথবা পক্ষাবাত সংঘটিত হয়। বহু সংখ্যক ব্যবসায় দৃষ্টিগোচর হয় যাহাতে এরূপ সংঘটনের বিশেষ সম্ভাবনা প্রকাশিত হয়। তাহার আংশিক তালিকা দেওয়া যাইতে পারে:—শিঙ্গাবাদক, বৈহালা বাদক (violinists), বেহালার ন্তান্ত্র বৃহৎ যন্ত্র (violencello)-বাদক, বংশীবাদক, পিয়ানো বাদক, স্থচীকর্মকারিনী নারী, বিনামা সেলাই কর, দর্জীর কার্য্যকারী, নৃত্যকর এবং নর্জকী, চুরট প্রস্তুতকর, ঘড়ি মেরামতকর, টাইপ লেখক এবং অন্তান্ত্র নানা প্রকারের ব্যবসা।

নকলনবিশা, অথবা লেখকের পাক্ষামাতই
(Scriveners Palsy or writers cramp) বোধ হয় সর্বাপেকা
সাধারণ। ইহার বিষয়ে যাহা বিবেচিত হইবে অন্তান্ত প্রকারের উপলব্ধির
পথও তাহা স্থান করিয়া দিবে। মূল বিষয় সম্বন্ধে সকলেই সম প্রকার।
মূল কারণ বিষয়েও তন্ধৎ, পরে যথন জ্ঞাত হওয়া যাইবে, আময়িক
বিধান-বিকার সম্বন্ধেও যে সকলে সম প্রকৃতির তাহার উপলব্ধি হইবে।
গতিকেই সকলেরই চিকিৎসা বিষয়ে সম পদ্ধতির অবলম্বন করিতে হইবে।
একমাত্র পরিবর্ত্তন, যাহা স্বভাবতই কর্ত্তব্য বোধ হইবে—ব্যবসায়ের ভিন্নতার
অন্তুসরণের ব্যবস্থা।

বে কার্য্যে রোগ জন্মিয়াছে এবং সেই কার্য্য সম্পাদন অনিয়মিত অথবা অসম্ভব হইয়াছে, সেই একটি ব্যতীত আক্রাস্ত পেশী সকল প্রকার আবশুকতার জন্তুই সম্পূর্ণ আয়ন্তাধীন থাকে।

নিয়মিতরূপে স্থানীর্থকাল অবিপ্রান্ত ভাবে কলমের (pen ) ব্যবহার, লিখনে সম পদ্ধতির ব্যবহার কেরাণির খল্লীর (writer's cramp) দারণ। প্রত্যেক ব্যক্তিই যিনি লিখনে, চিত্রকার্য্যে অথবা প্রতিমূর্ত্তি-গঠনে অবিপ্রান্ত ভাবে নিযুক্ত থাকেন যদি যত্ন পূর্ব্বক পুনঃ পুনঃ কলম বা পেনধারণের পদ্ধতির পরিবর্ত্তন করেন ইহা নিবারিত হইতে পারে।

সম্ভবতঃ ইহা সায়্-রোগ প্রবণ ব্যক্তিদিগের মধ্যে সংঘটিত হয়। এরপোবস্থায় রোগী পেশীশক্তির অপচয় বশতঃ কলম ধারণে অশক্ত থাকে এবং তাহা অঙ্গুলির বাহিরে পড়িয়া যায়; অথবা সে ঐ সকল পেশীর আক্ষেপিক গতি নিবন্ধন পঠনোপযুক্ত অক্ষর প্রস্তুত করিতে পারে না। বিশেষ কুরিয়া লিখনে অঙ্গুলির চালনা এই রোগোৎপাদনের সম্ভব্য কারণ। লেথকগণ সম্পূর্ণ অক্ষের চালনা করিবেন। অন্থমিত হয় যে, যে কোন বিষয় সাধারণ দৌর্বল্যের প্রবণতা উপস্থিত করে, অথবা অপকৃষ্ঠ পোষণ সম্পাদন করে তাহাই অতিরিক্ত পূর্বপ্রবণতার কারণ। বহু দিম স্থায়ী যে কোন প্রকারের অবিশ্রাম্ব ভাবুকতা ব্যক্তি বিশেষে এই রোগ প্রবণতার একটি আংশিক কারণ বলিয়া অন্থমিত।

মৃত্ব কম্পন ব্যতীত অন্ত কোন লক্ষণ না থাকিতে পারে। যদিও বহুতর স্থলেই বেদনা থাকে না, তথাপি কথন কথন এক প্রকার স্নায়ু-শূল সংস্পৃষ্ট স্থাবা বেদনাযুক্ত রোগ দেখা যাইতে পারে। স্নায়ু-শূল সংস্পৃষ্ট রোগে যে মৃহুর্ত্তে লিখিবার জন্ম চালনার সাধারণ সংযোজনার চেষ্টা করা যায়, যে কোন প্রকৃতির একটি বেদনা সংঘটিত হয়। এই রোগে অন্ত কোন লক্ষণ আরোপিত করিতে পারা যায় না।

বে স্থলে চাপে বেদনা, চাপে স্পর্শাসহিষ্ণু স্থান অথবা অন্তান্ত শরীরাংশের

বেদনা থাকে, তাহা লেথকের থল্লী বা রাইটার্'স ক্র্যাম্প জক্ত হয় না।
ইহা নিঃসন্দেহ যে রোগার অন্ত কোন রোগের আক্রমণাবস্থায় এই রোগ
সংঘটিত হইতে পারে। এন্থলে বিশেষ প্রকৃতিগত লক্ষণ ঘারা রোগনির্বাচিত
করিতে হইবে। সামান্ত স্নায়্-প্রদাহ অথবা স্নায়্-শৃলের সহিত কেরানির
পক্ষাঘাতের (writers palsy) ভ্রান্তির আশংকা জন্মিতে পারে, কিন্তু
পেশীর উপরে একই প্রকার ক্ষনতার অভাব, অপিচ সঙ্গে কোন লক্ষণের
উপস্থিতি, অথবা হস্ত যথন এক অবস্থানে থাকে কেবল তথ্নই বেদনা,
রোগ নির্বাচনে সম্পূর্ণ সক্ষম করিবে।

এপর্যান্তও শরীর-সংস্থান-তত্ত্বিষয়ক কোন পরিবর্ত্তন সম্বন্ধীয় বিখাস যোগ্য মতের কল্পনা হয় নাই। এরূপ অফুমান করা যায়, স্বল্পত্তর হুইলেও, অনেক স্থান মন্তিক-কেন্দ্রে আনবিক পরিবর্ত্তন ঘটে।

্ৰভাবীফল।—তাদৃশ শুভন্তনক নহে। তথাপি অনেক স্থলে বোগ আবোগ্য হইয়া থাকে।

চিকিৎ্স|-তত্ত্ব |—স্মবস্থানুদারে ইহাতে নিম্নলিখিত ঔষধগুলি ব্যবস্থাত হইতে পারে:—

ইস্কুলাস গ্লাণ্রা; নাক্স ভমিকা; ইগ্লেসিরা; এলেট্রিস ফ্যার; অ.র্নিকা, মগিগ্র্যাফিরা, বেল, কষ্টিকাম, জেল্স, সিকেলি, সাইলিসিরা, ষ্টেনাম, জিক।

আনুবঙ্গিক-চিকিৎসা।—অভান্ত কার্য্য বন্ধ করিতে হইবে বাহাতে অন্তত্ত কার্য্য বন্ধ করিতে হইবে বাহাতে অন্তত্ত কার্য পেনীপ্রেলির বিশ্রাম হইতে পারে। রোগীর অন্তত্ত হারা লিখিতে হইতে পারে, কিন্ত ইহা নিশ্চিত যে কিন্তংকাল পরে তাহাও আক্রান্ত হইবে। সর্বপ্রকার লিখনের কার্য্য সম্পূর্ণ বন্ধ করা সর্ব্বতোভাবে উৎক্রপ্ত পদ্ধতি, এবং সম্ভব হইলে রোগার পক্ষে ইহা অবশ্র কর্ত্তরা। লিখন বন্ধ করা অসম্ভব হইলে, বিলক্ষণ ত্বল পেন-হোল্ডারের, সর্ব্ব সমন্ত্র না হইলেও আংশিক সময়ের জন্ম ব্যবহার করিবে, অথবা পেন-হোল্ডার

একটি কর্কের মধ্যদিয়া চালাইয়া তথারা ধৃত রাখিবে। পোনের পরিবর্জে লেড্পেন্সিলেরও ব্যবহার চলিতে পারে। মূল বিষয় এই যে পোনের ধারণে এবং ব্যবহারে অঙ্গুলির তৎকালীন অবস্থানের পরিবর্ত্তন হইবে।

এই উদ্দেশ্যের সাধন জন্তা, নানাবিধ উদ্ভাবনের সংখ্যা অগণ্য। হস্ত 
ারা অনেক কল গঠিত হইরাছে, এবং ন্যানাধিক সফলতার সহিত 
াবহৃত হইরাছে। রোগ যদি অত্যন্ত বৃদ্ধিপ্রাপ্ত এবং বদ্ধমূল হইরা থাকে 
কিছুতেই স্থায়ী উপকার হইবে না। অল্লদিনের রোগে উহাদিগের মধ্যে বে কোনটি আরোগ্যোৎপাদন করিতে পারে।

প্রায়শংই বৈহাতিক প্রয়োগ প্রদর্শিত হয় না। সর্ব্যপ্রকার ব্যবসায়ঘটিত স্নায়্-রোগেই আক্রান্ত পেণীতে দৃঢ়তার সহিত, অবিশ্রান্ত ভাবে এবং
নিয়ম পূর্ব্যক অক্সম্বাহনে গভীর ঠাসার ব্যবহার উপকার করিয়াছে। আক্রান্ত
অক্সের লয় যুক্ত এবং নির্মিত চালনারূপ ব্যায়াম উপকারী। চিকিৎসা
সম্বন্ধীয় সংবাদ পত্রের বিজ্ঞাপনে দেখা যায় প্রতাহ নিরম পূর্ব্যক করাত ঘারা
কার্চের কর্ত্তনে, অপিচ কাঠ চেলা করায় রোগারোগ্য হইয়াছে। ব্যবসায়ের
পরিবর্ত্তন, যাহা আক্রান্ত অক্সের সম্পূর্ণ নৃতন চালনা প্রদান করিবে, অনেক
সময় তিন হইতে পাঁচ বৎসরের মধ্যে রোগারোগ্য করিবে। কোন কোন
স্থলে স্নায়্-প্রসারণ রোগারোগ্য করিয়াছে। লেথকের থল্লীর আরোগ্য জন্ত
এই চিকিৎসা পদ্ধতি বোধ হয় ডাঃ কাউপার থোয়েট প্রথমে উদ্ভাবন
করিয়াছিলেন। কিন্তু তিনি এক্ষণে ইহার উপকারীতায় সন্তন্ত নহেন,
অথবা ইহাকে স্থায়াক্তিক বলিয়া বিবেচনা করেন না।

## লেক্চার ৩১ ( LECTURE CCCX.)

#### অলীক ধনুষ্টস্কার বা টিটেনি।

(TETANY.)

বিবরণ।—ইহা অতি বিরল রোগ, কিন্তু কথন কথন দেখা যার। কোন কোন নির্দিষ্ট স্থানে কথন কথন দেশব্যাপকরূপে ইহা উপস্থিত হয়। সম্ভবতঃ পুরুষাপেক্ষা নারীতে অধিকতর আক্রেমণ ঘটে। ইহা অব্ল বয়সের ব্যক্তি এবং শিশুদিগের মধ্যে অধিকতর সাধারণ।

সম্ভবতঃ ইহা সর্বস্থলেই বিষোৎপদ্ধ অববা সংক্রোমক। আমাশর এবং উদররোগপ্রবণতা না থাকিলে শিশুদিগের মধ্যে ইহা কচিৎ সংঘাঁচত হয়। ইহা অনুমিত যে চামার বা শৃ-মেকার এবং দর্জ্জি বা টেলারগণের মধ্যেই এই প্রকার আক্ষেপাক্রমণের বিশেষ প্রবণতা জন্মে। তাহাদিগের ব্যবসায়ের প্রকৃতি নিবন্ধন এক্রপ হয় না, কিন্তু তাহারা যে বস্তুর ব্যবহার করে তৎসংস্ট্র বিষ হইতে সংঘটিত হয়। রোগের উপরে থাইরইডগ্রন্থির বিশেষ ক্রমতা আছে বলিয়া অনুমিত। ইহার সম্পূর্ণ অপসারণ রোগের পূর্ব্বপ্রবণতা প্রদান করে। অপিচ অনুমিত যে গ্রন্থির অতিরিক্ত নিঃপ্রব কথন কথন এই রোগোৎপদ্ম করিয়াছে। কথন কথন ইম্যাকপাম্পের (আমাশন্ম শূলকর নলীকা-যন্ত্র) ব্যবহারের অথবা মৃত্র পথমধ্যে শলার (sound) চালনার পরে ইহা সংঘটিত হইয়াছে ।

কোন কোন স্থলে ইহা প্রতিক্ষিপ্ততা ঘটিত উত্তেজনার ফল বলিয়া অমুমিত হইয়াছে। কখন কখন ইহার বিলক্ষণ নিকট সাদৃশ্রস্কু অবস্থা, একটি অপস্মারিক দৃশ্য উপস্থিত হয়। লক্ষণ-তত্ত্ব।—সাধারণতঃ প্রথমে কোন প্রকার সাধারণ
পরঃ-শূল উপস্থিত হয়, কিন্তু তাহার কোন বিশেষতা দৃষ্ট হয় না।
কান প্রকার সাধারণ বিশৃংখলা এবং অস্বস্তির ভাব দেখা দেয়।
বতঃ অতিটৈততা এবং অনেকটা বেদনা, বিশেষতঃ উদ্ধাঙ্গ বেদনা
ংঘটিত হয়। একণে এক প্রকার বেদনাযুক্ত এবং সবিরাম বলবং আক্ষেপ
পস্থিত হয়। ইহা এক দল পেণীতে সীমাবদ্ধ থাকে এবং প্রায় সর্ব্ব স্থলেই
উদ্ধাঙ্গ আক্রমণ করে ও দিপাখীয় হয়। সাধারণতঃ করের ক্ষ্ ক্র পেশী
প্রথমে আক্রান্ত হয়। এরূপ হইলে বিশেষ এক প্রকার গঠন-বিক্রতি জন্মে,
এবং প্রায়শংই তাহা রোগ-নির্বাচনের সাহায্য করে। স্পষ্টই অঙ্গুলি সকল
পরস্পর স্বতন্ত্র ভাবে করের উপরে বক্র হয়, কিন্তু তাহারা স্বয়ং কঠিনরূপে
প্রদারিত থাকে। অর্থাৎ বক্রতাহান অঙ্গুল্যাদি করের সহিত সমকোণ
নির্দ্ধাণ করে। অঞ্জুলি নিচয় সম্ভবতঃ পরস্পরকে কিঞ্চিৎ আর্ভ

এরপ অনেক স্থলে দেখা বায় যে কর এবং অঙ্গুল্যাদি অতীব ভিন্ন ভিন্ন অবস্থান গ্রহণ করে। ভিন্ন ভিন্ন পেশীদলের প্রভ্যেকের সংকোচনাস্থপারে ইহারা প্রান্ন যে কোন অবস্থান গ্রহণ করিতে পারে। কর মাণবন্ধের উপরে বক্র হইতে পারে এবং করুই সন্ধিরও বক্রতা জন্মিতে পারে। কাগুদেহের পেশীর আক্রমণ অতীব অসাধারণ। মতীব কঠিন রোগে তাহাদিগের আক্রমণ হইতে পারে। যেরূপ কথন কথন দেখা যার, ধদি নিম্নাঙ্গাদির স্বতন্তভাবে, অথবা উদ্ধাসাদির সহিত ইহা সংঘটিত হয়, তাহাতে সংকোচনাদির সাধারণ প্রকৃতি সমপ্রকার হইবে এবং আক্রান্ত পেশীগণের মধ্যেও সমান সম্বন্ধ থাকিবে। অভিশন্ন কঠিন রোগে চক্রু গোলকের বিঘূর্ণন (mystagmus) জন্মে এবং অক্লি-পুট-পেশী রোগাক্রান্ত হয়। অন্ত কোন রোগে টোসোঁর চিঙ্কু (Troussean's sign) জন্মে না, যাহাই হউক, ইহার অনুপস্থিতি অলীক

ধনুষ্টকারের অনুপস্থিতি প্রমাণিত করে না। "রোগাক্রাস্ত অক্সের উপ চাপ দিলে আক্রমণ উপস্থিত হয়" ইহাই টোসোঁর চিত্র।

অধিকাংশ স্থলে ব্যবধান কালে, অদ্ধ মিনিট হইতে তিন অথ চারি মিনিটের জন্ম অভ্যন্তরীণ বাইসিপিটাল সাল্সিদ প্রদেশে চাপে প্রয়োগে আক্রমণোৎপন্ন করা যাইতে পারে।

সংকোচনাদি পরস্পর একটির পর একটি শীঘ্র শীঘ্র ঘটিতে পারে এরপ যে, প্রায় লগ্ধ ভাব ধারণ করে, অথবা স্থানীর্ঘ কালের ব্যবধানে হঃ প্রত্যেকটি সামান্ত কতিপয় মিনিট মাত্র, অথবা অনেক ঘণ্টা অথবা অ হইতে দশ দিবস পর্যান্তঃও স্থায়ী হইতে পারে। কিয়দিবস পর্যান্ত প্রতিদিনই আক্রমণ হইতে পারে, পরে অনেক দিনের, অথবা মান্তে বিরাম ঘটিতে পারে, অথবা আক্রমণাদির মধ্যে অনেক দিনের, সপ্তাহে অথবা মাসের ব্যবধান দেখা যাইতে পারে।

প্রায় সর্বস্থিলেই নাড়ী-স্পান্দন কিঞ্চিৎ ক্রত থাকে। শরীর তা
কিঞ্চিৎ উচ্চতর অথবা সভাবনিয় দেখা যায়। গতিদ স্নায়ুর ক্রিয়াগ
উত্তেজনা প্রবণতার বৃদ্ধি জয়ে। অপিচ গতিদ স্নায়ুর বৈছাতিক উত্তেজন
প্রবণতা বর্দ্ধিত হয়। প্রতিক্ষিপ্ত ক্রিয়াদি বর্দ্ধিত হইতে পারে, অথ
তাহাদিগের হ্রাস জয়ে, অথবা তাহারা স্বাভাবিক থাকে।

ভাবী ফল ।—জীবন সম্বন্ধে শুভ। ন্নাধিক তারতমাবিলি সময়ের বাবধানের পর পর রোগ পুনরাক্রমণ-প্রবণতা প্রকাশ করে। অনে রোগ বছদিন পর্যান্ত নিয়মিত রূপে চলিতে থাকে। অধিকাংশ রোগ সম্পূর্ণ আরোগ্যের আশা করা যায়। যদি আমাশয়ের প্রসারণ জাল অথবা থাইরইড গ্রন্থি অন্ত দ্বারা সমূলে স্থানান্তরিত করা হই থাকে, আরোগ্যের সম্ভাবনা তাদৃশ শুভজনক নহে। যদি শ্বাস-প্রশ্বা পেশী আক্রান্ত হয় সাংখাতিক পরিণাম ঘটিতে পারে।

চিকিৎসা-তত্ত্ব ৷—ই হার অভ্যন্তরীণ ঔষধের সম্বন্ধে গ্রন্থকা

গণ হইতে বিশেষ সাহায্য পাওয়া যায় না। ডাঃ ষ্টিলমেন বৈলি
শক্তিতে পরিণত থাইরইভ গ্রন্থির প্রয়োগের ব্যবস্থা করেন। ডাঃ
কাউপার থোয়েট ইহার ৩× হইতে ৬× ছারা কার্য্য হইবে বলিয়া আশা
করেন। ইহার প্রযোগ সম্বন্ধে অভাভ উপদেশ পাঠক এক্স্ অকথাল্মিক গয়টারের চিকিৎসায় জ্ঞাত হইবেন। ইহার অভাভ ঔষধের
প্রয়োগ সম্বন্ধে উপস্থিত লক্ষণাদি আমাদিগের পথদর্শক। ফলতঃ
আমরা কিন্তু ধাতুগত ঔষধাদির উপরেই সম্পূর্ণ নির্ভর করি এবং বলা
বাহুলা, তাহাতে উৎক্ষণ্ঠ ফললাভ হইয়া থাকে।

আকুষ্ঠিক চিকিৎসা।—

যত্ত্ব সম্ভব পরিপাক-বন্ধানি

মশৃংথলাবস্থায় রক্ষা করিতে হইবে। শরীর পরিকারক স্নান সর্বস্থলেই

অতীব উপকারী। চবিবশ ঘণ্টার মৃত্রের বিশ্লেষণ পরীক্ষার আবশুক।

এ রোগে মৃত্র পরীক্ষা দ্বারা গুরুতর কার্য্য সাধিত হইতে পারে। প্রতিক্ষিপ্ত

ক্রিয়াদির সম্ভবিত উৎপত্তির স্থানের নির্ণয় করা অত্যাবশ্রক্তী—, এবং
নির্ণীত হইলে, চিকিৎসকের তৎপ্রতি বিশেষ দৃষ্টি রাখা উচিত।

কঠিন রোগচিকিৎসায় বিসদৃশ মতাবনম্বনও বিরল নহে। এরপন্থলে ব্রমাইড লবণাদির অথবা নিদ্রাকারকরপে হায়সায়ামিন उক্তিন গ্রেণ মাত্রায় ত্বগথঃ প্রয়োগের আবশুক হইতে পারে। সাক্ষাৎ আক্ষেপের নিবারণ জন্ত কিউরেয়ারের ব্যবহার দেখা যায়। মেকদণ্ডের উপরি বরফপূর্ণ পলীর (spinal ice bag) প্রয়োগ উপকারী। থাইরইড গ্রন্থি এ রোগ সম্বন্ধে এমন একটি শুরুতর বিষয় যে ভাহার প্রতি বিশেষ মনোযোগের আবশুক। কোন কারণ বশতঃ ইহা স্থানাস্তরিত করিবার আবশুক হইলে, যত অধিক পরিমাণ রক্ষা করা যাইতে পারে তাহা কর্ত্তর। ইহার ব্যবহারে অতি স্থবিবেচনার আবশুক।

## লেক্চার ৩১১ (LECTURE CCCXI.)

### নৃত্য-রোগ ব। কোরিয়া।

(CHOREA.)

প্রতিনাম |—তাগুৰ রোগ, দেণ্ট্ভাইটদের ভ্যান্দ্ ( St. vitus' Dance ). ।

বিবরণ ।—ইহা একটি রোগ, অথবা তদপেক্ষা অধিকতর প্রকৃত কথায় একটি অবস্থা, যাহাতে কোন শরীরাংশের অথবা সম্পূর্ণ শরীরের নানাবিধ অনিয়মিত পৈশিক সংকোচন ঘটে। এই সকল সংকোচন শরীরের যে কোন অংশের কেবল ষৎ সামান্ত আনর্ত্তন অথবা প্রায় যে কোন প্রকারের অইনন্দ্রিক চালনা উৎপন্ন করিতে পারে। এই সকল আনর্ত্তন অথবা চালনা অতি সামান্তাকার হইতে পারে, অথবা এতাদৃশ কঠিন, যে রোগীর ভ্রমণ, চৌকির উপরে উপবেশন অথবা, এমন কি শয়ার উপরে শর্মনেরও বাধা জন্মাইতে পারে। বিবিধ প্রকারের রোগ দেখা যায় যাহা তাগুবরোগ শিরোনামে কথিত হইয়া থাকে।

কারণ-তত্ত্ব। — রোগ আজন্ম অথবা সোপার্চ্জিত, নায়্-রোগ-প্রবণ প্রকৃতি ইহার প্রধান কারণ বলিরা গণ্য। বাহা কিছু সাধারণ অবসাদ উৎপন্ন করে, ইহার পূর্ব্ব প্রবণতার বিষয়ীভূত হইতে পারে। ছবিত বস্তুর আহার এবং সাধারণ অস্বাস্থ্যকর স্থানিক অবস্থাদি, ক্ষয়কর অথবা হর্বলকর রোগাদি সকলই তাগুবরোগের পূর্বপ্রবণতার উৎপাদক। এক প্রকার রোগে বাতীত, সাক্ষাৎ বংশ পরম্পরাগত রোগচালনা থাকিতে পারে না, কিছু বহুতর স্থলে স্পষ্টতর বংশ পরম্পরাগত রোগোৎপাদক নাম্বিক শক্তি (inlence) থাকে, যেমন লাম্পট্য, উন্মাদরোগ, মৃগী এবং পারিবারিক

অক্তান্ত নানাবিধ সাক্ষাৎ সায়-বিকার। ইহা অনেক সময়ে তব্দণ রোগের পরিণাম ফল। অনেক সময়েই ইহা রক্তহীনতায় জন্মে, কোন বয়সই ইহা হইতে মুক্ত নহে, কিন্তু ইহা চতুর্থ বৎসরের পর হইতে বিশ বৎসরের পূর্ব্ব পর্যান্ত অতীব সাধারণ। ইহা পুরুষাপেক্ষা স্ত্রীলোকেই অধিকতর দেখা যায়। এই রোগ অনেক সময়ে অমুকরণ এবং কখন কখন অভ্যাস ্হইতে জন্মে। একটি স্নায়বিক অসহিষ্ণুতা বিশিষ্ট বালক এই, অথবা অন্ত কোন প্রকার আক্ষেপাক্রাস্ত রোগী দর্শনকরে, এবং তৎক্ষণাৎ, অথবা অতি শীঘ্র কোন প্রকার তাগুব রোগোৎপন্ন হয়। কোন প্রকৃতির ভাব-বিশৃংখ্যলা, বিশেষতঃ অত্যধিক উত্তেজনা ইহা উৎপন্ন করিতে পারে। যুবক-দিগের মধ্যে এই কারণ একটি প্রধান স্থান অধিকার করে। যুবত্ব সংস্কৃত পরিবর্ত্তন এবং অবস্থাদি অনেক সময়েই সাক্ষাৎ কারণ বলিয়া অমুমিত। অনেকস্থলে প্রথম ঋতু উপস্থিতির বিলম্ব, অথবা পরবর্ত্তী ঋতু সম্বন্ধীয় বিশৃংখ্যালা অনেক সময়ে নৃত্য রোগে প্রতিফলিত হয়। বছতর রোগ অন্তঃসন্ত্রার পর পাঁচ মাদের মধ্যে উপস্থিত হয়। কথন কথন গর্ভধারণের শেষাবস্থাতেও রোগোপস্থিত হইয়া থাকে। উপযুক্ত সময়ে অথবা তাহার পূর্ব্বে সন্তান প্রবৰ হইলেই ব্যোগের অন্তর্দ্ধান ঘটে। প্রথম গর্ভ সংস্রব ব্যতীত এ রোগ অন্নই জন্মিয়া থাকে। রস-বাতিক জব এবং প্রাদাহিক রস-বাতের উপদর্গ রূপেও ইহা অনেক সময়ে জন্ম। হৃদন্তর্কেষ্ট-ঝিল্লি-প্রদাষ্ট একটি নি:সন্দিগ্ধ কারণ। কোন প্রকার আত্মসংক্রমণ (autoinfection ) ইহার উৎপত্তির কারণ হইতে পারে।

নানাবিধ প্রতিক্ষিপ্ত উত্তেজনা ইহার অতি প্রধান কারণীভূত ঘটনা।
 শত করা অনেক সংখ্যক রোগীর দ্র-দৃষ্টি (hyperopia) থাকে।
 চক্ষ্র কষ্টকর শ্রম যে নৃত্যরোগের সাক্ষাৎ কারণ এ বিষয়ে কোন সন্দেহ
 থাকিতে পারে না। নাসিকা পথে উত্তেজনা, গ্রন্থিল মাংস বৃদ্ধি (adenoid growth),
 দন্ত অথবা কর্ণ সংস্কৃতি রোগাদির মধ্যে কোন একটি

মৃগীবৎ রোগোৎপন্ন করিতে পারে। বিঙ্গমুগু-ছক, অথবা ভগাঙ্কুরের গঠন বিকার অনেক সময়ে রোগের কারণীভূত।

লক্ষণ-তত্ত্ব।—বোগ ধীরে আগত হয়। প্রথমে কোন প্রকার সামান্ত মাত্র অসাধারণ কুৎসিৎভাব বা অপটুতা জন্মে। একপ্রকার অসাধারণ শারীরিক অস্থিরতা দৃষ্ট হয়। ইহা অসাবধানতা এবং কুৎসিৎ ব্যবহারে আরোপিত হইতে পারে। সেগার্থান্ত কোন প্রকার আকস্মিক চালনা-প্রবণতা, এবং মৃথমণ্ডল-পেশীর আনর্ত্তন দৃষ্ট না হয়, কেবল এই অবস্থারই বুদ্ধি হইতে থাকে। এরপ চালনাও হইতে থাকে যাহা স্পষ্টতঃই ইচ্ছার অধীন রাথা যায় না। রোগী উপবেশন করিয়া অথবা দণ্ডায়মান হইয়া স্থির পাকিতে পারে না, ইহাও সম্ভব এক অথবা উভয় হস্তের, অথবা পদের অবিরত ভাবে অনিয়মিত চালনা হইতে থাকে। এই সকল চালনা স্কন্ধের উত্তোলন, অঙ্গুলি উন্মুক্ত অথবা রুদ্ধ করার আকারে, অথবা প্রায় অন্ত বে কোন আকারে হইতে পারে। কখন কখন দেখা যায় যে রোগের প্রকাশ শরীরের এক অংশে সীমাবদ্ধ না থাকিলে চালনা চ্ছন্দযুক্ত হয় না: এরপ স্থলে এই চালনা কথন এস্থানে, কথন সেস্থানে, এক অংশে পরে অনো সংঘটিত হয়। আক্ষেপ নহে; ইহা ইচ্ছাত্মগ, কিন্তু উদ্দেশ্য বিহীন চালনার সহিত অধিকতর নিকট সাদৃত্য প্রকাশ করে। উদ্ধার্গ'দি অধিকতর সময়ে আক্রান্ত হয়। অনেক সময়ে জিহবার আক্রমণ ঘটে। এই জন্য তাহা নিম্নমিত রূপে বাহির করা যায় না। সামান্য ঝাঁকিযুক্ত উচ্চারণ হইতে, একটি কথাও উচ্চারণের অপারকতা পর্যান্ত, যে কোন পরিমাণে কথনের বাধা জন্মিতে পারে। খাস-প্রখাস-পেশী সাধারণত:

মাক্রাস্ত হয়। মুখগহবর, গলাভান্তর এবং তালুর পেশীর অনৈচ্ছিক সালনা আহারের বাস্তব বাধা জন্মাইতে পারে। অক্লি-পেশী আক্রাস্ত হইতে পারে, কিন্তু স্বরসংস্ষ্ট পেশী প্রায় কথনই নহে।

অনেক সময়েই তাপের কিঞ্চিৎ বৃদ্ধি হয়, এবং কঠিন রোগে অতীব উচ্চতাপ হইতে পারে।

রোগ-নির্বাচন ।—অধিকাংশ রোগ নির্বাচনেই কারণের নির্বারণ ব্যতীত অন্ত কোন প্রকার কাঠিন্য উপস্থিত হয় না। যে পর্যান্ত কারণের অবধারণ না হয়, রোগ নির্বাচন অসম্পূর্ণ থাকে। পক্ষাঘাতের অমুপস্থিতি, এবং পেশীর আক্ষেপ নহে কেবল অনৈচ্ছিক গতি এবং কাঠিন্য অথবা সংকোচনের অভাব প্রভৃতি সম্ভবতঃ য়েশ্বেক্স্ক্র রোগসহ তাপ্তব রোগের ভান্তির নিবারণ করিতে পারে।

ভাবীফল।—তিন মাস মধ্যে রোগারোগোর আশা করা সম্ভবতঃ
অসম সাহসিকতা নহে। অনেক স্থলে চিকিৎসা দ্বারা অথবা চিকিৎসা
বাতীতই তিন মাসের মধ্যে রোগ আপনা হইতে আরোগ্য লাভ করে।
কোন নির্দিষ্ট সংখ্যক রোগ ছয় মাস অথবা এক বৎসর স্থায়ী হয়। সামান্য
কতিপয় স্থলে অনেক দিন, এমন কি বছু বৎসর রোগের স্থায়ীছ হইয়া
থাকে। স্পষ্টতর স্থৎপিও লক্ষণের জন্য স্থৎপিও পরীক্ষার আবশ্রক,
এবং যদি হৃদস্তর্বেষ্ট-ঝিল্লি-প্রদাহ অথবা হৃৎপিওের বসাদোষের প্রমাণ
উপস্থিত থাকে, অথবা কোন দ্বিপত্রিককপাটের অকর্ম্মণ্যতা প্রকাশ পায়
ভাহাতে ভাবীকল তাদৃশ গুভঙ্কনক হয় না; এই প্রকৃতির রোগের অনেক
কোগীরই মৃত্যু সংঘটিত হয়।

ষদি দ্রুত শীর্ণতা, ধলক্ষয় এবং তাপের স্পষ্টতর বৃদ্ধি ঘটে, ভাবীফল অধিকতর শুকুতর হয়।

অন্তঃসত্তার তাশুব রোগ।—সর্বস্থলেই শুরুতর, তথাপি এক্লপ নহে বে অনেক স্থলেই সাংঘাতিক, কিন্তু অন্তঃসন্থার শুরুতর অবস্থা ইহাতে গুরুত্বের কারণীভূত হয়। সর্বস্থলেই প্রায় জরায়ু শৃষ্ট হইবার সঙ্গে স্ত্যেরোগ নিবারিত হয়, কিন্তু অসাময়িক প্রসবেও বিপদের কারণ আছে। যদি আপনা হইতে প্রসব না হয়, অথব তাহা সংঘটিত না করা যায়, অবিশ্রান্ত পেশীচালনা ঘটিত বলক্ষয় হইতে গুরুত্ব বিপদোৎপত্তির বিশেষ সম্ভাবনা থাকে। অনেক সময়ে অস্তঃসত্বাবভায় অথবা প্রসবকালে রোগের পুনরাবর্তনের সম্ভাবনা থাকে।

কারণাপদরণের সম্ভাবনা ভাবীফলের পারবর্ত্তন সাধন করে।

চিকিৎদা-তত্ত্ব।— এগা ব্লিকাঙ্গ—প্রকৃত মন্তিদীয় নৃত্য-রোগে ইহা দকল ঔষধের শার্ষস্থানীয়। ইহার রোগোৎপাদক পরীক্ষায় পেশী-আনর্ত্তনের বহুতর লক্ষ্ম---্রেস্টত হয়, তন্মধ্যে চক্ষু-গোলক এবং চক্ষ্ম-পুটের আনর্ত্তনও দেখা দেয়; ইহার নৃত্য রোগে অঙ্গাদির কোনাকার এবং আক্ষেপিক গতি উপস্থিত হয়। এই সকল চালনা শরীরের এক পার্শ্বে সীমাবদ্ধ পাকে না, কিন্তু শরীরের উদ্ধার্দ্ধের একপার্শ্ব এবং নিমার্দ্ধের তদ্বিপরীত পার্শ আক্রমণ করে। ভেরেণ্ট্রলার তাণ্ডব দক্ষিণ উর্দ্ধ এবং নিমাঙ্গ আক্র-মণ করে। এগাল্লিকাস্ন-রোগীর মেরুদণ্ড, বিশেষতঃ কটি-মেরুদণ্ড চাপে অসহিষ্ণু থাকে, অঙ্গাদির দৌর্বল্য এবং শীতলতা, এবং পাদবিক্ষেপের অন্থিরতা জন্মে, এবং রোগের অগ্রগতির সঙ্গে সঙ্গে মুথমগুলের শীর্ণতা এবং জড়বুদ্ধির দৃশু উপস্থিত হয়। সিমিসিফুসার তাওব বাম পার্শ আক্রমণ করে, এবং রদ-বাত অথবা পেশীর শূল সহ সংস্কৃতা থাকিলে, অথবা ৰুৱায়ু রোগের প্রতিক্ষিপ্ত উত্তেজনা দারা সংঘটিত হইলে প্রয়োগোপযুক্ত হয়। এস।ব্লিকাসের আনর্ত্তন নিদ্রাবস্থাতেও হয়, কিন্তু জাগ্রৎ অবস্থাতই অধিকতর কঠিন থাকে। ইহাতে বিশক্ষণ মস্তিদ্ধরকাধিকা, প্রদাবিত कनीनिका, आवरक मूथमञ्जन शास्त्र, এवः आनर्खनामि विश्वाश्रीविकात्र विक्षित्र ু হয় বলিয়া কথিত। ডা: বার্ট্লেট এসাল্লিসিন ২\* এর ব্যবহারের উপদেশ করেন, এবং এ রোগে তিনি অন্ত কোন ঔষধের ব্যবহার করে-

না; তিনি বলেন যে কার্যাতঃ একারিকাকা দারা কোন ফল হয় না।
চকু এবং চকু-পুটের আক্ষেপিক আনর্ত্তনে একারিকাকা অনেক
সময়েই অতীব উপযোগী ঔষধ বলিয়া বিবেচিত। স্বকের উপরে বদি
পার্কুইবং চুলকনাযুক্ত স্থান থাকে এবং শিশুর মুথের দৃশু নির্বোধের
য়ায় হয়, একা বিকোক অধিকতর উপযোগিতা প্রকাশ করে। মৃছ,
অবং দেশব্যাপক রোগ ইহার ক্রিয়া ক্ষেত্র এবং সয়স্কৃত (idiopathic)
রোগ ইহার সম্পূর্ণ সাদৃগ্র।

